ভূমির নিম্নে নিক্ষেপ করিবে। ঐ দিবস রাত্রিকালে ঐ স্থানে একাকী উপবেশন করিয়া সহস্র মন্ত্র জপ করিলে, পুরশ্চরণ হয়। এইরূপ পুরশ্চরণ করিলে, সাধক কল্পবৃক্ষস্বরূপ হয়। অন্যপ্রকার পুরশ্চরণপ্রণালী এই—একটি শব আনিয়া পূর্ব্বোক্ত প্রণালীতে দ্বারদেশে প্রোথিত করিয়া তদুপরি উপবেশনপূর্ব্বক মন্ত্র জপ করিবে। যে দিবসে প্রথম জপ আরম্ভ করিবে, সেইদিন হইতে পুনর্ব্বার সেই দিবসপর্য্যন্ত প্রতিদিন অষ্টোত্তরশত করিয়া জপ করিবে। এইরূপে অষ্টাহ জপ করিলে, পুরশ্চরণ হয়। এইরূপ পুরশ্চরণ করিলে সাধক সর্ব্বসিদ্ধির অধীশ্বর হয়। প্রকারান্তর পুরশ্চরণপ্রণালী এই, শুক্ল কিম্বা কৃষ্ণপক্ষের অষ্টমীতিথিতে সূর্য্যোদয়কালে আরম্ভ করিয়া পুনঃ সূর্য্যোদয়পর্য্যন্ত জপ করিবে। এইরূপ জপ করিলে এক পুরশ্চরণ হয়। এই পুরশ্চরণবলে সাধক অণিমাদি অষ্টসিদ্ধির ঈশ্বর হইতে পারে। অন্যবিধ পুরশ্চরণক্রম এই—শরৎকালের চতুর্থী তিথি হইতে নবমীপর্য্যন্ত প্রতিদিন রাত্রিতে ভক্তিপূর্ব্বক দেবীর পূজা করিয়া একসহস্র মন্ত্র জপ করিবে। নির্জ্জন অন্ধকারালয়ে একাকী বসিয়া জপ করিবে। অষ্টমী ও নবমী এই দুই তিথিতে উপবাসী থাকিয়া জপ করিতে হইবে। মুণ্ডমালাতন্ত্রে লিখিত আছে, কৃষ্ণাষ্টমী হইতে আরম্ভ করিয়া পুনর্ব্বার কৃষ্ণাষ্টমীপর্য্যন্ত প্রত্যহ একসহস্র করিয়া মন্ত্র জপ করিবে। এইরূপে একমাস জপ করিলে পুরশ্চরণ হয়। দেবীপক্ষের পূর্ব্ব কৃষ্ণচতুর্দ্দশী হইতে মহানবমীপর্য্যন্ত প্রতিদিন মন্ত্র জপ করিবে এবং মহাষ্টমী ও মহানবমীর রাত্রিতে উপবাসী থাকিয়া বিশেষরূপে দেবীর পূজা করিয়া দশমীদিবসে মৎস্যমাংসাদিদ্বারা পারণ করিবে। এই পুরশ্চরণে প্রতিদিন ভক্তিপূর্ব্বক ছয় সহস্র করিয়া জপ করিতে হয়। চতুর্দ্দশী হইতে পুনর্ব্বার চতুর্দ্দশীপর্য্যন্ত প্রতিদিন এক সহস্র করিয়া জপ করিলে পুরশ্চরণ হয়। এইপ্রকারে কেবল জপ করিলেই মন্ত্রসিদ্ধি হয়, হোমাদি করিতে হয় না। সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তপর্য্যন্ত অবিরত জপ করিলেও পুরশ্চরণ হইয়া থাকে।

অথ বীরসাধনং। তদুক্তং বীরতন্ত্রে—অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং পক্ষয়োরুভয়োরপি। কৃষ্ণপক্ষে বিশেষেণ সাধয়েদ্বীরসাধনং। তৎসার্দ্ধপ্রহরে যামে গতে চ সুরসুন্দরি। শবং বাপি চিতাং বাপি নীত্বা গত্বা যথাসুখং। সাধয়েৎ স্বহিতং মন্ত্রী মন্ত্রধ্যানপরায়ণঃ। ভয়ং নৈব তু কর্ত্তব্যং হাস্যং তত্র বিবর্জ্জয়েৎ। চতুর্দ্দিশং ন বীক্ষেত মন্ত্রমেব সমভ্যসেৎ॥

অথ পূজাদ্রব্যং। সামিষান্নং গুড়ং ছাগং সুরা পায়সপিষ্টকং। নানাফলঞ্চ নৈবেদ্যং স্বস্বকল্পোক্তসাধিতং। চিতাস্থানং সমানীয় সুহৃদ্ভিঃ শস্ত্রপাণিভিঃ। সমানগুণসম্পন্নৈঃ সাধয়েদ্বীতভীঃ স্বয়ং। তথাচ যোগিনীহৃদয়ে—বল্যর্থং সামিষান্নঞ্চ গুড়ং ছাগং তথা মধু। পিষ্টকং পরমান্নঞ্চ পয়োমূলং ফলং তথা। সপ্তপাত্রং বলিং কৃত্বা চতুঃপাত্রং চতুর্দ্দিশি। পাত্রত্রয়ং সদা মধ্যে স্থাপয়েন্মনুনামুনা। গুরুং বা ভ্রাতরং বাপি ব্রাহ্মণান্ বাপি সুব্রতান্। অন্যানপি চ রক্ষার্থং কিঞ্চিদ্দূরে নিবেশয়েৎ॥

চিতালক্ষণং যথা—অসংস্কৃতা চিতা গ্রাহ্যা ন তু সংস্কারসংস্কৃতা। চাণ্ডালাদিষু সংপ্রাপ্তা কেবলং শীঘ্রসিদ্ধিদা। অথাধিকারিলক্ষণং—মহাবলো মহাবুদ্ধির্মহাসাহসিকঃ শুচিঃ। মহাস্বচ্ছো-দয়াবাংশ্চ সর্ব্বভূতহিতে রতঃ। ততঃ সামান্যার্ঘ্যং বিধায় স্বস্তিবাচনপূর্ব্বকং সঙ্কল্পং

অনন্তর বীরসাধনপ্রক্রিয়া কথিত হইতেছে। বীরতন্ত্রে লিখিত আছে, কৃষ্ণ কিম্বা শুক্লপক্ষের অষ্টমী অথবা চতুর্দ্দশীতিথিতে বীরসাধন করিবে। বীরসাধন কৃষ্ণপক্ষেই প্রশস্ত। সাধক সার্দ্ধপ্রহর রাত্রি গত হইলে চিতাস্থানে একটি শব আনিয়া মন্ত্রধ্যানপরায়ণ হইয়া স্বীয় হিতসাধনার্থ কার্য্য করিবে। এই সাধনকালে সাধক কোনরূপে ভীত হইবে না, হাস্য পরিহাস পরিত্যাগ করিবে এবং কোন দিকে অবলোকন না করিয়া একাগ্রচিত্তে কেবল মন্ত্র জপ করিতে থাকিবে।

বীরসাধনকার্য্যে যে সকল দ্রব্যের আবশ্যক তাহা এই—সামিষান্ন, গুড়, ছাগল, সুরা, পায়স, পিষ্টক, নানাবিধ ফল, নৈবেদ্য এবং স্বস্বদেবতার পূজাবিবিহিত দ্রব্য। সাধক এই সকল দ্রব্য শ্মশানস্থানে আনয়ন করিয়া নির্ভয়চিত্তে সমানগুণশালী অস্ত্রধারী বন্ধুবর্গের সহিত বীরসাধন করিবে। যোগিনীহৃদয়ে লিখিত আছে যে, বলির নিমিত্ত সামিষান্ন, গুড়, ছাগল, মধু, পিষ্টক, পরমান্ন, দুগ্ধ, ফল ও মূল এই সকল দ্রব্য সংগ্রহ করিয়া সাধন করিবে। বলিদ্রব্য সপ্তপাত্রে রাখিয়া তাহার চারিপাত্র চারিদিগে এবং মধ্যে তিন পাত্র স্থাপন করিয়া মন্ত্র পাঠপূর্ব্বক নিবেদন করিবে। গুরু, ভ্রাতা অথবা সুব্রতব্রাহ্মণ আত্মরক্ষার্থ কিঞ্চিৎদূরে নিবেশিত করিয়া রাখিবে।

অনন্তর চিতালক্ষণ কথিত হইতেছে। বীরসাধনকার্য্যে অসংস্কৃতচিতাই গ্রাহ্য, সংস্কৃত অর্থাৎ জলসেকাদিদ্বারা পরিষ্কৃতচিতাতে বীরসাধন করিবে না। চণ্ডালাদির শ্মশানে বীরসাধন করিলে শীঘ্র ফললাভ হয়। বীরসাধনে অধিকারিলক্ষণ এই—যাহারা মহাবলশালী, মহাবুদ্ধি, মহাসাহসবিশিষ্ট, সরলচিত্ত, দয়াশীল ও সর্ব্বপ্রাণীর হিতকার্য্যে অনুরক্ত, তাহারাই এই কার্য্যের যথার্থ পাত্র। তৎপরে সামান্য অর্ঘ্যস্থাপন করিয়া যথাযোক্ত স্বস্তিবাচনপূর্ব্বক সঙ্কল্প করিবে, সঙ্কল্পবাক্য মূলে লিখিত আছে। সঙ্কল্পানন্তর সাধক বস্ত্রালঙ্কারাদি বিবিধভূষণে বিভূষিত হইয়া

কুর্য্যাৎ। যথা—ওমদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকমন্ত্রসিদ্ধিকামঃ শ্মশান-সাধনমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য বস্ত্রালঙ্কারভূষণাদ্যৈর্ভূষিতঃ পূর্ব্বদিঙ্মুখঃ। অস্ত্রান্তমূল-মন্ত্রেণ প্রোক্ষণং যাগভূমিষু। মূলমন্ত্রেণ ফট্‌কারান্তেনেত্যর্থঃ। গুরুপাদরজো ধ্যাত্বা গণেশং বটুকং তথা। যোগিনীং মাতৃকাঞ্চৈব বামপাদপুরঃসরং। তথা চ—গণেশাদিকং সংপূজ্য অস্ত্রমন্ত্রেণাত্মানং সংরক্ষ্য। অস্ত্রমন্ত্রেণ মন্ত্রজ্ঞো রক্ষামাত্মনি কারয়েৎ। ততঃ যে চাত্র সংস্থিতা দেবা রাক্ষসাশ্চ ভয়ানকাঃ। পিশাচাঃ সিদ্ধয়ো যক্ষা গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ। যোগিন্যোমাতরো ভূতাঃ সর্ব্বাশ্চ খেচরাঃ স্ত্রিয়ঃ। সিদ্ধিদাস্তা ভবন্ত্বত্র তথা চ মম রক্ষকাঃ। প্রণম্য মনুনানেন পুষ্পাঞ্জলিত্রয়ং ক্ষিপেৎ। শ্মশানাধিপতিং পশ্চাদ্ভৈরবং কালভৈরবং। মহাকালং যজেৎ পশ্চাৎ পূর্ব্বাদিদিক্‌চতুষ্টয়ে। শব্দবীজং ততঃ পশ্চাৎ শ্মশানাধিপ তৎ-পরং। ইমমন্তে সামিষান্নবলিং গৃহ্ণ ততঃ পরং। গৃহ্ণ গৃহ্ণাপয় দ্বন্দ্বং বিঘ্ননিবারণং ততঃ। কুরু সিদ্ধিং মমান্তঞ্চ প্রয়চ্ছ স্বাহয়ান্বিতং। প্রণবাদ্যেন মনুনা প্রথমোবলিরীরিতঃ ॥ ১ ॥ মায়ান্তে ভৈরবাৎ পশ্চাদ্‌ ভয়ানক ততঃ পরং। পূর্ব্ববদ্বলিমুদ্ধৃত্য দক্ষিণে বলিমাহরেৎ ॥ ২ ॥ পশ্চিমে কালদেবায় প্রণবাদ্যেন কল্পয়েৎ। শব্দান্তে কালশব্দান্তে ভৈরবেতি ততঃ পরং। শ্মশানাধিপ ইত্যেবং পূর্ব্ববচ্চোত্তরে হরেৎ ॥ ৩ ॥ হূমন্তে চ মহাকালাৎ পশ্চাৎ পূর্ব্ববদু-চ্চরেৎ। শ্মশানাধিপ ইত্যেবং পূর্ব্ববদ্বলিমাহরেৎ ॥ ৪ ॥ পাদ্যাদিভিশ্চ মন্ত্রজ্ঞো বলিং পশ্চান্নিবেদয়েৎ। তদ্‌যথা—শ্মশানাধিপতিং পঞ্চোপচারৈঃ সংপূজ্যানেন মন্ত্রেণ বলিং দদ্যাৎ। তদ্‌যথা ওঁ হুঁ শ্মশানাধিপ ইমং সামিষান্নবলিং গৃহ্ণ গৃহ্ণ গৃহ্ণাপয় গৃহ্ণাপয় বিঘ্ন-নিবারণং কুরু সিদ্ধিং মম প্রয়চ্ছ স্বাহা। ততো ভৈরবং পূর্ব্ববৎ সংপূজ্য দক্ষিণস্যাং হ্রীঁ ভৈরব ভয়ানক ইমং সামিষান্নবলিমিত্যাদি। ততঃ পশ্চিমে কালভৈরবং সংপূজ্য হুঁ কাল-ভৈরব শ্মশানাধিপ ইমং সামিষান্নবলিমিত্যাদি। উত্তরে মহাকালমভ্যর্চ্চ্য হূঁ মহাকাল শ্মশানাধিপ ইমং সামিষান্নবলিমিত্যাদি। চিতামধ্যে ততোদদ্যাদ্বলিত্রয়মনুত্তমং। কাল-

---

পূর্ব্বাভিমুখে উপবেশনপূর্ব্বক ফট্‌কারান্ত মূলমন্ত্রে যাগস্থান প্রোক্ষণ করিবে। পরে গুরুদেবের বামপাদরজঃ ধ্যান করিয়া গণেশ, বটুক, যোগিনী ও মাতৃকাগণের পূজা করিবে। অনন্তর সাধক ফট এই মন্ত্রে আত্মরক্ষা করিয়া যে চাত্র সংস্থিতা দেবা ইত্যাদি মন্ত্রে প্রণাম করিয়া তিন অঞ্জলি পুষ্প প্রদান করিবে। এই বিষয়ে বীরতন্ত্রে যে প্রমাণ লিখিত আছে, সেই সকল বচন এই স্থলে মূলে দৃষ্ট হইবে। পূর্ব্বদিকে শ্মশানাধিপতি, দক্ষিণদিকে ভৈরব, পশ্চিম-দিকে কালভৈরব এবং উত্তরদিকে মহাকালভৈরবের পূজা করিয়া বলি প্রদান করিবে। বলির মন্ত্র ও মন্ত্রোদ্ধারের প্রমাণ মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। মূলের লিখিত মন্ত্রে পূর্ব্বাদিক্রমে শ্মশানাধিপতি প্রভৃতি ভৈরবগণের পূজা ও বলি প্রদান করিয়া চিতামধ্যে অবশিষ্ট বলিত্রয় নিবেদন করিবে। যথা ওঁ কালরাত্রি

রাত্রি মহাকালি কালিকে ঘোরনিস্বনে। গৃহাণেমং বলিং মাতর্দ্দেহি সিদ্ধিমনুত্তমাং। কালিকায়ৈ বলিং দত্ত্বা ভূতনাথায় দাপয়েৎ। শব্দান্তে ভূতনাথান্তে শ্মশানাধিপ ইত্যপি। প্রণবাদ্যেন মনুনা দাপয়েদ্বলিমুত্তমং। শব্দান্তে তু সর্ব্বগণনাথান্তে চাধিপায় চ। শ্মশানমস্তকে দত্ত্বা পূর্ব্ববচ্চ সমুদ্ধরেৎ। তারাদ্যেন বলিং দত্ত্বা পঞ্চগব্যেন সুন্দরি। অস্থিশ্চ প্রোক্ষণং কৃত্বা পীতবস্ত্রং ন্যসেত্ততঃ। ভূর্জ্জে বা বটপত্রে বা তত্র পীঠমনুং ন্যসেৎ। পীঠমাস্তীর্য্য তস্মিন্ বৈ বদ্ধবীরাসনস্ততঃ। বীরার্দ্দনেন মনুনা রক্ষাং দিক্ষু প্রকল্পয়েৎ। অস্যার্থঃ। শ্মশানাস্থ্যাদিকং পঞ্চগব্যেন সংপ্রোক্ষ্য ভূর্জ্জপত্রাদৌ তত্তৎকল্পোক্তপীঠমন্ত্রং লিখিত্বা তত্র ব্যাঘ্রচর্ম্মাদি পীঠমাস্তীর্য্য তত্র বীরাসনক্রমেণোপবিশ্য বীরার্দ্দনেন মন্ত্রেণ চতুর্দ্দিক্ষু রক্ষাং কুর্য্যাৎ। বীরার্দ্দনমন্ত্রস্তু হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ কালিকে ঘোরদংষ্ট্রে প্রচণ্ডে চণ্ডনায়িকে দানবান্ দারয় হন হন শবশরীরে মহাবিঘ্নং ছেদয় ছেদয় স্বাহা হুঁ ফড়িতি। অনেন মন্ত্রিতং লোষ্ট্রং দশদিক্ষু বিনিক্ষিপেৎ। তন্মধ্যে ভৈরবো দেবো ন বিঘ্নৈঃ পরিভূয়তে। নীলতন্ত্রে—কূর্চ্চদ্বয়ং ততোদেবি মায়াযুগ্মং ততঃপরং। কালিকে ঘোরদংষ্ট্রে চ প্রচণ্ডে চণ্ডনায়িকে। দানবান্ দারয়েত্যুক্ত্বা হনেতি দ্বিতয়ং পুনঃ। শবশরীরে মহাবিঘ্নং ছেদয় দ্বিতয়ং পুনঃ। দ্বিঠান্তোবর্ম্ম চাস্ত্রান্তো বীরার্দ্দনমনুর্ম্মতঃ। যদি প্রমাদাদ্দেবেশি সাধকো ভয়বিহ্বলঃ। তত্তৈস্তৈস্তৈঃ সুহৃদ্বর্গৈ রক্ষিতো নাভিভূয়তে। সিতার্ককর্পূরসিতবাট্যালকতূলৈর্ব্বর্ত্তিকাং নির্ম্মায় তত্র প্রদীপং সংস্থাপ্য দেব্যস্ত্রেভ্যো নমঃ। ইত্যস্ত্রং সংপূজ্য অধস্তাৎ জ্বলৎপ্রদীপং নিখনেৎ। তথাচ—অর্কেন্দুসিতবাট্যালতূলৈ র্নির্ম্মিতবর্ত্তিকাং। প্রদীপং তত্র সংস্থাপ্য

মহাকালি ইত্যাদি মন্ত্রে কালিকাদেবীকে অবশিষ্ট বলিত্রয়ের একটি বলিদ্রব্য নিবেদন করিয়া ওঁ হুঁ ভূতনাথ শ্মশানাধিপ ইমং সামিষান্নবলিং ইত্যাদি মন্ত্রে অপর বলি নিবেদন করিবে। পরে ওঁ হুঁ সর্ব্বগণনাথ শ্মশানাধিপ ইমং সামিষান্নবলিং ইত্যাদি মন্ত্রে তৃতীয় বলি নিবেদন করিতে হইবে। এইরূপে বলি প্রদান করিয়া পঞ্চগব্য ও জলধারা শ্মশানস্থ অস্থ্যাদি প্রোক্ষণ করিয়া তদুপরি পীতবস্ত্র বিন্যাসপূর্ব্বক বটপত্রে কিম্বা ভূর্জ্জপত্রে পীঠমন্ত্র লিখিয়া পীতবস্ত্রোপরি স্থাপন করিবে। তদুপরি ব্যাঘ্রচর্ম্মাদি আসন আস্তরণ করিয়া বীরাসনে উপবেশনপূর্ব্বক বীরার্দ্দন মন্ত্রে চতুর্দ্দিক্ রক্ষা করিবে। হুঁ হুঁ হ্রীঁ হ্রীঁ কালিকে ইত্যাদি মূলের লিখিত বীরার্দ্দন মন্ত্রে পূর্ব্বাদি দশদিকে লোষ্ট্রনিক্ষেপ করিবে। এইরূপে দশদিক রক্ষাকরিয়া তন্মধ্যে উপবেশনপূর্ব্বক সাধন করিলে কোন বিঘ্ন বাধা জন্মাইতে পারে না। বীরার্দ্দন মন্ত্রোদ্ধারের যে সকল প্রমাণ নীলতন্ত্রে লিখিত আছে, সেই সকল বচন এই স্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন। সাধন সময়ে যদি সাধক কোনরূপ ভয়ে কাতর হয়, তৎক্ষণাৎ পূর্ব্বকল্পিত সুহৃদ্বর্গ তাহার ভয় নিবারণ করিবে। সুহৃদগণ সর্ব্বদা এইরূপে সতর্ক থাকিবে, যেন কোনপ্রকারে সাধক ভয় বিহ্বল না হয়। পরে কর্পূরমিশ্রিত শ্বেত আকন্দ ও শ্বেত বাট্যালক (বেড়েলা) তূলাদ্বারা বর্ত্তি প্রস্তুত করিয়া প্রদীপ প্রজ্বালনপূর্ব্বক সেই স্থানে রাখিবে, ওঁ দেব্যস্ত্রেভ্যো

অস্ত্রং তত্র প্রপূজয়েৎ। হৃতে তস্মিন্ মহাদীপে বিঘ্নৈশ্চ পরিভূয়তে। তদধশ্চাস্ত্রমন্ত্রেণ নিখনেৎ কুলদীপকং। ততস্তৎকল্পোক্তভূতশুদ্ধ্যাদিন্যাসজালং বিধায় ইষ্টদেবতাং সংপূজ্য সঙ্কল্প্য মন্ত্রং জপেৎ। সঙ্কল্পস্তু—অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকমন্ত্রসিদ্ধিকামঃ অমুকমন্ত্রস্যামুকসংখ্যজপমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য দেবতাধ্যানপুরঃসরং মন্ত্রং জপেৎ। তথাচ—তত্তৎকল্পবিধানেন ভূতশুদ্ধ্যাদিকং চরেৎ। যোঢ়াং বা তারকং বাপি বিন্যস্য পূজয়েত্ততঃ। মন্ত্রধ্যানপরো-ভূত্বা জপেন্মন্ত্রমনন্যধীঃ। জপনিয়মস্তু—একাক্ষরী যদি ভবেদ্দিক্‌সহস্রং ততো জপেৎ। দ্ব্যক্ষরেঽষ্টসহস্রং স্যাত্র্যক্ষরে চাযুতার্দ্ধকং। অতঃ পরস্তু মন্ত্রজ্ঞো-গজান্তকসহস্রকং। নিশায়াং বা সমারভ্য উদয়ান্তং সমাচরেৎ। গজান্তকমিতি অষ্টোত্তর-সহস্রমিত্যর্থঃ। যদ্যসহ্যভয়ং কর্ণে নেত্রে বস্ত্রেণ বন্ধয়েৎ। ততোঽর্দ্ধরাত্রপর্য্যন্তং যদি কিঞ্চিন্ন লক্ষ্যতে। জয়দুর্গাখ্যমনুনা তেনৈব সর্ষপান্ ক্ষিপেৎ। জয়দুর্গামন্ত্রস্তু ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা। ওঁ তিলোঽসি সোমদৈবত্যো-গোসবস্তৃপ্তিকারকঃ। পিতৄণাং স্বর্গদাতারং মর্ত্ত্যানাং মম রক্ষকঃ। ভূতপ্রেতপিশাচানাং বিঘ্নেশ শান্তিকারকঃ। ইতি পঠিত্বা ঈশানাদি-চতুর্দ্দিক্ষু তিলাংশ্চ নিক্ষিপেৎ। ততঃ সপ্তপদং গত্বা তত্রৈব সংবিশেৎ। পুনর্দ্দেবতাং সংপূজ্য জপেৎ! ততো যদি বরং বরয়েতি বদেৎ তদা সত্যং কারয়েৎ। তথাচ—বরং বরয় চেত্যুক্তে সাধকঃ স্থিরমানসঃ। সত্যন্তু কারয়িত্বা চ বরয়েদ্বরমুত্তমং। জপাদৌ তু বলিং দত্ত্বা পশ্চাদপি বলিং হরেৎ। জপান্তে জপমধ্যে বা দেহি দেহীতি ভাষিতে।

নমঃ এই মন্ত্রে অস্ত্র পূজাকরিয়া সাধক স্বীয় অধোভাগে ঐ প্রজ্বলিত প্রদীপ প্রোথিতকরিয়া রাখিবে। এই বিষয়ের যে সকল প্রমাণ তন্ত্রে লিখিত আছে, সেই সকল বচন মূলে দৃষ্ট হইবে। ঐ প্রদীপ নির্ব্বাপিত হইলে সাধকের মহাভয় উপস্থিত হইয়া থাকে। তৎপরে স্বীয়কল্পোক্তবিধানে ভূতশুদ্ধ্যাদি ও ন্যাসসকল করিয়া ইষ্টদেবতার পূজা সমাপনান্তে সঙ্কল্প করিয়া জপ আরম্ভ করিবে। সঙ্কল্পবাক্য মূলে লিখিত আছে, দৃষ্টিকরিলে বোধগম্য হইবে। সঙ্কল্পানন্তর অনন্যহৃদয়ে দেবতার ধ্যানকরিয়া মন্ত্র জপকরিতে থাকিবে। এই বিষয়ে অন্যান্য তন্ত্রে যে সকল প্রমাণ লিখিত আছে, সেই সকল বচন এই স্থলে গ্রন্থকার উদ্ধৃতকরিয়াছেন। জপের নিয়ম এই—একাক্ষর মন্ত্রে দশসহস্র জপ করিবে। দ্ব্যক্ষর মন্ত্রস্থলে অষ্টসহস্র, ত্র্যক্ষর মন্ত্রে পঞ্চসহস্রবার মন্ত্র জপ করিবে। চতুরক্ষরাদি মন্ত্রস্থলে অষ্টোত্তরসহস্র সংখ্যার মন্ত্র জপকরিতে হইবে। অথবা নিশাসময়ে আরম্ভ করিয়া সূর্য্যোদয়পর্য্যন্ত জপকরা বিধেয়। যদি সাধক অসহ্যভয়ে অতিবিহ্বল হয়, তাহা হইলে বস্ত্রদ্বারা সাধকের কর্ণ ও নেত্র বন্ধন করিয়া দিবে। যেন সে কিছু দেখিতে বা শুনিতে না পায়। যদি অর্দ্ধরাত্র পর্য্যন্ত জপ করিলেও কিছু দেখিতে না পায়, তবে ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা এই জয়দুর্গামন্ত্রে ঈশানাদি চতুষ্কোণে সর্ষপ ও তিলোঽসি ইত্যাদি মন্ত্রে তিল নিক্ষেপ করিতে হইবে। তৎপরে পূর্ব্বোপবেশন স্থান হইতে সপ্তপদ গমন করিয়া সেই স্থানে বসিয়া পুনর্ব্বার দেবতার পূজাকরিয়া জপ করিবে। যদি জপ করিতে করিতে কেহ আসিয়া "বরগ্রহণকর" এই কথা বলে, তখন দেবতাকে প্রতিজ্ঞাবদ্ধ করিয়া অভিলষিত বর গ্রহণকরিবে। এই বিষয়ের প্রমাণ মূলে দৃষ্ট হইবে। জপের আদিতে, জপমধ্যে ও জপান্তে বলি প্রদানকরিতে হইবে। জপের আদি,

তদাপি চ বলিং দদ্যান্মহিষং বাপি ছাগলং। বলিঞ্চ যবপিষ্টময়েন। যদা বলিং প্রার্থয়তে নরং কুঞ্জরমেব বা। দিনান্তরেঽপি দাস্যামি স্বীকৃত্য স্বগৃহং ব্রজেৎ। অপরেঽহ্নি ততো দদ্যাৎ পিষ্টেন নরকুঞ্জরান্। পিষ্টেনেতি যবধান্যোদ্ভবেনেত্যর্থঃ। তথাচ তন্ত্রান্তরে—যবক্ষোদময়ং বাপি শালিক্ষোদময়ন্তথা। চন্দ্রহাসেন বিধিবত্তন্মন্ত্রেণ ঘাতয়েৎ। যোগিনীহৃদয়ে—জপান্তে তু বলিং দদ্যাদ্দেবতায়ৈ যথাবিধি। মহিষং ছাগলং বাপি গৃহীত্বা বরমেব চ। গৃহং গচ্ছেৎ স্বসুহৃদা সার্দ্ধং সংহৃষ্টমানসঃ। ততো দক্ষিণাং দদ্যাৎ। সমাপ্য সাধনং দেবি দক্ষিণাং বিভবাবধি। গুরবে গুরুপুত্রায় তৎপত্ন্যৈ বা নিবেদয়েৎ॥

অথ শবসাধনং। তত্র স্থাননিয়মমাহ ভাবচূড়ামণৌ—শূন্যাগারে নদীতীরে পর্ব্বতে নির্জ্জনেঽপি বা। বিল্বমূলে শ্মশানে বা তৎসমীপে বনস্থলে। অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং পক্ষয়োরুভয়োরপি। ভৌমবারে তমিস্রায়াং সাধয়েৎ সিদ্ধিমুত্তমাং। মাষভক্তঞ্চ বল্যর্থং ধূপদীপাদিকস্তথা। তিলাঃ কুশাঃ সর্ষপাশ্চ স্থাপনীয়াঃ প্রযত্নতঃ। ততঃ পূর্ব্বোক্তান্যতমস্থানং গত্বা সামান্যার্ঘ্যং বিধায় পূর্ব্বমুখোমূলান্তে ফট্‌কারং দত্ত্বা যাগভূমিং সংপ্রোক্ষ্য গুরুং গণেশং বটুকং যোগিনীঞ্চ চতুর্দ্দিক্ষু পূর্ব্বাদিতঃ সংপূজ্য পূর্ব্বোক্তবীরার্দ্দনমন্ত্রং ভূমৌ বিলিখ্য যে চাত্রেত্যাদি-পূর্ব্বোক্তক্রমেণ পুষ্পাঞ্জলিত্রয়ং দত্ত্বা প্রণম্য শ্মশানাধিপতিভ্যঃ পূর্ব্বোক্তক্রমেণ

মধ্য অথবা অন্ত ইহার মধ্যে দেবী যখন বলি প্রার্থনাকরিবেন, তখনই মহিষ কিম্বা ছাগ বলি প্রদান করিবে। যবপিষ্টদ্বারা মহিষ ও ছাগল প্রস্তুত করিয়া বলি দিবে। যখন দেবী নর কিম্বা হস্তিবলি প্রার্থনাকরিবেন, তখন দিনান্তরে বলি প্রদানকরিব, এইরূপ প্রতিজ্ঞাকরিয়া স্বগৃহে গমনকরিবে। পরদিবস যবপিষ্ট অথবা ধান্যপিষ্টদ্বারা নর ও হস্তী প্রস্তুত করিয়া খড়্গদ্বারা পূর্ব্বোক্তমন্ত্রে ছেদন করিবে। তন্ত্রান্তরে যে সকল প্রমাণ লিখিত আছে, সেই সকল প্রমাণ এইস্থলে উদ্ধৃত আছে। যোগিনী হৃদয়ে লিখিত আছে যে, জপান্তে উক্তরূপে মহিষ কিম্বা ছাগ বলি প্রদানকরিয়া বরগ্রহণপূর্ব্বক সুহৃদ্বর্গের সহিত হৃষ্টচিত্তে স্বগৃহে গমনকরিয়া স্বীয় শক্তি অনুসারে গুরু, গুরুপুত্র অথবা গুরুপত্নীকে দক্ষিণা দিতে হইবে॥

অনন্তর শবসাধনপ্রক্রিয়া কথিত হইতেছে। প্রথমতঃ স্থানবিচার আবশ্যক, অতএব উক্ত কার্য্যের স্থাননিয়ম বিবৃত হইতেছে। ভাবচূড়ামণিতে লিখিত আছে যে, শূন্যগৃহে, নদীতটে, পর্ব্বতে, নির্জ্জনপ্রদেশে, বিল্বমূলে, শ্মশানে অথবা শ্মশানসমীপস্থ বনপ্রদেশে শবসাধন কার্য্য করিবে। কৃষ্ণ কিম্বা শুক্ল পক্ষের অষ্টমী ও চতুর্দ্দশী তিথিতে উক্ত সাধন করিলে সাধক সিদ্ধিলাভ করিতে পারে। মঙ্গলবার ও অমাবস্যাতিথির যোগে শবসাধন করিলে বিশেষ ফললাভ হইয়া থাকে। সাধক মাষভক্ত বলির নিমিত্ত তিল, কুশ, সর্ষপ ও ধূপদীপাদি পূজার উপকরণসামগ্রী সংগ্রহকরিয়া স্থাপন করিবে। পরে পূর্ব্বোক্ত কোন স্থান মনোনীত করিয়া সেই স্থানে গমনপূর্ব্বক সামান্যার্ঘ্য স্থাপনান্তে সাধক পূর্ব্বাভিমুখ হইয়া মূলমন্ত্রান্তে ফট্ এই মন্ত্রে যাগস্থান অভ্যুক্ষণ করিবে। অনন্তর পূর্ব্বদিকে গুরু, দক্ষিণে গণেশ, পশ্চিমে বটুক ও উত্তরে যোগিনীর পূজা করিয়া ভূমিতে পূর্ব্বোক্ত বীরার্দ্দনমন্ত্র লিখিয়া পূর্ব্বকথিত যে চাত্র ইত্যাদি মন্ত্রে পূর্ব্ববৎ পুষ্পাঞ্জলিপ্রদানপূর্ব্বক প্রণাম করিয়া পূর্ব্বকথিত নিয়মে শ্মশানাধিপতি দেবগণকে বলি প্রদানকরিবে এবং অঘোরমন্ত্রে শিখাবন্ধন

পূর্ব্ববদ্বলিং দত্ত্বা অঘোরমন্ত্রেণ শিখাবন্ধনং বিধায় সুদর্শনমন্ত্রান্তে আত্মানং রক্ষরক্ষেতি হৃদি হস্তং দত্ত্বা আত্মরক্ষাং কুর্য্যাৎ। অঘোরসুদর্শনমন্ত্রৌ তু—ওঁ হ্রীঁ স্ফুর স্ফুর প্রস্ফুর প্রস্ফুর ঘোরাঘোরতর তনুরূপ চট চট প্রচট প্রচট কহ কহ বম বম বন্ধ বন্ধ ঘাতয় ঘাতয় হুঁ ফট্ সহস্রারে হুঁ ফট্। ততঃ পূর্ব্বোক্তক্রমেণ ভূতশুদ্ধিং ন্যাসজালঞ্চ বিধায় জয়দুর্গামন্ত্রেণ দিক্ষু সর্ষপান্ বিকীর্য্য তিলোঽসীতি মন্ত্রেণ তিলাংশ্চ বিকীর্য্য বিহিতশবসমীপং গচ্ছেৎ। বিহিত-শবো যথা ভাবচূড়ামণৌ—যষ্টিবিদ্ধং শূলবিদ্ধং খড়্গবিদ্ধং জলে মৃতং। বজ্রবিদ্ধং সর্পদষ্টং চাণ্ডালঞ্চাভিভূতিকং। তরুণং সুন্দরং শূরং রণে নষ্টং সমুজ্জ্বলং। পলায়নবিশূন্যস্তু সংমুখে রণবর্ত্তিনাং। ভৈরবতন্ত্রেঽপি—যষ্টিপ্রভৃতিবিদ্ধং বা চাভিভূতং জলে মৃতং। শবমানীয় কর্ত্তব্যং নাহরেৎ স্বেচ্ছয়া মৃতং। স্ত্রীবশ্যং পতিতাস্পৃশ্যং নয়বর্জ্জং হি তুবরং। অব্যক্তলিঙ্গং কুষ্ঠিং বা বৃদ্ধভিন্নং শবং হরেৎ। ন দুর্ভিক্ষমৃতঞ্চাপি ন পর্য্যুষিতমেব বা। স্ত্রীজনঞ্চেদৃশং রূপং সর্ব্বথা পরিবর্জ্জয়েৎ। কালীতন্ত্রেঽপি—ব্রাহ্মণং গোময়ং ত্যক্ত্বা সাধয়েদ্বীরসাধনং। মহা (সদ্যঃ) শবাঃ প্রশস্তাঃ স্যুঃ প্রধানে বীরসাধনে। ক্ষুদ্রপ্রয়োগ-কর্ত্তৃণাং প্রশস্তাঃ সর্ব্বসিদ্ধয়ে। এব-মুক্তং শবং গৃহীত্বা মূলমন্ত্রেণ পূজাস্থান-মানয়েৎ। তৎসমীপং গত্বা ওঁ ফট্ ইতি শবমভ্যুক্ষ্য ওঁ হূঁ মৃতকায় নমঃ ফড়িতি পুষ্পাঞ্জলিত্রয়ং দত্ত্বা শবং স্পৃষ্ট্বা প্রণমেৎ! তদুক্তং ভাবচূড়া-

---

করিয়া স্বহৃদয়ে হস্ত সংস্থাপনপূর্ব্বক সুদর্শনমন্ত্রান্তে আত্মানং রক্ষ রক্ষ এই মন্ত্র পাঠ করিয়া আত্মরক্ষা করিবে। অঘোরমন্ত্র ও সুদর্শনমন্ত্র মূলে লিখিত আছে। অনন্তর পূর্ব্বোক্তপ্রকারে ভূতশুদ্ধি ও বিবিধ ন্যাস করিয়া জয়দুর্গামন্ত্রে চতুর্দ্দিকে সর্ষপবিক্ষেপপূর্ব্বক তিলোঽসি ইত্যাদি মন্ত্রে তিলবিকিরণ করিয়া বিহিত শবের নিকট উপস্থিত হইবে। এইরূপ শবসাধন কার্য্যে কোন জাতীয় ও কিপ্রকার শব প্রশস্ত, তাহা কথিত হইতেছে। ভাবচূড়ামণি গ্রন্থে লিখিত আছে যে, যে ব্যক্তি যষ্টি, শূল অথবা খড়্গাঘাতে প্রাণপরিত্যাগ করিয়াছে, জলে পতিত হইয়া মরিয়াছে, যাহার বজ্রপাতে কিম্বা সর্পদংশনে মৃত্যু হইয়াছে, এইরূপ চণ্ডালজাতীয় ব্যক্তির মৃতদেহকে এই কার্য্যে শব করিবে। এই শব তরুণবয়স্ক ও সুন্দরাঙ্গ হওয়া আবশ্যক এবং যে ব্যক্তি সম্মুখ যুদ্ধে পলায়ন না করিয়া প্রাণবিসর্জ্জন করিয়াছে, তাহার দেহও শবসাধন কার্য্যে প্রশস্ত। ভৈরবতন্ত্রে—লিখিত আছে যে, যষ্টিপ্রভৃতির আঘাতে যাহার মৃত্যু হইয়াছে কিম্বা জলে পতিত হইয়া যে ব্যক্তি মরিয়াছে, তাহার দেহগ্রহণ করিবে। কদাচ স্বেচ্ছামৃত ব্যক্তির দেহ শবসাধনে স্বীকার করিবে না। যে ব্যক্তি স্ত্রীর বশীভূত, পতিত, অস্পৃশ্য, দুর্নীতিযুক্ত, শ্মশ্রুবিহীন, ক্লীব, কুষ্ঠ-রোগী অথবা বৃদ্ধ এই সকল শব বর্জ্জন করিবে। দুর্ভিক্ষমৃতব্যক্তির দেহ শবসাধনকার্য্যে অগ্রাহ্য। সদ্যোমৃত শব বিহিত, পর্য্যুতশবদ্বারা সাধন করিলে তাহাতে কার্য্যসিদ্ধি হয় না। সুতরাং উক্তপ্রকার শব ও স্ত্রীর মৃতদেহ এই কার্য্যে গ্রহণ করিবে না। কালীতন্ত্রে লিখিত আছে যে, ব্রাহ্মণ ও গোময় পরিত্যাগ করিয়া শবসাধন কার্য্য করিবে। এই বীরসাধন কার্য্যে সদ্যোমৃত ব্যক্তিরদেহ প্রশস্ত। যাহারা ঐহিক কার্য্যের উদ্দেশে এই বীরসাধন করিবে তাহা-দিগের সর্ব্বকার্য্যসাধনার্থ শবসাধন প্রশস্ত। এইরূপ সুলক্ষণাক্রান্ত শব লইয়া মূলমন্ত্রে পূজা স্থানে গমন করিবে। পরে শবসমীপে উপবেশন করিয়া হুঁ ফট্ এই মন্ত্রে শব সাধন অভ্যুক্ষণ করিবে। অনন্তর ওঁ হূঁ মৃতকায় নমঃ ফট্ এই

মণৌ—প্রণবাদ্যস্ত্রমন্ত্রেণ শবস্য প্রোক্ষণঙ্করেৎ। প্রণবং কূর্চ্চবীজঞ্চ মৃতকায় নমশ্চ ফট্। পুষ্পাঞ্জলিত্রয়ং দত্ত্বা প্রণমেৎ স্পর্শপূর্ব্বকং। প্রণামমন্ত্রস্তু—বীরেশ পরমানন্দ শিবানন্দ কুলেশ্বর। আনন্দভৈরবাকার দেবীপর্য্যঙ্কশঙ্কর! বীরো (শিবো) হহং ত্বাং প্রপদ্যামি উত্তিষ্ঠ চণ্ডিকার্চ্চনে। অনেন শবমন্ত্রেণ প্রণম্য ক্ষালয়েৎ শবং। ওঁ হুঁ মৃতকায়নমঃ অনেন ক্ষালয়িত্বা সুগন্ধিজলেন স্নাপয়িত্বা বাসসা জলমুত্তোল্য ধূপৈর্ধূপয়িত্বা চন্দনাদিনা শবং প্রলিপ্য শবস্য কটীদেশং ধৃত্বা পূজাস্থানং সমানয়েৎ। তদুক্তং কালীতন্ত্রে—তারশব্দং মৃতকায় নমোহস্তং মন্ত্রমুচ্চরেৎ। শবস্য স্নানমন্ত্রোহয়মিত্যাদি। ভাবচূড়ামণৌ—ধূপেন ধূপিতং কৃত্বা গন্ধাদিনা বিলিপ্য চ। রক্তাঙ্গো (ক্তো) যদি দেবেশি ভক্ষয়েৎ কুলসাধকং। ততঃ কুশশয্যাং কৃত্বা পূর্ব্বশিরসং কৃত্বা শবং স্থাপয়েৎ। তদুক্তং তত্রৈব—কুশশয্যাং পরিষ্কৃত্য তত্র সংস্থাপয়েচ্ছবং। তত এলা-লবঙ্গ-কর্পূর-জাতী-খদিরাদ্যার্দ্রকং তাম্বূলং তন্মুখে দত্ত্বা শবং অধোমুখং কুর্য্যাৎ। তথাচ এলা-লবঙ্গ-কর্পূর জাতী-খাদিরমার্দ্রকং। তাম্বূলং তন্মুখে দত্ত্বা শবং কুর্য্যাদধোমুখং। তৎপৃষ্ঠং চন্দেনেনাপি বিলিপ্য প্রযতঃ সুধীঃ। বাহুমূলাদি কট্যন্তং চতুরস্রং বিধায় চ। মধ্যে পদ্মং চতুর্দ্বারং দলাষ্টকসমন্বিতং। পীঠমন্ত্রং লিখেন্মধ্যে তত্তৎকল্পবিধানতঃ। ওঁ হ্রীঁ ফড়িতিমন্ত্রেণ তত্তৎকল্পোক্তপীঠমন্ত্রং লিখেৎ। তদুপরি কম্বলাদ্যাসনং ন্যসেৎ। গত্বা শবস্য সান্নিধ্যং ধারয়েৎ কটিদেশতঃ। যদ্যুপদ্রাবয়েত্তস্য দদ্যান্নিষ্ঠীবনংশবে। পুনঃ প্রক্ষালনং কৃত্বা জপস্থানে সমানয়েৎ। ততো দ্বাদশাঙ্গুল-যজ্ঞকাষ্ঠানি দশদিক্ষু পূর্ব্ববৎ সংস্থাপ্য ইন্দ্রাদিদশদেবতাঃ

মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় প্রদানপূর্ব্বক শব স্পর্শকরিয়া প্রণাম করিবে। এই বিষয়ে ভাবচূড়ামণি গ্রন্থে যে সকল বচন লিখিত আছে, সেই সকল প্রমাণ এই স্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন। হে বীরেশ, হে পরমানন্দ, হে শিবানন্দ, হে কুলেশ্বর! তুমি আনন্দভৈরবস্বরূপ ও দেবীর পর্য্যঙ্কে শঙ্করবৎ। আমি বীরস্বরূপে দেবীর অর্চ্চনাতে তোমাকে নমস্কার করি, তুমি গাত্রোত্থান কর, এই শবপ্রণামমন্ত্রে প্রণামকরিয়া শব ক্ষালনকরিবে। ওঁ হুঁ মৃতকায় নমঃ এই মন্ত্রে প্রক্ষালন ও সুগন্ধি জলদ্বারা শবকে স্নান করাইয়া বস্ত্রদ্বারা শবশরীর মার্জ্জন, ধূপদ্বারা শোষণ ও শবশরীর চন্দনাদিদ্বারা অনুলিপ্তকরিবে এবং শবের কটীদেশে ধারণ করিয়া পূজাস্থানে আনয়ন করিতে হইবে। এই বিষয়ের প্রমাণস্বরূপ কালীতন্ত্রের লিখিত বচন মূলে উদ্ধৃত আছে। ভাবচূড়ামণিতে লিখিত আছে যে, শবকে ধূপদ্বারা ধূপিত করিয়া গন্ধাদিদ্বারা অনুলেপনপূর্ব্বক শবসাধনকার্য্য আরম্ভ করিবে। যদি শব রক্তবর্ণ হয়, তাহা হইলে সাধককে ভক্ষণ করে। পরে কুশদ্বারা শয্যা করিয়া তাহার উপরে পূর্ব্বশিরা করিয়া শব স্থাপন করিতে হইবে। অনন্তর শবমুখে জাতীফল, খদিরাদিযুক্ত তাম্বূল প্রদানকরিয়া শবকে অধোমুখ করিয়া রাখিবে। শবপৃষ্ঠ চন্দনাদিদ্বারা অনুলেপনকরিয়া বাহুমূল হইতে কটীদেশপর্য্যন্ত চতুরস্র মণ্ডল লিখিবে। চতুরস্রমধ্যে অষ্টদলপদ্ম ও চতুর্দ্বার অঙ্কিত করিয়া পদ্মমধ্যে ওঁ হ্রীঁ ফট্ এই মন্ত্রের সহিত পূর্ব্বোক্ত পীঠমন্ত্র লিখিতে হইবে। তাহার উপরে কম্বলাদি আসন আবৃত করিবে। পরে শবসমীপে গমন করিয়া শবের কটীদেশ ধারণ করিবে। ইহাতে যদি শব কোনপ্রকার উপদ্রব করে, তবে শবগাত্রে নিষ্ঠীবন (থুথু) নিক্ষেপ করিয়া পুনর্ব্বার প্রক্ষালনপূর্ব্বক জপস্থানে আনয়ন করিতে হইবে। পরে জপ-

সংপূজ্য সামিষান্নেন বলিং দদ্যাৎ। তদুক্তং তন্ত্রান্তরে—দ্বাদশাঙ্গুলমানানি যজ্ঞকাষ্ঠানি দিক্ষু চ। সংস্থাপ্য পূজয়েত্তত্র ক্রমাদিন্দ্রাদিদেবতাঃ। তত্রায়ং ক্রমঃ। ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে ঐরাবতবাহনায় বজ্রহস্তায় স্বশক্তিপারিষদায় সপরিবারায় নমঃ। ইতি পাদ্যাদিভিঃ সংপূজ্য বলিং দদ্যাৎ। বীজমিন্দ্রায় সংলিখ্য সুরাধিপতয়ে ততঃ। ইমং বলিং গৃহ্ণ-যুগ্মং গৃহ্ণাপয়-যুগং ততঃ। বিঘ্ননিবারণং কৃত্বা সিদ্ধিং প্রযচ্ছ ঠদ্বয়ং। অনেন মনুনা পূর্ব্বে বলিং দদ্যাচ্চ সামিষং। স্বস্বনামাদিকং কৃত্বা পূর্ব্ববদ্বলিমাহরেৎ। সর্ব্বেষাং লোকপালানাং ততঃ সাধকসত্তমঃ। ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে ইমং বলিং গৃহ্ণ গৃহ্ণ গৃহ্ণাপয় গৃহ্ণাপয় বিঘ্ননিবারণং কৃত্বা মম সিদ্ধিং প্রযচ্ছ স্বাহা। এষ মাষভক্তবলিঃ ওঁ লাং ইন্দ্রায় স্বাহা। ওঁ বাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে মেষবাহনায় সপরিবারায় শক্তিহস্তায় সায়ুধায় নমঃ। ইতি সংপূজ্য ওঁ বাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে ইত্যাদি বলিং দদ্যাৎ। ওঁ মাং যমায় প্রেতাধিপতয়ে দণ্ডহস্তায় মহিষবাহনায় সায়ুধায়েত্যাদিনা সংপূজ্য ওঁ মাং যমায় প্রেতাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ওঁ ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে অসিহস্তায়াশ্ববাহনায় সপরিবারায় ইত্যাদিনা সংপূজ্য ওঁ ক্ষাং নির্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ওঁ বাং বরুণায় জলাধিপতয়ে পাশহস্তায় মকরবাহনায় সায়ুধায় ইত্যাদিনা সংপূজ্য ওঁ বাং বরুণায় জলাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ওঁ যাং বায়বে প্রাণাধিপতয়ে হরিণবাহনায়াঙ্কুশহস্তায় ইত্যাদিনা সংপূজ্য ওঁ যাং বায়বে প্রাণাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ওঁ সাং সোমায় যক্ষাধিপতয়ে গদাহস্তায় নরবাহনায় সপরিবারায় ইত্যাদিনা সংপূজ্য ওঁ সোমায় যক্ষাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ওঁ হাং ঈশানায় ভূতাধিপতয়ে শূলহস্তায় বৃষবাহনায় সপরিবারায় ইত্যাদিনা পূর্ব্ববৎ সংপূজ্য ওঁ হাং ঈশানায় ভূতাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ইন্দ্রেশানয়োর্ম্মধ্যে আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে হংসবাহনায় পদ্মহস্তায় সপরিবারায় ইত্যাদিনা সংপূজ্য ওঁ আং ব্রহ্মণে লোকাধিপতয়ে ইত্যাদিনা বলিং দদ্যাৎ। নৈর্ঋতবরুণয়োর্ম্মধ্যে ওঁ হ্রীঁ অনন্তায় নাগাধিপতয়ে চক্রহস্তায় রথবাহনায় সপরিবারায় ইত্যাদিনা

স্থানের দশদিকে দ্বাদশাঙ্গুলিপরিমিত অশ্বথাদি যজ্ঞীয়কাষ্ঠ প্রোথিত করিয়া পূর্ব্বাদিক্রমে ঐ সকল কাষ্ঠে ইন্দ্রাদি দশদিক্পালের পূজা করিবে। এই বিষয়ে অন্যান্য তন্ত্রে যে সকল বচন লিখিত আছে, সেই সকল প্রমাণ এই স্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন। উক্ত ইন্দ্রাদি দশদিক্পালের পূজাক্রম এই—পূর্ব্বদিকে ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে ইত্যাদি মন্ত্রে পাদ্যাদি উপচারদ্বারা অর্চ্চনাকরিয়া ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে ইত্যাদি মন্ত্রে সামিষান্নদ্বারা বলি প্রদানকরিবে। এইরূপে ইন্দ্র, অগ্নি, যম, নির্ঋতি, বরুণ, বায়ু, কুবের, ঈশান. ব্রহ্মা ও অনন্ত এই দশদিক্পালের পূজা করিবে। এই সকল দেবতার পূজামন্ত্র ও বলিমন্ত্র মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টিকরিলেই বোধগম্য হইবে। এই প্রকারে দিক্পালগণের পূজা ও বলিপ্রদান করিয়া সর্ব্বভূতবলি

সংপূজ্য ওঁ হ্রীঁ অনন্তায় নাগাধিপতয়ে সায়ুধায় ইত্যাদিনা বলিং দদ্যাৎ। ততঃ সর্ব্বভূত-বলিং দদ্যাৎ। সর্ব্বত্র সামিষান্নেন। ততঃ অধিষ্ঠাতৃদেবতাভ্যো-বলিঞ্চ স্মারয়েত্ততঃ। চতুঃ-ষষ্টিযোগিনীভ্যো-ডাকিনীভ্যোঽপি সংদিশেৎ ॥

অথ পূজাসামগ্রীং সমীপে দূরে চোত্তরসাধকং সংস্থাপ্য মূলান্তে হ্রীঁ ফট্ শবাসনায় নমঃ ইতি শবং সংপূজ্য হ্রীঁ ফড়ন্তমূলমুচ্চার্য্য অশ্বারোহণক্রমেণ শবোপর্য্যুপবিশ্য স্বপদতলে কুশান্ দত্ত্বা শবকেশান্ প্রসার্য্য ঝুটিকাং বদ্ধা গুরুং গণপতিং দেবীঞ্চ নমস্কৃত্য প্রাণায়ামষড়ঙ্গ-ন্যাসৌ কৃত্বা পূর্ব্ববৎ বীরার্দ্দনমন্ত্রেণ দশদিক্ষু লোষ্ট্রান্ নিক্ষিপ্য সংকল্পং কুর্য্যাৎ। অদ্যে-ত্যাদি অমুকদেবতায়াঃ সন্দর্শনকামঃ অমুকমন্ত্রস্যামুকসংখ্যজপমহং করিষ্যে। ইতি সঙ্কল্প্য হ্রীঁ আধারশক্তিকমলাসনায় নমঃ ইত্যাসনং সংপূজ্য স্ববামতঃ শবসমীপে অর্ঘপাত্রাদিকং সংস্থাপ্য শবঝুটিকায়াং পীঠপূজাং কৃত্বা ষোড়শোপচারৈর্দ্দশোপচারৈঃ পঞ্চোপচারৈর্ব্বা দেবীং সংপূজ্য শবমুখে দেবীং গন্ধাদিনা সন্তর্পয়েৎ। ততঃ শবাদুত্থায় সম্মুখে গত্বা মন্ত্রং পঠেৎ। ওঁ বশোমে ভব দেবেশ মম বীরসিদ্ধিং দেহি দেহি মহাভাগ কৃতাশ্রয়পরায়ণ। ততঃ শব-চরণৌ পট্টসূত্রেণ বদ্ধা মূলেন দৃঢ়ং বন্ধয়েৎ। ওঁ মদ্বশোভব দেবেশ বীরসিদ্ধিকৃতাস্পদ। ভীমভীরুভয়াভাবভবমোচন-ভাবুক। ত্রাহি মাং দেবদেবেশ শূরাণামধিপাধিপ। ইত্যনেন

প্রদানকরিবে। সামিষ অন্নদ্বারা সকল দেবতার বলি দিবে। তৎপরে অধিষ্ঠাতৃদেবতা, চতুঃষষ্টি যোগিনী ও ডাকিনীদিগকে বলি প্রদানকরিতে হইবে।

অনন্তর সাধক স্বীয়সমীপে পূজাসামগ্রী ও কিঞ্চিৎ দূরে উত্তরসাধককে সংস্থাপনকরিয়া আদিতে মূলমন্ত্র, পরে হ্রীঁ ফট্ শবাসনায় নমঃ, এই মন্ত্রে শবের অর্চ্চনা করিবে। পরে অগ্রে মূলমন্ত্র, পশ্চাৎ হ্রীঁ ফট্, এই মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক অশ্বারোহণক্রমে শবপৃষ্ঠোপরি উপবেশনকরিয়া স্বীয় পাদতলে কতিপয় কুশা নিক্ষেপকরিবে এবং শবকেশ প্রসারণপূর্ব্বক ঝুটিকা বন্ধনকরিয়া গুরু, গণপতি ও দেবীকে নমস্কারকরিবে। পরে প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিয়া পূর্ব্বোক্ত বীরার্দ্দনমন্ত্রে দশ দিকে লোষ্ট্র নিক্ষেপকরিবে। পরে মূলের লিখিত বাক্যানুসারে সঙ্কল্পকরিয়া, হ্রীঁ আধারশক্তিকমলাসনায় নমঃ, এই মন্ত্রে আসনের অর্চ্চনা করিবে। পরে স্বীয় বামভাগে শবসমীপে অর্ঘস্থাপন করিয়া শবঝুটিকাতে পূজাপদ্ধতির লিখিত প্রণালীতে পীঠপূজা করিবে। অনন্তর সাধক স্বীয় বিভবানুসারে ষোড়শোপচার, দশোপচার কিম্বা পঞ্চোপচারে ইষ্টদেবতার পূজা করিয়া শবমুখে সুগন্ধি জলদ্বারা দেবীর তর্পণ করিবে। অনন্তর শবহইতে উঠিয়া শবসম্মুখে দণ্ডায়মান হইয়া মন্ত্রপাঠ করিবে।—হে দেবেশ! তুমি আমার বশীভূত হইয়া সিদ্ধি প্রদানকর। হে মহাভাগ! যে তোমার আশ্রয় গ্রহণকরে, তুমি তাহার প্রতি অনুরক্ত থাক। তৎপর পট্টসূত্রদ্বারা শবের চরণদ্বয় বন্ধনকরিয়া মূলমন্ত্রে শব-শরীর দৃঢ়রূপে বন্ধনকরিবে। হে দেবেশ! তুমি আমার বশীভূত হও। তুমি বীরসাধনকার্য্যের প্রধান আশ্রয়, ভয়ঙ্করাকৃতি, ভীরুজনের ভয়নিবারক ও মঙ্গলপ্রদ; তুমি সাধকের সংসারাবৃত্তি মোচনকর। হে

শবস্য পাদমূলে ত্রিকোণং যন্ত্রং লিখেৎ। ততঃ শবোপর্য্যুপবিশ্য হস্তদ্বয়ং পার্শ্বয়োঃ প্রসার্য্য তদুপরি কুশান্ দত্ত্বা তত্র স্বপাদৌ নিধায় পুনঃ প্রাণায়ামত্রয়ং কৃত্বা শিরসি গুরুং বিভাব্য হৃদয়ে দেবীং ধ্যাত্বা ওষ্ঠৌ সংপুটৌ কৃত্বা বিহিতমালয়া মৌনী ভূত্বা বিগতভীর্জ্জপেৎ। অত্র শ্মশানসাধনক্রমেণ জপঃ কার্য্যঃ। যদ্যর্দ্ধরাত্রপর্য্যন্তং কিঞ্চিন্ন লক্ষ্যতে তদা পূর্ব্ববৎ সর্ষপ-তিলবিকিরণং সপ্তপদগমনঞ্চ কৃত্বা জপং কুর্য্যাৎ। ভয়ে জাতে সতি এবং পঠেৎ। চলচ্ছবাস্তরং নাস্তি ভয়ে জাতে বদেত্ততঃ। যৎ প্রার্থয় বলিত্বেন দাতব্যং কুঞ্জরাদিকং। দিনান্তরে চ দাস্যামি স্বনাম কথয়স্ব মে। ইত্যুক্ত্বা সংস্কৃতেনৈব নির্ভয়শ্চ পুনর্জ্জপেৎ। ততশ্চেন্মধুরং বক্তি বক্তব্যং মধুরং ততঃ। ততঃ সত্যং কারয়িত্বা বরঞ্চ প্রার্থয়েত্ততঃ। যদি সত্যং ন কুরুতে বরং বা ন প্রয়চ্ছতি। তদা পুনর্জ্জপেদ্ধীমানেকাগ্রমানসস্তথা। অস্যার্থঃ। যদি জপকালে আকাশগত্যা কুঞ্জরাদিকং প্রার্থয়তে তদা দিনান্তরে দাস্যামি মম স্থানে স্বনাম কথয় ইত্যুক্ত্বা পুনর্জ্জপেৎ। যদি স্বনাম মধুরং কথয়তি তদা ত্বং অমুক ইতি সত্যং কুরু। কৃতে সত্যে বরং প্রার্থয়েৎ। যদি কদাচিদপি সত্যং ন করোতি বরং বা ন প্রয়চ্ছতি তদা পুনর্জ্জপেৎ।—তথাচ সত্যে কৃতে বরং লব্ধ্বা সংত্যজেচ্চ জপাদিকং। ফলং জাতমিতি জ্ঞাত্বা ঝুটিকাং মোচয়েত্ততঃ। শবং প্রক্ষাল্য সংস্থাপ্য মোচয়েৎ পাদবন্ধনং। পাদচক্রং মোচয়িত্বা পূজাদ্রব্যং জলে ক্ষিপেৎ। শবং জলে তু গর্ত্তে বা নিক্ষিপ্য স্নানমাচরেৎ। ততস্তু

দেবদেবেশ! সুরগণের অদ্বিতীয় অধীশ্বর! আমাকে ত্রাণকর। এই সকল বাক্যে শবের পাদমূলে ত্রিকোণযন্ত্র লিখিবে। পরে শবোপরি উপবেশনপূর্ব্বক শবের হস্তদ্বয় উভয় পার্শ্বে প্রসারণকরিয়া তদুপরি কুশাস্তরণ করিবে। সাধক সেই আস্তৃতকুশোপরি স্বীয় পাদদ্বয় স্থাপনকরিয়া পুনর্ব্বার প্রাণায়ামত্রয়করিয়া শিরঃস্থিত পদ্মে গুরুদেবকে ও স্বহৃদয়ে দেবীকে চিন্তাকরিতে করিতে ওষ্ঠদ্বয় সংপুটবৎ করিয়া বিহিত মালাদ্বারা নির্ভয়চিত্তে মৌনী হইয়া শ্মশানসাধনক্রমানুসারে জপ করিবে। এইরূপ জপকরিলেও যদি অর্দ্ধরাত্রিপর্য্যন্ত কিছু দৃষ্ট না হয়, তাহা হইলে পূর্ব্ববৎ সর্ষপ ও তিল বিকিরণকরিয়া অধিষ্ঠিত স্থানহইতে সপ্তপাদ গমনপূর্ব্বক পুনর্ব্বার জপ আরম্ভকরিবে। যদি জপকালে কোনপ্রকার ভয়, উপস্থিত হয়, অর্থাৎ আকাশহইতে যদি কেহ বলি প্রার্থনাকরে, তাহা হইলে তাহাকে এইরূপ বলিবে—আমি দিনান্তরে তোমাকে কুঞ্জরাদি বলিপ্রদান করিব, তুমি কে এবং তোমার কি নাম? তাহা আমার নিকট বল। এই উত্তর প্রদানকরিয়া পুনর্ব্বার জপ আরম্ভকরিবে। পরে যদি মধুর বাক্যে স্বীয় নাম বলে, তাহা হইলে পুনর্ব্বার সাধক বলিবে,—তুমি আমাকে বর প্রদানকরিবে, এইরূপ প্রতিজ্ঞাকর। এইরূপে প্রতিজ্ঞাবদ্ধ করিয়া সাধক বর প্রার্থনাকরিবে। যদি প্রতিজ্ঞাপাশে বদ্ধ না হয় ও বরপ্রদান না করে, তবে পুনর্ব্বার একচিত্তে জপ আরম্ভকরিবে। কিন্তু যদি প্রতিজ্ঞাকরিয়া বরপ্রদানে সম্মত হয়, তাহা হইলে আর জপকরিবে না। পরে অভিলষিত বর গ্রহণকরিয়া আমার কার্য্যসিদ্ধি হইল, এইরূপ জ্ঞানকরিয়া শবের ঝুটিকা মোচনপূর্ব্বক শব প্রক্ষালন ও শবকে স্থানান্তরে সংস্থাপন-করিয়া শবের পাদবন্ধন মোচনকরিবে এবং পূজাদ্রব্য জলে নিক্ষেপকরিয়া শবকে জলে কিম্বা ভূগর্ত্তে নিক্ষেপকরিয়া

স্বগৃহং গত্বা বলিং দদ্যাদ্দিনান্তরে। বলিমন্ত্রস্তু—অগ্রিমরাত্রৌ যেষাং যজমানোঽহং তে গৃহ্লন্ত্বিমং। অথ যৈর্যাচিতানশ্বান্ নরকুঞ্জরশূকরান্। দত্বা পিষ্টময়ানন্তে কর্ত্তব্যং সমুপোষণং। ততঃ পরেঽহ্নি নিত্যক্রিয়াং কৃত্বা পঞ্চগব্যং পিবেৎ। পঞ্চবিংশতিসংখ্যকানপি ব্রাহ্মণান্ ভোজয়েৎ। সপ্তপঞ্চবিহীনান্ বা ক্রমেণৈব দশাবধি। ততঃ স্নাত্বা চ ভুক্ত্বা চ নিবসেদুত্তমং স্থলং। যদি ন স্যাদ্বিপ্রভোজ্যং তদা নির্ধনতাং ব্রজেৎ। তেন চেন্নির্ধনত্বং স্যাত্তদা দেবী প্রকুপ্যতি। ত্রিরাত্রং বাথ ষড়্রাত্রং নবরাত্রন্তু গোপয়েৎ। স্ত্রীশয্যাং যদি গচ্ছেত্তু তদা ব্যাধিং বিনির্দ্দিশেৎ। গীতং শ্রুত্বা চ বধিরো-নিশ্চক্ষুর্নৃত্যদর্শনাৎ। যদি বক্তি দিনে বাক্যং তদাস্য মূকতা ভবেৎ। পঞ্চদশদিনং যাবদ্দেহে দেবস্য সংস্থিতিঃ। ন স্বীকার্য্যৌ গন্ধপুষ্পে বহির্যাতি যদা তদা। তদা বস্ত্রং পরিত্যজ্য গৃহ্লীয়াদ্বসনান্তরং। গোব্রাহ্মণবিনিন্দাঞ্চ ন কুর্য্যাচ্চ কদাচন। দুর্জনং পতিতং ক্লীবং ন স্পৃশেচ্চ কদাচন। দেবগোব্রাহ্মণাদীংশ্চ প্রত্যহং সংস্পৃশেচ্ছুচিঃ। প্রাতর্নিত্যক্রিয়ান্তে চ বিল্বপত্রোদকং পিবেৎ। ততঃ স্নাত্বা তু গঙ্গায়াং প্রাপ্তে ষোড়শবাসরে। স্বাহান্তং মন্ত্রমুচ্চার্য্য তর্পণান্তে নমঃ পদং। এবং শতত্রয়াদূর্দ্ধং দেবান্ সন্তর্পয়েজ্জলৈঃ। স্নানতর্পণশূন্যস্য ন স্যাদ্দেবস্য তর্পণং। ইত্যনেন বিধানেন

স্নানকরিবে। পরে সাধক স্বগৃহে গমনকরিয়া দিনান্তরে পূর্ব্বপ্রতিশ্রুত কুঞ্জরাদি বলি প্রদানকরিবে। বলিমন্ত্র মূলে লিখিত আছে। যদি কোন দেবতা কুঞ্জর, অশ্ব, নর কিম্বা শূকর বলি প্রার্থনাকরে, তাহা হইলে দেবতার প্রার্থনানুসারে পিষ্টকনির্ম্মিত স্ব-স্ব-অভিলষিত বলি প্রদানকরিয়া সাধক উপবাসী থাকিবে। পরদিবস সাধক প্রাতঃকৃত্যাদি নিত্যকর্ত্তব্যক্রিয়া সমাপনকরিয়া পঞ্চগব্য পানকরিবে এবং পঞ্চবিংশতিসংখ্যক ব্রাহ্মণকে ভোজনকরাইবে। অশক্তিতে ঐ পঞ্চবিংশতির সপ্ত কিম্বা পঞ্চ বিহীন করিয়া স্বীয়শক্তি-অনুসারে দশপর্য্যন্ত ব্রাহ্মণ-সংখ্যা হইলেও দোষ হয় না। তৎপরে স্নান ও ভোজন করিয়া উত্তম স্থানে বাসকরিবে। যদি ব্রাহ্মণভোজন না হয়, তাহা হইলে সাধক নির্ধন হয়। ব্রাহ্মণভোজন না করাইলে সাধক নির্ধন হয়, বিশেষতঃ দেবীও প্রকুপিতা হইয়া থাকেন। এইরূপে মন্ত্রসিদ্ধি হইলে, ত্রিরাত্রি, ছয়রাত্রি অথবা নয়রাত্রি-পর্য্যন্ত গোপনকরিয়া রাখিবে। কোনরূপেও মন্ত্রসিদ্ধির বিষয় প্রকাশকরিবে না। মন্ত্রসিদ্ধি হইলে যদি সাধক স্ত্রীশয্যায় গমনকরে, তাহা হইলে সাধকের ব্যাধি হইয়া থাকে; যদি গীত শ্রবণকরে, তবে বধির এবং নৃত্য দর্শনকরিলে, অন্ধ হয়। আর যদি দিবাভাগে কাহার সহিত কথা বলে, তাহা হইলে সাধক মূক হইয়া থাকে। পঞ্চদশদিবসপর্য্যন্ত এইরূপ সর্ব্বকর্ম্ম পরিত্যাগকরিয়া থাকিবে। কারণ, সাধকের শরীরে পঞ্চদশদিনপর্য্যন্ত দেবীর অবস্থান থাকে। উক্ত কতিপয় দিবসপর্য্যন্ত সাধক গন্ধ কিম্বা পুষ্প গ্রহণকরিবে না এবং যে সময়ে বাহিরে গমনকরিবে, তখন তাহাকে পরিধেয় বস্ত্র পরিত্যাগপূর্ব্বক বসনান্তর পরিধানকরিতে হইবে। কদাচ গো অথবা ব্রাহ্মণের নিন্দা করিবে না; দুর্জ্জন, পতিত ও ক্লীব মনুষ্যকে স্পর্শকরিবে না; প্রতিদিন শুদ্ধদেহ হইয়া দেবতা, গো, ব্রাহ্মণ প্রভৃতি স্পর্শকরিবে; প্রাতঃকালে নিত্যক্রিয়া সমাপনপূর্ব্বক বিল্বপত্রোদক পানকরিবে; মন্ত্রসিদ্ধির ষোড়শদিবসে গঙ্গাতে স্নানকরিয়া স্বাহান্ত মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক, অমুকদেবতাং তর্পয়ামি নমঃ, এই মন্ত্রে দেবীর তর্পণ করিবে। এইরূপে তিনশত বারের অধিক দেবীর তর্পণ করিয়া

সিদ্ধিং প্রাপ্নোতি সাধকঃ। ইহ ভুক্ত্বা বরান্ ভোগানন্তে যাতি হরেঃ পদং। ততোদক্ষিণাং দত্ত্বাচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ॥ ইতি শবসাধনং॥

অথ বিদ্যাভেদাঃ। তত্র চণ্ডোগ্রশূলপাণিমন্ত্রাঃ। কুব্জিকাতন্ত্রে—প্রণবঞ্চ ততোমায়াং কূর্চ্চবীজং সমুদ্ধরেৎ। শিবায়েতি ফড়ন্তঞ্চ চণ্ডোগ্রোঽয়ং মহামনুঃ। চণ্ডোগ্রশূলপাণেশ্চ মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ। অস্য ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মায়া বীজং দেবশ্চণ্ডোগ্র-ঈরিতঃ। ষড়্-দীর্ঘভাজা বীজেন তারাদ্যেন ষড়ঙ্গকং। ধ্যানন্তু—শুদ্ধস্ফটিকসঙ্কাশং চতুর্ব্বাহুং কিরীটিনং। শূলং কপালং দক্ষে তু বামে তু পাশমঙ্কুশং। সুরাপানরসাবিষ্টং সাধকাভীষ্টদায়কং। ধ্যাত্বা সংপূজ্য দেবেশং পঞ্চসহস্রং মহামনুং। দশাংশং সংস্কৃতে বহ্নৌ হুনেদ্রক্তোৎপলেন চ॥

অথাত্রপ্রয়োগঃ। ত্রিমধ্বক্তেন লভতে কবিতাং ধনভাগ্‌ভবেৎ। রক্তপদ্মস্য হোমেন মহতীং শ্রিয়মাপ্নুয়াৎ। পায়সেন তু হোমেন শত্রূন্ নাশয়তেঽচিরাৎ। কুসুম্ভতৈলহোমেন রিপূন্ হন্যান্ন সংশয়ঃ। করবীরস্য হোমেন বাক্‌স্তম্ভো জায়তে ধ্রুবং। শুক্লপদ্মস্য হোমেন মোহয়েদখিলং জগৎ। ষট্‌কোণাষ্টদলং পদ্মং মধ্যে মূলং প্রপূজয়েৎ। কেবলং শুদ্ধভাবেন

জলদ্বারা দেবতর্পণ করিতে হইবে। স্নান ও দেবীর তর্পণ না করিয়া দেবতর্পণ করিবে না। এইরূপে যে সাধক সিদ্ধি-লাভকরিতে পারে, সে বিবিধ দ্রব্য ভোগকরিয়া অন্তকালে হরির পদ প্রাপ্তহয়। তৎপরে দক্ষিণা প্রদানকরিয়া অচ্ছিদ্রাবধারণ করিতে হইবে॥

অনন্তর বিশেষ বিশেষ দেবতার মন্ত্র ও পূজাপ্রণালী কথিতহইতেছে। প্রথমতঃ চণ্ডোগ্রশূলপাণির মন্ত্র—কুব্জিকা তন্ত্রে লিখিত আছে যে, ওঁ হ্রীঁ হুঁ শিবায় ফট্, এই চণ্ডোগ্রশূলপাণির মহামন্ত্র। এই মন্ত্রে আরাধনা করিলে সাধক সর্ব্বার্থসিদ্ধি লাভকরিতে পারে। উক্ত মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ গায়ত্রী ও দেবতা চণ্ডোগ্রশূলপাণি। ওঁ হ্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ওঁ হ্রীঁ তর্জনীভ্যাং স্বাহা ইত্যাদি এবং ওঁ হ্রাঁ হৃদয়ায় নমঃ ওঁ হ্রীঁ শিরসে স্বাহা ইত্যাদি ক্রমে করাঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। চণ্ডোগ্রশূলপাণি বিশুদ্ধস্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ, চতুর্ব্বাহুবিশিষ্ট ও কিরীট-ধারী। ইঁহার দক্ষিণহস্তদ্বয়ে শূল ও নরকপাল এবং বামহস্তদ্বয়ে পাশ ও অঙ্কুশ আছে। ইনি সর্ব্বদা সুরাপান-রসে বিহ্বল আছেন এবং সাধকের অভীষ্ট ফল প্রদানকরেন। এই প্রকারে দেবের রূপ চিন্তাকরিয়া যথাবিধি পূজাকরিবে। এই মন্ত্র পঞ্চসহস্র জপকরিলে পুরশ্চরণ হয়। জপান্তে পদ্ধতির লিখিত নিয়মানুসারে জপসংখ্যার দশাংশসংখ্যায় রক্তোৎপলদ্বারা হোমকরিতে হইবে॥

উক্ত হোমের বিশেষ এই—ঘৃত, মধু ও শর্করা এই ত্রিমধুমিশ্রিত রক্তোৎপলদ্বারা হোমকরিলে সাধকের কবিত্বশক্তি জন্মে ও ধনবৃদ্ধি হয়। রক্তপদ্মদ্বারা হোমকরিলে সাধক মহতী শ্রী লাভকরে, পায়স ও কুসুম্ভতৈলদ্বারা হোমকরিলে অচিরে শত্রুবিনাশ হয়, করবীপুষ্পহোমে শত্রুর বাক্যস্তম্ভন হইয়া থাকে এবং শুক্লপদ্মদ্বারা হোম-করিলে অখিল জগৎ মোহিতকরিতে পারে। এই দেবতার পূজাযন্ত্র এই—প্রথমে ষট্‌কোণ অঙ্কিতকরিয়া তাহার বাহ্যে অষ্টদল পদ্ম অঙ্কিতকরিবে। পরে ষট্‌কোণমধ্যে মূলমন্ত্র লিখিয়া এই যন্ত্রে দেবতার পূজা করিবে। এই

চণ্ডোগ্রশূলপাণি যন্ত্রং।

হবিষ্যাশী দিবা জপেৎ। অস্য পুরশ্চরণমাত্রেণ নচ বিঘ্নৈর্ব্বিলিপ্যতে। অস্যৈব জপমাত্রেণ সর্ব্বসিদ্ধিমুপালভেৎ॥ ইতি চণ্ডোগ্রশূলপাণিপ্রকরণং॥

অথ মাতঙ্গীমন্ত্রঃ। বামকেশ্বরতন্ত্রে—অথ বক্ষ্যে মহাদেবীং মাতঙ্গীং সর্ব্বসিদ্ধিদাং। অস্যোপাসনমাত্রেণ বাক্‌সিদ্ধিং লভতেঽচিরাৎ। প্রণবঞ্চ ততোমায়াং কামবীজঞ্চ কূর্চ্চকং। মাতঙ্গী ঙেযুতা চাস্ত্রবহ্নিজায়াবধির্ম্মনুঃ। ঋষিঃ স্যাদ্দক্ষিণামূর্ত্তির্ব্বিরাট্ ছন্দঃ প্রকীর্ত্তিতং। মাতঙ্গী দেবতা দেবী সর্ব্বকার্য্যপ্রদায়িনী। অঙ্গন্যাসকরন্যাসৌ কুর্য্যান্মন্ত্রী সমাহিতঃ। ষড়্দীর্ঘভাজা বীজেন প্রণবাদ্যেন কল্পয়েৎ। ষট্‌কোণাষ্টদলং পদ্মং লিখেদ্‌যন্ত্রং মনোহরং। *

দেবতার আরাধনাতে সাধক বিশুদ্ধভাবে হবিষ্যাশী হইয়া দিবাভাগে জপকরিবে। এই মন্ত্রের পুরশ্চরণমাত্র সকল বিঘ্ন নিবারিতহইয়া যায় এবং এই মন্ত্র জপকরিলে সর্ব্ববিষয়ে সিদ্ধিলাভ হইয়া থাকে॥

অনন্তর মাতঙ্গী দেবীর মন্ত্র ও পূজাপ্রণালী কথিতহইতেছে। বামকেশ্বরতন্ত্রে লিখিত আছে যে, অনন্তর মহাদেবী সর্ব্বসিদ্ধিদায়িনী মাতঙ্গী দেবীর মন্ত্রাদি বলিব। এই মন্ত্রে দেবীর উপাসনা করিলে অচিরে সাধকের বাক্‌সিদ্ধি হয়। ওঁ হ্রীঁ ক্লীঁ হুঁ মাতঙ্গ্যৈ ফট্ স্বাহা, এই মাতঙ্গী দেবীর মহামন্ত্র। এই মন্ত্রের ঋষি দক্ষিণামূর্ত্তি, ছন্দঃ বিরাট্ এবং দেবতা মাতঙ্গী দেবী। এই দেবতা সাধকের সর্ব্বকার্য্যে সিদ্ধিপ্রদান করেন। ওঁ হ্রাঁ হৃদয়ায় নমঃ, ওঁ হ্রীঁ শিরসে স্বাহা ইত্যাদি এবং ওঁ হ্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ হ্রীঁ তর্জনীভ্যাং স্বাহা, ইত্যাদি প্রকারে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া পূজাকরিবে। মাতঙ্গী দেবীর পূজাযন্ত্র এইরূপ—প্রথমে ষট্‌কোণ অঙ্কিত করিয়া তাহার বাহে

---

* মাতঙ্গী দেবীর পূজাযন্ত্র অবিকল চণ্ডোগ্রশূলপাণির পূজাযন্ত্রের ন্যায়, কেবল মধ্যগত মন্ত্রের প্রভেদ আছে। এই পৃষ্ঠাতে যে চণ্ডোগ্রশূলপাণির যন্ত্র লিখিত আছে, তাহার মধ্যস্থিত ওঁ হ্রীঁ হুঁ শিবায় ফট্ এই মন্ত্রের পরিবর্ত্তে ওঁ হ্রীঁ ক্লীঁ হুঁ মাতঙ্গ্যৈ ফট্ স্বাহা এই মন্ত্র বিন্যাস-করিলেই মাতঙ্গীর যন্ত্র হয়, সুতরাং পৃথক যন্ত্র অঙ্কণ অনাবশ্যক।

তত্র পূজা প্রকর্ত্তব্যা জবাপুষ্পেণ মন্ত্রবিৎ। অষ্টশক্তীশ্চাষ্টদলে পূজয়েৎ সুসমাহিতঃ। মনোভবা রতিঃ প্রীতিঃ ক্রিয়া শ্রদ্ধা চ শক্তয়ঃ। অনঙ্গকুসুমানঙ্গমদনা মদনালসা। ইত্যষ্টশক্তীঃ সংপূজ্য উপহারসমন্বিতঃ। ততোদেবীং পরাং ধ্যায়েৎ সাধকঃ স্থিরমানসঃ। শ্যামাঙ্গীং শশিশেখরাং ত্রিনয়নাং রত্নসিংহাসনস্থিতাং। বেদৈর্ব্বাহুদণ্ডৈরসিখেটকপাশাঙ্কুশধরাং। এবং ধ্যাত্বা মহাদেবীং গন্ধপুষ্পৈর্ম্মনোরমৈঃ। নৈবেদ্যন্তু মহাদেব্যৈ পায়সং শর্করান্বিতং। পুরশ্চরণকালে তু ষট্‌সহস্রং মনুং জপেৎ। তদ্দশাংশং হুনেদাজ্যৈঃ শর্করামধুভিঃ সহ। ব্রহ্মবৃক্ষোদ্ভবৈঃ কাষ্ঠৈঃ সাধকঃ শক্তিভিঃ সহ। এবং পুরস্ক্রিয়াং কৃত্বা প্রয়োগবিধিমাচরেৎ।

অষ্টদল পদ্ম অঙ্কিতকরিবে। পরে ঐ ষট্‌কোণমধ্যে দেবীর মূলমন্ত্র লিখিয়া যন্ত্র প্রস্তুতকরিবে। এই যন্ত্রে জবা পুষ্পদ্বারা দেবীর অর্চ্চনা করিতে হইবে। যন্ত্রস্থপদ্মের অষ্টদলে বিবিধ উপহারদ্বারা মনোভবা, রতি, প্রীতি, ক্রিয়া, শ্রদ্ধা, অনঙ্গকুসুমা, অনঙ্গমদনা ও অনঙ্গনালসা এই অষ্টশক্তির পূজা করিবে। তৎপরে একাগ্রচিত্তে দেবীর ধ্যান করিবে। মাতঙ্গী দেবীর আকার এইরূপ—শ্যামবর্ণা, অর্দ্ধচন্দ্রধারিণী ও ত্রিনয়নবিশিষ্টা। ইনি বাহুচতুষ্টয়দ্বারা খড়্গ, খেটক, পাশ ও অঙ্কুশ এই অস্ত্রচতুষ্টয় ধারণকরিয়া রত্ননির্ম্মিত সিংহাসনে উপবিষ্টা আছেন। এই প্রকারে দেবীর রূপ চিন্তাকরিয়া মনোহর গন্ধপুষ্পাদি উপহারে দেবীর অর্চ্চনা করিবে এবং নৈবেদ্য ও শর্করামিশ্রিত পায়স মহাদেবীকে নিবেদনকরিয়া দিবে। এই মন্ত্রের পুরশ্চরণে ষট্‌সহস্র জপকরিতে হয়, জপান্তে সাধক জপের দশাংশসংখ্যায় ঘৃত, শর্করা ও মধুমিশ্রিত ব্রহ্মবৃক্ষের সমিধদ্বারা হোমকরিবে। হোমকালে ঐ অষ্টশক্তির নামেও আহুতি দিতে হয়। এইরূপে পুরশ্চরণ সমাপন করিয়া এই দেবতার যে একটি বিশেষ নিয়ম

চতুষ্পথে শ্মশানে বা কলামধ্যে চ মান্ত্রিকঃ। মৎস্যং মাংসং পায়সঞ্চ দদ্যাদ্ধূপঞ্চ গুগ্‌গুলুং। রাত্রিযোগেন কর্ত্তব্যং সদা পূর্ণশ্চ সাধকঃ। এবং প্রয়োগমাত্রেণ কবিতা জায়তে ধ্রুবং। মন্ত্রী জয়তি শত্রূংশ্চ তার্ক্ষ্যো-ভোগিকুলং যথা। শাস্ত্রে বাদে কবিত্বে চ বৃহস্পতিরিবাপরঃ। অনেনৈব বিধানেন মাতঙ্গী সিদ্ধিদায়িনী। নূনং তদ্‌গৃহমাগত্য কুবেরৈর্দীয়তে বসু। বিনা মৎস্যের্ব্বিনা মাংসৈর্নার্চ্চয়েৎ পরদেবতাং॥

অথ উচ্ছিষ্টচাণ্ডালিনীমন্ত্রাঃ। উচ্ছিষ্টচাণ্ডালিনী সুমুখী দেবী মহাপিশাচিনী লজ্জাবীজং ঠঁঃ ঠঁঃ ঠঁঃ। তদুক্তং ফেৎকারিণ্যাং—উক্ত্বা উচ্ছিষ্টশব্দন্তু তথা চাণ্ডালিনীতি চ। সুমুখী তু ততোদেবীং কীর্ত্তয়েত্তদনন্তরং। মহাপিশাচিনীং পশ্চাল্লজ্জাবীজং ততঃ পরং। নাদবিন্দুসমাক্রান্তং ঠকারত্রিতয়ং পুনঃ। সবিসর্গং মহাদেবী সর্ব্বসিদ্ধিপ্রদায়কং॥

মন্ত্রান্তরং—উচ্ছিষ্টচাণ্ডালি মাতঙ্গি সর্ব্ববশঙ্করি নমঃ স্বাহা। তদুক্তং তন্ত্রান্তরে—অথ বোচ্ছিষ্টচাণ্ডালি মাতঙ্গিপদ-মীরয়েৎ। ততঃ সর্ব্ববশং চান্তে করি হৃদ্বহ্নিবল্লভা। একোণবিংশতা বর্ণৈঃ সর্ব্বাভীষ্টকরো ভবেৎ॥ মন্ত্রান্তরং মন্ত্রদেবপ্রকাশিকায়াং—বাগ্‌ভবং মায়া কামঃ সৌঃ ঐং জ্যেষ্ঠমাতঙ্গি নমামি উচ্ছিষ্টচাণ্ডালিনি ত্রৈলোক্যবশঙ্করি স্বাহা। ইয়ং বিদ্যা মহেশানি চাপরাং হুঁ সমন্বিতাং। ইয়ং বিদ্যা মহাবিদ্যা সর্ব্বপাপাপহারিণী। সুখদা মোক্ষদা

আছে, তাহা করিবে। ঐ বিশেষ প্রয়োগের নিয়ম এই—সাধক চতুষ্পথস্থলে অথবা শ্মশানে মৎস্য ও মাংস প্রদান করিয়া গুগ্‌গুলুদ্বারা ধূপ দিবে। রাত্রিকালে এই প্রয়োগ কর্ত্তব্য। এইরূপে দেবীর আরাধনা করিলে সাধক পূর্ণমনোরথ হয় এবং কবিত্বশক্তি লাভকরে। এই প্রয়োগদ্বারা সাধকের অগ্নিস্তম্ভন ও বাক্যস্তম্ভনের শক্তি হয়। যেরূপ গরুড় সর্পকুল বিনাশকরে, সেইরূপ সাধক এই দেবীর আরাধনায় সিদ্ধ হইলে শত্রুবর্গ বিনাশকরিতে সমর্থ হয়। মাতঙ্গী দেবীর এইরূপ অর্চ্চনাদ্বারা সাধক শাস্ত্রে, বিবাদে ও কবিত্বে দ্বিতীয় বৃহস্পতির তুল্য হইতে পারে। উক্তরূপে দেবীর উপাসনা করিলে তিনি সাধককে সর্ব্বসিদ্ধি প্রদানকরিয়া থাকেন এবং কুবেরের অনুচরবর্গ তাহার গৃহে ধন প্রদানকরে। মৎস্য ও মাংস ব্যতিরেকে এই দেবতার অর্চ্চনা করিবে না।

অনন্তর উচ্ছিষ্টচাণ্ডালিনীর মন্ত্রসকল কথিতহইতেছে। উচ্ছিষ্টচাণ্ডালিনী সুমুখী দেবী মহাপিশাচিনী হ্রীঁ ঠঁঃ ঠঁঃ ঠঁঃ, এই মন্ত্রে উচ্ছিষ্টচাণ্ডালিনীর পূজা করিবে। এই মন্ত্রোদ্ধারবিষয়ে ফেৎকারিণীতন্ত্রে যে সকল বচন লিখিত আছে, গ্রন্থকার প্রমাণস্বরূপে সেই সকল বচন এই স্থলে উদ্ধৃতকরিয়াছেন।

উচ্ছিষ্টচাণ্ডালিনীর অন্য মন্ত্র এই—উচ্ছিষ্টচাণ্ডালিনি মাতঙ্গি, সর্ব্ববশঙ্করি স্বাহা, এই মন্ত্রে উচ্ছিষ্টচাণ্ডালিনীর অর্চ্চনা করিবে। এই মন্ত্রোদ্ধারের যে সকল বচন তন্ত্রান্তরে লিখিত আছে, তাহা এই স্থলে মূলে দৃষ্টহইবে। এই একবিংশতিবর্ণাত্মক মন্ত্র উপাসকের সর্ব্বপ্রকার অভীষ্টফল প্রদান করে। এইক্ষণ উচ্ছিষ্টচাণ্ডালিনীর মন্ত্রান্তর কথিত হইতেছে, মন্ত্রদেবপ্রকাশিনী গ্রন্থে লিখিত আছে যে, ঐঁ হ্রীঁ ক্লীঁ সৌঃ ঐঁ জ্যেষ্ঠমাতঙ্গি নমামি উচ্ছিষ্টচাণ্ডালিনি ত্রৈলোক্যবশঙ্করি স্বাহা, এই মন্ত্রে উচ্ছিষ্টচাণ্ডালিনী দেবীর আরাধনা করিবে। উক্ত দেবীর অপর মন্ত্র এই—হুঁ ঐঁ হ্রীঁ ক্লীঁ সৌঃ ঐঁ জ্যেষ্ঠমাতঙ্গি নমামি উচ্ছিষ্টচাণ্ডালিনি ত্রৈলোক্যবশঙ্করি স্বাহা। এই মহামন্ত্রে উপাসনা

চৈব রাজ্যসৌভাগ্যদায়িকা। যাং যাং প্রার্থয়তে সিদ্ধিং হটাত্তাং তা-মবাপ্নুয়াৎ। বিধানঞ্চ প্রবক্ষ্যামি শৃণু দেবি বরাননে। ভোজনানন্তরং দেবি বিনৈবাচমনে কৃতে। বলিং দদ্যাৎ প্রথমতোমূলমন্ত্রেণ সাধকঃ। ততোমন্ত্রং জপেদ্ ধ্যাত্বা দেবীং তামিষ্টসিদ্ধয়ে। বলিমপি উচ্ছিষ্টেন। তথাচ—ন তিথির্ন চ নক্ষত্রং নচাঙ্গন্যাসমেব চ। নারিদোষো নবা বিঘ্নং নাশৌচং নিয়মো ন চ। যস্ত তিষ্ঠতি মন্ত্রোঽয়ং নচ বিঘ্নৈঃ স-বাধ্যতে। ধ্যানন্তু—শবোপরি সমাসীনাং রক্তাম্বরপরিচ্ছদাং। রক্তালঙ্কারসংযুক্তাং গুঞ্জাহারবিভূষিতাং। ষোড়শাব্দাঞ্চ যুবতীং পীনো-ন্নতপয়োধরাং। কপালকর্ত্তৃকাহস্তাং পরং জ্যোতিঃস্বরূপিণীং। বামদক্ষিণযোগেন ধ্যায়ে-ন্মন্ত্রবিত্তমঃ। উচ্ছিষ্টেন বলিং দত্বা জপেত্তদ্‌গতমানসঃ। উচ্ছিষ্টেন তু কর্ত্তব্যো জপো-ঽস্যাঃ সিদ্ধিমিচ্ছতা। উচ্ছিষ্টজপমানস্য জায়ন্তে সর্ব্বসিদ্ধয়ঃ। অপরঞ্চ প্রবক্ষ্যামি শৃণু দেবি ফলপ্রদং। হোমঞ্চ তর্পণঞ্চৈব সর্ব্বকামার্থসিদ্ধয়ে। স্থণ্ডিলে মণ্ডলং কৃত্বা চতুরস্রং সমন্ততঃ। পূজয়েন্মণ্ডলং দেবি মূলমন্ত্রেণ সাধক. ততো মূলমুচ্চার্য্য মণ্ডলায় নমঃ ইতি মন্ত্রেণ বহ্নি স্বরূপাং দেবতাং ধ্যাত্বা হোময়েৎ। তথাচ—ততো দেবীং সমাধায় বহ্নিরূপাং ব্যবস্থিতাং। দেবীং ধ্যাত্বা চরেদ্ধোমং দধিসিদ্ধার্থতণ্ডুলৈঃ। সহস্রমাত্রহোমেন রাজা চ বশগোভবেৎ। মার্জ্জারস্য তু মাংসেন দেব্যা হোমং সমাচরেৎ। স-প্রাপ্নোতি পরাং বিদ্যাং সর্ব্বশাস্ত্রবনী-

---

করিলে সর্ব্বপ্রকার পাপ বিনাশহইয়া থাকে। এই দেবী ইহ কালে সুখ ও অন্তকালে মোক্ষ প্রদানকরেন। এই মন্ত্রের মাহাত্ম্যবলে সাধকের রাজ্য ও সৌভাগ্য বৃদ্ধিহয়। এই মন্ত্রের সাধনকরিয়া সাধক যে যে বর প্রার্থনাকরে, তৎক্ষণাৎ সেই সেই বর লাভকরিতে পারে। এই মন্ত্রের সাধনপ্রণালী কথিতহইতেছে। প্রথমতঃ ভোজনান্তে আচ-মন না করিয়া মূলমন্ত্রে বলি প্রদানকরিবে। তৎপরে দেবীকে হৃদয়ে ধ্যানকরতঃ আপন ইষ্টসিদ্ধিকামনায় মন্ত্র জপ-করিবে। এই দেবতাকে উচ্ছিষ্টদ্রব্যদ্বারা বলি প্রদানকরিতে হয়। এই মন্ত্রসাধনে তিথি ও নক্ষত্রাদি বিচারকরিতে হয় না, সকল সময়ে সাধনকরিতে পারে এবং অঙ্গন্যাসাদিও অনাবশ্যক। অরিদোষাদি গণ্যকরিবে না, অশৌচাদি দোষ এই মন্ত্রসাধনে বাধা জন্মাইতে পারে না এবং অন্যকোন নিয়মের বাধ্য হইতে হয় না। এই মন্ত্র যাহার অভ্যস্ত থাকে, তাহার কোন বিঘ্ন ঘটে না। তৎপরে দেবীর ধ্যান করিবে। উচ্ছিষ্টচাণ্ডালিনীর আকার এইরূপ—দেবী শবাসনে উপবিষ্টা, রক্তবস্ত্রপরিধানা, রক্তবর্ণবিভূষণে বিভূষিতা, গুঞ্জাহারে সুশোভিতা ও ষোড়শবর্ষীয়া যুবতী। ইহার পয়োধরযুগল সমুন্নত, বামহস্তে নরকপাল ও দক্ষিণহস্তে কর্ত্তৃকা আছে। ইনি জ্যোতিঃস্বরূপা। মন্ত্রবিদ্ সাধক এইরূপে ধ্যানকরিয়া উচ্ছিষ্টদ্রব্যদ্বারা বলিপ্রদানপূর্ব্বক একাগ্রচিত্তে জপকরিবে। এই দেবতার মন্ত্রসিদ্ধিকামনায় উচ্ছিষ্টদ্রব্যদ্বারা হোমকার্য্য করিতে হইবে। উচ্ছিষ্টচাণ্ডালিনীর মন্ত্র জপকরিলে সাধক সর্ব্বপ্রকার সিদ্ধি লাভকরিতে পা র। উক্ত দেবতার অন্য-প্রকার সাধন এই—সাধক সর্ব্বপ্রকার অভিলাষ পরিপূরণার্থ হোম ও তর্পণ করিবে। পরে স্থণ্ডিলে চতুরস্র মণ্ডল করিয়া মণ্ডলমধ্যে মূলমন্ত্রে দেবীর অর্চ্চনা করিবে এবং মূলমন্ত্র উচ্চারণকরিয়া মণ্ডলায় নমঃ এই মন্ত্রে পূজাকরিয়া বহ্নিস্বরূপা দেবীর ধ্যানান্তে হোমকরিবে। তন্ত্রে লিখিত আছে যে, দেবীকে অগ্নিস্বরূপা চিন্তাকরিয়া দধি ও শ্বেতসর্ষপমিশ্রিত তণ্ডুলদ্বারা হোমকরিবে। এইরূপে সহস্র হোমকরিলে রাজাও বশীভূত হয়। মার্জ্জারের মাংসদ্বারা হোমকরিলে সাধক

কৃতাং। কুর্য্যাচ্ছাগস্য মাংসেন হোমং মধুসমন্বিতং। সহস্রৈকবিধানেন ভবন্তি কুলসিদ্ধয়ঃ। বিদ্যাকামশ্চরেদ্ধোমং শর্করাযুতপায়সৈঃ। নূনং তস্য ভবন্ত্যেব সদ্যো-বিদ্যাশ্চতুর্দ্দশ। বিল্বপত্রৈস্ত্রিমধ্বক্তৈর্ম্মাসমেকং সমাহিতঃ। বন্ধ্যাপি লভতে পুত্রং চিরজীবিন-মুত্তমং। কর্কন্ধুকুসুমং হুত্বা ছাগরক্তসমন্বিতং। দুর্ভগায়া হটাদ্দেবি সৌভাগ্যং শুভদায়কং। রজস্বলায়া-বস্ত্রেণ মধুনা পায়সেন চ। হোমং কৃত্বা মহাদেবি ত্রৈলোক্যং বশমানয়েৎ। ইত্যেষা কথিতা দেবী সর্ব্বপাপপ্রণাশিনী। মন্ত্রস্যোচ্চারণাদ্দেবী সর্ব্বপাপপ্রণাশিনী। উচ্ছিষ্টদূষণং ত্যক্ত্বা স-পবিত্রো জপেদ্ধ্রুবং। অত্র যদ্যপি পুরশ্চরণং নোক্তং তথাপি অষ্টোত্তরসহস্র-জপঃ। তদ্দশাংশেন হোমাদিকং বোধ্যং। তথাচ—যেষাং জপে চ হোমে চ সংখ্যা নোক্তা-মনীষিভিঃ। তেষা-মষ্টসহস্রন্তু সংখ্যা স্যাজ্জপহোময়োঃ। ইত্যভিধানাৎ। অষ্টসহস্রমষ্টো-ত্তরসহস্রজপমিতি সম্প্রদায়ঃ। আসাং সিদ্ধবিদ্যত্বাৎ পুরশ্চরণং নাস্তীতি নিবন্ধকারঃ॥

অথ ধূমাবতীমন্ত্রাঃ। দান্তাবর্ঘীশবিন্দ্বন্তো বীজং ধূমাবতী দ্বিঠঃ। ধূমাবতী মনুঃ প্রোক্তো বৈরিনিগ্রহকারকঃ। অস্যাঃ পূজা—প্রাতঃকৃত্যাদিকং কৃত্বা ভূতশুদ্ধ্যাদি প্রাণায়ামৌ চ কৃত্বা ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা—শিরসি পিপ্পলাদঋষয়ে নমঃ মুখে নিবৃচ্ছন্দসে নমঃ, হৃদি ধূমাবত্যৈ দেবতায়ৈ নমঃ। ততঃ করাঙ্গন্যাসৌ ধাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ধীং তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি। এবং ধাং হৃদয়ায় নমঃ ইত্যাদি। ততো-ধ্যানং—বিবর্ণা চঞ্চলা রুষ্টা দীর্ঘা চ মলিনাম্বরা। বিবর্ণকুন্তলা রুক্ষা বিধবা বিরলদ্বিজা। কাকধ্বজরথারূঢ়া বিলম্বিতপয়ো-

---

সর্ব্বশাস্ত্রে বিদ্যা লাভকরে। মধুমিশ্রিত ছাগমাংসদ্বারা সহস্র হোমকরিলে তাহার কুলদেবতা সিদ্ধ হয়। বিদ্যাকামী ব্যক্তি শর্করাযুক্ত পায়সদ্বারা হোমকরিবে। ইহাতে সাধক চতুর্দ্দশ বিদ্যার পারদর্শী হইয়া থাকে। ঘৃত মধু ও শর্করাযুক্ত বিল্বপত্রদ্বারা একমাস পর্য্যন্ত হোমকরিলে বন্ধ্যা নারী চিরজীবী পুত্র পায়। ছাগরক্তের সহিত বদরীপুষ্পদ্বারা হোমকরিলে দুর্ভগা নারী সৌভাগ্য লাভকরে। রজস্বলার বস্ত্রদ্বারা মধু ও পায়স সহযোগে হোমকরিলে ত্রিভুবন বশীভূতকরিতে পারে। এইরূপ দেবীর সাধনপ্রণালী কথিত হইল। এই সাধন সর্ব্বপ্রকার পাপবিনাশক। এই মন্ত্রের উচ্চারণমাত্র সকল পাপ নষ্টহয়। উচ্ছিষ্টদোষ পরিত্যাগকরিয়া বিশুদ্ধভাবে এই দেবতার মন্ত্র জপ করিবে। এই দেবতার পুরশ্চরণে জপাদির সংখ্যা কথিত নাই, কিন্তু অষ্টোত্তরসহস্র জপ ও জপের দশাংশ হোম করিবে। তন্ত্রে লিখিত আছে যে, যে দেবতার পুরশ্চরণে সংখ্যা উক্ত নাই, সেই স্থলে অষ্টোত্তরসহস্র জপ ও তাহার দশাংশ হোমকরিতে হয়। নিবন্ধগ্রন্থকার বলিয়াছেন যে, এই সকল সিদ্ধবিদ্যা, সুতরাং ইহাদিগের সিদ্ধিবিষয়ে পুরশ্চরণের আবশ্যকতা নাই॥

অনন্তর ধূমাবতীর মন্ত্র ও পূজাপ্রণালী লিখিত হইতেছে। ধূঁ ধূঁ ধূমাবতী স্বাহা, এই ধূমাবতীমন্ত্র শত্রুবিনাশক। উক্ত দেবতার পূজাপ্রণালী এই—প্রথমতঃ প্রাতঃকৃত্যাদিসমাপনান্তে ভূতশুদ্ধি ও প্রাণায়াম করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। ঋষ্যাদিন্যাস মূলে লিখিত আছে, দৃষ্টিকরিলেই বোধগম্য হইবে। তৎপরে মূলের লিখিত প্রণালীতে অঙ্গন্যাস ও করন্যাসকরিয়া ধ্যানকরিবে। দেবীর আকার এইরূপ—ধূমাবতী দেবী বিবর্ণা, চঞ্চলা, রুষ্টা ও দীর্ঘাঙ্গী। ইঁহার পরিহিত বস্ত্র মলিন, কেশকলাপ বিবর্ণ ও রুক্ষ। দন্তসকল বিরল ও স্তনযুগল লম্বিত। ইনি বিধবারূপধারিণী ও কাক-

ধরা। সূর্পহস্তাতিরূক্ষাক্ষী ধৃতহস্তা বরান্বিতা। প্রবৃদ্ধঘোণা তু ভৃশং কুটিলা কুটিলেক্ষণা। ক্ষুৎপিপাসার্দ্দিতা নিত্যং ভয়দা কলহপ্রিয়া। বিরলদ্বিজা বিরলদন্তা। জপেৎ কৃষ্ণচতুর্দ্দশ্যাং পুরশ্চরণসিদ্ধয়ে। উপবাসরতো মন্ত্রী শূন্যাগারে দিবানিশং। শ্মশানে বিপিনে বাপি জপে-ল্লক্ষস্তু বাগ্‌যতঃ। সোষ্ণীষ আর্দ্রবাসাশ্চ পুরশ্চরণকর্ম্মণি। আখ্যোপরি লিখেন্মন্ত্রং তস্মিন্ স্থাপ্য শিবং যজেৎ। তথাচ—অবষ্টভ্য শিবং শত্রুনাম্না তু প্রজপেন্মনুং। সহস্রস্যার্দ্ধতঃ শত্রুর্জ্বরেণ পরিগৃহ্যতে। পঞ্চগব্যেন শান্তিঃ স্যাজ্জ্বরস্য পয়সা পিবা। পূর্ব্ববৎ পঞ্চোপচারৈঃ সংপূজ্য জপেৎ। তথা—কৃত্বা মন্ত্রে রিপোরাখ্যামারণ্যযামিনীদলে। উৎসাদো জায়তে শত্রো-র্মনোরযুতজাপতঃ। দগ্ধ্বা কাকং শ্মশানাগ্নৌ তদ্ভস্মাদায় মন্ত্রিতং। বিরোধিনামসংরুদ্ধমষ্টাশাস্থ

ধ্বজরথে উপবিষ্টা আছেন। দেবীর নয়নযুগল রূক্ষ, তাহার এক হস্তে সূর্প ও অপর হস্তে বরমুদ্রা নাসিকা বৃহৎ, দেহ ও নয়ন কুটিল। ইনি ক্ষুধা ও পিপাসাতে কাতরা, ভয়ঙ্করাকৃতি ও কলহতৎপরা। এইপ্রকারে ধ্যানকরিয়া পুরশ্চরণ সিদ্ধির নিমিত্ত কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশীতিথিতে উপবাসী থাকিয়া শূন্যালয়ে, শ্মশানে কিম্বা বনপ্রদেশে দিবা ও রাত্রিতে মৌনী হইয়া একলক্ষ মন্ত্র জপকরিবে। পুরশ্চরণকার্য্যে উষ্ণীষধারণ ও আর্দ্রবস্ত্র পরিধান করিয়া কার্য্যকরিবে। পরে শত্রুনামের উপরি (অমুকং শত্রুং মারয়) মূলমন্ত্র লিখিয়া তদুপরি শিবলিঙ্গস্থাপনপূর্ব্বক পূজাকরিয়া জপকরিতে থাকিবে। এইরূপে পঞ্চশতবার ধূমাবতীর মন্ত্র জপকরিলে তৎক্ষণাৎ সেই শত্রু জ্বরপীড়ায় অভিভূত হয়। পঞ্চগব্য অথবা দুগ্ধদ্বারা শিবের অভিষেককরিলে উক্ত জ্বরের শান্তি হইয়া থাকে। পরে পূর্ব্ববৎ পঞ্চোপচারে দেবীর অর্চ্চনা করিয়া জপকরিবে। পরে হরিদ্রাপত্রে শত্রুর নাম লিখিয়া অরণ্যমধ্যে নিক্ষেপকরিয়া তাহার উপরি দশসহস্র মন্ত্র জপকরিবে। ইহাতে শত্রুর উচ্চা-

সদ্যউচ্চাটনং রিপোঃ। মন্ত্রিতমিত্যষ্টোত্তরশতমিতি। অষ্টাশাসু ক্ষিপেদিত্যর্থঃ। শ্মশানভস্মনা কৃত্বা শিবং তস্যোপরি ন্যসেৎ। বিরোধিনামসংরুদ্ধং কৃষ্ণপক্ষে সমর্চ্চয়েৎ। মহিষীক্ষীরধূপঞ্চ যদ্যচ্ছত্রুবিপৎকরং। মহিষীরূপমাসাদ্য স্বপ্নে শত্রুং বিনাশয়েৎ। মন্ত্রেণানেন নিখনেভস্ম রিপুমন্দিরে। শত্রুমুচ্চাটয়েন্নূনং নাত্রকার্য্যা বিচারণা। শ্মশানভস্মনা লিঙ্গং কৃত্বা পুষ্পাদিনার্চ্চয়েৎ। ভগবন্নিতি সমাভাষ্য মনসা কর্ম্ম চিন্তয়ন্। নিম্বকাকচ্ছদাবেকীকৃত্য চাষ্টশতং জপেৎ। দদ্যাদ্ধূপং সাধ্যনাম্না সদ্যোবিদ্বেষয়েদরীন্। অস্যার্থঃ—নিম্বকাকচ্ছদাবেকীকৃত্য তদুপরি অষ্টোত্তরশতং জপ্ত্বা তেন দ্রব্যেণামুকং দ্বেষয় মূলমুচ্চার্য্য ধূপং দদ্যাৎ। তথাচ—চিতিকাষ্ঠানলে ক্ষীরহোমাচ্ছান্তিঃ সদা ভবেৎ। তথাচ—রজোধূপপ্রদানেন গৃধ্ররূপেণ কালিকা মারয়ত্যরিমাগত্য শান্তির্নির্ম্মাল্যধূপতঃ। বরাহকর্ণধূপেন হন্যাচ্ছূকররূপিণী। অশ্বত্থপত্রধূপেন শান্তির্ভবতি নান্যথা। শান্তিঃ সর্ব্বাভিচারস্য পঞ্চগব্যেন জায়তে। ক্ষীরেণ বাপি দেবেশি মধুরত্রিতয়েন বা। কীলে ক্ষীরতরোর্ব্বিদর্ভ্য বিলিখেন্মন্ত্রেণ নামাক্ষরং জপ্ত্বালিখ্য পদদ্বয়েন নিখনেদুচ্চাটনং বিদ্বিষাং। তৎপাদদ্বয়ধূলিকীর্ণহবিষা দদ্যাদ্দ্বিজেভ্যো বলিং তজ্জপ্ত্বা চিতিভস্মকীলিতমরের্গেহে তদুচ্চাটনমিত্যাদিপ্রয়োগঃ॥

টন হয়। শ্মশানাগ্নিতে কাক দগ্ধকরিয়া সেই ভস্ম গ্রহণপূর্ব্বক অষ্টোত্তরশতবার অভিমন্ত্রিতকরিয়া শত্রুর নামে অষ্টদিকে নিক্ষেপ করিবে, ইহাতে তৎক্ষণাৎ শত্রুর উচ্চাটন হইয়া থাকে। শ্মশানভস্মদ্বারা শিবলিঙ্গনির্ম্মাণপূর্ব্বক তদুপরি শত্রুনামযুক্ত মন্ত্র লিখিয়া কৃষ্ণপক্ষে অর্চ্চনাকরিবে এবং মহিষীর দুগ্ধদ্বারা ধূপ দিয়া যে যে দ্রব্য শত্রুর অমঙ্গলসূচক সেই সেই দ্রব্য প্রদানকরিবে। এইরূপ অর্চ্চনাকরিলে দেবী মহিষীরূপ ধারণকরিয়া স্বল্পকালে শত্রুকে বিনাশকরেন। শ্মশানভস্ম আনিয়া মূলমন্ত্রে শত্রুর গৃহমধ্যে প্রোথিতকরিয়া রাখিবে, ইহাতে নিশ্চয় শত্রুব্যক্তি উচ্চাটিত হইয়া থাকে। শ্মশানভস্মদ্বারা শিবলিঙ্গ প্রস্তুতকরিয়া পুষ্পাদিদ্বারা অর্চ্চনা করিবে। পরে হে ভগবন্! এইরূপ সম্বোধনবাক্য প্রয়োগকরিয়া মনে মনে কর্ত্তব্যকর্ম্ম চিন্তা করিতে করিতে নিম্ববৃক্ষস্থিত দুইটি কাকপক্ষ একত্রিতকরিয়া তাহার উপরে অষ্টোত্তরশত মন্ত্র জপ করিবে। অনন্তর শত্রুনামে "অমুকং দ্বেষয়" ইহার পর মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক ধূপ দিতে হইবে। ইহাতে শত্রুবর্গের মধ্যে পরস্পর মহাবিদ্বেষভাব উপস্থিতহইয়া থাকে। তন্ত্রে লিখিত আছে যে, চিতার কাষ্ঠ আনিয়া তাহাদ্বারা অগ্নিপ্রজ্বালনপূর্ব্বক দুগ্ধদ্বারা হোমকরিলে শান্তি হইয়া থাকে। রজস্বলার রক্তদ্বারা ধূপ দিলে কালিকা গৃধ্ররূপে আগমনকরিয়া শত্রুবর্গ বিনাশকরেন। নির্ম্মাল্যপত্রপুষ্পাদিদ্বারা ধূপ দিলে উক্ত দোষের শান্তি হয়। বরাহকর্ণদ্বারা ধূপ প্রদানকরিলে দেবী রজনীযোগে শূকররূপে আগমন করিয়া শত্রুকুল ধ্বংস করেন। অশ্বত্থপত্রদ্বারা ধূপ প্রদানকরিয়া পঞ্চগব্যদ্বারা স্নান ও পঞ্চগব্য পান অথবা কেবল দুগ্ধ পানকরিলে সর্ব্বপ্রকার অভিচারদোষের শান্তিহইয়া থাকে। অথবা ঘৃত, মধু ও শর্করা এই ত্রিমধুদ্বারাও উক্ত অভিচার দোষের শান্তি হয়। যজ্ঞডুম্বুর প্রভৃতি ক্ষীরিবৃক্ষের কীলক প্রস্তুতকরিয়া তদুপরি শত্রুনামের সহিত ধূমাবতীর মন্ত্র লিখিবে। তৎপরে ঐ কীলকের উপরি মূলমন্ত্র জপকরিয়া পদদ্বয়দ্বারা ভূমিতে প্রোথিত করিবে, ইহাতে শত্রুবর্গের উচ্চাটন হয় এবং শত্রুর পাদদ্বয়ের ধূলি ও ঘৃতদ্বারা পক্ষিগণকে বলি প্রদানকরিয়া চিতিভস্মোপরি মূলমন্ত্র জপকরিয়া সেই ভস্ম শত্রুর গৃহমধ্যে প্রোথিতকরিয়া রাখিবে, ইহাতে শত্রুগণের উচ্চাটন হয়।

অথ ভদ্রকালীমন্ত্রঃ। প্রাসাদবীজমুদ্ধৃত্য কালীতি পদমুদ্ধরেৎ। মহাকালী পদং চোক্ত্বা কিলিযুগ্মমতঃ পরং। অস্ত্রমগ্নিপ্রিয়ান্তোঽয়ং ভদ্রকালীমহামনুঃ। আরাধ্য প্রজপেন্নিত্য-মষ্টোত্তরশতং জপেৎ। জপমালা বিধাতব্যা অষ্টোত্তরশতেন চ। ধ্যাতব্যেয়ং মহাদেবী ভদ্রকালী ভয়াপহা। আরাধ্যেতি ভূতশুদ্ধ্যাদিপ্রাণায়ামৌ কৃত্বা পঞ্চোপচারৈঃ শিবলিঙ্গে সংপূজ্যেত্যর্থঃ। ধ্যানং যথা— ক্ষুৎক্ষামা কোটরাক্ষী মসিমলিনমুখী মুক্তকেশী রুদন্তী নাহং তৃপ্তা জগদখিলমিদং গ্রাসমেকং করোমি। হস্তাভ্যাং ধারয়ন্তী জ্বলদনলশিখাসন্নিভং পাশযুগ্মং দন্তৈর্জম্বূফলাভৈঃ পরিহরতু ভয়ং পাতু মাং ভদ্রকালী। প্রয়োগমাত্রং কর্ত্তব্যং বৈরিনিগ্রহকারকং। ইয়ং দেবী মহাদেবী শত্রুনিগ্রহকারিণী। যথেষ্টচিন্তয়া চিন্ত্যা ধর্ম্মকামার্থসিদ্ধিদা। অস্য পুরশ্চণাদিকং দক্ষিণকালীতন্ত্রবদিতি কেচিৎ। বস্তুতস্তু পুরশ্চরণমষ্টোত্তরসহস্রজপঃ॥

অথ উচ্ছিষ্টগণেশমন্ত্রঃ। ওঁ হস্তিপিশাচিনি খে ঠদ্বয়ং। তন্ত্রান্তরে—হস্তিপদং সমুচ্চার্য্য পিশাচিনি পদং ততঃ। দেবরাজং সনেত্রঞ্চ কান্তমীশস্বরান্বিতং। বহ্নিজায়াবধির্মন্ত্র-স্তারাদ্যঃ সর্ব্বকামদঃ। প্রণবস্থানে গমিতি কেচিৎ। হস্তিপিশাচিনি খেঽগ্নিবনিতা গং তদাদিত-

---

অনন্তর ভদ্রকালীমন্ত্র ও পূজাপ্রণালী কথিত হইতেছে। হৌঁ কালি মহাকালি কিলি কিলি ফট্ স্বাহা, এইটি ভদ্রকালী দেবীর মহামন্ত্র। এই মন্ত্রে ভদ্রকালীর পূজাদি করিয়া অষ্টোত্তরশত মন্ত্র জপকরিবে। এই দেবতার মন্ত্রজপে অষ্টোত্তরশতসংখ্যক মালাদ্বারা জপমালা করিতে হইবে। ভদ্রকালী দেবীর ধ্যানকরিলে তিনি সর্ব্বপ্রকার ভয়বিনাশ করেন। দেবীর আরাধনাপ্রণালী এই—প্রথমে ভূতশুদ্ধ্যাদি প্রাণায়ামান্ত কর্ম্ম করিয়া শিবলিঙ্গে,গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই পঞ্চোপচারে পূজা করিবে। তৎপরে ধ্যান করিতে হইবে। দেবীর আকার এইরূপ—ভদ্রকালী দেবী ক্ষুধাতে ক্ষীণাঙ্গী, তাঁহার নয়নযুগল কোটরমধ্যগত, বদনমণ্ডল মসীর ন্যায় মলিন, কেশগুচ্ছ আলুলায়িত। ইনি সর্ব্বদা রোদন করিতে করিতে বলিয়া থাকেন, কোনরূপে আমার তৃপ্তি হইতেছে না, ইচ্ছা হয়, এই সমস্ত জগৎ একগ্রাসে ভক্ষণ করি। দেবী উভয়হস্তে জাজ্বল্যমান অগ্নিশিখার ন্যায় প্রদীপ্ত পাশযুগল ধারণকরিয়া আছেন। দেবীর দন্তগুলি জম্বূফলের ন্যায় কৃষ্ণবর্ণ, ইনি সাধকের ভয় হরণকরেন। এইপ্রকার রূপবিশিষ্টা ভদ্রকালী দেবী আমাকে রক্ষা করুন। এইপ্রকারে দেবীকে ধ্যানকরিয়া সামান্য পূজাবিধির নিয়মানুসারে পূজা করিবে। এই দেবতার আরাধনা করিলে তৎক্ষণাৎ শত্রুদমন হইয়া থাকে। এই শত্রুনিগ্রহকারিণী ভদ্রকালী দেবীকে যে ব্যক্তি যেরূপ কামনাকরিয়া আরাধনা করে, তাহার সেই অভিলাষ পরিপূর্ণ হয়। কেহ কেহ বলেন, এই দেবতার পুরশ্চরণে দক্ষিণকালিকাদেবীর পুরশ্চরণপদ্ধতি অবলম্বন করিয়া কার্য্য করিবে, বাস্তবিক অষ্টোত্তরসহস্র জপে এই মন্ত্রের পুরশ্চরণ হয়।

উচ্ছিষ্টগণেশের মন্ত্র ও পূজাপ্রণালী এই—ওঁ হস্তিপিশাচিনি খে স্বাহা। এইটি উচ্ছিষ্টগণেশের মন্ত্র। এই মন্ত্রোদ্ধারের যে সকল প্রমাণ অন্যান্য তন্ত্রে লিখিত আছে, তাহা এই স্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন। কেহ কেহ বলেন, গং হস্তিপিশাচিনি খে স্বাহা, ইহাই উচ্ছিষ্টগণেশের মন্ত্র। সর্ব্বমন্ত্রের সারভূত এই উচ্ছিষ্টগণেশমন্ত্র সাধারণ

ইতি তত্ত্ববোধাৎ। তথা—সারভূতমিমং মন্ত্রং ন দেয়ং যস্য কস্যচিৎ। গুহ্যং সর্ব্বাগমেষেব হিতবুদ্ধ্যা প্রকাশিতং। তথা—ন তিথির্ন চ নক্ষত্রং নোপবাসো-বিধীয়তে। যথেষ্টচিন্তয়া মন্ত্রঃ সর্ব্বকামফলপ্রদঃ॥

অথ প্রয়োগঃ। প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্তং বিধায় ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। শিরসি সুধীর-ঋষয়ে নমঃ মুখে নিবিড়্গায়ত্রীচ্ছন্দসে নমঃ হৃদি উচ্ছিষ্টগণপতয়ে নমঃ। ততঃ প্রণবেন করাঙ্গন্যাসৌ কৃত্বা ধ্যায়েৎ। রক্তমূর্ত্তিং গণেশঞ্চ সর্ব্বাভরণভূষিতং। রক্তবস্ত্রং ত্রিনেত্রঞ্চ রক্তপদ্মাসনে স্থিতং। চতুর্ভুজং মহাকায়ং দ্বিদন্তং সস্মিতাননং। ইষ্টঞ্চ দক্ষিণে হস্তে দন্তঞ্চ তদধঃকরে। পাশাঙ্কুশৌ চ হস্তাভ্যাং জটামণ্ডলবেষ্টিতং। ললাট-চন্দ্ররেখাঢ্যং সর্ব্বালঙ্কারভূষিতং। এবং ধ্যাত্বা করস্থপুষ্পের্ম্মূলেন শিরসি সংপূজ্য বহিঃ পূজামারভেৎ। অষ্টদলপদ্মং লিখিত্বা পূজয়েৎ। তত্র প্রথমং মূলেনার্ঘ্যং সংস্থাপ্য দশধা মূলং প্রজপ্য তেনোদকেনাত্মানং পূজোপকরণঞ্চাভ্যুক্ষ্য পুনর্ধ্যাত্বা অষ্টদলপদ্মমধ্যে স্থাপয়েৎ। ততঃ পঞ্চোপচারৈঃ সংপূজ্য পত্রেষু পূর্ব্বাদি ওঁ বক্রতুণ্ডায় স্বাহা। এবং একদন্তায় স্বাহা লম্বোদরায় বিকটায় বিঘ্নেশায় গজবক্ত্রায় বিনায়কায় গণপতয়ে মধ্যে হস্তিমুখায়। সর্ব্বত্র স্বাহান্ততা। পুনর্দেবং ত্রিঃ সংপূজ্য যথাশক্তি জপং কৃত্বা সমর্প্য বলিরূপনৈবেদ্য-মুপনীয় ওঁ

লোককে প্রদানকরিবে না। সর্ব্বতন্ত্রে এই মন্ত্র গুপ্ত আছে, জগতের হিতকামনায় প্রকাশিত হইল। এই দেবতার আরাধনায় তিথিবারাদির কোন নিয়ম নাই এবং উপবাসাদিও করিতে হয় না। যে ব্যক্তি যে যে কামনায় এই দেবতার আরাধনা করে, তাহার সেই সেই মনোরথ পরিপূর্ণ হইয়া থাকে॥

উচ্ছিষ্টগণেশের পূজাপ্রণালী এই—প্রথমতঃ সামান্যবিধি-অনুসারে প্রাতঃকৃত্যাদি প্রাণায়মান্ত অবশ্য কর্ত্তব্য কার্য্যকলাপ সমাপনকরিয়া ঋষ্যাদিন্যাস করিবে। ঋষ্যাদিন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। তৎপরে ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ওঁ তর্জ্জনীভ্যাং স্বাহা ওঁ মধ্যমাভ্যাং বষট্, ওঁ অনা-মিকাভ্যাং হুঁ, ওঁ কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ করতলপৃষ্ঠাভ্যাং ফট্ এবং ওঁ হৃদয়ায় নমঃ, ওঁ শিরসে স্বাহা, ওঁ শিখায়ৈ বষট্, ওঁ কবচায় হুঁ, ওঁ নেত্রত্রয়ায় বৌষট্ ওঁ করতলপৃষ্ঠাভ্যাং ফট্ এইরূপে করাঙ্গন্যাসকরিয়া ধ্যান করিবে। উচ্ছিষ্টগণেশের মূর্ত্তি রক্তবর্ণ, সর্ব্বপ্রকার আভরণে বিভূষিত, পরিধেয়বস্ত্র রক্তবর্ণ, নয়ন তিনটি। ইনি রক্তপদ্মাসনে অবস্থিত আছেন। এই দেবতার চারিহস্ত, শরীর বৃহৎ, দুইটি দন্ত এবং বদন সর্ব্বদা হাস্যযুক্ত। দক্ষিণভাগের উপরিতন হস্তে বরমুদ্রা এবং অধোহস্তে একটি দন্ত রহিয়াছে। বামভাগের উপরিহস্তে পাশ এবং অধোহস্তে অঙ্কুশ আছে। এই দেবতার মস্তক জটামণ্ডলে পরিবেষ্টিত। ললাটে অর্দ্ধচন্দ্র বিরাজমান এইপ্রকারে দেবতার রূপ চিন্তাকরিয়া কর-স্থিত পুষ্প স্বীয় মস্তকে স্থাপনপূর্ব্বক আবাহন করিতে হইবে। প্রথমতঃ মূলমন্ত্রে অর্ঘ্যস্থাপনপূর্ব্বক সেই অর্ঘ্যের উপরি মূলমন্ত্র দশবার জপকরিয়া সেই অর্ঘ্য জলদ্বারা পূজার উপকরণদ্রব্য ও স্বীয় শরীরে অভ্যুক্ষণ করিবে এবং পুনর্ব্বার দেবতার ধ্যানকরিয়া অষ্টদলপদ্মমধ্যে স্থাপন করিতে হইবে। তৎপরে পঞ্চোপচারে দেবতার অর্চ্চনাকরিয়া অষ্টদল-পদ্মের পূর্ব্বাদিপত্রে ওঁ বক্রতুণ্ডায় স্বাহা ইত্যাদি মূলের লিখিত দেবতাগণের পূজা করিবে। অনন্তর পদ্মমধ্যে ওঁ হস্তিমুখায় স্বাহা, এই মন্ত্রে অর্চ্চনা করিবে। পুনর্ব্বার তিনবার মূলদেবতার পূজাকরিয়া যথাশক্তি মূলমন্ত্র জপান্তে

উচ্ছিষ্টগণেশায় মহাকালায় এষ বলির্নমঃ ইতি বলিং দত্ত্বা আচমনীয়াদিকং দদ্যাৎ। বিশেষফলকাঙ্ক্ষিভিঃ পুনঃ হ্রাঁ হ্রীঁ হ্রৈঁ হ্রূঁ ফট্ স্বাহা ইত্যনেন বলিং দদ্যাৎ। ততঃ পুষ্পমেকং দক্ষিণদিশি ক্ষিপ্ত্বা ক্ষমস্বেতি বিসর্জ্জয়েৎ। অস্য পুরশ্চরণং ষোড়শসহস্রজপঃ। তথাচ— কৃষ্ণাং চতুর্থীমারভ্য যাবৎ শুক্লচতুর্থিকা। সহস্রং হি জপেন্নিত্যং যোষিন্নিয়মপূর্ব্বকং। স্নাপয়েন্মধুনা নিত্যং নৈবেদ্যং গুড়পায়সং। ভুক্তোচ্ছিষ্টো জপেন্নিত্যং গণেশোঽহং সদা প্রিয়ঃ। শ্বেতার্কেণাকৃতিং কৃত্বা রক্তচন্দনকেন বা। অঙ্গুষ্ঠমাত্রং প্রতিষ্ঠাপ্য দ্বিজাগ্নিগুরুসন্নিধৌ। জপ্ত্বা ষোড়শসাহস্র্যং সিদ্ধমন্ত্রো ভবেদ্ধ্রুবং। যোষিদিতি যোষিদুপগমনে নিয়মপুরঃসরমিত্যর্থঃ নতু ত্যাগনিয়মঃ। অপ্রসঙ্গাদনৌচিত্যাদনাচান্ত ইতি দর্শনাৎ। উচ্ছিষ্টশ্চাশুচির্ভূত্বা জপপূজনমাচরেৎ। অনুচ্ছিষ্টেন সিধ্যেত তস্মাদেবং সমাচরেৎ। ইতি তন্ত্রান্তরবচনাচ্চ। কেষাঞ্চিন্মতে পূজা নাস্তি মনসা জপেৎ। কেষাঞ্চিন্মতে করাঙ্গন্যাসৌ ন স্তঃ গণেশোঽহমিতি পূর্ব্বোক্তং চিন্তয়েৎ। গর্গমতে বিজনে বনে স্থিত্বা রক্তচন্দনাক্তলিপ্ততাম্বূলমুখোচ্ছিষ্ট-মুখো জপেৎ। কেষাঞ্চিন্মতে সর্ব্বালঙ্কারভূষিতঃ সর্ব্বাবস্থাসু জপেৎ। অন্যমতে সংপূজ্য মোদকং চর্ব্বয়ন্ ভৃগুমতে ফলমশ্নন্। বিভীষণমতে মাংসনৈবেদ্যং দত্ত্বা তদেব খাদয়ন্॥

অথাত্র প্রয়োগঃ। রাজদ্বারে তথারণ্যে সভায়াং গোত্রসংসদি। বিবাদে ব্যবহারে চ

জপ সমর্পণ করিবে। পরে বলিরূপ নৈবেদ্য আনয়ন করিয়া ওঁ উচ্ছিষ্টগণেশায় ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে বলি নিবেদনকরিতে হইবে। তৎপরে আচমনীয় জল নিবেদনকরিবে। বিশেষ ফলাভিলাষী ব্যক্তি পুনর্ব্বার হ্রাঁ হ্রীঁ হ্রৈঁ হ্রূঁ ফট্ স্বাহা, এই মন্ত্রে বলিপ্রদান করিবে। অনন্তর একটি পুষ্প দক্ষিণদিকে নিক্ষেপকরিয়া ক্ষমস্ব, এই বলিয়া বিসর্জ্জন করিতে হইবে। এই মন্ত্রের পুরশ্চরণে ষোড়শসহস্র জপ করিতে হয়। তাহার বিশেষ নিয়ম এই—কৃষ্ণপক্ষের চতুর্থী হইতে আরম্ভকরিয়া শুক্লপক্ষের চতুর্থী পর্য্যন্ত স্ত্রীসহযোগে প্রতিদিন একসহস্র করিয়া জপকরা কর্ত্তব্য। প্রতিদিন দেবতাকে মধুদ্বারা স্নান করাইয়া গুড়পায়স নৈবেদ্য প্রদান করিবে। ভোজনের পর আচমন না করিয়া উচ্ছিষ্টমুখেই এই দেবতার মন্ত্র জপ করিবে। শ্বেতআকন্দ অথবা রক্তচন্দনদ্বারা অঙ্গুষ্ঠপ্রমাণ উচ্ছিষ্টগণেশের প্রতিমূর্ত্তি নির্ম্মাণকরিয়া সেই মূর্ত্তিতে প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক, ব্রাহ্মণ, অগ্নি ও গুরুসন্নিধানে ষোড়শসহস্র মন্ত্র জপকরিলে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। উচ্ছিষ্টমুখে ও অশুচি হইয়া এই দেবতার মন্ত্র জপ ও পূজাদিকার্য্য করিবে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, অনুচ্ছিষ্টমুখে এই দেবতার জপ পূজাদি করিলে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। কোন কোন তন্ত্রমতে এই দেবতার আরাধনাতে পূজা করিতে হয় না, কেবল মানসিক জপ করিবে। অন্যান্যতন্ত্রমতে করাঙ্গন্যাস করিবে না, আমিই স্বীয় গণেশস্বরূপ এইরূপ চিন্তাকরিয়া জপকরিবে। গর্গমুনি বলেন যে, নির্জ্জনবনে উপবেশনকরিয়া রক্তচন্দনলিপ্ত তাম্বূল ভক্ষণ করিতে করিতে জপ করিবে। অন্যান্য তন্ত্রে লিখিত আছে যে, সাধক সর্ব্বপ্রকার অলঙ্কারে বিভূষিত হইয়া সর্ব্বদা জপ করিবে। অন্যকোন তন্ত্রমতে দেবতার অর্চ্চনাকরিয়া মোদক চর্ব্বণকরিতে করিতে জপ করিবে। ভৃগুমুনির এই মত যে, উচ্ছিষ্টগণেশের আরাধনাতে ফল ভক্ষণকরতঃ জপ করিবে। বিভীষণ বলেন, মাংসদ্বারা নৈবেদ্য প্রদানকরিয়া সেই নৈবেদ্য ভোজনকরিতে করিতে জপ করিবে॥

সংগ্রামে শত্রুসঙ্কটে। নৌকায়াং বিপিনে বাপি দ্যূতে চ ব্যসনে তথা। গ্রামদাহে চৌরবিদ্ধে সিংহব্যাঘ্রাদি সঙ্কটে। স্মরণাদেব দেবস্য সর্ব্বং বৈ বিক্রুতং ভবেৎ। তৎসর্ব্বং নশ্যতি ক্ষিপ্রং সূর্য্যেণৈব তমো-যথা। তথা—সদোচ্ছিষ্টগণেশানো যক্ষরাজেন ধীমতা। আরাধিতঃ সোপহারৈঃ সম্যগিষ্টফলপ্রদঃ। এবং কৃত্বা ব্যবস্থাস্তু তদ্ধনেশ্বরতাং গতঃ। অপামার্গসমিদ্ধোমে সৌভাগ্যং লভতে ধ্রুবং। অষ্টোত্তরশতৈর্ম্মন্ত্রী মূলমন্ত্রাভিমন্ত্রিতং। তথা—বানরাস্থিসমুদ্ভূতং কীলিতং মন্ত্রমন্ত্রিতং। নিখনেন্মন্দিরে যস্য ভবেদুচ্চাটনং পরং। অথ বীথ্যাং খনেদ্‌যস্য ক্রয়বিক্রয়ণং হরেৎ। নিখনেচ্ছৌণ্ডিকাগারে তন্মদ্যং বৈকৃতং ভবেৎ। বেশ্যাগৃহে তু নিখনেদ্ গ্রাহকং লভতে ন সা। কন্যাগৃহে তু নিখেন বিবাহোভবেদ্ ধ্রুবং। মানুষাস্থিসমুদ্ভূতং কীলকঞ্চাভিমন্ত্রিতং। নিখনেন্মন্দিরে যস্য মরণং তস্য নিশ্চিতং। উদ্ধৃতে তু ভবেৎ স্বাস্থ্যমিতি সর্ব্বস্য সম্মতং। যস্য নাম্না জপেন্মন্ত্রং সহস্রং স বশো ভবেৎ। পঞ্চসহস্রহোমেন উদ্বহেত বরাং স্ত্রিয়ং। সহস্রদশহোমেন রাজা সদ্যো-বশো-ভবেৎ। লক্ষজাপেন রাজৈব দ্বিলক্ষে রাজপংক্তয়ঃ। দশলক্ষেণ তদ্রাষ্ট্রং বশ্যং তস্য চ সর্ব্বথা। অণিমাদিমহাসিদ্ধিঃ কোটিহোমান্ন সংশয়ঃ। খেচরত্বং ভবেন্নিত্যং সর্ব্বজ্ঞত্বঞ্চ জায়তে। মন্ত্রং লিখিত্বা শিরসি কণ্ঠে বা ধারয়েদ্‌যদি। সৌভাগ্যং সর্ব্বরক্ষা চ ভবেত্তত্র সুনিশ্চিতং॥

উচ্ছিষ্টগণেশের বিশেষ প্রয়োগ এই—রাজদ্বারে, অরণ্যে, সভাতে, গোত্রসমাজে, বিবাদে, ব্যবহারে, যুদ্ধে, শত্রুসঙ্কটে, নৌকাতে, কাননে, দ্যূতকার্য্যে, বিপৎসময়ে, গ্রামদাহে, চৌরভয়ে ও সিংহব্যাঘ্রাদিভয়ে এই দেবতার মন্ত্র স্মরণকরিলে সকল বিঘ্নবিনাশ পায়। ধীমান্ যক্ষরাজ কুবের সর্ব্বদা বিবিধ উপহারদ্বারা এই উচ্ছিষ্টগণেশের আরাধনা করিতেন, সেই আরাধনার বলে কুবের অভিলষিত ফল লাভকরিয়া ধনেশ্বরত্ব প্রাপ্ত হইয়াছেন। মূলমন্ত্রে অষ্টোত্তরশত অভিমন্ত্রিত করিয়া অপামার্গ সমিদ্দ্বারা এই দেবতার হোমকরিলে সাধক সৌভাগ্য লাভকরে। বানরাস্থিনির্ম্মিত কীলক উচ্ছিষ্টগণেশ মন্ত্রে অভিমন্ত্রিতকরিয়া যাহার গৃহমধ্যে প্রোথিত করাযায়, সেই ব্যক্তির উচ্চাটন হইয়া থাকে। উক্ত কীলক কোন পণ্যশালায় পুঁতিয়া রাখিলে সেই গৃহে ক্রয় বিক্রয়াদি ব্যবসায় হয় না। শৌণ্ডিকের আলয়ে উক্ত কীলক প্রোথিতকরিলে সেই গৃহস্থিত সুরা বিকৃত হইয়া যায়। কোন বেশ্যার গৃহে উক্ত কীলক নিখনন করিলে, সেই বেশ্যাকে কেহ আদর করে না। কোন অবিবাহিত কন্যার মন্দিরে ঐ কীলক পুঁতিয়া রাখিলে সেই কন্যার বিবাহ হয় না। মনুষ্যাস্থিনির্ম্মিত কীলক উক্ত মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া, যাহার গৃহে প্রোথিত করিবে নিশ্চয় সেই ব্যক্তির মৃত্যু হয়। উক্ত কীলক উদ্ধৃতকরিয়া ফেলিলে দোষসকলের শান্তি হয়। যাহার নাম উল্লেখ করিয়া উক্ত মন্ত্র একসহস্র জপ করিবে, অবশ্য সেই ব্যক্তি বশীভূত হইয়া থাকে। বিবাহকামী ব্যক্তি পঞ্চসহস্র মন্ত্র জপকরিলে উত্তমা স্ত্রী লাভকরিতে পারে। এই মন্ত্রে দশসহস্র হোমকরিলে তৎক্ষণাৎ রাজা বশীভূত হয়। উচ্ছিষ্টগণেশমন্ত্র একলক্ষ জপকরিলে রাজা, দুইলক্ষ জপে রাজবর্গ ও দশলক্ষ জপকরিলে রাজার সমস্ত রাজ্য বশীভূত হয়। উক্ত মন্ত্র এককোটি জপকরিলে সাধকের অণিমাদি অষ্টসিদ্ধি লাভ হয়, শূন্যগমনে শক্তি জন্মে এবং সর্ব্বজ্ঞত্ব প্রাপ্ত হয়। এই মন্ত্র ভূর্জ্জপত্রে লিখিয়া কণ্ঠে কিম্বা মস্তকে ধারণকরিলে নিশ্চয় সাধকের সৌভাগ্য বৃদ্ধি হইয়া থাকে।

অথ ধনদামন্ত্রঃ। তত্তূর্য্যং বিন্দুসংযুক্তং লজ্জাবীজং সমুদ্ধরেৎ। লক্ষ্মীবীজং ততোদেবী সম্বোধ্যা চ রতিপ্রিয়া। বহ্নিজায়াবধিঃ প্রোক্তো মন্ত্ররাজোত্তমোত্তমঃ। তন্ত্রান্তরে—তত্তূর্য্যং বিন্দুসংযুক্তং লক্ষ্মীপ্রণবমেব চ। মায়াবীজং সমুদ্ধৃত্য সম্বোধ্যা চ রতিপ্রিয়া। বহ্নিজায়াবধিঃ প্রোক্তো মন্ত্ররাজোত্তমোত্তমঃ। লক্ষ্মীপ্রণবং শ্রীবীজং কুবেরানুমতোঽয়ং মন্ত্রঃ॥

অস্য পূজা।—প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্তং কৃত্বা ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। শিরসি কুবের-ঋষয়ে নমঃ মুখে পংক্তিচ্ছন্দসে নমঃ হৃদি ধনদায়ৈ দেবতায়ৈ নমঃ। ততঃ করাঙ্গন্যাসৌ—হ্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং স্বাহা ইত্যাদি। এবং হৃদয়াদিষু। ততোধ্যানং—কুঙ্কুমোদর-গর্ভাভাং কিঞ্চিদ্‌যৌবনশালিনীং। মৃণালকোমলভুজাং কেয়ূরাঙ্গদভূষণাং। তুলাকোটিপরিভ্রান্ত-পাদপদ্মদ্বয়ান্বিতাং। মাণিক্যহারমুকুটকুণ্ডলাদিবিভূষিতাং। নীলোৎপলদৃশং কিঞ্চিদুদ্যৎ-কুচবিরাজিতাং। করাভ্যাং ভ্রাম্যৎকমলাং রক্তবস্ত্রাঙ্গরাগিণীং। হেমপ্রাকারমধ্যস্থাং রত্ন-সিংহাসনোপরি। ধ্যায়েৎ কল্পতরোর্ম্মূলে দেবতাং ধনদায়িকাং। এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য বহিঃপূজা মারভেৎ। অস্য পূজাযন্ত্রং। নবযোন্যাত্মকং চক্রং বিলিখেৎ কর্ণিকো-পরি। দিগ্‌দলং পদ্মমালিখ্য চতুরস্রং লিখেদ্বহিঃ। কোণেষু বজ্রান্ সংলিখ্য মধ্যে বীজং সমুল্লিখেৎ। ততোঽর্ঘ্যস্থাপনং। ফড়িতি পাত্রং প্রক্ষাল্য নমঃ ইত্যনেন জলেনাপূর্য্য তত্র

অনন্তর ধনদাদেবীর মন্ত্র ও পূজাপ্রণালী কথিত হইতেছে। ধং হ্রীঁ শ্রীঁ রতিপ্রিয়ে স্বাহা এই মন্ত্রে ধনদার পূজা করিবে। এই মন্ত্র সর্ব্বমন্ত্রপ্রধান। তন্ত্রান্তরে লিখিত আছে যে, ধং শ্রীঁ হ্রীঁ রতিপ্রিয়ে স্বাহা, এইটি অন্যপ্রকার ধনদামন্ত্র। কুবের এই মন্ত্রে ধনদার আরাধনাকরিয়া ধনেশ্বর হইয়াছিলেন।

ধনদাদেবীর পূজাপ্রণালী এই—সামান্যবিধির নিয়মানুসারে প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্ত কার্য্যকরিয়া ঋষ্যাদি-ন্যাস করিবে। ঋষ্যাদিন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে লিখিত আছে, দৃষ্টিকরিলেই বোধগম্য হইবে। তৎপরে হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ হ্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা ইত্যাদি এবং হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীঁ শিরসে স্বাহা ইত্যাদিক্রমে করাঙ্গ-ন্যাস করিয়া ধ্যান করিবে। দেবতার আকার এইরূপ—ধনদাদেবী কুঙ্কুমের কোষের অভ্যন্তরভাগের ন্যায় বর্ণবিশিষ্টা ও অভিনবযৌবনশালিনী। ইহাঁর ভুজযুগল মৃণালের ন্যায় কোমল এবং কেয়ূরাদি বিবিধবিভূষণে অলঙ্কৃত। পাদপদ্মযুগলে নূপুর বাদিত হইতেছে। মাণিক্যহার, মুকুট ও কুণ্ডলাদি অলঙ্কার স্ব স্ব স্থানে শোভা সম্বর্দ্ধন করিতেছে। নয়নযুগল নীলোৎপলের ন্যায়। কুচযুগল কিঞ্চিৎ উন্নত। ধনদাদেবী হস্তদ্বারা পদ্ম ভ্রামিত করিতেছেন। ইহাঁর শরীরযষ্টি লোহিতবর্ণ অনুলেপনদ্রব্যে সংরঞ্জিত। ইনি রক্তবর্ণ বস্ত্র পরিধানকরিয়া সুবর্ণ-প্রাকারমধ্যস্থিত কল্পতরুর মূলে রত্নময়সিংহাসনোপরি উপবিষ্টা আছেন। ইনি সাধকদিগকে ধন প্রদানকরেন। এইরূপে ধ্যান ও মানসপূজা করিয়া বাহ্যপূজা আরম্ভ করিবে। ধনদাদেবীর পূজাযন্ত্র এই—নবযোনিবিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিয়া তাহার বাহ্যভাগে অষ্টদলপদ্ম অঙ্কিত করিবে। তদ্বাহে চতুরস্র লিখিয়া চারিকোণে বজ্রাকারচিহ্ন অঙ্কিত করিতে হইবে এবং পদ্মমধ্যে ধং এই বীজ লিখিয়া যন্ত্র প্রস্তুত করিবে। তৎপর অর্ঘ্যস্থাপন—ফট্ এই মন্ত্রে অর্ঘ্যপাত্র প্রক্ষালনপূর্ব্বক নমঃ এই মন্ত্রে অর্ঘ্যপাত্রকে জলদ্বারা পরিপূর্ণ করিবে। তৎপরে ওঁ এই মন্ত্রে অর্ঘ্য-

প্রণবেণ গন্ধপুষ্পে নিক্ষিপ্য তীর্থমাবাহ্য ধেনুমুদ্রাং প্রদর্শ্য তদুপরি মূলং দশধা জপ্ত্বা তজ্জলং কিঞ্চিৎ প্রোক্ষণীপাত্রে নিঃক্ষিপ্য তেনোদকেনাত্মানং পূজোপকরণং মূলেন ত্রিরভ্যুক্ষ্য আধারশক্ত্যাদি হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ ইত্যন্তং পীঠপূজাং বিধায় ওঁ পদ্মাসনায় নমঃ ইতি মধ্যে সংপূজ্য পুনর্ধ্যাত্বাবাহ্য পঞ্চোপচারৈঃ পূজয়েৎ। ততো যোনিমুদ্রাং প্রদর্শ্য কেশরেম্বগ্ন্যাদিকোণেষু মধ্যে দিক্ষু চ হ্রাঁ হৃদয়ায় নমঃ ইত্যাদিনা ষড়ঙ্গেন পূজয়েৎ। ততো দলেষু পূর্ব্বাদি ওঁ লক্ষ্ম্যৈ নমঃ এবং পদ্মায়ৈ পদ্মালয়ায়ৈ শ্রিয়ৈ হরিপ্রিয়ায়ৈ তারায়ৈ কমলায়ৈ অজায়ৈ চঞ্চলায়ৈ লোলায়ৈ মধ্যে দেবীঞ্চ পুনঃ পূজয়েৎ। ততো যথাশক্তি জপ্ত্বা সমর্প্য ক্ষমস্বেতি বিসর্জ্জয়েৎ। অস্য পুরশ্চরণং লক্ষজপঃ। তথাচ—প্রজপেদক্ষসূত্রেণ রত্নাদি-

ধনদা যন্ত্রং।

পাত্রে গন্ধপুষ্প নিক্ষেপকরিয়া গঙ্গে চ যমুনে চৈব ইত্যাদি মন্ত্রে তীর্থাবাহনপূর্ব্বক ধেনুমুদ্রা প্রদর্শনকরিয়া অর্ঘ্যপাত্রোপরি মূলমন্ত্র দশবার জপ করিবে। পরে অর্ঘ্যপাত্রস্থ কিঞ্চিৎ জল প্রোক্ষণীপাত্রে নিক্ষেপকরিয়া সেই জলদ্বারা মূলমন্ত্রে পূজার উপকরণসামগ্রী ও স্বীয় শরীর তিনবার অভ্যুক্ষণ করিবে। অনন্তর ওঁ আধারশক্তয়ে নমঃ ইত্যাদি ওঁ হ্রীঁ জ্ঞানাত্মনে নমঃ ইত্যন্ত পীঠপূজা করিয়া ওঁ পদ্মাসনায় নমঃ, এই বলিয়া মধ্যে পূজা করিবে এবং পুনর্ব্বার ধ্যান ও আবাহন করিয়া পঞ্চোপচারে পূজা করিতে হইবে। অনন্তর যোনিমুদ্রা প্রদর্শনপূর্ব্বক কেশরে, অগ্ন্যাদিকোণে, মধ্যে এবং দিক্‌চতুষ্টয়ে হ্রাঁ হৃদয়ায় নমঃ, হ্রীঁ শিরসে স্বাহা, হ্রূঁ শিখায়ৈ বষট্‌, হ্রৈঁ কবচায় হুঁ, হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্‌, হ্রঃ অস্ত্রায় ফট্‌ এই ষড়ঙ্গ পূজা করিয়া পূর্ব্বদলে ওঁ লক্ষ্ম্যৈ নমঃ, আগ্নেয়দলে ওঁ পদ্মায়ৈ নমঃ, দক্ষিণদলে ওঁ শ্রিয়ৈ নমঃ, নৈঋতদলে ওঁ হরিপ্রিয়ায়ৈ নমঃ, পশ্চিমদলে ওঁ তারায়ৈ নমঃ, বায়ুদলে কমলায়ৈ নমঃ, উত্তরদলে চঞ্চলায়ৈ নমঃ, ঈশানদলে ওঁ লোলায়ৈ নমঃ এইরূপ পূজাকরিয়া মধ্যে পুনর্ব্বার ধনদাদেবীর পূজা করিবে। তৎপরে যথাশক্তি মূলমন্ত্র জপকরিয়া জপ সমর্পণপূর্ব্বক ক্ষমস্ব এই মন্ত্রে বিসর্জ্জন করিবে। এই মন্ত্রের পুরশ্চরণে একলক্ষ জপ করিতে

কৃতকেন তু। লক্ষে জপ্তে মন্ত্রসিদ্ধিঃ পুরশ্চর্য্যাং সমাচরেৎ। বিনিয়োগান্ যথা কুর্য্যাৎ সাধকঃ সুমনোহরান্। রাত্রৌ চেজ্জপ্যতে চাষ্টসহস্রং সপ্তবাসরান্। এতেনৈব সুসিদ্ধঃ স্যাৎ পুরশ্চর্য্যাদিকোবিধিঃ। কিমিহ দুর্ল্লভং দেবি সাধয়েদ্যদি মানবঃ। ভুক্ত্বা বাপ্যথবাভুক্ত্বা পায়সান্নং প্রদায় চ। দশকৃত্বোহথবা শৌচমকৃত্বা বা কুচেলতাং। যঃ স্মরেদ্দেবি বিদ্যাং তাং দারিদ্র্যৈর্নাভিভূয়তে। কামদেবং যজেৎ পার্শ্বে দেব্যাঃ প্রত্যহমাদরাৎ। তেন দেব্যা মহাপ্রীতির্ব্বাঞ্ছিতার্থং দদাতি চ। পূজান্তে চ সমায়াতি রাত্রৌ দেবী ধনেশ্বরী। সর্ব্বালঙ্কারমুৎসৃজ্য দত্ত্বা যাতি নিজালয়ং। ধনঞ্চ বিপুলং দত্ত্বা সাধকস্য মনোরথান্। পূজয়িত্বা মহেশানি বশগা জায়তে শুভা। যদা ভক্ত্যা মহেশানি চন্দনেনানুলেপনং। দাতব্যং সর্ব্বদা তস্মৈ নিত্যং দারিদ্র্যশান্তয়ে। পূজা কার্য্যা মহাদেব্যাশ্চন্দনেনানুলেপিতা। নৈবেদ্যঞ্চ প্রদাতব্যং নিত্যং দারিদ্র্যশান্তয়ে। যক্ষিণী স্বয়মাহেতি যোমাং স্মরতি মানবঃ। তস্য দারিদ্র্যসংন্যাসং দাসীবৎ করবাণ্যহং। সহস্রং সপ্তভির্যাবৎ পুরশ্চরণ মিষ্যতে। তথা ঘৃতেন খণ্ডেন মধুনা চ দশাংশতঃ। হোমোহপি চ বিধাতব্যঃ ক্ষণাদ্দারিদ্র্যশান্তয়ে। পূজা কার্য্যা মহাদেব্যাশ্চন্দনেনানুলেপিতে। তাম্রপাত্রে তথা কার্য্যং মণ্ডলং সুমনোহরং। তত্র পূজা বিধাতব্যা

হয়। এই বিষয়ে তন্ত্রে লিখিত আছে যে, রত্নাদিনির্ম্মিত মালাদ্বারা একলক্ষ মন্ত্র জপকরিলে পুরশ্চরণ হইয়া মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। সাধক যেরূপে এই পুরশ্চরণ প্রয়োগ করিবে তাহা এই—সপ্তদিবসপর্য্যন্ত প্রতিদিন রাত্রিকালে অষ্টসহস্র করিয়া জপ করিবে। এইরূপে সপ্তাহপর্য্যন্ত জপকরিলে পুরশ্চরণকার্য্য সিদ্ধি হয়। যদি কোন সাধক এইরূপে পুরশ্চরণ করে, ইহকালে তাহার কোন্ বস্তু দুর্ল্লভ থাকে না। ভোজনান্তে কিম্বা ভোজন না করিয়া পায়সান্ন বলি প্রদানকরিবে। শৌচাদিদ্বারা পবিত্রদেহ অথবা রাত্রিবাসঃপ্রভৃতি পরিত্যাগ না করিয়া যে ব্যক্তি দশবার ধনদামন্ত্র জপ করে, সেই ব্যক্তি দারিদ্র্যদোষে অভিভূত হয় না। দেবীর পার্শ্বে প্রত্যহ কামদেবের অর্চ্চনা করিবে। তাহাতে ধনদার মহাপ্রীতি জন্মে এবং তিনি সন্তুষ্টা হইয়া সাধককে অভিলষিত অর্থ প্রদানকরেন। এইপ্রকারে ধনদার পূজা করিলে পূজাবসানে রাত্রিকালে ধনেশ্বরী সাধকের নিকট আগমন করেন এবং স্বগাত্রের অলঙ্কার পরিত্যাগ করিয়া নিজালয়ে প্রত্যাগমন করিয়া থাকেন এবং সাধককে বিপুল ধন প্রদানকরিয়া তাহার মনোরথ পরিপূর্ণ করেন। ধনদাদেবীর পূজা করিলে সর্ব্বপ্রকার মঙ্গল তাহার বশীভূত হয়। যখন কোন সাধক ভক্তিপূর্ব্বক চন্দনাদি অনুলেপনদ্বারা দেবীর অর্চ্চনা করে, তাহাকে দেবী তৎক্ষণাৎ দারিদ্র্যশান্তির নিমিত্ত ধন প্রদানকরিয়া থাকেন। প্রতিদিন দারিদ্র্যশান্তিকামনায় দেবীকে চন্দনাদি অনুলেপনদ্রব্যদ্বারা অনুলিপ্ত করিয়া নৈবেদ্য নিবেদনপূর্ব্বক পূজা করিবে। যক্ষিণী দেবী স্বয়ং বলিয়া থাকেন, যে ব্যক্তি আমাকে স্মরণ করে, আমি তাহার নিকট দাসীর ন্যায় থাকিয়া তাহার দারিদ্র্য বিনাশ করি। সপ্তদিবস যাবৎ প্রত্যহ একসহস্র জপকরিয়া জপের দশাংশসংখ্যায় ঘৃত, শর্করা ও মধুদ্বারা হোমকরিলে পুরশ্চরণ সিদ্ধ হয় এবং তৎক্ষণাৎ দারিদ্র্যদোষশান্তি হয়। তাম্রপাত্র চন্দনদ্বারা লেপন করিয়া তাহাতে মনোহরমণ্ডল অঙ্কিত করিয়া সেই মণ্ডলে দেবীর পূজা করিলে কখনও তাহার দারিদ্র্যশঙ্কা থাকে

দেব্যাএবং মণীষিণা। কৃতোদারিদ্র্যশঙ্কাস্য স হি কোটীশ্বরো-ভবেৎ। অঙ্গন্যাসকরন্যাসৌ চাঙ্গে চৈবাস্য দেবতা। কুবেরস্য মতেনাস্যাঃ পূজাদি ক্রিয়তে সদা॥

শ্মশানকালী যন্ত্রং।

অথ শ্মশানকালীমন্ত্রঃ। বাণীং মায়াং ততো লক্ষ্মীং কামবীজমতঃপরং। কালিকে সংপুটত্বেন চতুষ্কং বীজমালিখেৎ। একাদশার্ণা দেবেশি চতুর্ব্বর্গপ্রদায়িনী। অস্যাযন্ত্রং*। পদ্মমষ্টদলং বৃত্তং তদ্বাহ্যে ধরণীতলং। চতুর্দ্ধারসমাযুক্তং মধ্যে মূলং সমালিখেৎ। দলেষ্বষ্টসু বিলিখেৎ কবর্গাদ্যষ্টবর্গকং। ধরণ্যাং বিলিখেদাদ্যং চতুষ্কঞ্চ চতুষ্ককং। পূর্ব্বাদি-উত্তরান্তঞ্চ মধ্যে দেবীং প্রপূজয়েৎ॥

অস্যাঃ পূজাক্রমঃ। প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্তং কর্ম্ম কৃত্বা ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। শিরসি

না। সেই সাধক কোটিধনের অধিপতি হয়। কুবেরোক্ত পদ্ধতি-অনুসারে অঙ্গন্যাসকরন্যাসপ্রভৃতি পূজাদিকার্য্য করিবে॥

অনন্তর শ্মশানকালীর মন্ত্র ও পূজাপ্রণালী কথিত হইতেছে। ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কালিকে ক্লীঁ শ্রীঁ হ্রীঁ ঐঁ নমঃ। এই একাদশাক্ষর মন্ত্রে শ্মশানকালীর পূজাদি করিলে দেবী সাধককে ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ প্রদান করেন। শ্মশানকালী দেবীর পূজাযন্ত্র এই—প্রথমতঃ অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া তদ্বাহ্যে বৃত্ত, ভূপুর ও চতুর্দ্বার অঙ্কিত করিবে। পদ্মমধ্যে দেবীর মূলমন্ত্র লিখিয়া অষ্টপত্রে কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ, পবর্গ, যবর্গ, শবর্গ ও ল ক্ষ এই অষ্টবর্গ লিখিবে। ভূপুরের চতুষ্কোণে ঐঁ হ্রীঁ শ্রীঁ ও ক্লীঁ এই বীজচতুষ্টয় লিখিবে। এইরূপে পূর্ব্বাদি উত্তরান্ত ঐ বীজচতুষ্টয় লিখিয়া যন্ত্র প্রস্তুত করিয়া সেই যন্ত্রে শ্মশানকালীর পূজা করিবে॥

উক্ত দেবতার পূজাক্রম এই—প্রথমতঃ সামান্যপূজাপদ্ধতির লিখিত নিয়মানুসারে প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্ত

---

* শ্মশানকালীযন্ত্রের পদ্মের মধ্যে "ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কালীকে" এইরূপ মন্ত্র লিখিত আছে, এইটী যন্ত্রনির্ম্মাতার ভ্রম। ইহার পরিবর্ত্তে "ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ কালিকে ক্লীঁ শ্রীঁ হ্রীঁ ঐঁ নমঃ" এইরূপ লিখিত হইবে।

ভৃগুঋষয়ে নমঃ মুখে নিবৃচ্ছন্দসে নমঃ। হৃদি শ্মশানকালিকায়ৈ দেবতায়ৈ নমঃ গুহ্যে বাগ্বীজায় নমঃ পাদয়োঃ মায়াশক্তয়ে নমঃ সর্ব্বাঙ্গে কামবীজকীলকায় নমঃ। ততঃ করাঙ্গন্যাসৌ—ঐঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ হ্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা শ্রীঁ মধ্যমাভ্যাং বষট্ ক্লীঁ অনামিকাভ্যাং হুঁ কালিকে কনিষ্ঠাভ্যাং বৌষট ক্লীঁ-আদি বাগ্ভবান্তং করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং হৃদয়াদিষু। ততোধ্যানং—অঞ্জনাদ্রিনিভাং দেবীং শ্মশানালয়বাসিনীং। রক্তনেত্রাং মুক্তকেশীং শুষ্কমাংসাতিভৈরবাং। পিঙ্গাক্ষীং বামহস্তেন মদ্যপূর্ণং সমাংসকং। সদ্যঃকৃত্তশিরোদক্ষহস্তেন দধতীং শিবাং। স্মিতবক্ত্রাং সদা চামমাংসচর্ব্বণতৎপরাং। নানালঙ্কারভূষাঙ্গীং নগ্নাং মত্তাং সদাসবৈঃ। এবং ধ্যাত্বা জপেদ্দেবীং শ্মশানে তু বিশেষতঃ। গৃহে বাপি গৃহস্থোঽপি মৎস্যমাংসসুভোজনৈঃ। নগ্নো ভূত্বা মহাপূজাং কুর্য্যাদ্রাত্রৌ বিশেষতঃ। পূজনন্তু—ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্যার্ঘ্যস্থাপনং কুর্য্যাৎ। পুনর্ধ্যাত্বা পঞ্চোপচারৈঃ সংপূজ্য পত্রেষু ব্রাহ্ম্যাদিকং পূজয়েৎ। তদ্বহিরসিতাঙ্গাদিভৈরবান্ পূজয়েৎ। অস্যাঃ পুরশ্চরণং একাদশলক্ষজপঃ। তথাচ—বর্ণলক্ষং জপেন্মন্ত্রং তদ্দশাংশেন হোময়েৎ। মন্ত্রান্তরং তত্রৈব—কামবীজং সমালিখ্য কালিকায়ৈ সমালিখেৎ। নমোঽন্তেন চ দেবেশি সপ্তার্ণো-মনুরুত্তমঃ। ষড়ঙ্গং কালিকা দেবী অন্যৎ সর্ব্বন্তু পূর্ব্ববৎ ॥

অথ বগলামুখীমন্ত্রঃ। তদুক্তং তন্ত্রান্তরে—ব্রহ্মাস্ত্রং সংপ্রবক্ষ্যামি সদ্যঃপ্রত্যয়কারকং।

অর্চ্চ করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। ঋষ্যাদিন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টিকরিলেই বোধগম্য হইবে। তৎপরে করাঙ্গন্যাস করিবে। মূলের লিখিত মন্ত্রে করন্যাস করিয়া ঐঁ হৃদয়ায় নমঃ, হ্রীঁ শিরসে স্বাহা, শ্রীঁ শিখায়ৈ বষট, ক্লীঁ কবচায় হুঁ, কালিকে নেত্রত্রয়ায় বৌষট, ক্লীঁ শ্রীঁ হ্রীঁ ঐঁ করতলপৃষ্ঠাভ্যাং ফট্, এইপ্রকার ষড়ঙ্গন্যাস করিবে। তৎপরে ধ্যান করিবে। দেবীর আকার এইরূপ—শ্মশানকালী দেবী গাঢ় অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণা। ইনি সর্ব্বদা শ্মশানে বাস করেন। ইহাঁর নেত্র রক্তপিঙ্গলবর্ণ, কেশসকল আলুলায়িত, দেহ শুষ্ক ও ভয়ঙ্কর, বামহস্তে মাংসযুক্ত মদ্যপূর্ণ পানপাত্র, দক্ষিণহস্তে সদ্যশ্ছিন্ন নরমুণ্ড। দেবী সর্ব্বদা হাস্যবদনা ও আমমাংস চর্ব্বণ করিতেছেন। দেবী বিবিধ অলঙ্কারে বিভূষিতা, নগ্না ও আসবপানে প্রমত্তা। এইপ্রকারে দেবীর রূপ চিন্তাকরিয়া শ্মশানস্থলে অর্চ্চনা করিবে। গৃহস্থব্যক্তি গৃহে বসিয়া মৎস্য, মাংস ও মদ্য পানকরিয়া রাত্রিকালে নগ্ন হইয়া মহাপূজা করিবে। পূজাপ্রণালী এই—পূর্ব্বোক্তপ্রকারে ধ্যান করিয়া মানসোপচারে দেবীর অর্চ্চনা ও অর্ঘ্যস্থাপন করিবে। পরে পুনর্ব্বার ধ্যানকরিয়া সামান্যবিধির নিয়মে আবাহনাদি পূজাকার্য্য করিয়া গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য এই পঞ্চোপচারে দেবীর পূজা করিবে। তৎপরে অষ্টপত্রে ব্রাহ্মী প্রভৃতি অষ্টশক্তি ও অসিতাঙ্গাদি অষ্টভৈরবের পূজা করিতে হইবে। একাদশলক্ষজপে এই দেবতার পুরশ্চরণ হয়। তন্ত্রে লিখিত আছে যে, পুরশ্চরণকালে একাদশলক্ষ জপ ও জপের দশাংশসংখ্যায় হোম করিবে। শ্মশানকালিকার অন্যমন্ত্র এই—ক্লীঁ কালিকায়ৈ নমঃ এই সপ্তাক্ষরমন্ত্র সর্ব্বমন্ত্রপ্রধান। এই মন্ত্রের ষড়ঙ্গন্যাস প্রভৃতি পূজার নিয়ম পূর্ব্ববৎ জানিবে।

অনন্তর বগলামুখীর মন্ত্র ও পূজাক্রম কথিত হইতেছে। তন্ত্রান্তরে উক্ত আছে যে, সাধকের হিতসাধনার্থ শঙ্ক-

সাধকানাং হিতার্থায় স্তম্ভনায় চ বৈরিণাং। যস্যাঃ স্মরণমাত্রেণ পবনোঽপি স্থিরায়তে। প্রণবং স্থিরমায়াঞ্চ ততশ্চ বগলামুখি। তদন্তে সর্ব্বদুষ্টানাং ততোবাচং মুখং পদং। স্তম্ভয়েতি ততোজিহ্বাং কীলয়েতি পদদ্বয়ং। বুদ্ধিং নাশয় পশ্চাত্তু স্থিরমায়াং সমালিখেৎ। লিখেচ্চ পুনরোঙ্কারং স্বাহেতি পদমন্ততঃ। ষট্‌ত্রিংশদক্ষরী বিদ্যা সর্ব্বসম্পৎপ্রদায়িনা। স্থিরমায়াং হ্লীং। তথাচ—বহ্নিহীনেন্দ্রযুঙ্‌মায়া স্থিরমায়া প্রকীর্ত্তিতা। তন্ত্রান্তরে—বহ্নিহীনেন্দ্রযুঙ্‌মায়া বগলামুখি সর্ব্বযুক্‌। দুষ্টানাং বাচমিত্যুক্ত্বা মুখং স্তম্ভয় কীর্ত্তয়েৎ। জিহ্বাং কীলয় বুদ্ধিস্তু বিনাশয়পদং বদেৎ। পুনর্ব্বীজং ততস্তারং বহ্নিজায়াবধির্ভবেৎ। তারাদিকা চতুস্ত্রিংশদক্ষরা বগলামুখী। ইত্যপি মন্ত্রান্তরং॥

বর্গের স্তম্ভনকারক ব্রহ্মাস্ত্রস্বরূপ বগলামুখীর মন্ত্র বলিব। এই ব্রহ্মাস্ত্র প্রয়োগমাত্র ফলপ্রদান করে। এই মন্ত্রে সকলকে স্তম্ভিত করিতে পারা যায়, অধিক কি পবনেরও গতিরোধ হইয়া থাকে। ওঁ হ্লীঁ বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীঁ ওঁ স্বাহা। এই ষট্‌ত্রিংশৎ অক্ষর মন্ত্র সাধককে সর্ব্বসম্পৎ প্রদান করে। স্থিরমায়া শব্দে হ্লীঁ। তন্ত্রে লিখিত আছে যে, হ্রীঁ এই শব্দের রেফের পরিবর্ত্তে লকার যোগকরিলে স্থিরমায়া হয়। তন্ত্রান্তরে ওঁ হ্লীঁ বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় বুদ্ধিং বিনাশয় হ্লীঁ ওঁ স্বাহা এই চতুস্ত্রিংশদক্ষরমন্ত্র উক্ত আছে।

অনয়োঃ পূজা। প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্তং বিধায় ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা—শিরসি নারদ-ঋষয়ে নমঃ মুখে ত্রিষ্টুপ্‌ছন্দসে নমঃ হৃদি বগলামুখ্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে হ্লীং বীজায় নমঃ পাদয়োঃ স্বাহা শক্তয়ে নমঃ। নারদোঽস্য ঋষিঃ মূর্দ্ধ্নি ত্রিষ্টুপ্‌ছন্দশ্চ তন্মুখে। শ্রীবগলামুখীং দেবীং হৃদয়ে বিন্যসেত্ততঃ। হ্লীং বীজং গুহ্যদেশে তু স্বাহাশক্তিস্তু পাদয়োঃ। ততঃ করাঙ্গন্যাসৌ—ওঁ হ্লীঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ; বগলামুখি তর্জ্জনীভ্যাং স্বাহা। সর্ব্বদুষ্টানাং মধ্যমাভ্যাং বষট্‌। বাচং মুখং স্তম্ভয় অনামিকাভ্যাং হুঁ। জিহ্বাং কীলয় কীলয় কনিষ্ঠাভ্যাং বৌষট্‌। বুদ্ধিং নাশয় হ্লীঁ ওঁ স্বাহা করতলপৃষ্ঠাভ্যাং ফট্‌। এবং হৃদয়াদিষু। তথাচ দিব্য-তন্ত্রে—যুগ্মবাণেষুনগাহিশেষার্ণৈশ্চ মনুস্তবৈঃ। করশাখাসু তলয়োঃ করাঙ্গন্যাসমাচরেৎ। ততোমূলান্তে আত্মতত্ত্বব্যাপিনীবগলামুখীশ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। ইতি মূলাধারে মূলান্তে বিদ্যাতত্ত্বব্যাপিনীবগলামুখীশ্রীপাদুকাং পূজয়ামি ইতি শিরসি। মূলান্তে সর্ব্বতত্ত্ব-ব্যাপিনীবগলামুখীশ্রীপাদুকাং পূজয়ামি। ইতি সর্ব্বাঙ্গে। ততশ্চ—মূর্দ্ধ্নি ভালে দৃশোঃ শ্রোত্রে গণ্ডয়োর্নাসয়োঃ পুনঃ। ওষ্ঠয়োর্ম্মুখবৃত্তে চ দক্ষিণাংশে চ কূর্পরে। মণিবন্ধেঽঙ্গুলের্ম্মূলে গলে চ কুচয়োর্হৃদি। নাভৌ কট্যাং গুহ্যদেশে বামাংশে কূর্পরে তথা। মণিবন্ধেঽঙ্গুলের্মূলে ততশ্চ বিন্যসেৎ পুনঃ। দক্ষবামে চোরুজান্বোর্গুল্‌ফে চাঙ্গুলিমূলকে। ক্রমেণ মন্ত্রবর্ণাংস্তু ন্যস্য ধ্যায়েদ্‌যথাবিধি। ততোধ্যানং—মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদীসিংহাসনোপরি গতাং

উক্ত মন্ত্রদ্বয়ের পূজাপ্রণালী এই—প্রথমতঃ সামান্যপূজাপদ্ধতির নিয়মানুসারে প্রাতঃকৃত্যাদি প্রাণায়ামান্ত কার্য্য সমাপনকরিয়া ঋষ্যাদিন্যাস করিবে। এই মন্ত্রের ঋষি নারদ, ছন্দঃ ত্রিষ্টুপ্‌ দেবতা বগলামুখী, বীজ হ্লীঁ, শক্তি স্বাহা। মস্তকে, মুখে, হৃদয়ে গুহ্যে ও পাদে ঋষিপ্রভৃতির ন্যাস করিবে। তৎপরে করাঙ্গন্যাস করিতে হইবে। করাঙ্গন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে স্পষ্টরূপে লিখিত আছে। দিব্যতন্ত্রে লিখিত আছে যে, ক্রমতঃ উক্ত মন্ত্রের দুই, পাঁচ পাঁচ, সপ্ত ও অষ্টবর্ণ করাঙ্গুলিতে ন্যাসকরিয়া অবশিষ্ট বর্ণসকল করতলে ন্যাস করিবে। এই নিয়মে করন্যাসকরিয়া উক্ত প্রণা-লীতে হৃদয়াদি ষড়ঙ্গন্যাস করিবে। তৎপরে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক আত্মতত্ত্বব্যাপিনী বগলামুখী শ্রীপাদুকাং পূজ-য়ামি নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে মূলাধারাদি স্থানে ন্যাস করিবে। অনন্তর মন্ত্রবর্ণন্যাস—মস্তকে ওঁ নমঃ, কপালে হ্লীঁ নমঃ, দক্ষিণনেত্রে বং নমঃ, বামনেত্রে গং নমঃ, দক্ষিণকর্ণে লাং নমঃ, বামকর্ণে মুং নমঃ, দক্ষিণগণ্ডে খিং নমঃ, বামগণ্ডে সং নমঃ, দক্ষিণনাসিকায় র্ব্বং নমঃ, বামনাসিকায় দুং নমঃ, উত্তরওষ্ঠে ষ্টাং নমঃ, অধরওষ্ঠে নাং নমঃ, মুখে বাং নমঃ, দক্ষিণস্কন্ধে চং নমঃ, দক্ষিণকূর্পরে মুং নমঃ, দক্ষিণমণিবন্ধে খং নমঃ, দক্ষিণহস্তাঙ্গুলিমূলে স্তং নমঃ, গলে ভং নমঃ, দক্ষিণস্তনে যং নমঃ, বামস্তনে জিং নমঃ, হৃদয়ে হ্বাং নমঃ, নাভিতে কীং নমঃ, কটীদেশে লং নমঃ, গুহ্যদেশে যং নমঃ, বামস্কন্ধে কীং নমঃ, বামকূর্পরে লং নমঃ, বামমণিবন্ধে যং নমঃ, বামহস্তাঙ্গুলিমূলে বুং নমঃ, দক্ষিণোরুতে দ্ধিং নমঃ, দক্ষিণজানুতে নাং নমঃ, দক্ষিণগুল্‌ফে শং নমঃ, দক্ষিণপাদাঙ্গুলিমূলে যং নমঃ, বামোরুতে ওঁ নমঃ, বামজানুতে হ্লীঁ নমঃ, বামগুল্‌ফে স্বাং নমঃ, বামপাদাঙ্গুলিমূলে হাং নমঃ। এইরূপে সাধক স্বীয় শরীরে মন্ত্রবর্ণ বিন্যাসকরিয়া ধ্যান করিবে। সুধাসাগরমধ্যে মণিময়মণ্ডপ, তন্মধ্যে রত্ননির্ম্মিত বেদীর উপরি সিংহাসন আছে,

পরিপীতবর্ণাং। পীতাম্বরাভরণমাল্যবিভূষিতাঙ্গীং দেবীং স্মরামি ধৃতমুদ্গরবৈরিজিহ্বাং। জিহ্বাগ্রমাদায় করেণ দেবীং বামেন শত্রূন্ পরিপীড়য়ন্তীং। গদাভিঘাতেন চ দক্ষিণেন পীতাম্বরাঢ্যাং দ্বিভুজাং নমামি। এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য বহিঃপূজামারভেৎ। তত্র প্রথমতোঽর্ঘ্যস্থাপনং। যথা—অষ্টাঙ্গুলং চতুরস্রং বিধায় ঈশানাদিকোণেষু পূর্ব্বাদিদিক্ষু চ কুসুমাক্ষতরক্তচন্দনৈঃ গ্লৌঁ গণপতয়ে নমঃ ইত্যনেন গন্ধদানেন সংপূজ্য তেন মধুনা বা অর্ঘ্যপাত্রমাপূরয়েৎ। ততো বারত্রয়ং বিদ্যয়া সংপূজ্যাঙ্গানি বিন্যসেৎ। ততো ধেনুযোনিমুদ্রাং প্রদর্শ্য তেনোদকেনাত্মানং পূজোপকরণঞ্চাভ্যুক্ষয়েৎ॥

অস্যাযন্ত্রং। ত্র্যস্রং ষড়স্রং বৃত্তমষ্টদলপদ্মং ভূপূরান্বিতং। ততো মূলমুচ্চার্য্য ওঁ আধারশক্তিকমলাসনায় নমঃ এবং শক্তিপদ্মাসনায় নমঃ। ততঃ পূর্ব্ববদ্ধ্যাত্বা পীঠে আবাহ্য

বগলামুখী যন্ত্রং

বগলামুখী দেবী সেই সিংহাসনে উপবিষ্টা আছেন। ইনি পীতবর্ণা এবং পীতবর্ণ বস্ত্র, পীতবর্ণ আভরণ ও পীতবর্ণ মালাদ্বারা বিভূষিতা। ইহাঁর এক হস্তে মুদ্গর ও অপর হস্তে বৈরিজিহ্বা। ইনি বামহস্তে শত্রুর জিহ্বাগ্র ধারণকরিয়া দক্ষিণহস্তে গদাঘাতে শত্রুকে পরিপীড়ন করিতেছেন। বগলামুখী দেবী পীতবস্ত্রে আবৃত ও দ্বিভুজা। এইপ্রকারে ধ্যান ও মানসপূজা করিয়া বাহ্যপূজা আরম্ভ করিবে। প্রথমতঃ অর্ঘ্যস্থাপন—অষ্টাঙ্গুলপরিমিত চতুরস্র মণ্ডল করিয়া তদুপরি ঈশানাদিকোণচতুষ্টয়ে ও পূর্ব্বাদিদিকে রক্তচন্দনমিশ্রিত পুষ্প ও তণ্ডুলদ্বারা গ্লৌঁ গণপতয়ে নমঃ এই মন্ত্রে পূজাকরিয়া গন্ধদ্রব্য অথবা মধুদ্বারা অর্ঘ্যপাত্র পূরণ করিবে। তৎপরে তিনবার মূলমন্ত্রে পূজাকরিয়া পূর্ব্বোক্তপ্রকারে ষড়ঙ্গবিন্যাস করিবে। অনন্তর ধেনুমুদ্রা ও যোনিমুদ্রা প্রদর্শনপূর্ব্বক অর্ঘ্যপাত্রস্থ জলদ্বারা স্বীয় শরীর ও পূজার উপকরণসামগ্রী প্রোক্ষণ করিবে।

বগলামুখী দেবীর পূজাযন্ত্র এই—প্রথমে ত্রিকোণ ও তদ্বাহে ষট্কোণ অঙ্কিত করিয়া বৃত্ত এবং অষ্টদলপদ্ম

ষড়ঙ্গানি বিন্যসেৎ। ততোমুদ্রাং প্রদর্শ্য পুরতঃ ষড়ঙ্গেন মণ্ডলং যজেৎ। ততো মূলেন মন্ত্রয়িত্বা ধেনুযোনিমুদ্রে প্রদর্শ্য আত্মবিদ্যাশিবৈস্তত্ত্বৈর্ব্বিন্দুত্রয়ং মুখে ক্ষিপ্ত্বা তর্জ্জন্যঙ্গুষ্ঠযোগেন সাঙ্গাবরণাং বগলামুখীং তর্পয়েৎ। ততো যথাসম্ভবমুপচারৈঃ সংপূজ্যাবরণপূজামারভেৎ। ষট্‌কোণেষু পূর্ব্বে ওঁ সুভগায়ৈ নমঃ এবমগ্নিকোণে ভগসর্পিণ্যৈ ঈশানে ভগাবহায়ৈ পশ্চিমে ভগসিদ্ধায়ৈ নৈর্ঋতে ভগপাতিন্যৈ বায়ৌ ভগমালিন্যৈ। ততোঽষ্টদলপত্রেষু ব্রাহ্ম্যাদ্যাঃ পূজ্যাঃ। পত্রাগ্রেষু ওঁ জয়ায়ৈ নমঃ এবং বিজয়ায়ৈ অজিতায়ৈ অপরাজিতায়ৈ স্তম্ভিন্যৈ জম্ভিন্যৈ মোহিন্যৈ আকর্ষিণ্যৈ। ততোদ্বারেষু ওঁ ভৈরবায় নমঃ। তদ্বাহ্যে ইন্দ্রাদীন্ বজ্রাদীন্ পূজয়েৎ। ততো ধূপাদিকং দত্ত্বা যথাশক্তি জপং বিধায় ত্রিশূলমুদ্রাং প্রদর্শ্য পুষ্পাঞ্জলিত্রয়ং দত্ত্বা দেব্যৈ যোনিমুদ্রাং প্রদর্শয়েৎ। ততো ভৈরবায় বলিং দদ্যাৎ। ততোবিসর্জ্জনান্তং কর্ম্ম সমাপয়েৎ। অস্য পুরশ্চরণং লক্ষজপঃ। তথাচ—পীতাম্বরধরো ভূত্বা পূর্ব্বাভিমুখসংস্থিতঃ। লক্ষমেকং জপেন্মন্ত্রং হরিদ্রাগ্রন্থিমালয়া। ব্রহ্মচর্য্যরতো নিত্যং প্রয়তো ধ্যানতৎপরঃ। প্রিয়ঙ্গুকুসুমেনাপি পীতপুষ্পৈশ্চ হোময়েৎ। দ্বিতীয়মন্ত্রে ন্যাসাদিকং সর্ব্বং পূর্ব্ববৎ। ধ্যানন্তু—গম্ভীরাঞ্চ মদোন্মত্তাং স্বর্ণকান্তিসমপ্রভাং। চতুর্ভুজাং ত্রিনয়নাং কমলাসন-

---

অঙ্কিত করিবে। তাহার বহির্ভাগে ভূপুর অঙ্কিত করিয়া যন্ত্র প্রস্তুত করিবে। তৎপরে মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক ওঁ আধারশক্তিকমলাসনায় নমঃ এবং শক্তিপদ্মাসনায় নমঃ এই মন্ত্রে পূজা করিবে। অনন্তর পুনর্ব্বার পূর্ব্ববৎ ধ্যান করিয়া পীঠে দেবীর আবাহনপূর্ব্বক ওঁ হ্লীঁ হৃদয়ায় নমঃ ইত্যাদিপ্রকারে ষড়ঙ্গবিন্যাস করিবে। পরে মুদ্রাপ্রদর্শন করিয়া পুরোভাগে মণ্ডলে ষড়ঙ্গমন্ত্রে পূজা করিবে। তৎপরে মূলমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া ধেনুমুদ্রা ও যোনিমুদ্রা প্রদর্শনপূর্ব্বক ওঁ আত্মতত্ত্বায় স্বাহা ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা ওঁ শিবতত্ত্বায় স্বাহা এই মন্ত্রে তিনবিন্দু জল মুখে নিক্ষেপ করিয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীযোগে মূলান্তে সাঙ্গাবরণাং বগলামুখীং তর্পয়ামি নমঃ এই মন্ত্রে তর্পণ করিবে। পরে সাধক আপনার বিত্তানুসারে যথাসম্ভব উপচারদ্বারা দেবীর পূজা করিয়া আবরণপূজা আরম্ভ করিবে। যন্ত্রস্থ ষট্‌কোণে ওঁ সুভগায়ৈ নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে পূজাকরিয়া অষ্টপত্রে ব্রাহ্মী প্রভৃতি অষ্টশক্তির পূজা করিবে এবং পত্রাগ্রে ওঁ জয়ায়ৈ নমঃ ইত্যাদি মূলের লিখিত প্রকারে পূজা করিবে। দ্বারদেশে ওঁ ভৈরবায় নমঃ এই মন্ত্রে পূজাকরিয়া তদ্বাহ্যে ইন্দ্রাদিদশদিক্‌পাল ও বজ্রাদি অস্ত্রের পূজা করিতে হইবে। তৎপরে দেবীকে ধূপাদি প্রদানকরিয়া যথাশক্তি মূলমন্ত্র জপান্তে ত্রিশূলমুদ্রা প্রদর্শনপূর্ব্বক পুষ্পাঞ্জলিত্রয় প্রদানকরিয়া দেবীকে ধেনুমুদ্রা ও যোনিমুদ্রা দেখাইবে। তৎপরে ভৈরবকে বলিপ্রদান করিয়া বিসর্জ্জনান্ত কর্ম্ম সমাপন করিতে হইবে। একলক্ষ জপে বগলামুখীর পুরশ্চরণ হয়। পুরশ্চরণের ক্রম এই—সাধক পূর্ব্বমুখে অবস্থিত হইয়া পীতাম্বর পরিধানপূর্ব্বক হরিদ্রাগ্রন্থিনির্ম্মিত মালায় একলক্ষ জপ করিবে। সাধক ব্রহ্মচর্য্যব্রতাবলম্বনপূর্ব্বক সংযতচিত্ত ও ধ্যানতৎপর হইয়া জপ করিবে এবং প্রতিদিন প্রিয়ঙ্গুকুসুম অথবা অন্য কোন পীতপুষ্পদ্বারা হোম করিবে। পূর্ব্বে যে বগলামুখীর দ্বিতীয় মন্ত্র লিখিত হইয়াছে, তাহার ন্যাসাদি পূজাপ্রণালী সমস্তই পূর্ব্ববৎ জানিবে। ধ্যানে বিশেষ আছে, তাহা এই—দেবী গম্ভীরাকৃতি, সর্ব্বদা মদোন্মত্তা। ইঁহার দেহ সুবর্ণের ন্যায় কান্তিবিশিষ্ট, চারিহস্ত ও তিন নয়ন। স্তনযুগল দৃঢ় ও স্থূল, দেবী পাক-

সংস্থিতাং। মুদ্‌গরং দক্ষিণে পাশং বামে জিহ্বাঞ্চ বজ্রকং। পীতাম্বরধরাং দেবীং দৃঢ়পীনপয়োধরাং। হেমকুণ্ডলভূষাঞ্চ পীতচন্দ্রার্দ্ধশেখরাং। পীতভীষণভূষাঞ্চ রত্নসিংহাসনে স্থিতাং॥

অথ প্রয়োগঃ। কুরুতে বাগ্‌গতিস্তম্ভং দুষ্টানাং বুদ্ধিনাশনং। জপহোমপ্রয়োগে চ মন্ত্রং চাপ্যযুতং জপেৎ। হরিদ্রাহরিতালাভ্যাং লবণং জুহুয়ান্নিশি। স্তম্ভয়েৎ পরসৈন্যানি নাত্র কার্য্যা বিচারণা। অথবা পীতপুষ্পৈশ্চ ত্রিমধ্বক্তৈশ্চ হোময়েৎ। স্তম্ভনেষু চ সর্ব্বেষু প্রয়োগঃ প্রত্যয়াবহঃ। যন্ত্রস্থ ওঁকারয়োঃ সংমুখয়োরূর্দ্ধাধঃ শিরসোলিখেৎ। মধ্যগং নাম সাধ্যস্য তদ্বাহ্যে চাক্ষরত্রয়ং। বীজং দ্বিতীয়বর্গস্য তৃতীয়ং বিন্দুভূষিতং। চতুর্দ্দশস্বরোপেতং সংলিখেৎ পৃথিবীগতং। ঠকারেণ সমাবেষ্ট্য চতুষ্কোণপুটং বহিঃ। তৎকোণরেখাসংসক্তৈঃ শূন্যৈর্ব্বজ্রাষ্টকং লিখেৎ। ত্রিশূলমধ্যরেখায়াঃ পৃথ্বীবীজানি পার্শ্বয়োঃ। অষ্টস্বপি চ কোণেষু তদ্বহি-

বগলামুখ্যাঃধারণযন্ত্রং

ইতঃ পরং মাতৃকাবর্ণৈঃ সংবেষ্ট্য হ্লীঁমিতি বীজেন অষ্টধা বেষ্টয়িত্বা অঙ্কুশবীজেন এক-বারং সংবেষ্ট্য বগলামুখীমন্ত্রেণাষ্টধা বেষ্টয়েৎ।

বস্ত্র পরিধান করিয়া ও হেমকুণ্ডলে বিভূষিত হইয়া রত্নসিংহাসনোপরি পদ্মাসনে উপবিষ্টা আছেন। দেবীর কপালে পীতবর্ণ অর্দ্ধচন্দ্র, দক্ষিণহস্তদ্বয়ে মুদ্‌গর ও পাশ, বামহস্তদ্বয়ে জিহ্বা ও বজ্র আছে। অঙ্গের ভূষণসকলও পীতবর্ণ ও ভীষণাকার॥

বগলামুখী মন্ত্রের প্রয়োগক্রম এই—রাত্রিতে উক্ত মন্ত্র দশসহস্র জপকরিয়া হরিদ্রা ও হরিতালের সহিত লবণ হোম করিলে দুষ্ট ব্যক্তির বাক্‌স্তম্ভন ও বুদ্ধিবিনাশ হয়। অথবা ঘৃত, মধু ও শর্করাযুক্ত পীতপুষ্পদ্বারা হোম করিবে। সর্ব্বপ্রকার স্তম্ভনে এইরূপ প্রয়োগ করিবে। এই প্রয়োগ সদ্যঃফলপ্রদ। একটি যন্ত্র প্রস্তুত করিয়া এই কার্য্য করিতে হইবে। সেই যন্ত্র নির্ম্মাণপ্রণালী এই—ঊর্দ্ধাধঃক্রমে পরস্পর মুখসংযুক্ত করিয়া দুইটী ওঁকার লিখিবে। ঐ ওঁকারদ্বয়ের মধ্যে সাধ্য অর্থাৎ যাহাকে উদ্দেশ করিয়া কার্য্য করিবে, তাহার নাম লিখিবে। তদ্বাহ্যে ওঁকারদ্বয়ের দুই পার্শ্বে জৌঁ এই বীজ লিখিবে। পরে ঠকারদ্বারা বেষ্টন করিয়া চতুষ্কোণদ্বারা পুটিত করিবে। ঐ চতুষ্কোণদ্বয়ের অষ্টকোণে অষ্টসংখ্যক বজ্র অঙ্কিত করিয়া সেই বজ্রসহ একএকটি ত্রিশূল লিখিবে। ঐ ত্রিশূল মধ্যগত রেখার পার্শ্বদ্বয়ে

র্ব্বগলাং লিখেৎ। পৃথিব্যন্তরিতং বাহ্যে মাতৃকাপরিমণ্ডলং। আবেষ্ট্য চাষ্টধা পশ্চাৎ তদ্বাহ্যে স্থিরমায়য়া। নিরুধ্যাঙ্কুশবীজেন নাদসংমিলিতাজ্ঘ্রিণা। লিখেৎ পূর্ব্ববদাবেষ্ট্য পশ্চাচ্চ বগলামুখীং। পট্টে পাষাণপট্টে বা হরিদ্রোন্মত্ততালকৈঃ। দিব্যস্তম্ভে মুখস্তম্ভে লিখিত্বা গাঢ়-মাক্রমেৎ। বিবাদে যন্ত্রমালিখ্য ভূর্জ্জে তৈরেব বস্তুভিঃ। কুম্ভকারস্য চক্রস্য ভ্রমতো বিপ-রীততঃ। মৃত্তিকাং সমুপাদায় বৃষভং কারয়েত্ততঃ। যন্ত্রং তস্যোপরি ন্যস্য তালকেন বিলিপ্য চ। তন্নাসায়াং বিনিক্ষিপ্য পীতং রজ্জুং নিজে গৃহে। অর্চ্চয়েত্তং চতুষ্কোণং নিত্যং পীতোপচা-রতঃ। দুষ্টস্য স্তম্ভয়েত্ত্যেব মুখং বাচস্পতেরপি। বিশ্বসারে—কালীতারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী। ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা। বগলা সিদ্ধবিদ্যা চ মাতঙ্গী কমলা-ত্মিকা। এতাদশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥

অথ কর্ণপিশাচীমন্ত্রঃ। তদুক্তং তন্ত্রান্তরে—কর্ণাস্যেক্ষণলোহিতোরকগতোনস্তশ্চিকারো-বদাতীতানাগতশব্দযুক্তভুবনেশীবহ্নিজায়ান্বিতা। তারাদ্যোমনুরেষ লক্ষজপতো ব্যাসেন সংসেবিতঃ সার্ব্বজ্ঞং লভতেঽচিরেণ নিয়তং পৈশাচিকীভক্তিতঃ। কহ্যুগ্মং কালিকে চ গৃহ্ণ-যুগ্মং তথৈব চ। পিণ্ডং পিশাচি স্বাহেতি নৃপার্ণঃ কথিতঃ প্রিয়ে। ধ্যানং যথা—কৃষ্ণাং রক্তবিলোচনাং ত্রিনয়নাং খর্ব্বাঞ্চ লম্বোদরীং বন্ধূকারুণজিহ্বিকাং বরকরাভীযুক্করামুন্মুখীং।

লং এই বীজ লিখিবে। তাহার বহির্ভাগে ওঁ হ্লীঁ বগলামুখি সর্ব্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীঁ ওঁ স্বাহা, এই বগলামুখী মন্ত্র বৃত্তাকারে লিখিবে, তৎপর একটি বৃত্ত অঙ্কিত করিয়া মাতৃকাবর্ণদ্বারা এক-বার বেষ্টন করিবে, তাহার বহির্দ্দেশে হ্লীঁ এই বীজদ্বারা অষ্টবার বেষ্টন করিয়া ক্রোং এই বীজদ্বারা একবার বেষ্টনপূর্ব্বক পুনর্ব্বার বগলামুখীমন্ত্রে অষ্টবার বেষ্টন করিবে। এই প্রণালীতে কোন ধাতুফলকে কিম্বা পাষাণখণ্ডে যন্ত্র অঙ্কিত করিয়া অর্চ্চনা করিবে। হরিদ্রা, ধুস্তূররস অথবা হরিতালদ্বারা যন্ত্র অঙ্কিত করিতে হইবে। দেবস্তম্ভন কিম্বা শত্রুগণের মুখস্তম্ভন কার্য্যে উক্তরূপ যন্ত্র অঙ্কিত করিয়া প্রগাঢ় আক্রমণ করিবে। বিবাদবিজয়ার্থ বগলামুখীর আরাধনাকার্য্যে হরিদ্রাদি পূর্ব্বলিখিত দ্রব্যদ্বারা ভূর্জপত্রে যন্ত্র লিখিয়া বিপরীতভাবে ভ্রাম্যমাণ কুম্ভকারের চক্র হইতে মৃত্তিকা আনিয়া সেই মৃত্তিকাদ্বারা একটি বৃষ নির্ম্মাণ করিবে। এই বৃষের পৃষ্ঠের উপরি উক্ত যন্ত্র রাখিয়া হরিতালদ্বারা লেপন করিবে। পরে সেই বৃষের নাসিকাতে পীতরজ্জু নিক্ষেপ করিয়া স্বীয় গৃহে প্রতিদিন পীতবর্ণ উপচারদ্বারা পূজা করিতে হইবে। এইরূপ প্রক্রিয়া করিলে দুষ্টবর্গের মুখস্তম্ভন হইয়া থাকে। অপরের কথা দূরে থাকুক, এই প্রক্রিয়ায় বৃহস্পতিরও মুখস্তম্ভন হয়। বিশ্বসারতন্ত্রে যে দশমহাবিদ্যার নাম লিখিত আছে, সেই সকল বচন এই স্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন॥

অনন্তর কর্ণপিশাচীমন্ত্র কথিত হইতেছে। তন্ত্রান্তরে লিখিত আছে যে ওঁ কর্ণপিশাচি বদাতীতানাগতং হ্রীঁ স্বাহা। এই মন্ত্র একলক্ষ জপকরিয়া বেদব্যাস অচিরকালে সর্ব্বজ্ঞতা লাভ করিয়াছেন। কর্ণপিশাচীর অন্য মন্ত্র এই—কহ কহ কালিকে গৃহ্ণ গৃহ্ণ পিণ্ডং পিশাচি স্বাহা। কর্ণপিশাচীর আকার এইরূপ—দেবীর দেহ কৃষ্ণবর্ণ, লোচনত্রয় রক্তাভ, আকার খর্ব্ব, উদর বৃহৎ এবং জিহ্বা বন্ধূকপুষ্পের ন্যায় অরুণবর্ণ॥ দেবীর চারি হস্ত, এক হস্তে বরমুদ্রা, দ্বিতীয় হস্তে অভয় মুদ্রা এবং অপর হস্তদ্বয়ে দুইটী নরকপাল আছে। শরীর হইতে ধূম্রবর্ণ জ্বালা বহির্গত হইতেছে

ধূম্রার্চ্চির্জ্জটিলাং কপালবিলসৎপাণিদ্বয়াং চঞ্চলাং সর্ব্বজ্ঞাং শবহৃৎকৃতাধিবসতীং পৈশাচিকীং তাং নুমঃ॥

অথ পূজা। নিশায়ামর্দ্ধরাত্রৌ চ হৃদি ন্যস্য পিশাচিকীং। দগ্ধমীনং বলিং দত্ত্বা রাত্রৌ সংপূজ্য সংজপেৎ। ওঁ কর্ণপিশাচি দগ্ধমীনবলিং গৃহ্ণ গৃহ্ণ মম সিদ্ধিং কুরু কুরু স্বাহেতি দগ্ধমীনবলিং দদ্যাৎ। রক্তচন্দনবন্ধূকজবাপুষ্পাদিকঞ্চ যৎ। অমৃতং কুরু দেবেশি স্বাহেতি প্রোক্ষয়েজ্জলৈঃ। পূর্ব্বাহ্নে কিঞ্চিজ্জপ্ত্বা মধ্যাহ্নে একভক্তং নিরামিষং ভুক্ত্বা রাত্রাবপি তৎসংখ্যং জপেৎ। অন্যৎ কিঞ্চিন্ন ভোক্তব্যং তাম্বূলকাদিকং বিনা। জপস্য দশাংশং তর্পণং। ওঁ কর্ণপিশাচীং তর্পয়ামি স্বাহা। এবং ক্রমেণ লক্ষমেকং পুরশ্চরণং কৃত্বা দশাংশং হোময়েৎ। তদভাবে দশাংশং তর্পণং কৃত্বা বরং প্রার্থয়েৎ। মূলং রক্তচন্দনেন লিখিত্বা যন্ত্রোপরি ইষ্টদেবতাং পূজয়েৎ॥

অথ সিদ্ধিলক্ষণমুচ্যতে। গগনে হুঁকারাদিশ্রবণদীর্ঘাগ্নিশিখারূপসন্দর্শনাৎ সিদ্ধি-র্ভবিষ্যতীতি জ্ঞাত্বা তথাবিধ-মাচরেৎ। মন্ত্রান্তরং—প্রণবং মায়া কর্ণপিশাচি মে কর্ণে কথয় হুঁ ফট্ স্বাহেতি। প্রদীপতৈলং পাদয়োর্দত্ত্বা রাত্রৌ লক্ষং জপেৎ। ততঃ সর্ব্বজ্ঞোভবতি। নাস্য পূজাধ্যানং। তথা—তারং কামবীজং জয়াদেবি স্বাহা। অস্যাপি ঋষ্যাদিন্যাসাদেরভাবঃ পূর্ব্বং লক্ষং জপ্ত্বা গৃহগোধিকাং নিপাত্য তদুপরি জয়াদেবীং যথাশক্তি সংপূজ্য তাবজ্জপেদ্-

---

ইনি উর্দ্ধবদনা, জটাভারমণ্ডিতা ও চঞ্চলপ্রকৃতি। কর্ণপিশাচীদেবী সর্ব্ববিষয়ে অভিজ্ঞা ও শবহৃদয়ে বাসকরিতেছেন। এইরূপ আকৃতিবিশিষ্টা দেবীকে নমস্কার করি॥

অনন্তর উক্ত দেবতার পূজাপদ্ধতি কথিত হইতেছে। সাধক অর্দ্ধরাত্রিসময়ে পিশাচীকে হৃদয়ে ধ্যান করিয়া দগ্ধ মৎস্য বলিপ্রদানপূর্ব্বক পূজা করিবে। ওঁ কর্ণপিশাচি ইত্যাদি মন্ত্রে বলি প্রদানকরিতে হইবে। রক্তচন্দন, বন্ধূকপুষ্প, জবাপুষ্প প্রভৃতি পূজার উপকরণ দ্রব্য সকল, ওঁ অমৃতং কুরু স্বাহা এই মন্ত্রে, জলদ্বারা প্রোক্ষণ করিবে। দিবসের পূর্ব্বাহ্নে কিঞ্চিৎ জপকরিয়া মধ্যাহ্নকালে নিরামিষ একভক্ত ভোজনপূর্ব্বক রাত্রিকালেও পূর্ব্ববৎ জপকরিবে। তাম্বূলাদি ব্যতীত অন্য কিছু আহার করিবে না। প্রতিদিন যত সংখ্যক জপ করিবে, তাহার দশাংশ সংখ্যায় ওঁ কর্ণপিশাচীং তর্পয়ামি স্বাহা এই মন্ত্রে তর্পণ করিবে, এইরূপে লক্ষ জপকরিয়া দশাংশসংখ্যায় হোম করিবে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। হোমকার্য্যে অশক্ত হইলে, দশাংশ তর্পণ করিয়া বর প্রার্থনা করিবে। পরে রক্তচন্দন দ্বারা মূল মন্ত্র লিখিয়া যন্ত্রোপরি ইষ্টদেবতার পূজা করিবে॥

মন্ত্রসিদ্ধির লক্ষণ কথিত হইতেছে—পূর্ব্বোক্তপ্রকারে পুরশ্চরণ করিলে যদি আকাশে হুঁকারধ্বনি শুনিতে পায় এবং দীর্ঘাকার অগ্নিশিখা দৃষ্ট হয়, তাহা হইলে মন্ত্রসিদ্ধি হইয়াছে, নিশ্চয় করিয়া তদনুরূপ কার্য্য করিবে। কর্ণপিশাচীর অন্য মন্ত্র এই—ওঁ হ্রীং কর্ণপিশাচি মে কর্ণে কথয় হুঁফট্ স্বাহা। রাত্রিযোগে প্রদীপতৈল পাদে মর্দ্দনকরিয়া উক্ত মন্ত্র একলক্ষ জপ করিবে। এইরূপ করিলেই উক্ত মন্ত্র সিদ্ধ হইয়া থাকে। এই মন্ত্রে জপ, পূজা ও ধ্যানাদির প্রয়োজন নাই। কর্ণপিশাচীর মন্ত্রান্তর এই—ওঁ ক্লীং জয়াদেবি স্বাহা। এই মন্ত্রেরও ঋষ্যাদিন্যাস করিতে হয় না। প্রথমতঃ উক্ত মন্ত্র একলক্ষ জপ করিয়া একটী গৃহগোধিকা মারিয়া তাহার উপর জয়াদেবীকে যথাশক্তি পূজা করিবে।

যাবৎ সা জীবতি ততঃ সিধ্যতি। সিদ্ধিস্তু মানসাদিপ্রশ্নে কৃতে সা আয়াতি ততস্তস্যাঃ পৃষ্ঠে সর্ব্বং ভূতভবিষ্যাদিকং পশ্যতি ॥

অথ মঞ্জুঘোষমন্ত্রাঃ। জাড্যৌঘতিমিরধ্বংসী সংসারার্ণবতারকঃ। শ্রীমঞ্জুঘোষো জয়তাং সাধকানাং সুখাবহঃ। তত্র আগমোত্তরে—মাতৃকাদিং সমুদ্ধৃত্য বহ্নিবীজং সমুদ্ধরেৎ। বামাংশং কূর্ম্মসংজ্ঞঞ্চ ততো মেষেশমুদ্ধরেৎ। মীনেশঞ্চ ততঃ কুর্য্যাদ্বামনেত্রেন্দুলংযুতং। ষড়ক্ষরো-মনুঃ প্রোক্তো-মঞ্জুঘোষস্য শম্ভুনা। মাতৃকাদিরকারঃ বামাংশোঽন্তস্থচতুর্থঃ কূর্ম্মশ্চকারঃ মেষেশোলকারঃ মীনেশো-ধকারঃ। ইয়ন্তু দীপনী প্রোক্তা মূলমন্ত্রস্তু কথ্যতে। অঙ্কুশং শক্তিবীজঞ্চ রমাবীজং ততঃ প্রিয়ে। বীজত্রয়াত্মকো-মন্ত্রো জাড্যৌঘধ্বান্তনাশনঃ। শক্তি-বীজং রমাবীজং কামবীজং ততঃ প্রিয়ে। বিদ্যা শ্রুতিধরী প্রোক্তা এষা বর্ণত্রয়াত্মিকা। হকারো বহ্নিমারূঢ়ো বামনেত্রেন্দুভূষিতঃ। প্রোক্তা সার্ব্বজ্ঞবিদ্যেয়ং একবর্ণাত্মিকা প্রিয়ে। সিদ্ধঃ সাধ্যঃ সুসিদ্ধো বা সাধকস্য রিপুশ্চ বা। তদা মন্ত্রো ভবেদ্ভক্ত্যা শুভদো বুদ্ধিদো-ভবেৎ। মধ্যাহ্নে সলিলে চৈব ভোজনে ভাজনে তথা। গোময়ে তু বহির্দ্দেশে মৈথুনে রমণীকুচে। গোষ্ঠে চ নিশি গোমুণ্ডে যন্ত্রং ডমরুসন্নিভং। বিলিখ্য মন্ত্রবর্ণাংশ্চ ত্রিশ-উর্দ্ধে

এবং যতকাল সেই গৃহগোধিকা জীবিত না হয় ততকাল জপ করিতে থাকিবে। যখন দেখিবে, সেই গৃহগোধিকা জীবিত হইয়াছে, তখন মন্ত্র সিদ্ধি হইয়াছে জানিবে। এই মন্ত্র সিদ্ধি হইলে সাধক যখন মনে মনে কোন প্রশ্ন করে, তৎক্ষণাৎ দেবী সাক্ষাৎ আসিয়া সেই প্রশ্নের যথার্থ উত্তর প্রদান করিয়া থাকেন এবং সাধক তাঁহার পৃষ্ঠে আরোহণ করিয়া ভূত ও ভবিষ্যৎ বিষয় সকল, বর্ত্তমানবৎ দর্শনকরিতে পারে।

অনন্তর মঞ্জুঘোষমন্ত্র কথিত হইতেছে। যিনি সাধকবর্গের জড়তা বিনাশ করিয়া তাহাদিগকে সংসারসাগর হইতে উদ্ধারকরেন, সাধকের শুভপ্রদ সেই দেবাদিদেব মঞ্জুঘোষ সর্ব্বোৎকর্ষরূপে বিরাজিত হউন। অ র ব চ ল ধীং, মহাদেব আগমোত্তরে মঞ্জুঘোষের এই ষড়ক্ষর মন্ত্র বলিয়াছেন। এইটি মঞ্জুঘোষের দীপনী মন্ত্র। মূলমন্ত্র এই—ক্রোং হ্রীং শ্রীং, মঞ্জুঘোষদেবের এই ত্র্যক্ষর মন্ত্র সকলজড়তা বিনাশ করে। হ্রীং শ্রীং ক্লীং এই ত্র্যক্ষর মন্ত্রে মঞ্জুঘোষের আরাধনা করিলে সাধক শ্রুতিধর হইয়া থাকে। হ্রীং এই একাক্ষর মন্ত্র সাধককে সর্ব্বজ্ঞতা প্রদান করে। এই মন্ত্র সাধকের সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ, অথবা রিপু হইলেও আরাধনাতে কোন দোষ হয় না। এই শুভপ্রদ মন্ত্র ভক্তিপূর্ব্বক জপকরিলে সাধককে বুদ্ধি প্রদান করিয়া থাকে। মধ্যাহ্নকালে জলে, ভোজনপাত্রে

অধস্তথা। লিখেচ্চন্দনলেখন্যা প্রযত্নাৎ সাধকোত্তমঃ। উচ্চাটনে লিখেদ্য(ম)ন্ত্রং গোচর্ম্মণি বিশেষতঃ। সলিলে বিজয়ী নিত্যং ভোজনে চ মহেশ্বরঃ। গোময়ে বাবদূকঃ স্যাদ্গোষ্ঠে সর্ব্বজ্ঞতাং ব্রজেৎ। কুচে শ্রুতিধরো নিত্যং গোমুণ্ডে চ মহাকবিঃ। গোমূত্রং বদরীমূলং চন্দনং পাংশুমেব চ। একীকৃত্যাষ্টধা জপ্ত্বা তিলকং ধারয়েৎ সদা। নমস্কৃত্য বরং শ্রেষ্ঠং প্রার্থয়েদ্ভক্তিতৎপরঃ। বরং প্রাপ্য চ তস্মাদ্বৈ বিহরেত্তু যথাসুখং। নান্যদেবার্চ্চনং স্নানং প্রণবোচ্চারণং ন তু। বস্ত্রাঞ্চলেন দন্তানাং শোধনং লবণেন বা। রাত্রিবাসো ন মুঞ্চেত ন শুচিঃ স্যাৎ কদাচন। এবং কৃত্বা প্রযত্নেন জ্ঞাত্বা গুরুমুখাৎ সুধীঃ। মাসৈকেন কবীন্দ্রঃ স্যাদ্দ্বিমাসেনৈব ঈশ্বরঃ। ত্রিভির্ম্মাসৈর্ভবেন্মর্ত্ত্যঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ। পুত্রার্থী লভতে পুত্রং ধনার্থী বিপুলং ধনং। আয়ুরারোগ্যকামস্তু সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ। ততঃ করাঙ্গন্যাসৌ—ক্ষাং শাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। এবং হৃদয়াদিষু। তথাচ তন্ত্রে—সম্বর্ত্তকো বকেশশ্চ দ্বৌ বর্ণৌ কথিতৌ প্রিয়ে। ষড়্দীর্ঘভাগ্ভ্যামেতাভ্যাং ষড়ঙ্গানি সমাচরেৎ। সম্বর্ত্তকঃ ক্ষকারঃ। বকেশঃ শকারঃ। ধ্যানং—শশধরমিব শুভ্রং খড়্গপুস্তাঙ্কপাণিং সুরুচির মতিশান্তং পঞ্চচূড়ং

ভোজনপাত্রে গ্রামের বহির্ভাগে গোময়োপরি, মৈথুনকালে রমণীর স্তনে ও রাত্রিতে গোষ্ঠস্থানে গোমুণ্ডে ডমরুসন্নিভ যন্ত্র লিখিয়া যন্ত্রের ঊর্দ্ধে মন্ত্রের তিনটি ও অধোভাগে তিনটি বর্ণ লিখিবে। সাধক চন্দনকাষ্ঠের লেখনীদ্বারা যত্নপূর্ব্বক যন্ত্র অঙ্কিত করিবে। উচ্চাটন কার্য্যে গোচর্ম্মে যন্ত্র লিখিবে। জলে অবস্থিত হইয়া এই মন্ত্র জপ করিলে সাধক বিজয়ী হয় ও ভোজনকালে এই দেবতার আরাধনা করিলে মহাধনশালী হয়। গোময়ে যন্ত্র অঙ্কিত করিয়া মন্ত্র জপ করিলে সাধকের বাক্‌শক্তি বৃদ্ধি পায়। গোষ্ঠস্থানে আরাধনা করিলে সাধক সর্ব্বজ্ঞতা লাভকরে। যুবতীর স্তনে যন্ত্র লিখিয়া জপ করিলে সাধক শ্রুতিধর এবং গোমুণ্ডে যন্ত্র অঙ্কিত করিয়া অর্চ্চনা করিলে মহাকবি হয়। এই দেবতার আরাধনাতে গোমূত্র, বদরীমূল, চন্দন ও ধূলি এই সকল দ্রব্য একত্র করিয়া তদুপরি মূলমন্ত্র অষ্টবার জপ করিয়া তদ্দ্বারা ললাটে তিলক ধারণ করিবে। পরে দেবতাকে নমস্কার করিয়া ভক্তিযুক্ত হইয়া অভিলষিত বর প্রার্থনা করিবে। এইরূপে দেবতা হইতে বর প্রাপ্ত হইয়া আপন ইচ্ছানুসারে ভ্রমণ করিবে। মঞ্জুঘোষের আরাধনা করিলে অন্য দেবার্চ্চন, স্নান ও ওঁ এই শব্দ উচ্চারণ করিবে না। বস্ত্রাঞ্চল অথবা লবণদ্বারা দন্ত শোধন করিবে। রাত্রিবাস পরিত্যাগ করিবে না; সর্ব্বদা অশুচি থাকিবে। সাধক গুরুমুখ হইতে এই মন্ত্র গ্রহণ করিয়া উক্তরূপে এক-মাস আরাধনা করিলে প্রধান কবি, দুই মাসে মহাধনশালী, তিন মাসে সর্ব্বশাস্ত্রে পণ্ডিত হয়। এই মন্ত্রে আরাধনা করিলে ধনার্থী ব্যক্তি বিপুলধন, পুত্রাভিলাষী পুত্র, আয়ুষ্কামী আয়ুঃ ও আরোগ্যকামী আরোগ্য লাভ করে এবং যে ব্যক্তি যে যে কামনায় এই দেবতার আরাধনা করে, তাহার সেই সেই কামনা পরিপূর্ণ হইয়া থাকে। উক্ত দেবতার করাঙ্গন্যাস এই—ক্ষাং শাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ক্ষীং শীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ক্ষূং শূং মধ্যমাভ্যাং বষট্, ক্ষৈং শৈং অনামিকাভ্যাং হুঁ, ক্ষৌং শৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ক্ষঃ শঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এইরূপে ক্ষাং শাং হৃদয়ায় নমঃ ইত্যাদি রূপে অঙ্গন্যাস করিবে। এই করাঙ্গন্যাসের প্রমাণ যাহা তন্ত্রে লিখিত আছে তাহা এই স্থলে মূলে দৃষ্ট হইবে। তৎপরে ধ্যান। দেবতার আকার এইরূপ—মঞ্জুঘোষদেব শশধরের ন্যায় শুভ্রবর্ণ, কুমারবয়স্ক ও শান্তমূর্ত্তি। ইহাঁর এক হস্তে খড়্গ ও অপর হস্তে পুস্তক, শরীর অতিমনোরম, মস্তকে পাঁচটি চূড়া আছে ও চক্ষুর্দ্বয় পদ্মপত্রের ন্যায়

কুমারং। পৃথুতরবরমুখ্যং পদ্মপত্রায়তাক্ষং কুমতিদহনদক্ষং মঞ্জুঘোষং নমামি। পীঠপূজাং ততঃ কুর্য্যাদাধারাদ্যাশিশক্তিতঃ। ভূতপ্রেতাদিভিঃ কুর্য্যাৎ পীঠাসনমনন্তরং। জ্ঞানদাত্রে নমঃ পাদ্যং বুদ্ধিদাত্রে তথাচমং। জাড্যনাশায় গন্ধঃ স্যাদর্ঘ্যং যক্ষাধিপায় বৈ। সর্ব্বসিদ্ধিপ্রদায়েতি পুষ্পং দদ্যাদ্বিচক্ষণঃ। কুন্দপুষ্পং সমাদায় ভৈরবান্ পূজয়েত্ততঃ। অসিতাঙ্গোরুরুশ্চণ্ডঃ ক্রোধ-উন্মত্তসংজ্ঞকঃ। কপালী ভীষণশ্চৈব সংহারশ্চাষ্টমঃ স্মৃতঃ। ততো ধূপাদিকং দত্ত্বা প্রসূনানি বিসর্জ্জয়েৎ। তৈঃ পুষ্পৈঃ পূজয়েদষ্টৌ যক্ষিণীশ্চ বিশেষতঃ। সুরাদিসুন্দরী চৈব মনোহারিণ্যনন্তরং। কনকাবতী তথা কামেশ্বরী চ রতিকর্য্যথ। পদ্মিনী চ নটী চৈব অনুরাগিণ্যনন্তরং। পূজ্যা এতাস্তু যোগিন্যোহৃল্লেখাবীজপূর্ব্বিকাঃ। এবং সংপূজ্য দেবেশং লক্ষষট্কং জপেন্মনুং। ঘৃতাক্তকুন্দপুষ্পৈশ্চ একাদশশতানি চ। জুহুয়াদেধিতে বহ্নৌ কান্তারে পিতৃবেশ্মনি। এবং সিদ্ধমনুর্ম্মন্ত্রী মহাযোগীশ্বরো ভবেৎ। কুক্কুটেশ্বরতন্ত্রে—মেরুপৃষ্ঠে সুখাসীনং দেবদেবং জগদ্গুরুং। শঙ্করং পরিপপ্রচ্ছ পার্ব্বতী পরমেশ্বরং। শ্রীপার্ব্বত্যুবাচ। ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বশাস্ত্রাগমাদিষু। বাঞ্ছিতার্থপ্রদং লোকে মঞ্জুঘোষং ব্রবীহি মে। বিশেষতোঽপি জপ্ত্বা কিং কবিত্বপদদং নৃণাং। সর্ব্বকামপ্রদং চৈব মনঃসিদ্ধিপ্রদন্তথা। ভক্তানাং কামদং মন্ত্রং কল্পবৃক্ষমিবাপরং। শ্রীশঙ্কর-উবাচ। শৃণু দেবি মহামন্ত্রং সাধকানাং সুখাবহং। যজ্জ্ঞাত্বা জড়ধীঃ প্রায়োবাচস্পতিসমোভবেৎ। অঙ্গন্যাসকরন্যাস-

---

বিস্তৃত। ইনি লম্বোদর ও সাধকবর্গের কুমতি বিনাশ করেন। ইহাঁকে নমস্কার করি, এইরূপে ধ্যান করিয়া আধারশক্ত্যে নমঃ ইত্যাদি পীঠপূজা করিবে। অনন্তর হ্সৌঃ ভূতপ্রেতাসনায় নমঃ এইরূপে পীঠাসনের পূজা করিতে হইবে। পরে পুনর্ব্বার ধ্যানাদি করিয়া যথাশক্তি পাদ্যাদি উপহারদ্বারা পূজাকরিবে। এই পূজার বিশেষ নিয়ম এই—মূলমন্ত্র উচ্চারণ করিয়া এতৎ পাদ্যং জ্ঞানদাত্রে নমঃ, এইরূপ আচমনীয়ং বুদ্ধিদাত্রে নমঃ, এষঃ গন্ধঃ জাড্যনাশায় নমঃ, ইদমর্ঘ্যং যক্ষাধিপায় নমঃ, এতৎ পুষ্পং সর্ব্বসিদ্ধিপ্রদায় নমঃ, এই প্রকারে মূল দেবতার পূজা করিয়া কুন্দ পুষ্পদ্বারা অসিতাঙ্গাদি অষ্টভৈরবের পূজা করিতে হইবে। ওঁ অসিতাঙ্গভৈরবায় নমঃ, ওঁ রুরুভৈরবায় নমঃ, ওঁ চণ্ডভৈরবায় নমঃ, ওঁ ক্রোধভৈরবায় নমঃ, ওঁ উন্মত্তভৈরবায় নমঃ, ওঁ কপালিভৈরবায় নমঃ, ওঁ ভীষণভৈরবায় নমঃ, ওঁ সংহারভৈরবায় নমঃ, এইরূপে অষ্টভৈরবের পূজা করিয়া ধূপাদি প্রদানপূর্ব্বক পুষ্প বিসর্জন করিবে। সেই সকল পুষ্প দ্বারা অষ্ট যক্ষিণীর পূজা করিতে হইবে। হ্রীং সুরসুন্দর্য্যৈ নমঃ, হ্রীং মনোহারিণ্যৈ নমঃ, হ্রীং কনকাবত্যৈ নমঃ, হ্রীং কামেশ্বর্য্যৈ নমঃ, হ্রীং রতিকর্য্যৈ নমঃ, হ্রীং পদ্মিন্যৈ নমঃ, হ্রীং নট্যৈ নমঃ, হ্রীং অনুরাগিণ্যৈ নমঃ, এইরূপে পূজাকরিয়া ছয় লক্ষ মন্ত্র জপ করিবে, পরে ঘৃতাক্ত কুন্দপুষ্পদ্বারা শ্মশান স্থানে বা কান্তারে প্রজ্বলিত হুতাশনে একাদশ শতসংখ্যক হোম করিবে। এইরূপে পূজা পুরশ্চরণাদি করিয়া সিদ্ধ হইলে সাধক মহাযোগী হইতে পারে। কুক্কুটেশ্বরতন্ত্রে লিখিত আছে যে, সুমেরু পৃষ্ঠে আসীন দেবদেব জগদ্গুরু শঙ্করকে পার্ব্বতী জিজ্ঞাসা করিলেন, ভগবন্! তুমি সর্ব্বপ্রকার শাস্ত্রাগমাদির ধর্ম্ম অবগত আছ। এইক্ষণ সর্ব্বাভীষ্ট ফলপ্রদ মঞ্জুঘোষ মন্ত্র আমার নিকট বল। বিশেষতঃ যে মন্ত্র জপকরিলে মনুষ্যের কবিত্বশক্তি লাভহয়, কল্পবৃক্ষের ন্যায় সাধকের সর্ব্বকামপ্রদ ও সর্ব্বসিদ্ধিপ্রদ সেই মন্ত্র বল। শঙ্কর বলিলেন, দেবি! সাধকের সুখাবহ মন্ত্র শ্রবণ কর। যে মন্ত্রের জ্ঞান মাত্র জড়বুদ্ধি ব্যক্তিও বৃহ-

বহির্ন্যাসসমন্বিতং। জপাৎ সিদ্ধিপ্রদং মন্ত্রং বিনা হোমার্চ্চনাদিষু। জপেদ্বা জাপয়েদ্বাপি সাধকোবিধিপূর্ব্বকং। সর্ব্বজ্ঞত্বমবাপ্নোতি সত্যং সত্যং হি পার্ব্বতি। কার্ত্তিকেয়মুখং যাবত্তাবল্লক্ষং জপেন্মনুং। সর্ব্বশাস্ত্রেষু সোহপ্যুচ্চৈর্ব্বৃহস্পতিসমো ভবেৎ। শ্রীপার্ব্বত্যুবাচ। কোহপ্যত্রাপি ঋষিশ্ছন্দঃ পূজ্যতে কাত্র দেবতা। ধ্যেয়ঃ কোবাত্র তৎ সর্ব্বং ব্রূহি মে ভক্তবৎসল। ঈশ্বর-উবাচ। বৃহদারণ্যকোনামর্ষির্ব্বিরাট্ছন্দ এব চ। স এব মঞ্জুঘোষাখ্যোভক্তিদানেন মুক্তিদঃ। ধ্যাত্বা ভৈরবরূপেণ জপেন্মন্ত্রমনন্যধীঃ। তদা মুক্তিপ্রদো মন্ত্রো নাত্র কার্য্যা বিচারণা। ধ্যানং তত্র প্রবক্ষ্যামি ভৈরবস্য মহাত্মনঃ। যথা ধ্যাত্বা জপেন্মন্ত্রং তম্মে নিগদতঃ শৃণু। সাত্ত্বিকং রাজসঞ্চৈব তামসং তদনন্তরং। ধ্যানং বক্ষ্যে মহেশানি ক্রমেণ হিতকাম্যয়া। সদ্যঃ সিদ্ধিকরং রূপং ধ্যাত্বা জপেচ্চ সাত্ত্বিকং। সিদ্ধিপ্রদং সাধকানাং ভক্তানাং চিন্তিতপ্রদং। মন্ত্রোদ্ধারমিমং দেবি ত্রৈলোক্যস্যাপি দুর্ল্লভং। অপ্রকাশ্যং পরং গুহ্যং ন দেয়ং যস্য কস্যচিৎ। মন্ত্রোদ্ধারং প্রবক্ষ্যামি গুহ্যাদ্গুহ্যতরং প্রিয়ে। বিষ্ণ্বগ্নিপাশিশশিযুক্চলধীস্বরূপং ষড়বর্ণমন্ত্র উদিতো জগতাং সুখায়। সর্ব্বজ্ঞতাং সদসি বাক্পটুতাং প্রসূতে বেদান্তবেদনিরতস্য বসুপ্রদঃ স্যাৎ। আদ্যমন্ত্রং জপেন্মন্ত্রী অযুতং যদি সাধকঃ। বলিনৈবেদ্যভুক্ সাক্ষাদ্বৃহস্পতিরিবাপরঃ। মাসমাত্রেণ যঃ কুর্য্যাৎ পুরশ্চরণবাম্নরঃ। তস্যাপি বদনাদ্বাণী নিস্মরেদ্রসবর্ত্তিনী। মাসত্রয়েণ সততং কবিরেব ন সংশয়ঃ। গোমুণ্ডে গবি পৃষ্ঠে চ

স্পতিতুল্য মহাকবি হইয়া থাকে, সেই মন্ত্র তোমাকে বলিব। হোম ও অর্চ্চনা ব্যতীত অঙ্গন্যাস ও করন্যাসপূর্ব্বক কেবল মন্ত্র জপ করিলেই মন্ত্র সিদ্ধ হইয়া থাকে। হে পার্ব্বতি! সাধক বিধি-অনুসারে স্বয়ং কিম্বা অন্যদ্বারা জপ করিলে নিশ্চয় তাহার সর্ব্বজ্ঞতা লাভ হয়, কদাচ ইহার অন্যথা হয় না। মঞ্জুঘোষ মন্ত্র ছয় লক্ষ জপ করিলে সর্ব্বশাস্ত্রে বৃহস্পতিতুল্য পারদর্শী হইতে পারে। পুনর্ব্বার পার্ব্বতী বলিলেন, ভক্তবৎসল! এই মন্ত্রের ঋষিকেও ছন্দঃ কি? কোন্ দেবতাকে পূজা করিবে এবং কাহাকেই বা ধ্যান করিবে? তৎ সমুদায় আমার নিকট বল। শঙ্কর বলিলেন, এই মন্ত্রের বৃহদারণ্যক ঋষি, বিরাট্ ছন্দঃ এবং মঞ্জুঘোষ দেবতা। ভক্তিপূর্ব্বক এই দেবের আরাধনা করিলে মুক্তিলাভ হয়। সাধক অনন্য চিত্তে ভৈরবরূপে দেবতার ধ্যান করিয়া মন্ত্র জপ করিলে নিঃসংশয় মুক্তি লাভকরে। মহাত্মা মঞ্জুঘোষ ভৈরবের ধ্যান বলিব; যেরূপ ধ্যান করিয়া মন্ত্র জপকরিবে, সেই ধ্যান তুমি শ্রবণ কর। ধ্যান তিন প্রকার—সাত্ত্বিক, রাজসিক ও তামসিক। ক্রমতঃ এই ত্রিবিধ ধ্যান বলিব। এই সাত্ত্বিক ধ্যান করিয়া জপ করিলে সদ্যঃ মন্ত্রসিদ্ধি হইয়া থাকে এবং ভক্ত সাধকের অভিলষিত কার্য্যসিদ্ধি হয়। হে দেবি! এই দেবতার মন্ত্রোদ্ধার ত্রিভুবনের দুর্ল্লভ। এই মন্ত্র প্রকাশ করিবে না, সর্ব্বদা গোপন করিয়া রাখিবে এবং সাধারণ মনুষ্যকে প্রদান করিবে না। হে প্রিয়ে! যে মন্ত্র তোমাকে বলিব, তাহা অতিগোপনীয়। অ র ব চ ল ধীং, এই ষড়ক্ষর মন্ত্র জগতের হিতার্থ কথিত হইল। এই মন্ত্রে আরাধনা করিলে সাধকের সর্ব্বজ্ঞতা লাভ হয়, সভাতে বাক্পটুতা জন্মে এবং সাধক বেদ বেদান্ত প্রভৃতি শাস্ত্রে পারদর্শী ও ধনবান্ হইতে পারে। যদি সাধক বলিনৈবেদ্যাদি প্রদানকরিয়া উক্ত মন্ত্র দশসহস্র জপ করে, তাহা হইলে দ্বিতীয় বৃহস্পতিতুল্য পূজনীয় হয়। যে ব্যক্তি একমাস মাত্র এই মন্ত্রের পুরশ্চরণ করে সে ব্যক্তির বদন হইতে অনবরত সরসগদ্যপদ্যময়ী বাণী বিনির্গত হয় এবং তিনমাসপর্য্যন্ত পুরশ্চরণে সে ব্যক্তি নিশ্চয় অসাধারণ কবিত্ব সম্পন্ন

চক্রে বাপি চ গোময়ে। যন্ত্রে মন্ত্রং লিখেদাদৌ পশ্চান্মন্ত্রং জপেৎ পুনঃ। ধ্যানমাত্রং বিধা-য়াদৌ ভাবয়িত্বা চিরং সুধীঃ। নির্জ্জনং স্থানমাগত্য জপেন্মন্ত্র-মধোমুখঃ। পৌর্ণমাসীং সমারভ্য কুন্দস্য কুসুমৈঃ শতৈঃ। অষ্টাধিকৈশ্চ সংপূজ্য জপেন্মন্ত্রং চতুষ্পথে। ত্রিমুণ্ডারোহণং কৃত্বা নিশীথে মুক্তকুন্তলঃ। ষণ্মাসমাত্রং হি জপেদ্যদি কৃত্বা বিধানবিৎ। বৃহস্পতিসমো-বক্তা নাত্র কার্য্যা বিচারণা। কুক্কুরস্য চ মুণ্ডৈকং মুণ্ডং ক্রোষ্টুর্বৃষস্য চ। ত্রিমুণ্ডমেতদ্বিখ্যাতং সাধকানাং সুখাবহং। আসনঞ্চৈব গোমুণ্ডে বামে কুক্কুরমুণ্ডকং। দক্ষিণে চ শিবামুণ্ডং কৃত্বা পূজাং সমাচরেৎ। অর্দ্ধচন্দ্রাকৃতিং সাক্ষাদ্বালচন্দ্রোপমং স্ফুটং। যন্ত্রং লিখেত্তত্র পূজা কুন্দস্য কুসুমেন চ। সব্যেন পাণিকমলেন জপাদিপূজাং শৃঙ্গারশীলনবিধৌ খলু দক্ষিণেন। রাকাসুধাকরতুষারমরীচিগৌরং ধ্যাত্বা চতুষ্পথতটে বৃষমস্তকস্থঃ। সংচিন্ত্য কুক্কুরশিরঃ

হইয়া থাকে। গোমুণ্ডে, গোপৃষ্ঠে, চক্রে অথবা গোময়ে যন্ত্র অঙ্কিত করিয়া অগ্রে তন্মধ্যে মন্ত্র লিখিবে, পশ্চাৎ জপ করিবে। মঞ্জুঘোষদেবের ধ্যান করিয়া ভাবনা করিতে করিতে নির্জন স্থানে অধোমুখ হইয়া পৌর্ণমাসীতে আরম্ভ করিয়া অষ্টোত্তরশতকুন্দকুসুমদ্বারা পূজাকরিয়া চতুষ্পথস্থানে জপকরিবে। ত্রিমুণ্ডোপরি আরোহণকরিয়া মুক্ত কেশে জপকরিবে। বিধানজ্ঞ সাধক এইরূপে ষণ্মাসপর্য্যন্ত জপকরিলে বৃহস্পতির ন্যায় বক্তা হইতে পারে। কুক্কুরের মুণ্ড, ছাগলের মুণ্ড ও বৃষের মুণ্ড, এই মুণ্ডত্রয়কে ত্রিমুণ্ড কহে। এই মুণ্ডত্রয় সাধকের অভিলষিত কার্য্য সাধনকরে। গোমুণ্ডে উপবেশনকরিয়া বামভাগে কুক্কুরমুণ্ড ও দক্ষিণভাগে শৃগালমুণ্ড রাখিয়া পূজাকরিবে। অর্দ্ধচন্দ্রের ন্যায় আকৃতিবিশিষ্ট এবং বালচন্দ্রের ন্যায় সমুজ্জল যন্ত্র লিখিয়া তদুপরি কুন্দপুষ্পদ্বারা পূজাকরিতে হইবে। বামহস্তদ্বারা এই দেবতার জপপূজাদি কার্য্য করিবে এবং বীরাচারমতে শৃঙ্গাররসাদিযুক্ত হইয়া কার্য্য করিতে দক্ষিণ-হস্তদ্বারা জপাদি করিবে। পূর্ণিমার চন্দ্র ও তুষারের ন্যায় ধবলবর্ণ মঞ্জুঘোষকে ধ্যানকরিয়া চতুষ্পথে বৃষমুণ্ডোপরি

শিরসাধিরূঢ়ঃ কুন্দেন সাধকতমো জপতি প্রকামং। গোচর্ম্মণা বিরচিতং রসকোণমাত্রং চক্রং ততোঽপি নবকুঙ্কুমরোচনাভিঃ। নির্ম্মায় সব্যবিধিনা বিজনে শ্মশানে সংপূজয়েদ্বন-ভবৈশ্চ নবৈঃ পলাশৈঃ। সংপূর্ণমণ্ডলতুষারমরীচিমধ্যে বালং বিচিন্ত্য ধবলং বরখড়্গহস্তং। উদ্দামকেশনিবহং বরপুস্তকাঢ্যং নগ্নং ভজেৎ ক্ষতজপদ্মদলায়তাক্ষং। অরিষ্টগেহে নিশি তৈলমেব-মাদায় যত্নাৎ করপল্লবেন। তেনাঞ্চিতং কাঞ্চনপুষ্পমেব নিবেদ্য তস্মৈ জপতি প্রকামং। আকিংশুকাঙ্কোড়তরোশ্চ মূলে বিলিপ্য পাদৌ বদনামৃতেন। ত্রিমুণ্ডমাত্রাশ্রিত-এব রাত্রৌ জপেদ্‌যথাশক্তি তু পৌর্ণমাস্যাং। লকুচতরুতলস্থো মুণ্ডমাত্রৈকরূঢ়ো হিমকরকর-গৌরং চিন্তয়িত্বা নিশীথে। যদি জপতি জড়ো বা মন্ত্রমেনং ত্রিলক্ষং ভবতি জপতি সাক্ষাদ্‌গীষ্পতি-র্নাত্র চিত্রং। ভুক্ত্বাম্নশেষকদলীতরুমূলসংস্থ-আস্তীর্ণপুষ্পরচিতাসনসন্নিবিষ্টঃ। রাকাবিধূ-দ্গমমুপেত্য করোতি পূজাং যঃ সোঽপ্যজেয় ইহ বাক্‌পতিরীশ্বরঃ স্যাৎ। জিহ্বাং বিমৃজ্য নিজপাণিসরোরুহাভ্যাং রাম্নাপ্রসূনশতকৈঃ পরিপূজ্য গোষ্ঠে। যো বৈ জপেদনুদিনং রস-লক্ষমাত্রং ঈশং জয়েৎ কিমুত বাক্‌পতিমেব চিত্রং। স্থিত্বা নিশীথসময়ে রজকস্য কাষ্ঠে খড়্গা-ন্বিতো জপতি যদ্যপি পৌর্ণমাস্যাং। সংপূর্ণমাসমথবা তরসাপি তস্য বক্ত্রাদ্বিনিঃসরতি গীরমৃতায়মানা। যো দন্তধাবনকৃতৈশ্চ করঞ্জকাষ্ঠৈস্তস্যাপি গীষ্পতিবচোনিয়তং সুলভ্যং। তিলতৈলেন মতিমান্‌ কুন্দকৈরবপুষ্পকৈঃ। জুহুয়াদ্‌যত্নতোমন্ত্রী সর্ব্বসিদ্ধিমবাপ্নুয়াৎ।

উপবিষ্ট হইয়া কুক্কুরমস্তক চিন্তনপূর্ব্বক কুন্দপুষ্পদ্বারা পূজাকরিয়া জপকরিলে অভিলষিতকার্য্য সিদ্ধিহয়। গোচর্ম্মদ্বারা ষট্‌কোণচক্র নির্ম্মাণ করিয়া তদুপরি কুঙ্কুম ও রোচনাদ্বারা যন্ত্র অঙ্কিত করিয়া নির্জন শ্মশানে উপ-বেশনপূর্ব্বক কুন্দপুষ্প ও বনজাতপল্লবদ্বারা বামহস্তে পূজা করিবে। তুষারের ন্যায় ধবলমণ্ডলমধ্যে বরমুদ্রা ও খড়্গধারী, বালরূপী, মুক্তকেশ, বরপুস্তকহস্ত, নগ্ন ও পদ্মপত্রায়তাপক্ষ মঞ্জুঘোষ দেবকে ভজনাকরিবে। নিশা-যোগে সূতিকাগৃহের তৈল আনিয়া হস্তদ্বয়ে মর্দ্দনপূর্ব্বক সেই হস্তদ্বারা কাঞ্চনপুষ্প অঞ্চিত করিয়া সেই পুষ্প দেব-তাকে নিবেদন ও মন্ত্র জপকরিবে। পলাশবৃক্ষ ও অশোকবৃক্ষের মূলে উপবিষ্ট হইয়া বদনামৃতদ্বারা পাদ লেপন-পূর্ব্বক ত্রিমুণ্ডোপরি বসিয়া পূর্ণিমার রাত্রিতে যথাশক্তি জপকরিবে। অর্দ্ধরাত্রিসময়ে লকুচবৃক্ষের মূলে পূর্ব্বোক্ত ত্রিমুণ্ডের মধ্যে কোন এক মুণ্ডে আরোহণকরিয়া চন্দ্রবৎ গৌরবর্ণ মঞ্জুঘোষ দেবকে চিন্তাকরতঃ যদি কোন জড়ধী ব্যক্তিও উক্ত মন্ত্র তিন লক্ষ জপকরে, তাহা হইলে সেই ব্যক্তি সাক্ষাৎ বৃহস্পতির ন্যায় বাগ্মী হইয়া থাকে। ভোজ-নান্তে কদলীবৃক্ষমূলে পুষ্পাসন রচনাকরিয়া তদুপরি উপবেশনপূর্ব্বক পূর্ণিমার চন্দ্রোদয়কালে যে ব্যক্তি মঞ্জু-ঘোষের পূজা করে, সেই ব্যক্তি এই জগতে বৃহস্পতির ন্যায় অজেয় হয়। স্বীয় পাণিদ্বয়দ্বারা জিহ্বা মার্জনকরিয়া গোষ্ঠস্থানে শতসংখ্যক রাম্নাপুষ্পদ্বারা পূজাকরিয়া যে ব্যক্তি প্রতিদিন একলক্ষ মঞ্জুঘোষ মন্ত্র জপকরে, সে ব্যক্তি ঈশ্বরকেও জয়করিতে পারে। বৃহস্পতি তাহার নিকট নিশ্চয় পরাজিত হন। পূর্ণিমার নিশীথসময়ে রজকের কাষ্ঠে উপবেশনকরিয়া খড়্গাধারী হইয়া জপকরিবে। যে ব্যক্তি এইরূপে এক মাস জপকরিতে পারে, তাহার মুখহইতে অনর্গল অমৃততুল্য সুমধুর গদ্যপদ্যময়ী বাণী নিঃসৃত হয়। যে ব্যক্তি করঞ্জকাষ্ঠদ্বারা দন্ত ধাবনকরিয়া মঞ্জুঘোষ-মন্ত্র জপকরে, সে ব্যক্তি অনায়াসে বৃহস্পতির তুল্য বাক্য রচনাকরিতে পারে। তিলতৈলের সহিত কুন্দকলিকা ও

মঞ্জিষ্ঠতোয়দবচাসিতভানুমূলৈঃ স্বীয়াঙ্গশোণিতযুতৈঃ সমকুষ্ঠকৈশ্চ। কৃত্বা ললাটফলকে তিলকং ব্রতস্থো বিদ্যাপ্রবোধবিষয়ে নবগীষ্পতিঃ স্যাৎ। ভৈরবতন্ত্রেঽপি—মঞ্জুঘোষাখ্যমমলং মন্ত্রমাকর্ণয় প্রিয়ে। ধনবংশপ্রদং রম্যং সার্ব্বজ্ঞবাগ্মিতাপ্রদং। অদোষকবিতামূলং সর্ব্বত্র প্রতিভাপ্রদং। দেব্যুবাচ। ভগবন্ গিরিজানাথ কথয়স্ব যথোচিতং। মঞ্জুঘোষঃ স কঃ কীদৃক্ তস্যানুষ্ঠানমেব হি। ঈশ্বর-উবাচ। শ্রূয়তাং দেবি মে বাক্যং নাত্র কার্য্যা বিচারণা। মঞ্জুঘোষস্তু যো দেবঃ সোঽহং দেবি ন সংশয়ঃ। একোঽহং শঙ্করো দেবি নানামূর্ত্তিধরঃ স্বয়ং। তস্যানুষ্ঠানমধুনা শ্রূয়তাং মম তত্ত্বতঃ। মন্ত্রঃ ষড়ক্ষরঃ সারঃ সদ্যঃ কুমতিনাশনঃ। রসলক্ষাবধিস্তস্য জাপ্যএব সুরেপ্সিতঃ। ত্রিপক্ষজপনাদ্দেবি বাগ্মী ভবতি মানবঃ। সুকবিত্বং করে তস্য প্রতিভা বিশ্বজিত্বরী। মাসত্রয়ং জপেদ্যস্তু পণ্ডিতোঽপণ্ডিতো যদি। ষণ্মাসং যস্তু জপতি স সর্ব্বজ্ঞঃ কুশাগ্রধীঃ। অব্দেন সিদ্ধয়ঃ সর্ব্বা ভবন্তি সত্যমীশ্বরি। আহারোঽস্য নৃণাং বর্চ্চোনৈবেদ্যং চক্ষুষোর্ম্মলং। মূত্রৈঃ পাদ্যং দদেত্তস্য গন্ধোবিট্খদিরোদ্ভবং। আরণ্যকস্য পত্রাণি পুষ্পাণ্যেব সুনিশ্চিতং। এরণ্ডমূলৈঃ কার্পাসবীজমর্ঘ্যং প্রচক্ষ্যতে। তুণ্ডকীনালদানেন ভবেদাচমনীয়কং। ধ্যানং বক্ষ্যে মহাদেবি সর্ব্বসিদ্ধিপ্রদায়কং। শশধরমিব শুভ্রং খড়্গপুস্তাঙ্কপাণিং সুরুচিরমতিশান্তং পঞ্চচূড়ং কুমারং। পৃথুতরবরমুখ্যং পদ্মপত্রায়তাক্ষং কুমতি

কুন্দপুষ্পদ্বারা হোমকরিলে সাধক সর্ব্বসিদ্ধি লাভ করে। মঞ্জিষ্ঠা, মুথা, বচ, শ্বেত আকন্দের মূল, স্বগাত্ররুধির ও কুড় এই সকল দ্রব্য একত্র করিয়া কপালে তিলকধারণপূর্ব্বক মঞ্জুঘোষের আরাধনাকরিলে সে ব্যক্তি দ্বিতীয় বৃহস্পতিতুল্য হয়। ভৈরবতন্ত্রে মহাদেব পার্ব্বতীকে বলিয়াছেন, প্রিয়ে! নির্ম্মল মঞ্জুঘোষমন্ত্র শ্রবণ কর। এই মন্ত্র ধন, বংশ, সর্ব্বজ্ঞতা ও বাক্শক্তি প্রদানকরে। এই মন্ত্রে আরাধনাকরিলে নির্দ্দোষকবিশক্তি ও সর্ব্বশাস্ত্রে বোধ জন্মে। দেবী বলিলেন, ভগবন্! গিরিজানাথ! মঞ্জুঘোষ কিরূপ দেবতা ও তাঁহার আরাধনাকার্য্যের অনুষ্ঠানই বা কিরূপ, তাহা আমার নিকট প্রকাশ কর। মহাদেব বলিলেন, দেবি! আমার বাক্য শ্রবণকর। তুমি যে মঞ্জুঘোষের কথা জিজ্ঞাসাকরিলে, আমিই সেই মঞ্জুঘোষ, ইহাতে সংশয় নাই। এক আমিই নানারূপ ধারণকরিয়া থাকি। আমার নিকট এইক্ষণ মঞ্জুঘোষদেবের পদ্ধতি শ্রবণকর। মঞ্জুঘোষের মন্ত্র ষড়ক্ষর, এই মন্ত্রের আরাধনাকরিলে সদ্যঃ কুমতি বিনাশ পায়। ছয়লক্ষ জপকরিলে মঞ্জুঘোষ মন্ত্রের পুরশ্চরণ হয়। মানব তিনপক্ষপর্য্যন্ত এই মন্ত্র জপকরিলে, বাক্শক্তিসম্পন্ন হইয়া থাকে এবং তাহার অসামান্য কবিশক্তি ও বিশ্ববিজয়িনী বুদ্ধি হয়। অপণ্ডিত ব্যক্তিও যদি তিনমাস এই মন্ত্র জপকরে, তবে সুপণ্ডিত হইতে পারে যে ষণ্মাস পর্য্যন্ত এই মন্ত্র জপকরে, সে কুশাগ্রের ন্যায় সূক্ষ্মবুদ্ধিসম্পন্ন ও সর্ব্বজ্ঞ হয়। হে ঈশ্বরি! একবৎসর উক্ত মঞ্জুঘোষের মন্ত্র জপকরিলে তাহার সর্ব্বসিদ্ধি হইয়া থাকে। এই দেবতার আহার নরবিষ্ঠা, নৈবেদ্য নেত্রমল, পাদ্য মূত্র এবং গন্ধ বিট্খদির। অরণ্যস্থ বৃক্ষের পত্র ও পুষ্পদ্বারা পূজাকরিবে। এরণ্ডমূলের সহিত কার্পাসবীজদ্বারা অর্ঘ্য দিবে এবং স্বীয় বদনামৃতদ্বারা আচমনীয় প্রদানকরিবে। হে মহাদেবি! সর্ব্বসিদ্ধিপ্রদ মঞ্জুঘোষের ধ্যান বলিব। মঞ্জুঘোষ শশধরের ন্যায় শুভ্রবর্ণ, খড়্গপুস্তকধারী, মনোহরদেহবিশিষ্ট, শান্তমূর্ত্তি। ইহাঁর চক্ষুঃ পদ্মপত্রের ন্যায় বিস্তৃত,

দহনদক্ষং মঞ্জুঘোষং নমামি। মন্ত্রোদ্ধারং প্রবক্ষ্যামি নমস্কারোপদেশতঃ। শৃণু দেবি মহাভাগে কলৌ সদ্যঃফলপ্রদং। মন্ত্রং সর্ব্বার্থদং সারং বশীকরণরূপকং। অমলং নির্গুণং সারং গুণিনং সর্ব্বকামদং। তং নমামি হিতং নাথং মঞ্জুঘোষং নমাম্যহং। বন্নীশং পরমং সারং স্তুতং ব্রহ্মাদিভিঃ সুরৈঃ। রক্তং রজোগুণৈর্যুক্তং মঞ্জুঘোষং নমাম্যহং। বচনেন ন জানন্তি কায়েন ন চ কোবিদাঃ। তং শান্তং তমসা যুক্তং পীতবস্ত্রং নমাম্যহং। চরণে পতিতা দেবা দৈত্যানাং জয়হেতবে। চরণে পতিতো জীবো বুদ্ধায় তং নমাম্যহং। ন জানন্তি সুরা যস্য তত্ত্বং সত্ত্বগুণেন বৈ। স্রষ্টং সমস্তসারঞ্চ মঞ্জুঘোষং নমাম্যহং। ধ্যাত্বা বিশ্বেশ্বরঞ্চৈব প্রতিপত্ত্যাদিহেতুকং; সকলং নিষ্কলঞ্চৈব তং নমামি হিতপ্রদং। ঋষিঃ কণ্বো ভবেৎ পংক্তি-শ্ছন্দোঽঙ্গানি ষড়ক্ষরৈঃ। দক্ষিণাং শক্তিতোদদ্যাদ্গুরুস্তুষ্টির্যথা ভবেৎ। গুরুসন্তোষমাত্রেণ সিদ্ধির্ভবতি নিশ্চিতং। পিতা গুরুর্ন কার্য্যো বৈ দীক্ষাকর্ম্মণি পার্ব্বতি। যাবৎ কালং সুতো দুঃখী পিতা তু নরকং ব্রজেৎ। ইতি মঞ্জুঘোষমন্ত্রাঃ॥

অথ তারিণীকল্পঃ। তারিণীতন্ত্রে—ঈশ্বর-উবাচ। শ্রূয়তাং শৈলতনয়ে জাড্যনাশকরী পরা। চতুর্ব্বর্গফলা বিদ্যা সর্ব্বসিদ্ধিপ্রদায়িকা। বর্গাদ্যং বহ্নিসংযুক্তং বামাক্ষিপরিভূষিতং নাদ-বিন্দুসমাযুক্তং বহুসিদ্ধিপ্রদায়কং। পুনশ্চতুর্ম্মুখং দেবি লকারেণ বিভূষিতং। স্বরেণৈব

ইনি সাধকের কুমতি বিনাশকরেন। দেবি! মঞ্জুঘোষের মন্ত্রোদ্ধার বলিব, নমস্কারপুরঃসর শ্রবণকর। কলিকালে এই মন্ত্রে আরাধনা করিলে সদ্যঃ ফল লাভ হয়। এই মন্ত্র সর্ব্বমন্ত্র প্রধান, সর্ব্বার্থপ্রদ ও বশীকারক। মঞ্জুঘোষ দেব নির্ম্মল, নির্গুণ, সর্ব্বদেবশ্রেষ্ঠ, সর্ব্বগুণশালী, সর্ব্বকামপ্রদ, সাধকের হিতকারী ও জগতের আশ্রয়; তাঁহাকে নমস্কার-করি। মঞ্জুঘোষ দেব সর্ব্বশ্রেষ্ঠ, সারতর, ব্রহ্মাদি দেবগণের পূজ্য ও রজোগুণযুক্ত তাঁহাকে নমস্কারকরি। কোন পণ্ডিত বাক্য কিম্বা শরীর-দ্বারা ইঁহাকে জানিতে পারেন না। শান্তমূর্ত্তি, তমোগুণযুক্ত ও পীতবস্ত্রধারী সেই মঞ্জুঘোষকে নমস্কারকরি। দেবগণ দৈত্যবর্গের বিজয়ার্থ যাঁহার চরণে পতিত হইয়াছিলেন এবং অখিল জীব যাঁহার পাদপদ্মে পতিত আছে, জ্ঞানলাভার্থ সেই মঞ্জুঘোষকে নমস্কারকরি। সত্ত্বগুণাবলম্বী দেবগণ যাঁহার তত্ত্ব জানিতে পারেন না, সর্ব্বসারভূত সেই মঞ্জুঘোষকে নমস্কারকরি। বিশ্বেশ্বর মঞ্জুঘোষকে ধ্যানকরিলে সকল শাস্ত্রে জ্ঞানলাভ হয়, সেই নিষ্কলঙ্ক মঞ্জুঘোষ দেবকে নমস্কারকরি। এই মন্ত্রের কণ্বঋষি এবং পংক্তি ছন্দঃ। মন্ত্র-মধ্যগত ষড়ক্ষরদ্বারা ষড়ঙ্গন্যাস করিবে। মঞ্জুঘোষের মন্ত্র গ্রহণকরিয়া স্বীয় শক্তি অনুসারে গুরুর সন্তোষার্থ সুবর্ণাদি দক্ষিণা প্রদানকরিবে। গুরুদেবের সন্তোষ হইলেই মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। হে পার্ব্বতি! দীক্ষাকার্য্যে পিতাকে গুরু করিবে না। পিতাকে গুরু স্বীকারকরিয়া তাঁহার নিকট মন্ত্র গ্রহণকরিলে পুত্র যাবজ্জীবন দুঃখ পায় এবং পিতা নরকে গমনকরেন॥

অনন্তর তারিণীকল্প কথিত হইতেছে। তারিণীতন্ত্রে মহাদেব বলিয়াছেন, হে শৈলতনয়ে! জাড্যনাশিনী, চতুর্ব্বর্গদাত্রী ও সর্ব্বসিদ্ধিপ্রদা পরমা বিদ্যা শ্রবণকর। ক্রীঁ ক্লীঁ কৃষ্ণদেবি হ্রীঁ ক্রীঁ ঐঁ। তারিণীদেবীর এই নবাক্ষর মন্ত্র কথিত হইল। এই মহামন্ত্র স্বর্গে ও মর্ত্ত্যে অতিদুর্লভ এই মন্ত্রে আরাধনাকরিলে, অষ্ট ঐশ্বর্য্য সিদ্ধি ও

চতুর্থেন চন্দ্রখণ্ডেন চ প্রিয়ে। লাঞ্ছিতং বৈ মহাবীজং চতুর্ব্বর্গফলপ্রদং। ততঃ কৃষ্ণপদং চোক্ত্বা ততো দেবি পদং স্মৃতং। হ্রীঁকারঞ্চ ততো দদ্যাৎ খপূর্ব্বমুদ্ধরেত্ততঃ। ঈকারেণ চ রেফেণ মকারেণ বিভূষিতং। ততো বাগ্‌ভবমুচার্য্য মন্ত্রমেনং সমুদ্ধরেৎ। নবাক্ষরো মনুর্দ্দেবি তারিণ্যাঃ সমুদীরিতঃ। ইয়মেব মহাবিদ্যা স্বর্গে মর্ত্ত্যে চ দুর্ল্লভা। অষ্টসিদ্ধিপ্রদা দেবী চতুর্ব্বর্গফলপ্রদা। অনয়া সদৃশী বিদ্যা অনেন সদৃশোমনুঃ। অনয়া সদৃশী সিদ্ধির্ন ভূতা ন ভবিষ্যতি। যো বিদ্যাং লভতে দেবি কিংবা তস্য ন জায়তে। অচিরাল্লভতে বাণীং গদ্যপদ্যপ্রমোদিনীং। জ্ঞানমাত্রেণ বিদ্যায়াঃ ক্ষিপ্রং দ্রুতকবির্ভবেৎ। বিনা ছন্দো-বিনা শিক্ষাং বিনাভ্যাসেন পার্ব্বতি। বিনা জ্ঞানং বিনা যত্নং বিনালাপং কবেরপি। জিহ্বায়াং জায়তে তস্য কবিত্বং রসনির্ম্মিতং॥

তত্র পূজাপ্রয়োগঃ। প্রথমং জলমাদায় পাদপ্রক্ষালনং স্মৃতং। দ্বিরাচম্য শিখাং বদ্ধা ততোভূমিবিশোধনং। বিঘ্নানুৎসারণং কৃত্বা ততঃ পুষ্পবিশোধনং। করৌ সংশোধ্য দেবেশি চাস্ত্রমন্ত্রেণ তৎপরং। গুরূন্‌ গণপতিং নত্বা ভূতশুদ্ধিং সমাচরেৎ। স্বাধিষ্ঠানে স্থিতং বীজং বাগ্‌ভবং সর্ব্বসিদ্ধিদং। তদুদ্‌ভূতাগ্নিবলিভিঃ শরীরং দহ্যতে বুধৈঃ। তদ্ভস্মপুঞ্জমুৎসার্য্য হ্রীঁ সমুদ্‌ভূতবায়ুনা। ললাটে কামবীজস্য তদুদ্‌ভূতামৃতেন চ। তদস্থি প্লাবিতং কৃত্বা দৃঢ়ীভূতং চরেত্ততঃ। নির্লেপং নির্গুণং শুদ্ধমাত্মানং দেবতাময়ং। সর্ব্বপাপবিনির্ম্মুক্তদেহং সঞ্চিন্ত্য সাধকঃ। শরীরস্য বিশোধেন প্রাণায়ামং চরেত্ততঃ। আদ্যেন মূলবীজেন প্রাণায়ামত্রয়ঞ্চরেৎ। মন্ত্রন্যাস—স্ততো দেবি শ্রূয়তে মন্ত্রসিদ্ধিদঃ। শঙ্করোঽস্য ঋষিঃ প্রোক্তো বৃহতীচ্ছন্দ ঈরিতং। তারিণী দেবতা প্রোক্তা হ্রীঁকারং বীজমুচ্যতে। বাগ্‌ভবং শক্তিরিত্যুক্তমিতি ঋষ্যা-

---

চতুর্ব্বর্গফল লাভহয়। এই বিদ্যার সদৃশী বিদ্যা, এই মন্ত্রের তুল্য মন্ত্র এবং এই মন্ত্রের আরাধনাতে যেরূপ ফল হয়, তাহা কখন হয়ও নাই এবং হইবেও না। যে এই বিদ্যাকে লাভ করিয়াছে, তাহার কিছুই অপ্রাপ্য থাকে না। সে ব্যক্তি অচিরে গদ্যপদ্যময়ী বাণী লাভকরে। এই বিদ্যার জ্ঞানমাত্র সাধক দ্রুতকবি হয়। হে পার্ব্বতি! ছন্দঃ, শিক্ষা, অভ্যাস, বিজ্ঞান ও কবির সহিত আলাপ-ব্যতিরেকেও সাধকের রসনাতে সরসকবিত্বশক্তি বিরাজকরে॥

উক্ত মন্ত্রের পূজাপ্রণালী এই।—প্রথমে জল আনিয়া পাদ প্রক্ষালনকরিবে; তৎপরে দুইবার আচমন করিয়া শিখা বন্ধনপূর্ব্বক ভূমি শোধনকরিবে এবং বিঘ্ন নিবারণকরিয়া পুষ্প শোধনকরিতে হইবে। পরে ফট্ এই মন্ত্রে কর শোধনকরিয়া গুরু ও গণপতির নমস্কার পূর্ব্বক ভূতশুদ্ধি করিবে। ভূতশুদ্ধির নিয়ম এই।—সাধক এইরূপ চিন্তাকরিবে—স্বাধিষ্ঠানচক্রে সর্ব্বসিদ্ধিপ্রদ ঐঁ এই বীজ আছে, তদুৎপন্ন অগ্নিশিখাদ্বারা শরীর-দাহ, হৃদয়ে হ্রীং এই বীজসমুদ্ভূত বায়ুদ্বারা সেই ভস্ম নিঃসারণ, ললাটস্থ ক্লীঁ এই বীজসম্ভূত অমৃতদ্বারা অস্থিপ্লাবন, শরীরদৃঢ়ীকরণ এবং আত্মাকে সংসারমায়াতীত, নির্গুণ শুদ্ধ দেবতাস্বরূপ ভাবনাকরিবে। এইরূপে স্বদেহকে সর্ব্ব-পাপবিহীন চিন্তাকরিয়া শরীরশোধনপূর্ব্বক প্রাণায়াম করিবে। মূলমন্ত্রের আদ্যক্ষরদ্বারা তিনবার প্রাণায়াম করিয়া মন্ত্রন্যাস করিবে। এই মন্ত্রের শঙ্কর ঋষি, বৃহতী ছন্দঃ, তারিণীদেবতা, হ্রীং বীজ, ঐঁ শক্তি। ঋষ্যাদিন্যাসের প্রয়োগ

দিকং ন্যসেৎ। প্রয়োগস্তু—শিরসি শঙ্করঋষয়ে নমঃ। মুখে বৃহতীচ্ছন্দসে নমঃ। হৃদি তারিণ্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে স্ত্রীঁ বীজায় নমঃ পাদয়োঃ বাগ্‌ভবশক্তয়ে নমঃ। ততঃ করাঙ্গন্যাসৌ—ক্রীঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ক্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা কৃষ্ণদেবি মধ্যমাভ্যাং বষট্‌ স্ত্রীঁ অনামিকাভ্যাং হুঁ ক্রীঁ কনিষ্ঠাভ্যাং বৌষট্‌ ঐঁ করতলপৃষ্ঠাভ্যাং ফট্‌। এবং হৃদয়াদিষু। তথাচ—বীজেন তু ষড়ঙ্গেষু ষড়ঙ্গানি প্রকল্পয়েৎ। ধর্ম্মাদি বিন্যসেদ্দেবি ততোঽধর্ম্মাদি বিন্যসেৎ। উপর্য্যুপরি মধ্যে চ ক্রমেণৈতান্ন্যসেত্ততঃ। কল্পবৃক্ষং সমুচ্চার্য্য মণিপীঠং ততঃ স্মরেৎ। শবমুচ্চারয়িত্বা তু তত্রোপরি কপালকং। চতুর্দ্দিক্ষু ন্যসেদ্দেবি চিতামগ্নিসমন্বিতাং। হৃৎপদ্মাষ্টদলে তত্র চাষ্টশক্তির্ন্যসেত্ততঃ। দুর্গা জয়া ততো মেধা বিজয়া সুপ্রভা মতা। কালী গৌরী শিবা চৈব ইত্যষ্টশক্তয়ঃ স্মৃতাঃ। তত এব স্বদেহেষু পঞ্চযোনিং ন্যসেদ্বুধঃ। কেশান্তে দক্ষিণেভাগে যোনিবীরাং ন্যসেত্ততঃ। কেশান্তে বামভাগে চ যোনিবিশ্বাং ততো-ন্যসেৎ। নাসামূলে চ দেবেশি যোনিরূপাং বিভাগতঃ। যোনিকামাং যোনিহারাং নেত্রয়োঃ সব্যবাময়োঃ। যোনিরূপাং ন্যসেদোষ্ঠে সর্ব্বকামার্থসিদ্ধয়ে। মুখকোণে চ দেবেশি দক্ষ-বামাদিভেদতঃ। চিবুকে চ মহাদেবি বিন্যসেৎ সাধকোত্তমঃ। যোনিচ্ছায়াং যোনিকামাং যোনিরূপাং ততঃ পরং। বাহুমূলে তথা বামে হৃদি চৈব বরাননে। যোনিচিন্তাং যোনি-নিত্যাং যোনিরূপাং স্মরেদ্বুধঃ। স্তনয়োর্নাভিদেশে চ যোনিস্থানং সদা স্মরেৎ। যোনি-সিদ্ধাং যোনিবিদ্ধাং যোনিরূপাং ন্যসেদ্বুধঃ। এতাঃ স্মৃতাশ্চতুর্থ্যন্তা নমোঽন্তাশ্চ বিচক্ষণৈঃ। দেহপীঠে ততোদেবীং ধ্যায়েৎ সুস্থিরমানসঃ। ধ্যানমাহ—কৃষ্ণাং লম্বোদরীং ভীমাং নাগ-কুণ্ডলশোভিতাং। রক্তমুখীং ললজ্জিহ্বাং রক্তাম্বরধরাং কটৌ। পীনোন্নতস্তনীমুগ্রাং মহা-

---

মূলে স্পষ্টরূপে লিখিত আছে। তৎপরে মূলের লিখিত প্রণালীতে করাঙ্গন্যাস করিবে। অনন্তর ধর্ম্মাদিন্যাস করিবে। ক্রমশঃ এই সকল ন্যাস করিয়া চতুর্দ্দিকে ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ মণীপীঠায় নমঃ, ওঁ শবায় নমঃ, ওঁ কপালায় নমঃ এইরূপে ন্যাসকরিয়া মধ্যে ওঁ অগ্নি সন্নিহিতায়ৈ চিতায়ৈ নমঃ এই মন্ত্রে ন্যাস করিবে। পরে হৃৎপদ্মের অষ্টদলে অষ্টশক্তির ন্যাসকরিবে। দুর্গা, জয়া, মেধা, বিজয়া, সুপ্রভা, কালী, গৌরী ও শিবা তারিণীদেবীর এই অষ্টশক্তি। ন্যাসকালে ওঁ দুর্গায়ৈ নমঃ ইত্যাদিরূপে ন্যাসকরিবে। তৎপরে সাধক স্বদেহে পঞ্চযোনি ন্যাসকরিবে। কেশান্ত দক্ষিণ-ভাগে ওঁ যোনিধীরায়ৈ নমঃ, কেশান্ত বামভাগে ওঁ যোনবীশায়ৈ নমঃ, নাসামূলে ওঁ যোনিরূপায়ৈ নমঃ দক্ষিণনেত্রে ওঁ যোনিকামায়ৈ নমঃ, বামনেত্রে ওঁ গোনিহারায়ৈ নমঃ ওষ্ঠে ওঁ যোনিরূপায়ৈ নমঃ। এইরূপে স্বীয়দেহে যোনিন্যাস করিলে সর্ব্বকামার্থ সিদ্ধিহয়। দক্ষমুখকোণে ওঁ যোনিচ্ছায়ায়ৈ নমঃ, বামমুখকোণে ওঁ যোনিকামায়ৈ নমঃ চিবুকে ওঁ যোনিরূপায়ৈ নমঃ, দক্ষবাহুমূলে ওঁ যোনিচিন্তায়ৈ নমঃ, বামবাহুমূলে ওঁ যোনিনিত্যায়ৈ নমঃ, হৃদয়ে ওঁ যোনিরূপায়ৈ নমঃ, দক্ষস্তনে ওঁ যোনিসিদ্ধায়ৈ নমঃ বামস্তনে ওঁ যোনিবিদ্ধায়ৈ নমঃ, নাভিদেশে ওঁ যোনি-রূপায়ৈ নমঃ এইরূপ ন্যাসকরিয়া অনন্তচিত্তে দেহপীঠে দেবীর ধ্যানকরিবে। তারিণীদেবী কৃষ্ণবর্ণা, লম্বোদরী ও ভয়ঙ্করাকৃতি। ইহাঁর কর্ণযুগলে নাগনির্ম্মিত কুণ্ডলদ্বয় শোভাপাইতেছে। বদন রক্তবর্ণ, জিহ্বা লোল, কটীতে

নাগেন বেষ্টিতাং। শবস্যোপরি দেবেশি তস্যোপরি কপালকে। নাসাগ্রধ্যাননিরতাং মহা-ঘোরাং বরপ্রদাং। চতুর্ভুজাং দীর্ঘকেশীং দক্ষিণস্যোর্দ্ধবাহুনা। বিভ্রতীং নলিনীমেকাং বামোর্দ্ধে পানপাত্রকং। বরাভয়ধরাং দেবী-মধস্তাদ্দক্ষবাময়োঃ। পিবন্তীং রৌধিরীং ধারাং পানপাত্রে সদাশিবে। সর্ব্বসিদ্ধিপ্রদাং দেবীং নিত্যাং গিরিনিবাসিনীং। লোচনত্রয়সংযুক্তাং নাগযজ্ঞোপবীতিনীং। দীর্ঘনাসাং দীর্ঘজঙ্ঘাং দীর্ঘাঙ্গীং দীর্ঘজিহ্বিকাং। চন্দ্রসূর্য্যাগ্নিভেদেন ত্রিলোচনসমন্বিতাং। শত্রুনাশকরীং দেবীং মহাভীমাং বরপ্রদাং। ব্যাঘ্রচর্ম্মশিরোবদ্ধাং জগত্রয়বিভাগিনীং। সাধকানাং সুখং কর্ত্রীং সর্ব্বলোকভয়ঙ্করীং। এবম্ভূতাং মহাদেবীং তারিণীং প্রণমাম্যহং। এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য শঙ্খস্থাপনং কুর্য্যাৎ॥ অস্যাঃ পূজাযন্ত্রং—যন্ত্রং নির্ম্মায় দেবেশি স্থাপয়েন্মন্ত্রমধ্যতঃ। রক্তকমলযজেনাপি বসুপত্রং লিখেত্ততঃ। তন্মাহে

রক্তবস্ত্রপরিধান, স্তনযুগল স্থূল ও উন্নত। দেবী উগ্ররূপা, ও মহানাগদ্বারা বেষ্টিত। শবোপরি কপালে আসীন হইয়া তারিণীদেবী নাসাগ্রে দৃষ্টিনিক্ষেপপূর্ব্বক ধ্যাননিমগ্না আছেন। ইনি ভয়ানকবেশা ও বরপ্রদা। দেবীর চারিহস্ত, কেশ দীর্ঘ, দক্ষিণভাগের উর্দ্ধহস্তে একটী পদ্ম ও বামভাগের উর্দ্ধহস্তে পানপাত্র, দক্ষিণভাগের অধোহস্তে বরমুদ্রা এবং বামভাগের অধোহস্তে অভয়মুদ্রা আছে। ইনি পানপাত্রে বারিধারা পানকরিতেছেন। এবং সর্ব্বদা পর্ব্বতে বাসকরিয়া থাকেন। দেবী সাধককে সর্ব্বপ্রকার সিদ্ধিপ্রদান করেন, ইহাঁর তিনটী লোচন, ঐলোচনত্রয় চন্দ্র, সূর্য্য ও অগ্নিস্বরূপ, গলে নাগযজ্ঞোপবীত। নাসিকা, জঙ্ঘা, জিহ্বা প্রভৃতি অঙ্গসকল দীর্ঘ,। এই বিদ্যার আরাধনা করিলে দেবী সাধকের শত্রুবিনাশ করিয়া বর প্রদানকরেন। শিরোদেশ ব্যাঘ্রচর্ম্মে আবৃত, ইনি ত্রিজগতের বিভাগকারিণী, সাধকের সুখদায়িনী ও সর্ব্বলোকভয়ঙ্করী। এবম্ভূতা মহাদেবী তারিণীকে নমস্কারকরি। এইরূপে ধ্যান ও মানস-পূজা করিয়া অর্ঘ্যস্থাপন করিবে। তারিণীদেবীর পূজামন্ত্র এই।—যন্ত্রনির্ম্মাণ করিয়া তন্মধ্যে ক্রীঁ ক্রীঁ কৃষ্ণদেবি হ্রীঁ

ঘষ্টপত্রাণি লিখেৎ সাধকসত্তমঃ। বহ্নিমণ্ডলযুগ্মঞ্চ যন্ত্রমধ্যে লিখেত্ততঃ। পূর্ব্বদলে চ দেবেশি আদ্যং বীজং লিখেত্ততঃ। দ্বিতীয়ং দক্ষিণে পত্রে তৃতীয়ং পশ্চিমে দলে। উত্তরে চ দলে দেবি ফট্ বাণীঞ্চ ততো লিখেৎ। চতুর্দ্বারসমাযুক্তং অষ্টবজ্রসমন্বিতং। তত্র পূর্ব্বোক্তক্রমেণ পীঠং সংপূজ্য পূর্ব্ববদ্ধ্যাত্বা—তত্রাবাহ্য মহেশানীং যজেদ্বৈ মন্ত্রমুচ্চরন্। ষড়ঙ্গেনৈব দেবেশি পূজয়িত্বা তু পার্ব্বতীং। ক্ষেত্রপালং ভৈরবঞ্চ গণনাথং মহান্তকং। এতচ্চতুষ্টয়ং দেবি যজেদ্দ্বারচতুষ্টয়ে। পূর্ব্বাদ্যষ্টদলে দেবি এতাঃ সংপূজ্য সাধকঃ। অণিমানঙ্গমদনা লঘিমামদনাতুরা। অনঙ্গকুসুমা দেবি ততোঽষ্টকর্ণিকা তথা। কাপালিকা চ দেবেশি ততোঽষ্টযোগিনীং তথা। তথা ষোড়শপত্রেষু পূজয়েৎ পরিচারিকাং। সুখদাং মোক্ষদাং তত্র ভুক্তিদাং ভোগদাং তথা। মুক্তিদাং সিদ্ধিদাং চৈব কামদাং ধনদাং তথা। ক্ষেমদাং শিবদাং বাপি বরদামাত্মদাং তথা। যোগদাং ভোগদাং দেবি ভুক্তিদাং সর্ব্বসিদ্ধিদাং। অণিমাদ্যষ্টসিদ্ধিশ্চ পূর্ব্বদ্বারে যজেত্ততঃ। বহ্নের্দশকলা দেবি দ্বারে চ দক্ষিণে তথা। পাশ্চাত্যদ্বারে দেবেশি কলাশ্চন্দ্রস্য পূজয়েৎ। উত্তরে চ তথা দেবি রবেরপি কলাস্ততঃ। ষড়ঙ্গেন যজেদ্দেবি ততশ্চাস্ত্রাণি পূজয়েৎ। এতাস্তু দেবদেবেশি চতুর্থ্যন্তাঃ সমীরিতাঃ। নমোঽন্তাশ্চ মহাদেবি প্রোক্তাঃ সকলসিদ্ধিদাঃ। পুষ্পৈর্ব্বহুবিধৈশ্চৈব রক্তচন্দনচর্চ্চিতৈঃ। রক্তপুষ্পৈর্ম্মহাদেবি নানাগন্ধসমন্বিতৈঃ। বিল্বপত্রৈস্তথাগন্ধৈর্জবাপুষ্পৈর্ব্বিশেষতঃ। শ্বেতরক্তপলাশৈশ্চ করবীরৈর্ম্মরুবকৈঃ। বিল্বপুষ্পৈঃ কুন্দপুষ্পৈর্লবঙ্গৈশ্চ সুশোভনৈঃ। অপরাজিতপুষ্পৈশ্চ

ক্রীঁ ঐঁ এই মন্ত্র লিখিবে। তাহার বহির্ভাগে রক্তচন্দনদ্বারা অষ্টদলপদ্ম লিখিয়া তদ্বাহে ষোড়শদলপদ্ম লিখিতে হইবে, যন্ত্রমধ্যে ত্রিকোণদ্বয় অঙ্কিতকরিয়া অষ্টদলপদ্মের পূর্ব্বদলে প্রথম বীজ (ক্রীঁ), দক্ষিণপত্রে দ্বিতীয়বীজ (ক্লীঁ), পশ্চিমপত্রে তৃতীয়বীজ (হ্রীঁ) এবং উত্তরপত্রে ঐঁ ফট্ এই বীজ লিখিতে হইবে। পরে চতুর্দ্বার ও অষ্টবজ্র অঙ্কিতকরিয়া যন্ত্রপ্রস্তুতকরিবে। উক্তপ্রকার যন্ত্রনির্ম্মাণ করিয়া তদুপরি পূর্ব্বোক্তক্রমে পীঠপূজাপূর্ব্বক পুনর্ব্বার ধ্যান ও আবাহন-করিয়া যথাসম্ভব উপচারদ্বারা মূলমন্ত্রে দেবীর অর্চ্চনা করিতে হইবে। পরে ষড়ঙ্গপূজা করিয়া দ্বারচতুষ্টয়ে ক্ষেত্রপাল, ভৈরব, গণনাথ ও মহান্তক এইদেবচতুষ্টয়ের অর্চ্চনা করিবে। পরে অষ্টদলপদ্মের পূর্ব্বাদি অষ্টপত্রে ওঁ অণিমায়ৈ নমঃ ওঁ অনঙ্গমদনায়ৈ নমঃ, ওঁ লঘিমায়ৈনমঃ, ওঁ মদনাতুরায়ৈ নমঃ, ওঁ অনঙ্গকুসুমায়ৈনমঃ ওঁ অষ্টকর্ণিকায়ৈ নমঃ ওঁ কাপালিকায়ৈ নমঃ, ওঁ অষ্টযোগিন্যৈ নমঃ এইরূপে অষ্টদেবতার পূজাকরিতে হইবে। অনন্তর ষোড়শদল-পদ্মের পূর্ব্বাদি ষোড়শপত্রে ওঁ সুখদায়ৈ নমঃ এইরূপে মোক্ষদা, ভুক্তিদা, ভোগদা, মুক্তিদা, সিদ্ধিদা, কামদা, ধনদা, মোক্ষদা, শিবদা, বরদা, আত্মদা, যোগদা, ভোগদা, ভুক্তিদা ও সর্ব্বসিদ্ধিদা এই পরিচারিকাগণের পূজা করিবে। পরে পূর্ব্বদ্বারে অণিমাদি অষ্টসিদ্ধি, দক্ষিণদ্বারে বহ্নির দশকলা, পশ্চিমদ্বারে চন্দ্রের ষোড়শকলা, এবং উত্তরদ্বারে সূর্য্যের দ্বাদশ-কলার পূজাকরিতে হইবে। তৎপরে ষড়ঙ্গ পূজাকরিয়া দেবীর অস্ত্রপূজা করিবে। এইসকল দেবতার নামে চতুর্থীবিভক্তি যোগকরিয়া নমোঽন্তমন্ত্রে পূজাকরিতে হইবে। অনন্তর রক্তচন্দনমিশ্রিত ও নানাগন্ধযুক্ত, বিবিধ রক্তপুষ্পদ্বারা দেবীর অর্চ্চনা করিবে। বিল্বপত্র, গন্ধ, জবাপুষ্প, শ্বেতপলাশ, রক্তপলাশ, করবী, মরুবক, বিল্বপুষ্প, কুন্দপুষ্প, লবঙ্গপুষ্প

চম্পকৈঃ কেশরৈস্তথা। এভিঃ পুষ্পৈর্ম্মহাদেবি পূজয়েন্নিত্যতারিণীং। মালতীবকপুষ্পৈশ্চ সদূর্ব্বৈর্নার্চ্চয়েত্তথা। কদম্বৈঃ শ্বেতকুসুমৈঃ কুঙ্কুমৈঃ কাঞ্চনৈস্তথা। এবং সংপূজয়িত্বা তু এভির্দ্রব্যৈর্ম্মহেশ্বরি। লক্ষমাত্রং জপেন্মন্ত্রং হবিষ্যাশী জিতেন্দ্রিয়ঃ। ইতি তারিণীকল্পঃ সমাপ্তঃ॥

অথ সারস্বতকল্পঃ। নারদ-উবাচ। কেনোপায়েন দেবেশি বিদ্যোৎপত্তির্ভবেন্নৃণাং। বেদবিদ্যাপ্রকাশস্তু তন্মে ব্রূহি জগৎপতে। ব্রহ্মোবাচ। সাধু সাধু ত্বয়া পৃষ্টং লোকানাং হিতকারকং। এতদেব পুরা পৃষ্টং কল্পাদৌ বিষ্ণবে ময়া। ব্রহ্মশব্দস্বরূপেণ প্রসন্নেনান্তরাত্মনা। যৎ প্রোক্তং তেন মে ব্রহ্মন্ তত্তে বক্ষ্যামি যত্নতঃ। ভগবানুবাচ। শৃণু ব্রহ্মন্ পরং গুহ্যং কল্পং সারস্বতং মম। যস্য বিজ্ঞানমাত্রেণ জাড্যাপহরণং ভবেৎ। সর্ব্বশাস্ত্রপ্রকাশশ্চ সর্ব্বজ্ঞো-জায়তেঽচিরাৎ। অভ্যাসাচ্চ ভবেদ্‌যস্য বাচশ্চিত্রা-ভবন্তি হি। অবাপুস্ত্রিদশা ব্যাপ্তিং বাগীশত্বং বৃহস্পতিঃ। দ্বৈপায়নোঽপি যং জ্ঞাত্বা বেদব্যাসোঽভবন্মুনিঃ। মন্ত্রোদ্ধারং প্রবক্ষ্যামি সাঙ্গাবরণপূজনৈঃ। অনন্তং বিন্দুনা যুক্তং বামগণ্ডান্তভূষিতং। জপেদ্দ্বাদশলক্ষন্তু মূকোঽপি বাক্‌পতির্ভবেৎ। নাভৌ তু অরবিন্দঞ্চ ধ্যায়েদ্দশদলং সুধীঃ। তন্মধ্যে ভাবয়েন্মন্ত্রী মণ্ডলানাস্তু যং শুভং। রত্নসিংহাসনং ধ্যায়েদ্বর্ণং জ্যোৎস্নাময়ং পুনঃ। তস্যোপরি পুনর্ধ্যায়েদ্দেবীং বাগীশ্বরীং ততঃ। মুক্তাকান্তিনিভাং দেবীং জ্যোৎস্নাজালবিকাশিনীং। মুক্তাহারযুতাং শুভ্রাং শশিখণ্ডবিমণ্ডিতাং। বিভ্রতীং দক্ষহস্তাভ্যাং ব্যাখ্যাং বর্ণস্য মালিকাং। অম্বু-

---

অপরাজিতাপুষ্প চম্পকপুষ্প, কেশরপুষ্প, এই সকল পুষ্পদ্বারা প্রতিদিন তারিণীদেবীকে পূজাকরিবে। কিন্তু মালতীপুষ্প, বকপুষ্প ও দূর্ব্বাদ্বারা তারিণীদেবীর অর্চ্চনা করিবে না। কদম্বপুষ্প, শ্বেতকুসুম, কুঙ্কুম ও কাঞ্চনপুষ্পদ্বারা তারিণীদেবীর পূজাকরিয়া জিতেন্দ্রিয় ও হবিষ্যাশীহইয়া একলক্ষ মন্ত্র জপকরিবে।

অনন্তর সারস্বতকল্প বিবৃত হইতেছে। নারদ ব্রহ্মাকে জিজ্ঞাসাকরিয়াছিলেন, দেবেশ্বর! কিউপায় অব লম্বনকরিলে বিদ্যোৎপত্তি হইয়া বেদবিদ্যার প্রকাশহয়। হেজগৎপতে! তাহাআমার নিকট বল। ব্রহ্মা বলিলেন, বৎস! তুমি আমারনিকট লোকেরহিতজনক যে উৎকৃষ্ট প্রশ্নকরিলে তাহা আমি কল্পাদিসময়ে ভগবান্ বিষ্ণুর নিকট জিজ্ঞাসাকরিয়াছিলাম, ব্রহ্মময় সর্ব্বান্তরাত্মা বিষ্ণু আমাকে যাহা বলিয়াছেন, আমি তোমাকে সেইরূপ বলিব, যত্নপূর্ব্বক শ্রবণকর। ভগবান্ বিষ্ণু বলিয়াছেন, হেব্রহ্মন্! অতিগুহ্য সারস্বতকল্প আমার নিকট শ্রবণকর। এই সারস্বতকল্প বিজ্ঞানমাত্র মনুষ্যের জড়তা বিনাশ হইয়া সর্ব্বশাস্ত্রে জ্ঞানের প্রকাশ হইয়াথাকে। এবং সেই সাধকের আশ্চর্য্য বাক্য লাভহয়। এইসারস্বত কল্পের বিজ্ঞানবলে দেবগণ সর্ব্বমান্যতা, বৃহস্পতি বাগীশত্ব এবং দ্বৈপায়ন বেদব্যাসপদ লাভকরেন। এইক্ষণ এইকল্পের মন্ত্রোদ্ধার এবং অঙ্গমন্ত্র ও আবরণের সহিত পূজাবিধি বলিব। ঐঁ এইমন্ত্র দ্বাদশলক্ষ জপকরিলে মূকব্যক্তিও বাক্‌পতি হইতেপারে। ধীরনাভিদেশে দশদলপদ্ম চিন্তাকরিয়া তন্মধ্যে সুশোভিত মণ্ডল চিন্তাকরিবে। ঐমণ্ডলমধ্যে রত্নসিংহাসন ধ্যানকরিয়া সমুজ্জ্বল বর্ণ ধ্যানকরিবে। তদুপরি বাগীশ্বরী দেবীকে চিন্তাকরিবে। দেবীর দেহকান্তি মুক্তাকলাপের ন্যায় সমুজ্জ্বল, জ্যোৎস্নারআভাবিশিষ্ট। দেবী মুক্তাহারে বিভূষিতা, শুভ্রবর্ণা ও অর্দ্ধচন্দ্রমণ্ডিতা। বাগীশ্বরী দেবী চতুর্ভূজা, দক্ষিণহস্তদ্বয়ের একহস্তে বর্ণ ব্যাখ্যাকরিতেছেন এবং অন্যহস্তে বর্ণমালা, বামহস্তদ্বয়ে

ত্তেন তথাপূর্ণং ঘটং দিব্যঞ্চ পুস্তকং। দধতীং বামহস্তাভ্যাং পীনস্তনভরণান্বিতাং। মধ্যে ক্ষীণাং তথা স্বচ্ছাং নানারত্নবিভূষিতাং। আত্মাভেদেন ধ্যাত্বৈবং ততঃ সংপূজয়েৎ ক্রমাৎ। আদ্যেন দীর্ঘযুক্তেন কুর্য্যাদঙ্গানি হস্তয়োঃ। হৃদয়াদৌ তথা কুর্য্যাদ্বীজেনাঙ্গক্রিয়াং পুনঃ। ভ্রুবোর্ম্মধ্যে তথা নাভৌ গুহ্যদেশে শিরস্তথা। ন্যসেদ্বীজং পুনর্ব্বর্ণৈ র্ব্ব্যাপকং বিন্যসেত্ততঃ। পীঠন্যাসং তনৌ কুর্য্যাদ্দেবতাভাবসিদ্ধয়ে। মাতৃকায়ান্তু যৎ প্রোক্তং পীঠমভ্যর্চ্চ্য যত্নতঃ। বর্ণাব্জেনাসনং কুর্য্যান্মূর্ত্তিং মূলেন কল্পয়েৎ। আবাহ্য পূজয়েত্তস্যাং দেবীং বাগীশ্বরীং ততঃ। অঙ্গৈঃ প্রথমবৃত্তিঃ স্যাদ্দ্বিতীয়া শক্তিভিস্ততঃ। দলাগ্রেষু সমভ্যর্চ্চ্য ব্রহ্মাণ্যাদ্যা যথাবিধি। লোকপালা বহিঃ পূজ্যাস্তেষামস্ত্রাণি তদ্বহিঃ। এবং সংপূজয়েন্মন্ত্রী জপপূজারতঃ সদা। কবিত্বং লভতে বাগ্মী লক্ষৈর্দ্বাদশভির্ধ্রুবং। প্রাতর্জপ্ত্বা সহস্রন্তু পিবেদ্ব্রাহ্মীং বচান্বিতাং। ন বিস্মরতি মেধাবী শ্রুত্বা বেদাগমানপি। কণ্ঠমাত্রোদকে স্থিত্বা ধ্যায়েন্মার্ত্তণ্ডমণ্ডলে। জ্যোতিঃপুঞ্জনিভাং দেবীং পরিবারসমন্বিতাং। বরাভয়যুতাং হস্তে মুদ্রাপুস্তকধারিণীং। জপন্ সহস্রমানেন ষণ্মাসং বিজিতেন্দ্রিয়ঃ। ভীমাং সংপ্রাপ্য বাক্‌সিদ্ধিং কবীনামগ্রণীর্ভবেৎ। অথ প্রয়োগং বক্ষ্যামি জাড্যনাশকরং পরং। রাত্রিশেষে সমুত্থায় শুচির্ভূত্বা সমাহিতঃ। শুদ্ধভাবেন চাত্মানং গুরুঞ্চ পরিকল্পয়েৎ। তৎপ্রভাপটলং ব্যাপ্তং জগৎ সর্ব্বং বিচিন্তয়েৎ। মূলাধারে স্থিতাং দেবীং কুণ্ডলীং পরদেবতাং। সুপ্তাং প্রোত্থাপ্য তাং শক্ত্যা ক্রমাচ্চক্রাণি

অমৃতপূর্ণ কুম্ভ ও পুস্তক। ইহাঁর মধ্যভাগ ক্ষীণ, স্তনদ্বয় স্থূল, দেবী ঐস্তনভারে বিনম্রা ও রত্নাদিভূষণে বিভূষিতা এইরূপে আত্মার অভেদজ্ঞানে দেবীকে চিন্তাকরিয়া ক্রমতঃ পূজাকরিবে। আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ঈং, তর্জনীভ্যাং, স্বাহা ইত্যাদিরূপে করন্যাস করিয়া ঐঁ হৃদয়ায় নমঃ ইত্যাদিপ্রকারে ষড়ঙ্গন্যাস করিতে হইবে। তৎপরে ভ্রূমধ্যে, নাভিতে, গুহ্যদেশে ও মস্তকে বীজন্যাস করিয়া ব্যাপকন্যাস করিবে এবং দেবতাভাবসিদ্ধার্থ স্বীয় শরীরে পীঠন্যাস করিয়া মাতৃকা-ন্যাসপূর্ব্বক পীঠপূজা করিতে হইবে। পরে বর্ণযুক্ত মাতৃকাযন্ত্রে মূলমন্ত্রে দেবীর মূর্ত্তি কল্পনাকরিয়া আবাহনপূর্ব্বক বাগীশ্বরী দেবীর অর্চ্চনা করিবে। অনন্তর ষড়ঙ্গ পূজাকরিয়া দুর্গা জয়া প্রভৃতি অষ্ট শক্তির পূজাকরিবে। দলাগ্রে ব্রহ্মাণী প্রভৃতি অষ্টশক্তির পূজাকরিয়া বহির্ভাগে লোকপাল এবং তদ্বাহ্যে তাহাদিগের অস্ত্র পূজাকরিবে। সাধক এই-রূপে জপপূজারত হইয়া বাগীশ্বরীর আরাধনা করিলে কবিশক্তি লাভকরে এবং বাগীশ্বরীমন্ত্র দ্বাদশলক্ষ জপকরিলে বাগ্মী হইয়া থাকে। যদি প্রাতঃকালে উক্ত মন্ত্র সহস্র জপকরিয়া ব্রাহ্মী ও বচ পানকরে, তাহা হইলে সাধকের এইরূপ মেধাশক্তি বৃদ্ধি হয় যে, শ্রুতি, বেদ, আগম প্রভৃতি যাবতীয় শাস্ত্র কণ্ঠস্থ থাকে, কদাচ বিস্মৃতি হয় না। জলে আকণ্ঠ নিমগ্ন হইয়া সূর্য্যমণ্ডলে জ্যোতিঃপুঞ্জনিভা, পরিবারসমন্বিতা এবং বর, অভয়মুদ্রা ও পুস্তকধারিণী বাগীশ্বরীদেবীর ধ্যানকরতঃ ছয়মাস পর্য্যন্ত বাগীশ্বরীমন্ত্র জপ করিলে সাধক সকল ইন্দ্রিয়কে জয়করিতে পারে এবং বাগীশ্বরীমন্ত্র সিদ্ধ হইলে সাধক বাক্‌সিদ্ধি লাভকরিয়া কবিদিগের অগ্রগণ্য হইতে পারে। অনন্তর সারস্বতপ্রয়োগ বলিব। এই প্রয়োগানু-সারেআরাধনা করিলে জড়তা বিনাশ পায়। রাত্রিশেষে গাত্রোত্থানপূর্ব্বক শুচি হইয়া একাগ্রচিত্তে ও শুদ্ধভাবে আত্মাকে গুরুরূপে পরিকল্পনা করিয়া সমস্ত জগৎকে তাঁহার প্রভাজালে পরিব্যাপ্ত চিন্তাকরিবে। মূলাধারস্থিত পর-দেবতাস্বরূপ নিদ্রিতাকুলকুণ্ডলিনী দেবীকে জাগরিতকরিয়া ক্রমশঃ মূলাধারাদি ষট্‌চক্র ভেদকরিবে। পরে ষট্‌চক্র

ভেদয়েৎ। ততঃ পরশিবে নীত্বা সৌরীঞ্চ প্রাপয়েত্ততঃ। ঊর্দ্ধগ্রন্থিং বিনির্ভিদ্য জিত্বা দীপস্বরূপিণীং। বীজরূপস্বশক্ত্যা তু প্রোল্লসন্তীং পরাম্বিকাং। শব্দব্রহ্মস্বরূপাঞ্চ নিশ্চলাং চিন্তয়েত্ততঃ। তৎপ্রভাপটলং ব্যাপ্তং শরীরং চিন্তয়েত্ততঃ। নিত্যং সহস্রমানেন জপেৎ সম্বৎসরং যদি। ততঃ সংজায়তে মন্ত্রী বাচস্পতিরিবাপরঃ। ছন্দোঽলঙ্কার-তর্কাদি-নানাশাস্ত্রার্থ বিদ্ভবেৎ। কবিত্বং জ্ঞানশক্ত্যা তু পাণ্ডিত্যমধিকং ভবেৎ। অথাপরং প্রবক্ষ্যামি যোগং ভুবি সুদুর্ল্লভং। নাভিচক্রে স্থিতাং সৌম্যাং রক্তাকারাং বিচিন্তয়েৎ। ক্ষৌমাবদ্ধনিতম্বাঞ্চ রক্তাভরণভূষিতাং। পাশাঙ্কুশধরাং দিব্যাং বরাভয়যুতাং পুনঃ। দৃষ্ট্যা চামৃতবর্ষিণ্যা পূরয়ন্তীং মনোরথান্। এবং ধ্যাত্বা জপেল্লক্ষং মনুজোবিহিতং ততঃ। হোমং কুর্য্যাত্রিমধ্বক্তং রক্তোৎপলযুতৈর্দ্বিজঃ। ততঃ সংতর্পয়েদ্দেবীং দুগ্ধযুক্তেন সর্পিষা। পায়সেন বলিং দদ্যাদ্দধিপিষ্টমধুপ্লুতৈঃ। এবং কৃত্বা বিধানন্ত সাক্ষাদ্বৈশ্রবণো ভবেৎ। সিদ্ধার্থৈস্ত্রিমধূপেতৈর্-হুত্বা জগদ্বশং নয়েৎ। পদ্মহোমেন মহতীং প্রাপ্নুয়াৎ শ্রিয়মূর্জ্জিতাং। দেবীহৃদয়বিদ্যায়া নাস্তি কিঞ্চিৎ সুদুর্ল্লভং। স্নেহভাবেন সংপ্রোক্তং ন দেয়ং যস্য কস্যচিৎ। এতত্তে কথিতং গুহ্যং বিদ্যোৎপত্তেশ্চ কারণং। বিষ্ণুনা দত্তমস্মভ্যং ময়া তুভ্যং দ্বিজোত্তম। সিদ্ধমন্ত্রো যদা মন্ত্রী বালীশস্যাপি মূর্দ্ধনি। হস্তং দত্ত্বা স্পৃশেৎ সোপি সৌধীং বাচমনর্গলাং। ইতি স্বায়ম্ভুবমাতৃকাতন্ত্রে সারস্বতঃ পটলঃ॥

ভেদ করিয়া দেবীকে পরমশিবে নয়নপূর্ব্বক সহস্রারস্থিত অমৃত প্রদানকরিবে। পরে ঊর্দ্ধগ্রন্থি ভেদকরিয়া দীপস্বরূপিণী বীজরূপ স্বীয় শক্তিতে দেদীপ্যমানা, শব্দব্রহ্মস্বরূপ কুলকুণ্ডলিনী দেবীকে পরমশিবে নিশ্চলা চিন্তাকরিবে এবং স্বদেহকে সেই দেবীর দেহপ্রভায় পরিব্যাপ্ত চিন্তাকরিতে হইবে। একবৎসর প্রতিদিন পূর্ব্বোক্ত বাগীশ্বরীমন্ত্র একসহস্রকরিয়া জপকরিলে সাধক বৃহস্পতিতুল্য বাক্পতি হইয়া থাকে এবং ছন্দঃ, অলঙ্কার, তর্কাদি নানাশাস্ত্রের নির্ণয়ে সমর্থ হয়। এই মন্ত্রের সাধনবলে জ্ঞানশক্তির সহিত কবিত্ব ও সর্ব্বশাস্ত্রে পাণ্ডিত্য লাভ হয়। অনন্তর এই মন্ত্রের বিশেষযোগ বলিব, এই যোগ পৃথিবীতে অতিদুর্লভ। নাভিচক্রে সৌম্যমূর্ত্তি, রক্তবর্ণা, পট্টবস্ত্রপরিধানা, রক্তাভরণে বিভূষিতা, পাশাঙ্কুশধারিণী, দিব্যরূপা, বরাভয়যুতা, দৃষ্টিদ্বারা অমৃতবর্ষিণী, দেবী সাধকের মনোরথ পরিপূরণ করেন, এইরূপ চিন্তাকরিয়া সাধক একলক্ষ জপকরিয়া ত্রিমধুযুক্ত রক্তোৎপলদ্বারা হোমকরিবে। তৎপরে দুগ্ধযুক্ত ঘৃতদ্বারা দেবীর তর্পণ করিবে। অনন্তর দধি, পিষ্টক ও মধুযুক্ত পায়স বলি প্রদানকরিবে। এই বিধানানুসারে আরাধনা করিলে সাধক সাক্ষাৎ কুবেরতুল্য হইতে পারে। এই মন্ত্র জপকরিয়া ত্রিমধুযুক্ত শ্বেতসর্ষপদ্বারা হোম করিলে ত্রিজগৎ বশীভূত করিতে পারে। পদ্মদ্বারা হোম করিলে মহতী সম্পত্তি লাভকরিয়া থাকে। এই বিদ্যার আরাধনায় ত্রিভুবনে কিছুই দুর্লভ থাকে না। নারদ! স্নেহবশতঃ এই গোপনীয় বিদ্যা তোমার নিকট বলিলাম এই বিদ্যা সাধারণের নিকট প্রকাশকরিবে না। এই বিদ্যোৎপত্তির কারণ তোমাকে বলিলাম, ইহা অতিগোপনীয়। হে দ্বিজ! এই মন্ত্র ও সাধনপ্রণালী বিষ্ণু আমাকে বলিয়াছেন, আমি তোমাকে বলিলাম। যদি কোন ব্যক্তি এই মন্ত্রে সিদ্ধ হইয়া মূর্খ ব্যক্তির মস্তকে হস্তস্থাপনপূর্ব্বক উক্ত মন্ত্র জপকরে, তাহা হইলে সেই মূর্খ ব্যক্তিও পণ্ডিতের ন্যায় অনর্গল গদ্যপদ্যময়ী বাণী বলিতে পারে॥

অথ কাত্যায়নীকল্পঃ। ভগবানুবাচ। অতিগুহ্যতরং মন্ত্রং পৃষ্টবত্যসি পার্ব্বতি। ভক্তি-ভাবেন তে দেবি কথয়ামি শুচিস্মিতে। প্রসন্নতাং যদা যাতি দেবী কাত্যায়নী তদা। কবিতা-মণ্ডলৈশ্বর্য্যং দদাতি পদমুত্তমং। স্ত্রিয়া আকর্ষণঞ্চৈব মারণোৎসাদনে রিপোঃ। নৃপাণাং বশ্যতা চৈব জায়তে চ তথা প্রিয়ে। কথয়ামি তথা সর্ব্বং ভক্ত্যা কলয় মদ্বচঃ। আদৌ শৃণু মহামন্ত্রং বাগ্‌ভবাদি নমোঽন্তকং। বহ্ন্যাসনং শিবং বান্তং বিন্দুশান্তিবিভূষিতং। চকারং বিন্দুনা যুক্তং চতুর্দ্দশস্বরান্বিতং। ঙেযুতা চণ্ডিকা চৈব মন্ত্রঃ প্রোক্তো দশাক্ষরঃ। চিন্তামণিরিতি খ্যাতো মায়াদ্যাপি বিচিন্ত্যতে। দেবতা চণ্ডিকা ছন্দো গায়ত্রী কপিলোমুনিঃ। লক্ষমেকং জপেন্মন্ত্রং দশাংশং জুহুয়াত্ততঃ। মাতৃকোক্তে যজেৎ পীঠে বীজেনাঙ্গক্রিয়া মতা। আদাবঙ্গানি সংপূজ্য শস্ত্রপূজা ততঃ পরং। লোকপালাস্ততঃ পূজ্যাস্তেষা মস্ত্রাণি তদ্বহিঃ। ডাকিনী যোগিনী চৈব খেচরী রাকিণী তথা। দিক্ষু পূজ্যা ইমা দেব্যঃ স্থসিদ্ধাঃ ফলদায়িকাঃ। ততোধ্যানং। সব্যপাদসরোজেনালঙ্কৃতোরুমৃগাধিপং। বামপাদাগ্রদলিত-মহিষাসুরনির্ভরাং। সুপ্রসন্নাং সুবদনাং চারুনেত্রত্রয়ান্বিতাং। হারনূপুরকেয়ূরজটামুকুট-মণ্ডিতাং। বিচিত্রপট্টবসনা-মর্দ্ধচন্দ্রবিভূষিতাং। খড়্গখেটকবজ্রাণি ত্রিশূলং বিশিখং তথা। ধারয়ন্তীং ধনুঃ পাশং শঙ্খং ঘণ্টাং সরোরুহং। বাহুভির্ললিতৈর্দ্দেবীং কোটিচন্দ্রসমপ্রভাং। সমাবৃতৈর্দ্দিবিসদৈর্দ্দেবৈরাকাশসংস্থিতৈঃ। স্তূয়মানাং মোদমানৈর্লোকপালাদিভিঃ সদা।

অনন্তর কাত্যায়নীকল্প কথিত হইতেছে। ভগবান্ বলিলেন, পার্ব্বতি তুমি অতিগোপনীয় মন্ত্র আমাকে জিজ্ঞাসা করিয়াছ। আমি তোমার ভক্তি দর্শনকরিয়া বলিতেছি। যে সময়ে কাত্যায়নীদেবী প্রসন্না হন, তখন দেবী সাধককে অতুল ঐশ্বর্য্য ও কবিশক্তি প্রদানকরিয়া থাকেন। এই মন্ত্রের সাধনবলে স্ত্রীর আকর্ষণ, শত্রুর মারণ ও উচ্চাটন এবং রাজার বশীকরণ সিদ্ধি হয়। দেবি! আমি তোমার নিকট কাত্যায়নীকল্প বলিতেছি, তুমি ভক্তিপূর্ব্বক আমার বাক্য শ্রবণ কর। কাত্যায়নী মন্ত্রের আদিতে ঐং এইবীজ এবং অন্তে নমঃশব্দ, মধ্যে হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ এইমন্ত্র। ইহাতে ঐং হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ এইমন্ত্র হইল। এই দশাক্ষর মন্ত্র চিন্তামণি স্বরূপ। হ্রীং হ্রীং শ্রীং চৌং চণ্ডিকায়ৈ নমঃ ইহাও একটী কাত্যায়নী মন্ত্র। এই মন্ত্রের দেবতা চণ্ডিকা দেবী, ছন্দঃ গায়ত্রী এবং ঋষি কপিল। এই মন্ত্র একলক্ষ জপ ও দশসহস্র হোম করিলে পুরশ্চরণ হয়। মাতৃকাযন্ত্রে এইদেবতার পূজা করিতে হইবে। মূলবীজে এইদেবতার করাঙ্গন্যাস করিবে। আদিতে অঙ্গপূজা করিয়া দেবীর অস্ত্র পূজাকরিবে। তৎপরে লোকপাল পূজাকরিয়া তদ্বাহ্যে তাহাদিগের অস্ত্রপূজা করিতে হইবে। পূর্ব্বাদি চতুর্দ্দিকে ডাকিনী যোগিনী, খেচরী ও শাকিনী এইসকল দেবীর পূজাকরিলে দেবীগণ শীঘ্র ফলপ্রদান করিয়া থাকেন। কাত্যায়নী দেবীর আকার এইরূপ—ইনি দক্ষিণ পাদপদ্মদ্বারা মৃগরাজকে অলঙ্কৃত করিয়া বামপদের নির্ভরে মহিষাসুরকে বিদলিত করিতেছেন। দেবী প্রসন্নবদনা ও সুচারু নেত্রত্রয়ে বিভূষিতা, এবং হার, নূপুর, কেয়ূর, জটা, মুকুট প্রভৃতি অলঙ্কারে অলঙ্কৃতা, ইহার পরিধান বিচিত্র পট্টবস্ত্র ও কপালে অর্দ্ধচন্দ্র। খড়্গ, খেটক, বজ্র, ত্রিশূল, বাণ, ধনুঃ, পাশ, শঙ্খ, ঘণ্টা, ও পদ্ম, দেবীর দশহস্তে উক্ত দশবিধ অস্ত্র আছে, কোটিচন্দ্রসম দেবীর দেহপ্রভা। আকাশস্থ দেবগণ সর্ব্বদা ইহাকে আবৃত করিয়া রহিয়াছেন। লোকপালগণ সহর্ষচিত্তে সর্ব্বদা স্তব করিতেছেন। এইরূপে দেবীর

এবং সংচিন্তয়েদ্দেবীং জায়তে নরপুঙ্গবঃ। ক্ষত্রিয়েষু যথা রামোদেবেষু চ পুরন্দরঃ। ভুজঙ্গেষু যথা তার্ক্ষ্যঃ ক্রূরকার্য্যে যথা শনিঃ। শকুন্তেষু যথা শ্যেনো মন্ত্রজ্ঞো বলবাংস্তথা। ইদন্তে পরমং গুহ্যং সংক্ষেপাৎ কথিতং ময়া। ইদানীং জপহোমানাং বিধানঞ্চ শৃণু প্রিয়ে। মন্ত্রোঽয়ং চিন্ত্যতে দেবি সভায়াং পুরতো যদি। কোটিসূর্য্যপ্রতীকাশো দৃশ্যতে বাদিভিস্তথা। পলায়ন্তে মহাদেবি সাধ্বসেন ক্ষণান্ততঃ। ইষে মাস্যসিতে পক্ষে নবম্যা-মারভেজ্জপং। সহস্রং প্রত্যহং কৃত্বা সংপ্রাপ্য নবমীং সিতাং। বিজয়ং খড়্গমাদায় পূজয়িত্বা যথা বিধি। অর্দ্ধরাত্রে বলিং দত্ত্বা প্রাতর্যাত্রাং সমাচরেৎ। রণভূমিং সমাসাদ্য সহস্রং প্রজপেন্মনুং। তং দৃষ্ট্বা পুরুষং দেবি হৃৎক্ষোভো জায়তে রিপোঃ। সদূতং যমমায়াতং মন্যমানা নরাধিপাঃ। পলায়ন্তে মহাদেবি নাত্র কার্য্যা বিচারণা। শুক্লাম্বরধরো মৌনী ব্রহ্মচারি ব্রতে স্থিতঃ। শুক্লবর্ণাং মহাদেবীং ধ্যাত্বা শুক্লবিভূষণাং। সহস্রং মাসমেকন্তু জপেন্নিত্যং যথাবিধি। মালতীবকুলৈঃ কুন্দৈর্ম্মন্ত্রী মধুরসংযুতৈঃ। সহস্রত্রিতয়ং হুত্বা বাগীশো-জায়তেঽচিরাৎ। হেলয়া কবিতাং দেবি বিশদাং কুরুতে দ্রুতং। জপং যা কুরুতে নিত্যং শতশো বৎসরাবধি। বন্ধ্যাপি লভতে পুত্রং কার্ত্তিকেয়পরাক্রমং। দুর্ভগা চ ভবেৎ পত্যুঃ সুভগাতিমনোরমা। রূপং বিচিন্ত্য পূর্ব্বোক্তং লক্ষং জপ্ত্বাযুতং ততঃ। নীলোৎপলৈঃ

রূপ চিন্তাকরিবে। যেমন রাজন্যবর্গের মধ্যে রামচন্দ্র, অমরগণের মধ্যে পুরন্দর, ভুজঙ্গগণ সমীপে গরুড়, ক্রূর কার্য্যবিষয়ে শনিগ্রহ, পক্ষিগণের মধ্যে শ্যেনপক্ষী শ্রেষ্ঠ, তেমন কাত্যায়নী মন্ত্রাভিজ্ঞ ব্যক্তি সর্ব্বমনুষ্যের মধ্যে প্রাধান্য পদ প্রাপ্ত হয়। এই পরমগুহ্যমন্ত্র ও সাধনপ্রণালী সংক্ষেপে বলিলাম্। প্রিয়ে! ইদানীং জপ হোমাদির বিধান বলিতেছি শ্রবণকর। দেবি! যে ব্যক্তি সভাতে এই কাত্যায়নীমন্ত্র জপকরে, তাহাকে প্রতিপক্ষগণ কোটিসূর্য্যের ন্যায় তেজীয়ান্ দর্শন করিয়া তৎক্ষণাৎ সভার সেই স্থান হইতে পলায়ন করে। আশ্বিনমাসের কৃষ্ণপক্ষীয় নবমীতিথিতে আরম্ভ করিয়া শুক্লপক্ষীয় নবমীপর্য্যন্ত প্রতিদিন একসহস্র মন্ত্র জপ করিলে সাধক বিজয় খড়্গ লাভ করে। সাধক রণযাত্রার পূর্ব্বদিবসে যথাবিধি পূজা করিয়া অর্দ্ধরাত্রি সময়ে বলিপ্রদানপূর্ব্বক পরদিন প্রাতঃকালে যুদ্ধার্থ যাত্রা করিবে এবং রণক্ষেত্রে উপস্থিত হইয়া উক্ত কাত্যায়নীমন্ত্র এক সহস্রবার জপ করিবে। এইরূপ করিলে তাহাকে দর্শনমাত্র শত্রুবর্গের হৃদয়ে ক্ষোভ উপস্থিত হয়। হে মহাদেবি! যে ব্যক্তি এইরূপে সাধন করে, তাহাকে দর্শন করিলে দূতবর্গে পরিবেষ্টিত যমের ন্যায় জ্ঞান করিয়া রাজবর্গ পলায়নকরে। সাধক শুক্লবর্ণবস্ত্র পরিধান করিয়া মৌনাবলম্বনপূর্ব্বক ব্রহ্মচারীর ন্যায় সংযতচিত্ত হইয়া শুক্লবর্ণা শুক্লবিভূষণা মহাদেবীকে ধ্যানকরিয়া একমাস পর্য্যন্ত প্রতিদিন একসহস্র জপকরিবে। পরে মালতীকুসুম কিম্বা কুন্দপুষ্পদ্বারা ত্রিমধু সহযোগে তিন সহস্র হোমকরিলে সাধক অচিরে বাগীশ্বর হইয়া থাকে। সে অনায়াসে বিশদকবিতা রচনাতে সক্ষম হয়। এক বৎসরপর্য্যন্ত প্রতিদিন একশত করিয়া জপকরিলে বন্ধ্যা নারী কার্ত্তিকেয়ের তুল্য রূপবান ও পরাক্রমশালী পুত্র লাভকরে এবং দুর্ভগা কামিনী পতির সৌভাগ্য বৃদ্ধিকরিয়া তাহার প্রণয়ভাজন হইয়া থাকে। পূর্ব্বোক্ত প্রকারে দেবীর রূপ চিন্তা করিতে করিতে পূর্ব্বকথিতমন্ত্র একলক্ষ জপ করিয়া

সরোজৈর্ব্বা হুত্বা বৈশ্রবণায়তে। ব্যাঘ্রচর্ম্মপরীধানাং মুণ্ডমালাবিভূষিতাং। রক্তবর্তুলভীমাক্ষীং জিহ্বয়া লোলয়াসুরান্। চর্ব্বয়ন্তীং মহাকালীং কালরাত্রিরিবাপরাং। ক্ষোভয়ন্তীং জগৎ সর্ব্বং সসুরাসুরপর্ব্বতং। এবং ধ্যাত্বা জপেদ্দেবীং শ্মশানে বা চতুষ্পথে। সপ্তাহং ত্রিশতং কৃত্বা ব্রতস্থঃ স্থিরমানসঃ। এবং যো নিয়তং দেবি স রিপূন্নাশয়েদ্ধ্রুবং। অনেনৈব বিধানেন বলিং দদ্যাচ্চতুষ্পথে। দগ্ধমৎস্যং সরক্তান্নং পিণ্ডীকৃত্য সমাহিতঃ। আমমাংসং হরিদ্রাক্তং যং বিচিন্ত্য প্রদাপয়েৎ। সপ্তাহাল্লভতে শত্রুর্যমসদ্ম ন সংশয়ঃ। হরির্ব্বা শঙ্করো-ঘাপি ন শক্তো রক্ষিতুং কচিৎ। বলিমন্ত্রস্তু—উমাবীজযুগঞ্চাদৌ চামুণ্ডাবীজযুগ্মকং। কালি কালি পদঞ্চোক্ত্বা খাদয় দ্বিতয়ং ততঃ। বশীকুরু মহাসত্ত্বানাদিদ্বন্দ্বং পুনর্ব্বদেৎ। বহ্নিজায়াং ততঃ প্রোক্ত্বা বলিমন্ত্রঃ শুভাবহঃ। উমাবীজং হৃল্লেখাবীজং চামুণ্ডাবীজং শ্যামাবীজং। এণাজিনং পরিধায় উপবিশ্য নিজাঙ্গনে। আত্মানং ঘোররূপঞ্চ চিন্তয়িত্বা সমাহিতঃ। অঙ্গারকদিনে চৈব নিন্দিতাসু তিথিষ্বপি। পূজিতং খড়্গমাদায় নিশীথে বলিমাহরেৎ। প্রতার্য্য শোণিতঞ্চাস্য দদ্যাদ্দেব্যৈ যথাবিধি। অচ্ছেদ্যাভেদ্যকায়ঃ স্যাৎ রিপূণাং নাত্র সংশয়ঃ। মায়াবীজং সমুদ্ধৃত্য রমাবীজং ততঃ পরং। কাত্যায়নীপদং ঙেন্তং বহ্নের্ভার্য্যা ততঃ পরং। অষ্টাক্ষরী মহাবিদ্যা সর্ব্বকামফলপ্রদা। ধ্যানপূজাদিকং সর্ব্বং পূর্ব্ববচ্চ সমাচরেৎ॥ ইতি কাত্যায়নীকল্পঃ সমাপ্তঃ॥

নীলোৎপল অথবা পদ্মদ্বারা হোম করিলে সেই ব্যক্তি কুবেরের ন্যায় ধনাঢ্য হইতে পারে। কাত্যায়নী দেবী ব্যাঘ্রচর্ম্ম পরিধান করিয়া মুণ্ডমালায় বিভূষিত হইয়া আছেন, ইঁহার চক্ষুঃ রক্তবর্ণ, বর্তুলাকার ও ভয়ঙ্কর। ইনি লোলজিহ্বাদ্বারা অসুরগণকে চর্ব্বণকরিতেছেন, কাত্যায়নী দেবী মহাকালীরূপে অপর কালরাত্রির ন্যায় সসুরাসুর ও সপর্ব্বত ত্রিজগৎ বিক্ষোভিত করিতেছেন, সাধক এইপ্রকারে ধ্যানকরিয়া শ্মশানস্থানে অথবা চতুষ্পথমধ্যে উপবেশনপূর্ব্বক ব্রতাবলম্বী হইয়া স্থিরচিত্তে সপ্তাহপর্য্যন্ত প্রতিদিন তিনশত জপ করিবে। এইরূপে নিয়ত কার্য্য করিলে সে ব্যক্তি নিশ্চয় শত্রুবর্গ বিনাশ করিতে পারে। পরে বক্ষ্যমাণ বিধানে চতুষ্পথমধ্যে বলিপ্রদান করিবে। সাধক সংযত হইয়া দগ্ধ মৎস্য ও রক্তের সহিত অন্ন পিণ্ডাকার করিয়া তাহার সহিত হরিদ্রাক্ত আমমাংসদ্বারা যে ব্যক্তিকে চিন্তা করিয়া বলিপ্রদান করিবে, তাহার সেই শত্রু সপ্তাহমধ্যে যমসদনে গমনকরে। তাহাকে হরি কিম্বা হর কেহ রক্ষাকরিতে পারেন না। বলিপ্রদানের মন্ত্র এই—হ্রীঁ হ্রীঁ ক্রীঁ ক্রীঁ কালি কালি খাদয় খাদয় মহাসত্ত্বান বশীকুরু হ্রীঁ হ্রীঁ স্বাহা। এই মন্ত্রে বলিপ্রদান করিবে। হরিণচর্ম্ম পরিধান করিয়া নিজ অঙ্গনস্থানে উপবেশনপূর্ব্বক আপনাকে ভয়ঙ্কররূপী চিন্তা করিয়া কুজবারে ও নিন্দিত তিথিতে দেবীর পূজান্তে খড়্গদ্বারা অর্দ্ধরাত্রিসময়ে স্বীয় শরীরের রক্ত নিঃসারিত করিয়া যথাবিধি দেবীকে বলিপ্রদান করিবে। এইরূপ করিলে সেই ব্যক্তিকে শত্রুবর্গ বিনাশ করিতে পারে না। কাত্যায়নী দেবীর অন্য মন্ত্র এই—হ্রীঁ শ্রীঁ কাত্যায়ন্যৈ স্বাহা এই অষ্টাক্ষর মন্ত্র সাধকের সর্ব্বকামফলপ্রদ। পূর্ব্বোক্তনিয়মে এই মন্ত্রের পূজাদি কার্য্য করিবে।

অথ দুর্গামন্ত্রাঃ। বিশ্বসারে—অথ দুর্গামনুং বক্ষ্যে শৃণুষ কমলাননে। যস্যাঃ প্রসাদমাত্রেণ ভবেদ্গঙ্গাধরঃ স্বয়ং। থান্তবীজং সমুদ্ধৃত্য বামকর্ণাতিভূষিতং। ইন্দুবিন্দুসমাযুক্তং বীজং পরমদুর্ল্লভং। চতুর্ব্বর্গপ্রদং সাক্ষান্মহাপাতকনাশনং। একাক্ষরীসমা নাস্তি বিদ্যা ত্রিভুবনে প্রিয়ে। বিনা গন্ধৈর্ব্বিনা পুষ্পৈর্ব্বিনা হোমপুরঃসরৈঃ। বিনায়াসৈর্ম্মহাদেবি জপমাত্রেণ সিদ্ধিদা। মন্ত্রস্যাস্য ঋষির্দ্দেবি নারদঃ পরিকীর্ত্তিতঃ। গায়ত্রীচ্ছন্দ আখ্যাতং জগদ্ধাত্রী চ দেবতা। চতুর্ব্বর্গপ্রদা দুর্গা সর্ব্বসত্ত্বেষু সংস্থিতা। বিবিধা সা মহাবিদ্যা তৎ শৃণুষ গণেশ্বরি। কূর্চ্চাদ্যং বা জপেদ্বিদ্যাং তদন্তে বহ্নিসুন্দরী। লজ্জাদ্যাং বা জপেদ্বিদ্যাং ফড়ন্তাং বা জপেৎ সুধীঃ। বধূবীজযুতং বাপি স্বাহান্তাং বা জপেৎ পুনঃ। লক্ষ্ম্যাদ্যাং বা জপেদ্বিদ্যাং চতুর্ব্বর্গফলাপ্তয়ে। বাগ্‌ভবাদ্যাং জপেদ্বাপি প্রণবাদ্যাং জপেৎ পুনঃ। কামবীজাদিকাং বাপি ফড়ন্তাং বা জপেৎ সুধীঃ। ত্র্যক্ষরী বিবিধা বিদ্যা কথিতা ব্রহ্মণা পুরা। দীর্ঘস্বরসমাযুক্তনিজবীজানি পার্ব্বতি। বিন্যসেদাত্মনোদেহে হৃদয়াদিষু পূর্ব্ববৎ। পূর্ব্ববন্ন্যাসবর্গন্তু পূর্ব্ববৎ কর্ম্ম চাচরেৎ। কালীবদাচরেদ্বিদ্যাং জপেদ্বিদ্যামহর্নিশং। লক্ষদ্বাদশকৈর্দ্দেবি পুরশ্চরণমীরিতং যথাস্থানে যথাকালে যথাচারবিধানতঃ। প্রজপেৎ পরয়া ভক্ত্যা দুর্গাং দুর্গতিনাশিনীং। মৎস্যমাংসৈঃ সূপপূপৈর্ম্মৃগৈঃ শশকশল্লকৈঃ। পূজয়েৎ পরয়া ভক্ত্যা দুর্গাং দুর্গতিহারিণীং। স্বয়ম্ভুকুসুমৈঃ শুক্রৈঃ সুগন্ধিকুসুমান্বিতৈঃ। জবাযাবকসিন্দূরৈরক্তচন্দনসংযুতৈঃ। নানামাংসৈর্নানাদ্রব্যৈঃ পূজয়েৎ পরমেশ্বরীং। কাকৈঃ শুকৈঃ স্বমহিষৈশ্ছাগৈর্ম্মেষৈর্নরৈস্তথা।

অনন্তর দুর্গামন্ত্র কথিত হইতেছে। বিশ্বসারতন্ত্রে লিখিত আছে যে, ভগবান্ দেবীকে বলিয়াছেন, কমলাননে! আমি দুর্গামন্ত্র বলিব, শ্রবণ কর। এই দুর্গামন্ত্রপ্রভাবে স্বয়ং মহেশ্বর গঙ্গাধর হইয়াছেন। দূঁ এই একাক্ষর দুর্গামন্ত্র পরম দুর্ল্লভ ও ধর্ম্মার্থকামমোক্ষাত্মক চতুর্ব্বর্গপ্রদ। এই মন্ত্রে আরাধনা করিলে মহাপাতক বিনাশ হয়। ত্রিভুবনে একাক্ষরীতুল্য বিদ্যা আর নাই। গন্ধ, পুষ্প, ও হোম ব্যতিরেকেও জপমাত্র অনায়াসে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। দেবি এই মন্ত্রের ঋষি নারদ, ছন্দঃ, গায়ত্রী, দেবতা জগদ্ধাত্রী। দুর্গাদেবী সর্ব্বপ্রাণীর চতুর্ব্বর্গ প্রদান করেন। দুর্গাদেবীর মন্ত্র অনেক প্রকার আছে। এই সকল মন্ত্র বলিতেছি শ্রবণ কর। হূঁ দূঁ স্বাহা, হ্রীঁ দূঁ, দূঁ ফট, হ্রীঁ দূঁ, দূঁ স্বাহা, শ্রীঁ দূঁ, ঐঁ দূঁ, ওঁ দূঁ, ক্লীঁ দূঁ, ক্লীঁ দূঁ ফট্। এইরূপ বিবিধ মন্ত্র পূর্ব্বকালে ব্রহ্মা বলিয়াছেন। দাং হৃদয়ায় নমঃ, দীং শিরসে স্বাহা, দূং শিখায়ৈ বষট, দৈং কবচায় হুঁ, দৌং নেত্রত্রয়ায় বৌষট্, দঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এইরূপে দাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি প্রকারে স্বীয় দেহে করাঙ্গন্যাস করিয়া সামান্য বিধির লিখিত নিয়মে অন্যান্য ন্যাস করিবে। কালীপূজা পদ্ধতির লিখিত প্রণালী অনুসারে সমস্ত পূজাদি কার্য্য করিয়া দিবা ও রাত্রিতে এই মন্ত্র জপ করিবে। এই মন্ত্র দ্বাদশ লক্ষ জপ করিলে পুরশ্চরণ হয়। উপযুক্ত স্থানে বিহিত সময়ে শাস্ত্রোক্ত বিধি অনুসারে পরম ভক্তি সহকারে দুর্গতিবিনাশিনী দুর্গাদেবীর মন্ত্র জপ করিবে। মৎস্য, মাংস, সূপ, পূপ, মৃগ, শশক ও শল্লকীর মাংসাদি উপহার দ্বারা ভক্তিপূর্ব্বক দুর্গতিহারিণী দুর্গাদেবীকে অর্চ্চনা করিবে। সুগন্ধি কুসুমযুক্ত স্বয়ম্ভু কুসুম, শুক্র, রক্তচন্দন সমন্বিত জবাপুষ্প, যাবক, সিন্দূর নানাবিধ মাংস ও

গজৈ-রুষ্ট্রৈঃ খরৈর্গৃধ্রৈঃ পূজয়েদ্বিধিনামুনা। তদা ভবেন্মহাসিদ্ধির্নাত্র কার্য্যা বিচারণা। ধ্যানন্তু—সিংহস্কন্ধাধিরূঢ়াং নানালঙ্কারভূষিতাং। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীং। রক্তবস্ত্রপরীধানাং বালার্কসদৃশীতনুং। নারদাদ্যৈর্ম্মুনিগণৈঃ সেবিতাং ভবগেহিনীং। ত্রিবলীবলয়োপেতনাভিনালমৃণালিনীং। রত্নদ্বীপমহদ্দীপে সিংহাসনসমন্বিতে। প্রফুল্ল-কমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীং। দুর্গাযন্ত্রং প্রবক্ষ্যামি শৃণুষ্ব হরবল্লভে। ত্রিকোণং বিন্য-সেৎ পূর্ব্বং নবকোণসমন্বিতং। ত্রিবিম্বসহিতং কার্য্যং অষ্টপত্রসমন্বিতং। ত্রিরেখাসহিতং কার্য্যং রুদ্রভূপুরসংযুতং। সমীকৃত্য যথোক্তেন বিলিখেদ্বিধিনামুনা। নানাস্ত্রসংযুতং লেখ্যং চক্রং মন্ত্রসমন্বিতং। তত্র তাং পূজয়েদ্দেবীং মূলপ্রকৃতিরূপিণীং। পদ্মস্থাং পূজয়ে-

---

নানাবিধ দ্রব্যদ্বারা পরমেশ্বরীকে পূজা করিবে। কাক, শুক, মহিষ, ছাগ, মেষ, নর, গজ, উষ্ট্র, খর ও গৃধ্র এই সকলবলি প্রদান করিয়া এই বিধান ক্রমে পূজা করিবে। এইরূপে দুর্গা দেবীর আরাধনা করিলে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। এইরূপে দুর্গাদেবীর ধ্যান করিবে। দুর্গাদেবী সিংহের স্কন্ধে অধিরোহণ করিয়া বিবিধ বিভূষণে অলঙ্কৃত হইয়া আছেন। মহাদেবী চতুর্ভুজা, নাগনির্ম্মিতযজ্ঞোপবীতধারিণী, ইহার পরিধান রক্তবস্ত্র, শরীর তরুণ অর্কমণ্ডলের ন্যায় সমুজ্জল, ভবগেহিনীকে সর্ব্বদা নারদাদি মুনিগণ সেবা করিতেছেন। ইহার ত্রিবলী বলয় নাভিপদ্মের মৃণাল স্বরূপে শোভা পাইতেছে। দেবী রত্ননির্ম্মিত মহাদ্বীপে সিংহাসন সমন্বিত প্রফুল্ল কমলোপরি আরূঢ়া আছেন। এইরূপে ভবগেহিনীকে ধ্যান করিবে। অনন্তর দুর্গাযন্ত্র বলিব, হে হরবল্লভে! শ্রবণ কর। প্রথ-মতঃ ত্রিকোণ চক্র অঙ্কিত করিয়া তাহার সহিত নবকোণযুক্ত চক্র অঙ্কিত করিবে। তাহার বহির্ভাগে ত্রিরেখা সমন্বিত অষ্টদলপদ্ম, তদ্বাহ্যে ভূপুর অঙ্কিত করিবে। এই প্রকার যন্ত্র নির্ম্মাণ করিতে হইবে, যেন যন্ত্রের কল ভাগ সমান হয়। যন্ত্রমধ্যে দেবীর মূল মন্ত্র লিখিয়া তাহাতে মূলপ্রকৃতিরূপিণী দুর্গা দেবীর পূজা

দুর্গাং সিংহপৃষ্ঠে নিষেদুষীং। প্রভাদ্যাঃ শক্তয়ঃ পূজ্যা গন্ধাদ্যৈর্নবকোণকে। প্রভা মায়া জয়া সূক্ষ্মা বিশুদ্ধা নন্দিনী পুনঃ। সুপ্রভা বিজয়া সর্ব্বসিদ্ধিদা নব শক্তয়ঃ। হ্রীমাদ্যাঃ পূজয়েত্তাস্ত গন্ধচন্দনবারিণা। ওঁকারং পূর্ব্বমুচ্চার্য্য হ্রীংকারং তদনন্তরং। যথা পদং চতুর্থ্যন্তং পূজয়েৎ ক্রমতঃ প্রিয়ে। শঙ্খপদ্মনিধী দেব্যা বামদক্ষিণয়োগতঃ। পূজয়েৎ পরয়া ভক্ত্যা রক্তচন্দনপূর্ব্বকৈঃ। অর্ঘ্যদানং সদা কুর্য্যাৎ পূজান্তে পর্ব্বতাত্মজে। অঙ্গাবৃত্য পুনঃ পূজ্যা পত্রকোণেষু মাতরঃ। বজ্রাদ্যায়ুধসংযুক্তা ভূপুরে লোকপালকাঃ। ইতি দুর্গামন্ত্রাঃ॥

অথ বিশালাক্ষীমন্ত্রাঃ। আদিযামলে ঈশ্বর-উবাচ।—ধ্রুবমাদ্যং সমুদ্ধৃত্য মায়াবীজং সমুদ্ধরেৎ। বিশালাক্ষীপদং ঙেহন্তং হৃদন্তং মন্ত্রমুদ্ধরেৎ। অষ্টাক্ষরী মহাবিদ্যা অষ্টসিদ্ধিপ্রদা শিবে। প্রসঙ্গাৎ কথিতা বিদ্যা ত্রৈলোক্যদুর্ল্লভা প্রিয়ে। ঋষিরস্য মহেশানি সদাশিবোমহাপ্রভুঃ। পঙ্‌ক্তিশ্ছন্দশ্চ কথিতং বিশালাক্ষী চ দেবতা। শক্তিঃ প্রণবমিত্যুক্তং লজ্জাবীজঞ্চ বীজকং। ধর্ম্মার্থকামমোক্ষেষু বিনিয়োগঃ প্রকীর্ত্তিতঃ। অঙ্গন্যাসকরন্যাসৌ যথাবদভিধীয়তে। ষড়্‌দীর্ঘভাজা বীজেন প্রণবাদ্যেন কল্পয়েৎ। বাক্যন্তু ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি। মূলেন ব্যাপকং ন্যস্য ধ্যায়েদ্দেবীং পরাং শিবাং। ধ্যায়েদ্দেবীং বিশালাক্ষীং তপ্তজাম্বূনদপ্রভাং। দ্বিভুজামম্বিকাং চণ্ডীং খড়্গখেটকধারিণীং। নানালঙ্কারসুভগাং রক্তাম্বরধরাং শুভাং। সদা ষোড়শবর্ষীয়াং প্রসন্নাস্যাং ত্রিলোচনাং। মুণ্ডমালাবলীরম্যাং পীনো-

---

করিবে। সিংহপৃষ্ঠে পদ্মোপরি উপবিষ্টা দুর্গা দেবীর পূজা করিয়া গন্ধাদি উপহারে প্রভাদি শক্তির পূজা করিতে হইবে। ওঁ হ্রীঁ প্রভায়ৈ নমঃ ইত্যাদি রূপে পূজাকরিবে। পরে দেবীর বামে শঙ্খনিধি ও দক্ষিণে পদ্মনিধির পূজা করিতে হইবে। পূজার অবসানে দেবীকে অর্ঘ্য প্রদানকরিয়া পুনর্ব্বার ষড়ঙ্গ পূজা করিবে এবং পত্রের কোণে ব্রাহ্মীপ্রভৃতি অষ্টমাতৃকার পূজা করিয়া ভূপুরে ইন্দ্রাদি লোকপাল ও বজ্রাদি অস্ত্রের পূজা পুরঃসর পূজাকার্য্য সমাপন করিবে॥

অনন্তর বিশালাক্ষীমন্ত্র কথিত হইতেছে, আদিযামলে ঈশ্বর বলিয়াছেন, ওঁ হ্রীঁ বিশালাক্ষ্যৈ নমঃ, শিবে! এই অষ্টাক্ষর মন্ত্র সাধককে অষ্টসিদ্ধি প্রদান করে। আমি প্রসঙ্গতঃ ত্রিভুবনের দুর্ল্লভ এই মহামন্ত্র বলিলাম। এই মন্ত্রের ঋষি সদাশিব, ছন্দঃ পংক্তি, দেবতা বিশালাক্ষী, বীজ ওঁ, শক্তি হ্রীঁ, ধর্ম্মার্থকামমোক্ষাত্মক চতুর্ব্বর্গলাভে এই মন্ত্রের প্রয়োজন। এইক্ষণ উক্ত মন্ত্রের অঙ্গন্যাস ও করন্যাস কথিত হইতেছে। ওঁ হ্রাং হৃদয়ায় নমঃ, ওঁ হ্রীঁ শিরসে স্বাহা, ওঁ হ্রূঁ শিখায়ৈ বষট্, ওঁ হ্রৈঁ কবচায় হুঁ, ওঁ হ্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্ এবং ওঁ হ্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ হ্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ হ্রূঁ মধ্যমাভ্যাং বষট্, ওঁ হ্রৈঁ অনামিকাভ্যাং হুঁ, ওঁ হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্॥ তৎপরে মূলমন্ত্রে ব্যাপকন্যাস করিয়া বিশালাক্ষী দেবীর ধ্যান করিবে। বিশালাক্ষী দেবী প্রতপ্ত সুবর্ণের ন্যায় বর্ণবিশিষ্টা, দ্বিভুজা, কোপনস্বভাবা ও খড়্গধারিণী। ইনি নানাপ্রকার অলঙ্কারে বিভূষিতা, রক্তবস্ত্রপরিধারিণী; সর্ব্বদা ষোড়শ

স্নতপয়োধরাং। শবোপরি মহাদেবীং জটামুকুটমণ্ডিতাং। শত্রুক্ষয়করীং দেবীং সাধকাভীষ্ট-দায়িকাং। সর্ব্বসৌভাগ্যজননীং মহাসম্পৎপ্রদাং স্মরেৎ। এবং ধ্যাত্বা মহাদেবীমুপচারৈঃ প্রপূজয়েৎ। পুরশ্চরণকালে তু বর্ণলক্ষং জপেৎ সুধীঃ। যন্ত্রমধ্যে সমাবাহ্য প্রতিষ্ঠাং কারয়েত্ততঃ। ত্রিকোণং চাষ্টপত্রঞ্চ ততো বৃত্তং সমালিখেৎ। চতুরস্রং চতুর্দ্বারমেবং মণ্ডলমা-

বিশালাক্ষী যন্ত্রং।

লিখেৎ। তত্রাবাহ্য যজেদ্দেবীং সর্ব্বসৌভাগ্যসুন্দরীং। বিশালাক্ষীং বিশালাস্যাং যথাবিধি প্রপূজয়েৎ। ত্রিকোণান্তর্ম্মহাদেবীং সংপূজ্য মাতরঃ ক্রমাৎ। পঙ্কজাক্ষী বিরূপাক্ষী রক্তাক্ষী চ সুলোচনা। একনেত্রা দ্বিনেত্রা চ কোটরাক্ষী ত্রিলোচনা। এতাঃ পূজ্যা মহেশানি পত্রাগ্রেষ্বষ্টযোগিনীঃ। পশ্চিমাদিক্রমেণৈব অষ্টসিদ্ধিস্বরূপিণীঃ। চতুরস্রে মহাদেবি লোক-

---

বর্ষীয়া যুবতীর ন্যায় সুদৃশ্যা, বিশালাক্ষী দেবীর বদন প্রসন্ন, ত্রিনয়ন; গলাতে মুণ্ডমালাবলী আছে। স্তনযুগল স্থূল ও উন্নত। ইনি শবোপরি উপবিষ্টা, জটা ও মুকুটে সুশোভিতা,। দেবী সাধকের শত্রু বিনাশকরিয়া অভীষ্ট-বর প্রদান করেন এবং সর্ব্ববিষয়ে সৌভাগ্য ও সর্ব্বসম্পত্তি অর্পণকরিয়া থাকেন। এই প্রকারে ধ্যান করিয়া যথাসম্ভব উপচারদ্বারা সামান্যপূজাপদ্ধতির নিয়মানুসারে পূজা করিবে। এই মন্ত্রের পুরশ্চরণকালে অষ্টলক্ষ জপ করিতে হয়। এইক্ষণ বিশালাক্ষীদেবীর যন্ত্র কথিত হইতেছে। প্রথমতঃ ত্রিকোণ অঙ্কিত করিয়া তদ্বাহ্যে অষ্টদলপদ্ম, বৃত্ত, চতুরস্র ও চতুর্দ্বার অঙ্কিত করিয়া যন্ত্র প্রস্তুত করিবে। এই যন্ত্রে সর্ব্বসৌভাগ্যদায়িনী বিশালাক্ষী দেবীকে আবাহন করিয়া যথাবিহিত পূজা করিবে। ত্রিকোণমধ্যে মহাদেবীর পূজা করিয়া ব্রাহ্মীপ্রভৃতি অষ্টমাতৃকার পূজা করিবে। তৎপরে ওঁ পঙ্কজাক্ষ্যৈ নমঃ এইরূপে বিরূপাক্ষী, রক্তাক্ষী, সুলোচনা, একনেত্রা, দ্বিনেত্রা, কোটরাক্ষী ও ত্রিলোচনা এই সকল দেবতার পূজা করিয়া পত্রাগ্রে পশ্চিমাদিক্রমে অষ্টসিদ্ধিস্বরূপিণী অষ্টযোগিনীর পূজা করিতে হইবে। চতুরস্রে ইন্দ্রাদিলোকপালের পূজা করিয়া তাহার বহির্ভাগে বজ্রাদি অস্ত্রের পূজা করিবে।

পালান্ সমর্চ্চয়েৎ। তদ্বহিশ্চৈব বজ্রাদ্যান্ পূজয়েদ্ভাগ্যহেতবে। ততো যথাশক্তি জপ্ত্বা পূর্ব্ববচ্চ সমাচরেদিতি ॥

অথ গৌরীমন্ত্রাঃ। তন্ত্রে—হ্রীঁ গৌরি রুদ্রদয়িতে যোগেশরি সবর্ম্ম ফট্। দ্বিঠান্তঃ ষোড়শার্ণোঽয়ং মন্ত্রঃ সদ্ভিরুদাহৃতঃ। অস্য পূজা। প্রাতঃ কৃত্যাদি প্রাণায়ামান্তং কর্ম্ম সমাপ্য ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা—শিরসি পর্ব্বতঋষয়ে নমঃ। মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি শ্রীগৌর্য্যৈ দেবতায়ৈ নমঃ। ততঃ করাঙ্গন্যাসঃ। হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি। হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদি। ততো ধ্যানং। হেমাভাং বিভ্রতীং দোর্ভি-র্দ্দর্পণাঞ্জনসাধনে। পাশাঙ্কুশৌ সর্ব্বভূষাং তাং গৌরীং সর্ব্বদা ভজে। এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য শঙ্খস্থাপনাদি পীঠমন্বন্তং সংপূজ্য পুনর্ধ্যাত্বাবাহ্য দেবীং পূজয়েৎ। ততোঽগ্ন্যাদিকোণেষু হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদিনা ষড়ঙ্গানি পূজয়েৎ। পত্রেষু পূর্ব্বাদি ও সুভগায়ৈ নমঃ এবং রতি-কামিনী কামদায়িনী। পাশাঙ্কুশদর্পণাঞ্জনশলাকাঃ পূজয়েৎ। তদ্বহিরিন্দ্রাদীন্ বজ্রা-দীংশ্চ পূজয়েৎ। ততো ধূপাদিবিসর্জ্জনান্তং কর্ম্ম সমাপয়েৎ। অস্য পুরশ্চরণং লক্ষজপঃ। আজ্যেন দশাংশহোমঃ। তথাচ—লক্ষমেকং জপেন্মন্ত্রং হবিষ্যাশী জিতেন্দ্রিয়ঃ। দশাংশং হোময়েদাজ্যৈঃ পুরশ্চরণসিদ্ধয়ে। ফলন্তু—গন্ধপুষ্পাঞ্জনভক্ষ্যচন্দনাদি মূলমন্ত্রাভিমন্ত্রিতং।

এইরূপ পূজা করিলে সাধকের সৌভাগ্য বৃদ্ধি হয়। তৎপরে যথাশক্তি মূলমন্ত্র জপ করিয়া জপ সমাপনান্তে পূর্ব্ববৎ ধূপাদিবিসর্জ্জনান্ত কর্ম্ম সমাপন করিয়া পূজাসাঙ্গ করিবে ॥

অনন্তর গৌরীমন্ত্র ও পূজাপ্রণালী কথিত হইতেছে। তন্ত্রে লিখিত আছে যে, হ্রীঁ গৌরি রুদ্রদয়িতে যোগেশ্বরি হুঁ স্বাহা। এই ষোড়শাক্ষর মন্ত্র সাধুজনকর্ত্তৃক কথিত আছে। এই মন্ত্রের পূজাপদ্ধতি এই—সামান্তবিধির নিয়-মানুসারে প্রাতঃকৃত্যাদিপ্রাণায়ামান্ত কর্ম্ম করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। মূলের লিখিত মন্ত্রে ঋষ্যাদিন্যাস করিয়া হ্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ হ্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা, হ্রূঁ মধ্যমাভ্যাং বষট্, হ্রৈঁ অনামিকাভ্যাং হুঁ, হ্রৌঁ কনিষ্ঠাভ্যাং বৌষট্ হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্ এবং হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীঁ শিরসে স্বাহা, হ্রূঁ শিখায়ৈ বষট্, হ্রৈঁ কবচায় হুঁ, হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, পৃষ্ঠাভ্যাং ফট্ এইরূপে করাঙ্গন্যাস করিবে। তৎপরে ধ্যান করিতে হইবে। গৌরীদেবী সুবর্ণবর্ণা, ইনি হস্তদ্বয়ে দর্পণ ও অঞ্জনশলাকা এবং অন্য হস্তদ্বয়ে পাশ ও অঙ্কুশ ধারণকরিয়াছেন, গৌরী দেবী সর্ব্বপ্রকার আভরণে অলঙ্কৃতা। এইরূপে ধ্যান করিয়া মানসোপচারে পূজা ও শঙ্খস্থাপন পূর্ব্বক পীঠদেবতার পূজা করিয়া পুনর্ব্বার ধ্যান আবাহনাদি পুরঃসর যথাবিধি পূজা করিবে। তৎপরে অগ্ন্যাদি কোণে হ্রাঁ হৃদয়ায় নমঃ ইত্যাদি ষড়ঙ্গপূজাকরিয়া পত্রেতে পূর্ব্বাদিক্রমে ওঁ সুভগায়ৈ নমঃ, ওঁ রত্যৈনমঃ, ওঁ কামিন্যৈ নমঃ ওঁ কামদায়িন্যৈ নমঃ এই মন্ত্রে পূজা করিবে। অনন্তর পাশ, অঙ্কুশ, দর্পণ ও অঞ্জন-শলাকা এই সকল দেবীর অস্ত্রের পূজা করিয়া তাহার বহির্ভাগে ইন্দ্রাদিলোকপাল ও বজ্রাদি অস্ত্রের পূজাপুরঃসর ধূপাদিবিসর্জ্জনান্ত কর্ম্ম সমাপন করিবে। এক লক্ষ জপ করিলে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। এই মন্ত্রের পুরশ্চরণজপান্তে ঘৃতদ্বারা দশসহস্র হোম করিবে। তন্ত্রে লিখিত আছে যে সাধক হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইয়া পুরশ্চরণ সিদ্ধ্যর্থ এক লক্ষ জপ ও দশসহস্র হোম করিবে। এইরূপে দেবতার পূজা ও পুরশ্চরণ করিয়া মন্ত্রসিদ্ধি হইলে গন্ধ, পুষ্প, অঞ্জন ও কোন ভক্ষ্যদ্রব্য উক্ত মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া কোন

যস্মৈ কস্মৈ দীয়তে স বশ্যো ভবতি। তথা রাত্রৌ হরিদ্রয়া বামোরুমধ্যে প্রিয়স্ত্রীনামাভি-লিখ্য বামকরেণ পিধায় শতং সহস্রং বা জপন্নিষ্টাং স্ত্রিয়মাকর্ষয়তি। এতৎ পূজাদিকং সৌভাগ্যবশ্যসর্ব্বসম্পৎকরং॥

অথ ব্রহ্মশ্রীমন্ত্রঃ। স চ মন্ত্রদেবপ্রকাশিন্যাং। হৃল্লেখা নমস্কারাদি ব্রহ্মশ্রীঃ। অঙ্গ-ন্যাসশ্চ—রাজিতে রাজপূজিতে অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। জয়ে বিজয়ে গৌরি গান্ধারি তর্জ্জ-নীভ্যাং স্বাহা। ত্রিভুবনবশঙ্করি মধ্যমাভ্যাং বষট্। সর্ব্বলোকবশঙ্করি অনামিকাভ্যাং হুঁ। সর্ব্বস্ত্রীপুরুষবশঙ্করি কনিষ্ঠাভ্যাং বৌষট্। সুযুদ্ধদুর্ঘোষরাবে হ্রীং স্বাহা অস্ত্রায় ফট্। রাজিতে রাজপূজিতে হৃদয়ায় নমঃ। জয়ে বিজয়ে গৌরি গান্ধারি শিরসে স্বাহা। ত্রিভুবনবশঙ্করি শিখায়ৈ বষট্। সর্ব্বলোকবশঙ্করি কবচায় হুঁ। সর্ব্বস্ত্রীপুরুষবশঙ্করি নেত্রত্রয়ায় বৌষট্। সুযুদ্ধদুর্ম্মদরাবে হ্রীং স্বাহা অস্ত্রায় ফট্। ততোধ্যানং—অবিকলশশি-রাজন্মৌলিরাবদ্ধপাশাঙ্কুশরুচিরকরাব্জা বন্ধুজীবারুণাঙ্গী। অমরনিকরবন্দ্যা ত্রীক্ষণা শোনলেপাংশুককুসুমযুতা স্যাৎ সম্পদে পার্ব্বতী বঃ। অঙ্গৈরঙ্গৈর্লোকপালৈর্ম্মাতৃকাভি-স্ত্রীন্যাবরণানি। অস্য পুরশ্চরণমযুত জপঃ। পায়সেন দশাংশহোমঃ। মধুত্রয়যুতৈস্তিল তণ্ডুলৈর্লবণৈর্ব্বা দিনত্রয়ং সহস্রহোমঃ শীঘ্রবশঙ্করঃ। প্রাতঃকালে সূর্য্যমণ্ডলস্থাং দেবীং সংপূজ্য অষ্টোত্তরশতং জপন্ ত্রিভুবনবশ্যকরঃ॥

অথ ইন্দ্রমন্ত্রঃ। মন্ত্রদেবপ্রকাশিকায়াং—ইং ইন্দ্রায় হুৎ। অস্য ব্রহ্মাঋষিঃ পঙ্‌ক্তি-চ্ছন্দ ইন্দ্রোদেবতা ইং বীজং আয়েতি শক্তিঃ। বীজেনাঙ্গন্যাসঃ যথা—ইং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ

ব্যক্তিকে প্রদান করিলে সেই ব্যক্তি সাধকের বশীভূত হয়। এবং রাত্রিকালে বাম উরুতে হরিদ্রাদ্বারা অভিলষিত কামিনীর নাম লিখিয়া বামকরদ্বারা আচ্ছাদন করতঃ গৌরীমন্ত্র এক শত কিম্বা এক সহস্র জপ করিলে সেই অভিলষিত কামিনীকে আকর্ষণ করিতে পারে। এই দেবতার পূজাদি করিলে সৌভাগ্য ও সম্পৎ বৃদ্ধি হয়॥

অনন্তর ব্রহ্মশ্রীমন্ত্র কথিত হইতেছে। হ্রীঁ নমো ব্রহ্মশ্রীঃ, মন্ত্রদেবপ্রকাশিনীতে এই মন্ত্র কীর্ত্তিত আছে। এই মন্ত্রের করাঙ্গন্যাস মূলে বিশদরূপে লিখিত আছে, তদ্দৃষ্টে করাঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। এই দেবতার কপালে পূর্ণশশধর নিবদ্ধ আছে, হস্তে পাশ ও অঙ্কুশ ধারণ করিয়াছেন, ইহাঁর শরীর বন্ধুক-কুসুমের ন্যায় অরুণবর্ণ, এই দেবতাকে অমরগণ সর্ব্বদা সেবা করিয়া থাকেন। ইনি ত্রিনয়নবিশিষ্টা ও বিশুদ্ধরক্তবর্ণ কুসুমযুতা। এইরূপ পার্ব্বতী তোমাদিগের সম্পৎপ্রদান করেন, এই দেবতার আবরণপূজা এই—প্রথমতঃ ষড়ঙ্গপূজা, দ্বিতীয়তঃ ইন্দ্রাদি-লোকপালগণের অর্চ্চনা করিয়া তৃতীয়তঃ ব্রাহ্মীপ্রভৃতি মাতৃকার পূজা করিবে। এই মন্ত্রের পুরশ্চরণে দশসহস্র জপ ও পায়স অথবা ত্রিমধুমিশ্রিত তিলতণ্ডুল কিম্বা লবণদ্বারা একসহস্র হোম করিবে। এইরূপে তিনদিন হোম করিলে শীঘ্র বশীকরণ হইয়া থাকে। প্রাতঃকালে সূর্য্যমণ্ডলস্থা দেবীকে পূজাকরিয়া অষ্টোত্তরশত জপ করিলে ত্রিভুবন বশী-ভূত হয়॥

অনন্তর ইন্দ্রমন্ত্র ও তৎপূজাপদ্ধতি কথিত হইতেছে। মন্ত্রদেবপ্রকাশিনীগ্রন্থে লিখিত আছে যে, ইং ইন্দ্রায়

ইত্যাদি। ইং হৃদয়ায় নমঃ ইত্যাদি। ততোধ্যানং—পীতবর্ণং সহস্রাক্ষং বজ্রপদ্মকরং বিভুং। সর্ব্বালঙ্কারসংযুক্তং নৌমীন্দ্রং দিক্‌পতীশ্বরং এবং ধ্যাত্বাবাহ্য পূজয়েৎ। ততোঽগ্ন্যাদিকোণে মধ্যে দিক্ষু চ ইং হৃদয়ায় নমঃ ইত্যাদিনা ষড়ঙ্গেন পূজয়েৎ। ততঃ পত্রেষু পূর্ব্বাদিকং কাং কার্ত্তিকেয়ায় নমঃ এবং রং অগ্নয়ে যং যমায় ক্ষাং নৈর্ঋতায় বাং বরুণায় যং বায়বে সং সোমায় ঈং ঈশানায়। ততঃ ইন্দ্রাদীন্ বজ্রাদীংশ্চ পূজয়েৎ। অস্য পুরশ্চরণং লক্ষজপঃ। আজ্যেন তিলৈরযুতহোমঃ। অথ প্রয়োগঃ। চতুষ্কোণস্থপদ্মে নববস্ত্রবেষ্টিতং জলকুম্ভং স্থাপয়িত্বা গন্ধোদকেন সংপূর্য্য তত্র সপরিবারমিন্দ্রমারাধ্য সহস্রং জপ্ত্বা তজ্জলাভিষেকেণ ভ্রষ্টরাজ্যস্য রাজ্যপ্রাপ্তিরন্যেষাং পরমা শ্রীর্ভবতি॥

অথ গরুড়মন্ত্রঃ। সম্বর্ত্তকোনেত্রযুতঃ পার্শ্বস্তারাগ্নিসুন্দরী। গারুড়ো-মনুরাখ্যাতো-বিষদ্বয়বিনাশকঃ। স্মরন্ গরুড়-মাত্মানং মন্ত্রমেনং জপেন্নরঃ। বিষমালোকনেনৈব হন্যান্নাগকুলোদ্ভবং। অস্য পূজা—প্রাতঃকৃত্যাদি বৈষ্ণবোক্তপীঠমন্ত্রান্তং বিন্যস্য ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা—শিরসি রুদ্রঋষয়ে নমঃ মুখে পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ হৃদি পক্ষীন্দ্রায় দেবতায়ৈ

নমঃ এই মন্ত্রে ইন্দ্রদেবের পূজা করিবে। এই মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ পঙ্‌ক্তি, দেবতা ইন্দ্র, বীজ ইং শক্তি আয়। শিরসি ব্রহ্মণে ঋষয়ে নমঃ ইত্যাদিরূপে ঋষ্যাদিন্যাস করিয়া করাঙ্গন্যাস করিবে। ইং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ইং তর্জ্জনীভ্যাং স্বাহা, ইং মধ্যমাভ্যাং বষট্, ইং অনামিকাভ্যাং হুঁ, ইং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ইং করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ এবং ইং হৃদয়ায় নমঃ, ইং শিরসে স্বাহা, ইং শিখায়ৈ বষট্, ইং কবচায় হুঁ, ইং নেত্রত্রয়ায় বৌষট্, ইং করতল-পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। এইরূপে করাঙ্গন্যাস করিয়া ধ্যান করিবে। ইন্দ্রদেব পীতবর্ণ, সহস্রলোচন। ইঁহার এক হস্তে বজ্র ও অপর হস্তে পদ্ম আছে। এইরূপ সর্ব্বপ্রকার অলঙ্কারে বিভূষিত দিক্‌পতীশ্বর ইন্দ্রকে নমস্কার করি। এইরূপে ধ্যান ও আবাহন করিয়া যথাবিধি পূজা করিবে। তৎপরে অগ্ন্যাদিকোণে মধ্যে ও দিক্ চতুষ্টয়ে ইং হৃদয়ায় নমঃ ইত্যাদি রূপে ষড়ঙ্গ পূজাকরিয়া পত্রমধ্যে পূর্ব্বাদিক্রমে কাং কার্ত্তিকেয়ায় নমঃ ইত্যাদি মূলের লিখিত দেবগণের পূজা করিবে। তৎপরে ইন্দ্রাদি লোকপাল ও বজ্রাদি অস্ত্রের পূজা করিতে হইবে। একলক্ষ মন্ত্র জপ ও সঘৃত তিল-দ্বারা দশসহস্র হোম করিলে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। উক্ত মন্ত্রের বিশেষ প্রয়োগ এই—চতুষ্কোণ মণ্ডল মধ্যে অষ্টদল পদ্ম অঙ্কিত করিয়া সেই পদ্মোপরি নববস্ত্রবেষ্টিত কুম্ভ স্থাপন পূর্ব্বক গন্ধোদক দ্বারা সেই কুম্ভ পূর্ণ করিবে। অনন্তর সেই কুম্ভে সপরিবার ইন্দ্রদেবের পূজা করিয়া সহস্র সংখ্যক ইন্দ্রমন্ত্র জপপূর্ব্বক সেই জলদ্বারা অভিষেক করিবে। ইহার নাম ইন্দ্রাভিষেক। যাহাকে এইরূপে ইন্দ্রাভিষেক করা যায়, সেই ব্যক্তি রাজ্যভ্রষ্ট হইলেও পুনর্ব্বার তাহার রাজ্য লাভ হয় এবং অন্যান্য সাধকের পরম সম্পদ্ লাভ হয়॥

অনন্তর গরুড়মন্ত্র কথিত হইতেছে। ক্ষিপ ওঁ স্বাহা এই গরুড়মন্ত্র স্থাবর ও জঙ্গম এই দ্বিবিধ বিষ নিবারণ করে। যে ব্যক্তি গরুড়কে স্মরণ করিতে করিতে এই মন্ত্র জপ করে, সেই ব্যক্তি বিষপীড়িত ব্যক্তিকে দর্শন করিলে তৎক্ষণাৎ তাহার সেই সর্পাদিদংশনের বিষ বিনষ্ট হয়। উক্ত মন্ত্রের পূজা প্রণালী এই—প্রাতঃ কৃত্যাদি করিয়া বিষ্ণুপূজা পদ্ধতির লিখিত পীঠন্যাস করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। মস্তকে ওঁ রুদ্রঋষয়ে নমঃ, মুখে ওঁ পঙ্‌ক্তি ছন্দসে নমঃ, হৃদয়ে ওঁ পক্ষীন্দ্রায় দেবতায়ৈ নমঃ। গুহ্যে ও বীজায় নমঃ পাদদ্বয়ে স্বাহা শক্তয়ে নমঃ এইরূপে

নমঃ। প্রণবো বীজং স্বাহা শক্তিঃ। ততোঽঙ্গন্যাসঃ—জ্বলজ্বল মহামতি স্বাহা অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ গরুড়চূড়ামণে স্বাহা তর্জনীভ্যাং স্বাহা গরুড়শিখে স্বাহা মধ্যমাভ্যাং বষট্ গরুড় প্রভঞ্জ প্রভেদন প্রভেদন বিদ্রাবয় বিদ্রাবয় বিমর্দ্দয় বিমর্দ্দয় স্বাহা অনামিকাভ্যাং হুঁ ওঁ উগ্র-রূপধর সর্ব্ববিষহর ভীষয় ভীষয় সর্ব্বং দহ দহ ভস্মী কুরু কুরু স্বাহা কনিষ্ঠাভ্যাং ফট্। হৃদয়াদিষ্বেবং। ততঃ করদ্বয়াঙ্গুষ্ঠাদিকনিষ্ঠাঙ্গুলিষু মন্ত্রবর্ণান্ বিন্যস্য পাদকটিহৃদয়-বক্ত্রমূর্দ্ধসু পঞ্চবর্ণান্ ন্যসেৎ। ততোধ্যানং—বর্ম্মান্তর্বহ্নিযুগ্মাক্ষরকমল-গতং পঞ্চভূতাদ্য-বর্ণং কণ্ঠাকল্পং ফণীন্দ্রৈরভয়বরকরং পদ্মনেত্রং সুবক্ত্রং। তুণ্ডাহিচ্ছেদিতুণ্ডং স্মরদখিল-বিষপ্রোষণং প্রাণভূতং প্রাণশ্রেণ্যাং ত্রিবেদীতনুমমৃতময়ং পক্ষিরাজং ভজেঽহং। এবং ধ্যাত্বা মানসৈঃ সংপূজ্য শঙ্খস্থাপনং কৃত্বা বৈষ্ণবোক্তং পীঠমন্ত্রং পীঠং সংপূজ্য পুনর্ধ্যাত্বাবাহ্য রেফ-

গরুড় যন্ত্রং।

হৃদয়াদিন্যাস করিয়া জল জল মহামতি স্বাহা অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে করাঙ্গন্যাস করিবে। তৎপরে করদ্বয়ের অঙ্গুষ্ঠাদি অঙ্গুলীতে মন্ত্র বর্ণ বিন্যাস করিবে। যথা—অঙ্গুষ্ঠে ক্ষিং নমঃ, তর্জ্জনীতে পং নমঃ, মধ্য-মাতে ওঁ নমঃ অনামিকাতে স্বাং নমঃ, কনিষ্ঠাতে হাং নমঃ। এইরূপে পাদদ্বয়ে ক্ষিং নমঃ, কটিতে পং নমঃ, হৃদয়ে ওঁ নমঃ, মুখে স্বাং নমঃ, মস্তকে হাং নমঃ। এইরূপে ন্যাস করিয়া ধ্যান করিবে। গরুড়দেব স্বীয় যন্ত্রের কমলমধ্যে উপ-বিষ্ট, ঐ পদ্মের কর্ণিকাতে হুঁ এই বীজের মধ্যে ক্রৌং এই বীজ আছে। ফণীন্দ্রগণ তাঁহার আসন, একহস্তে অভয় মুদ্রা ও অপর হস্তে বরমুদ্রা। নেত্রযুগল পদ্মের ন্যায়, বক্ত্র অতিসুন্দর, তুণ্ডাগ্রে সর্পগণ ছেদন করিয়া থাকেন। গরুড়দেবকে স্মরণ করিলে সর্ব্বপ্রকার বিষ বিনাশ হয়। ইনি জীবগণের প্রাণস্বরূপ, ইহার শরীর অমৃতময়। এইরূপ পক্ষীরাজ গরুড়কে ভজনা করিবে। এই প্রকারে ধ্যানকরিয়া মানসোপচারে পূজা পুরঃসর শঙ্খস্থাপন করিবে। পরে গরুড়ের যন্ত্র অঙ্কিত করিয়া সেই যন্ত্রে গরুড়ের পূজা করিবে। যন্ত্র অঙ্কণ প্রণালী এই—কর্ণিকাতে

দ্বয়ং হুঁকারমধ্যস্থং ক্রকারৌকারবিন্দ্বাত্মক-বীজযুক্ত-কর্ণিকং স্বরদ্বন্দ্বাষ্টকেশরে কচটত পযশলাষ্টবর্গযুক্তাষ্টদলে মাতৃকাপদ্মে পক্ষিরাজং পূজয়েৎ। অঙ্গৈঃ প্রথমাবরণং অনন্ত-বাসুকি-তক্ষক-কর্কোটক-পদ্ম-মহাপদ্ম-শঙ্খ-কুলিকাষ্টনাগৈর্দ্বিতীয়ং ইন্দ্রাদিভি-স্তৃতীয়ং। অস্য পুরশ্চরণং পঞ্চলক্ষজপঃ। অথবা পুরশ্চরণার্থং মূলমযুতং প্রত্যেকমক্ষরসংখ্যসহস্রং মালামন্ত্রং জপেৎ। ঘৃতাক্তৈঃ কৃষ্ণপুষ্পৈর্দ্দশাংশহোমঃ। মালামন্ত্র উচ্যতে—ওঁ নমো ভগবতে গরুড়ায় কালাগ্নিবর্ণায় এহ্যেহি কালানল-লোলজিহ্বায় পাতয় পাতয় মোহয় মোহয় বিদ্রাবয় বিদ্রাবয় ভ্রম ভ্রম ভ্রাময় ভ্রাময় হন হন দহ দহ পচ পচ হুঁ ফট্ স্বাহা। ক্ষীরাব্ধিমধ্যে তত্রোৎপন্ন পূর্ব্বোক্তমাতৃকাক্ষরময়মমৃতাত্মকং শ্বেতবর্ণং বিচিন্ত্য তৎপদ্মে দষ্টং বিচিন্ত্য দষ্টস্য মূর্দ্ধ-বক্ত্র-হৃদয়-নাভিষু রং হং ঠং বমিতি বীজচতুষ্টয়ং অমৃতস্রাবীত্যেন সংচিন্ত্য দষ্টশিরস-উপরি চন্দ্রকান্তবর্ণং সুধাময়ং গরুড়ং ধ্যাত্বা তদ্ধস্তস্থিতামৃতপূরিত-শঙ্খনির্গলদমৃতধারয়া দষ্টং প্লাবয়ন্তং গরুড়ং ধ্যায়ন্ মন্ত্রং জপেৎ। এবং ধ্যানমাত্রেণ দষ্টো নির্ব্বিষঃ স সুখায় চিরং জীবেৎ। ওঁ নমো ভগবতে গরুড়ায় মহেন্দ্ররূপায় পাতয় পাতয় সংহর সংহর মোচয় মোচয় চালয় চালয় নির্ব্বিষং বিষমপ্যমৃতং চাহারসদৃশং রূপমিদং প্রাজ্ঞাপয়ামি স্বাহা নমঃ লল লল বর বর ছুন ছুন ক্ষিপ ক্ষিপ হর হর স্বাহা গরুড়মন্ত্রেণ মন্ত্রী গরুড়ো ভূত্বা স্থাবরবিষং ভক্ষিত-মপ্যমৃতং ভবতি কিঞ্চান্নপানাদিকমিতি। ইতি গরুড়মন্ত্রঃ॥

অথ গরুড়স্তবঃ। সুপর্ণং বৈনতেয়ঞ্চ নাগারিং নাগভীষণং। জিতান্তকং বিষান্তকঞ্চ অজিতং

হুঁ এই বীজের মধ্যে ক্রৌং এই বীজ লিখিয়া দুই দুইটি স্বর দ্বারা কেশর অঙ্কিত করিবে এবং অষ্টবর্গ দ্বারা অষ্টপত্র অঙ্কিত করিয়া যন্ত্র নির্ম্মাণ করিবে। তৎপরে আবরণ পূজা করিবে। ষড়ঙ্গপূজা প্রথম আবরণ, অনন্তাদি অষ্টনাগের পূজা দ্বিতীয় এবং ইন্দ্রাদিলোকপাল পূজা তৃতীয় আবরণ। একলক্ষ জপ করিলে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। অথবা পুরশ্চার্থ দশ সহস্র মূলমন্ত্র জপ করিয়া পঞ্চ সহস্র মালা মন্ত্র জপ করিবে। এবং ঘৃতাক্ত কৃষ্ণ পুষ্প দ্বারা জপসংখ্যার দশাংশ হোম করিতে হইবে। ওঁ নমো ভগবতে ইত্যাদি গরুড়দেবের মালামন্ত্র মূলে লিখিত আছে। ক্ষীর সাগরমধ্যে পূর্ব্বোক্ত মাতৃকা বর্ণময় শ্বেতবর্ণ গরুড়কে হৃৎপদ্ম মধ্যে চিন্তা করিয়া সর্পদষ্ট ব্যক্তির মস্তক, মুখ, হৃদয় ও নাভি পূর্ব্বোক্ত মন্ত্রে অভিমন্ত্রিত করতঃ বং হং ঠং রং এই বীজ চতুষ্টয়কে অমৃতস্রাবী চিন্তা করিতে করিতে সর্পদষ্ট ব্যক্তির মস্তকোপরি চন্দ্রকান্তবর্ণ সুধাময় গরুড়কে চিন্তা করিবে, পরে গরুড় নিজ হস্তস্থিত অমৃতপূর্ণ শঙ্খ হইতে গলিত অমৃত ধারায় সর্পদষ্ট ব্যক্তিকে আপ্লাবিত করিতেছেন এইরূপ চিন্তা করিয়া মন্ত্র জপ করিবে। এইপ্রকার কার্য্য করিলে তৎক্ষণাৎ বিষ পীড়িত ব্যক্তি নির্ব্বিষ হইয়া সুখে চিরকাল জীবিত থাকে। ওঁ নমো ভগবতে ইত্যাদি মন্ত্র পাঠকরিলে ভক্ষিত স্থাবর বিষ অমৃত তুল্য হয়। অন্ন বিষাক্ত অন্ন পানাদিও এই মন্ত্র পাঠে নিশ্চয় অমৃতবৎ হইয়া থাকে॥

অনন্তর গরুড়স্তব। সুপর্ণ, বিনতানন্দন, নাগশত্রু, সর্পভীষণ, শমনবিজয়ী, বিষান্তক, অজেয়, বিশ্ব-

বিশ্বরূপিণং। গরুড়স্তু খগশ্রেষ্ঠং তার্ক্ষ্যং কশ্যপনন্দনং। দ্বাদশৈতানি নামানি গরুড়স্য মহাত্মনঃ। যঃ পঠেৎ প্রাতরুত্থায় স্নানে বা শয়নেঽপি বা। বিষং নাক্রামতে তস্য ন চ হিংসন্তি হিংসকাঃ। সংগ্রামে ব্যবহারে চ বিজয়স্তস্য যায়তে। বন্ধনান্মুক্তিমাপ্নোতি যাত্রায়াং সিদ্ধিরেব চ ॥ ইতি গরুড়স্তোত্রং সমাপ্তং ॥

অথ হনুমৎকল্পঃ। দেব্যুবাচ। শৈবানি গাণপত্যানি শাক্তানি বৈষ্ণবানি চ। সাধনানি চ সৌরাণি চান্যানি যানি তানি চ। শ্রুতানি তানি দেবেশ ত্বদ্‌বক্ত্রান্নিঃসৃতানি চ। কিঞ্চিদন্যত্তু দেবানাং সাধনং যদি কথ্যতাং। শঙ্কর-উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি সাবধানাবধারয়। হনুমৎসাধানং পুণ্যং মহাপাতকনাশনং। এতদ্‌গুহ্যতমং লোকে শীঘ্রসিদ্ধিকরং পরং। জয়ো যস্য প্রসাদেন লোকত্রয়জিতোঽভবৎ। তৎসাধন-বিধিং বক্ষ্যে নৃণাং সিদ্ধিকরং দ্রুতং। বিয়ৎসনরকং হনুমতে তদনন্তরং। রুদ্রাত্মকায় কবচং ফড়িতি দ্বাদশাক্ষরঃ। এতন্মন্ত্রং ময়াখ্যাতং গোপনীয়ং প্রযত্নতঃ। তব স্নেহেন ভক্ত্যা চ দাসোঽস্মি তব সুন্দরি। এতন্মন্ত্রমর্জ্জুনায় প্রদত্তং হরিণা পুরা। জয়েন সাধনং কৃত্বা জিতং সর্ব্বং চরাচরং। নদীকূলে বিষ্ণুগেহে নির্জ্জনে পর্ব্বতে বনে। একাগ্রচিত্তমাধায় সাধয়েৎ সাধনং মহৎ। ধ্যানমাহ। মহাশৈলং সমুৎপাট্য ধাবন্তং রাবণং প্রতি। তিষ্ঠ তিষ্ঠ রণে দুষ্ট ঘোররাবং সমুৎসৃজন্। লাক্ষারসারুণং রৌদ্রং কালান্তকযমোপমং। জ্বলদগ্নিলসন্নেত্রং

রূপী, গরুড়, খগশ্রেষ্ঠ, তার্ক্ষ্য ও কশ্যপনন্দন যে এই দ্বাদশ নাম প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া, স্নানকালে, কিম্বা শয়নকালে পাঠ করে, তাহাকে কোন রূপ বিষ আক্রমণ করিতে পারে না। কোন প্রকার হিংস্র জন্তু দংশন করিতে সক্ষম হয় না, সংগ্রামে ও ব্যবহারে তাহার জয়লাভ হইয়া থাকে। বদ্ধ ব্যক্তি এই স্তব পাঠ করিলে তাহার বন্ধন মোচন হয়, এবং যাত্রাকালে পাঠ করিলে সেই যাত্রায় কার্য্য সিদ্ধি হইয়া থাকে॥

অনন্তর হনুমৎকল্প কথিত হইতেছে, দেবী বলিয়াছেন, হে দেবেশ্বর! শিবসাধন, গণেশসাধন, শক্তিসাধন, বিষ্ণুসাধন, সূর্য্যসাধন প্রভৃতি বিবিধ সাধনপ্রণালী আমি তোমার নিকট শ্রবণকরিয়াছি। এক্ষণে অন্যান্য দেবসাধন শ্রবণ করিতে ইচ্ছা করি, আমার প্রতি অনুগ্রহ করিয়া বলুন। শঙ্কর বলিলেন, দেবি আমি এইক্ষণ হনুমৎ সাধন বলিব, তুমি সাবধান পূর্ব্বক শ্রবণ কর। এই সাধন মহাপুণ্যজনক ও মহাপাতক নাশক। এই সাধন প্রণালী অতিগুহ্য এবং শীঘ্র সিদ্ধি প্রদ। এই সাধনবলে ত্রিজগৎ জয় করিতে পারে। হং হনুমতে রুদ্রাত্মকায় হুঁ ফট্ এই দ্বাদশাক্ষর মন্ত্র আমি বলিলাম, যত্নপূর্ব্বক গোপনকরিয়া রাখিবে। হে সুন্দরি! আমি তোমার দাস অতএব তোমার স্নেহে ও ভক্তির বশীভূত হইয়া এই মন্ত্র বলিলাম। এই মন্ত্র পূর্ব্বে শ্রীহরি অর্জ্জুনকে বলিয়াছেন। সেই অর্জ্জুন এই মন্ত্র সাধন করিয়া সচরাচর জগৎ জয় করিয়াছেন। নদীকূলে, বিষ্ণু মন্দিরে নির্জ্জনে, পর্ব্বতে একাগ্রচিত্ত হইয়া এই সাধন করিবে অনন্তর ধ্যান করিবে। হনুমান্ মহাপর্ব্বত উৎপাটন করিয়া রাবণের প্রতি ধাবমান হইতেছেন এবং রাবণকে ঘোরশব্দে বলিতেছেন, রে দুষ্টাত্মন! অবস্থিতি কর, পলায়ন করিও না। ইনি লাক্ষারসের ন্যায় অরুণবর্ণ রুদ্রাংশ ও কালান্তকযমসদৃশ। ইহার নেত্রদ্বয় অগ্নির ন্যায় জাজ্বল্যমান।

সূর্য্যকোটিসমপ্রভং। অঙ্গদাদ্যৈর্মহাবীরৈর্ব্বেষ্টিতং রুদ্ররূপিণং। এবং রূপং হনুমন্তং ধ্যাত্বা যঃ প্রজপেৎ মনুং। লক্ষজপাৎ প্রসন্নঃ স্যাৎ সত্যং তে কথিতং ময়া। ধ্যানৈকমাত্রতঃ পুংসাং সিদ্ধিরেব ন সংশয়ঃ। প্রাতঃ স্নাত্বা নদীতীরে উপবিশ্য কুশাসনে। প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ মূলেন সকলঞ্চরেৎ। পুষ্পাঞ্জল্যষ্টকং দত্বা ধ্যাত্বা রামং সসীতকং। তাম্রপাত্রে ততঃ পদ্মমষ্টপত্রং সকেশরং। রক্তচন্দনঘৃষ্টেন লিখেৎ তস্য শলাকয়া। কর্ণিকায়াং লিখেৎ-

হনুমদ্যন্ত্রং

মন্ত্রং তত্রাবাহ্য কপিপ্রভুং। কর্ণিকায়াং হনুমন্তং ধ্যাত্বা পাদ্যাদিকং ততঃ। গন্ধপুষ্পাদিকঞ্চৈব নিবেদ্য মূলমন্ত্রতঃ। সুগ্রীবং লক্ষ্মণঞ্চৈব অঙ্গদং নলনীলকং। জাম্বুবন্তঞ্চ কুমুদং কেশরিণং দলে দলে। পূর্ব্বাদিক্রমতো দেবি পূজয়েদ্গন্ধচন্দনৈঃ। পবনঞ্চাঞ্জনাঞ্চৈব পূজয়েদ্দক্ষবামতঃ। দলাগ্রেষু কপিভ্যোঽপি পুষ্পাঞ্জল্যষ্টকং ততঃ। ধ্যাত্বা তু মন্ত্ররাজং বৈ লক্ষং যাবত্তু সাধকঃ। লক্ষান্তদিবসং প্রাপ্য কুর্য্যাচ্চ পূজনং মহৎ। একাগ্রচিত্তমনসা তস্মিন্

দেহ কোটি সূর্য্যের ন্যায় সমুজ্জ্বল। রুদ্ররূপী হনুমান্ অঙ্গদাদি মহামহাবীরগণে পরিবেষ্টিত। এইরূপে হনুমানকে ধ্যান করিয়া মন্ত্র জপ করিবে। লক্ষজপ পরিপূর্ণ হইলে হনুমান্ সেই সাধকের প্রতি প্রসন্ন হন। দেবি! তোমার নিকট হনুমন্মন্ত্র বলিলাম, একবার মাত্র ইহার ধ্যান করিলে তৎক্ষণাৎ নিঃসংশয় মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। প্রাতঃকালে স্নান করিয়া নদীতীরে কুশাসনোপরি উপবেশনপূর্ব্বক প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিবে। পরে মূলমন্ত্রে অষ্টাঞ্জলি পুষ্প প্রদান করিয়া সসীত রামচন্দ্রকে ধ্যান করিয়া তাম্রপাত্রে হনুমানের যন্ত্র অঙ্কিত করিবে। প্রথমতঃ সকেশর অষ্টদলপদ্ম অঙ্কিত করিবে। রক্তচন্দনের লেখনী ও ঘৃষ্টরক্তচন্দনদ্বারা এই যন্ত্র লিখিতে হইবে। পদ্মের কর্ণিকাতে হনুমানের মূলমন্ত্র লিখিয়া এই যন্ত্রে হনুমানের আবাহনপূর্ব্বক পাদ্যাদি প্রদান করিবে, অনন্তর মূলমন্ত্রে গন্ধপুষ্পাদি নিবেদন করিয়া সুগ্রীব, লক্ষ্মণ, অঙ্গদ, নল, নীল, জাম্বুবান্, কুমুদ ও কেশরী পদ্মের অষ্টদলে এই অষ্ট আবরণের পূজা করিবে। পূর্ব্বাদিক্রমে গন্ধচন্দনদ্বারা এই সকল পূজা করিতে হইবে। হনুমদ্দেবের দক্ষিণভাগে পবন ও বামভাগে অঞ্জনার পূজা করিয়া দলাগ্রে ওঁ কপিভ্যো নমঃ এই মন্ত্রে অষ্টাঞ্জলি পুষ্প প্রদান করিবে। তৎপরে কপিরাজের ধ্যান করিয়া একলক্ষ মন্ত্র জপ করিবে। যে দিবসে লক্ষজপ পরিপূর্ণ হইবে, সেই দিবসে মহাপূজা করিবে।

পবননন্দনে। দিবারাত্রৌ জপং কুর্য্যাদ্ যাবৎ সংদর্শনং ভবেৎ। সুদৃঢ়ং সাধকং মত্বা নিশীথে পবনাত্মজঃ। সুপ্রসন্নস্ততো ভূত্বা প্রয়াতি সাধকাগ্রতঃ। যথেপ্সিতং বরং দত্ত্বা সাধকায় কপিপ্রভুঃ। বরং লব্ধ্বা সাধকেন্দ্রো বিহরেদাত্মনঃ সুখং। এতদ্ধি সাধনং পুণ্যং দেবানামপি দুর্লভং। তব স্নেহান্ময়াখ্যাতং ভক্তাসি ময়ি পার্ব্বতি। ইতি গারুড়তন্ত্রে দেবীশ্বরসংবাদে হনুমৎসাধনং ॥

হনুমতোঽতিগুহ্যস্তু লিখ্যতে বীরসাধনং। ব্রাহ্ম্যে মুহূর্ত্তে উত্থায় কৃতনিত্যক্রিয়োদ্বিজঃ। গত্বা নদীং ততঃ স্নাত্বা তীর্থমাবাহ্য চাষ্টধা। মূলমন্ত্রং ততো জপ্ত্বা সিঞ্চেদাদিত্যসংখ্যয়া। ততো বাসসী পরিধায় গঙ্গাতীরে পর্ব্বতে বা উপবিশ্য হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ হ্রাং হৃদয়ায় নমঃ ইত্যাদিনা চ করাঙ্গন্যাসৌ কুর্য্যাৎ। ততঃ প্রাণায়ামঃ। অকারাদি-বর্ণান্ উচ্চার্য্য বামনাসাপুটেন বায়ুং পূরয়েৎ। পঞ্চবর্গামুচ্চার্য্য বায়ুং কুম্ভয়েৎ। যকারাদিবর্ণান্ উচ্চার্য্য দক্ষিণনাসাপুটেন বায়ুং রেচয়েৎ। এবং বারত্রয়ং কৃত্বা মন্ত্রবর্ণৈরঙ্গন্যাসং কৃত্বা ধ্যায়েৎ। ধ্যায়েদ্রণে হনুমন্তং কোটিকপিসমন্বিতং। ধাবন্তং রাবণং জেতুং দৃষ্ট্বা সত্বরমুত্থিতং। লক্ষ্মণঞ্চ মহাবীরং পতিতং রণভূতলে। গুরুঞ্চ ক্রোধ-মুৎপাদ্য গৃহীত্বা গুরুপর্ব্বতং। হাহাকারৈঃ সদর্পৈশ্চ কম্পয়ন্তং জগৎত্রয়ং। আব্রহ্মাণ্ডং সমাব্যাপ্য কৃত্বা ভীমং কলেবরং। ইতি ধ্যাত্বা ষট্‌সহস্রং জপেৎ ॥ অস্য মন্ত্রঃ—স্ববীজং পূর্ব্বমুচ্চার্য্য পবনঞ্চ ততো বদেৎ। নন্দনঞ্চ ততো দেয়ং

একাগ্রচিত্তে দিবারাত্রি হনুমন্মন্ত্র জপ করিলে হনুমদ্দেবের দর্শন হয়। হনুমান্ সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া নিশীথসময়ে প্রসন্ন হইয়া সাধকের সমীপে উপস্থিত হন এবং সাধকের অভিলষিত বরপ্রদান করিয়া থাকেন। পরে সাধক বর লাভকরিয়া যথাসুখে বিহার করিবেন। এই সাধন দেবতাদিগেরও দুর্লভ, তোমার স্নেহের বশীভূত হইয়া প্রকাশ করিলাম ॥

অনন্তর অতিগুহ্য হনুমানদেবের বীরসাধন কথিত হইতেছে। সাধক ব্রাহ্মমুহূর্ত্তে গাত্রোত্থান করিয়া সন্ধ্যাবন্দনাদি নিত্যক্রিয়া সমাপনান্তে নদীতীরে গমন করিয়া স্নানাবসানে তীর্থাবাহনপূর্ব্বক অষ্টবার মূলমন্ত্র জপ করিবে। পরে সেই জলদ্বারা দ্বাদশবার স্বীয় মস্তক অভিষেক করিয়া বস্ত্রযুগল পরিধানপূর্ব্বক গঙ্গাতীরে অথবা পর্ব্বতে উপবেশন করিয়া হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিপ্রকারে করাঙ্গন্যাস করিবে। তৎপরে প্রাণায়াম—অকারাদি ষোড়শ স্বরবর্ণ উচ্চারণ করিয়া বামনাসাপুটে বায়ু পূরণ করিবে এবং ককারাদি মকারান্ত পঞ্চবিংশতিবর্ণ উচ্চারণ করিয়া দক্ষিণনাসায় বায়ু রেচন করিবে। এইরূপে দক্ষিণনাসায় পূরণ উভয় নাসাধারণে কুম্ভক ও বামনাসায় রেচন করিবে। পুনর্ব্বার বামনাসায় পূরণ, উভয় নাসাপুটধারণে কুম্ভক এবং দক্ষিণনাসায় রেচন করিবে। এইপ্রকারে তিনবার প্রাণায়াম করিয়া মন্ত্রবর্ণদ্বারা অঙ্গন্যাসপূর্ব্বক ধ্যান করিবে। হনুমান্ রণমধ্যগত ও কোটিকোটি কপিগণে পরিবৃত। ইনি রাবণকে পরাজয়করণার্থ ধাবিত হইতেছেন, তাঁহাকে দেখিয়া রাবণ সত্বর দণ্ডায়মান হইলেন। মহাবীর লক্ষ্মণ রণভূমিতে পতিত আছেন, তাহা দেখিয়া ক্রোধভরে মহাপর্ব্বত উৎপাটনপূর্ব্বক সদর্প হাহাকারধ্বনিতে ত্রিভুবন কম্পিত করিতেছেন। ইনি ব্রহ্মাণ্ডব্যাপী ভীমকলেবর প্রকাশ করিয়া অবস্থিত আছেন। এইপ্রকারে ধ্যান করিয়া ষট্‌সহস্র জপ করিবে। হং পবননন্দনায় স্বাহা এই দশাক্ষরমন্ত্র মানবের পক্ষে কল্পপাদপস্বরূপ। ছয়দিবস এইরূপে জপ করিয়া

ঙেঽহংসানেঽনলপ্রিয়া। দশার্ণোঽয়ং মনুঃ প্রোক্তো নরাণাং সুরপাদপঃ। সপ্তমদিবসে দিবারাত্রিং ব্যাপ্য জপেৎ ততো মহাভয়ং দত্বা ত্রিভাগশেষাসু নিয়তমাগচ্ছতি। সাধকো যদি মায়াং তরতি তদেপ্সিতং বরং প্রাপ্নোতি। বিদ্যাং বাপি ধনং বাপি রাজ্যং বা শত্রুনিগ্রহং। তৎক্ষণাদেব চাপ্নোতি সত্যং সত্যং সুনিশ্চিতং। ইতি হনুমৎকল্পঃ॥

অথ বিষহরাগ্নিমন্ত্রঃ। সচ বিসর্গবিন্দুযুক্তঃ থকারদ্বয়স্বরূপঃ। অথ পূজাপ্রয়োগঃ। প্রাতঃকৃত্যাদিকং কৃত্বা ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা শিরসি অগ্নয়ে ঋষয়ে নমঃ। মুখে পঙ্‌ক্তিচ্ছন্দসে নমঃ। হৃদি অগ্নয়ে দেবতায়ৈ নমঃ। গুহ্যে থং বীজায় নমঃ। পাদয়োঃ বিন্দুশক্তয়ে নমঃ। ষড়্‌দীর্ঘযুক্তথকারেণ করাঙ্গন্যাসকল্পনা। ধ্যানার্চ্চনে শারদোক্তবৈশ্বানরমন্ত্রবৎ। অস্য পুরশ্চরণং দ্বাদশলক্ষজপঃ। আজ্যেন দশাংশহোমঃ। স্ববামহস্ততলে পঞ্চদলং শ্বেতপদ্মং ধ্যাত্বা তৎকর্ণিকায়াং সবিসর্গং থকারং পঞ্চদলেষু সানুস্বারং থকারঞ্চ ধ্যাত্বা রক্তবর্ণামৃতময়ং বিচিন্ত্য তৎস্পর্শনাৎ সর্ব্বং বিষং নাশয়েৎ। ইত্থম্ভূতকরেণ বিষরোগস্থং স্পৃষ্ট্বা অষ্টোত্তরশতং জপেৎ। সর্ব্ববৃশ্চিকাদির্বিষং জ্বরাজীর্ণবিসর্পদন্তশূলনেত্ররোগ-সর্ব্ববেদনাঞ্চ নাশয়েৎ। ইতি বিষহরাগ্নিমন্ত্রঃ॥

অথ বৃশ্চিকাদির্বিষহরমন্ত্রঃ। সচ—ওঁ ক্ষঃ ওঁ স্বরস্ফুঃ ওঁ হিলি হিলি মিলি মিলি চিলি চিলি

সপ্তমদিবসে দিবারাত্রি ব্যাপিয়া জপ করিতে থাকিবে। এইরূপ জপ করিলে রাত্রির চতুর্থ যামে মহাভয় প্রদর্শনপূর্ব্বক নিশ্চয় হনুমান্ দেব সাধকসমীপে আগমন করেন। যদি সাধক মায়া পরিত্যাগ করিতে পারে, তাহা হইলে অভিলষিত বর লাভ করিয়া থাকে। বিদ্যা, ধন, রাজ্য কিম্বা শত্রুনিগ্রহ যাহা কিছু অভিলাষ করে, তৎক্ষণাৎ সেই বর লাভ করে॥

অনন্তর বিষহরাগ্নিমন্ত্র কথিত হইতেছে। থঃ থং এই মন্ত্রে বিষ নিবারণ হইয়া থাকে। উক্ত মন্ত্রের পূজাপ্রণালী এই—সামান্য পদ্ধতির নিয়মানুসারে প্রাতঃকৃত্যাদি করিয়া ঋষ্যাদিন্যাস করিবে। এই ন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে লিখিত আছে। তৎপরে করাঙ্গন্যাস—থাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, থীং তর্জ্জনীভ্যাং স্বাহা, থূং মধ্যমাভ্যাং বষট্, থৈং অনামিকাভ্যাং হুঁ, থৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, থঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং থাং হৃদয়ায় নমঃ, থীং শিরসে স্বাহা, থূং শিখায়ৈ বষট্, থৈং কবচায় হুঁ, থৌং নেত্রত্রয়ায় বৌষট্, থঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। সারদাতন্ত্রোক্ত বৈশ্বানর পদ্ধতির নিয়মানুসারে এই মন্ত্রের ধ্যানপূজাদি করিবে। দ্বাদশলক্ষ জপে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। পুরশ্চরণাঙ্গহোমে ঘৃতদ্বারা দ্বাদশসহস্র আহুতি প্রদান করিতে হইবে। স্বীয় বামহস্ততলে পঞ্চদলপদ্ম লিখিয়া সেই পদ্মকে শ্বেতবর্ণ ধ্যান করিবে এবং সেই পদ্মকর্ণিকাতে থং এই বীজ লিখিয়া পঞ্চদলে থং এই বীজ লিখিবে। পরে রক্তবর্ণ ও অমৃতময় চিন্তা করিয়া সেই হস্তদ্বারা স্পর্শ করিলে সমস্ত বিষ বিনষ্ট হয়। উক্ত রূপ হস্ত দ্বারা বিষপীড়িত ব্যক্তিকে স্পর্শ করিয়া পূর্ব্বোক্ত বিষহরাগ্নিমন্ত্র অষ্টোত্তরশত জপ করিলে বৃশ্চিকাদি সর্ব্বপ্রকার বিষ, জ্বর, অজীর্ণ, বিসর্প, দন্তশূল, নেত্ররোগ ও সর্ব্বপ্রকার বেদনা বিনষ্ট হইয়া যায়।

অনন্তর বৃশ্চিকাদিবিষহর মন্ত্র কথিত হইতেছে। ওঁ ক্ষঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্র বৃশ্চিকাদির বিষ বিনাশ করে।

হস্ফুঃ ওঁ হিলি হিলি চ হস্ফুঃ। ব্রহ্মণে ফুঃ বিষ্ণবে ফুঃ ইন্দ্রায় ফুঃ সর্ব্বেভ্যো দেবেভ্যোফুঃ। এতে বৃশ্চিকবিষহরাঃ। ওঁ গেরিঠঃ। ইতি মূষিকবিষহরমন্ত্রঃ। ওঁ সরণে স্ফুঃ ওঁ অসরণে স্ফুঃ বিষহরণে স্ফুঃ। এতন্মন্ত্রং জপ্ত্বা শ্বেতসর্ষপবিক্ষেপেণ মূষিকবিনাশনং। ইতি মূষিকবিনাশনমন্ত্রঃ। ওঁ হ্রাঁ হ্রীঁ হ্রূঁ ওঁ স্বাহা ওঁ গরুড় স হুঁ ফট্। ইতি দুর্গামন্ত্রো লূতাবিষহরঃ। ওঁ নমো ভগবতে বিষ্ণবে সর সর হন হন হুঁ ফট্ স্বাহা। ইতি বিষ্ণুমন্ত্রঃ সর্ব্বকীটজাতিবিষহরঃ॥ অথার্দ্রপটী। প্রণবো হৃদয়ং ভগবতি চামুণ্ডে, রক্তবাসসে অপ্রতিহতরূপপরাক্রমে অমুকবধায় বিচেতসে বহ্নিবল্লভা। আর্দ্ররক্তপটেনাহতঃ সমুদ্রগামিনী নদীতীরে উষরভূমৌ বা দক্ষিণামুখ ঊর্দ্ধবাহুর্জপেৎ। যাবৎ পটঃ শুষ্যতি তাবৎ প্রাণাঃ শুষ্যন্তি শত্রোঃ॥

অথ শ্মশানভৈরবীমন্ত্রঃ। শ্মশানভৈরবি নররুধিরাস্থিবসাভক্ষিণি সিদ্ধিং মে দেহি মম মনোরথান্ পূরয় হুঁ ফট্ স্বাহা॥ অথ জ্বালামালিনীমন্ত্রঃ। ওঁ নমো ভগবতি জ্বালামালিনি গৃধ্রগণপরিবৃতে হুঁ ফট্ স্বাহা। অথ মহাকালীমন্ত্রঃ। ওঁ ফ্রেং ফ্রেং ক্রোং ক্রোং পশূন্ গৃহাণ হুঁ ফট্ স্বাহা। শ্মশানভৈরবীমন্ত্রেণ যাবৎ ক্রূরকর্ম্মণি প্রয়োগঃ কর্ত্তব্যঃ॥

অথ মহাকালীমন্ত্রপ্রয়োগঃ। তত্র ন ন্যাসাদিকং কর্ত্তব্যং। তথাচ—ন্যাসশুদ্ধ্যাদিকং কিঞ্চিন্মাত্র কার্য্যা বিচারণা। কৃষ্ণতোয়ৈশ্চ সংপূর্ণে কৃষ্ণকুম্ভেঽথ কালিকাং। পঞ্চবক্ত্রাং মহারৌদ্রীং প্রতিবক্ত্রে ত্রিলোচনাং। শক্তিশূলধনুর্ব্বাণখড়্গখেটবরাভয়ান্। দধাং দক্ষভুজৈর্দ্দেবীং বিভ্রাণাং ভূরিভূষণাং। ধ্যাত্বৈবং সাধকঃ সাধ্যং সাধয়েন্মনসি স্থিতং। ব্রাহ্মী মাহেশ্বরী চৈব কৌমারী বৈষ্ণবী তথা। বারাহী চ তথাচৈন্দ্রী চামুণ্ডা চণ্ডিকাষ্টমী। পূর্ব্বাদীশানপর্য্যন্তং কুম্ভস্থানে স্থিতা-ইমাঃ। তত্র ক্রমঃ—দেবীং ধ্যাত্বা যথাবিধ্যুপচারেণ সংপূজ্য

ওঁ গেরিঠঃ এই মন্ত্র মূষিকবিষবিনাশক। ওঁ সরণে স্ফুঃ ইত্যাদি মন্ত্র জপ করিয়া শ্বেতসর্ষপ বিক্ষেপ করিলে মূষিক বিনষ্ট হয়। ওঁ হ্রাং হ্রীং ইত্যাদি দুর্গামন্ত্রলূতা (মাকড়সা)-বিষ বিনাশ করে। ওঁ নমো ভগবতে ইত্যাদি বিষ্ণুমন্ত্র সর্ব্বপ্রকার কীটবিষ বিনাশক। ওঁ নমো ভগবতি চামুণ্ডে রক্তবাসসে অপ্রতিহতরূপপরাক্রমে অমুকবধায় বিচেতসে স্বাহা। এই মন্ত্র সমুদ্রগামিনী নদীতীরে ভূমিতে দক্ষিণমুখে উপবেশন করিয়া ঊর্দ্ধবাহু হইয়া আর্দ্রবস্ত্রপরিধানপূর্ব্বক জপ করিবে। যাবৎ ঐ পরিধানবস্ত্র শুষ্ক হয়, তাবৎ শত্রুর প্রাণ শুষ্ক হইতে থাকে॥

ওঁ শ্মশানভৈরবী ইত্যাদি শ্মশানভৈরবী মন্ত্র, ওঁ নমো ভগবতি ইত্যাদি জ্বালামালিনীমন্ত্র এবং ওঁ ফ্রেং ফ্রেং ইত্যাদি মহাকালীমন্ত্রে মারণাদি সর্ব্বপ্রকার ক্রূর কার্য্য করিবে॥

অনন্তর মহাকালীমন্ত্র প্রয়োগ কথিত হইতেছে। এই মন্ত্রের পূজাদিতে কোনপ্রকার ন্যাস করিবে না। কৃষ্ণবর্ণ জলপূর্ণ কৃষ্ণকুম্ভে পঞ্চবদনা, মহারুদ্ররূপিণী, পঞ্চদশলোচনা, শক্তি, শূল, ধনুঃ, বাণ, খড়্গ, খেট, বরমুদ্রা ও অভয়মুদ্রাধারিণী, সর্ব্বালঙ্কারভূষিতা মহাকালীকে ধ্যান করিয়া সাধক স্বীয় মনোঽভিলষিত কার্য্য সাধন করিবে। কুম্ভের পূর্ব্বাদি ঈশানপর্য্যন্ত অষ্টদিকে ব্রাহ্মী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, ইন্দ্রাণী, চামুণ্ডা ও চণ্ডিকা এই অষ্টশক্তি অবস্থিতি করিতেছেন, এইরূপ চিন্তা করিয়া যথাসম্ভবোপচারে বিধিপূর্ব্বক দেবীর পূজা করিয়া কুম্ভের পূর্ব্বাদি

ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তীঃ পূর্ব্বাদিক্রমেণ পূজয়েৎ। তথা—নামোচ্চারণসংরব্ধং বহ্নৌ প্রজ্বলিতেঽম্বরে। জুহুয়াদ্বৈরিণাং শুদ্ধৌ দেবীমন্ত্রং জপংস্তথা। সমিধঃ পিচুমর্দ্দস্য তথা বিভীতকাষ্ঠিকা। গৃহধূমঃ শ্মশানান্তর্বিভীতাঙ্গারহোমতঃ। সপ্তাহাদ্বৈরিণং হন্তি কালীমন্ত্রপ্রয়োগতঃ। উচ্চাটনং চাপরাহ্নে সন্ধ্যায়াং মারণং তথা। দক্ষিণস্যাং দিশি স্থিত্বা গ্রামাদের্দক্ষিণামুখঃ॥

অথ জ্বালামালিনীপ্রয়োগঃ। তত্রাঙ্গন্যাসঃ ওঁ নমো হৃদয়ং প্রোক্তং ভগবতীতি শিরঃ স্মৃতং। জ্বালামালীতি চ শিখা গৃধ্রগণপরিবৃতে ততঃ। বর্ম্ম স্বাহাস্ত্রমিত্যুক্তং জাতিযুক্তং ন্যসেত্তনৌ। প্রয়োগস্তু—ওঁ নমো হৃদয়ায় নমঃ ইত্যাদি। অভুক্ত্বা নিয়তং চৈব জপেন্মন্ত্রং জপাজ্জয়ী। জপেদষ্টসহস্রন্তু ত্রয়োবিংশতি বাসরান্। প্রত্যহং সাধনং সিদ্ধিং দদাতি চ ন সংশয়ঃ। স্মৃতিমাত্রেণ বৈ মন্ত্রী রিপূন্ সর্ব্বান্ বিনাশয়েৎ। প্রয়োগান্তরং। ফেৎকারীয়ে ওঁ ঠং ঠাং ঠিং ঠীং ঠুং ঠূং ঠেং ঠৈং ঠোং ঠৌং ঠং ঠঃ অমুকং গৃহ্ণ গৃহ্ণ হ্রুঁ হ্রুঁ ঠঃ ঠঃ। অনেন মন্ত্রেণ শৃগালাস্থিময়ং কীলকং পঞ্চাঙ্গুলং সহস্রেণাভিমন্ত্রিতং যস্য গেহে নিখনেৎ যস্য নাম্না শ্মশানে বা নিখনেৎ স উন্মত্তো ভবতি। ওঁ ডং ডাং ডিং ডীং ডুং ডূং ডেং ডৈং ডোং ডৌং ডং ডঃ। অমুকং গৃহ্ন গৃহ্ন ক্রূং ক্রূং ঠঃ ঠঃ। অনেন মন্ত্রেণ মনুষ্যাস্থিময়ং কীলকং বিতস্তিপ্রমাণং সহস্রেণাভিমন্ত্রিতং যস্য গেহে নিখনেৎ যস্য নাম্না শ্মশানে বা নিখনেৎ তস্য সমস্তপরিবারা নশ্যন্তি। উদ্ধৃতে খলু শান্তিঃ। শান্তিমন্ত্রোযথা—ওঁ হং সঃ সং সং হঃ অমুকস্য শান্তির্ভবতু স্বাহা। অনেন মন্ত্রেণ ঘৃতমধুসিক্তং ক্ষীরং হুনেৎ। তেন

অষ্টদিকে ব্রাহ্মীপ্রভৃতি অষ্টশক্তির পূজা করিবে। বৈরিনিবারণ কার্য্যে বহ্নি প্রজ্জ্বালিত করিয়া শত্রুর নামোচ্চারণপূর্ব্বক দেবীর মন্ত্র জপ করিতে করিতে হোম করিবে। নিম্বকাষ্ঠের সমিধ, গৃহধূম অথবা শ্মশানমধ্যগত বিভীতকাষ্ঠের অঙ্গারদ্বারা সপ্তাহ হোম করিলে শত্রুবর্গ বিনাশ পায়। অপরাহ্নে উচ্চাটনকার্য্য করিবে। গ্রামের দক্ষিণভাগে দক্ষিণাভিমুখ হইয়া সন্ধ্যাসময়ে মারণ করিবে॥

অনন্তর জ্বালামালিনী প্রয়োগ কথিত হইতেছে। প্রথমতঃ অঙ্গন্যাস—ওঁ নমো হৃদয়ায় নমঃ, ভগবতি শিরসে স্বাহা, জ্বালামালিনি শিখায়ৈ বষট্, গৃধ্রগণপরিবৃতে কবচায় হুঁ, হুঁ ফট্ নেত্রত্রয়ায় বৌষট্, স্বাহা করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং ওঁ নমোঽঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ভগবতি তর্জনীভ্যাং স্বাহা, জ্বালামালিনি মধ্যমাভ্যাং বষট্, গৃধ্রগণপরিবৃতে অনামিকাভ্যাং হুঁ, হুঁ ফট্ কনিষ্ঠাভ্যাং বৌষট্, স্বাহা করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এইরূপে অঙ্গন্যাস করন্যাস করিয়া পূজা করিবে। ভোজন না করিয়া নিয়ত এই মন্ত্র জপ করিলে সেই ব্যক্তি জয়ী হইতে পারে। ত্রয়োবিংশতি দিবস পর্য্যন্ত অষ্টসহস্র জপ করিলে এই মন্ত্র সিদ্ধি হয়। এই মন্ত্র স্মরণমাত্র সর্ব্বশত্রু বিনষ্ট হয়। উক্ত মন্ত্রের প্রয়োগান্তর এই—ফেৎকারিণীতন্ত্রে লিখিত আছে যে, ওঁ ঠং ঠাং ইত্যাদি মন্ত্রে শৃগালাস্থিময় পঞ্চাঙ্গুলপরিমিত কীলক সহস্রবার অভিমন্ত্রিত করিয়া যাহার গৃহে কিম্বা যাহার নাম উল্লেখ করিয়া শ্মশানে নিখনন করা যায়, সেই ব্যক্তি উন্মত্ত হইয়া থাকে। ওঁ ডং ডাং ইত্যাদি মন্ত্রে দ্বাদশাঙ্গুলপরিমিত মনুষ্যাস্থিময় কীলক সহস্রবার অভিমন্ত্রিত করিয়া যাহার গৃহে কিম্বা যাহার নামে শ্মশানে প্রোথিত করা যায়, সেই ব্যক্তির সমস্ত পরিবার বিনষ্ট হয়। এই কীলক

শান্তির্ভবতি। ওঁ ঢং ঢাং ঢিং ঢীং ঢুং ঢূং ঢেং ঢৈং ঢোং ঢৌং ঢং ঢঃ অমুকং মারয় মারয় ঠঃ ঠঃ। অনেন মন্ত্রেণ গর্দ্দভাস্থিময়ং কীলকং ত্রয়োদশাঙ্গুলং সহস্রেণাভিমন্ত্রিতং যস্য গেহে নিখনেৎ স জ্বরেণ বিনশ্যতি। ওঁ ণং ণাং ণিং ণীং ণুং ণূং ণেং ণৈং ণোং ণৌং ণং ণঃ অনেন খদিরকাষ্ঠময়ং কীলকং ষড়ঙ্গুলং সহস্রেণাভিমন্ত্রিতং যস্য গৃহে নিখনেৎ যস্য নাম্না শ্মশানে বা নিখনেৎ তস্য সর্ব্বান্ নাশয়তি॥

অথ নিগড়বন্ধনমোক্ষণং। ওঁ নমঃ নির্ঋতে নির্ঋতে তিগ্মতেজো যন্ময়ং বিত্রেতা বন্ধময়ং যমেন দত্তং তস্যা সম্বিদা নোত্তমে নাকে অঘোরোহ বৈরং। অস্য নিগড়ভঞ্জনমন্ত্রস্য প্রজাপতির্ঋষি-র্নির্ঋতির্দেবতা ত্রিষ্টুপ্‌ছন্দো বন্ধনাদিব্যসনপরিহারে বিনিয়োগঃ। এবং ঋষ্যাদিকং ন্যস্য অযুতং প্রজপেৎ সুধীঃ। ততো বন্ধনাদ্ব্যসনাচ্চ মুক্তো ভবতি নান্যথা॥

অথ চিটিমন্ত্রঃ। তারং চিটিদ্বয়ং ব্রুয়াচ্চাণ্ডালিনি ততঃ পরং। মহদাদ্যাং ততো ব্রুয়াদমুকং মে ততঃ পরং। বশমানয় ঠদ্বন্দ্বং চিটিমন্ত্র-উদাহৃতঃ। সপ্তভির্দ্দিবসৈর্ভূপান্ বশয়েদ্বিধিনামুনা। বিধিমাহ—বিলিখ্য তালপত্রে তং সাধ্যনাম্না বিদর্ভিতং। নিক্ষিপ্য ক্ষীরসংমিশ্রে জলে তৎকাথয়েন্নিশি। বশ্যো ভবতি সাধ্যশ্চ নাত্র কার্য্যা বিচারণা। তালপত্রে লিখিত্বৈনং ভদ্রকালীগৃহে খনেৎ। বশ্যায় সর্ব্বজন্তূনাং প্রয়োগোঽয়মুদাহৃতঃ॥

অথ ত্র্যম্বকমন্ত্রঃ। ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্ম্মুক্ষীয়মামৃতাৎ। বশিষ্ঠোঽস্য মুনিঃ প্রোক্তশ্ছন্দোঽনুষ্টুবুদাহৃতঃ। দেবতাস্য সমুদ্দিষ্টা

উদ্ধৃত করিলে উক্ত দোষের শান্তি হয়। শান্তিমন্ত্র এই—ওঁ হং সঃ ইত্যাদি মন্ত্রে ঘৃত ও মধুসহযোগে ক্ষীর হোম করিলে শান্তি হয়। ওঁ ঢং ঢাং ইত্যাদি মন্ত্রে ত্রয়োদশাঙ্গুলপরিমিত গর্দ্দভাস্থিময় কীলক সহস্রবার অভিমন্ত্রিত করিয়া যাহার গৃহমধ্যে নিখনন করা যায়, সেই ব্যক্তি জ্বররোগে অভিভূত হইয়া বিনাশ পায়। ওঁ ণং ণাং ইত্যাদি মন্ত্রে ষড়ঙ্গুলপরিমিত খদিরকাষ্ঠময় কীলক সহস্রবার অভিমন্ত্রিত করিয়া যাহার গৃহে কিম্বা যাহার নামে শ্মশানে নিখনন করে, সেই ব্যক্তির সকল পরিবারবর্গ বিনষ্ট হয়॥

অনন্তর নিগড়ভঞ্জনমন্ত্র কথিত হইতেছে। ওঁ নমো নির্ঋতে ইত্যাদি নিগড়বন্ধনমোক্ষণ মন্ত্রের ঋষি প্রজাপতি, দেবতা নির্ঋতি, ছন্দঃ ত্রিষ্টুপ, বন্ধনাদি দুঃখনিবারণে ইহার প্রয়োজন। এইপ্রকারে ঋষ্যাদিন্যাস করিয়া যে ব্যক্তি দশসহস্র জপ করে, তৎক্ষণাৎ তাহার বন্ধনমোচন হয়; ইহার অন্যথা হয় না॥

অনন্তর চিটিমন্ত্র কথিত হইতেছে—ওঁ চিটি চিটি মহাচাণ্ডালিনি অমুকং মে বশমানয় স্বাহা। এই মন্ত্র বক্ষ্যমাণ বিধানে সপ্তাহ জপ করিলে রাজাও বশীভূত হইয়া থাকে। উক্ত মন্ত্রপ্রয়োগের বিধি এই—অভিপ্রেত ব্যক্তির নামের সহিত তালপত্রে উক্ত চিটিমন্ত্র লিখিয়া দুগ্ধমিশ্রিত জলে নিক্ষেপ করিয়া রাত্রিকালে অগ্নিতে সিদ্ধ করিবে। এইরূপ করিলে সেই অভিপ্রেত ব্যক্তি বশীভূত হয়, ইহার অন্যথা হয় না। এই মন্ত্র তালপত্রে লিখিয়া ভদ্রগৃহে নিখনন করিলে সর্ব্ব জন্তু বশীভূত হইয়া থাকে।

অনন্তর ত্র্যম্বকমন্ত্র কথিত হইতেছে। ওঁ ত্র্যম্বকং যজামহে ইত্যাদি ত্র্যম্বকমন্ত্রের ঋষি বশিষ্ঠ, ছন্দঃ অনুষ্টুপ্,

ত্র্যম্বকঃ পার্ব্বতীপতিঃ। বিভক্তৈর্ম্মন্ত্রবর্ণৈশ্চ ষড়ঙ্গানাঞ্চ কল্পনং। তত্র প্রয়োগঃ। ভূত-শুদ্ধ্যাদিপীঠন্যাসান্তং কর্ম্ম সমাপ্য ঋষ্যাদিন্যাসং কুর্য্যাৎ। যথা শিরসি বশিষ্ঠঋষয়ে নমঃ মুখে অনুষ্টুপ্ ছন্দসে নমঃ হৃদি ত্র্যম্বকায় দেবতায়ৈ নমঃ। অমুকস্যামুকশান্তয়ে বিনিয়োগঃ। ততঃ করাঙ্গন্যাসৌ যথা—ত্র্যম্বকং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ যজামহে তর্জ্জনীভ্যাং স্বাহা সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং মধ্যমাভ্যাং বষট্ উর্ব্বারুকমিব বন্ধনাৎ অনামিকাভ্যাং হুঁ মৃত্যোর্ম্মুক্ষীয়কনিষ্ঠাভ্যাং বৌষট্ মামৃতাৎ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং হৃদয়াদিষু যথা—ত্রিভিস্তু বর্ণৈর্হৃদয়ং শির-শ্চতুর্ভিরীরিতং। অষ্টাভিশ্চ শিখা প্রোক্তা নবার্ণৈঃ কবচং তথা। তথাক্ষি পঞ্চাক্ষরৈ-স্ত্র্যক্ষরং করতলে স্মৃতং। ততঃ পূর্ব্বপাশ্চাত্যযাম্যোত্তরবক্ত্রেষু তদনন্তরং। উরোগলা-স্যেষু পুনর্নাভিহৃৎপৃষ্ঠকুক্ষিষু। লিঙ্গপায়ূরুমূলান্তর্জানুজঙ্ঘাযুগেষু চ। তদ্বৃত্তযুগ্মে স্তনয়োঃ পার্শ্বয়োঃ পাদয়োঃ পুনঃ। পাণ্যোর্নাসিকয়োঃ শীর্ষে মন্ত্রবর্ণান্ ন্যসেৎ ক্রমাৎ। ততঃ পদা-ন্যেকাদশ ন্যসেৎ। শিরো ভ্রূযুগলাক্ষিষু বক্ত্রে গণ্ডদ্বয়ে ভূয়োহৃদয়ে জঠরে পুনঃ। গুহ্যোরু-জানুজঙ্ঘে চ ন্যাসমেবং সমাচরেৎ। ততোধ্যানং—হস্তাভ্যাং কলসদ্বয়ামৃতরসৈরাপ্লাবয়ন্তং শিরো দ্বাভ্যাং তৌ দধতং মৃগাক্ষবলয়ে দ্বাভ্যাং বহন্তং পরং। অঙ্গন্যস্তকরদ্বয়ামৃতঘটং কৈলাস-কান্তং শিবং স্বচ্ছাম্ভোজগতং নবেন্দুমুকুটং দেবং ত্রিনেত্রং ভজে। এবং ধ্যাত্বা মানসৈঃ

পার্ব্বতীপতি ত্র্যম্বক দেবতা। সামান্য বিধির লিখিত নিয়মানুসারে ভূতশুদ্ধ্যাদি পীঠন্যাসান্ত কর্ম্ম করিয়া ঋষ্যাদি-ন্যাস করিবে। এই ঋষ্যাদিন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে লিখিত আছে। তৎপরে মূলের লিখিত মন্ত্রে অঙ্গন্যাস করন্যাস করিবে। তন্ত্রে লিখিত আছে যে, ত্র্যম্বকং যজামহে ইত্যাদি মন্ত্রের প্রথম তিনবর্ণে হৃদয়ে, তৎপরস্থ চারিবর্ণে শিরে, অষ্ট-বর্ণে শিখায়, নববর্ণে কবচে, পঞ্চবর্ণে নেত্র এবং বর্ণত্রয়ে করতলে ন্যাস করিবে। তৎপরে অঙ্গেতে মন্ত্রবর্ণ ন্যাস করিতে হইবে। পূর্ব্ববক্ত্রে ত্র্যং নমঃ, পশ্চিমবক্ত্রে ম্বং নমঃ, দক্ষিণবক্ত্রে কং নমঃ, উত্তরবক্ত্রে যং নমঃ, বক্ষঃস্থলে জাং নমঃ, গলদেশে মং নমঃ, মুখে হেং নমঃ, নাভিতে সুং নমঃ, হৃদয়ে গং নমঃ, পৃষ্ঠে ন্ধিং নমঃ, উদরে পুং নমঃ, লিঙ্গে ষ্টিং নমঃ, গুহ্যদেশে বং নমঃ, দক্ষউরুমূলে র্দ্ধং নমঃ, বামউরুমূলে নং নমঃ, দক্ষজানুতে উং নমঃ, বামজানুতে র্ব্বাং নমঃ, দক্ষিণজঙ্ঘাতে রুং নমঃ, বামজঙ্ঘাতে কং নমঃ, দক্ষিণজঙ্ঘাবৃত্তে মিং নমঃ, বামজঙ্ঘাবৃত্তে বং নমঃ, দক্ষস্তনে বং নমঃ, বামস্তনে ন্ধং নমঃ, দক্ষিণপার্শ্বে নাং নমঃ, বামপার্শ্বে মৃং নমঃ, দক্ষিণপাদে ত্যোং নমঃ, বামপাদে র্ম্মূং নমঃ, দক্ষিণহস্তে ক্ষীং নমঃ, বামহস্তে য়ং নমঃ। দক্ষিণনাসিকায় মাং নমঃ, বামনাসিকায় মৃং নমঃ, শীর্ষে তাং নমঃ এইরূপে মন্ত্র-বর্ণ সকল অঙ্গে ন্যাস করিয়া স্বীয় অঙ্গের একাদশস্থানে মন্ত্রগত একাদশপদ ন্যাস করিবে, শীর্ষে ত্র্যম্বকং নমঃ, ভ্রূযুগলে যজামহে নমঃ, নেত্রদ্বয়ে সুগন্ধি নমঃ, বক্ত্রে পুষ্টিবর্দ্ধনং নমঃ, গণ্ডে উর্ব্বারুকং নমঃ, হৃদয়ে মিব নমঃ, উদরে বন্ধনাৎ নমঃ, গুহ্যে মৃত্যো নমঃ, উরুদ্বয়ের্ম্মুক্ষীয় নমঃ, জানুদ্বয়ে মা নমঃ, জঙ্ঘাদ্বয়ে মৃতাৎ নমঃ। এইরূপে ন্যাস করিয়া ধ্যান করিবে। ত্র্যম্বকদেব অষ্টভুজ, ইনি দুই হস্তদ্বারা অমৃতকলস হইতে অমৃত লইয়া মস্তক আপ্লাবিত করিতেছেন, অপর দুই হস্তের এক হস্তে মৃগ ও অপর হস্তে অক্ষমালা আছে। অপর হস্তদ্বয় স্বীয়দেহে বিন্যস্ত আছে, সেই হস্তে দুইটী অমৃত পূর্ণঘট রহিয়াছে। কৈলাসনাথ ত্র্যম্বকদেব শুক্লপদ্মোপরি উপবিষ্ট, নবেন্দুমুকুটস্বরূপ অলঙ্কারে সুশোভিত ও ত্রিন-

সংপূজ্য শঙ্খস্থাপনং কুর্য্যাৎ। ততঃ শৈবোক্তপীঠপূজাং বিধায় পুনর্ধ্যাত্বা আবাহনাদি পঞ্চপুষ্পাঞ্জলিদানপর্য্যন্তং বিধায় আবরণপূজামারভেৎ। অগ্ন্যাদিকোণে কেশরেষু মধ্যে দিক্ষু চ। ত্র্যম্বকং হৃদয়ায় নমঃ ইত্যাদিনা ষড়ঙ্গৈঃ পূজয়েৎ। ততোঽষ্টপত্রেষু ওঁ অর্কায় নমঃ এবং ইন্দবে বসুধায়ৈ জলায় বহ্নয়ে বায়বে বিয়তে যজমানায়। তদ্বাহ্যে পূর্ব্বাদি—রমা রাকা প্রভা জ্যোৎস্না পূর্ণা পূষা পূরণী সুধা। বাক্যস্তু রমায়ৈ নমঃ ইত্যাদি। তদ্বাহ্যে বিশ্বা বিদ্যা সিতা প্রজ্ঞা সারা সন্ধ্যা শিবা নিশা। তদ্বাহ্যে আর্দ্রা প্রজ্ঞা প্রভা মেধা কান্তিঃ শান্তির্ধৃতি-র্মতিঃ। তদ্বাহ্যে—পরা উমা পাবনী পদ্মা শান্তা অমোঘা জয়া অমলা এতাঃ পূজয়েৎ। ততো ধূপাদিবিসর্জ্জনান্তং কর্ম্ম সমাপয়েৎ। অস্য পুরশ্চরণং লক্ষজপঃ। তথাচ সারদায়াং—জপে-ন্মন্ত্রমিমং লক্ষমেবং ধ্যায়ন্ জিতেন্দ্রিয়ঃ। জুহুয়াৎ শক্তিভির্দ্রব্যৈরযুতং ঘৃতসংপ্লুতৈঃ। বিল্বং পলাশং খদিরং বটঞ্চ তিলসর্ষপৌ। দৌগ্ধং দুগ্ধং দধি পুনর্দূর্ব্বা-স্তানি বিদু-র্ব্বুধাঃ। প্রয়োগস্তু—শনৈশ্চরদিনে অন্যদিবসে অশ্বত্থমূলং স্পৃষ্ট্বা সহস্রং জপেৎ। তথাচ—শনিবারে দিনেঽশ্বত্থমূলং সংস্পৃশ্য যো জপেৎ। সাক্ষান্মৃত্যোর্ব্বিমুচ্যেত কিমন্যাঃ ক্ষুদ্রিকাঃ ক্রিয়াঃ। তথা—স্নাত্বা সহস্রং প্রজপেদাদিত্যাদিমুখোমনুং। আধিব্যাধিবিনির্ম্মুক্তো দীর্ঘমায়ুরবাপ্নুয়াৎ। প্রত্যহং জুহুয়ান্মন্ত্রী দূর্ব্বয়াষ্টোত্তরং শতং। আময়ানখিলান্ জিত্বা দীর্ঘমায়ুরবাপ্নুয়াৎ। বটবৃক্ষস্য সমিধো জুহুয়াদযুতাবধি। ধনধান্যসমৃদ্ধিঃ স্যাদচিরেণৈব সিধ্যতি॥

অথ মৃতসঞ্জীবনী। আদৌ প্রাসাদবীজং তদনু মৃতিহরং তারকং ব্যাহৃতিশ্চ। প্রোচ্চার্য্য

য়ন। এইরূপে ধ্যান করিয়া মানসোপচারে পূজা ও শঙ্খস্থাপন করিবে। পরে শিবপূজাপদ্ধতির লিখিত পীঠদেবতার পূজাকরিয়া পুনর্ব্বার ধ্যান আবাহনাদি পঞ্চপুষ্পাঞ্জলি প্রদান পর্য্যন্ত কর্ম্ম করিয়া আবরণ পূজা করিবে। অগ্ন্যাদিকোণে মধ্যে এবং পূর্ব্বাদিদিক্ চতুষ্টয়ে ওঁ ত্র্যম্বকং হৃদয়ায় নমঃ ইত্যাদি ষড়ঙ্গ পূজা করিয়া অষ্টপত্রে ওঁ অর্কায় নমঃ ইত্যাদি মূলের লিখিত অষ্টদেবতার পূজা করিবে। তদ্বাহ্যে পূর্ব্বাদিক্রমে রমা, রাকা ইত্যাদি দেবীগণের পূজা করিবে। তৎপরে ধূপাদিবিসর্জ্জনান্ত কর্ম্ম করিয়া পূজা সমাপন করিবে। একলক্ষ জপ করিলে এই মন্ত্রের পুরশ্চরণ হয়। সারদাতন্ত্রে লিখিত আছে যে, সাধক জিতেন্দ্রিয় হইয়া দেবতার ধ্যান পুরঃসর একলক্ষ জপ করিয়া বিল্বপত্রাদি শক্তিদেবতার হোমীয় দ্রব্যদ্বারা দশসহস্র হোম করিবে। বিল্ব, পলাশ, খদির, বট, তিল, সর্ষপ, দুগ্ধসম্ভূত নবনীত, দুগ্ধ, দধি ও দূর্ব্বা পণ্ডিতগণ এই সকল দ্রব্যদ্বারা হোমের বিধি বলিয়া থাকেন। উক্ত ত্র্যম্বকমন্ত্রের বিশেষ প্রয়োগ এই—শনিবারে অথবা অন্য কোন কুলবারে অশ্বত্থমূল স্পর্শকরিয়া একসহস্র ত্র্যম্বকমন্ত্র জপকরিবে। তন্ত্রে লিখিত আছে যে, যে ব্যক্তি শনিবারে অশ্বত্থমূল স্পর্শকরিয়া ত্র্যম্বকমন্ত্র জপকরে, সে ব্যক্তি সাক্ষাৎ মৃত্যুকে নিবারণ করিতে পারে। তাহার পক্ষে অন্যান্য ক্ষুদ্র কার্য্যসাধন অতিঅকিঞ্চিৎকর। তন্ত্রে আরও লিখিত আছে যে, স্নানান্তর আদিত্যাভিমুখী হইয়া মন্ত্র জপ করিলে সর্ব্বব্যাধি বিনির্ম্মুক্ত হইয়া দীর্ঘকাল জীবিত থাকে। সাধক প্রতিদিন দূর্ব্বাদ্বারা অষ্টোত্তরশত জপ করিলে সর্ব্বরোগ নিবারিত করিয়া দীর্ঘ আয়ুঃ প্রাপ্ত হয়। বটবৃক্ষের সমিধদ্বারা দশসহস্র হোম করিলে অচিরে ধনধান্যাদি সমৃদ্ধি লাভ হইয়া থাকে।

ত্র্যম্বকং যো জপতি মৃতিহরং সংপুটং চামুলোমাৎ। মৃতিহরং ত্র্যম্বকমৃত্যুঞ্জয়মন্ত্রং। ওঁ জুং সঃ। অস্য জপাৎ সর্ব্বসিদ্ধির্ভবতি ॥

অথ শুক্রোপাসিত-মৃত্যুঞ্জয়মন্ত্রঃ। গায়ত্রীপ্রথমং পাদং ত্র্যম্বকপাদেকং তথা। গায়ত্রী দ্বিতীয়ং পাদং ত্র্যম্বকদ্বিতীয়ং পাদং। গায়ত্রীতৃতীয়ং পাদংত্র্যম্বকশেষপাদং। মন্ত্রো যথা—ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং ভর্গোদেবস্য ধীমহি উর্ব্বারুকমিব বন্ধনাৎ ধিয়োয়ো নঃ প্রচোদয়াৎ মৃত্যোর্ম্মুক্ষীয়মামৃতাৎ। ধ্যানং—স্বচ্ছং স্বচ্ছারবিন্দস্থিত-মুভয়করে সংস্থিতৌ পূর্ণকুম্ভৌ দ্বাভ্যামেণাক্ষমালে নিজকরকমলে দ্বৌ ঘটৌ নিত্যপূর্ণৌ। দ্বাভ্যাং তৌ চ শ্রবন্তৌ শিরসি শশিকলাং চামৃতৈঃ প্লাবয়ন্তং দেহং দেবো দধানঃ প্রদিশতু বিশদাকল্পজালঃ শ্রিয়ং বঃ। এবং ধ্যাত্বাবাহ্য ত্র্যম্বকায় মহারুদ্রায় নমঃ ইত্যনেন পূজয়েৎ। অস্য জপাৎ সর্ব্বসিদ্ধির্ভবতি ॥

অথাকর্ষণং। আকর্ষণবিধানানি কথয়ামি সমাসতঃ। যদ্দৃষ্টং ত্রিপুরাতন্ত্রে যদ্দৃষ্টং ভূতডামরে। শ্রীবীজং মান্মথং বীজং লজ্জাবীজং সমুদ্ধরেৎ। প্রথমং প্রণবং দত্ত্বা ত্রিপুরা-দেবি পদং ততঃ। অমুকীতি পদদ্বন্দ্বং আকর্ষয় দ্বিধা পদং। স্বাহান্তং মন্ত্রমুদ্ধৃত্য জপেদ্দশ-সহস্রকং। ষট্‌কোণঞ্চ সমালিখ্য রক্তচন্দনকুঙ্কুমৈঃ। ষড়ঙ্গং কারয়েন্মন্ত্রী লজ্জাবীজসম-ন্বিতং। ষড়্‌দীর্ঘভাজা স্বরেণৈব নাদবিন্দুবিভূষিতং। রক্তপুষ্পাক্ষতধূপাদিনৈবেদ্যৈঃ পরি-

---

অনন্তর মৃতসঞ্জীবনী মন্ত্র ও তৎপ্রক্রিয়া কথিত হইতেছে। হৌং ওঁ জুং সঃ ওঁ ভূর্ভুবঃ স্বঃ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্ম্মুক্ষীয় মামৃতাৎ হৌং ওঁ জুং সঃ ওঁ ভূর্ভুবঃ স্বঃ। এই মন্ত্রজপে সর্ব্বকার্য্যসিদ্ধি হইয়া থাকে ॥

শুক্রোপাসিত মৃত্যুঞ্জয়মন্ত্র এই। প্রথমতঃ গায়ত্রীর প্রথমপাদ এবং ত্র্যম্বকমন্ত্রের প্রথমপাদ, তৎপরে গায়ত্রীর দ্বিতীয়পাদ ও ত্র্যম্বকমন্ত্রের দ্বিতীয়পাদ, অনন্তর গায়ত্রীর তৃতীয়পাদ ও ত্র্যম্বকমন্ত্রের তৃতীয়পাদ উচ্চারণ করিলে শুক্রো-পাসিত মৃত্যুঞ্জয়মন্ত্র হয়। এই মন্ত্র মূলে বিশদরূপে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। উক্ত মন্ত্রের পূজাতে এইরূপে ধ্যান করিবে। ত্র্যম্বকদেব নির্ম্মলদেহ, শুক্লপদ্মোপরি উপবিষ্ট। ইহার দুই হস্তে দুইটী পূর্ণকুম্ভ, অপর হস্তদ্বয়ে মৃগ ও অক্ষমালা। অন্য দুই হস্তে দুইটী অমৃতপূর্ণ ঘট আছে এবং অপর হস্তদ্বয়দ্বারা সেই ঘট হইতে অমৃত লইয়া শিরঃস্থিত শশিকলা আপ্লাবিত করিতেছেন। এবম্ভূত ত্র্যম্বকদেব তোমাদিগকে মঙ্গল প্রদান করুন। এইরূপে ধ্যান ও আবাহন করিয়া ত্র্যম্বকায় রুদ্রায় নমঃ এই মন্ত্রে পূজা করিবে। এইপ্রকারে পূজা করিয়া পূর্ব্বোক্ত মন্ত্র জপ করিলে সর্ব্বকার্য্য সিদ্ধি হইয়া থাকে ॥

অনন্তর আকর্ষণবিধি কথিত হইতেছে। মহাদেব বলিয়াছেন, যে সকল আকর্ষণ মন্ত্র ও তাহার বিধি ত্রিপুরাতন্ত্রে ও ভূতডামরে দৃষ্ট হইয়াছে, সেই সকল আকর্ষণ বিধি সংক্ষেপে বলিতেছি। ওঁ শ্রীঁ ক্লীঁ হ্রীঁ ত্রিপুরাদেবী অমুকং আকর্ষয় স্বাহা। রক্তচন্দন ও কুঙ্কুমদ্বারা ষট্‌কোণ যন্ত্র লিখিয়া তাহাতে উক্ত মন্ত্রে পূজা করিবে। উক্ত মন্ত্রের করাঙ্গ-ন্যাস এই—হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, হ্রীং তর্জ্জনীভ্যাং স্বাহা, হ্রূং মধ্যমাভ্যাং বষট্‌, হ্রৈং অনামিকাভ্যাং হুঁ, হ্রৌং কনি ষ্ঠাভ্যাং বৌষট্‌, হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্‌। এইরূপে হ্রাং হৃদয়ায় নমঃ, হ্রীঁ শিরসে স্বাহা, হ্রূঁ শিখায়ৈ বষট্‌ হ্রৈঁ

পূজ্য তাং। ভাবয়ন্ চেতসা দেবীং ত্রিনেত্রাং চন্দ্রশেখরাং। বালার্ককিরণপ্রখ্যাং সিন্দূরা-রুণবিগ্রহাং। পদ্মঞ্চ দক্ষিণে পাণৌ জপমালাঞ্চ বামকে। মন্ত্রস্যাস্য প্রসাদেন রম্ভামপি তথোর্ব্বশীং। আকর্ষয়েন্ন সন্দেহঃ কিং পুনর্ম্মানুষীমিহ। ভূর্জপত্রে সমালিখ্য কুঙ্কুমালক্ত-বারিণা। কাশ্মীরাগুরুকস্তূরীরোচনামিলিতেন তু। অনামারক্তমিশ্রেণ কমলাক্ষীমনুং জপেৎ। ওঁ শ্রীঁ কমলাক্ষি অমুকীমাকর্ষয় হুঁ ফট্। ইমং মন্ত্রং জপেদাদৌ সহস্রৈকং জপেৎ পুনঃ। ভূর্জপত্রে সমাদায় গুলিকাং কারয়েৎ সুধীঃ। তেনৈব সাধ্যপাদোত্থ-মৃত্তিকাপঙ্ক-বেষ্টিতাং। শোষিতাং তেজসা ভানোর্ব্বেষ্টয়েত্ত্রিকটুং পুনঃ। প্রতিমাং স্ত্রীনিভাং কৃত্বা তস্যাঃ ক্ষিপেত্তথোদরে। গুলিকাং পাতয়েৎ পাত্রে প্রতিমাং সাধ্যরূপিণীং। তদৃশাভিমুখো ভূত্বা নির্জ্জনে নিশি সাধকঃ। যাবদ্‌গচ্ছতি চিত্তঞ্চ তাবজ্রূপং জপেন্মনুং। যাবদায়াতি সন্ত্রস্তা মদনালসবিগ্রহা॥

অথ চামুণ্ডামন্ত্রঃ। তারং চামুণ্ডে জয়চামুণ্ডে মোহয় বশমানয়ামুকং স্বাহা। ধ্যানং—দংষ্ট্রা-কোটিবিশঙ্কটা সুবদনা সান্দ্রান্ধকারে স্থিতা খট্বাঙ্গাশনিগূঢ়দক্ষিণকরা বামেন পাশং শিরঃ। শ্যামা পিঙ্গলমূর্দ্ধজা ভয়করী শার্দ্দূলচর্ম্মাবৃতা চামুণ্ডা শববাহিনী জপবিধৌ ধ্যেয়া সদা সাধকৈঃ। লক্ষং জপ্ত্বা দশাংশং কিংশুককুসুমৈর্বহ্নিমধ্যে চ দেবী চামুণ্ডা সাধকানাং ভবতি চ ফলদা নামমাত্রেণ শীঘ্রং॥

কবচায় হুঁ, হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্, হ্রঃ করতলপৃষ্ঠাভ্যাং ফট্। রক্তপুষ্প, অক্ষত, ধূপ, দীপ, নৈবেদ্যদ্বারা পূজা করিবে। অনন্তর মনে মনে দেবীকে চিন্তা করিবে। ইনি ত্রিনয়না, চন্দ্রশেখরা। ইঁহার দেহকান্তি বালসূর্য্যের ন্যায় সমুজ্জ্বল, দেহ সিন্দূরের ন্যায় অরুণবর্ণ। দেবীর দক্ষিণহস্তে পদ্ম ও বামকরে জপমালা। এই মন্ত্রপ্রভাবে রম্ভা ও উর্ব্বশীকেও আকর্ষণ করিতে পারে, মানুষীর আকর্ষণে আর আশ্চর্য্য কি? ভূর্জপত্রে কুঙ্কুম, আলতা, অথবা কুঙ্কুম, কস্তূরী, অগুরু ও গোরোচনামিশ্রিত অনামিকার রক্তদ্বারা কমলাক্ষীমন্ত্র লিখিয়া সেই ভূর্জপত্রের উপরি ওঁ শ্রীঁ কমলাক্ষী অমুকীং আকর্ষয় ওঁ হুঁ ফট্ এই মন্ত্র একসহস্র জপ করিবে। পরে ঐ ভূর্জপত্র গুলিকা করিয়া অভি-লষিত ব্যক্তির পদের কর্দ্দমদ্বারা বেষ্টন করিবে। পরে ঐ কর্দ্দমবেষ্টিত গুলিকা রৌদ্রে শুষ্ক করিবে এবং ত্রিকটু অর্থাৎ মরিচ, পিপ্পলী ও শুণ্ঠীদ্বারা সেই অভিলষিত কামিনীর অনুরূপ প্রতিমা প্রস্তুত করিয়া তাহার উদরমধ্যে ঐ গুলিকা নিক্ষেপ করিবে। অনন্তর সেই প্রতিমা কোন পাত্রে স্থাপিত করিয়া সেই কামিনী যেদিকে আছে, তদভি-মুখে উপবেশন করিয়া রাত্রিকালে কোন নির্জ্জনস্থানে পূর্ব্বলিখিত কমলাক্ষীমন্ত্র জপকরিবে। এইরূপ করিলে সেই কামিনী কামাতুরা হইয়া সাধকের নিকট আগমন করিয়া থাকে।

অনন্তর চামুণ্ডা মন্ত্র কথিত হইতেছে। চামুণ্ডে জয়চামুণ্ডে মোহয় বশমানয় অমুকং স্বাহা। এই চামুণ্ডামন্ত্রের পূজার ধ্যান এই—চামুণ্ডাদেবী বিকটদন্তে ভয়ঙ্করাকৃতি ও সুবদনা, ইনি নিবিড় অন্ধকারে অবস্থিতি করেন। এই দেবতা চতুর্ভুজা, ইঁহার দক্ষিণ হস্তদ্বয়ে খট্বাঙ্গ ও বজ্র এবং বামহস্তদ্বয়ে পাশ ও নরমুণ্ড আছে, ইহার দেহ কৃষ্ণবর্ণ ও কেশগুলি পিঙ্গলবর্ণ, ইনি ভয়ঙ্করবেশা, ব্যাঘ্রচর্ম্মপরিধায়িনী এবং শবোপরি উপবিষ্টা। সাধক জপকালে উক্তরূপে

অথ বিদ্বেষণং। অন্যোন্যসমরারম্ভাৎ রোষিতৌ সমরে যুতৌ। তদীয়নখরোড্ডীন-ধূলিমাদায় সাধকঃ। ধূলিনা তেন বিদ্বেষস্তাড়নাদভিজায়তে। পরস্পরং রিপোর্ব্বৈরং মিত্রেণ সহ নিশ্চিতং। মহিষাশ্বপুরীষাভ্যাং গোমূত্রেণ সমালিখেৎ। যয়োর্নাম তয়োঃ শীঘ্রং বিদ্বেষঞ্চ পরস্পরং। রক্তেন মাহিষাশ্বেন শ্মশানবস্ত্রকে লিখেৎ। যস্য নাম ভবেত্তস্য বিদ্বেষঞ্চ পরস্পরং। ষট্‌কোণচক্রমধ্যেতু রিপোর্নামসমন্বিতং। মন্ত্রন্তু সংপ্রবক্ষ্যামি মহাভৈরব-সংজ্ঞকং। ওঁ নমো মহাভৈরবায় শ্মশানবাসিনে অমুকামুকয়োর্ব্বিদ্বেষং কুরু কুরু হুঁ ফট্। এতন্মন্ত্রং লিখেত্তত্র বিদ্বেষো জায়তে ধ্রুবং। অন্যযোগমহং বক্ষ্যে দুর্ল্লভং বসুধাতলে। জ্ঞানমাত্রেণ শত্রূণাং বিদ্বেষো জায়তে ধ্রুবং। ওঁ নমো ভগতি শ্মশানকালিকে অমুকং বিদ্বেষয় বিদ্বেষয় হন হন পচ পচ মথ মথ হুঁ ফট্ স্বাহা। অমুনা মন্ত্ররাজেন হোময়েৎ প্রয়তঃ সুধীঃ। বহ্নিকুণ্ডে নিম্বপত্রেণ কটুতৈলান্বিতেন চ। প্রজ্বাল্য খাদিরং বহ্নিং শ্মশানজং ততঃ পুনঃ। দশসাহস্রসংযুক্তং তিলযবাক্ষতান্বিতং। ভাবয়ন্ কালিকাং দেবীং ইন্দ্রনীলসমপ্রভাং। ব্যোমলীনাং মহাচণ্ডাং সুরাসুরবিমর্দ্দিনীং। ত্রিলোচনাং মহারাবাং সর্ব্বাভরণভূষিতাং। কপালকর্ত্তৃকাহস্তাং চন্দ্রসূর্য্যোপরি স্থিতাং। শবযানগতাং চৈব প্রেতভৈরব বেষ্টিতাং। বসন্তীং পিতৃকান্তারে সর্ব্বসিদ্ধিপ্রদায়িনীং। হোময়েদ্বিবিধৈঃ পুষ্পৈর্ব্বলি-

---

ধ্যান করিবে। এই দেবতার মন্ত্র একলক্ষ জপ করিয়া জপের দশাংশ সংখ্যায় পলাশপুষ্পদ্বারা হোম করিবে। এইরূপে সাধন করিলে চামুণ্ডাদেবী সাধকের সর্ব্বাভীষ্ট প্রদান করেন।

অনন্তর বিদ্বেষণ প্রক্রিয়া কথিত হইতেছে। যে দুই ব্যক্তি পরস্পর রোষপরবশ হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইয়াছে, তাহাদিগের নখাঘাতে উড্ডীন ধূলি আনিয়া সেই ধূলিদ্বারা বন্ধুদ্বয়কে তাড়ন করিলে তৎক্ষণাৎ তাহাদের মধ্যে বিদ্বেষভাব উপস্থিত হয়। মহিষ ও ঘোটকের বিষ্ঠার সহিত গোমূত্র মিশ্রিত করিয়া এই মিশ্রিত দ্রব্যদ্বারা যে দুই ব্যক্তির নাম লিখিবে সেই দুই জনের পরস্পর বৈরভাব উপস্থিত হইয়া থাকে। মহিষ ও অশ্ব রক্তদ্বারা শ্মশানবস্ত্রে যাহাদিগের নাম লিখন করা যায়, সেই দুই ব্যক্তির পরস্পর বিদ্বেষ হইয়া থাকে। ষট্‌কোণ চক্রমধ্যে শত্রুদ্বয়ের নাম লিখিয়া তাহার উপরি ওঁ মহাভৈরবায় শ্মশানবাসিনে অমুকামুকয়োর্ব্বিদ্বেষং কুরু কুরু হুঁ ফট্ এই মহাভৈরবমন্ত্র লিখিলে সেই শত্রুদ্বয়ের পরস্পর বিদ্বেষ হইয়া থাকে। এই বিদ্বেষণ কার্য্যের প্রকারান্তর বলিব, এই প্রয়োগ ধরাতলে অতিদুর্লভ। এই প্রণালী বিজ্ঞানমাত্র শত্রুর বিদ্বেষ হইয়া থাকে। ওঁ নমো ভগবতি শ্মশানকালিকে অমুকং বিদ্বেষয় বিদ্বেষয় হন হন পচ পচ মথ মথ হুঁ ফট্ স্বাহা। সাধক এই মন্ত্রে কটুতৈলযুক্ত নিম্বপত্রদ্বারা হোম করিলে শত্রুগণের মধ্যে পরস্পর বিদ্বেষভাব উপস্থিত হয়। শ্মশানস্থ অগ্নি আনিয়া খদির কাষ্ঠদ্বারা সেই অগ্নি প্রজ্বালিত করিবে এবং সেই অগ্নিতে তিল, যব ও অক্ষতদ্বারা বিধিপূর্ব্বক উক্ত মন্ত্রে দশসহস্র হোম করিলে শত্রুবর্গের পরস্পর বৈরভাব হয়। ইন্দ্রনীলসমপ্রভাশালিনী কালিকাদেবীকে চিন্তা করিতে করিতে হোম করিতে হইবে। কালিকাদেবী ব্যোমলীনা, মহাপ্রচণ্ডাকৃতি, মহিষাসুরবিনাশিনী, ত্রিলোচনা, মহাশব্দা ও সর্ব্বপ্রকার আভরণে বিভূষিতা। ইঁহার একহস্তে নরকপাল ও অন্য হস্তে কর্ত্তৃকা। দেবী চন্দ্রসূর্য্যের উপরি অবস্থিতি করেন এবং সর্ব্বদা শবযানে গমন করিয়া থাকেন। ইঁহাকে প্রেতভৈরবগণ পরিবেষ্টন করিয়া আছে, এই সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী দেবী

চ্ছাগোহারকৈঃ পূজয়িত্বা মহেশানীং ভক্তিযুক্তেন চেতসা। তদ্ভস্ম চ সমাদায় ধারয়েদভিমন্ত্রিতং। ভস্মনা তেন যং হন্যাদ্বিদ্বেষ-স্তদ্ভবেন্নৃণাং। বহ্নিঃ শীতলতাং যাতি পতেদ্ভূমৌ যদা রবিঃ। যদা শুষ্যতি পাথোধিশ্চন্দ্রমাঃ পততে যদি। তদা মিথ্যা ভবেদ্দেবি যোগরাজঃ সুদুর্ল্লভঃ। ষট্কোণং চক্ররাজস্তু শত্রূণাং নামটঙ্কিতং। পূর্ব্বদ্রব্যেণ বিদ্বেষং কারয়েদথ সাধকঃ। ওঁ দ্রাং বিদ্বেষিণি অমুকামুকয়োঃ পরস্পরং বিদ্বেষং কুরু কুরু স্বাহা। যন্ত্রবাহ্যে লিখেন্মন্ত্রমিমং পূর্ব্বোক্তবস্তুভিঃ। পরস্পরং ভবেদ্দ্বেষো যোগোহয়ং কুব্জিকামতে॥

অথোচ্চাটনং। উচ্চাটনবিধিং বক্ষ্যে যথোক্তং শ্রীমতোত্তরে। নিম্বপত্রে লিখেন্নাম মহিষাশ্বপুরীষকৈঃ। কাকপক্ষস্য লেখন্যা লেখনীয়-মনন্তরং। ওঁ নমঃ কাকতুণ্ডি ধবলামুখি অমুকমুচ্চাটয় হুঁ ফট্। এতন্মন্ত্রং সমভ্যর্চ্চ্য লিখিত্বা পূর্ব্ববস্তুভিঃ। নিম্ববৃক্ষস্থিতং সর্ব্বং কাকালয়ং হুনেদথ। শ্মশানবহ্নিমানীয় ধুস্তূরকাষ্ঠদীপিতং। বহ্নিং হুত্বা মহাতৈলৈরথবা কটুবস্তুভিঃ। পূর্ব্বোক্তমনুনা তস্য পত্রং রাজিকটুপ্লুতং। সংপূজ্য ধবলামুখীং পঞ্চপোচারপূজয়া। তদ্ভস্ম প্রক্ষিপেচ্ছত্রোর্ম্মন্দিরোপরি মন্ত্রবিৎ। ধ্যানযুক্তেন মনসা শত্রোরুচ্চাটনং ভবেৎ। ধূম্রবর্ণাং মহাদেবীং ত্রিনেত্রাং শশিশেখরাং। জটাজূটসমাযুক্তাং ব্যাঘ্রচর্ম্মপরিচ্ছদাং। কৃশাঙ্গী মস্থিমালাঢ্য কর্ত্তৃকাঢ্যকরাম্বুজাং। কোটরাক্ষীং সুদংষ্ট্রাঞ্চ পাতাল

শ্মশানে বাস করেন। সাধক ভক্তিযুক্তচিত্তে বহুবিধ পুষ্প ও ছাগাদি বিবিধ উপহারে দেবীর পূজা করিয়া হোম করিবে। হোমাবসানে সেই ভস্ম আনিয়া পূর্ব্বোক্ত মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া সেই ভস্ম যাহার অঙ্গে নিক্ষেপ করিবে, সেই মনুষ্যের বিদ্বেষভাব উপস্থিত হয়। যদি বহ্নি শীতল হয়, যদি সূর্য্য ভূতলে পতিত হন, সাগর যদি শুষ্ক হইয়া যায় এবং চন্দ্র ভূমিতে পতিত হন, তাহাহইলেও এই প্রয়োগ মিথ্যা হইতে পারে না। এই প্রয়োগ সর্ব্বযোগরাজ ও অতিদুর্ল্লভ। সাধক ষট্‌কোণ চক্র অঙ্কিত করিয়া তন্মধ্যে পূর্ব্বোক্ত দ্রব্যদ্বারা শত্রুর নাম লিখিবে এবং যন্ত্রের বাহ্যে ওঁ দ্রাং বিদ্বেষিণি ইত্যাদি মন্ত্র পূর্ব্বোক্ত কুঙ্কুমাদি দ্রব্যদ্বারা লিখিবে। এইরূপ করিলে পরস্পরের বিদ্বেষ হইয়া থাকে। এই যোগ কুব্জিকাতন্ত্রের সম্মত॥

অনন্তর উচ্চাটনবিধি কথিত হইতেছে। নিম্বপত্রে কাকপক্ষের লেখনী, মহিষ এবং অশ্বের বিষ্ঠাদ্বারা ওঁ নমঃ কাকতুণ্ডি ইত্যাদি পূর্ব্বোক্ত দ্রব্যে শত্রুর নাম লিখিবে। পরে উক্ত মন্ত্রে পূজা করিয়া নিম্ববৃক্ষস্থিত কাকপক্ষির কুলায়কাষ্ঠদ্বারা হোম করিবে। হোমের বিশেষ এই—শ্মশানের অগ্নি আনিয়া ধুস্তূরকাষ্ঠে সেই অগ্নি প্রজ্বালিত করিয়া নরতৈল অথবা মরিচ প্রভৃতি কটুদ্রব্যের সহিত কাকের বাসার কাষ্ঠদ্বারা হোম করিবে। অনন্তর ধবলামুখীর পূজা করিয়া পূর্ব্বোক্ত মন্ত্রে সর্ষপতৈলের সহিত নিম্বপত্রদ্বারা হোম করিবে। পরে সাধক ধ্যানযুক্ত চিত্তে যাহার নিকেতনে সেই যজ্ঞীয় ভস্ম নিক্ষেপ করে, সেই ব্যক্তির উচ্চাটন হইয়া থাকে। উক্তপ্রকরণে এইরূপে মহাদেবীর ধ্যান করিয়া কার্য্য করিতে হইবে। এই দেবতা ধূম্রবর্ণ ও ত্রিনয়না ইহার কপালে অর্দ্ধচন্দ্র, মস্তকে জটাজূট, পরিধেয় ব্যাঘ্রচর্ম্ম। ইনি কৃশাঙ্গী, এক হস্তে অস্থিমালা অপর হস্তে কর্ত্তৃকা, নয়নকোটর মধ্যগত, দন্ত অতিসুন্দর

সন্নিভোদরাং। এবং বিধিং ধিয়া ভাব্যং কার্য্যমুচ্চাটনং রিপোঃ। এষ যোগবিধিঃ প্রোক্তো-বীরতন্ত্রে মহেশ্বরি। গোপনীয়ং প্রযত্নেন ন প্রকাশ্যং কদাচন। ইত্যুচ্চাটনং ॥

তথা—সৌরারযোর্দ্দিনে গ্রাহ্যং নরাস্থি চতুরঙ্গুলং। নিশাবসানে সংলিখ্য প্রধানভবনে ক্ষিপেৎ। সপ্তাহাভ্যন্তরে শত্রোরুচ্চাটনকরং ভবেৎ। মন্ত্রস্তু—হুঁ অমুকস্য উচ্চাটনং কুরু কুরু স্বাহা। হুঁ অমুকং হন হন স্বাহা। রিপোর্ম্মলং বৃশ্চিকঞ্চ খনিত্বা ভুবি নিঃক্ষিপেৎ। ম্রিয়তে মলরোধেন উদ্ধৃতে চ সুখাবহং। মন্ত্রস্তু—ওঁ স্তম্ভিনি অমুকস্য মলং স্তম্ভয় হুঁ ফট্॥

অথাভিচারঃ। ওঁ বিরুদ্ধে রূপিণি চণ্ডিকে বৈরিণমমুকং দেহি দেহি স্বাহা। ইতি খড়্গ-মভিমন্ত্র্য খড়্গমন্ত্রাংশ্চ পঠিত্বা খড়্গং সংপূজ্য ছাগাদিকমমুকোঽসি ইতি বৈরিনাম্নাভিমন্ত্র্য রক্তসূত্রেণ ত্রিধামুখং বদ্ধা বৈরিনাম্না প্রাণপ্রতিষ্ঠাং কৃত্বা ওঁ অয়ং স বৈরী যো-দ্বেষ্টি তমিমং পশুরূপিণং। বিনাশয় মহাদেবি স্ফেং স্ফেং খাদয় খাদয় ইতি পঠিত্বা বলিশিসি পুষ্পং দত্বা বলিমন্ত্রং পঠিত্বা বলিং সংপূজ্য অদ্যাশ্বিনে মাসি মহানবম্যাং অমুকগোত্রঃ অমুকদেবশর্ম্মা অমুকশত্রুং নাশয় ইমং ছাগং মহিষং বা অমুকদৈবতং ভগবত্যৈ দুর্গায়ৈ তুভ্যমহং সম্প্রদদে। ইত্যুৎসৃজ্য আং হুঁ ফট্ ইতি ছিত্বা মূলং পঠিত্বা এতদ্রুধিরং দুর্গায়ৈ নমঃ ইতি রক্তং শিরশ্চ দত্বা অষ্টাঙ্গমাংসৈর্হোমং মূলমন্ত্রেণ কুর্য্যাদিতি ॥

উদর পাতালসন্নিভ। এই প্রকারে দেবীর রূপ চিন্তাকরিয়া শত্রুর উচ্চাটন কার্য্য করিবে। এই প্রয়োগ বীরতন্ত্রে উক্ত আছে। এই বিধান সর্ব্বদা গোপন করিয়া রাখিবে, কদাচ প্রকাশ করিবে না ॥

উচ্চাটনকার্য্যের প্রকারান্তর এই—শনি কিম্বা মঙ্গলবারে চতুরঙ্গুলপরিমিত মনুষ্যাস্থিময় কীলক আনিয়া তাহাতে হরিদ্রারসদ্বারা হুঁ অমুকস্য উচ্চাটনং কুরু কুরু স্বাহা এই মন্ত্র লিখিয়া শত্রুর প্রধান গৃহে নিক্ষেপ করিবে। এইরূপ করিলে সপ্তাহমধ্যে সেই শত্রুর উচ্চাটন হইয়া থাকে। হুঁ অমুকং হন হন স্বাহা। এই মন্ত্রে শত্রুর মল গ্রহণ করিয়া বৃশ্চিকের সহিত ভূমিতে নিখনন করিলে সেই শত্রুর মলরোধ হইয়া মৃত্যু হইয়া থাকে। উক্ত মল ও বৃশ্চিক উদ্ধৃত করিয়া ফেলিলে উক্ত দোষ শান্তি হয়। ওঁ স্তম্ভিনি অমুকস্য মলং স্তম্ভয় স্তম্ভয় হুঁ ফট্, এই মন্ত্রে উক্ত কার্য্য করিবে ॥

অনন্তর অভিচার কার্য্য বিবৃত হইতেছে। ওঁ বিরুদ্ধে রূপিণি ইত্যাদি মন্ত্রে খড়্গ অভিমন্ত্রিত করিয়া খড়্গ-মন্ত্র পাঠান্তে খড়্গের পূজা করিবে। অনন্তর একটি ছাগল আনিয়া তাহাকে শত্রুর নামে "তুমিই অমুক ব্যক্তি" এইরূপে শত্রু স্বরূপে কল্পনা করিয়া শত্রুর নাম উল্লেখে অভিমন্ত্রিত করিবে। পরে রক্তসূত্রদ্বারা সেই ছাগলের মুখ ত্রিধা বন্ধন করিয়া সেই ছাগলে শত্রুর প্রাণপ্রতিষ্ঠা করিয়া এই আমার সেই শত্রু, যে আমাকে সর্ব্বদা দ্বেষ করিয়া থাকে, এই পশুরূপী সেই শত্রুকে বিনাশ কর এইরূপ মন্ত্র পাঠ করিয়া সেই ছাগের মস্তকে পুষ্প প্রদান করিবে। পরে পুনর্ব্বার বলিমন্ত্র পাঠ করিয়া বলির পূজা করিবে এবং অদ্যেত্যাদি মূলের লিখিত বাক্যে বলি উৎসর্গ করিয়া আং হুঁ ফট্ এই মন্ত্রে বলি ছেদন করিবে। অনন্তর মূলমন্ত্রে দুর্গা দেবীকে সেই ছাগের রুধির ও মস্তক নিবেদন করিবে। তৎপরে সেই ছাগের অষ্টাঙ্গের মাংসদ্বারা মূলমন্ত্রে হোম করিতে হইবে ॥

অথ সুখপ্রসবমন্ত্রঃ। ওঁ মন্মথ মন্মথ বাহি বাহি লম্বোদর মুঞ্চ মুঞ্চ স্বাহা। ওঁ মুক্তাঃ পাশাবিপাশাশ্চ মুক্তাঃ সূর্য্যেণ রশ্ময়ঃ। মুক্তঃ সর্ব্বভয়াদ্‌গর্ভ-এহ্যেহি মারীচ মারীচ স্বাহা। এতদন্যতরেণাষ্টবারং জলমভিমন্ত্র্য পেয়ং। ততঃ সুখপ্রসবো ভবতি ॥

অথাদর্শনপ্রকারঃ। অর্কশাল্মলিকার্পাসপট্টপঙ্কজ-তন্তুভিঃ। পঞ্চভির্ব্বর্ত্তিকাভিশ্চ নৃকপালেষু পঞ্চসু। নরতৈলেন দীপাঃ স্যুঃ কজ্জলং নৃকপালকে। গ্রাহয়েৎ পঞ্চভির্যত্নাৎ পূর্ব্ববচ্চ শিবালয়ে। পঞ্চস্থানীয়জাতস্তু একীকুর্য্যাচ্চ তং পুনঃ। মন্ত্রয়িত্বাঞ্জয়েন্নেত্রে দেবৈরপি ন দৃশ্যতে। মন্ত্রস্তু ওঁ হুঁ ফট্ কালি কালি মাংসশোণিতং খাদয় খাদয় দেবি মা পশ্যতু মানুষেতি। হুঁ ফট্ স্বাহেতি মন্ত্রেণাষ্টোত্তরসহস্রাভিমন্ত্রিতং কৃত্বা তৎ কজ্জলং নেত্রে দত্ত্বা ত্রৈলোক্যাদৃশ্যো ভবতি ॥

অথ যোগিনীসাধনং। ভূতডামরে—অথাতঃ সংপ্রবক্ষ্যামি যোগিনীসাধনোত্তমং। সর্ব্বার্থসাধনং নাম দেহিনাং সর্ব্বসিদ্ধিদং। অতিগুহ্যা মহাবিদ্যা দেবানামপি দুর্ল্লভা। যাসামভ্যর্চ্চনং কৃত্বা যক্ষেশোঽভূদ্ধনাধিপঃ। তাসামাদ্যাং প্রবক্ষ্যামি সুরাণাং সুন্দরীং প্রিয়ে। অস্যা অভ্যর্চ্চনেনৈব রাজত্বং লভতে নরঃ। অথ প্রাতঃ সমুত্থায় কৃত্বা স্নানাদিকং শুভং। প্রাসাদঞ্চ সমাসাদ্য কুর্য্যাদাচমনং ততঃ। প্রণবাস্তে সহস্রার হুঁ ফট্ দিগ্বন্ধনঞ্চরেৎ। প্রাণায়ামং ততঃ কুর্য্যান্মূলমন্ত্রেণ মন্ত্রবিৎ। ষড়ঙ্গং মায়য়া কুর্য্যাৎ পদ্মমষ্টদলং

এইক্ষণ সুখপ্রসবমন্ত্র কথিত হইতেছে। ওঁ মন্মথ মন্মথ ইত্যাদি এবং মুক্তাঃ পাশা বিপাশাশ্চ ইত্যাদি এই মন্ত্রদ্বয়ের কোন একটি মন্ত্রদ্বারা অষ্টবার জল অভিমন্ত্রিত করিয়া সেই জল গর্ভিণীকে পান করাইলে অতিশীঘ্র ও সুখে প্রসব হইয়া থাকে ॥

অনন্তর অদর্শন প্রকরণ কথিত হইতেছে। আকন্দ, শাল্মলি, কার্পাস, পট্ট ও পদ্মসূত্রদ্বারা পাঁচটি বর্ত্তিকা করিয়া পাঁচটি মনুষ্য মস্তকের খুলীতে মনুষ্য তৈলদ্বারা পাঁচটি প্রদীপ প্রজ্বালিত করিয়া সেই পঞ্চ প্রদীপের শিখাতে পঞ্চবিধ কজ্জল পাত করিবে। কোন শিবশক্তির আলয়ে এই কার্য্য করিতে হইবে। পরে উক্ত পঞ্চবিধ কজ্জল একত্রিত ও ওঁ হুঁ ফট্ কালি কালি ইত্যাদি মন্ত্রে অষ্টোত্তর সহস্রবার অভিমন্ত্রিত করিয়া সেই কজ্জলদ্বারা চক্ষুঃ অঞ্জিত, করিবে এইরূপ করিলে সেই ব্যক্তি দেবতাদিগেরও অদৃশ্য হইতে পারে। ত্রিভুবনে কেহ তাহাকে দেখিতে পায় না ॥

অনন্তর যোগিনীসাধন প্রণালী কথিত হইতেছে। ভূতডামরে লিখিত আছে যে, প্রাণিবর্গের হিতসাধনার্থ যোগিনীসাধন বলিতেছি। এই মহাবিদ্যা অতিগোপনীয়া ও দেবতাদিগের দুর্ল্লভা এই সকল যোগিনীর অর্চ্চনা করিয়া কুবের ধনাধিপতি হইয়াছেন। সেই সকল যোগিনীর মধ্যে সর্ব্ব প্রথমা সুরসুন্দরী, ইহার অর্চ্চনা করিলে মনুষ্য রাজত্ব লাভ করিয়া থাকে। সুরসুন্দরীর পূজাপ্রণালী এই—প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া স্নানাদি নিত্যক্রিয়া সমাপনান্তে হৌঁ এই মন্ত্রে আচমন করিয়া ওঁ হুঁ ফট্, এই মন্ত্রে দিগ্‌বন্ধন করিবে। পরে মূলমন্ত্রে প্রাণায়াম করিয়া হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদি ক্রমে করাঙ্গন্যাস করিবে। পরে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া সেই

লিখেৎ। তস্মিন্ পদ্মে মহামন্ত্রং জীবন্যাসং সমাচরেৎ। পীঠদেবীঃ সমাবাহ্য ধ্যায়েদ্দেবীং জগৎপ্রিয়াং। পূর্ণচন্দ্রনিভাং গৌরীং বিচিত্রাম্বরধারিণীং। পীনোত্তুঙ্গকুচাং বামাং সর্ব্বেষামভয়প্রদাং। ইতি ধ্যাত্বা চ মূলেন দদ্যাৎ পাদ্যাদিকং শুভং। পুনর্ধূপং নিবেদ্যৈব নৈবেদ্যং মূলমন্ত্রতঃ। গন্ধচন্দনতাম্বূলং সকর্পূরং সুশোভনং। প্রণবান্তে ভুবনেশী মাগচ্ছ সুরসুন্দরি। বহ্নের্ভার্য্যা জপেন্মন্ত্রং ত্রিসন্ধ্যঞ্চ দিনে দিনে। সহস্রৈকপ্রমাণেন ধ্যাত্বা দেবীং সদা বুধঃ। মাসান্তে ব্যাপ্য দিবসং বলিপূজাং সুশোভনাং। কৃত্বা চ প্রজপেন্মন্ত্রং নিশীথে যাতি সুন্দরী। সুদৃঢ়ং সাধকং মত্বা যাতি সা সাধকালয়ে। সুপ্রসন্না সাধকাগ্রে সদা স্মেরমুখী ততঃ। দৃষ্ট্বা দেবীং সাধকেন্দ্রো দদ্যাৎ পাদ্যাদিকং শুভং। সুচন্দনং সুমনসো দত্ত্বাভিলষিতং বদেৎ। মাতরং ভগিনীং বাপি ভার্য্যাং বা ভক্তিভাবতঃ। যদি মাতা তদা দেবি দ্রব্যঞ্চ সুমনোহরং। ভূপতিত্বং প্রার্থিতং যত্তদ্দদাতি দিনে দিনে। পুত্রবৎ পালিতং লোকে সত্যং সত্যং সুনিশ্চিতং। স্বসা দদাতি দ্রব্যঞ্চ দিব্যবস্ত্রং তথৈব চ। দিব্যাং কন্যাং সমাদায় নাগকন্যাং দিনে দিনে। যদ্যদ্ ভবতি ভূতঞ্চ ভবিষ্যতীতি যৎ পুনঃ। তৎসর্ব্বং সাধকেন্দ্রায় নিবেদয়তি নিশ্চিতং। যদ্যৎ প্রার্থয়তে সর্ব্বং সা দদাতি দিনে দিনে। ভ্রাতৃবৎ পালিতং লোকে কাম-

---

পরে দেবীর জীবন্যাস করিবে এবং পীঠদেবতার আবাহন করিয়া সুরসুন্দরীর ধ্যান করিবে। এই যোগিনী জগৎপ্রিয়া, ইহার বদন শশধরের ন্যায় সুবৃত্ত, দেহ গৌরবর্ণ, পরিধেয় বিচিত্র বস্ত্র, স্তনদ্বয় উচ্চ ও স্থূল। ইনি সকলকে অভয় প্রদান করেন। এইরূপে ধ্যান করিয়া মূলমন্ত্রে দেবীর পূজা করিবে। মূলমন্ত্রে পাদ্যাদি প্রদান করিয়া ধূপ, দীপ নৈবেদ্য, গন্ধ, চন্দন, তাম্বূল, নিবেদন করিবে। ওঁ হ্রীঁ আগচ্ছ সুরসুন্দরি স্বাহা, এই মন্ত্রে পূজা করিবে। সাধক প্রতিদিন ত্রিসন্ধ্যা ধ্যান করিয়া এক এক সহস্র করিয়া মন্ত্র জপ করিবে। এইরূপে একমাস জপ করিয়া মাসান্ত দিবসে বলি প্রভৃতি বিবিধ উপহারে দেবীর পূজা করিবে। পূজার অবসানে পূর্ব্বোক্ত মন্ত্র জপ করিতে থাকিবে। এইরূপ জপ করিলে অর্দ্ধরাত্রি সময়ে দেবী সাধকের নিকট আগমন করেন। সুরসুন্দরী দেবী সাধককে দৃঢ় প্রতিজ্ঞ জানিয়া তাহার আলয়ে গমন করেন। সাধক সুরসুন্দরীকে সম্মুখে সুপ্রসন্না ও হাস্যবদনা দেখিয়া পুনর্ব্বার পাদ্যাদিদ্বারা পূজা করিবে এবং উত্তম চন্দন ও সুশোভন পুষ্প প্রদান করিয়া অভিলষিত বর প্রার্থনা করিবে। সাধক তখন দেবীকে মাতা, ভগিনী অথবা ভার্য্যা বলিয়া সম্বোধন করিবে। সাধক যদি সুরসুন্দরীকে মাতৃভাবে ভজনা করে, তাহা হইলে দেবী সাধককে মনোহর বিবিধ দ্রব্য প্রদান করেন এবং রাজত্ব প্রার্থনা করিলেও তাহা প্রদান করিয়া থাকেন। দেবী প্রতিদিন সাধকের নিকট আগমন করিয়া তাহাকে পুত্রবৎ প্রতিপালন করিয়া থাকেন। যদি সাধক দেবীকে ভগিনীভাবে আরাধনা করে, তাহা হইলে নানাবিধ দ্রব্য ও বস্ত্র প্রদান করেন এবং দিব্যকন্যা ও নাগকন্যা আনিয়া দেন। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যে সকল ঘটনা হয়, তাহা সাধককে বিজ্ঞাপিত করেন। সাধক দেবীর অনুগ্রহে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ ঘটনা সকল বলিতে পারে। সাধক দেবীর নিকট যাহা যাহা প্রার্থনা করে, তৎক্ষণাৎ দেবী তাহা প্রদান করিয়া থাকেন। দেবী সাধককে ভ্রাতৃবৎ প্রতিপালন করেন এবং তাহার সর্ব্বপ্রকার কামনা পরি-

মাভির্ম্মনোগতৈঃ। ভার্য্যাস্যাদ্ যদি সা দেবী সাধকস্য মনোহরা। রাজেন্দ্রঃ সর্ব্বরাজানাং সংসারে সাধকোত্তমঃ। স্বর্গে মর্ত্ত্যে চ পাতালে গতিঃ সর্ব্বত্র নিশ্চিতং। যদ্‌যদ্দদাতি সা দেবী কথিতুং নৈব শক্যতে। তয়া সার্দ্ধঞ্চ সংভোগং করোতি সাধকোত্তমঃ। অন্যস্ত্রীগমনং ত্যক্ত্বা অন্যথা নশ্যতি ধ্রুবং॥ ১॥

ততোঽন্যৎ সাধনং বক্ষ্যে নির্ম্মিতং ব্রহ্মণা পুরা। নদীতীরং সমাসাদ্য কুর্য্যাৎ স্নানাদিকং ততঃ। পূর্ব্ববৎ সকলং কার্য্যং চন্দনৈর্ম্মণ্ডলং লিখেৎ। স্বমন্ত্রং তত্র সংলিখ্যাবাহ্য ধ্যায়েন্মনোহরাং। কুরঙ্গনেত্রাং শরদিন্দুবক্ত্রাং বিম্বাধরাং চন্দনগন্ধলিপ্তাং। চীনাংশুকাং পীনকুচাং মনোজ্ঞাং শ্যামাং সদা কামদুঘাং বিচিত্রাং। এবং ধ্যাত্বা জপেদ্দেবী-মগুরুধূপদীপকৈঃ। গন্ধং পুষ্পরসঞ্চৈব তাম্বূলাদীংশ্চ মূলতঃ। তারং মায়া গচ্ছ মনোহরে পাবকবল্লভা। কৃত্বা যুতং প্রতিদিনং জপেন্মন্ত্রং প্রসন্নধীঃ। মাসান্তে ব্যাপ্য দিবসং কুর্য্যাচ্চ জপমুত্তমং। আনিশীথং জপেন্মন্ত্রং জ্ঞাত্বা চ সাধকং দৃঢ়ং। গত্বা চ সাধকাভ্যাসে সুপ্রসন্না মনোহরা। বরং বরয় শীঘ্রং ত্বং যত্তে মনসি বর্ত্ততে। সাধকেন্দ্রোঽপি তাং ধ্যাত্বা পাদ্যাদ্যৈবর্চ্চয়েন্মুদা। প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ মায়য়া চ সমাচরেৎ। সদ্যোমাংসং বলিং দত্বা পূজয়েচ্চ সমাহিতঃ। চন্দনোদক-

---

পূর্ণ করিয়া থাকেন। সাধক যদি দেবীকে ভার্য্যারূপে আরাধনা করে, তাহা হইলে সাধক সংসারে সর্ব্বরাজপ্রধান হইয়া থাকে এবং স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে সর্ব্বত্র অব্যাহতপ্রভাবে বিচরণ করিতে পারে এবং দেবী যে সকল দ্রব্য অর্পণ করেন, তাহা বর্ণনাতীত। সাধক তাহার সহিত সুখসম্ভোগে কালযাপন করে, এইরূপে দেবীকে ভার্য্যারূপে সিদ্ধি করিলে সাধক অন্য স্ত্রীর আসক্তি পরিত্যাগ করিবে, নচেৎ দেবী কুপিত হইয়া সাধককে বিনাশ করিয়া থাকেন। ১॥

এইক্ষণ অন্য যোগিনীর সাধনপ্রণালী ও মন্ত্র কথিত হইতেছে। নদীতীরে গমন করিয়া সাধক স্নানাদি নিত্যক্রিয়াসমাপনান্তে পূর্ব্ববৎ ন্যাসাদি সকল কার্য্য করিবে। পরে চন্দনদ্বারা মণ্ডল অঙ্কিত করিয়া সেই মণ্ডলমধ্যে দেবীর মন্ত্র লিখিবে এবং মনোহরা যোগিনীর ধ্যান করিবে। দেবীর নেত্র মৃগনেত্রের ন্যায় সুদৃশ্য, বদন শরৎকালীন শশধরের ন্যায় সুশোভন, অধর বিম্বফলের ন্যায় অরুণবর্ণ, সর্ব্বাঙ্গ সুগন্ধচন্দনে অনুলিপ্ত পরিধেয় চীনবস্ত্র ও স্তনদ্বয় অতিপীন, ইনি শ্যামবর্ণা, কামধেনুর ন্যায় সাধকের সর্ব্বকামনা পরিপূর্ণ করেন এবং বিচিত্রবর্ণা। এইরূপে দেবীর ধ্যান করিয়া দেবীর পূজান্তে মন্ত্র জপ করিবে। সাধক অগুরু ধূপ, দীপ, গন্ধ, পুষ্প, মধু ও তাম্বূলাদিদ্বারা মূলমন্ত্রে পূজা করিবে। ওঁ হ্রীঁ মনোহরে আগচ্ছ স্বাহা, এই মন্ত্র প্রতিদিন দশসহস্র জপ করিবে। এইরূপে একমাস জপ করিয়া মাসান্তদিবসে প্রাতঃকালাবধি সমস্তদিন মন্ত্র জপ করিবে। নিশীথপর্য্যন্ত জপ করিলে মনোহরাদেবী প্রসন্ন হইয়া সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া তাহার নিকট আগমন করেন এবং সাধককে বলেন তোমার মনে যাহা অভিলাষ থাকে, সেই বর প্রার্থনা কর। সাধক তখন পুনর্ব্বার দেবীর ধ্যান করিয়া পাদ্যাদি উপহারে পূজা করিবে। এই যোগিনীর পূজান্তে হ্রীঁ এই মন্ত্রে প্রাণায়াম এবং হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিপ্রকারে করাঙ্গন্যাস করিবে। তৎপরে সাধক সংযত হইয়া সদ্যোমাংসদ্বারা বলিপ্রদানপূর্ব্বক চন্দনোদক ও নানাবিধ পুষ্পদ্বারা মনোহরাদেবীর পূজা

পুষ্পেণ ফলেন চ মনোহরাং। ততোঽর্চ্চিতা প্রসন্না সা পুষ্ণাতি প্রার্থিতঞ্চ যৎ। স্বর্ণং শতং সাধকায় দদাতি সা দিনে দিনে। সাবশেষং ব্যয়ং কুর্য্যাৎ স্থিতে তত্তু ন দাস্যতি। অন্যস্ত্রী-গমনন্তস্য ন ভবেৎ সত্যমীরিতং। অব্যাহতগতিস্তস্য ভবতীতি ন সংশয়ঃ। ইয়ং তে কথিতা বিদ্যা সুগোপ্যা যা সুরাসুরৈঃ। তব স্নেহেন ভক্ত্যা চ বক্ষ্যেঽহং পরমেশ্বরি ॥ ২ ॥

ততোঽন্যৎসাধনং বক্ষ্যে শৃণুষ্বৈক-মনাঃ প্রিয়ে। গত্বা বটতলং দেবীং পূজয়েৎ সাধকো-ত্তমঃ। প্রাণায়ামং ষড়ঙ্গঞ্চ মায়য়াথ সমাচরেৎ। সদ্যোমাংসং বলিং দত্ত্বা পূজয়েত্তাং সমা-হিতঃ। অর্ঘ্যমুচ্ছিষ্টরক্তেন দদ্যাত্তস্যৈ দিনে দিনে। প্রচণ্ডবদনাং দেবীং পক্কবিম্বাধরাং প্রিয়ে। রক্তাম্বরধরাং বালাং সর্ব্বকামপ্রদাং শুভাং। এবং ধ্যাত্বা জপেন্মন্ত্রমযুতং সাধকো-ত্তমঃ। সপ্তদিনং সমভ্যর্চ্চ্য চাষ্টমে বিধিবচ্চরেৎ। কায়েন মনসা বাচা পূজয়েচ্চ দিনে দিনে। তারং মায়া তথা কূর্চ্চং রক্ষ কর্ম্মণি তদ্বহিঃ। আগচ্ছ কনকাস্তে তু বতি স্বাহা মহামনুঃ। আনিশীথং জপেন্মন্ত্রং বলিং দত্ত্বা মনোহরং। সাধকেন্দ্রং দৃঢ়ং মত্বা আয়াতি সাধকালয়ে। সাধকেন্দ্রোঽপি তাং দৃষ্ট্বা দদ্যাদর্ঘ্যাদিকং ততঃ। ততঃ সপরিবারেণ ভার্য্যা স্যাৎ কামভোজনৈঃ। বস্ত্রভূষাদিকং ত্যক্ত্বা যাতি সা নিজমন্দিরং। এবং ভার্য্যা ভবে-ন্নিত্যং সাধকাজ্ঞানুরূপতঃ। আত্মভার্য্যাং পরিত্যজ্য ভজেত্তাঞ্চ বিচক্ষণঃ ॥ ৩ ॥

করিবে। এইরূপে পূজা করিলে দেবী প্রসন্না হইয়া সাধকের মনোগত অভিলাষ পরিপূর্ণ করেন এবং প্রতিদিন সাধককে শতসংখ্যক সুবর্ণমুদ্রা প্রদান করিয়া থাকেন। সাধক প্রতিদিন যাহা পাইবে, সেই সমুদায় ব্যয় করিবে, কিঞ্চিন্মাত্র অবশিষ্ট থাকিলে দেবী কুপিত হইয়া আর কিছু প্রদান করেন না। এই যোগিনীর সাধন করিলে অন্য স্ত্রীর সহবাস পরিত্যাগ করিবে। সাধক এই সাধনবলে সর্ব্বত্র অব্যাহত গতিতে বিচরণ করিতে পারে। এই যে যোগিনী-সাধন কথিত হইল, ইহা অতিগোপনীয়। দেবি! তোমার স্নেহের বশীভূত হইয়া তোমার নিকট বলিলাম ॥ ২ ॥

মহাদেব বলিলেন, প্রিয়ে! এইক্ষণ অন্য যোগিনীর সাধনপ্রণালী ও মন্ত্র বলিব, একচিত্তে শ্রবণ কর। সাধক বটবৃক্ষমূলে দেবীর পূজা করিবে। হ্রীঁ এই মন্ত্রে প্রাণায়াম এবং হ্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ইত্যাদিপ্রকারে করাঙ্গন্যাস করিবে। সাধক সংযত হইয়া সদ্যোমাংসদ্বারা বলিপ্রদানপূর্ব্বক পূজা করিবে। উচ্ছিষ্ট রক্তদ্বারা অর্ঘ্যপ্রদান করিয়া প্রতিদিন পূজা করিতে হইবে। এই যোগিনী প্রচণ্ডবদনা, ইহাঁর অধর পক্কবিম্বফলের ন্যায় রক্তবর্ণ, পরি-ধেয় রক্তবস্ত্র। ইনি বালিকারূপিণী এবং সাধকের সর্ব্বকামপ্রদায়িনী। সাধক এইরূপে ধ্যান করিয়া প্রতিদিন দশসহস্র মন্ত্র জপ করিবে। সপ্তদিন এইরূপ পূজা ও মন্ত্র জপকরিয়া অষ্টমদিবসে বিধিবৎ পূজা করিবে। এইরূপে কায়মনোবাক্যে প্রতিদিন দেবীর আরাধনা করিতে হইবে। ওঁ হ্রীঁ হুঁ রক্ষ কর্ম্মণি আগচ্ছ কনকবতি স্বাহা, এই মন্ত্রে পূজা ও জপ করিবে। সাধক দেবীকে মনোহর বলি প্রদান করিয়া নিশীথসময় পর্য্যন্ত মন্ত্র জপ করিবে। দেবী সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া সাধকের গৃহে আগমন করেন। সাধক দেবীকে দর্শন করিয়া অর্ঘ্যাদিদ্বারা পূজা করিবে। ইহাতে দেবী আপন পরিচারিকাগণের সহিত সাধকের ভার্য্যা হইয়া সাধককে বিবিধ অভিলষিত ভোজ্য বস্তু প্রদান করেন। এবং স্বীয় বস্ত্র ভূষণাদি পরিত্যাগ করিয়া প্রস্থান করিয়া থাকেন। বিচক্ষণ সাধক এই রূপে সিদ্ধি করিয়া স্বীয় ভার্য্যা পরিত্যাগ পূর্ব্বক কনকাবতীকে ভজনা করিবে ॥ ৩ ॥

ততঃ কামেশ্বরীং বক্ষ্যে সর্ব্বকামফলপ্রদাং। প্রণবং ভুবনেশানীং চাগচ্ছ কামেশ্বরি ততঃ। বহ্নের্ভার্য্যা মহামন্ত্রঃ সাধকানাং সুখাবহঃ। পূর্ব্ববৎ সকলং কৃত্বা ভূর্জ্জপত্রে সুশোভনে। গোরোচনাভিঃ প্রতিমাং বিনির্ম্মায় স্বলঙ্কৃতাং। শয্যামারুহ্য প্রজপেন্মন্ত্রমেকমনাস্ততঃ। সহস্রৈকপ্রমাণেন মাসমেকং জপেদ্বুধঃ। ঘৃতেন মধুনা দীপং দদ্যাচ্চ সুসমাহিতঃ। কামেশ্বরীং শশাঙ্কাস্যাং চলৎখঞ্জনলোচনাং। সদা লোলগতিং কান্তাং কুসুমাস্ত্রশিলীমুখীং। এবং ধ্যাত্বা জপেন্মন্ত্রং নিশীথে যাতি সা তদা। দৃষ্ট্বা তু সাধকশ্রেষ্ঠমাজ্ঞাদেহীতি তং বদেৎ। স্ত্রীভাবেন তদা তস্যৈ দদ্যাৎ পাদ্যাদিকং ততঃ। সুপ্রসন্না মুদা দেবী সাধকং তোষয়েৎ সদা। অন্নাদ্যৈরতিভোগেন পতিবৎ পালয়েৎ সদা। নীত্বা রাত্রৌ সুখৈশ্বর্য্যং দত্ত্বা চ বিপুলং ধনং। বস্ত্রালঙ্কারদ্রব্যাদীন্ প্রভাতে যাতি নিশ্চিতং। এবং প্রতিদিনং তস্য সিদ্ধিঃ স্যাৎ কামরূপতঃ ॥ ৪ ॥

ততঃ পটে বিনির্ম্মায় পুত্তলীং ধ্যানরূপতঃ। সুবর্ণবর্ণাং গৌরাঙ্গীং সর্ব্বালঙ্কারভূষিতাং। নূপুরাঙ্গদহারাঢ্যাং রম্যাঞ্চ পুষ্করেক্ষণাং। এবং ধ্যাত্বা জপেন্মন্ত্রং দত্ত্বা চ পাদ্যমুত্তমং। সচন্দনেন পুষ্পেণ জাতীপুষ্পেণ সাধকঃ। গুগ্‌গুলুধূপদীপৌ চ দদ্যান্মূলেন সাধকঃ। মন্ত্রস্তু—তারং মায়া তথাগচ্ছ রতিসুন্দরি পদং ততঃ। বহ্নিজায়াষ্টসাহস্রং জপেন্মন্ত্রং দিনে দিনে।

অনন্তর কামেশ্বরী যোগিনীর সাধন প্রণালী ও মন্ত্র কথিত হইতেছে। ওঁ হ্রীঁ আগচ্ছ কামেশ্বরী স্বাহা, এই মহামন্ত্র সাধকের সুখাবহ। সাধক পূর্ব্ববৎ পূজাদি করিয়া সুশোভন ভূর্জ্জপত্রে গোরোচনা দ্বারা সর্ব্বাভরণ ভূষিতা দেবীর প্রতিমূর্ত্তি অঙ্কিত করিবে এবং শয্যাতে উপবেশন করিয়া একাগ্রচিত্তে পূর্ব্ব কথিত মন্ত্রজপ করিবে। এক মাসপর্য্যন্ত প্রতিদিন একসহস্র জপ করিবে। এই দেবতার পূজা ও মন্ত্রজপ কালে ঘৃত ও মধুদ্বারা প্রদীপ জ্বালিতে হইবে। কামেশ্বরী দেবীর আকার এইরূপ ইনি শশাঙ্কবদনা, দেবীর লোচন খঞ্জনের ন্যায় চঞ্চল এবং সর্ব্বদা চঞ্চল গমনে সঞ্চরণ করেন। ইঁহার হস্তে কুসুমময় বাণ আছে। এইরূপে ধ্যান করিয়া পূজা ও জপ করিলে দেবী আগমন করেন এবং সন্তুষ্টা হইয়া সাধককে বলেন, তোমার কি আজ্ঞা প্রতিপালন করিতে হইবে? তৎপরে সাধক দেবীকে স্ত্রীভাবে পাদ্যাদিদ্বারা পূজা করিবে। তাহাতে দেবী সুপ্রসন্না হইয়া সাধককে পরিতুষ্ট করেন এবং অন্নাদি বিবিধ ভোজনীয় দ্রব্যদ্বারা পতিবৎ প্রতিপালন করিয়া থাকেন। দেবী সাধকের নিকট রাত্রি যাপন করিয়া ঐশ্বর্য্যাদি সুখভোগসমগ্রী, বিপুল ধন ও নানাপ্রকার অলঙ্কার প্রদানপূর্ব্বক প্রভাতকালে প্রতিগমন করিয়া থাকেন। এই প্রকারে প্রতিদিন সাধকের অভিলাষানুসারে সিদ্ধি প্রদান করেন ॥ ৪ ॥

অন্য যোগিনীর সাধন প্রণালী এই—প্রথমে যোগিনীর ধ্যানানুসারে পটেতে প্রতিমূর্ত্তি অঙ্কিত করিবে। দেবীর প্রতিরূপ এই—ইনি সুবর্ণবর্ণা, গৌরাঙ্গী এবং সর্ব্বপ্রকার অলঙ্কারে বিভূষিতা। নূপুর, অঙ্গদ ও হার প্রভৃতি বিবিধ বিভূষণে সুসজ্জিতা। নয়নযুগল প্রফুল্ল পদ্মের ন্যায় সুদৃশ্য। এই প্রকার দেবীর রূপ চিন্তাকরিয়া পাদ্য, চন্দন এবং জাতী প্রভৃতি বিবিধ পুষ্পদ্বারা অর্চ্চনাপূর্ব্বক মন্ত্র জপ করিবে। পরে সাধক মূলমন্ত্রে গুগ্‌গুলু ধূপ এবং দীপ প্রদান করিবে। ওঁ হ্রীঁ আগচ্ছ রতিসুন্দরি স্বাহা, এই মন্ত্র প্রতিদিন অষ্ট সহস্র জপ করিবে। একমাস এইরূপে

মাসান্তে দিবসং ব্যাপ্য কুর্য্যাৎ পূজাদিকং শুভং। ঘৃতদীপং তথাগন্ধং পুষ্পতাম্বুলমেব চ। তাবন্মন্ত্রং জপেদ্বিদ্বান যাবদায়াতি সুন্দরী। জ্ঞাত্বা দৃঢ়ং সাধকেন্দ্রং নিশীথে যাতি নিশ্চিতং। ততস্তামর্চ্চয়েদ্‌ভক্ত্যা জাতীকুসুমমালয়া। সুসন্তুষ্টা সাধকেন্দ্রং তোষয়েদ্রতিভোজনৈঃ। ভূত্বা ভার্য্যা চ সা তস্মৈ দদাতি বাঞ্ছিতং বরং। ভূষাদিকং পরিত্যজ্য প্রভাতে যাতি সা ধ্রুবং॥ ৫॥

ততোঽন্যৎসাধনং বক্ষ্যে স্বগৃহে শিবসন্নিধৌ। বেদাদ্যং ভুবনেশীঞ্চাগচ্ছ পদ্মিনি বল্লভা। পাবকস্য মহামন্ত্রং পূর্ব্ববৎ সকলং ততঃ। মণ্ডলং চন্দনৈঃ কৃত্বা মূলমন্ত্রং লিখেত্ততঃ। পদ্মাননাং শ্যামবর্ণাং পীনোত্তুঙ্গপয়োধরাং। কোমলাঙ্গীং স্মেরমুখীং রক্তোৎপলদলেক্ষণাং। এবং ধ্যাত্বা জপেন্মন্ত্রং সহস্রঞ্চ দিনে দিনে। মাসান্তে পূর্ণিমাং প্রাপ্য বিধিবৎ পূজয়েৎ সদা। আনিশীথং জপেন্মন্ত্রং দৃঢ়াভ্যাসেন সাধকঃ। সর্ব্বত্র কুশলং জ্ঞাত্বা যাতি সা সাধকালয়ং। ভূত্বা ভার্য্যা সাধকং হি সাধয়েদ্বিবিধৈরপি। ভোজ্যৈর্দ্দিব্যৈর্ভূষণাদ্যৈঃ পদ্মিনী সা দিনে দিনে। পতিবৎ পালিতং লোকে নিত্যং স্বর্গে চ সর্ব্বদা। ত্যক্ত্বা ভার্য্যাং ভজেত্তাঞ্চ সাধকেন্দ্রঃ সদা প্রিয়ে॥ ৬॥

জপ করিয়া মাসান্ত দিবসে পুনর্ব্বার পূজা করিবে। ঘৃত প্রদীপ, গন্ধ, পুষ্প ও তাম্বূল নিবেদন করিয়া সুন্দরীর আগমন প্রতীক্ষায় জপ করিবে। যাবৎ দেবী আগমন না করেন, তাবৎ জপ করিবে। দেবী সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া নিশীথসময়ে নিশ্চয় আগমন করেন। তখন সাধক দেবীকে জাতীপুষ্পরচিতমালাদ্বারা ভক্তিপূর্ব্বক পূজা করিবে। তাহাতে দেবী সাধকের প্রতি সন্তুষ্টা হইয়া রতি ও ভোজনদ্রব্য প্রদানপূর্ব্বক তাহাকে পরিতুষ্ট করিয়া থাকেন এবং সাধকের ভার্য্যা হইয়া তাহার বাঞ্ছিত বর প্রদান করেন। দেবী সাধকের নিকট যামিনীযাপন করিয়া বস্ত্রভূষাদি পরিত্যাগপূর্ব্বক প্রভাতকালে প্রতিগমন করেন এবং সাধকের আজ্ঞানুসারে এইরূপে প্রতিদিন যাতায়াত করিয়া থাকেন। কোন নির্জ্জনে কিম্বা প্রান্তরে এইরূপ সিদ্ধি হইয়া থাকে। এই যোগিনীসিদ্ধি হইলে সাধক অন্য ভার্য্যা পরিত্যাগ করিয়া ইহাঁকেই ভজনা করিবে। তাহা না হইলে দেবী কুপিতা হইয়া সাধককে বিনষ্ট করেন॥ ৫॥

অনন্তর অন্য যোগিনীর সিদ্ধিপ্রণালী কথিত হইতেছে। সাধক স্বীয় গৃহে অথবা শিবসন্নিধানে এই কার্য্য করিবে। ওঁ হ্রীঁ আগচ্ছ পদ্মিনী স্বাহা, এই মন্ত্রে সাধন করিবে। পূর্ব্ববৎ পূজাদি করিয়া তৎপরে চন্দনদ্বারা মণ্ডল অঙ্কিত করিবে এবং সেই মণ্ডলে মূলমন্ত্র লিখিবে। দেবীর আকার এইরূপ। ইনি পদ্মাননা ও শ্যামবর্ণা, পয়োধর-যুগল স্থূল ও উচ্চ, শরীর অতিকোমল, বদনে সর্ব্বদা ঈষৎ হাস্য বিলগ্ন আছে, নয়নযুগল রক্তউৎপলের ন্যায়। এই-রূপে ধ্যান করিয়া প্রতিদিন একসহস্র জপ করিবে। একমাস এইরূপে জপ করিয়া মাসান্ত দিবসে পূর্ণিমাতিথিতে বিধিবৎ পূজা করিবে এবং নিশীথসময় পর্য্যন্ত জপ করিতে থাকিবে, তাহাতে দেবী সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া তাহার সমীপে আগমন করেন এবং সাধকের সর্ব্বপ্রকার মঙ্গলসম্বর্দ্ধন করিয়া তাহার আলয়ে উপস্থিত হন। এইরূপে পদ্মিনী সাধকের ভার্য্যা হইয়া বিবিধ ভক্ষ্যদ্রব্য ও নানাপ্রকার আভরণাদিদ্বারা সাধককে সন্তুষ্ট করেন। পদ্মিনী

ততোবক্ষ্যে মহাবিদ্যাং বিশ্বামিত্রেণ ধীমতা। জ্ঞাত্বা যাং সাধিতা বিদ্যা বলাচাতিবলা প্রিয়ে।—মন্ত্রস্তু— প্রণবান্তে মহামায়া নটিনি পাবকপ্রিয়া। মহাবিদ্যেতি কথিতা গোপনীয়া প্রযত্নতঃ। অশোকস্য তটং গত্বা স্নানং পূর্ব্ববদাচরেৎ। মূলমন্ত্রেণ সকলং কুর্য্যাচ্চ সুসমাহিতঃ। ত্রৈলোক্যমোহিনীং গৌরীং বিচিত্রাম্বরধারিণীং। বিচিত্রালঙ্কৃতাং রম্যাং নর্ত্তকীবেশধারিণীং। এবং ধ্যাত্বা জপেম্মন্ত্রং সহস্রঞ্চ দিনে দিনে। মাংসোপহারৈঃ সংপূজ্য ধূপদীপং নিবেদয়েৎ। গন্ধচন্দনতাম্বূলং দদ্যাত্তস্যৈ সদা বুধঃ। মাসমেকন্তু তাং ভক্ত্যা পূজয়েৎ সাধকোত্তমঃ। মাসান্তে দিবসং প্রাপ্য কুর্য্যাচ্চ পূজনং মহৎ। অর্দ্ধরাত্রৌ ভয়ং দত্বা কিঞ্চিৎ সাধকসত্তমে। সুদৃঢ়ং সাধকং মত্বা যাতি সা সাধকালয়ং। বিদ্যাভিঃ সকলাভিশ্চ কিঞ্চিৎ স্মেরমুখী ততঃ। বরং বরয় শীঘ্রং ত্বং যত্তে মনসি বর্ত্ততে। তৎশ্রুত্বা সাধকশ্রেষ্ঠো ভাবয়েন্মনসা ধিয়া। মাতরং ভগিনীং বাপি ভার্য্যাং বা প্রীতিভাবতঃ। কৃত্বা সন্তোষয়েদ্ভক্ত্যা নটিনী তৎকরোত্যলং। মাতা স্যাদ্যদি সা দেবী পুত্রবৎ পালিতং মুদা। স্বর্ণশতং সিদ্ধিদ্রব্যং দদাতি সা দিনে দিনে। ভগিনী যদি সা কন্যাং দেবস্য নাগকন্যকাং। রাজকন্যাং সমানীয় দদাতি সা দিনে দিনে। অতীতানাগতাং বার্ত্তাং সর্ব্বাং জানাতি সাধকঃ। ভার্য্যা-

---

সাধকের ভার্য্যা হইয়া তাহাকে পতিবৎ পালনকরিয়া থাকেন। সাধক অন্য ভার্য্যা পরিত্যাগ করিয়া পদ্মিনীকে ভজনা করিবে॥ ৬॥

অনন্তর অন্য মহামন্ত্র কথিত হইতেছে, এই মন্ত্রে ধীমান বিশ্বামিত্রমুনি সাধন করিয়াছিলেন ওঁ হ্রীঁ নটি স্বাহা এই মহাবিদ্যা কথিত হইল, ইহা যত্নপূর্ব্বক গোপন করিয়া রাখিবে। এই মন্ত্রের সাধনকালে অশোকবৃক্ষের মূলে গমন করিয়া পূর্ব্ববৎ স্নান করিবে এবং মূলমন্ত্রে পূজা কার্য্য করিতে হইবে। উক্ত দেবীর আকার এইরূপ।—ইনি স্বীয় রূপলাবণ্যে ত্রিভুবন মোহিত করিতে পারেন, গৌরবর্ণা বিচিত্র বস্ত্রবিধারিণী বিচিত্র অলঙ্কারে বিভূষিতা ও নর্ত্তকীর বেশধারিণী। এইরূপে ধ্যান করিয়া প্রতিদিন একসহস্র জপ করিবে। মাংস উপহারে দেবীর পূজা করিয়া ধূপ দীপ নিবেদন করিবে এবং গন্ধপুষ্প, তাম্বূল দেবীকে প্রদান করিবে। সাধক এইরূপে একমাস পূজা ও মন্ত্র জপ করিবে। পরে মাসান্তদিবসে মহাপূজা করিতে হইবে। দেবী অর্দ্ধরাত্রি সময়ে আগমন করিয়া সাধককে ভয়প্রদর্শন করেন, তাহাতে সাধক ভীত না হইয়া মন্ত্র জপ করিতে থাকিবে। দেবী সাধককে দৃঢ়প্রতিজ্ঞ জানিয়া তাহার আলয়ে গমম করেন এবং সাধক বলিয়া থাকেন যে, তোমার অভিলষিত বরপ্রার্থনা কর। সাধক দেবীর বাক্য শ্রবণ করিয়া মনে মনে স্থির করিয়া আপন ইচ্ছানুসারে মাতা, ভগিনী অথবা ভার্য্যা বলিয়া সম্বোধন করিয়া তদনুরূপ সাধন করিবে। পরে সাধক নটিনীকে ভক্তিদ্বারা সন্তুষ্ট করিবে। নটিনী তাহাতে সন্তুষ্টা হইয়া সাধকের মনোরথ পরিপূর্ণ করেন। যদি সাধক দেবীকে মাতৃভাবে ভজনা করে, তবে দেবী তাহাকে পুত্রবৎ পালন করেন এবং প্রতিদিন শতসংখ্যা সুবর্ণমুদ্রা ও অভিলষিত দ্রব্য প্রদামকরিয়া থাকেন। আর যদি ভগিনীরূপে সম্ভাষণ করেন, তাহা হইলে দেবী প্রতিদিন নাগকন্যা ও রাজকন্যা আনিয়া দেন। সাধক এই সাধনবলে অতীত ও ভবিষ্যৎ ঘটনা সকল জানিতে পারে। আর যদি সাধক দেবীকে ভার্য্যাভাবে ভজনা করে, তাহা হইলে দেবী

স্যাদ্‌যদি সা দেবী দদাতি বিপুলং ধনং। অন্নাদ্যৈরুপচারৈস্তু দদাতি কামভোজনং। স্বর্ণশতং সদা তস্মৈ দদাতি সা ধ্রুবং প্রিয়ে ॥ ৭ ॥

মহাবিদ্যাং প্রবক্ষ্যামি সাবধানাবধারয়। কুঙ্কুমেন সমালিখ্য ভূর্জপত্রে স্ত্রিয়ং মুদা। ততোঽষ্টদলমালিখ্য কুর্য্যান্ন্যাসাদিকং প্রিয়ে। জীবন্ন্যাসাদিকং কৃত্বা ধ্যায়েত্তত্র প্রসন্নধীঃ। শুদ্ধস্ফটিকসঙ্কাশাং নানালঙ্কারভূষিতাং। মঞ্জীরহারকেয়ূর-রত্নকুণ্ডলমণ্ডিতাং।) এবং ধ্যাত্বা জপেন্মন্ত্রং সহস্রন্তু দিনে দিনে। প্রতিপদ্দিনমারভ্য পূজয়েৎ কুসুমাদিভিঃ। ধূপদীপবিধানৈশ্চ ত্রিসন্ধ্যং পূজয়েন্মুদা। পূর্ণিমাং প্রাপ্য গন্ধাদ্যৈঃ পূজয়েৎ সাধকোত্তমঃ। ঘৃতদীপং তথা ধূপং নৈবেদ্যঞ্চ মনোরমং। রাত্রৌ চ দিবসে জাপ্যং কুর্য্যাচ্চ সুসমাহিতঃ। প্রভাতে সময়ে যাতি সাধকস্যান্তিকং ধ্রুবং। প্রসন্নবদনা ভূত্বা তোষয়েদ্রতিভোজনৈঃ। দেবদানবগন্ধর্ব্ববিদ্যাধ্রগ্যক্ষরক্ষসাং। কন্যাভীরত্নভূষাভিঃ সাধকেন্দ্রং মুহুর্ম্মুহুঃ। চর্ব্ব্যং চোষ্যাদিকং দ্রব্যং দিব্যং দদাতি সা ধ্রুবং। স্বর্গে মর্ত্ত্যে চ পাতালে যদ্বস্তু বিদ্যতে প্রিয়ে। আনীয় দীয়তে সত্যং সাধকাজ্ঞানুরূপতঃ। স্বর্ণশতং সদা তস্মৈ দদাতি সা দিনে দিনে। সাধকায় বরং দত্ত্বা যাতি সা নিজমন্দিরং। তস্যা বরপ্রসাদেন চিরজীবী নিরাময়ঃ। সর্ব্বজ্ঞঃ সুন্দরঃ শ্রীমান্ সর্ব্বগো ভবতি ধ্রুবং। রেমে সার্দ্ধং তয়া দেবি সাধকেন্দ্রো দিনে দিনে। মন্ত্রস্তু— তারং মায়া গচ্ছানুরাগিণি মৈথুনপ্রিয়ে। বহ্নিভার্য্যা মনুঃ প্রোক্তঃ সর্ব্বসিদ্ধিপ্রদায়কঃ।

প্রতিদিন বিপুল ধন প্রদান করিয়া থাকেন এবং অন্নাদি নানাপ্রকার কাম ভোজন ও শত সুবর্ণমুদ্রা দান করেন ॥ ৭ ॥

অতঃপর অন্য মহাবিদ্যা বলিতেছি, সাবধানে শ্রবণ কর। ভূর্জ্জপত্রে কুঙ্কুমদ্বারা স্ত্রীর প্রতিমূর্ত্তি লিখিয়া তাহার বহির্ভাগে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া ন্যাসাদি করিবে এবং জীবন্যাস করিয়া তাহাতে দেবীর ধ্যান করিবে। দেবী বিশুদ্ধ স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণা ও নানাবিধ অলঙ্কারে সুশোভিতা এবং নূপুর, হার, কেয়ূর ও রত্ননির্ম্মিত কুণ্ডলে পরিমণ্ডিতা। এইরূপে ধ্যান করিয়া প্রতিদিন এক সহস্র মন্ত্র জপ করিবে। প্রতিপৎ তিথিতে আরম্ভ করিয়া পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্যাদি উপহারে ত্রিসন্ধ্যা দেবীর পূজা করিবে। এইরূপে একমাস পূজা ও মন্ত্র জপ করিয়া পূর্ণিমাদিবসে সাধক গন্ধাদি উপচারে দেবীকে পূজা করিবে। ঘৃতপ্রদীপ ও ধূপ প্রদান করিয়া দিবারাত্রি মন্ত্র জপ করিতে থাকিবে। এইরূপ পূজা ও জপ করিলে প্রভাত সময়ে দেবী সাধকের নিকট আগমন করেন এবং সন্তুষ্ট হইয়া রতি ও ভোজন দ্রব্যদ্বারা সাধককে পরিতোষিত করিয়া থাকেন। দেবকন্যা, দানবকন্যা, নাগকন্যা, যক্ষকন্যা, গন্ধর্ব্বকন্যা, বিদ্যাধরকন্যা ও বিবিধ রত্নভূষণ এবং চর্ব্ব্য চোষ্যাদি নানা ভক্ষদ্রব্য প্রতিদিন প্রদান করিয়া থাকেন স্বর্গে, মর্ত্ত্যে ও পাতালে যে সকল বস্তু বিদ্যমান আছে, দেবী সাধকের আজ্ঞানুসারে তাহা আনিয়া সাধককে অর্পণ করেন এবং প্রতিদিন শত সুবর্ণমুদ্রা প্রদান করিয়া থাকেন। পরে দেবী সাধককে অভিলষিত বরপ্রদান করিয়া নিজালয়ে প্রস্থান করেন। সাধক দেবীর প্রসাদে নিরাময়দেহে চিরকাল জীবিত থাকে। সাধক দেবীর বরে সর্ব্বজ্ঞ, সুন্দরকলেবর ও শ্রীমান হয়, সর্ব্বত্র গমনাগমনে সাধকের শক্তি জন্মে। সাধক এইরূপে যোগিনী সাধনকরিয়া প্রতিদিন দেবীর সহিত ক্রীড়াকৌতুকাদি করিয়া থাকে। ওঁ হ্রীঁ আগচ্ছ অনুরাগিণি মৈথনপ্রিয়ে স্বাহা এই মন্ত্র কথিত

এষা মধুমতী তু স্যাৎ সর্ব্বসিদ্ধিপ্রদা প্রিয়ে। গুহ্যাদ্‌গুহ্যতরা হ্যেষা তব স্নেহাৎ প্রকীর্ত্তিতা ॥ ৮ ॥

দেব্যুবাচ। শ্রুতঞ্চ সাধনং পুণ্যং যক্ষিণীনাং সুখপ্রদং। কস্মিন্ কালে প্রকর্ত্তব্যং বিধিনা-কেন বা প্রভো। অথাধিকারিণঃ কেবা সমাসেন বদ প্রভো। ঈশ্বর-উবাচ। বসন্তে সাধয়েদ্ধীমান্ হবিষ্যাশী জিতেন্দ্রিয়ঃ। সদা ধ্যানপরো ভূত্বা তদ্দর্শনমহোৎসুকঃ। উজ্জটে প্রান্তরে বাপি কামরূপে বিশেষতঃ। স্থানেম্বেকতমং প্রাপ্য সাধয়েৎ সুসমাহিতঃ। অনেন বিধিনা সাক্ষাদ্ভবিষ্যতি ন সংশয়ঃ। দেব্যাশ্চ সেবকাঃ সর্ব্বে পরং চাত্রাধিকারিণঃ। তারক-ব্রহ্মণোভূত্যং বিনাপ্যত্রাধিকারিণঃ। ইতি যোগিনীসাধনপ্রকরণং সমাপ্তং ॥

অথ পূজাধারোনিরূপ্যতে। তত্র নারদীয়ে—আপোগ্নির্হৃদয়ং চক্রং বিষ্ণোঃ ক্ষেত্রসমুদ্ভবং। যন্ত্রঞ্চ প্রতিমাস্থানমর্চ্চনে সর্ব্বদা হরেঃ। গৌতমীয়ে—শালগ্রামে মণৌ যন্ত্রে প্রতিমামণ্ডলেষু বা। নিত্যং পূজাহরেঃ কার্য্যা নতু কেবলভূতলে। শালগ্রামশিলাস্পর্শাৎ কোটিজন্মাঘনাশনং। কিং পুনশ্চার্চ্চনং তত্র হরিসান্নিধ্যকারণং। বহুভির্জন্মভিঃ পুণ্যৈর্যদি কৃষ্ণাং শিলাং লভেৎ। গোষ্পদেনৈব চিহ্নেন তেন জন্ম সমাপ্যতে। এতেন বিষ্ণুপূজায়াং শিলায়া অপি প্রাধান্যং। মণ্ডলাদীনান্তু সর্ব্বসাধারণত্বাৎ। যোগিনীতন্ত্রে—লিঙ্গস্থাং পূজয়ে-

---

হইল, ইহা সর্ব্বকার্য্যে সিদ্ধি প্রদান করে। এই সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী মধুমতি দেবী অতিগুহ্য। দেবি! তোমার স্নেহে প্রকাশ করিলাম। ৮ ॥

পার্ব্বতী মহাদেবকে জিজ্ঞাসা করিলেন, প্রভো! আমি তোমার নিকট যক্ষিণীসাধন শুনিয়াছি, ঐ সুখপ্রদ সাধন কোন কালে, কিরূপ বিধানে করিতে হইবে এবং কোন ব্যক্তিই বা এই সাধনের অধিকারী, তাহা আমার নিকট বল। মহাদেব বলিলেন, ধীমান সাধক, হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইয়া বসন্তকালে এই যোগিনীসাধন করিবে। সর্ব্বদা যোগিনীকে ধ্যান করিয়া তাহার দর্শনে সমুৎসুক হইয়া উজ্জটে অথবা প্রান্তরে এই সাধন করিবে। বিশেষতঃ কামরূপে এই সিদ্ধিকার্য্য বিশেষ ফলপ্রদ হয়। পূর্ব্বোক্ত স্থান সকলের কোন একটি স্থানে সুসংযতচিত্তে এই সাধন করিবে। এইরূপ বিধানে সাধন করিলে নিশ্চয় দেবীর সাক্ষাৎকার লাভ করিতে পারে। যাহারা দেবীর সেবক, তাহারাই এই কার্য্যের অধিকারী এবং যাঁহারা ব্রহ্মবিদ্ তাহাদিগের এই কার্য্যে অধিকার নাই ॥

অনন্তর পূজার আধার নিরূপিত হইতেছে। সারদীয়তন্ত্রে লিখিত আছে যে, জল, অগ্নি, মনঃ, শালগ্রামাদি স্থান সমুৎপন্ন বিষ্ণুচক্র, যন্ত্র ও প্রতিমা এই সকল আধারে বিষ্ণুর পূজা করিবে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, শালগ্রাম, মণি, যন্ত্র, প্রতিমা ও মণ্ডল এই সকল আধারে বিষ্ণুর নিত্য পূজা করিবে, কদাচ কেবল ভূতলে বিষ্ণুর অর্চ্চনা করিবে না। শালগ্রাম শিলাস্পর্শ করিলে কোটি জন্মের পাপ বিনষ্ট হয়, তাহাতে হরির অর্চ্চনা করিলে যে বিষ্ণুর সান্নিধ্য লাভ হইবে, তাহার আশ্চর্য্য কি? বহুজন্মার্জ্জিত পুণ্যফলে যদি একটি কৃষ্ণশিলা লাভ করিতে পারে এবং সেই শিলাতে যদি গোষ্পদ চিহ্ন থাকে, তাহা হইলে তাহার সেই জন্ম সফল হইয়া থাকে। এই সকল বচনে জানা যায় যে, বিষ্ণুপূজাতে শালগ্রামই প্রধান। মণ্ডলাদি অন্যান্য আধার সাধারণ। যোগিনীতন্ত্রে লিখিত আছে যে, লিঙ্গে,

দেবীং পুস্তকস্থাং তথৈব চ। মণ্ডলস্থাং মহামায়াং যন্ত্রস্থাং প্রতিমাসু চ। জলস্থাং বা শিলাস্থাং বা পূজয়েৎ পরমেশ্বরীং। কৌলাবলীয়ে—যত্রাপরাজিতাপুষ্পং জবাপুষ্পঞ্চ বিদ্যতে। করবীরে শুক্লরক্তে দ্রোণং বা যত্র তিষ্ঠতি। তত্র দেবী বসেন্নিত্যং তদ্‌যন্ত্রে চণ্ডিকার্চ্চনং। এতৎ সর্ব্বং যন্ত্রাভাবে। তথাচ—যন্ত্রং মন্ত্রময়ং প্রোক্তং মন্ত্রাত্মা দেবতেতি চ। দেহাত্মনোর্যথা ভেদো যন্ত্রদেবতয়োস্তথা। তথাদৌ বিলিখেদ্‌যন্ত্রং দেবতায়াশ্চ বিগ্রহং। কামক্রোধাদি-দোষোত্থং সর্ব্বদুঃখনিয়ন্ত্রণাৎ। যন্ত্রমিত্যাহুরেতস্মিন্‌ দেবং প্রীণাতি সাধকঃ। বিনা যন্ত্রেণ পূজায়া দেবতা ন প্রসীদতি। দুঃখনিয়ন্ত্রণাদ্যন্ত্রমিত্যাহুস্তন্ত্রবেদিনঃ। ইতি যন্ত্রস্য পূজায়াং প্রাধান্যমিতি ॥

অথ যন্ত্রসংস্কারঃ ॥ বামকেশ্বরতন্ত্রে—ভৈরব্যুবাচ। চক্রভেদং মহাদেব ত্বৎপ্রসাদান্ময়া শ্রুতং। ইদানীং শ্রোতুমিচ্ছামি প্রতিষ্ঠাকর্ম্মনির্ণয়ং। শ্রীশঙ্কর-উবাচ। শৃণু দেবি মহাভাগে জগৎকারিণি কৌলিনি। তস্যোদ্‌যাপনকর্ম্মাঙ্গং সর্ব্ববর্ণবিনির্ণয়ং। স্নাত্বা সঙ্কল্পয়েন্মন্ত্রী গুরোরর্চ্চনমাচরেৎ। পঞ্চগব্যং ততঃ কৃত্বা শিবমন্ত্রেণমন্ত্রিতং। অত্র চক্রং ক্ষিপেন্মন্ত্রী প্রণবেন সমাকুলং। তদুদ্ধৃত্য ততশ্চক্রং স্থাপয়েৎ স্বর্ণপাত্রকে। পঞ্চামৃতেন দুগ্ধেন শীতলেন জলেন চ। চন্দনেন সুগন্ধেন কস্তুরীকুঙ্কুমেন চ। পয়োদধিঘৃতক্ষৌদ্রশর্করাদ্যৈরনুক্রমাৎ।

পুস্তকে, মণ্ডলে, যন্ত্রে, প্রতিমাতে, জলে অথবা শিলাতে পরমেশ্বরীর পূজা করিবে। কৌলাবলীতন্ত্রে লিখিত আছে যে, যেখানে জবাপুষ্প, অপরাজিতাপুষ্প, করবীপুষ্প ও দ্রোণপুষ্প বিদ্যমান আছে, সেই স্থানে সর্ব্বদা দেবী বাস করেন, অতএব সেই সেই পুষ্পযন্ত্রে চণ্ডিকার অর্চ্চনা করিবে। যন্ত্রাভাবে উক্ত পুষ্পযন্ত্রে পূজা করিবে। যন্ত্রসম্ভবে তাহাতেই পূজা প্রশস্ত। তন্ত্রে লিখিত আছে যে, যন্ত্র মন্ত্রময় এবং মন্ত্র দেবতাময় জানিবে। দেহ আর আত্মার যেরূপ ভেদ নির্দ্দিষ্ট আছে, যন্ত্রও দেবতার সেইরূপ ভেদ জানিবে। অতএব অগ্রে যন্ত্র অঙ্কিত করিয়া তাহাতে দেবতার পূজা করিবে। যন্ত্রে পূজা করিলে কামক্রোধাদিসম্ভূত সর্ব্বদোষ নিয়ন্ত্রিত হইয়া দেবতা প্রসন্ন হন, অতএব যন্ত্র এই নাম হইয়াছে। যন্ত্র ব্যতিরেকে পূজা করিলে সেই পূজাতে দেবতা প্রসন্ন হন না। তন্ত্রবিৎপণ্ডিতগণ বলিয়া থাকেন যে, দুঃখনিয়ন্ত্রণহেতু যন্ত্র এই নাম হইয়াছে। এইনিমিত্ত যন্ত্রেতে দেবপূজা করিলে সেই পূজা সর্ব্বপ্রধান পূজা বলিয়া গণ্য হয় ॥

অনন্তর যন্ত্রসংস্কার প্রক্রিয়া কথিত হইতেছে। বামকেশ্বরতন্ত্রে ভৈরবী বলিয়াছেন, হে মহেশ্বর! তোমার প্রসাদে আমি চক্রভেদ শ্রবণ করিয়াছি, এইক্ষণ সেই চক্রাদির প্রতিষ্ঠা নির্ণয় শুনিতে ইচ্ছা করি। মহাদেব বলিলেন হে দেবি! হে জগৎকারিণি! আমি চক্রযন্ত্রাদির প্রতিষ্ঠাপ্রণালী বলিব শ্রবণ কর। প্রথমতঃ সাধক যথাবিধি স্নান করিয়া গুরুদেবের অর্চ্চনা করিবে। তৎপরে হৌঁ এই মন্ত্রে পঞ্চগব্য (গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি, ঘৃত ও কুশোদক) শোধন করিয়া সেই বিশুদ্ধ পঞ্চগব্যমধ্যে ওঁ এই মন্ত্রে যন্ত্র নিক্ষেপ করিবে, অনন্তর পঞ্চগব্য হইতে যন্ত্র উদ্ধৃত করিয়া স্বর্ণপাত্রে স্থাপন করিবে এবং পঞ্চামৃত (দুগ্ধ, শর্করা, ঘৃত, দধি ও মধু) দ্বারা স্নান করাইবে, পরে দুগ্ধদ্বারা স্নান করাইয়া শীতলজলে সেই যন্ত্রকে স্নাপিত করিবে। অনন্তর চন্দন, সুগন্ধিদ্রব্য, কস্তূরী, কুঙ্কুম, দুগ্ধ, দধি, ঘৃত, মধু ও

তোয়ধূপান্তরৈঃ কুর্য্যাৎ পঞ্চামৃতবিধিং বুধঃ। হাটকৈঃ কলসৈর্দ্দেবীমষ্টাভির্ব্বা বিপূরিতৈঃ। কষায়জলসংপূর্ণৈঃ কারয়েৎ স্নানমুত্তমং। স্নানং সমাপ্য তাং দেবীং স্থাপয়েৎ স্বর্ণপীঠকে। যন্ত্ররাজায় বিদ্মহে মহাযন্ত্রায় ধীমহি। তন্নো যন্ত্রং প্রচোদয়াৎ। স্পৃষ্ট্বা যন্ত্রং কুশাগ্রেণ গায়ত্র্যা চাভিমন্ত্রয়েৎ। অষ্টোত্তরশতং দেবি দেবতাভাবসিদ্ধয়ে। আত্মশুদ্ধিং ততঃ কৃত্বা ষড়ঙ্গৈর্দ্দেবতাং যজেৎ। তত্রাবাহ্য যজেদ্দেবীং জীবন্যাসং সমাচরেৎ। উপচারৈঃ ষোড়শাভির্ম্মহামুদ্রাদিভিঃ সদা। ফলতাম্বূলনৈবেদ্যৈর্দ্দেবীং তত্র সমর্চ্চয়েৎ। পট্টসূত্রাদিকং দদ্যাদস্ত্রালঙ্কারমেব চ। মুদ্গর চামরং ঘণ্টাং যথাযোগ্যং মহেশ্বরি। সর্ব্বমেতৎ প্রযত্নেন দদ্যাদাত্মহিতে রতঃ। ততো জপেৎ সহস্রন্তু সকলেপ্সিতসিদ্ধয়ে। বলিদানং ততঃ কৃত্বা প্রণমেচ্চক্র রাজকং। অষ্টোত্তরশতং হুত্বা সম্পাতাজ্যং বিনিক্ষিপেৎ। হোমকর্ম্মণ্যশক্তশ্চেদ্দ্বিগুণং জপমাচরেৎ। ধেনুমেকাং সমানীয় স্বর্ণশৃঙ্গাদ্যলঙ্কৃতাং। গুরবে দক্ষিণাং দদ্যাত্ততো দেব্যা-বিসর্জ্জনং। তন্ত্রপ্রদীপে—ফলে ভিত্তৌ তথা পট্টে স্থাপয়েদ্‌যন্ত্রমিশ্বরি। ধনধান্যপুত্রপৌত্র-আয়ুশ্চ তস্য নশ্যতি। অন্যত্রাপি—ন ভিত্তৌ স্থাপয়েদ্‌যন্ত্রং ন পট্টে ফলকে তথা। যস্য বৈ মমতা দেবি পুত্রপৌত্রগৃহাদিষু॥

অথ চক্রপ্রতিষ্ঠাপ্রয়োগঃ। কৃতনিত্যক্রিয়ঃ স্বস্তিবাচনপূর্ব্বকং সঙ্কল্পং কুর্য্যাৎ। ওঁ অদ্যে-ত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুকদেবতায়াঃ প্রীত্যর্থং যন্ত্রসংস্কারমহং করিষ্যে।

শর্করা এই সকল দ্রব্যদ্বারা প্রত্যেকে স্নান করাইবে। তৎপরে জলদ্বারা স্নান করাইয়া পুনর্ব্বার পঞ্চামৃতদ্বারা স্নান করাইবে এবং জলপূর্ণ অষ্টসুবর্ণকলসদ্বারা স্নান করাইয়া কলম্বলকষায় জলদ্বারা সেই যন্ত্রের স্নানক্রিয়া সম্পাদনকরিবে। এইরূপে স্নানক্রিয়া সমাপন করিয়া সেই যন্ত্র স্বর্ণপাত্রে স্থাপন করিবে। পরে যন্ত্ররাজায় বিদ্মহে ইত্যাদি যন্ত্রগায়ত্রী পাঠ করিয়া কুশাগ্রদ্বারা যন্ত্র স্পর্শকরতঃ পুনর্ব্বার গায়ত্রীদ্বারা অষ্টোত্তরশতবার অভিমন্ত্রিত করিলে সেই যন্ত্রে দেবতার অধিষ্ঠান হইয়া থাকে। তৎপরে আত্মশুদ্ধি করিয়া দেবতার ষড়ঙ্গন্যাস করিবে এবং সেই যন্ত্রে দেবতার ধ্যান ও আবাহন করিয়া তাহাতে দেবতার প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক ষোড়শ উপচার ও বিবিধমুদ্রা প্রদর্শনদ্বারা ইষ্টদেবতার পূজা করিবে। পরে সেই যন্ত্রে পট্টবস্ত্র, অলঙ্কার, মুদ্গর, চামর, ঘণ্টা ও অন্যান্য যথাযোগ্য দ্রব্য যত্নপূর্ব্বক প্রদান করিবে এবং সর্ব্বকামনা সিদ্ধ্যর্থ একসহস্র ইষ্টদেবতার মন্ত্রজপ করিবে। তৎপরে বলিপ্রদান করিয়া সেই যন্ত্রকে প্রণাম করিবে। পরে অষ্টোত্তরশত হোম করিবে, হোমকালে সেই যন্ত্রোপরি প্রত্যাহুতি প্রদান করিতে হইবে। হোমক্রিয়ায় অশক্ত ব্যক্তি হোমসংখ্যার দ্বিগুণ জপ করিবে। পরে একটী ধেনু আনিয়া তাহাকে স্বর্ণশৃঙ্গাদি বিবিধ অলঙ্কারে অলঙ্কৃত করিয়া দক্ষিণার্থ গুরুদেবকে প্রদান পূর্ব্বক দেবতার বিসর্জ্জন করিতে হইবে। তন্ত্রপ্রদীপে লিখিত আছে যে, কোন কাষ্ঠফলকে অথবা গৃহভিত্তিতে যন্ত্র স্থাপন করিলে তাহার পুত্র, পৌত্র, ধন, ধান্য ও আয়ুঃ বিনাশ পায়। অন্যান্য তন্ত্রে লিখিত আছে যে, পুত্রপৌত্রগৃহাদিতে যাহার মমতা আছে সেই ব্যক্তি গৃহভিত্তিতে অথবা ফলকে যন্ত্র স্থাপন করিবে না।

অনন্তর চক্রপ্রতিষ্ঠাপদ্ধতি লিখিত হইতেছে। সাধক বিহিতবিধানে নিত্যকর্ত্তব্য কার্য্য সমাপন করিয়া স্বস্তি-

ইতি সঙ্কল্প্য পঞ্চগব্যমানীয় হৌমিতি মন্ত্রেণাষ্টোত্তরশতমভিমন্ত্র্য প্রণবেন তত্র যন্ত্রং নিক্ষিপেৎ। তত উত্তোল্য স্বর্ণাদিপাত্রে নিক্ষিপেৎ। ততঃ শীতলজলচন্দনগন্ধকস্তুরীকুঙ্কুমৈঃ স্নাপয়িত্বা পঞ্চামৃতমানীয় হৌমিতি মন্ত্রেণাষ্টোত্তরশতমভিমন্ত্র্য পূর্ব্ববৎ শোধয়িত্বা স্নাপয়েৎ। তত্র ক্রমঃ। প্রথমং ক্ষীরেণ স্নাপয়িত্বা পুনর্জ্জলেন স্নাপয়িত্বা ধূপং দদ্যাৎ। এবং দধ্না ঘৃতেন মধুনা শর্করয়া চ। ততোঽষ্টভিঃ কলসৈঃ কুঙ্কুমরোচনামিশ্রিতৈস্তোয়ৈঃ স্নাপয়েৎ। সর্ব্বত্র স্নানং মূলমন্ত্রেণ। ততো যন্ত্রমুত্তোল্য পাত্রান্তরে স্থাপয়িত্বা কুশাগ্রেণ যন্ত্রং স্পৃষ্ট্বা যন্ত্ররাজায় বিদ্মহে মহাযন্ত্রায় ধীমহি তন্নো যন্ত্রঃ প্রচোদয়াৎ। ইতি গায়ত্র্যা চাষ্টোত্তরশতমভিমন্ত্র্য প্রাণপ্রতিষ্ঠাং কুর্য্যাৎ। বিশ্বসারতন্ত্রে—প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য দেবতাব্রাহ্মণাদয়ঃ। ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঋষয়ঃ পরিকীর্ত্তিতাঃ। তত্ত ঋগ্‌যজুঃসামানি ছন্দাংসি চ তদাচরেৎ। অস্য প্রাণপ্রতিষ্ঠামন্ত্রস্য ব্রহ্মবিষ্ণুমহেশ্বরা ঋষয়ঃ ঋগ্‌যজুঃসামানি ছন্দাংসি চৈতন্যং দেবতা প্রাণপ্রতিষ্ঠায়াং বিনিয়োগঃ। তদ্‌যথা—আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হং সঃ অমুকদেবতায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ এবং আমিত্যাদি অমুকদেবতায়াঃ জীব ইহ স্থিতঃ এবং আমিত্যাদি অমুকদেবতায়াঃ সর্ব্বেন্দ্রিয়াণি এবং আমিত্যাদি অমুকদেবতায়া বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা। ইতি প্রাণান্ প্রতিষ্ঠাপ্য তত্র দেবতামাবাহ্য ষোড়শোপচারৈঃ পঞ্চোপচারৈর্ব্বা পূজয়েৎ। তথাচ ভৈরবতন্ত্রে—মূর্ত্তিং মূলেন সঙ্কল্প্য জীবন্যাসং সমাচরেৎ। মায়াপাশাঙ্কুশাদ্যন্তান্ যাদীন্ সপ্তমবিন্দুকান্। বিয়ৎসত্যেন্দুসংযুক্তং তদন্তে হংস উচ্চরেৎ। অস্যাঃ প্রাণা ইহ প্রাণাঃ পুনর্জীব ইহ স্থিতঃ। পুনরুচ্চার্য্য তস্যা বৈ সর্ব্বেন্দ্রিয়াণি পুনর্ব্বদেৎ। তস্যাশ্চ বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রপ্রাণপদান্যপি। প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু ঠদ্বয়ং। ইতি প্রাণান্ প্রতিষ্ঠাপ্য দেবীমাবাহয়েত্ততঃ। ততঃ ষড়ঙ্গেন পূজয়েৎ। ততঃ পট্টসূত্রাদিকং দত্ত্বা অষ্টোত্তরসহস্রং জপ্ত্বা শক্তশ্চেদ্বলিং দদ্যাৎ। ততোঽষ্টোত্তরশতং হুত্বা প্রত্যাহুতিসম্পাতং দদ্যাৎ। হোমাভাবে দ্বিগুণজপঃ কার্য্যঃ। ততো দক্ষিণাং দত্ত্বা অচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ। ইতি যন্ত্রসংস্কারবিধিঃ। ইতি শ্রীকৃষ্ণানন্দভট্টাচার্য্যবিরচিতে তন্ত্রসারে তৃতীয়ঃ পরিচ্ছেদঃ॥

অথ প্রকীর্ণকং। তত্র পূজায়াং দিগ্বিধানং। বিষ্ণুবিষয়ে নারদীয়ে—স্নাতঃ শুক্লাম্বরধর-

---

বাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে। পরে পঞ্চগব্য আনয়ন করিয়া হৌঁ এই মন্ত্রে অষ্টোত্তরশতবার অভিমন্ত্রিত করিবে এবং ওঁ এই মন্ত্রে সেই যন্ত্র পঞ্চগব্যমধ্যে স্থাপন করিতে হইবে। এইরূপে মূলের লিখিত প্রণালীক্রমে কার্য্য করিবে। এই প্রণালী ইতিপূর্ব্বে লিখিত হইয়াছে।

অনন্তর প্রকীর্ণ অর্থাৎ বিবিধপ্রয়োগ কথিত হইতেছে। প্রথমতঃ পূজার দিঙ্‌নিয়ম বিবৃত হইতেছে। বিষ্ণুপূজাদি

শ্চাচান্তঃ পূর্ব্বদিঙ্মুখঃ। শুদ্ধমেনং সমাসাদ্য ভূতোৎসারণমাচরেৎ। অন্যত্র নিবন্ধে—উপবিশ্যাসনে মন্ত্রী প্রাঙ্মুখো বাপ্যুদঙ্মুখঃ। বদ্ধপদ্মাসনো মন্ত্রী সমাহিতজিতেন্দ্রিয়ঃ। সারসমুচ্চয়েপি—প্রাগাননো ধনদদিগ্বদনোঽথ বাপীতি। রাত্রৌ পূজনে নায়ং নিয়মঃ। তথাচ স্মৃতিঃ—রাত্রাবুদঙ্মুখঃ কুর্য্যাৎ দেবকার্য্যং সদৈব হি। শিবার্চ্চনং তথাপ্যেবং শুচিঃ কুর্য্যাদুদঙ্মুখঃ ইতি ॥

অথ পূজায়াং বিহিতনিষিদ্ধানি। মন্ত্রতন্ত্রপ্রকাশে—লিঙ্গদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেবচ। শক্তিদ্বয়ং তথা সূর্য্যদ্বয়মেকত্র নার্চ্চয়েৎ। দ্বে চক্রে দ্বারকায়াস্তু শালগ্রামশিলাদ্বয়ং। এতেষামর্চ্চনান্নিত্যমুদ্বেগং প্রাপ্নুয়াদ্গৃহী। লৈঙ্গে—একীকৃত্য চ লিঙ্গানি দশপঞ্চশতানি চ। প্রত্যেকেনাথবা দেবি বিল্বপত্রৈঃ প্রপূজয়েৎ। একং পাশুপতং লিঙ্গং মৃচ্ছিলাদিবিনির্ম্মিতং। শালগ্রামশিলামেকং গৃহস্থোপি প্রপূজয়েৎ। যামলে—নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ন তুলস্যা বিনায়কং। ন দূর্ব্বয়া যজেদ্দুর্গাং বিল্বপত্রৈর্দিবাকরং। উন্মত্তমর্কপুষ্পঞ্চ বিষ্ণোর্ব্বর্জ্জ্যং সদা বুধৈঃ। গৌতমীয়ে—ন রক্তচন্দনং জাতু গৃহ্লীয়াদ্রক্তপুষ্পকং। বিল্বপত্রৈস্তৎপ্রসূনৈর্নার্চ্চয়েদ্দেবকীসুতং। যত্তু তত্রৈব—কমলে করবীরে দ্বে তুলস্যৌ জাতিকেতকে। নাগকেশরপাবন্তী কহ্লারং চম্পকোৎপলে। নন্দ্যাবর্ত্তঞ্চ যূথীঞ্চ মল্লিকা নবমল্লিকা। কুন্দং

বিষয়ে নারদীয়তন্ত্রে লিখিত আছে যে, সাধক স্নানান্তে শুক্লবস্ত্র পরিধান করিয়া আচমনপূর্ব্বক পূর্ব্বদিঙ্মুখী হইয়া আসনাদি শুদ্ধি ও ভূতাপসারণ করিয়া পূজাদি করিবে। অন্যান্য দেবতার পূজাদি কার্য্যবিষয়ে নিবন্ধে লিখিত আছে যে, সাধক পূর্ব্বমুখে অথবা উত্তরমুখে আসনে বদ্ধপদ্মাসনে উপবেশন করিয়া সংযতচিত্ত ও জিতেন্দ্রিয় হইয়া কার্য্য করিবে। সারসমুচ্চয়ে লিখিত আছে যে, পূর্ব্বাস্য অথবা উত্তরাস্য হইয়া দেবপূজা করিবে। দিবাভাগে যে সকল পূজা করিবে, তাহাতেই এইরূপ নিয়মে কার্য্য করিবে ; রাত্রিকালের পূজাতে এই নিয়ম আদরণীয় নহে। স্মৃতিশাস্ত্রে উক্ত আছে যে, রাত্রিকালে দেবপূজা করিতে কেবল উত্তরাভিমুখী হইয়া কার্য্য করিবে এবং শিবপূজান্তেও শুচি হইয়া উত্তরাভিমুখে কার্য্য করিবে ॥

অনন্তর দেবপূজাতে বিহিত ও নিষিদ্ধ দ্রব্যাদি কথিত হইতেছে। মন্ত্রতন্ত্রপ্রকাশ গ্রন্থে লিখিত আছে যে, একত্র দুই শিবপূজা, দুই গণেশপূজা, দুই শক্তিপূজা, দুই সূর্য্যপূজা ও দুই শালগ্রামপূজা করিবে না। উক্তরূপ যুগ্মপূজা করিলে গৃহী সাধক সর্ব্বদা উদ্বেগ প্রাপ্ত হয়। লিঙ্গপুরাণে লিখিত আছে যে, পঞ্চ, দশ, অথবা শত শিবলিঙ্গ একত্র করিয়া কিম্বা প্রত্যেকে বিল্বপত্রদ্বারা পূজা করিবে। গৃহস্থ সাধক মৃত্তিকা ও শিলাদিনির্ম্মিত একটি শিবলিঙ্গ ও একটি শালগ্রামের অর্চ্চনা করিবে। যামলে লিখিত আছে যে, অক্ষতদ্বারা বিষ্ণুর, তুলসীদ্বারা গণেশের, দূর্ব্বাদ্বারা দুর্গার এবং বিল্বপত্রদ্বারা সূর্য্যের পূজা করিবে না। বিষ্ণুপূজাতে আকন্দপুষ্প ও ধুস্তুরপুষ্প পরিবর্জ্জন করিবে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, কদাচ রক্তচন্দন, রক্তপুষ্প, বিল্বপত্র ও বিল্বপুষ্পদ্বারা দেবকীনন্দন বিষ্ণুর অর্চ্চনা করিবে না। তন্ত্রে আরও লিখিত আছে যে, কমলদ্বয়, করবীরদ্বয়, তুলসীদ্বয়, জাতীপুষ্প, কেতকীপুষ্প, নাগকেশর, কহ্লার, চম্পক, উৎপল, তগর, যূথী, মল্লিকা, নবমল্লিকা, কুন্দ, মন্দার, শ্বেতোৎপল, কেশর, পীতঝিণ্টী,

মন্দারকঞ্চৈব সৌগন্ধিকঞ্চ কেশরং। কুরুণ্টাশোকসর্জ্জানি বিল্বঞ্চ মুনিপুষ্পকং। পত্রমামলকং শুষ্কং কর্ণিকারং পলাশজং। এতান্যন্যানি পুষ্পাণি যথালাভং সমর্চ্চয়েৎ। ইতি বিল্ব-বিধানং তদ্বিহিতপুষ্পাভাবে। তন্ত্রান্তরে—দেবীনামর্কমন্দারাবাদিত্যে তগরং তথা। গণেশায় চ সূর্য্যায় রক্তপুষ্পমতিপ্রিয়ং। শিবে কুন্দং মদন্তীঞ্চ যূথীং বন্ধূককেতকে। রক্তাং জবাং ত্রিসন্ধ্যে দ্বে মালতীং কেতকীস্তথা। ঘুসৃণং কুমুদং রক্তং হয়ারিঞ্চ বিবর্জ্জয়েৎ। তথা—উগ্রগন্ধমগন্ধঞ্চ কৃমিকেশাদিদূষিতং। বাসোভিঃ সংভৃতং নীতং মতিমান্নার্চ্চয়েচ্ছিবে। কলিকাভিস্তথা নার্চ্চ্যং বিনা চম্পকপদ্মকৈঃ। শুষ্কৈশ্চ নার্চ্চয়েদ্বিষ্ণুং পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈরপি। স্নাত্বানীতৈঃ পর্য্যুষিতৈর্যাচিতৈঃ কৃষ্ণবর্ণকৈঃ। স্বয়ং বিকসিতৈঃ পুষ্পৈঃ স্বয়ঞ্চ পতিতৈর্ভুবি। বর্জ্জয়েদ্বৃহতীপুষ্পমগন্ধঞ্চ বিশেষতঃ। স্বয়ং বিকসিতৈরিতি পুরুষেণ স্বয়ং বিকাসিতৈরিত্যর্থঃ। ত্রিপত্রন্যূনকুসুমৈর্নার্চ্চয়েত্তু কদাচন। ভুগতঞ্চাঙ্গসংভৃতং কেশ-কীটাদিদূষিতং। কুমুদং পাটলঞ্চৈব শিরীষং পরিবর্জ্জয়েৎ। ভুগতং বর্জ্জয়েৎ পুষ্পং শেফালীং বকুলং বিনা। তথা—বিল্বস্য খাদিরস্যৈব তথা ধাত্রীদলস্য চ। তমালস্য চ পত্রস্য ছিন্ন-ভিন্নে ন দুষ্যতি। গৌতমীয়ে—মলিনং ভূমিসংস্পৃষ্টং কৃমিকেশাদিদূষিতং। পর্য্যুষিতানি পুষ্পাণি বর্জ্জয়েদ্দেবতার্চ্চনে। তিষ্ঠেদ্দিনদ্বয়ং শুষ্কং পদ্মমামলকং তথা। তুলসী সর্ব্বদা

অশোক, সর্জপুষ্প, বিল্বপুষ্প, বকপুষ্প, আমলকীপত্র, কর্ণিকারপুষ্প, ও পলাশপুষ্প, যথাসম্ভব এই সকল পুষ্পদ্বারা দেবতার অর্চ্চনা করিবে। এইস্থলে যে বিল্বপুষ্পের বিধান উক্ত হইল, তাহা সর্ব্বকালে নহে, যখন বিহিত পুষ্পের অভাব হয়, সেই সময়ে বিল্বপুষ্প দ্বারা পূজা করিবে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, শক্তি দেবতার আকন্দ ও মন্দার পুষ্প, আদিত্যের তগরপুষ্প, গণেশ ও সূর্য্যের রক্ত পুষ্প অতিপ্রিয়। কুন্দ, নবমল্লিকা, যূথী, বন্ধূক, কেতকী, রক্তজবা, মালতী, কুঙ্কুম, কুমুদ ও রক্তকরবী এই সকল পুষ্প শিবপূজাতে বর্জ্জন করিবে। উগ্রগন্ধ, গন্ধহীন, কীট-ভক্ষিত, কেশ-দূষিত ও বস্ত্রাবৃত পুষ্প দ্বারা শিবের অর্চ্চনা করিবে না। পদ্ম ও চম্পক ভিন্ন অন্য পুষ্পের কলিকা দ্বারা দেবতার পূজা করিবে না; কেবল পদ্ম ও চম্পকের কলিকা দ্বারা দেবপূজা করিতে পারে। পত্র, পুষ্প ও ফল শুষ্ক হইলে তদ্দ্বারা বিষ্ণুপূজা অবৈধ। স্নানের পর আনীত, পর্য্যুষিত, যাচিত ও কৃষ্ণবর্ণ পুষ্পদ্বারা কেহ দেবপূজা করিবে না। সাধক স্বয়ং বিকাসিত করিয়া সেই পুষ্প দেবতাকে অর্পণ করা অনুচিত কার্য্য। ধীমান্ সাধক, যে সকল পুষ্প বিকসিত হইয়া স্বয়ং ভূমিতে পতিত হয়, সেই সকল পুষ্প পূজাতে বর্জ্জন করিবে। বৃহতীপুষ্প ও গন্ধহীন পুষ্পদ্বারা দেবতার পূজা করিবে না। যে পুষ্পে তিনটীর ন্যূন পত্র থাকে, সেই পুষ্পদ্বারা দেবতার পূজা অবিধেয়। যে পুষ্প ভূমিসঙ্গত অথবা যে পুষ্পদ্বারা শরীর ভূষিত করে, সেই পুষ্পদ্বারা পূজা করিবে না। যে পুষ্প কেশকীটাদিদ্বারা দূষিত, সেই পুষ্প পূজাকালে বর্জ্জন করিবে। কুমুদপুষ্প, পাটলপুষ্প ও শিরীষপুষ্পদ্বারা পূজা করিবে না। যে সকল পুষ্প বিকসিত হইয়া ভূমিতে পতিত হয়, তাহাদিগের মধ্যে শেফালী ও বকুল পুষ্পদ্বারা পূজা করিতে পারে। তন্ত্রে লিখিত আছে যে, বিল্বপত্র, খদিরপত্র, আমলকীপত্র ও তমালপত্র ছিন্ন হইলেও তাহা দূষিত হয় না। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, মলিনপুষ্প, ভূমিসঙ্গত পুষ্প, কৃমিকীটাদিদূষিত পুষ্প ও পর্য্যুষিত

শুদ্ধা তথা বিল্বদলানি চ। দিনৈকং করবীরাণি যোগ্যানি চ তপোধন। জ্ঞানার্ণবে—পুষ্পৈঃ পর্য্যুষিতৈর্দ্দেবি নার্চ্চয়েৎ স্বর্ণজৈরপি। নির্ম্মাল্যভূতৈঃ কুসুমৈরুচ্ছিষ্টৈঃ পরমেশ্বরি। ত্রিপুরামধিকৃত্য বারাহীয়ে—পলাশকাশকুসুমৈর্নার্চ্চয়েদ্দূরতস্ত্যজেৎ। ধাত্রীতমালজৈঃ পত্রৈস্তুলসীদ্বিতয়ৈস্তথা। পূজনাৎ পাতকী তু স্যাদগ্রেশ্চাপি শ্রিয়ং হরেৎ। ত্রিপুরাপূজনে বর্জ্যা তুলসী সর্ব্বদা বুধৈঃ। তুলসীঘ্রাণমাত্রেণ ক্রুদ্ধা ভবতি সুন্দরী। কৌলাবলীয়ে—রক্তমার্ঘ্যং শ্বেতদূর্ব্বাং নীলকণ্ঠং কুরুণ্টকং। ন দদ্যাত্তু মহাদেব্যৈ যদীচ্ছেচ্ছুভমাত্মনঃ। যোগিনীতন্ত্রেপি—দেবীমধিকৃত্য ঝিণ্টীপুষ্পেণ পীতেন শ্বেতেন তগরেণ চ। শ্বেতোড্রেণ চ পুষ্পেণ বর্জয়েৎ পূজনং সদা। তুলস্যৌ দ্বে চ মন্দারকহ্লারজতমালজৈঃ। নার্চ্চয়েত্তু মহাদেবীং কুশকাশোদ্ভবেন চ। তথা সর্ব্বমধিকৃত্য বকুলস্য ত্বশোকস্য অর্জ্জুনস্য মহেশ্বরি। পূজয়েদ্বৃন্তবর্জ্জেন সবৃন্তেন চ বর্জ্জয়েৎ। বিষ্ণুক্রান্তা জবা নাগকেশরং নাগবল্লভং। বন্ধূকঞ্চৈব মন্দারং সবৃন্তেন সমর্চ্চয়েৎ। ন স্পৃশেদ্বৃন্তবর্জ্জ্যঞ্চ ভূগতঞ্চ ন সংস্পৃশেৎ। শেফালিবকুলে ভদ্রে ভূগতেপি সমর্চ্চয়েৎ। মালূরং ভূগতং দেয়ং তস্য কাষ্ঠস্য চন্দনং। বিল্বস্য মূলকং বর্জ্জ্যং কদল্যা পত্রকং তথা। বিল্বপত্রঞ্চ মার্ঘ্যঞ্চ তমালামলকীদলং। কহ্লারং তুলসীঞ্চৈব পদ্মঞ্চ মুনিপুষ্পকং। এতে পর্য্যুষিতং ন স্যাদ্যচ্চান্যৎ কলিকাত্মকং। নীরজস্য চ বিল্বস্য তুলস্যা

পুষ্প দেবার্চ্চনাতে বর্জ্জন করিবে। পদ্মপুষ্প ও আমলকীপত্র দুই দিন বিশুদ্ধ থাকে, তাহাতে পর্য্যুষিত হয় না, কিন্তু তুলসীপত্র ও বিল্বপত্র সর্ব্বদা বিশুদ্ধ থাকে। হে তপোধন! করবীপুষ্প একদিন পর্য্যন্ত পূজার যোগ্য থাকে। জ্ঞানার্ণবে লিখিত আছে যে, স্বর্ণপুষ্পও পর্য্যুষিত হইলে তদ্দ্বারা পূজা করিবে না। যে সকল পুষ্প নির্ম্মাল্য অথবা উচ্ছিষ্ট হয়, সেই সকল পুষ্পদ্বারা পূজা নিষিদ্ধ। ত্রিপুরাপূজাধিকারে বারাহীতন্ত্রে লিখিত আছে যে, পলাশপুষ্প ও কাশপুষ্প পূজাকালে দূরে নিক্ষেপ করিবে। যে ব্যক্তি আমলকীপত্র, তমালপত্র ও দ্বিবিধ তুলসীপত্রদ্বারা ত্রিপুরাদেবীর অর্চ্চনা করে, সেই ব্যক্তি পাতকী হয় এবং সে শ্রীভ্রষ্ট হইয়া থাকে। কৌলাবলী গ্রন্থে লিখিত আছে যে, সাধক আপন শুভ ইচ্ছা করিলে রক্তবর্ণ ও শ্বেতবর্ণ দূর্ব্বাদ্বারা দেবতার অর্ঘ্য প্রদান করিবে না এবং নীল ও পীত ঝিণ্টীপুষ্প মহাদেবীকে অর্পণ করিবে না। যোগিনীতন্ত্রে দেবীপূজাধিকারে লিখিত আছে যে, পীতঝিণ্টী, শ্বেতঝিণ্টী, তগর ও শ্বেতজবাদ্বারা দেবীর পূজা করিবে না। দ্বিবিধ তুলসী, মন্দারকুসুম, কহ্লারপুষ্প, তমালপুষ্প, কুশপুষ্প ও কাশপুষ্পদ্বারা দেবীর পূজা করিবে না। সর্ব্বদেবতার পূজাধিকারে লিখিত আছে যে, বকুলপুষ্প, অশোকপুষ্প ও অর্জ্জুনপুষ্প এই সকল পুষ্পের বৃন্ত পরিত্যাগ করিয়া পূজা করিবে; বৃন্তযুক্ত হইলে তাহা পরিত্যাগ করিবে। অপরাজিতা, জবা, নাগকেশর, বন্ধূকপুষ্প ও মন্দারপুষ্প এই সকল বৃন্তযুক্তই প্রশস্ত। ভূমিগত পুষ্প ও বৃন্তবিহীন পুষ্প স্পর্শ করিবে না; কিন্তু শেফালী ও বকুল পুষ্প ভূমিসলগ্ন হইলেও তদ্দ্বারা পূজা করিতে পারে। বিল্বপত্র ভূমিসলগ্ন হইলেও তাহা দূষিত হয় না। দেবপূজাতে বিল্বকাষ্ঠের চন্দন প্রশস্ত, কিন্তু বিল্বমূলের চন্দন এবং কদলীপত্র দেবতাকে অর্পণ করিবে না। বিল্বপত্র, কুন্দপুষ্প, তমালপত্র, আমলকীপত্র, কহ্লার পুষ্প, তুলসীপত্র, পদ্মপুষ্প, বকপুষ্প, এই সকল পুষ্পপত্রাদি পর্য্যুষিত হয় না এবং পুষ্পকলিকা কখনও পর্য্যুষিত হয় না। পদ্মপুষ্প, বিল্বপত্র

দলমেব চ। ন দুষ্যেচ্ছিন্নভিন্নঞ্চ জাতীপুষ্পঞ্চ শাঙ্করি। তথা নক্ষত্রবিদ্যাদৌ মৎস্যসূক্তে—পুষ্পং শ্রেষ্ঠং রক্তকোকং বন্ধূকং শতপত্রকং। বর্ব্বরাদ্বিতয়ঞ্চৈব কর্ণিকারদ্বয়স্তথা। বকমন্দার চূতানি করবীরাণি শস্যতে। মল্লিকাত্রিতয়ং জাতী ক্ষৌমপুষ্পং জয়ন্তিকা। বিল্বপত্রং কুরুবকং মুনিপুষ্পঞ্চ কেশরং। বাসন্তীদ্বিতয়ঞ্চৈব কাশপুষ্পং মরুবকং। মদনঞ্চ লবঙ্গঞ্চ যূথীং শেফালিকাস্তথা। সুগন্ধিশ্বেতলোহিত্যকুসুমৈ-রর্চ্চয়েৎ কুলৈঃ। বিল্বৈর্ম্মরুবকাদ্যৈশ্চ তুলসীদলবর্জ্জিতৈঃ। যদ্যপি—তুলসীবর্জ্জিতা পূজা ন জাতু ফলদা ভবেৎ। তথাপি তন্নিয়মস্তু ন ত্রিপুরাদৌ। তথাচ—সুন্দরী-ভৈরবী-কালী-ব্রহ্মবিষ্ণু-বিবস্বতাং। তুলসীবর্জ্জিতা পূজা সা পূজা বিকলা ভবেৎ ইতি। অবিকলা সফলা ভবেদিত্যর্থঃ। তেন ভৈরব্যাদিপূজায়াং তুলসী সদৈব ত্যাজ্যা পূর্ব্ববচনাৎ। ইতরাদিপূজায়াং তদসত্ত্বে সত্ত্বে বা ন দোষঃ। নাক্ষতৈরর্চ্চয়েদ্বিষ্ণুং ইতি পুষ্পাভাবেঽতিদেশপ্রাপ্তস্য তণ্ডুলস্য নিষেধপরং। তথা হি—পুষ্পাভাবে জলেনাপি দূর্ব্বয়া তণ্ডুলেন বা। নিত্যপূজা প্রকর্ত্তব্যা পুষ্পাভাবেন সুন্দরি। নত্বর্ঘ্যাদি নিষেধপরং। তথাচ—গন্ধপুষ্পাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপৈঃ। সদূর্ব্বৈঃ সর্ব্বদেবানা মেতদর্ঘ্য-মুদাহৃতং। এবং ন দূর্ব্বয়াপি পার্ব্বতীমিত্যপি। এবং শক্তৌ দূর্ব্বায়া আবশ্যকত্বং।

তুলসীপত্র এবং জাতীপুষ্প ছিন্নভিন্ন হইলেও দূষিত হয় না। নক্ষত্রবিদ্যাবিষয়ে মৎস্য সূক্তে লিখিত আছে যে, দেবপূজাতে রক্ত কোকনদ বন্ধূক পুষ্প, পদ্ম, রক্তজবা, শ্বেতজবা, কর্ণিকারপুষ্প, বকপুষ্প, মন্দারপুষ্প, চূতপুষ্প, ও করবীপুষ্প এই সকল দেবপূজাতে প্রশস্ত। ত্রিবিধ মল্লিকাপুষ্প, জাতীপুষ্প, অতসীপুষ্প, জয়ন্তীপুষ্প, বিল্বপত্র, রক্তঝিণ্টী, বকপুষ্প, নাগকেশর, দ্বিবিধ মাধবীপুষ্প, কাশপুষ্প, পীতঝিণ্টী, ধুস্তূরপুষ্প, লবঙ্গপুষ্প যূথীপুষ্প, শেফালিকাপুষ্প এবং অন্যান্য সুগন্ধি শ্বেতরক্ত পুষ্পদ্বারা দেবতার পূজা করিবে। তুলসীদলভিন্ন বিল্বাদি পত্রদ্বারা দেবপূজা প্রশস্ত। অন্যান্য তন্ত্রে যে তুলসী ভিন্ন পূজার বিফলতা লিখিত আছে, তাহা ত্রিপুরাদি শক্তি দেবতার পক্ষে নহে। ইহাতে জানাযায় যে, তুলসীদ্বারা কেবল ত্রিপুরাদি দেবতার পূজা করিবে না, তৎকালে তুলসী উপস্থিত থাকিলেও তাহা পরিত্যাগ করিয়া পূজা করিবে। অন্যান্য দেবতার পূজাতে তুলসী থাকিলেও হয়, না থাকিলেও দোষ নাই। পূর্ব্বে যে বিষ্ণু পূজাতে তণ্ডুলের বর্জ্জন কথিত হইয়াছে, তাহা সর্ব্বস্থলে নহে, পুষ্পাদি উপচারের অভাবে যে কেবল তণ্ডুলদ্বারা পূজার বিধান কথিত হইয়াছে, সেই স্থলেই তণ্ডুলদ্বারা বিষ্ণুপূজার নিষেধ জানিবে। তন্ত্রে লিখিত আছে যে, পুষ্পাভাবে জল, দূর্ব্বা অথবা তণ্ডুলদ্বারা দেবতার নিত্য পূজা করিবে। এই বচনে বিশেষ জানা যায় যে, পুষ্পের অভাবে কেবল তণ্ডুলদ্বারা বিষ্ণুপূজা করিবে না, পরন্তু অর্ঘ্যাদিতে তণ্ডুল প্রদানে দোষ নাই। যেহেতু গন্ধ, পুষ্প, অক্ষত, যব, কুশাগ্র, তিল, সর্ষপ ও দূর্ব্বা এই সকল দ্রব্যদ্বারা অর্ঘ্য প্রদানের ব্যবস্থা উক্ত আছে। সুতরাং কেবল তণ্ডুলদ্বারা বিষ্ণুপূজা নিষেধ কিন্তু অর্ঘ্য ও নৈবেদ্যে তণ্ডুল দিতে পারে। এইরূপ "দূর্ব্বাদ্বারা দুর্গার পূজা করিবে না" এই স্থলেও পুষ্পাভাবে কেবল দূর্ব্বাদ্বারা দুর্গার পূজা করিবে না, ইহাই বচনের প্রকৃত অর্থ দুর্গাপূজার অর্ঘেতে দূর্ব্বা প্রদান নিষিদ্ধ নহে। যেহেতু বচনান্তরে শক্তিপূজাতে দূর্ব্বার আবশ্যকতা কথিত আছে। শ্রীক্রমতন্ত্রে লিখিত আছে যে, কদাচ দূর্ব্বাভাবে দেবতার পূজা হয় না, অতএব, পূজাকার্য্যে অবশ্য দূর্ব্বাগ্রহণ করিবে,

বিনা বৈ দূর্ব্বয়া দেবি পূজা নাস্তীহ কর্হিচিৎ। তস্মাদ্দূর্ব্বা গৃহীতব্যা সর্ব্বপুষ্পময়ী শিবে। ইতি শ্রীক্রমীয়বাক্যাৎ। তথাচ রাঘবভট্টঃ। সর্ব্বপুষ্পৈঃ সদা পূজা বিহিতা বিহিতৈরপি। কর্ত্তব্যা সর্ব্বদেবানাং ভক্তিয়োগোঽত্র কারণং। তথা তন্ত্রান্তরে—দেবীপূজা সদা কার্য্যা জলজৈঃ স্থলজৈরপি। বিহিতাবিহিতৈর্ব্বাপি ভক্তিযুক্তেন চেতসা। ইদন্তু বিহিতাভাবে অত্যন্তভক্তিপরং। তথা কালীতন্ত্রে—অপামার্গদলৈর্ভৃঙ্গৈস্তুলসীবর্জ্জিতৈঃ শুভৈঃ। মুণ্ডমালাতন্ত্রে—ধুস্তুরাশোকবকুলশ্বেতকৃষ্ণাপরাজিতা। ইত্যাদিপুষ্পনিয়মোবোদ্ধব্যঃ॥

অথ জপবিশেষঃ। তত্র সেতুং বিনা জপস্য ব্যর্থত্বাত্তন্নিরূপ্যতে তত্র কালিকাপুরাণে—শাস্ত্রাণাং প্রণবঃ সেতুর্মন্ত্রাণাং প্রণবঃ স্মৃতঃ। স্রবত্যনোঙ্কৃতঃ পূর্ব্বং পরস্তাচ্চ বিশীর্য্যতে। নিঃসেতু সলিলং যদ্বৎ ক্ষণান্নিম্নং প্রগচ্ছতি। মন্ত্রস্তথৈব নিঃসেতুঃ ক্ষণাৎ ক্ষরতি যজ্বনাং। চতুর্দ্দশঃ স্বরো-যোঽসৌ সেতুরৌকারসংজ্ঞকঃ। সচানুস্বারনাদাভ্যাং শূদ্রাণাং সেতুরুচ্যতে॥

অথ পঞ্চাঙ্গশুদ্ধিঃ। পঞ্চাঙ্গশুদ্ধিং বিনা পূজায়া নিষ্ফলত্বাত্তন্নিরূপ্যতে। তত্র কুলার্ণবে—আত্ম-স্থান-মন্ত্র-দ্রব্য-দেবশুদ্ধিস্তু পঞ্চমী। যাবন্ন কুরুতে দেবি তস্য দেবার্চ্চনং কুতঃ। পঞ্চশুদ্ধিং বিনা পূজা অভিচারায় কল্প্যতে। স্নানৈর্ভূতশুদ্ধ্যা চ প্রাণায়ামাদিভিস্তথা।

কারণ দূর্ব্বা সর্ব্বপুষ্পময়ী, দূর্ব্বাদ্বারা পূজা করিলে সর্ব্ব পুষ্পদ্বারা পূজার ফললাভ হয়। রাঘব ভট্ট ধৃত বচনে জানাযায় যে, সর্ব্বদা বিহিত ও অবিহিত সকল পুষ্পদ্বারাই সকল দেবতার পূজা করিতে পারে। ইহার প্রতি ভক্তিযোগই কারণ। দেবতার প্রতি দৃঢ়ভক্তি থাকিলে সাধকের মনে যে পুষ্পে শ্রদ্ধা হয়, সেই পুষ্পদ্বারা পূজা করিতে পারে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, সাধক ভক্তিযুক্তচিত্তে বিহিত কিম্বা অবিহিত, জলজ কিম্বা স্থলজাত সর্ব্বপ্রকার পুষ্পদ্বারা দেবতার অর্চ্চনা করিতে পারে। বিহিত পুষ্পের অভাবেই ভক্তি অনুসারে অবিহিত পুষ্পদ্বারা পূজা করিতে পারে। কালীতন্ত্রে লিখিত আছে যে, অপামার্গপত্র ও ভৃঙ্গরাজপত্র দ্বারা দেবতার পূজা করিবে, কিন্তু তুলসীপত্র দ্বারা দেব পূজা করিবে না। মুণ্ডমালাতন্ত্রে লিখিত আছে যে, ধুস্তুরপুষ্প, অশোকপুষ্প কৃষ্ণাপরাজিতা ও শ্বেতাপরাজিতা এই সকল পুষ্পদ্বারা পূজাই প্রশস্ত॥

অনন্তর জপের বিশেষ নিয়ম কথিত হইতেছে। সেতুভিন্ন জপ নিষ্ফল হয়, অতএব সেতু নিরূপিত হইতেছে। কালিকাপুরাণে লিখিত আছে যে, সর্ব্বপ্রকার মন্ত্রেরই ওঁ এই বীজ সেতু। জপের পূর্ব্বে ওকাররূপী সেতু না থাকিলে সেই জপ পতিত হয় এবং পরে সেতু না থাকিলে ঐ মন্ত্র বিশীর্ণ হইয়া যায়, অতএব মন্ত্রজপের পূর্ব্বে ও পরে সেতুমন্ত্র জপ আবশ্যক। যেমন সেতুবিহীন জল ক্ষণকালমধ্যে নিম্নপ্রদেশে গমন করে, সেইরূপ সেতুবিহীন মন্ত্র সাধকের ফলদায়ক হয় না। চতুর্দ্দশ স্বর ঔ, ইহাতে নাদবিন্দু যোগ করিলে ঔঁ এই বীজ হয়, ইহাই শূদ্রবর্গের সেতু॥

অনন্তর পঞ্চাঙ্গশুদ্ধি কথিত হইতেছে। পঞ্চাঙ্গশুদ্ধি বিনা পূজা নিষ্ফল হয়, অতএব সেই পঞ্চাঙ্গশুদ্ধি নিরূপিত হইতেছে। আত্মা, স্থান, মন্ত্র, দ্রব্য ও দেবতা এই পঞ্চবিধ শুদ্ধিকে পঞ্চাঙ্গশুদ্ধি বলে। যাবৎ পঞ্চাঙ্গশুদ্ধি না হয়, তাবৎ তাহার পূজার অধিকার হয় না। পঞ্চাঙ্গ শুদ্ধি না করিয়া দেবার্চ্চনা করিলে সেই পূজা দেবতার গ্রাহ্য হয় না।

ষড়ঙ্গাদ্যখিলন্যাসৈ রাত্মশুদ্ধি রুদীরিতা। সম্মার্জ্জনানুলেপাদ্যৈর্দ্দর্পণোদরবৎ শুভং। বিতানধূপদীপাদিপুষ্পমাল্যাদি-শোভিতং। পঞ্চবর্ণ-রজোভিশ্চ স্থানশুদ্ধিরিতীরিতা। গ্রথিত্বা মাতৃকাবর্ণৈর্ম্মূলমন্ত্রাক্ষরাণি চ। ক্রমোৎক্রমাদ্দ্বিরাবৃত্যা মন্ত্রশুদ্ধিরিতীরিতা। পূজাদ্রব্যাণি সংপ্রোক্ষ্য মূলাস্ত্রেণ বিধানতঃ। দর্শয়েদ্ধেনুমুদ্রাদীন্ দ্রব্যশুদ্ধিঃ প্রকীর্ত্তিতা। পীঠদেবীং প্রতিষ্ঠাপ্য সকলীকৃত্য মন্ত্রবিৎ। মূলমন্ত্রেণ মাল্যাদীন্ ধূপাদীনুদকেন চ। ত্রিবারং প্রোক্ষয়েদ্বিদ্বান্ দেবশুদ্ধিরিতীরিতা। পঞ্চশুদ্ধিং বিধায়েত্থং পশ্চাৎ পূজাং সমাচরেৎ॥

অথ মন্ত্রসিদ্ধেরুপায়ঃ। তদুক্তং গৌতমীয়ে—সম্যগনুষ্ঠিতো মন্ত্রো যদি সিদ্ধির্ন জায়তে। পুনস্তেনৈব কর্ত্তব্যং ততঃ সিদ্ধো ভবেদ্ধ্রুবং। পুনরনুষ্ঠিতোমন্ত্রো যদি সিদ্ধো ন জায়তে। পুনস্তেনৈব কর্ত্তব্যং ততঃ সিদ্ধো ন সংশয়ঃ। পুনঃ সোঽনুষ্ঠিতোমন্ত্রো যদি সিদ্ধো ন জায়তে। উপায়াস্তত্র কর্ত্তব্যাঃ সপ্ত শঙ্করভাষিতাঃ। ভ্রামণং রোধনং বশ্যং পীড়নং শোষ-পোষণে। দহনান্তং ক্রমাৎ কুর্য্যাৎ ততঃ সিদ্ধো ভবেন্মনুঃ। ভ্রামণং বায়ুবীজেন গ্রথনং ক্রমযোগতঃ। তন্মন্ত্রং যন্ত্রে ত্বালিখ্য শিহ্লকর্পূরকুঙ্কুমৈঃ। উশীরচন্দনাভ্যাস্তু মন্ত্রং সংগ্রথিতং লিখেৎ। ক্ষীরাজ্যমধুতোয়ানাং মধ্যে তল্লিখিতং ভবেৎ। পূজনাজ্জপনাদ্ধোমাৎ ভ্রামিতঃ

তাহা অভিচারার্থ হইয়া থাকে। তীর্থাদি বিশুদ্ধ জলে স্নান করিয়া ভূতশুদ্ধি, প্রাণায়াম ও ষড়ঙ্গন্যাস করিলে আত্মশুদ্ধি হইয়া থাকে। যেস্থানে পূজাদি কার্য্য করিবে, সেই স্থানকে মার্জ্জন ও অনুলেপন করিয়া দর্পণের ন্যায় নির্ম্মল করিবে। চন্দ্রাতপ, ধূপ, দীপ ও পুষ্পমাল্যদ্বারা সেই স্থানকে সুশোভিত করিয়া পঞ্চবর্ণ চূর্ণদ্বারা চিত্রিত করিবে, ইহাকেই স্থানশুদ্ধি বলে। মাতৃকাবর্ণদ্বারা অনুলোমবিলোমে মন্ত্রবর্ণ পুটিত করিয়া দুইবার পাঠ করিবে। এইরূপ করিলে মন্ত্রশুদ্ধি হইয়া থাকে। পূজার দ্রব্য সকল কুশাগ্রদ্বারা প্রোক্ষণ করিয়া ধেনুমুদ্রা প্রদর্শন করিলে দ্রব্যশুদ্ধি হয়। সাধক পীঠ শক্তির পূজা করিয়া মূলমন্ত্রে সকলীকরণ মুদ্রায় সকলীকরণ করিবে এবং মূলমন্ত্রে মাল্যাদি, ধূপ ও দীপ প্রোক্ষণ করিবে, এইরূপ করিলে দেবশুদ্ধি হইয়া থাকে। এইরূপে পঞ্চাঙ্গশুদ্ধি করিয়া দেবতার অর্চ্চনা করিবে॥

অনন্তর মন্ত্রসিদ্ধির উপায় কথিত হইতেছে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, সম্যগ্রূপে পুরশ্চরণাদি সিদ্ধিকার্য্যের অনুষ্ঠান করিলেও যদি মন্ত্রসিদ্ধি না হয়, তাহা হইলে পুনর্ব্বার পূর্ব্ববৎ করিবে। তাহাতেও যদি মন্ত্রসিদ্ধি না হয়, তাহাহইলে তৃতীয়বার পূর্ব্ববৎ কার্য্য করিবে। এইরূপে তিনবার যথোক্ত বিধানে কার্য্যানুষ্ঠান করি-লেও যদি মন্ত্রসিদ্ধি না হয়, তাহাহইলে শঙ্করোক্ত সপ্ত উপায় অবলম্বন করিবে। ভ্রামণ, রোধন, বশীকরণ, পীড়ন, শোষণ, পোষণ ও দাহন ক্রমতঃ এই সপ্তবিধ উপায় অবলম্বন করিলে নিশ্চয় মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। এইক্ষণ উক্ত সপ্তবিধ উপায়ের প্রণালী কথিত হইতেছে। যং এই বায়ুবীজদ্বারা মন্ত্রবর্ণ সকল গ্রন্থন করিবে। অর্থাৎ মন্ত্রান্তর্গত বর্ণসকল পৃথক্ পৃথক্ করিয়া একটি বায়ুবীজ এবং একটি মন্ত্রাক্ষর এইরূপে যন্ত্রেতে সমস্ত মন্ত্রবর্ণ লিখিয়া শিলারস নামক গন্ধদ্রব্য, কর্পূর, কুঙ্কুম, উশীর, (বেণারমূল) ও চন্দনমিশ্রিত করিয়া তাহাদ্বারা মন্ত্র লিখিবে। পরে ঐ লিখিত মন্ত্র দুগ্ধ, ঘৃত, মধু ও জলমধ্যে নিক্ষেপ করিবে। অনন্তর পূজা, জপ ও হোম করিলে মন্ত্রসিদ্ধি হয়, ইহাকেই

সিদ্ধিদো ভবেৎ। ভ্রামিতো নৈব সিদ্ধিঃ স্যাদ্রোধনং তস্য কারয়েৎ। সারস্বতেন বীজেন সংপুটীকৃত্য সংজপেৎ। এবং রুদ্ধো ভবেৎ সিদ্ধো নচেদেতদ্ বশীকুরু। অলক্তং চন্দনং কুষ্ঠং হরিদ্রামাদনং শিলা। এতৈস্তু মন্ত্রমালিখ্য ভূর্জ্জপত্রে সুশোভনে। ধার্য্যঃ কণ্ঠে ভবেৎ সিদ্ধঃ পীড়নং বাস্য কারয়েৎ। অধরোত্তরযোগেন পদানি পরিজপ্য বৈ। ধ্যায়েচ্চ দেবতাং তদ্বদধরোত্তররূপিণীং। বিদ্যামাদিত্যদুগ্ধেন লিখিত্বাক্রম্য চাঙ্ঘ্রিণা। তথাভূতেন মন্ত্রেণ হোমঃ কার্য্যো দিনে দিনে। পীড়িতো লজ্জয়াবিষ্টঃ সিদ্ধঃ স্যাদথ পোষয়েৎ। বালায়াঃ ত্রিতয়ং বীজমাদ্যন্তে তস্য যোজয়েৎ। গোক্ষীরমধুনালিখ্য বিদ্যাং পাণৌ বিধারয়েৎ। পোষিতোঽয়ং ভবেৎ সিদ্ধো নচেৎ কুর্ব্বীত শোষণং। দ্বাভ্যাস্তু বায়ুবীজাভ্যাং মন্ত্রং কুর্য্যাদ্ বিদর্ভিতং। এষা বিদ্যা গলে ধার্য্যা লিখিত্বা বরভস্মনা। শোষিতশ্চাপ্যসিদ্ধশ্চেদ্দহনীয়োগ্নি-বীজতঃ। আগ্নেয়েন তু বীজেন মন্ত্রেষ্বেকৈকমক্ষরং। আদ্যন্তমধ-ঊর্দ্ধঞ্চ যোজয়েদ্দাহকর্ম্মণি। ব্রহ্মবৃক্ষস্য তৈলেন মন্ত্রমালিখ্য ধারয়েৎ। স্কন্দদেশে ততো মন্ত্রঃ সিদ্ধঃ স্যাচ্ছঙ্করোদিতঃ। ইত্যেবং কথিতং সম্যক্ কেবলং তব ভক্তিতঃ। এতেন তু কৃতার্থঃ স্যাদ্ বহুভিঃ কিমু সুব্রত। অথান্যৎ সংপ্রবক্ষ্যামি মন্ত্রসিদ্ধেস্তু কারণং। মাতৃকাপুটিতং কৃত্বা সমন্ত্রং প্রজপেৎ সুধীঃ। ক্রমোৎক্রমাচ্ছতাবৃত্ত্যা তদন্তে কেবলং মনুং। এবন্তু প্রত্যহং কুর্য্যাদ্ যাবল্লক্ষং সমাপ্যতে। নিশ্চিতং মন্ত্রসিদ্ধিঃ স্যাদিত্যুক্তং তন্ত্রবেদিভিঃ॥

মন্ত্রের ভ্রামণ বলে। যদি ভ্রামিত মন্ত্র সিদ্ধ না হয়, তবে বক্ষ্যমাণপ্রকারে মন্ত্রের রোধনক্রিয়া করিবে। ঐঁ এই বীজদ্বারা মন্ত্র পুটিত করিয়া জপ করিবে, এইরূপ জপের নাম মন্ত্রের রোধন। যদি রোধনক্রিয়া করিলেও মন্ত্রসিদ্ধি না হয়, তাহাহইলে মন্ত্রের বশীকরণ করিবে। আলতা, রক্তচন্দন, কুড়, ধুস্তূরবীজ ও মনঃশিলা এই সকল দ্রব্যদ্বারা ভূর্জপত্রে মন্ত্র লিখিয়া কণ্ঠে ধারণ করিবে, ইহাকেই মন্ত্রের বশীকরণ বলে। যদি বশীকরণ করিলেও মন্ত্রসিদ্ধি না হয়, তবে মন্ত্রের পীড়ন করিবে। অধরোত্তরযোগে মন্ত্রজপ করিয়া অধরোত্তররূপিণী দেবতার পূজা করিবে। পরে আকন্দের দুগ্ধদ্বারা মন্ত্র লিখিয়া পাদদ্বারা আক্রমণপূর্ব্বক প্রতিদিন হোম করিবে, এই কার্য্যকে মন্ত্রের পীড়ন বলে। যদি এইরূপে পীড়ন করিলেও মন্ত্রসিদ্ধি না হয়, তাহা হইলে মন্ত্রের পোষণ করিবে। মূলমন্ত্রের আদিতে ও অন্তে ত্রিবিধ বালা বীজ যোগকরিয়া জপ করিবে এবং গোদুগ্ধ ও মধুদ্বারা মন্ত্র লিখিয়া হস্তে ধারণ করিবে। ইহা-কেই মন্ত্রের পোষণক্রিয়া বলে। যদি পোষণক্রিয়াতেও মন্ত্রসিদ্ধি না হয়, তাহা হইলে মন্ত্রের শোষণ করিবে। যং এই বায়ুবীজদ্বারা মন্ত্র পুটিত করিয়া জপ করিবে এবং ঐ মন্ত্র যজ্ঞীয় ভস্মদ্বারা ভূর্জপত্রে লিখিয়া গলে ধারণ করিবে। এই প্রক্রিয়াকে মন্ত্রের শোষণ বলে। যদি উক্তপ্রকারে মন্ত্রের শোষণ করিলেও সিদ্ধি না হয়, তাহাহইলে দাহন-ক্রিয়া করিবে। মন্ত্রের এক এক অক্ষরের আদি, মধ্য ও অন্তে রং এই অগ্নিবীজ যোগ করিয়া জপ করিবে এবং পলাশবীজের তৈলদ্বারা সেই মন্ত্র লিখিয়া স্কন্ধদেশে ধারণ করিবে। মহাদেব বলিয়াছেন, এইরূপ করিলে মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। দেবি কেবল তোমার ভক্তির বাধ্য হইয়া এই সপ্তবিধ মন্ত্রসিদ্ধির উপায় বলিলাম। এই সকল প্রক্রিয়ার এক একটি কার্য্য করিলেই কার্য্যসিদ্ধি হয়, বহুপ্রক্রিয়া অনাবশ্যক। অন্যপ্রকারে মন্ত্রসিদ্ধির উপায় এই—

অথ সিদ্ধিলক্ষণং। মনোরথানামক্লেশসিদ্ধিরুত্তমলক্ষণং। মৃত্যুনাং হরণং তদ্বদ্দেবতাদর্শনন্তথা। প্রয়োগহন্ত্যাঃ ক্লেশসিদ্ধিঃ সিদ্ধেস্ত লক্ষণং পরং। পরকায়প্রবেশশ্চ পুরপ্রবেশনং তথা। ঊর্দ্ধোৎক্রমণমেবং হি চরাচরপুরে গতিঃ। খেচরীমেলনঞ্চৈব তৎকথাশ্রবণাদিকং। ভূচ্ছিদ্রাণি প্রপশ্যেত্তু তত্ত্বমস্ত চ লক্ষণং। খ্যাতির্ব্বাহনভূষাদিলাভঃ সুচিরজীবনং। নৃপাণাং তদ্গণানাঞ্চ বশীকরণমুত্তমম্। সর্ব্বত্র সর্ব্বলোকেষু চমৎকারকরঃ সুখী। রোগাপহরণং দৃষ্ট্যা বিষাপহরণন্তথা। পাণ্ডিত্যং লভতে মন্ত্রী চতুর্ব্বিধমযত্নতঃ। বৈরাগ্যঞ্চ মুমুক্ষুত্বং ত্যাগিতা সর্ব্ববশ্যতা। অষ্টাঙ্গযোগাভ্যসনং ভোগেচ্ছাপরিবর্জ্জনং। সর্ব্বভূতেষ্বনুকম্পা সর্ব্বজ্ঞাদিগুণোদয়ঃ। ইত্যাদিগুণসম্পত্তির্ম্মধ্যে সিদ্ধেস্ত লক্ষণং। খ্যাতির্ব্বাহনভূষাদিলাভঃ সুচিরজীবনং। নৃপাণাং তদ্গণানাঞ্চ বাৎসল্যং লোকবশ্যতা। মহৈশ্বর্য্যং ধনিত্বঞ্চ পুত্রদারাদিসম্পদঃ। অধমাঃ সিদ্ধয়ঃ প্রোক্তা মন্ত্রিণাং প্রথমভূমিকাঃ। সিদ্ধমন্ত্রস্ত যঃ সাক্ষাৎ স শিবো নাত্র সংশয়ঃ॥

ইদানীং মন্ত্রাণাং দোষা নিরূপ্যন্তে। মুণ্ডমালাতন্ত্রে শঙ্কর-উবাচ। ভুবনেশী মহাবিদ্যা

অনুলোম বিলোমে মাতৃকাবর্ণদ্বারা মন্ত্র পুটিত করিয়া শতবার মন্ত্র জপ করিবে। তৎপরে কেবল মন্ত্র জপ করিতে হইবে। এইরূপে প্রতিদিন জপ করিলে যখন লক্ষজপ পূর্ণ হইবে, তখন মন্ত্রসিদ্ধি হইবে॥

অনন্তর মন্ত্রসিদ্ধির লক্ষণ কথিত হইতেছে। মনোরথসিদ্ধিই মন্ত্রসিদ্ধির প্রধান লক্ষণ। সাধক যখন যে অভিলাষ করে, তখন অক্লেশে সেই অভিলাষ পরিপূর্ণ হইলেই মন্ত্রসিদ্ধি হইয়াছে, জানাযায়। মৃত্যুহরণ, দেবতাদর্শন, প্রভৃতিও মন্ত্রসিদ্ধির লক্ষণ। যে ব্যক্তির তপোযোগাদিদ্বারা মন্ত্রসিদ্ধি হইবে, সেই ব্যক্তি দেবতাকে দেখিতে পায়, মৃত্যু নিবারণ করিতে পারে, পরকায়া প্রবেশ অর্থাৎ অন্যের মনোগতভাব জানিতে পায়, অদৃষ্টভাবে পরপুরে প্রবেশ করিতে পারে, শূন্যমার্গে বিচরণ করিতে পারে, সর্ব্বত্র চরাচরপুরে গমনের শক্তি হয়। খেচরীদেবীগণের সহিত মিলিত হইয়া তাহাদিগের কথা শ্রবণ করিতে পারে। যাহার মন্ত্রসিদ্ধি হইয়াছে, সেই ব্যক্তি ভূচ্ছিদ্র দর্শন করে এবং পার্থিবতত্ত্ব জানিতে পারে। তাহার দিগন্তব্যাপিনী কীর্ত্তি হয়, বাহনভূষণাদি বহুদ্রব্য লাভ করে এবং চিরকাল বাঁচিয়া থাকে, রাজা এবং রাজপরিবারবর্গের বশীকরণ করিতে পারে, সর্ব্বস্থানে চমৎকারজনক কার্য্য প্রদর্শন করিয়া সুখে কালযাপন করে, তাহার দৃষ্টিমাত্র রোগাপহরণ ও বিষনিবারণ হইয়া থাকে, সর্ব্বশাস্ত্রে অযত্নমূলক চতুর্ব্বিধ পাণ্ডিত্য লাভ করে, বিষয়ভোগে বৈরাগ্য হইয়া মুক্তিকামনা করে, সর্ব্বপরিত্যাগশক্তি ও সর্ব্ববশীকরণ ক্ষমতা হয়, অষ্টাঙ্গযোগের অভ্যাস হয়, বিষয়ভোগের ইচ্ছা থাকে না, সর্ব্বভূতের প্রতি দয়া জন্মে এবং সর্ব্বজ্ঞতা গুণের অধিকারী হয়। এই সকল গুণ মধ্যবিধসিদ্ধির লক্ষণ। কীর্ত্তি ও বাহনভূষণাদি লাভ, দীর্ঘজীবন, রাজপ্রিয়তা, রাজপরিবারাদি সর্ব্বজনবাৎসল্য, লোকবশীকরণ, মহান ঐশ্বর্য্য, ধনসম্পত্তি, পুত্রদারাদিসম্পদ, এই সকল গুণ অধমসিদ্ধির লক্ষণ, মন্ত্রসিদ্ধির প্রথম অবস্থার এই সকল লক্ষণ হইয়া থাকে। বাস্তবিক যাহারা প্রকৃত মন্ত্রসিদ্ধি লাভ করিয়াছে, তাহারাসাক্ষাৎ শিবতুল্য। এই বিষয়ে কিঞ্চিন্মাত্র সংশয় নাই॥

এইক্ষণ মন্ত্র সকলের দোষ নিরূপিত হইতেছে। মুণ্ডমালাতন্ত্রে লিখিত আছে যে, মহাদেব পার্ব্বতীকে

দেবরাজেন বৈ পুরা। আরাধিতা মহাবিদ্যা বীর্য্যহীনাভবত্তদা। একাক্ষরী বীর্য্যহীনা বাগ্‌ভবেনোজ্জ্বলীকৃতা কামরাজাক্ষবিদ্যা যা শপ্তা সা পুষ্পধন্বনা। শরেণ পীড়িতা পূর্ব্বং ভুবনেশ্যাঃ প্রতিষ্ঠিতা। কুমারী যা চ বিদ্যেয়ং ত্বয়া শপ্তা পতিব্রতা। কেবলং শিবরূপেণ শক্তিরূপেণ কেবলং। মায়াপ্রতিষ্ঠিতা বিদ্যা তারা চেন্দ্রস্বরূপিণী। ভৈরব্যাদিকমধিকৃত্য সুপ্তা দগ্ধা কীলিতা চ সৈব সংহাররূপিণী। মদোন্মত্তা মূর্চ্ছিতা চ বীর্য্যহীনা চ স্তম্ভিতা। ছিন্না রুদ্ধা চ বৃদ্ধা চ নির্ব্বীর্য্যা শক্তিহীনকা। তথা বিশ্বসারে—ছিন্নো রুদ্ধঃ শক্তিহীনঃ পরাঙ্মুখ-উদীরিতঃ। বধিরো নেত্রহীনশ্চ কীলিতস্তম্ভিতস্তথা। দগ্ধঃ স্রস্তশ্চ ভীতশ্চ মলিনশ্চ তিরস্কৃতঃ। ভেদিতশ্চ সুষুপ্তশ্চ মদোন্মত্তশ্চ মূর্চ্ছিতঃ। হৃতবীর্য্যশ্চ হীনশ্চ প্রধ্বস্তো বালকঃ পুনঃ। কুমারস্তু যুবা প্রৌঢ়ো বৃদ্ধো নিস্ত্রিংশকস্তথা। নির্ব্বীর্য্যঃ সিদ্ধিহীনশ্চ মন্দঃ কূটস্তথা পুনঃ। নিরংশকঃ সত্ত্বহীনঃ কেকরো জীবহীনকঃ। ধূমিতালিঙ্গিতৌ স্যাতাং মোহিতস্তু ক্ষুধার্ত্তকঃ। অতিদৃপ্তোঽঙ্গহীনঃ স্যাদতিক্রুদ্ধঃ সমীরিতঃ। অতিক্রূরশ্চ সব্রীড়ঃ শান্তমানস এব চ। স্থানভ্রষ্টশ্চ বিকলো নিঃস্নেহঃ পরিকীর্ত্তিতঃ। অতিবৃদ্ধঃ পীড়িতশ্চ বক্ষ্যাম্যেষাঞ্চ লক্ষণং। মনোর্যস্যাদিমধ্যান্তেষ্বানিলং বীজমুচ্যতে। সংযুক্তং বারিযুক্তং বা পুরাক্রান্তং ত্রিধা পুনঃ। চতুর্দ্ধা পঞ্চধা বাপি স মন্ত্রঃ ছিন্নসংজ্ঞকঃ। আদিমধ্যাবসানে তু ভূবীজদ্বয়লাঞ্ছিতঃ। রুদ্ধমন্ত্রঃ স বিজ্ঞেয়ো ভুক্তি-

---

বলিয়াছেন, পূর্ব্বকালে দেবরাজ ইন্দ্র ভুবনেশ্বরীর একাক্ষর মন্ত্রের আরাধনা করিয়া সিদ্ধিলাভ করিতে পারেন না, তাহাতে পুরন্দর কুপিত হইয়া সেই একাক্ষর মন্ত্রের প্রতি অভিশাপ প্রদান করেন, সেই অভিসম্পাতে উক্ত একাক্ষরমন্ত্র বীর্য্যহীন হয়, অর্থাৎ উক্ত মন্ত্রের আরাধনা করিলে কোনরূপ ফলদর্শে না। তৎপরে শাপোদ্ধার হইয়া এই মীমাংসা হইল যে, উক্ত একাক্ষর মন্ত্রকে বাগ্বীজদ্বারা পুটিত করিয়া আরাধনা করিলে ঐ দোষ নিবারণ হয়। এইরূপে ভুবনেশ্বরীর কামরাজাখ্য মন্ত্রকে কামদেব অভিশপ্ত করেন। ঐ মন্ত্রকে কামবীজদ্বারা পুটিত করিলে সেই মন্ত্র বিশুদ্ধ হইয়া থাকে। দেবি! বালামন্ত্রের প্রতি তুমিই অভিশাপ প্রদান করিয়াছিলে, কিন্তু মায়াবীজদ্বারা পুটিত করিলে শাপোদ্ধার হইয়া থাকে। তারাবিদ্যার মন্ত্রে সকার যোগ করিয়া শাপদোষ নিরাকৃত হইয়াছে। ভৈরবী প্রভৃতি বিদ্যার মন্ত্র সুপ্তত্বাদি দোষযুক্ত হইলে তাহা জপ করিবে না। সুপ্ত, দগ্ধ ও কীলিত মন্ত্র জপ করিলে সাধককে বিনাশ করে। মদোন্মত্ত ও মূর্চ্ছিত মন্ত্র বীর্য্যহীন, এবং স্তম্ভিত, ছিন্ন, রুদ্ধ, বৃদ্ধ, ও নির্ব্বীর্য্য মন্ত্র জপে কোন ফল হয় না। বিশ্বসার তন্ত্রে লিখিত আছে যে, ছিন্ন, রুদ্ধ, শক্তিহীন, পরাঙ্মুখ, বধির, নেত্রহীন, কীলিত, স্তম্ভিত, দগ্ধ, স্রস্ত, ভীত, মলিন, তিরস্কৃত, ভেদিত, সুষুপ্ত, মদোন্মত্ত, মূর্চ্ছিত, হৃতবীর্য্য, হীন, প্রধ্বস্ত, বালক, কুমার, যুবা, প্রৌঢ়, বৃদ্ধ, নিস্ত্রিংশক, নির্ব্বীর্য্য, সিদ্ধিহীন, মন্দ, কূট, নিরংশক, সত্ত্বহীন, কেকর, জীবহীন, ধূমিত, আলিঙ্গিত, মোহিত, ক্ষুধার্ত্ত, অতিদৃপ্ত, অঙ্গহীন, অতিক্রুদ্ধ, অতিক্রূর, সব্রীড়, শান্তমানস, স্থানভ্রষ্ট, বিকল, নিঃস্নেহ, অতিবৃদ্ধ ও পীড়িত এই সকল মন্ত্র দূষিত। উক্ত ছিন্নাদি দোষদূষিত মন্ত্রের লক্ষণ কথিত হইতেছে। যে মন্ত্রের আদিমধ্যে ও অবসানে বায়ুবীজ (যং) বা বরুণবীজ (বং) সংযুক্ত আছে, অথবা ত্রিধা, চতুর্দ্ধা বা পঞ্চধা স্বরবিশিষ্ট হয়, সেই মন্ত্র

মুক্তিবিবর্জ্জিতঃ। মায়াত্রিতত্ত্বশ্রীবীজরাবহীনশ্চ যো মনুঃ। শক্তিহীনঃ স কথিতো-যস্য মধ্যে ন বর্ত্ততে। কামবীজং মুখে মায়া শিরস্যঙ্কুশমেব চ। অসৌ পরাঙ্মুখঃ প্রোক্তো-হকারোবীন্দুসংযুতঃ। আদ্যন্তমধ্যেষ্বিন্দুর্ব্বা স ভবেদ্‌বধিরঃ স্মৃতঃ। পঞ্চবর্ণো মনুর্যঃ স্যাদ্রেফার্কেন্দুবিবর্জ্জিতঃ। নেত্রহীনঃ স বিজ্ঞেয়ো দুঃখশোকাময়প্রদঃ। আদিমধ্যাবসানেষু হংসঃ প্রাসাদবাগ্‌ভবৌ। বিন্দুযুক্তং হকারং বা ফট্‌কারং বা তথৈব চ। অঙ্কুশঞ্চ তথা মায়াং নমামি চ ততঃপরং। স এব কীলিতো মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিবিবর্জ্জিতঃ। একং মধ্যে দ্বয়ং মূর্দ্ধ্নি যস্মিন্মন্ত্রপুরন্দরৌ। ন বিদ্যতে স মন্ত্রস্তু স্তম্ভিতঃ সিদ্ধিবর্জ্জিতঃ। বহ্নি-বায়ুসমাযুক্তো যস্য মন্ত্রস্য মূর্দ্ধনি। সপ্তধা দৃশ্যতে তস্তু দগ্ধমন্ত্রঃ প্রচক্ষতে। অস্ত্রং দ্বাভ্যাং ত্রিভিঃ ষড়্‌ভিরষ্টভি দৃশ্যতেঽক্ষরৈঃ। স্রস্তঃ স কথিতো মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিবিবর্জ্জিতঃ। যস্য মুখে নাস্তি মায়া প্রণবং বা বিধানতঃ। ভীতঃ স কথিতো মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিবিবর্জ্জিতঃ। আদৌ মধ্যে তথা চান্তে যস্য বর্ণচতুষ্টয়ং। স এব মলিনো মন্ত্রঃ সর্ব্ববিঘ্নসমন্বিতঃ। যস্য মধ্যে দকারো বা কবচং মূর্দ্ধ্নি দৃশ্যতে। ত্রিবিধং দৃশ্যতে চাস্ত্রং তিরস্কৃত উদাহৃতঃ। হদ্বয়ং হৃদয়ে শীর্ষে বষট্ বৌষট্ চ মধ্যতঃ। স এব ভেদিতো মন্ত্রঃ সর্ব্বশাস্ত্রবিবর্জ্জিতঃ। ত্রিবর্ণো হংসহীনো যঃ স সুষুপ্ত উদাহৃতঃ। মন্ত্রো বাপ্যথবা বিদ্যা সপ্তাধিকদশাক্ষরঃ। ফট্‌কার

ছিন্নসংজ্ঞক। যে মন্ত্রের আদি, মধ্য অথবা অন্তে দুইটি পৃথিবী বীজ (লং) যুক্ত আছে, তাহাকে রুদ্ধমন্ত্র বলে এই মন্ত্রভুক্তিমুক্তিবিহীন। যে মন্ত্রে মায়াবীজ (হ্রীঁ) প্রণব (ওঁ) শ্রীবীজ (শ্রীঁ) অথবা বাগ্‌বীজ (ঐঁ) নাই, সেই মন্ত্রকে শক্তিহীন বলে। যে মন্ত্রের মধ্যে কামবীজ (ক্লীঁ) নাই এবং আদিতে মায়াবীজ (হ্রীঁ) এবং অন্তে অঙ্কুশবীজ (ক্রোঁ) আছে, সেই মন্ত্রকে পরাঙ্মুখ বলে। যে মন্ত্রের আদি, মধ্য ও অবসানে হং অথবা সং এই বীজ দৃষ্ট হয়, সেই মন্ত্র বধির সংজ্ঞক। যে মন্ত্র পঞ্চাক্ষর এবং র, শ ও সকারবর্জ্জিত, সেই মন্ত্র নেত্রহীন বলিয়া অভিহিত হয়। উক্ত মন্ত্রের আরাধনা করিলে সাধকের দুঃখ শোক ও রোগ হইয়া থাকে। যে মন্ত্রের আদি, মধ্য ও অন্তে হংসঃ, হৌঁ ঐঁ, হং, ফট্ ক্রোঁ, হ্রীঁ ও নমামি এই সকল বীজ থাকে সেই মন্ত্রকে কীলিত বলে। উক্ত মন্ত্রের আরাধনা করিলে সর্ব্বপ্রকার সিদ্ধি হানি হয়। যে মন্ত্রের মধ্যে লং ও ফট্ ইহার কোন একটী বীজ এবং অন্তে উক্ত দুইটী বীজ না থাকে, সেই মন্ত্রকে স্তম্ভিত বলে। উক্তমন্ত্রে কোনরূপ সিদ্ধি লাভ হয় না। যে সপ্তাক্ষরমন্ত্র র ও য এই বর্ণদ্বয়-সংযুক্ত, সেই মন্ত্রকে দগ্ধমন্ত্র বলে। যে মন্ত্রদ্ব্যক্ষর, ত্র্যক্ষর, ষড়ক্ষর অথবা অষ্টাক্ষর ও ফট্ এই বীজসংযুক্ত, সেই মন্ত্রকে স্রস্ত মন্ত্র বলে। এই মন্ত্র সর্ব্বসিদ্ধিবিহীন। যে মন্ত্রের আদিতে হ্রীঁ বা ওঁ এই বীজদ্বয়ের একটিও নাই, সেই মন্ত্রকে ভীতমন্ত্র বলে। এই মন্ত্রের আরাধনা করিলে কোনপ্রকার সিদ্ধি হয় না। যে মন্ত্রের আদি, মধ্য ও অবসানে চারিটি করিয়া বর্ণ আছে, সেই মন্ত্রকে মলিনমন্ত্র বলে। এই প্রকার মন্ত্রের আরাধনা করিলে সর্ব্বপ্রকার বিঘ্ন হয়। যে মন্ত্রের মধ্যে দকার, আদিতে হুঁ এবং অন্তে ফট্ এই ত্রিবিধবীজ থাকে, সেই মন্ত্র তিরস্কৃত বলিয়া অভিহিত। যে মন্ত্রের হৃদয়ে হকারদ্বয়, শীর্ষে বট্ এবং মধ্যে বৌষট্‌কার আছে, সেই মন্ত্রকে ভেদিত বলে। উক্ত মন্ত্রের আরাধনা শাস্ত্রবিরুদ্ধ। "হংসঃ" এই বীজবিহীন ত্র্যক্ষর মন্ত্রকে সুষুপ্ত মন্ত্র বলে। বিদ্যা অথবা মন্ত্র

পঞ্চকাদির্যো মদোন্মত্ত উদাহৃতঃ। সপ্তদশাক্ষরো মন্ত্রো মধ্যেঽস্ত্রঞ্চ যদা ভবেৎ। মূর্চ্ছিতঃ কথিতো মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিবিবর্জ্জিতঃ। পঞ্চ ফট্ যস্য মন্ত্রস্য বিরামস্থানসংযুতঃ। হৃতবীর্য্যঃ স কথিতো নাস্তি তেন প্রয়োজনং। আদৌ মধ্যে তথা চান্তে চতুরস্ত্রযুতো মনুঃ। স এব ভীমমন্ত্রঃ স্যাত্তথা চাষ্টাদশাক্ষরঃ। একোনবিংশো যো মন্ত্রস্তারবর্ণসমন্বিতঃ। হৃল্লেখাঙ্কুশ-বীজাঢ্যং প্রধ্বস্তন্তং প্রচক্ষতে। সপ্তবর্ণঃ স্মৃতো বালঃ কুমারোঽষ্টাক্ষরঃ স্মৃতঃ। ষোড়-শার্ণো যুবা মন্ত্রঃ সর্ব্বসিদ্ধিবিবর্জ্জিতঃ। চতুর্ব্বিংশল্লিপির্যঃ স্যাৎ প্রৌঢ়ঃ স পরিকীর্ত্তিতঃ। ত্রিংশদর্ণচতুঃষষ্টিবর্ণো মন্ত্রঃ শতাক্ষরঃ। চতুঃশতাক্ষরশ্চাপি বৃদ্ধঃ স পরিকীর্ত্তিতঃ। নবাক্ষরো ধ্রুবযুতো মনুর্নিস্ত্রিংশ-ঈরিতঃ। যস্যাবসানে হৃদয়ং শিবমন্ত্রো চ মধ্যতঃ। শিখা বর্ম্ম চ ন স্যাতাং বৌষট্ ফট্কার এব চ। শিবশক্ত্যর্ণহীনো বা সনির্ব্বীর্য্য উদাহৃতঃ। এষু স্থানেষু ফট্কারঃ প্রৌঢ়ো যস্মিন্ প্রদৃশ্যতে। স মন্ত্রঃ সিদ্ধিহীনঃ স্যাৎ মন্দঃ পংক্ত্যক্ষরো মনুঃ। কূট একাক্ষরো মন্ত্রঃ স এবোক্তো নিরংশকঃ। দ্বিবর্ণঃ সত্বহীনঃ স্যাচ্চতুর্ব্বর্ণস্তু কেকরঃ। ষড়ক্ষরো জীবহীনঃ সার্দ্ধসপ্তাক্ষরো মনুঃ। সার্দ্ধদ্বাদশবর্ণোঽপি ধূমিতঃ স তু নিন্দিতঃ। সার্দ্ধবীজত্রয়ং তদ্বৎ একবিংশতিবর্ণকঃ। বিংশদর্ণস্ত্রিংশদর্ণো যঃ স্যাদালিঙ্গিতঃ স্মৃতঃ। দ্বাবিংশত্যক্ষরো মন্ত্রো মোহিতঃ পরিকীর্ত্তিতঃ। চতুর্ব্বিংশতিবর্ণো যঃ সপ্তবিংশতিবর্ণকঃ। ক্ষুধার্ত্তঃ স তু বিজ্ঞেয়ো দ্বাত্রিংশদ্বর্ণসংজ্ঞকঃ। একাদশাক্ষরো বাপি

অর্থাৎ স্ত্রী দৈবত কিম্বা পুংদৈবত মন্ত্র যদি সপ্তদশাক্ষর ও ফট্কার পঞ্চকাদি হয় সেই মন্ত্র মদোন্মত্ত বলিয়া কথিত হয়। যে সপ্তদশাক্ষর মন্ত্রেরমধ্যে ফট্কার থাকে সেই মন্ত্রকে মূর্চ্ছিত বলে। এই মন্ত্রের আরাধনা করিলে কোন-প্রকার মন্ত্রসিদ্ধি হয় না। যে মন্ত্রের অবসানে পঞ্চ ফট্কার আছে, সেই মন্ত্র হৃতবীর্য্য বলিয়া কথিত হয়। উক্ত মন্ত্রের আরাধনায় কোন প্রয়োজন নাই। যে মন্ত্রের আদি, মধ্য ও অন্তে ফট্কার চতুষ্টয়, বিদ্যমান আছে, সেই মন্ত্র যদি অষ্টাদশাক্ষর হয়, তাহাহইলে সেই মন্ত্রকে হীনমন্ত্র বলিয়া জানিবে। যে একবিংশাক্ষর মন্ত্রের ওঁ হ্রীঁ ক্রোঁ। এই বীজত্রয় সংযুক্ত আছে, সেই মন্ত্রকে প্রধ্বস্ত বলে। যে মন্ত্র সপ্তাক্ষর তাহা বাল, অষ্টাক্ষর মন্ত্র কুমার, ষোড়শাক্ষর মন্ত্র, যুবা, এই সকল মন্ত্রের উপাসনা করিলে কোনপ্রকার সিদ্ধি হয় না। যে মন্ত্রে চতুর্ব্বিংশতিবর্ণ আছে, তাহাকে প্রৌঢ় বলে। যে মন্ত্র ত্রিংশদক্ষর, চতুঃষষ্টিবর্ণ, শতাক্ষর অথবা চতুঃশতাক্ষর সেই মন্ত্রকে বৃদ্ধ বলে। যে মন্ত্র নবাক্ষর সেই মন্ত্র নিস্ত্রিংশশব্দে অভিহিত হয়। যে মন্ত্রের অন্তে নমঃ, মধ্যে স্বাহা, শব্দ থাকে এবং বষট ও হুঁ এই দুই শব্দ বিদ্যমান নাই ও বৌষট ফটকারযুক্ত অথচ শিবশক্তি বর্ণবিহীন, সেই মন্ত্র নির্ব্বীর্য্য। যে মন্ত্রের আদি মধ্যাদিতে ষট্প্রকার ফট্কার থাকে, সেই মন্ত্রকে সিদ্ধিহীন বলে। যে মন্ত্রে পংক্ত্যক্ষর বর্ত্তমান আছে, সেই মন্ত্র মন্দসংজ্ঞক। একাক্ষর মন্ত্র কূটসংজ্ঞক, দ্ব্যক্ষর মন্ত্রকে নিরংশক বলে বস্তুতঃ দ্ব্যক্ষঃ মন্ত্র সত্বহীন, ষড়ক্ষরমন্ত্র কেকর, সার্দ্ধসপ্তাক্ষর মন্ত্র জীবহীন এবং সার্দ্ধদ্বাবিংশাক্ষর মন্ত্র ধূমিত, এই সকল মন্ত্র নিন্দিত। সার্দ্ধবীজত্রয়যুক্ত একবিংশা-ক্ষর বিংশাক্ষর কিম্বা ত্রিংশাক্ষর, সেই মন্ত্র আলিঙ্গিত বলিয়া কথিত হয়। যে মন্ত্র দ্বাবিংশাক্ষরযুক্ত, সেই মন্ত্রকে মোহিত বলে। যে মন্ত্র চতুর্ব্বিংশতিবর্ণ কিম্বা সপ্তবিংশতিবর্ণ, সেই মন্ত্রকে ক্ষুধার্ত্ত বলে। যে মন্ত্র দ্বাবিংশতিবর্ণ,

পঞ্চবিংশতিবর্ণকঃ। ত্রয়োবিংশতিবর্ণো বা মন্ত্রো-দৃপ্ত-উদাহৃতঃ। ষড়্‌বিংশত্যক্ষরো মন্ত্রঃ ষট্‌ত্রিংশদর্ণকস্তথা। ত্রিংশদেকোনবর্ণো বা অঙ্গহীনঃ স এব হি। অষ্টাবিংশদক্ষরো য এক-বিংশদথাপি বা। অতিক্রূদ্ধঃ স বিজ্ঞেয়ো নিন্দিতঃ সর্ব্বকর্ম্মসু। ত্রিংশদক্ষরকো মন্ত্র-স্ত্রয়স্ত্রিংশদথাপি বা। অতিক্রূরঃ স বিজ্ঞেয়ো নিন্দিতঃ সর্ব্বকর্ম্মসু। চত্বারিংশতমারভ্য ত্রিষষ্টির্যাবতা ভবেৎ। তাবৎ সংখ্যা নিগদিতা মন্ত্রাঃ সব্রীড়সংজ্ঞকাঃ। পঞ্চষষ্ট্যক্ষরা-যে স্যু-র্মন্ত্রাস্তে শান্তমানসাঃ। একোনশতপর্য্যন্তং পঞ্চষষ্ট্যক্ষরাদিতঃ। তে সর্ব্বে কথিতা মন্ত্রাঃ স্থানভ্রষ্টা ন শোভনাঃ। ত্রয়োদশাক্ষরা যে স্যু-র্মন্ত্রাঃ পঞ্চদশাক্ষরাঃ। তে সর্ব্বে বিকলা জ্ঞেয়াঃ শতং সার্দ্ধং শতন্তু বা। শতদ্বয়ং দ্বিনবতিরেকহীনা তথাপি বা। যাবৎ শতদ্বয়ং সংখ্যা নিঃস্নেহাস্তে প্রকীর্ত্তিতাঃ। চতুঃশতমথারভ্য যাবদ্বর্ণসহস্রকং। অতিবৃদ্ধঃ স মন্ত্রস্তু সর্ব্বশাস্ত্রবিবর্জ্জিতঃ। সহস্রার্ণাধিকা মন্ত্রা দণ্ডকাঃ পীড়িতাক্ষরাঃ। দ্বিসহস্রাক্ষরা মন্ত্রাঃ খণ্ডশঃ সপ্তধা শ্রিতাঃ। জ্ঞাতব্যাঃ স্তোত্ররূপাস্তে মন্ত্রা এতে ন সংশয়ঃ। তথা বিদ্যাশ্চ বোদ্ধব্যা মন্ত্রিভিঃ সর্ব্বকর্ম্মসু। দোষানিমানবিজ্ঞায় যো মন্ত্রং ভজতে বুধঃ। সিদ্ধির্ন জায়তে তস্য কল্পকোটিশতৈরপি॥

অথ দোষশান্তিঃ। তত্রৈব ছিন্নাদিদুষ্টা যে মন্ত্রাস্তন্ত্রে তন্ত্রে নিরূপিতাঃ। তে সর্ব্বে

ত্রয়োদশাক্ষর, পঞ্চবিংশতিবর্ণ অথবা ত্রয়োবিংশতিবর্ণ, সেই মন্ত্র অতিদৃপ্ত। যে মন্ত্র ষড়বিংশতিবর্ণ, ষট্‌ত্রিংশাক্ষর কিম্বা একোনত্রিংশদক্ষর সেই মন্ত্র অঙ্গহীন বলিয়া অভিহিত হয়। যে মন্ত্র অষ্টাবিংশাক্ষর, অথবা একবিংশতিবর্ণযুক্ত, সেই মন্ত্রকে অতিক্রূদ্ধ বলে। উক্ত মন্ত্র সর্ব্বকার্য্যে নিন্দিত। যে মন্ত্র বিংশাক্ষর অথবা ত্রিংশাক্ষর সেই মন্ত্র অতিক্রূর বলিয়া অভিহিত হয়। এই মন্ত্র সর্ব্বকার্য্যে গর্হিত। চত্বারিংশৎ হইতে ত্রিষষ্টিপর্য্যন্ত বর্ণবিশিষ্ট মন্ত্র সব্রীড়-সংজ্ঞক। যে সকল মন্ত্র পঞ্চষষ্টিবর্ণযুক্ত, সেই সকল মন্ত্রকে শান্তমানস বলে। পঞ্চষষ্টি হইতে একোনশতপর্য্যন্ত তাবৎ সংখ্যক মন্ত্রসকল স্থানভ্রষ্ট বলিয়া অভিহিত হয়। যে সকল মন্ত্র ত্রয়োদশাক্ষর কিম্বা পঞ্চবিংশতিবর্ণবিশিষ্ট সেই সকল মন্ত্রকে বিকল মন্ত্র বলে। যে যে মন্ত্র শতাক্ষর, সার্দ্ধশতাক্ষর, দ্বিশতাক্ষর, একনবতিবর্ণ, দ্বিনবতিবর্ণ, অথবা দুইশত পর্য্যন্ত যাবতীয় সংখ্যক বর্ণবিশিষ্ট, সেই সকল মন্ত্র নিঃস্নেহ। চারিশত হইতে সহস্রপর্য্যন্ত যাবতীয় কবর্ণ সংখ্যাবিশিষ্ট মন্ত্রকে অতিবৃদ্ধ বলে। এই মন্ত্র সর্ব্বশাস্ত্রে নিন্দিত। যে যে মন্ত্রে সহস্রাধিক বর্ণ আছে সেই সেই মন্ত্রকে পীড়িত বলে। যে সকল মন্ত্রে দুই সহস্রের অধিক বর্ণ আছে, সেই সকল মন্ত্রকে স্তোত্ররূপে জানিবে, তাহাদিগকে সপ্তভাগে বিভক্ত করিয়া উপাসনার বিধি কথিত হইয়াছে। মন্ত্র কিম্বা বিদ্যার আরাধনা করিতে হইলে অবশ্য উক্ত দোষসকল বিচার করিয়া কার্য্য করিবে। যে ব্যক্তি কথিত দোষ সকলের বিচার না করিয়া মন্ত্র জপকরে, শতকোটি কল্পেও তাহার সিদ্ধি হয় না। অতএব সুবিজ্ঞ সাধক সবিশেষ বিবেচনাপুরঃসর মন্ত্রের যে যে দোষ কথিত হইয়াছে, সেই সকল দোষের বিচার ও বিধানক্রমে শান্তি করিয়া জপ করিবে।

অনন্তর মন্ত্রের দোষশান্তিবিধান কথিত হইতেছে। অন্যান্য তন্ত্রে যে মন্ত্রের ছিন্নাদিদোষ নিরূপিত হইয়াছে,

ছিন্নিমায়াতি মাতৃকার্ণপ্রভাবতঃ। মাতৃকার্ণৈঃ পুটীকৃত্য মন্ত্রং বিদ্যাং বিশেষতঃ। শতমষ্টোত্তরং পূর্ব্বং প্রজপেৎ ফলসিদ্ধয়ে। তদা মন্ত্রো মহাবিদ্যা যথোক্তফলদো ভবেৎ। মাতৃকাপুটিতং কৃত্বা মধ্যে বর্ণং বিধায় চ। মন্ত্রবর্ণাংস্ততঃ কুর্য্যাৎ শোধনং তন্ত্রবেদিভিঃ। বদ্ধা তু যোনিমুদ্রাং তাং সঙ্কোচ্যাধারপঙ্কজং। তদুৎপন্নান্ মন্ত্রবর্ণান্ কুর্ব্বতশ্চ গতাগতান্। ব্রহ্মরন্ধ্রাবধি ধ্যাত্বা বায়ুমাপূর্য্য কুম্ভয়েৎ। সহস্রং প্রজপেন্মন্ত্রী মন্ত্রদোষপ্রশান্তয়ে। তথা—এষু দোষেষু প্রাপ্তেষু মায়াং কামমথাপি বা। ক্ষিপ্ত্বা চাদৌ শ্রিয়ঞ্চৈব তদ্দূষণবিমুক্তয়ে। তথা—তারসংপুটতো বাপি দুষ্টমন্ত্রোঽপি সিধ্যতি। যস্য যত্র ভবেদ্ভক্তিঃ সোঽপি মন্ত্রঃ প্রসিধ্যতি। তথা—প্রণবো মাতৃকা দেবী হৃল্লেখেত্যমৃতত্রয়ং। অমৃতত্রয়সংযোগাদ্দুষ্টমন্ত্রোঽপি সিধ্যতি ॥

ততঃ হোমার্থং কুণ্ডনিয়মঃ। তত্র কুণ্ডপদব্যুৎপত্তিমাহ সারাবলীধৃতবিশ্বসারে—কৌ পৃথিব্যাং বিলং দেবি দৃশ্যতে সুমনোহরং। তস্মাৎ কুণ্ডং সমাখ্যাতং সাধকানাং হিতায় বৈ। বিলং গর্ত্তং। সুমনোহরং মেখলাযোন্যাদিবিশিষ্টমিত্যর্থঃ। তত্র তাবৎ গৃহনির্ণয়ঃ।

মাতৃকাবর্ণপ্রভাবে সেই সকল দোষের শান্তি হইয়া মন্ত্রসিদ্ধি হইয়া থাকে। মাতৃকাবর্ণদ্বারা মন্ত্র বা বিদ্যাকে পুটিত করিয়া অর্থাৎ মন্ত্রের পূর্ব্বে অকারাদি ক্ষকারান্ত বর্ণের এক একটি বর্ণ পূর্ব্বে এবং এক একটি বর্ণ পরে যোগ করিয়া অষ্টোত্তর শতবার জপ করিবে, তাহাহইলে মন্ত্রের পূর্ব্বোক্ত ছিন্নাদি দোষের শান্তি হয় এবং সেই মন্ত্র যথোক্ত ফলপ্রদান করিয়া থাকে। পরে মাতৃকাবর্ণদ্বারা মন্ত্রের প্রত্যেক বর্ণকে পুটিত করিয়া অর্থাৎ মন্ত্রমধ্যে যে যে বর্ণ আছে, তাহাদিগের প্রত্যেক বর্ণের পূর্ব্বে অকারাদি ক্ষকারান্ত মাতৃকাবর্ণসকলের এক একটি বর্ণ পূর্ব্বে এবং এক একটি বর্ণ পরে যোগ করিয়া জপ করিবে। অনন্তর যোনিমুদ্রাবন্ধন করিয়া আধার পদ্ম সঙ্কোচকরতঃ সেই মূলাধার হইতে উৎপন্ন বর্ণসকলকে ব্রহ্মরন্ধ্রপর্য্যন্ত গতাগতরূপে চিন্তা করিবে। তৎপরে বায়ু পূরণ করিয়া কুম্ভক করিবে এবং সহস্রবার জপ করিলে মন্ত্রদোষের শান্তি হয়। প্রকারান্তরে—মন্ত্র সকল পূর্ব্বোক্ত ছিন্নাদিদোষগ্রস্ত হইলে মন্ত্রের আদিতে হ্রীঁ ক্লীঁ শ্রীঁ এই বীজত্রয়যুক্ত করিয়া জপ করিলে মন্ত্রের দোষশান্তি হইয়া থাকে। তন্ত্রে আরও লিখিত আছে যে, ওঁ এই বীজদ্বারা মন্ত্রকে পুটিত করিয়া জপ করিলে দুষ্টমন্ত্রসিদ্ধ হইয়া থাকে। মন্ত্রশুদ্ধির নানাপ্রকার প্রণালী কথিত হইল, যাহার যে প্রণালীতে ভক্তি হয়, সেই ব্যক্তি সেই প্রণালী অবলম্বন করিয়া মন্ত্রশোধন করিবে। তন্ত্রে আরও জানা যায় যে, প্রণব, মাতৃকাবর্ণ ও মায়াবীজ এই তিনটি অমৃতস্বরূপ, এই অমৃতত্রয়যুক্ত করিয়া মন্ত্র জপ করিলে সর্ব্বপ্রকার মন্ত্রদোষ শান্তি হইয়া থাকে, মন্ত্রের পূর্ব্বে এবং পরে ওঁ, মাতৃকাবর্ণ এবং হ্রীঁ এই বীজত্রয় যুক্ত করিয়া জপ করিলে মন্ত্রের দোষ সকল বিনষ্ট হইয়া মন্ত্রবিশুদ্ধ হইয়া থাকে ॥

অনন্তর হোমার্থ কুণ্ডনিয়ম কথিত হইতেছে। প্রথমতঃ বিশ্বসারতন্ত্রে কুণ্ডশব্দের যে ব্যুৎপত্তি লিখিত আছে, তাহা বিবৃত হইতেছে। ভূমিতে যে মেখলাযোন্যাদিবিশিষ্ট গর্ত্ত দৃষ্ট হয়, তাহার নাম কুণ্ড। এই কুণ্ড সাধকের হিতসাধন

গৌতমীয়ে—তত্রাপি প্রথমং ভূমিনির্ণয়ঃ। ভূমেঃ পরিগ্রহং কুর্য্যাদ্যাবতায়তনং ভবেৎ। শুক্লমৃৎস্না তু যা ভূমির্ব্রাহ্মী সা পরিকীর্ত্তিতা। ক্ষত্রিয়া রক্তমৃত্তির্হরির্বৈশ্যা প্রকীর্ত্তিতা। কৃষ্ণা ভূমির্ভবেৎ শূদ্রা চতুর্দ্ধা ভূঃ প্রকীর্ত্তিতা। ব্রাহ্মী সর্ব্বার্থসিদ্ধিঃ স্যাৎ ক্ষত্রিয়া রাজ্যদা মতা। ধনধান্যকরী বৈশ্যা শূদ্রা তু নিন্দিতা ভবেৎ। গণেশবিমর্ষিণ্যাং—আদৌ ভূমিং পরীক্ষেত বাস্তুশাস্ত্রবিশারদঃ। শৈল্যাদিশোধনং কুর্য্যাৎ পৌরুষং বা খনেত্ততঃ। বাস্তোঃ সংযোজ্য পূর্ব্বস্যাং ঐশান্যামুত্তরেঽপি বা। দিশি সঙ্কল্পয়েন্মন্ত্রী মণ্ডপঞ্চ বিভাগতঃ। নবহস্তপ্রমাণং বা সপ্তহস্তমথাপি বা। পঞ্চহস্তপ্রমাণং বা চতুরস্রং সমন্ততঃ। পঞ্চহস্তন্তু এককুণ্ডপক্ষে। তদুক্তং তত্রৈব। এককুণ্ডমতেনান্যৎ পঞ্চহস্তগৃহং ভবেৎ। তদেককুণ্ডগৃহস্যোত্তরভাগে প্রশস্তং। যথা—অথোত্তরে তথা কুণ্ডমেকং বেদাস্রমুদ্ধরেৎ। লক্ষহোমে তু তৎকুর্য্যাৎ গৃহমধ্যে ন দূষণং। তথা বশিষ্ঠসংহিতায়াং—বাস্তোরীশানভাগে তু মণ্ডলং রচয়েৎ সুধীঃ। ষড়্দ্বাদশাষ্ট-ভির্হস্তৈঃ ষোড়শৈর্ব্বাসমন্ততঃ। চতুর্দ্দ্বারসমাযুক্তং তোরণাদ্যৈরলঙ্কৃতং। নিবন্ধে—তন্ত্রিভাগমিতে ক্ষেত্রে রত্নিমাত্রসমন্বিতং। চতুরস্রাং ততো বেদীং মণ্ডলায় প্রকল্পয়েৎ॥

অথ প্রসঙ্গান্নবকুণ্ডানি। তত্র সারদায়াং—প্রাক্প্রোক্তে মণ্ডপে বিদ্বান্ বেদিকায়া বহি-স্ত্রিধা। ক্ষেত্রং বিভজ্য মধ্যেংঽশে পূর্ব্বাদি পরিকল্পয়েৎ। অষ্টাশাস্বষ্টকুণ্ডানি রম্যা-

---

করে। কুণ্ডনির্ম্মাণার্থ গৃহনির্ণয় কথিত হইতেছে। গৌতমীয়তন্ত্রে প্রথমতঃ ভূমিনির্ণয় উক্ত আছে। যে পরিমাণ বিস্তৃত গৃহ করিবে, সেইরূপ পরিমাণবিশিষ্ট ভূমি পরীক্ষা করিয়া লইবে। যে ভূমির মৃত্তিকা শুক্লবর্ণা সেই ভূমিকে ব্রাহ্মী, রক্তবর্ণ মৃত্তিকাবিশিষ্ট ভূমিকে ক্ষত্রিয়া, হরিবর্ণ মৃত্তিকাযুক্ত ভূমিকে বৈশ্যা এবং কৃষ্ণবর্ণা ভূমিকে শূদ্রা বলে। এইরূপে ভূমি চারিপ্রকার আছে। ব্রাহ্মীভূমি সর্ব্বার্থ সিদ্ধিপ্রদান করে, ক্ষত্রিয়া ভূমি রাজ্যপ্রদা, বৈশ্যাভূমি ধনধান্যদায়িনী এবং শূদ্রাভূমি নিন্দিত। অতএব যজ্ঞীয় কুণ্ডাদির নিমিত্ত গৃহ করিতে হইলে ভূমি পরীক্ষা করিয়া কার্য্য করা বিধেয়। গণেশবিমর্ষিণী গ্রন্থে লিখিত আছে যে, প্রথমে বাস্তু শাস্ত্রানুসারে ভূমির পরীক্ষা করিবে। পরে শৈল্যাদি শোধন করিয়া কুণ্ড খনন করিবে। মণ্ডপের পূর্ব্বভাগে, ঈশানকোণে অথবা উত্তরদিকে বাস্তুমণ্ডল করিয়া মধ্যে কুণ্ড খনন করিবে। নবহস্ত, সপ্তহস্ত অথবা পঞ্চহস্তপ্রমাণ কুণ্ড করিবে। সকল কুণ্ডই সমচতুরস্র করিতে হইবে। যেখানে একমাত্র কুণ্ড হইবে, সেই কার্য্যেই পঞ্চহস্ত কুণ্ড করিবে। এক কুণ্ডস্থলে গৃহের উত্তরভাগে কুণ্ড করিতে হইবে। লক্ষহোমে গৃহের মধ্যভাগে কুণ্ড করিবে। বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, বাস্তুর ঈশানভাগে ছয়হস্ত, অষ্টহস্ত, দ্বাদশহস্ত অথবা ষোড়শহস্ত পরিমিত চতুর্দ্দ্বারসমন্বিত ও তোরণাদিদ্বারা উপশোভিত মণ্ডপ করিবে। নিবন্ধে লিখিত আছে যে, মণ্ডপের ত্রিভাগপরিমিত ক্ষেত্রে, মণ্ডল নির্ম্মাণার্থ অরত্নিমাত্র পরিমিত চতুরস্রবেদী প্রস্তুত করিবে।

অনন্তর প্রসঙ্গক্রমে নবকুণ্ড প্রমাণ কথিত হইতেছে। সারদাতন্ত্রে লিখিত আছে যে, পূর্ব্ব কথিত প্রণালীক্রমে মণ্ডপ করিয়া তন্মধ্যগত বেদিকার বহির্ভাগের ভূমিকে তিন ভাগে বিভক্ত করিবে। মধ্যভাগে পূর্ব্বাদি দিক্ চিহ্নিত

কারাণ্যনুক্রমাৎ। তথাচ বশিষ্ঠসংহিতায়াং—অষ্টকুণ্ডপ্রকারমাহ। চতুরস্রং যোনিমর্দ্ধচন্দ্রং ত্র্যস্রং সুবর্ত্তুলং। ষড়স্রং পঙ্কজাকারমষ্টাস্রং তানি নামতঃ। আচার্য্যকুণ্ডং মধ্যে স্যাৎ গৌরী-পতিমহেন্দ্রয়োঃ। হস্তমাত্রমিতাং ভূমিং পূর্ব্ববৎ পরিসূত্রয়েৎ। সমন্তাৎ কুণ্ডমেতত্তু চতুরস্রং শুভাবহং। চতুরস্রীকৃতং ক্ষেত্রং পঞ্চধা বিভজেৎ সুধীঃ। ন্যসেৎ পুরস্তাদেকাংশং কোণার্দ্ধার্দ্ধ-প্রমাণতঃ। ভ্রাময়েত্তেন রূপেণ তথান্যদপি মন্ত্রবিৎ। সূত্রযুগ্মং ততো দদ্যাৎ কুণ্ডং যোনিনিভং ভবেৎ। চতুরস্রীকৃতং ক্ষেত্রং দশধা বিভজেৎ সুধীঃ। একমেকং ত্যজেদংশং অধ-ঊর্দ্ধক তন্ত্রবিৎ। জ্যাসূত্রং পাতয়েদগ্রে তস্মানাদ্‌ভ্রাময়েত্ততঃ। অর্দ্ধচন্দ্রনিভং কুণ্ডং রমণীয়মিদং ভবেৎ। অগ্রে সম্মুখে প্রক্ষিপ্তশরধনুর্ব্বদিতি ভট্ট-ব্যাখ্যানাৎ। তথাচ—জ্যাসূত্রং পাতয়েদগ্রে শরাবাহুতয়োর্ম্মতঃ। বাকার ইবার্থে। চতুর্দ্ধা ভেদিতে ক্ষেত্রে ন্যসেদুভয়পার্শ্বয়োঃ। একৈকমংশং তস্মানাদগ্রতো লাঞ্ছয়েত্ততঃ। সূত্রত্রয়ং বুধঃ কুর্য্যাৎ ত্র্যস্রং কুণ্ডমুদাহৃতং। অষ্টাদশাংশং ক্ষেত্রেংশং ন্যসেদেকং বহির্ব্বুধঃ। ভ্রাময়েত্তেন মানেন বৃত্তং কুণ্ডমুদাহৃতং। অষ্টধা বিভজেৎ ক্ষেত্রং মধ্যে সূত্রস্য পার্শ্বয়োঃ। ভাগং ন্যসেদেকমেকং মানেনানেন মধ্যতঃ।

করিয়া তাহার অষ্টদিকে রম্যাকার অষ্টকুণ্ড করিবে। বশিষ্ট সংহিতাতে যে অষ্টকুণ্ডের প্রমাণ লিখিত আছে তাহা এই—চতুরস্র কুণ্ড, যোনিকুণ্ড, অর্দ্ধচন্দ্রকুণ্ড, ত্র্যস্রকুণ্ড, বর্ত্তুলকুণ্ড, ষড়স্রকুণ্ড, পদ্মকুণ্ড ও অষ্টাস্রকুণ্ড, এই অষ্ট-প্রকার কুণ্ডতন্ত্রে বর্ণিত আছে। ক্রমতঃ ইহাদিগের লক্ষণ বর্ণিত হইবে। ঈশান কোণ ও পূর্ব্বদিকের মধ্যে আচার্য্যকুণ্ড করিবে। চতুর্দ্দিকে একহস্ত পরিমিত ভূমিতে সূত্রপাত করিয়া সমচতুরস্ররূপে কুণ্ডখনন করিবে। এই কুণ্ডকে চতুরস্র কুণ্ড বলে। চতুরস্রক্ষেত্রকে পাঁচভাগে বিভক্ত করিয়া তাহার পূর্ব্বভাগে একাংশপরিমিত স্থান বিস্তৃত করিয়া লইবে। পরে সেই স্থানে সূত্রপাত করিয়া সেই সূত্র ভ্রামিত করিবে। পরে সেই চতুরস্র মধ্যে সূত্রদ্বয় পাতিত করিয়া যোনির ন্যায় কুণ্ড করিবে। এই কুণ্ডের নাম যোনিকুণ্ড। অনন্তর অর্দ্ধচন্দ্রকুণ্ড কথিত হইতেছে সমচতুরস্রভূমিকে সমদশাংশে বিভক্ত করিয়া তাহার ঊর্দ্ধে একাংশ ও অধোভাগে একাংশ পরিত্যাগ করিবে। তাহার অগ্রে জ্যাসূত্র পাতিত করিয়া সেই সূত্রকে ভ্রামিত করিবে, এইরূপ করিলে অর্দ্ধচন্দ্রাকৃতি হইবে। এই কুণ্ডের নাম অর্দ্ধচন্দ্রকুণ্ড। কুণ্ড সকল যাহাতে অতি সুশ্রী হয় সেইরূপ করিবে। রাঘবভট্টকৃত ব্যাখ্যানে প্রকটী-কৃত হইয়াছে যে, এই কুণ্ড প্রক্ষিপ্ত ধনুর্ব্বাণের ন্যায় করিবে। এই বিষয়ে তন্ত্রান্তরে যে প্রমাণ লিখিত আছে সেই প্রমাণ এইস্থলে উদ্ধৃত আছে। অনন্তর ত্র্যস্রকুণ্ড কথিত হইতেছে। কোন একটি স্থান মনোনীত করিয়া সেই স্থান চারিভাগে বিভক্ত করিবে। পরে চতুর্দ্ধাবিভক্তক্ষেত্রের উভয় পার্শ্বে এক এক অংশবিনির্ম্মিত স্থান চিহ্নিত করিয়া সেই চিহ্নিত স্থানে দুইটি সূত্রপাত করিয়া একটি ত্রিকোণ অঙ্কিত করিবে। এইরূপে অঙ্কিত করিয়া খনন করিলে ত্র্যস্রকুণ্ড হয়। বৃত্তকুণ্ড এই—একটি চতুরস্র ক্ষেত্রকে অষ্টাদশাংশে বিভক্ত করিয়া তাহার বহির্ভাগে একাংশপরিমিত স্থান চিহ্নিত করিবে। পরে সেই চিহ্নিতস্থান হইতে আরম্ভ করিয়া একটি বর্ত্তুল করিবে। এইরূপে

যোনিকুণ্ডং
চতুরস্রকুণ্ডং
অৰ্দ্ধচন্দ্ৰকুণ্ডং
এ্যস্রকুণ্ডং

কুর্য্যাৎ পার্শ্বদ্বয়ে মৎস্যচতুষ্কং মন্ত্রবিত্তমঃ। সূত্রষট্কং ততো দদ্যাৎ ষড়স্রং কুণ্ডমীরিতং। চতুরস্রীকৃতং ক্ষেত্রং বিভজ্যাষ্টাদশাংশতঃ। এবং ভাবং বহির্ন্যস্য ভ্রাময়েত্তেন বর্ত্তুলং। বৃত্তানি কর্ণিকাদীনাং বহিস্ত্রীণি প্রকল্পয়েৎ। পদ্মকুণ্ডমিতি প্রোক্তং বিলোচনমনোহরং। বহিরিতি মধ্যে বহিঃশব্দো মধ্যবাচকঃ। অব্যয়ানামনেকার্থত্বাদিতি গুরবঃ। কর্ণিকাদীনাং বৃত্তানি বহির্ব্বহিঃ কুর্য্যাদিতি ভট্টঃ। অন্যথা মানাধিক্যাপত্তেঃ। চতুরস্রেহষ্টধা ভক্তে কুর্য্যাদ্বৃত্তচতুষ্টয়ং। কর্ণিকাকেশরয়োর্দ্ধে তু তৃতীয়ে পত্রকাস্তথ। তদগ্রাণি চতুর্থেষু দ্রব্যাণ্যেবং প্রকল্পয়েদিতি ভট্টঃ। পূর্ব্বোক্তং বিভজেৎ ক্ষেত্রং চতুর্ব্বিংশতিভাগতঃ। একং ভাগং

অঙ্কিত করিয়া খনন করিলেই বর্ত্তুল কুণ্ড হয়। এইরূপ ষড়স্রকুণ্ড বিবৃত হইতেছে—একটি চতুরস্রক্ষেত্রকে অষ্টভাগে বিভক্ত করিয়া তাহার পার্শ্বদ্বয়ে একাংশ পরিমিতস্থান চিহ্নিত করিবে। ঐ চিহ্নিত স্থান হইতে আরম্ভ করিয়া একটি ষড়স্র অঙ্কিত করিবে। এইরূপ করিয়া খনন করিলেই ষড়স্রকুণ্ড হয়। অনন্তর পদ্মকুণ্ড বিবৃত হইতেছে। এই কুণ্ড অতি সুদৃশ্য; প্রথমতঃ চতুরস্র অঙ্কিত করিয়া তাহার মধ্যে চারিটী বৃত্ত অঙ্কিত করিবে। তৎপরে ঐ চারি বৃত্তের মধ্যে এইরূপে একটি অষ্টদল পদ্ম অঙ্কিত করিতে হইবে যে, যেন তাহাদিগের প্রথম বৃত্তে কর্ণিকা, দ্বিতীয় বৃত্তে কেশর, তৃতীয় বৃত্তে দলমধ্য ও চতুর্থ বৃত্তে দলাগ্র সন্নিবেশিত হয়। এইরূপ করিলেই পদ্মকুণ্ড হয়। অনন্তর অষ্টাস্রকুণ্ড কথিত হইতেছে। চতুরস্র ক্ষেত্রকে চতুর্ব্বিংশতি অংশে বিভক্ত করিয়া তাহার চতুরস্রের বহির্ভাগে একাংশ পরিমিতস্থান চিহ্নিত করিবে, পরে ঐ চিহ্নিত স্থান হইতে আরম্ভ

বহির্ন্যস্য চতুরস্রং প্রকল্পয়েৎ। অন্তঃস্থচতুরস্রস্য কোণার্দ্ধার্দ্ধপ্রমাণতঃ। বাহ্যস্য চতুরস্রস্য কোণাভ্যাং পরিকল্পয়েৎ। দিশং প্রতি যথান্যায়মষ্টৌ সূত্রাণি পাতয়েৎ। অষ্টাস্রং কুণ্ডমেতদ্ধি তন্ত্রবিদ্ভিরুদীরিতং। যাবান্ কুণ্ডস্য বিস্তারঃ খননং তাবদেব হি। কুণ্ডানাং যাদৃশং রূপং মেখলানাঞ্চ তাদৃশং। এবং প্রোক্তানি কুণ্ডানি কথ্যতে স্রুক্‌স্রুবৌ ততঃ। প্রকল্পয়েৎ স্রুচং যাগে বক্ষ্যমাণেন বর্ত্মনা। শ্রীপর্ণী-শিংশপা-ক্ষীরী-শাখিষ্বেকতমং গুরুঃ। গৃহীত্বা বিভজেদ্ধস্তমাত্রং ষট্‌ত্রিংশতা পুনঃ। হস্তমাত্রং বাহুমাত্রং। তথাগস্ত্যে—স্রুচং বাহুপ্রমাণেন হোমার্থং বিদধীত বৈ। বিংশত্যংশৈর্ভবেৎ দণ্ডো বেদী তৈরষ্টভির্ভবেৎ। একাংশেন মিতঃ কণ্ঠঃ সপ্তাংশেন মিতং মুখং। বেদীত্র্যংশেন বিস্তারঃ কণ্ঠস্য পরিকীর্ত্তিতঃ।

করিয়া অপর একটি চতুরস্র অঙ্কিত করিতে হইবে এবং অন্তঃস্থ চতুরস্রের কোণার্দ্ধের অর্দ্ধ প্রমাণে বহিঃস্থ চতুরস্রের কোণদ্বয়ের অষ্টদিকে অষ্টরেখা অঙ্কিত করিলেই অষ্টাস্রকুণ্ড হইবে। তন্ত্রশাস্ত্রবিশারদ পণ্ডিতগণ এইরূপে অষ্টাস্রকুণ্ডের অঙ্কণ প্রণালী বলিয়াছেন। যে কুণ্ডের বিস্তারপরিমাণ যত হইবে, সেই পরিমাণে গভীর করিয়া কুণ্ড খনন করিতে হইবে। যে কুণ্ড যেরূপ আকারে হইবে, তাহার মেখলাও সেইরূপ আকারবিশিষ্ট করা কর্ত্তব্য। এই প্রকারে কুণ্ড সকলের অঙ্কণ ও খননবিধি কথিত হইল। এইক্ষণ স্রুক্ ও স্রুব প্রমাণ কথিত হইতেছে। শিংশপা, শ্রীপর্ণী, ও ক্ষীরীবৃক্ষ, ইহার কোন একটি বৃক্ষ দ্বারা গুরু স্রুক্ ও স্রুব প্রস্তুত করিবেন। উক্ত বৃক্ষসকলের অন্যতম বৃক্ষের একহস্ত অর্থাৎ একবাহু পরিমিত কাষ্ঠখণ্ড লইয়া তাহাকে ষট্‌ত্রিংশৎ ভাগে বিভক্ত করিয়া স্রুক্ প্রস্তুত করিবে। অগস্ত্য সংহিতায় লিখিত আছে যে, বাহুমাত্র প্রমাণে হোমার্থ স্রুক্ করিবে। পূর্ব্বোক্ত ষট্‌ত্রিংশৎ ভাগের বিংশতি অংশে দণ্ড, অষ্ট অংশে বেদী, একাংশে কণ্ঠ এবং সপ্তমাংশে স্রুকের মুখ হইবে।

মুখং কণ্ঠপ্রমাণং স্যাৎ মুখে মার্গং প্রকল্পয়েৎ। কনিষ্ঠাঙ্গুলিমানেন সর্পিষো নির্গমায় চ। বেদীমধ্যে বিধাতব্যা ভাগেনৈকেন কর্ণিকা। বিদধীত বহিস্তস্যা একাংশেনাভিতো বটং। তস্য ঘাতং ত্রিভির্ভাগৈর্ব্বৃত্তমর্দ্ধাংশতো বহিঃ। অংশেনৈকেন পরিতো দলানি পরিকল্পয়েৎ। মেখলামুখবেদ্যোঃ স্যাৎ পরিতোঽর্দ্ধাংশমানতঃ। দণ্ডমূলাগ্রয়োঃ কুম্ভৌ গুণবেদাঙ্গুলৈঃ ক্রমাৎ। গণ্ডীযুগ্মং সমাংশং স্যাৎ দণ্ডস্যানাহ-ঈরিতঃ। ষড়্ভিরংশৈঃ পৃষ্ঠভাগো বেদ্যাঃ কূর্ম্মাকৃতির্ভবেৎ। হংসস্য বা হস্তিনো বা পোত্রিণো বা মুখং লিখেৎ। মুখস্য পৃষ্ঠভাগে স্যাৎ সংপ্রোক্তং লক্ষণং স্রুচঃ। স্রুচশ্চতুর্ব্বিংশতিভির্ভাগৈরারচয়েৎ স্রুবং। দ্বাবিংশত্যা দণ্ডমানং অংশৈরেতস্য কীর্ত্তিতং। চতুর্ভিরংশৈরানাহঃ কর্ষাজ্যগ্রাহি তচ্ছিরঃ। অংশদ্বয়েন নিখনেৎ পঙ্কে মৃগপদাকৃতিঃ। দণ্ডমূলাগ্রয়োর্গণ্ডী ভবেৎ কঙ্কণভূষিতা। স্রুবস্য বিধিরাখ্যাতঃ সর্ব্বতন্ত্রসমন্বিতঃ। গণ্ডীকুম্ভঃ কঙ্কণঞ্চ। গণ্ডীকঙ্কণকুম্ভয়োরিতি ভাগুরিঃ। তয়োরভাবে তু বাশিষ্ঠে—পলাশপত্রে নিশ্ছিদ্রে রুচিরে স্রুক্স্রুবৌ ততঃ। বিদধ্যাৎ বাশ্বত্থপত্রে সংক্ষিপ্তে হোমকর্ম্মণি॥

অথ কুণ্ডানাং বিশেষফলানি। নিবন্ধে—সর্ব্বসিদ্ধিকরং পুংসাং চতুরস্রমুদাহৃতং। পুত্র-

---

বেদীর তিন অংশ পরিমাণে কণ্ঠের বিস্তার হইবে। কণ্ঠপরিমাণে মুখ এবং সেই মুখেতে মার্গ পরিকল্পনা করিবে। ঘৃত নির্গমনার্থ কনিষ্ঠাঙ্গুলি প্রমাণে মার্গ করিতে হইবে। বেদীর মধ্যে একভাগ পরিমাণে কর্ণিকা করিবে। কর্ণিকার বহির্ভাগে চতুর্দ্দিকে একাংশ পরিমাণ বট করিবে এবং বটের ত্রিভাগ পরিমাণে তাহার খাত করিয়া তাহার বহির্ভাগে অর্দ্ধাংশ পরিমাণে বৃত্ত করিবে। তাহার চতুর্দ্দিকে একাংশ পরিমাণে দল পরিকল্পনা করিবে। মুখ ও বেদীর চতুর্দ্দিকে অর্দ্ধাংশ মাত্র মেখলা করিতে হইবে। দলের তিন অঙ্গুল এবং দলাগ্রে চতুরঙ্গুল পরিমিত কুম্ভ করিবে। তৎপরে সমানাংশে গণ্ডী অর্থাৎ কঙ্কণ যুগ্ম করিবে। এইরূপ স্রুকের দণ্ডের বিস্তার কথিত হইল। ছয় অংশে বেদীর পৃষ্ঠ ভাগ করিবে, ঐ পৃষ্ঠ কূর্ম্মপৃষ্ঠের ন্যায় হইবে। মুখের পৃষ্ঠভাগে হংস, হস্তী অথবা শূকরের মুখ লিখিবে। এইরূপে স্রুকের লক্ষণ কথিত হইল। এইক্ষণ স্রুবের লক্ষণ কথিত হইতেছে। স্রুকের ষট্‌ত্রিংশৎ ভাগের চতুর্ব্বিংশতি ভাগে স্রুব করিতে হইবে। ঐ চতুর্ব্বিংশতি অংশের দ্বাবিংশতি অংশে স্রুবের দণ্ড এবং অবশিষ্ট দুই অংশে শিরঃ করিবে। ঐ শিরোভাগ এইরূপ করিয়া খনন করিতে হইবে, যেন তাহাতে অশীতি রক্তিপরিমিত আজ্য সংগৃহীত হইতে পারে এবং পঙ্কমধ্যে যেরূপ মৃগ পদের চিহ্ন পতিত হয়, ঐ শিরোভাগ সেইরূপ আকৃতিবিশিষ্ট হইবে। দণ্ডের মূলে ও অগ্রে কঙ্কণভূষিত গণ্ডী অর্থাৎ কুম্ভদ্বয় করিবে। এইরূপে সর্ব্বতন্ত্রসম্মত স্রুবের বিধি কথিত হইল। গণ্ডী শব্দ কুম্ভ এবং কঙ্কণ এই উভয় বোধক; ইহা ভাগুরি মুনি বলিয়াছেন। উক্তরূপ স্রুক্ ও স্রুবের অভাবে নিশ্ছিদ্র পলাশপত্র অথবা অশ্বত্থপত্রদ্বারা হোম কার্য্যের স্রুক্ ও স্রুব করিয়া লইবে॥

অনন্তর কুণ্ডসকলের বিশেষ বিশেষ ফল কথিত হইতেছে। চতুরস্রকুণ্ড হোমকারী পুরুষের সর্ব্বকার্য্যে সিদ্ধি প্রদান করে। যোনিকুণ্ড পুত্রপ্রদ, অর্দ্ধচন্দ্রকুণ্ড শুভবিধায়ক এবং ত্র্যস্রকুণ্ড শত্রুবিনাশ করে। শান্তিকার্য্যে

প্রদং যোনিকুণ্ডমর্দ্ধেন্দ্বাভং শুভপ্রদং। শত্রুক্ষয়করং ত্র্যস্রং বর্ত্তুলং শান্তিকর্ম্মণি। ছেদ-মারণয়োঃ কুণ্ডং ষড়স্রং পদ্মসন্নিভং। বৃষ্টিদং রোগশমনং কুণ্ডমষ্টাস্রমীরিতং॥

অথ হোমার্থং কুণ্ডনির্ণয়ঃ। তদুক্তং সিদ্ধসারস্বতে—শান্তৌ পুষ্টৌ তথারোগ্যে কুণ্ডঞ্চ চতুরস্রকং। আকর্ষণে ত্রিকোণং স্যাদুচ্চাটে বর্ত্তুলং তথা। মারণে চ তথা যোজ্যং বর্ত্তুলং মন্ত্রিভিঃ সদা। তন্ত্রান্তরে—উদীচ্যাং পৌষ্টিকে কুণ্ডং বারুণে শান্তিকাদিষু। উচ্চাটে চানিলে কুণ্ডং যাম্যে চ মারণং ভবেৎ। তথা—বিপ্রাণাং চতুরস্রং স্যাদ্রাজ্ঞাং বর্ত্তুলমিষ্যতে। বৈশ্যানামর্দ্ধচন্দ্রাভং শূদ্রাণাং ত্র্যস্রমীরিতং। চতুরস্রন্তু সর্ব্বেষাং কেচিদিচ্ছন্তি তান্ত্রিকাঃ। চতুরস্রে মহেশানি সর্ব্বকর্ম্মাণি সাধয়েৎ। তথা—সর্ব্বাধিকারিকং কুণ্ডং সর্ব্বদং চতুরস্রকং॥

গৃহাদিকরণে হস্তনিয়মো যথা গৌতমীয়ে—রথাদিদোলিকা চৈব পোতং শকটমেব চ। মানাঙ্গুলেন কর্ত্তব্যং নান্যেনাপি কদাচন। মুষ্ট্যরত্নিপ্রমাণানি যৎ কিঞ্চিৎ কথিতানি চ। যজমানস্য কর্ত্তব্যং নান্যস্যাপি কদাচন। তথা—মানক্রিয়ায়া মুক্তায়া মনুক্তে মানকর্ম্মণি (মানকর্ত্তরি)। মানকৃদ্‌যজমানঃ স্যাদ্বিদুষামেষ নির্ণয়ঃ। চতুর্ব্বিংশত্যঙ্গুলাঢ্যং হস্তং তন্ত্রবিদো বিদুঃ। কর্ত্তুর্দ্দক্ষিণহস্তস্য মধ্যমাঙ্গুলিপর্ব্বণঃ। মধ্যস্য দৈর্ঘ্যমানেন মানাঙ্গুলমুদাহৃতং॥ তন্ত্রান্তরে—কর্ম্মকর্ত্তুর্নিজাঙ্গুষ্ঠ-তির্য্যঙ্‌মানেন মধ্যমং। প্রমাণাঙ্গুষ্ঠমেতত্তু সর্ব্বকর্ম্মণি চাপরে।

বর্ত্তুল কুণ্ড, ছেদনকার্য্যে ষড়স্রকুণ্ড এবং মারণকার্য্যে পদ্মকুণ্ড প্রশস্ত। অষ্টাস্রকুণ্ড বৃষ্টিপ্রদ ও রোগোপশমন কারক॥

অনন্তর হোমার্থ কুণ্ডনির্ণয় কথিত হইতেছে। সিদ্ধসারস্বতে লিখিত আছে যে, শান্তিকার্য্য, পুষ্টিকর্ম্ম ও আরোগ্যসাধনকার্য্যে চতুরস্রকুণ্ড, আকর্ষণে ত্রিকোণকুণ্ড, উচ্চাটনে বর্ত্তুলকুণ্ড প্রশস্ত এবং তন্ত্রবিৎ পণ্ডিতগণ মারণকার্য্যেও বর্ত্তুল কুণ্ডের প্রশস্ততা বলিয়া থাকেন। তন্ত্রান্তরে লিখিত আছে যে, পুষ্টিকর্ম্মে উত্তরদিকে, শান্তিকর্ম্মে পশ্চিমে, উচ্চাটনে বায়ুকোণে, মারণকার্য্যে দক্ষিণদিকে কুণ্ডখনন করিবে। অন্যান্যতন্ত্রের প্রমাণে জানা যায় যে, ব্রাহ্মণের চতুরস্র, ক্ষত্রিয়ের বর্ত্তুল, বৈশ্যের অর্দ্ধচন্দ্রাকৃতি এবং শূদ্রের ত্রিকোণকুণ্ড প্রশস্ত। কোন কোন তান্ত্রিকের মতে চতুরস্র কুণ্ড সর্ব্ববর্ণের পক্ষে বিধেয়। তাঁহারা এই প্রমাণ প্রদর্শন করেন যে, মহাদেব পার্ব্বতীকে বলিয়াছেন, হে মহেশ্বরি! চতুরস্রকুণ্ডে সর্ব্বকর্ম্ম সাধন করিতে পারে। অন্যান্য তন্ত্রে লিখিত আছে যে, চতুরস্রকুণ্ড সর্ব্বকার্য্যের অধিকারী ও সর্ব্বফলপ্রদ॥

এইরূপ গৃহাদিকরণে হস্তনিয়ম কথিত হইতেছে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, রথ, দোলিকা, পোত, শকট, এই সকল অঙ্গুল্যাদি পরিমাণে পরিমিত করিয়া প্রস্তুত করিবে, কদাচ অন্য কোন পরিমাণ স্বীকার করিবে না। তন্ত্রে লিখিত আছে যে, পরিমাণক্রিয়া উক্ত কিম্বা অনুক্ত থাকুক, সর্ব্বত্রই যজমান পরিমাণ-কারী কার্য্য করিবে, ইহাই তান্ত্রিক পণ্ডিতবর্গের ব্যবস্থা। কর্ত্তার দক্ষিণ হস্তের মধ্যমাঙ্গুলির চতুর্ব্বিংশতি পর্ব্বের পরিমাণকে তন্ত্রবিৎ পণ্ডিতগণ একহস্ত পরিমাণ বলিয়া থাকেন। সর্ব্বশাস্ত্রেই এইরূপ হস্তপরিমাণ পরিকল্পিত হইয়াছে

যজমানাসন্নিধানে পুনঃ। যবানাং তণ্ডুলৈরেকমঙ্গুলং চাষ্টভির্ভবেৎ। অদীর্ঘযোজিতৈর্হস্তং চতুর্ব্বিংশভিরঙ্গুলৈঃ। বয়সোঽনুক্রমে পুনঃ—অষ্টভিস্তৈর্ভবেৎ জ্যেষ্ঠং মধ্যমং সপ্তভির্যবৈঃ। কনসং ষড়্ভিরুদ্দিষ্টমঙ্গুলং মুনিসত্তমৈঃ। সহস্রে খলু হোতব্যে কুর্য্যাৎ কুণ্ডং করাত্মকং। দ্বিহস্তমযুতে তচ্চ লক্ষহোমে চতুষ্করং। ষট্করে বেদলক্ষঞ্চাষ্টকরে দশলক্ষকং। দশহস্তন্তু কোট্যাং বৈ হস্তসংখ্যা ব্যবস্থিতা। দশহস্তাৎ পরং কুণ্ডং নাস্তি হোমে মহীতলে। শারদায়াং—কোট্যামষ্টকরং স্মৃতমিতি। দ্রব্যস্য গুরুত্বাঽগুরুত্বেন বোদ্ধব্যং। তথাচ—একহস্তমিতং কুণ্ডমেকলক্ষে বিধীয়তে। অত্রাজ্যহোমে মধু-ঘৃত-দূর্ব্বা-করবীরাদিহোমে চ বোদ্ধব্যং। তথা—মুষ্টিমাত্রমিতং কুণ্ডং শতার্দ্ধে চ প্রচক্ষ্যতে। শতহোমেঽরত্নিমাত্রং হস্তমাত্রং সহস্রকে। দ্বিহস্তমযুতে লক্ষে চতুর্হস্ত মুদাহৃতং। দশলক্ষে তু ষড়্‌হস্তং কোট্যামষ্টকরং স্মৃতং। একহস্তমিতে কুণ্ডে লক্ষমেকং বিধীয়তে। লক্ষাণাং দশকং যাবৎ তাবদ্ধস্তেন বর্দ্ধয়েৎ। দ্বিহস্তাদিকুণ্ডমানং তু গৌতমীয়ে—পূর্ব্বপূর্ব্বস্য কুণ্ডস্য কোণসূত্রন্তু যদ্ভবেৎ। উত্তরোত্তরকুণ্ডানাং মানং তৎ পরিকীর্ত্তিতং। কর্ণসূত্রপ্রমাণেন দ্বিহস্তং কুণ্ডমাহরেৎ। সর্ব্বকুণ্ডেষু সর্ব্বত্র বর্দ্ধয়েদ্বিধিনামুনা। কুণ্ডপ্রকরণে বিশেষমাহ গৌতমীয়ে—

এবং সর্ব্বকার্য্যে উক্তরূপে হস্তপরিমাণ গ্রহণ করিয়া কার্য্য করিবে। যে সময়ে যজমান উপস্থিত না থাকে, তখন অষ্ট যবতণ্ডুলে এক অঙ্গুল কল্পনা করিয়া ঐরূপ চতুর্ব্বিংশতি অঙ্গুলে এক হস্ত ধরিয়া কার্য্য করিবে। কিন্তু ঐ যবতণ্ডুল দীর্ঘভাবে যোজনা করিবে না, তাহার প্রস্থভাগ গ্রহণ করিতে হইবে। যজমানের বয়সের অনুমানানুসারে অঙ্গুলির পরিমাণও ত্রিবিধ কল্পিত হইয়া থাকে। অষ্টযবে এক জ্যেষ্ঠ অঙ্গুল, সপ্ত যবে মধ্যম এবং ছয় যবে কনিষ্ঠ অঙ্গুলি হইয়া থাকে। এইরূপে তন্ত্রবিদ্ মুনিগণ অঙ্গুলিপরিমাণ কল্পনা করিয়াছেন। যে স্থানে সহস্রসংখ্যক হোম করিতে হইবে, সেই স্থলে একহস্তপরিমিত কুণ্ড করিবে। এইরূপে দশসহস্র হোমে দুই হস্ত, লক্ষহোমে চারি হস্ত, চারি লক্ষে ছয় হস্ত, দশলক্ষে আট হস্ত এবং কোটিহোমে দশহস্তপরিমিত কুণ্ড করিবে। কদাচ দশহস্তের অধিকপরিমাণে কুণ্ড করিবে না। সারদাতন্ত্রে লিখিত আছে যে—কোটিহোমে অষ্টহস্তপরিমিত কুণ্ড করিবে এবং হোমীয়দ্রব্যের গুরুত্বাগুরুত্বানুসারে কুণ্ডের তারতম্য হইয়া থাকে। অন্যান্য তন্ত্রের প্রমাণে জানা যায় যে, লক্ষহোমস্থলে একহস্তপরিমিত কুণ্ড করিবে। এই ব্যবস্থা কেবল আজ্যদ্বারা হোমস্থলে এবং যে স্থলে কেবল ঘৃত, মধু, দূর্ব্বা ও করবীরাদিদ্বারা হোম উক্ত আছে, সেই স্থলে বুঝিতে হইবে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, শতার্দ্ধহোমে মুষ্টিমাত্রপরিমিত কুণ্ড করিবে, শতহোমে অরত্নিপরিমিত, সহস্রহোমে এক হস্ত, দশসহস্রে দ্বিহস্ত, লক্ষহোমে চতুর্হস্ত, দশলক্ষে ছয় হস্ত এবং কোটিহোমে অষ্টহস্তপরিমিত কুণ্ড করিয়া হোম করিতে হইবে। তন্ত্রান্তরপ্রমাণে জানা যায় যে, একহস্তপরিমিত কুণ্ডে একলক্ষ হোম করিতে পারে। একলক্ষের পর দশলক্ষ পর্য্যন্ত প্রতি লক্ষে এক এক হস্ত করিয়া কুণ্ডপ্রমাণ বর্দ্ধিত করিবে। দ্বিহস্তাদি কুণ্ডের পরিমাণবিষয়ে গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, পূর্ব্ব পূর্ব্ব কুণ্ডের কর্ণপরিমাণ যত হইবে, সেই পরিমাণে উত্তরোত্তর কুণ্ড করিবে। এইরূপে কর্ণসূত্রপ্রমাণে সকল কুণ্ডের

ততঃ কুণ্ডং খনেন্মন্ত্রী যথাশাস্ত্রবিধানতঃ। ত্যক্ত্বা সর্পস্য গাত্রঞ্চ শিরোদেশং প্রযত্নতঃ। শিরোঘাতে ভবেন্মৃত্যুঃ পিণ্ডেষু পিণ্ডঘাতনং। পুচ্ছে তু দুঃখসংভূতিঃ ক্রোড়ে সর্ব্বার্থ-সাধনং॥

নাগশির-আদি-নির্ণয়ো যথা—বাস্তুপ্রমাণেন তু গাত্রকেন বামেন শেতে খলু নিত্য-কালং। ত্রিভিস্ত্র মাসৈঃ পরিবৃত্য ভূমৌ তং বাস্তুনাগং প্রবদন্তি সিদ্ধাঃ। ভাদ্রাদিকে বাসবদিক্‌শিরাঃ স্যাৎ মার্গাদিকেষু ত্রিষু যাম্যমূর্দ্ধা। প্রত্যক্‌শিরাঃ স্যাৎ খলু ফাল্গুনাদৌ জ্যৈষ্ঠাদি কৌবেরশিরাঃ স নাগঃ। যাবান্‌কুণ্ডস্য বিস্তারঃ খননং তাবদিষ্যতে। খাতাধিকে ভবেদ্রোগী হীনে বন্ধুধনক্ষয়ঃ। বক্রকুণ্ডে তু সন্তাপো মরণং ছিন্নমেখলে। মেখলা-রহিতে শোকো হ্যধিকে বিত্তসংক্ষয়ঃ। ভার্য্যাবিনাশকং প্রোক্তং কুণ্ডং যোন্যা বিনাকৃতং। অপত্যধ্বংসনং প্রোক্তং কুণ্ডং কণ্ঠবিবর্জ্জিতং। সাত্ত্বিকী মেখলা পূর্ব্বা দ্বিতীয়া রাজসী স্মৃতা। তৃতীয়া তামসী প্রোক্তা মেখলানাং বিনির্ণয়ঃ। কুণ্ডানাং মেখলাস্ত্রিস্রো মুষ্টি-মাত্রে তু তাঃ ক্রমাৎ। উৎসেধাযামতো জ্ঞেয়া দ্বেকার্দ্ধাঙ্গুলিসম্মিতা। অরত্নিমাত্রকুণ্ডে তু তাস্ত্রিদ্বেকাঙ্গুলাত্মিকাঃ। হস্তমাত্রমিতে কুণ্ডে বেদাগ্নিনয়নাঙ্গুলাঃ। কুণ্ডে দ্বিহস্তে তা

প্রমাণ বর্দ্ধিত করিতে হইবে। গৌতমীয়তন্ত্রে কুণ্ডপ্রকরণে বিশেষ লিখিত আছে যে, শাস্ত্রোক্তবিধানক্রমে কুণ্ড খনন করিবে। নাগের শিরোদেশ পরিত্যাগ করিয়া কুণ্ড খনন করা বিধেয়। নাগের শিরোদেশে কুণ্ড খনন করিয়া হোম করিলে সাধকের মৃত্যু হয় এবং পুচ্ছস্থানে কুণ্ড করিলে হোমকর্তার দুঃখ হইয়া থাকে।

নাগের শিরঃপ্রভৃতি নির্ণয় কথিত হইতেছে। নাগ বাস্তুপ্রমাণে সর্ব্বদা বামপার্শ্বে শয়ন করিয়া আছে। তিন তিন মাসে শিরঃ পরিবর্ত্তন করে। ভাদ্র, আশ্বিন ও কার্ত্তিক এই তিন মাসে নাগ পূর্ব্বশিরে শয়ান থাকে। অগ্র-হায়ণ, পৌষ ও মাঘ এই তিন মাসে দক্ষিণশিরে, ফাল্গুন, চৈত্র ও বৈশাখ এই তিন মাসে পশ্চিমশিরে এবং জ্যৈষ্ঠ, আষাঢ় ও শ্রাবণ এই তিন মাসে নাগ উত্তরশিরে শয়ন করিয়া থাকে। এইরূপ গণনাদ্বারা নাগশিরঃ বিবেচনা করিয়া কুণ্ডখনন করিবে। কুণ্ডের বিস্তারপরিমাণ যত, খননপরিমাণও তত হইবে, ইহার ন্যূনাধিক্য করিবে না। বিস্তারপরিমাণ হইতে খাতপরিমাণ অধিক হইলে হোমকর্তার রোগ হইয়া থাকে এবং বিস্তারের ন্যূনপরিমাণে খনন করিয়া হোম করিলে বন্ধু ও ধন বিনাশ হয়। কুণ্ড বক্র হইলে সাধকের সন্তাপ, মেখলা ছিন্ন হইলে মৃত্যু, মেখলাশূন্য কুণ্ডে হোম করিলে শোক, মেখলা অধিক হইলে বিত্তক্ষয় হইয়া থাকে। যে কুণ্ড যোনিবিহীন, তাহাতে হোম করিলে ভার্য্যাবিনাশ হয়। কণ্ঠবিহীন কুণ্ডে হোম করিলে সন্তান বিনাশ পায়। মেখলা তিনপ্রকার—প্রথম সাত্ত্বিকী, দ্বিতীয় রাজসী এবং তৃতীয় তামসী। এইপ্রকারে কুণ্ডের ত্রিবিধ মেখলা নির্ণয় করিয়া হোম করিতে হইবে। ঐ সকল মেখলার উচ্চতার তারতম্যে সাত্ত্বিক্যাদি নির্ণয় করিবে। মুষ্টিমাত্রপরিমিত কুণ্ডে সাত্ত্বিকী মেখলা দুই অঙ্গুলি, রাজসীমেখলা একাঙ্গুলি এবং তামসী মেখলা অর্দ্ধাঙ্গুলিপরিমিত উচ্চ হইবে। অরত্নিপরিমিত কুণ্ডের সাত্ত্বিকীমেখলা তিন অঙ্গুলি, রাজসী মেখলা দুই অঙ্গুলি এবং তামসী মেখলা একাঙ্গুলপরিমাণে উচ্চ করিবে। এক-

জ্ঞেয়া রসবেদগুণাঙ্গুলাঃ। চতুর্হস্তে তু তা জ্ঞেয়া বসুতর্কযুগাঙ্গুলাঃ। কুণ্ডে রসকরে তাস্ত পংক্ত্যষ্টর্ত্ত্বঙ্গুলাঃ ক্রমাৎ। বসুহস্তমিতে কুণ্ডে ভানুপংক্ত্যষ্টকাঙ্গুলাঃ। দশহস্তমিতে কুণ্ডে মনুভানুদশাঙ্গুলাঃ। বিস্তারোৎসেধতো জ্ঞেয়া মেখলাঃ সর্ব্বতো বুধৈঃ। হোতুরগ্রে যোনিরাসান্নুপর্য্যশ্বত্থপত্রবৎ। মেখলানাং তথেদন্তঃ পরিতো নেমিরঙ্গুলা। একহস্তস্য কুণ্ডস্য বর্দ্ধয়েৎ তাঃ ক্রমাৎ সুধীঃ। দশহস্তান্তমন্যেষামর্দ্ধাঙ্গুলবশাৎ পৃথক্। একহস্তস্য একহস্তান্তস্য। নাভিযোন্যোরেকমানস্য দৃষ্টত্বাৎ। গৌতমীয়ে—প্রথমে মেখলে যোনিং কুণ্ডোষ্ঠীং হোতুরগ্রতঃ। কুর্য্যাৎ গজোষ্ঠবত্তাস্ত কুণ্ডবিৎ সর্ব্বলক্ষণাং। মুষ্ট্যরত্ন্যেকহস্তানাং কুণ্ডানাং যোনিরীরিতা। ষট্‌চতুর্দ্ব্যঙ্গুলায়ামবিস্তারোন্নতিশালিনী। একাঙ্গুলস্ত যোন্যগ্রং কুর্য্যাদীষদধোমুখং। একৈকাঙ্গুলতো যোনিং কুণ্ডেষন্যেষু বর্দ্ধয়েৎ। যবদ্বয়প্রমাণেন যোন্যগ্রমপি বর্দ্ধয়েৎ। গণেশবিমর্ষিণ্যাং—মেখলানাং বহিঃস্থানং স্থলমিত্যভিধীয়তে। চতুরস্রস্থলারব্ধং নালং মধ্যে সরন্ধ্রকং। স্থূলমূলস্ত সূক্ষ্মাগ্রং তন্নালং স্যান্মনোহরং। বাহ্যস্থমেখলাবাহ্যস্থলাদারভ্য কারয়েৎ। তথা—স্থলাদারভ্য নালং স্যাৎ যোন্যা মধ্যে সরন্ধ্রকং। সরন্ধ্রকমিত্যুভয়ত্র সম্বধ্যতে। তদুক্তং গৌতমীয়ে—স্থলাদারভ্য নালং স্যাৎ সরন্ধ্রং যোনি-

---

হস্তপরিমিত কুণ্ডের সাত্ত্বিকীমেখলা চারি অঙ্গুল, রাজসীমেখলা তিন অঙ্গুল এবং তামসীমেখলা দুই অঙ্গুলপরিমাণে উচ্চ হইবে। দ্বিহস্তপরিমিত কুণ্ডের সাত্ত্বিকীমেখলা ছয় অঙ্গুল, রাজসীমেখলা চারি অঙ্গুল এবং তামসীমেখলা তিন অঙ্গুল; চারিহস্তপরিমিত কুণ্ডের সাত্ত্বিকীমেখলা অষ্ট অঙ্গুল, রাজসীমেখলা ছয় অঙ্গুল এবং তামসীমেখলা চারি অঙ্গুল উচ্চ হইবে। এইরূপ ছয়হস্তপরিমিত কুণ্ডের দশ অঙ্গুল, অষ্ট অঙ্গুল এবং ছয় অঙ্গুল। অষ্টহস্তপরিমিত কুণ্ডের দ্বাদশ অঙ্গুল, দশ অঙ্গুল ও অষ্ট অঙ্গুল এবং দশহস্তপরিমিত কুণ্ডের চতুর্দ্দশাঙ্গুল, দ্বাদশাঙ্গুল ও দশাঙ্গুল পরিমাণে সাত্ত্বিকাদি মেখলার উচ্চতা হইবে। মেখলার বিস্তার ও উৎসেধদ্বারা সাত্ত্বিক্যাদি পরিজ্ঞাত হইবে। হোতার সম্মুখে মেখলাদ্বয়ের উপরিভাগে অশ্বত্থপত্রাকৃতি যোনি হইবে। মেখলার মধ্যে অঙ্গুলপরিমিত নেমি করিবে। মুষ্টিপরিমিত অরত্নিমাত্র ও একহস্তপরিমিত কুণ্ডের মেখলা ক্রমশঃ বর্দ্ধিত করিবে। তৎপর দশহস্তান্ত অন্যান্য কুণ্ডের মেখলা অর্দ্ধাঙ্গুলিপরিমাণে বর্দ্ধিত করিতে হইবে। তাহা না হইলে নাভি ও যোনির এক পরিমাণ সম্ভব হয় না, কিন্তু উক্ত উভয়ের এক পরিমাণ হওয়া আবশ্যক। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে, প্রথমে দুইটি মেখলা করিয়া পরে হোতার সম্মুখে কুণ্ডের ওষ্ঠস্বরূপ গজোষ্ঠের ন্যায় সুলক্ষণান্বিত যোনি করিবে। মুষ্টিপরিমিত অরত্নিমাত্র ও হস্তপ্রমাণ কুণ্ডের যোনি ক্রমশঃ ষড়ঙ্গুল, চতুরঙ্গুল ও দ্ব্যঙ্গুল পরিমাণে বিস্তার ও উন্নতশালিনী হইবে। যোনির অগ্রভাগ একাঙ্গুল করিবে এবং উহা অধোদিকে কিঞ্চিৎ বক্রভাবে থাকিবে। অন্যান্য কুণ্ডের যোনি একাঙ্গুল এবং যোনির অগ্র যবদ্বয়প্রমাণ বর্দ্ধিত করিবে। গণেশবিমর্ষিণীগ্রন্থে লিখিত আছে যে, মেখলার বহিঃস্থানকে স্থল বলে। চতুরস্রের বহিঃস্থান হইতে আরম্ভ করিয়া মধ্যভাগে রন্ধ্র নাল করিবে। ঐ নালের মূলদেশ স্থূল ও অগ্রভাগ সূক্ষ্ম হইবে। উহা বাহ্যস্থ মেখলার বাহ্যস্থান হইতে প্রবৃত্ত হইবে। অন্যান্য তন্ত্রে লিখিত আছে যে, মেখলার বহিঃস্থ স্থান হইতে আরম্ভ করিয়া যোনিমধ্যে রন্ধ্রযুক্ত নাল করিবে। গৌতমীয়তন্ত্রে লিখিত

মধ্যতঃ। সূক্ষ্মাগ্রং স্থূলমূলঞ্চ সরন্ধ্রং নালমিষ্যতে। যোনিমধ্যে বিলং কুর্য্যাত্তদাজ্যগ্রাহিসংজ্ঞকং। মধ্যতো মধ্যপর্য্যন্তমিত্যর্থঃ। তথা বাশিষ্ঠে—পৃষ্ঠোন্নতা গজোষ্ঠীব সচ্ছিদ্রা মধ্যমুন্নতা। সরন্ধ্রমিতি মধ্যমেখলায়ামিত্যর্থঃ। তথাচ—নালমেখলয়োর্ম্মধ্যে পরিধেঃ স্থাপনায় চ। রন্ধ্রং কুর্য্যাত্তথা বিদ্বান্ দ্বিতীয়মেখলোপরি। পরিধিস্তু—বাহুমাত্রা পরিধয়ঋজবঃ সত্বতোঽব্রণাঃ। ত্রয়ো ভবন্ত্যশীর্ণাগ্রা একেষাস্তু চতুর্দ্দিশং। মুষ্ট্যরত্নৈকহস্তানাং নাভিরুৎসেধতারতঃ। নেত্রবেদাঙ্গুলোপেতা কুণ্ডেম্বন্যেষু বর্দ্ধয়েৎ। যবদ্বয়ক্রমেণৈব নাভিং পৃথগুদারধীঃ। যোনিকুণ্ডে যোনিমজকুণ্ডে নাভিঞ্চ বর্জ্জয়েৎ। নাভিক্ষেত্রং ত্রিধা ভিত্ত্বা মধ্যে কুর্ব্বীত কর্ণিকাং। বহিরংশদ্বয়েনাষ্টৌ পত্রাণি পরিকল্পয়েৎ। নবকুণ্ডপক্ষে যোনিনিয়মমাহ। সিদ্ধান্তশেখরে—ইন্দ্রাগ্নিযমদিককুণ্ডে যোনিঃ সৌম্যমুখী স্থিতা। যোনিঃ পূর্ব্বমুখান্যেষু পূর্ব্বেশানোত্তরা মতা (পূর্ব্বেণান্যতরা মতা)। হস্তমাত্রং স্থণ্ডিলং বা সংক্ষিপ্তে হোমকর্ম্মণি। অঙ্গুলোৎসেধসংযুক্তং চতুরস্রং সমন্ততঃ। আদায় দক্ষিণে পাণৌ স্রুবং ত্রিমধুরং হবিঃ। প্রাঙ্মুখো বহ্নিজায়ান্তে জুহুয়াম্মৃগজপাণিনা। নমোন্তে ন নমো দদ্যাৎ স্বাহান্তে দ্বিঠমেব চ। পূজায়াং মাহুতৌ চৈব সর্ব্বাত্রায়ং বিধিঃ স্মৃতঃ। নমোঽস্ত ইতি পৌরাণিকমন্ত্রপরং। তথাচ ব্রহ্মপুরাণং—ওঙ্কারাদিসমাযুক্তং নমস্কারান্ত কীর্ত্তিতং। স্বনাম

আছে যে, ঐ স্থল হইতে আরম্ভ করিয়া যোনিমধ্যে সরন্ধ্র নাল করিতে হইবে। ঐ নালের অগ্রভাগ সূক্ষ্ম এবং মূলদেশ স্থূল হইবে। যোনির মধ্যদেশপর্য্যন্ত আজ্যগ্রহণার্থ গর্ত্ত খনন করিবে। বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, মধ্যমেখলায় যোনির পৃষ্ঠদেশ উন্নত, গজোষ্ঠের ন্যায় সচ্ছিদ্র এবং মধ্যোন্নতা হইবে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, নাল ও মেখলার মধ্যে পরিধিস্থাপনার্থ দ্বিতীয় মেখলার উপরিভাগে রন্ধ্র করিবে। ঐ পরিধি বাহুমাত্র পরিমাণবিশিষ্ট, সরল ও ব্রণ শূন্য করিতে হইবে। নাল, মেখলা ও পরিধি এই তিনটীর অগ্রভাগ যেন শীর্ণ না হয়। প্রত্যেক কুণ্ডের চতুর্দ্দিকে মুষ্টি, অরত্নি অথবা হস্তপ্রমাণ নাভি করিবে। ঐ নাভি উন্নত ও বিস্তারশালী হওয়া বিধেয়। অন্যান্য কুণ্ডেতে তিন অঙ্গুল অথবা চারি অঙ্গুল পরিমাণ নাভি বর্দ্ধিত করিবে। পণ্ডিতগণ যবদ্বয় প্রমাণে নাভির উন্নতি করিবেন। যোনিকুণ্ডেতে যোনি এবং পদ্মকুণ্ডেতে নাভি করিবে না। নাভিক্ষেত্রকে তিনভাগে বিভক্ত করিয়া মধ্যভাগে কর্ণিকা এবং বহির্গত অংশদ্বয়ে অষ্টপত্র করিতে হইবে। সিদ্ধান্তশেখরে যে নবকুণ্ডের যোনি নিয়ম উক্ত আছে, তাহা এই স্থলে কথিত হইতেছে—পূর্ব্ব, অগ্নি ও দক্ষিণদিগবর্ত্তী কুণ্ডে উত্তরাভিমুখী যোনি করিবে এবং অন্যান্য কুণ্ডেতে পূর্ব্বাভিমুখী করিতে হইবে। সংক্ষিপ্ত হোমকার্য্যে একহস্ত পরিমিত স্থণ্ডিল করিয়া হোম করিতে পারে। উক্ত স্থণ্ডিলের বিশেষ নিয়ম এই—এক অঙ্গুল উৎসেধবিশিষ্ট চতুরস্র করিয়া দক্ষিণহস্তে স্রুবগ্রহণপূর্ব্বক পূর্ব্বাভিমুখী হইয়া ত্রিমধুযুক্ত হবিঃদ্বারা স্বাহান্তমন্ত্রে হোম করিবে। হোমকালে মৃগজহস্তে আহুতি দিতে হইবে। পূজা ও হোমকালে নমোঽন্তমন্ত্রের অন্তে নমঃ শব্দ এবং স্বাহান্তমন্ত্রের অন্তে স্বাহাপদ প্রয়োগ করিবে না। সর্ব্বত্র এই বিধি আদরণীয় জানিবে। "নমোঽন্তমন্ত্রের অন্তে নমঃ শব্দ প্রয়োগ করিবে না" এই বিধি

সর্ব্বসত্বানাং মন্ত্র ইত্যভিধীয়তে। যথা ইদং পাদ্যং ওঁ আদিত্যায় নমঃ। ইদমর্ঘ্যং ওঁ আদিত্যায় নমঃ ইত্যাদি। দ্রব্যাদীনি সমুল্লিখ্য পশ্চাদুল্লেখয়েৎ সুরানিত্যাদি বচনাৎ। ন তু আদিত্যায় নমঃ এতৎ পাদ্যং সূর্য্যায় নমঃ ইত্যাদি। তান্ত্রিকেনায়ং নিয়মঃ অর্ঘ্যাদৌ বৈষম্যং স্যাৎ। মন্ত্রেণোঙ্কারপূতেন স্বাহান্তেন বিচক্ষণঃ। স্বাহাবসানে জুহুয়াৎ ধ্যায়ন্ বৈ মন্ত্রদেবতাং। ওঙ্কারপূতেনেত্যাদি। ইদমপি বৈদিকমন্ত্রপরং। অন্যথা মন্ত্রান্তরপ্রসঙ্গঃ। তেন স্বাহান্তমন্ত্রে স্বাহান্তরং ন বক্তব্যং। স্রুবস্য পঞ্চাঙ্গুলং ত্যক্ত্বা শঙ্খমুদ্রয়া ধারণং। তদাহ—পঞ্চাঙ্গুলং বহিস্ত্যক্ত্বা ধারয়েৎ শঙ্খমুদ্রয়েতি। যত্র হোমসংখ্যা নোক্তা তত্র চ। সংখ্যা নোক্তা শতং সাষ্টং সহস্রং বা জপাদিষু॥

অথ নিত্যহোমঃ। তদুক্তং সোমভুজগাবল্যাং—নাজপ্তঃ সিধ্যতে মন্ত্রো নাহুতশ্চ ফলপ্রদঃ। নাদিষ্টো যচ্ছতে কামান্ তস্মাত্রিতয়মর্চ্চয়েৎ। পূজয়া লভতে পূজাং জপাৎ সিদ্ধির্ন সংশয়ঃ। বিভূতিঞ্চাগ্নিকার্য্যেণ সর্ব্বসিদ্ধিঞ্চ বিন্দতি। নীলতন্ত্রেপি—নিত্যহোমং প্রবক্ষ্যামি

পৌরাণিক মন্ত্রে বুঝিতে হইবে, অর্থাৎ পৌরাণিক নমঃশব্দান্ত মন্ত্রের পরে নমঃ শব্দ দিবে না ইহাই ব্যবস্থা। ব্রহ্মপুরাণে লিখিত আছে যে, দেবতার নামের আদিতে ওঙ্কার এবং অন্তে নমঃ শব্দ যোগ করিলে সেই দেবতার মন্ত্র হয়। যখন যে দ্রব্য নিবেদন করিবে, তখন অগ্রে সেই দ্রব্যের নাম এবং পরে ওঙ্কারপূর্ব্বক নমঃ শব্দান্ত নাম উল্লেখ করিয়া দেবতাকে নিবেদন করিবে। যথা এতৎ পাদ্যং ওঁ আদিত্যায় নমঃ এবং ইদমর্ঘ্যং ওঁ আদিত্যায় নমঃ ইত্যাদিরূপে পূজা করিবে কিন্তু ওঁ আদিত্যায় নমঃ এতৎ পাদ্যং ইত্যাদিরূপে মন্ত্রের পরে দ্রব্যের উল্লেখ করিবে না। তান্ত্রিক পূজাতে উক্ত নিয়ম আদরণীয় নহে। তাহাহইলে অর্ঘ্যাদি প্রদানকালে বৈষম্য ঘটে। বিচক্ষণ ব্যক্তি ওঙ্কারপূর্ব্ব স্বাহান্তমন্ত্রে হোম করিবে। স্বাহাপদ প্রয়োগের পর মন্ত্র ও দেবতাকে ধ্যান করিয়া হোম করিতে হইবে। কিন্তু কেবল বৈদিকমন্ত্রেরই আদিতে ওঙ্কার যোগ করিতে হইবে, তান্ত্রিকমন্ত্রের আদিতে ওঙ্কার যোগকরিবে না। তান্ত্রিক মন্ত্রের আদিতে ওঙ্কার যোগ করিলে মন্ত্রান্তরাপত্তি হয়। তান্ত্রিকমন্ত্রে বর্ণসংখ্যা নির্দ্দিষ্ট আছে, তাহাতে ওঙ্কার যোগ করিলে বর্ণসংখ্যা অধিক হয়। অতএব স্বাহান্তমন্ত্রের পরে অন্য স্বাহাপদ প্রয়োগ করিবে না। স্রুবের মূলে পঞ্চাঙ্গুল পরিত্যাগ করিয়া শঙ্খমুদ্রায় স্রুবগ্রহণপূর্ব্বক হোম করিতে হয়। যে স্থলে জপ ও হোমের সংখ্যা উক্ত নাই, সেই স্থলে অষ্টোত্তর শত অথবা অষ্টোত্তর সহস্র সংখ্যায় জপ ও হোম করিবে।

অনন্তর নিত্য হোমবিধি কথিত হইতেছে, সোমভুজগাবলীগ্রন্থে লিখিত আছে যে, মন্ত্র জপ না করিলে সেই মন্ত্রসিদ্ধ হয় না, হোম না করিলে সেই মন্ত্র কোন ফলপ্রদান করে না এবং অনাদিষ্ট মন্ত্রজপ করিলে কোন অভিলাষ পূর্ণ হয় না। অতএব সর্ব্বপ্রযত্নে জপ, হোম ও মন্ত্রগ্রহণ এই তিন কার্য্য করিবে। দেবতার পূজা করিলে সর্ব্বত্র সম্মান লাভ হয়, মন্ত্র জপ করিলে সাধক সিদ্ধ হইতে পারে এবং হোম করিলে সর্ব্বপ্রকার সম্পত্তি লাভ ও সর্ব্বকার্য্য সিদ্ধি হইয়া থাকে। নীলতন্ত্রে লিখিত আছে যে, নিত্য হোম বলিব, যে ব্যক্তি প্রতিদিন হোম করে, তাহার সর্ব্বসিদ্ধি লাভ হয়।

সর্ব্বার্থং যেন বিন্দতি। সপর্য্যাং সম্যগাপাদ্য বলিপূর্ব্বং চরেদ্বিধিং। ততো হোমং তর্পণঞ্চ চরেৎ সাধকসত্তমঃ। বলিবৈশ্যাদিকঞ্চৈব ব্রাহ্মণঃ সমুপাচরেৎ। অর্ঘ্যোদকেন সংপ্রোক্ষ্য তিস্রোরেখাঃ সমালিখেৎ। বিধিবদগ্নিমানীয় ক্রব্যাদেভ্যো নমস্তথা। মূলমন্ত্রং সমুচ্চার্য্য কুণ্ডে বা স্থণ্ডিলেপি বা। ভূমৌ বা সংস্তরেদ্বহ্নিং ব্যাহৃতিত্রিতয়েন চ। স্বাহান্তেন ত্রিধা হুত্বা ষড়ঙ্গহবনং চরেৎ। ততো দেবীং সমাবাহ্য মূলেন ষোড়শাহুতিং। হুত্বা স্তুত্বা নমস্কৃত্য বিসৃজেদিন্দুমণ্ডলে। শ্যামাদৌ বিশেষঃ। ভৈরবাংশ্চ হুনেদষ্টৌ আজ্যান্বিততিলৈঃ শুভৈঃ। পূর্ব্বাদিদিক্‌ক্রমেণৈব ততো হোমং সমাচরেৎ ॥

অথ সংক্ষেপহোমপ্রয়োগঃ। কুণ্ডে বা স্থণ্ডিলে বাপি বীক্ষণাদিভিঃ সংস্কৃতে। প্রাগগ্রা উদগগ্রাশ্চ তিস্রোরেখাঃ সমালিখেৎ। তথাচ—বীক্ষণং মূলমন্ত্রেণ শরেণ তাড়নং মতং। তেনৈব প্রোক্ষণং প্রোক্তং বর্ম্মণাভ্যুক্ষণং মতং। ততো মূলমুচ্চার্য্য ওঁ কুণ্ডায় নমঃ ইতি সংপূজ্য প্রাগগ্রা উদগগ্রাস্তিস্রস্তিস্রো রেখাঃ কর্ত্তব্যাঃ। প্রাগগ্রেষু মুকুন্দেশপুরন্দরান্ প্রাদক্ষিণ্যেন সংপূজ্য উদগগ্রেষু ব্রহ্মবৈবস্বতেন্দূন্ পূজয়েৎ। সুন্দরীপক্ষে তু সর্ব্বত্র ষট্‌তারী প্রয়োগঃ। ষট্‌তারী চ—ঐঁ হ্রীঁ শ্রীঁ ঐঁ ক্লীঁ সৌঃ ব্রহ্মণে নমঃ। এবংক্রমেণ পূজয়েৎ। তথা

সাধক দেবতার পূজা করিয়া বলিপ্রদানপূর্ব্বক হোম ও তর্পণ করিবে। ব্রাহ্মণ প্রতিদিন বলিবৈশ্য কর্ম্মসমাপন করিয়া হোমকরিবে। প্রথমে হোমের স্থান অর্ঘ্যোদকদ্বারা প্রোক্ষণ করিয়া সেই স্থানে পূর্ব্বাগ্র রেখাত্রয় অঙ্কিত করিবে। অনন্তর বিধিপূর্ব্বক অগ্নি আনিয়া ওঁ ক্রব্যাদেভ্যো নমঃ এই মন্ত্রে কিঞ্চিৎ অগ্নি পরিত্যাগ করিবে। অনন্তর মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক কুণ্ডে, স্থণ্ডিলে অথবা ভূমিতে অগ্নি স্থাপন করিবে। তৎপরে ওঁ ভূঃস্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা এই ব্যাহৃতি মন্ত্রে আহুতিত্রয় প্রদান করিয়া দেবতার ষড়ঙ্গমন্ত্রে ষড়াহুতি দিতে হইবে। তৎপরে মূলমন্ত্রে ষোড়শাহুতি প্রদান করিয়া সঙ্কল্পান্তে যথোক্ত হোম করিবে এবং হোমান্তে স্তুতিপাঠ ও নমস্কার করিয়া ইন্দুমণ্ডলে বিসর্জ্জন করিবে। শ্যামাদি দেবতার হোমে পূর্ব্বাদি অষ্টদিকে অসিতাঙ্গাদি অষ্টভৈরবকে ঘৃত ও তিলসহকারে অষ্টাহুতি প্রদান করিতে হইবে॥

অনন্তর সংক্ষেপ হোমপদ্ধতি কথিত হইতেছে কুণ্ড অথবা স্থণ্ডিল নির্ম্মাণ করিয়া বীক্ষণাদি সংস্কারপূর্ব্বক পূর্ব্বাগ্র রেখাত্রয় ও উত্তরাগ্রতিন রেখা অঙ্কিত করিবে। তন্ত্রে লিখিত আছে মূলমন্ত্রে স্থণ্ডিলাদি অবলোকন, ফট্ এই মন্ত্রে তাড়ন এবং মূলমন্ত্রে প্রোক্ষণ করিয়া পুনর্ব্বার হুঁ এই মন্ত্রে অভ্যুক্ষণ করিবে। অনন্তর মূলমন্ত্র উচ্চারণ করিয়া ওঁ কুণ্ডায় নমঃ এই মন্ত্রে পূজা করিবে এবং পূর্ব্বাগ্র ও উত্তরাগ্র তিন তিন রেখা দিতে হইবে। পূর্ব্বাগ্র রেখাত্রয়ে দক্ষিণাদিক্রমে ওঁ মুকুন্দায় নমঃ ওঁ ঈশায় নমঃ এবং পুরন্দরায় নমঃ এই মন্ত্রে পূজা করিবে এবং উত্তরাগ্র রেখাত্রয়ে ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বৈবস্বতায় নমঃ এবং ওঁ ইন্দবে নমঃ এই মন্ত্রে পূজা করিতে হইবে। সুন্দরীপক্ষে ষট্‌তারীমন্ত্রে পূজা করিতে হইবে। ষট্‌তারীমন্ত্র মূলে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে।

ব্রহ্মসংহিতায়াং হোমকাণ্ডে—ঐশান্যাং বেদিকাং হস্তবিস্তারোন্নতিশালিনীং। কৃত্বাস্মিন্ স্থাপয়েৎ কুম্ভং যথোক্তক্রমযোগতঃ। তত্র সংপূজয়েদ্দেবং যথাবিধ্যুপচারকৈঃ। ততো হোমং প্রকুর্ব্বীত দেবতাসন্নিধানতঃ। ততঃ কুণ্ডমধ্যে ষট্‌কোণবৃত্ত-ত্রিকোণং তদ্বহিরষ্টদল-পদ্মং তদ্বহিশ্চতুরস্রং চতুর্দ্বারসমেতং লিখিত্বা তদুপরি মূলেন পুষ্পাঞ্জলীন্ দদ্যাৎ সুন্দরীপক্ষে তু বালয়া। ততঃ সর্ব্বাণি প্রণবেনাভ্যুক্ষ্য বহ্নের্যোগপীঠমর্চ্চয়েৎ। তদ্‌যথা—কর্ণিকোপর্য্যা-ধারশক্ত্যাদীন্ সংপূজ্যাগ্ন্যাদিকোণচতুষ্কেষু ওঁ ধর্ম্মায় নমঃ এবং জ্ঞানায় বৈরাগ্যায় ঐশ্বর্য্যায়। পূর্ব্বাদিদিক্ষু অধর্ম্মায় অজ্ঞানায় অবৈরাগ্যায় অনৈশ্বর্য্যায়। মধ্যে ওঁ অনন্তায় এবং পদ্মায় অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ উঁ সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ মং বহ্নিমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ততঃ কেশরেষু পূর্ব্বাদিমধ্যে চ ওঁ পীতায়ৈ নমঃ এবং শ্বেতায়ৈ নমঃ কৃষ্ণায়ৈ ধূম্রায়ৈ তীব্রায়ৈ স্ফুলিঙ্গ্যৈ রুচিরায়ৈ জ্বলিন্যৈ। ততো বহ্ন্যাসনায় নমঃ। ততো বাগীশ্বরীমৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাং। বাগীশ্বরেণ সংযুক্তাং। ইতি ধ্যাত্বা ওঁ হ্রীঁ বাগীশ্বরায় নমঃ ওঁ হ্রীঁ বাগীশ্বর্য্যৈ নমঃ। ইতি পঞ্চোপচারৈঃ সংপূজ্য সূর্য্যকান্তাদিসংভূতং শ্রোত্রিয়গেহজং বা বহ্নিমানয়েৎ। সুন্দরীপক্ষে তু কামেশ্বরং কামেশ্বরীং পূজয়েৎ। গৌত-মীয়ে—পাষাণভবমগ্নিঞ্চ যদি বা হ্বরণিসম্ভবং। শ্রোত্রিয়াণাং গেহজঞ্চ বনস্থং বাথবা হরেৎ। নিরগ্নিব্রাহ্মণাল্লব্ধো হ্যর্দ্ধলাভকরো ভবেৎ। ক্ষত্রবহ্নেশ্চতুর্থাংশং ফলং দদ্যাদ্ধুতাশনঃ। বৈশ্যাচ্ছূদ্রাচ্চ বিফলং জায়তে হোমকর্ম্মণি। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বহ্নিমুক্তং সমাহরেৎ।

ব্রহ্মসংহিতার হোমকাণ্ডে লিখিত আছে যে—মণ্ডপের ঈশানকোণে একহস্ত বিস্তৃত এবং একহস্ত উন্নতিশালী বেদি করিয়া সেই বেদির উপরি বিধিপূর্ব্বক কুম্ভ স্থাপন করিতে হইবে এবং সেই কুম্ভেতে যথাসম্ভবোপচারে দেবতার পূজা করিয়া দেবতার সন্নিধানে হোম করিবে। তৎপরে কুণ্ডমধ্যে ষট্‌কোণ তদ্বাহে বৃত্ত তদ্বাহে ত্রিকোণ ও তদ্বাহে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া তদ্বাহে চতুর্দ্বারসংযুক্ত চতুরস্র অঙ্কণ করিতে হইবে। সুন্দরীপক্ষে বালাবীজে পঞ্চ পুষ্পাঞ্জলি দিতে হইবে। অনন্তর প্রণবমন্ত্রে হোমীয় দ্রব্যসকল প্রোক্ষণ করিয়া বহ্নির যোগপীঠ অর্চ্চনা করিবে। বহ্নির যোগপীঠের অর্চ্চনা মূলে সুস্পষ্ট লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। পরে ঋতুস্নাতা, ইন্দীবর-লোচনা বাগীশ্বরযুক্তা বাগীশ্বরীকে ধ্যান করিয়া ওঁ হ্রীঁ বাগীশ্বরায় নমঃ ওঁ হ্রীঁ বাগীশ্বর্য্যৈ নমঃ এই মন্ত্রে পঞ্চোপচারে পূজা করিয়া সূর্য্যকান্তাদিমণিসম্ভূত অথবা শ্রোত্রিয় গেহস্থিত অগ্নি আনয়ন করিবে। সুন্দরীপক্ষে ওঁ কামেশ্বরায় নমঃ এবং ওঁ কামেশ্বর্য্যৈ নমঃ এই মন্ত্রে পূজা করিতে হইবে। গৌতমীয়তন্ত্রে লিখিত আছে যে পাষাণসম্ভূত অরণিজাত, অরণ্যস্থিত অথবা ব্রাহ্মণগেহস্থিত অগ্নি আনিয়া তাঁহাতে হোম করিতে হইবে। হোমকার্য্যে সাগ্নিক ব্রাহ্মণের নিকট অগ্নিগ্রহণ করিবে। নিরগ্নি ব্রাহ্মণের নিকট অগ্নিগ্রহণ করিয়া হোম করিলে হোমের অর্দ্ধফল হইয়া থাকে। ক্ষত্রিয় হইতে অগ্নি আনিয়া হোম করিলে চতুর্থাংশ ফল হয় এবং বৈশ্য কিম্বা শূদ্রের নিকট অগ্নি-গ্রহণ করিয়া হোম করিলে সেই হোম নিষ্ফল হইয়া থাকে। অতএব প্রশস্ত বহ্নিতে হোম করা বিধেয়। তন্ত্রান্তরে

তন্ত্রান্তরে—দ্বিজাতিভবনাদ্বাপি বহ্নিমানীয় সাধকঃ। বৌষড়ন্তেন মূলেন মন্ত্রিতং তং বিলোকয়েৎ। অগ্নিমাবাহয়েদস্ত্রমন্ত্রেণ তদনন্তরং। হুঁ কড়ন্তেন মূলেন ক্রব্যাদাংশং পরিত্যজেৎ। তত্র ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ। চতুর্দ্দিক্ষু ওঁ বামায়ৈ নমঃ। এবং জ্যেষ্ঠায়ৈ রৌদ্র্যে অম্বিকায়ৈ। ততো মূলমুচ্চার্য্য অমুকদেবতাকুণ্ডায় নমঃ। ইতি কুণ্ডং সংপূজ্য তন্মধ্যে বাগীশ্বরীং তত্তদ্দেবতারূপাং ঋতুমতীং ধ্যাত্বা যথোক্তং বহ্নিমানীয় বীক্ষণাদিভিঃ সংস্কৃত্য বহ্নিতি তস্মাদ্বহ্নিমুদ্ধৃত্য মূলমুচ্চার্য্য হুঁ ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা ইত্যনেন ক্রব্যাদাংশং পরিত্যজ্য বহ্নিমন্ত্রেণ সংরক্ষ্য হুমিত্যবগুণ্ঠ্য, ধেনুমুদ্রয়ামৃতীকৃত্য বাহুভ্যাং সমুদ্ধৃত্য কুণ্ডোপরি ত্রিঃ পরিভ্রাম্য জানুস্পৃষ্টমহীতলঃ শিববীজবুদ্ধ্যা আত্মনোঽভিমুখং দেব্যা যোনাবেনং ক্ষিপেৎ। ততো হ্রীঁ বহ্নিমূর্ত্তয়ে নমঃ ইত্যভ্যর্চ্চ্য বহ্নিচৈতন্যায় নমঃ ইতি চৈতন্যং সংযোজ্য ওঁ চিৎপিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা ইতি জ্বালয়েৎ। ততোঽগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং। হুতাশনং সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখং। ইত্যুপতিষ্ঠেৎ। ততোঽগ্নে ত্বমমুকদেবতানামাসি ইতি নাম কৃত্বা ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা। অনেনার্ঘ্যাদিভিঃ সংপূজ্য ওঁ অগ্নের্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ। ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ইত্যাদি অগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ। ওঁ অগ্নয়ে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ তদ্বাহ্যে ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ তদ্বহিঃ ওঁ পদ্মাদ্যষ্ট নিধিভ্যো নমঃ তদ্বাহ্যে ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ তদ্বাহ্যে ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ। ততঃ প্রাদেশমাত্রং কুশপত্রদ্বয়ং ঘৃতমধ্যে নিঃক্ষিপ্য সব্যাপসব্যমধ্যভাগেষু ইড়াং পিঙ্গলাং সুষুম্নাং ধ্যাত্বা হোমং কুর্য্যাৎ। স্রুবেণ দক্ষিণভাগাদাজ্যং গৃহীত্বা ওঁ অগ্নয়ে

লিখিত আছে যে, দ্বিজাতির গৃহহইতে অগ্নি আনিয়া সেই অগ্নিকে বৌষড়ন্ত মূলমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া অবলোকন করিবে। অনন্তর অস্ত্রায় ফট্ এই মন্ত্রে অগ্নির আবাহন করিয়া হুঁ কড়ন্ত মূলমন্ত্রে ক্রব্যাদাংশ পরিত্যাগ করিবে। পরে ওঁ বহ্নের্যোগপীঠায় নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে পূজাকরিয়া ঋতুমতী বাগীশ্বরী দেবীর ধ্যানপূর্ব্বক বহ্নি আনয়ন করিবে। অনন্তর বীক্ষণাদিদ্বারা বহ্নিসংস্কার করিয়া সেই বহ্নি হইতে ক্রব্যাদাংশ পরিত্যাগপূর্ব্বক ফট্ এই মন্ত্রে বহ্নিসংরক্ষণ, হুঁ এই মন্ত্রে অবগুণ্ঠন এবং ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ করিয়া বাহুদ্বয়দ্বারা বহ্নিধারণ করিয়া কুণ্ডোপরি তিনবার পরিভ্রামণপূর্ব্বক জানুদ্বারা মহীতল স্পর্শ করতঃ শিববীজ চিন্তা করিতে করিতে আপনার অভিমুখে দেবীর যোনিস্থানে সেই অগ্নি স্থাপন করিবে। তৎপরে হ্রীঁ বহ্নিমূর্ত্তয়ে নমঃ এই মন্ত্রে পূজা এবং রং বহ্নিচৈতন্যায় নমঃ এই মন্ত্রে বহ্নির চৈতন্য সংযোজন করিয়া ওঁ চিৎপিঙ্গল হন হন ইত্যাদি মূলের লিখিতমন্ত্রে বহ্নি প্রজ্বালন করিবে। ওঁ অগ্নিং প্রজ্বলিতং বন্দে ইত্যাদি মন্ত্রে অগ্ন্যুপস্থান করিয়া অগ্নির উত্তরভাগে অগ্নির নামকরণপূর্ব্বক ওঁ বৈশ্বানরজাতবেদ ইত্যাদি মন্ত্রে অর্ঘ্যাদি উপচারদ্বারা পূজা করিবে এবং ওঁ অগ্নের্হিরণ্যাদি সপ্তজিহ্বাভ্যো নমঃ ইত্যাদি মূলের লিখিতমন্ত্রে পূজা করিতে হইবে। তৎপরে প্রাদেশ প্রমাণ কুশপত্রদ্বয় ঘৃতমধ্যে নিক্ষেপ করিয়া

স্বাহেতি অগ্নের্দক্ষিণনেত্রে জুহুয়াৎ। বামভাগাদাজ্যং গৃহীত্বা ওঁসোমায় স্বাহা ইতি বামনেত্রেজুহুয়াৎ ততো মধ্যভাগাদাজ্যং গৃহীত্বা ওঁঅগ্নীসোমাভ্যাং স্বাহেত্যগ্নের্ললাটনেত্রে জুহুয়াৎ। পুনর্দ্দক্ষিণতঃ ওঁনমঃ ইতি ঘৃতং গৃহীত্বা ওঁঅগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহেতি অগ্নিমুখে। ততো মহাব্যাহৃতিহোমঃ ওঁভূঃ স্বাহা ওঁভুবঃ স্বাহা ওঁস্বঃ স্বাহা। ওঁবৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহেত্যনেন ত্রিবারং জুহুয়াৎ। ততোঽগ্নৌ মূলেন পীঠপূর্ব্বকং দেবতাং সংপূজ্য তন্মুখে ঘৃতেন মূলমন্ত্রেণ পঞ্চবিংশতিবারং জুহুয়াৎ। বহ্নিদেবতয়োরৈক্যং বিভাব্য মূলমন্ত্রেণৈকাদশাহুতীঃ জুহুয়াৎ। ততো মূলমন্ত্রস্যাঙ্গদেবতাভ্যঃ স্বাহা এবং আবরণদেবতাভ্যঃ স্বাহা। শক্তশ্চেৎ প্রত্যেকমেকৈকাহুতিং জুহুয়াৎ ততঃ সঙ্কল্পং বিধায় তত্তৎকল্পোক্তদ্রব্যেণ হোমং কুর্য্যাৎ। ততো মূলমন্ত্রেণ পূর্ণাহুতিং দত্ত্বা সংহারমুদ্রয়া স্বেষ্টদেবতাং হৃদয়ে সমানীয় ক্ষমস্বেতি বিসৃজ্য দক্ষিণাং দত্ত্বা অচ্ছিদ্রাবধারণং কুর্য্যাৎ॥ ইতি সংক্ষেপ হোমবিধিঃ॥

অথ বৃহদ্ধোমপদ্ধতিঃ। আচার্য্যোঽলঙ্কৃতো যাগমণ্ডপদ্বারমাগত্য সমান্যার্ঘ্যং বিধায় দ্বারপূজাং কৃত্বা গৃহং প্রবিশ্য তত্তৎকল্পোক্তদেবতাং ঐশান্যাং দিশি হস্তপ্রমাণাং বেদিকাং বিধায় তদুপরি ঘটং সংস্থাপ্য যথাশক্তি সংপূজ্য বীক্ষণাদিভিঃ কুণ্ডং সংস্কুর্য্যাৎ। এতদুক্তং ব্রহ্মসংহিতায়াং হোমকাণ্ডে—ঐশান্যাং বেদিকাং হস্তবিস্তারোন্নতিশালিনীং। কৃত্বাস্মিন্ স্থাপ-

---

ইড়া, পিঙ্গলা ও সুষুম্নার ধ্যানপূর্ব্বক ক্রমতঃ আজ্যপাত্রের বাম দক্ষিণভাগ হইতে আজ্য লইয়া হোম করিতে হইবে। প্রথমতঃ স্রুবদ্বারা আজ্যস্থালীর দক্ষিণভাগ হইতে আজ্যগ্রহণ করিয়া ওঁ অগ্নয়ে স্বাহা এই মন্ত্রে অগ্নির দক্ষিণনেত্রে হোম করিবে। পরে বামভাগ হইতে ঘৃত লইয়া ওঁ সোমায় স্বাহা এই মন্ত্রে অগ্নির বামনেত্রে এবং মধ্যভাগ হইতে ঘৃতগ্রহণ করিয়া ওঁঅগ্নীসোমাভ্যাং স্বাহা এই মন্ত্রে ললাটস্থনেত্রে হোম করিতে হইবে। পুনর্ব্বার দক্ষিণভাগ হইতে ও নমঃ এই মন্ত্রে ঘৃতগ্রহণ করিয়া ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা এই মন্ত্রে অগ্নির মুখে হোম করিবে। তৎপরে মহাব্যাহৃতি হোম করিয়া ওঁ বৈশ্বানর জাতবেদ ইত্যাদি মন্ত্রে তিনবার আহুতি দিতে হইবে। তৎপরে অগ্নিতে পীঠ দেবতাসহ মূল দেবতার পূজা করিয়া সেই দেবতার মুখে ঘৃতদ্বারা মূলমন্ত্রে পঞ্চবিংশতি আহুতি প্রদান করিবে। পরে বহ্নি ও দেবতার ঐক্যভাবনা করিয়া মূলমন্ত্রে একাদশবার হোম করিবে। অনন্তর ওঁ মূলমন্ত্রাঙ্গদেবতাভ্যঃ স্বাহা এই মন্ত্রে হোম করিতে হইবে। শক্তের পক্ষে অঙ্গদেবতার প্রত্যেকে এক এক আহুতি প্রদানকরা বিধেয়। অনন্তর সঙ্কল্প করিয়া যথোক্ত দ্রব্যদ্বারা সঙ্কল্পিত হোম সমাপন করিয়া মূলমন্ত্রে পূর্ণাহুতি দিবে। পরে সংহারমুদ্রায় দেবতাকে স্বহৃদয়ে আনিয়া ক্ষমস্ব এই মন্ত্রে বিসর্জ্জন এবং দক্ষিণাচ্ছিদ্রাবধারণ করিবে।

অনন্তর বৃহদ্ধোমবিধি কথিত হইতেছে, আচার্য্য বস্ত্রীয় বস্ত্রভূষণাদিদ্বারা বিভূষিত হইয়া যাগমণ্ডপের দ্বারদেশে গমনপূর্ব্বক সামান্যার্ঘ্য সংস্থাপন ও দ্বারদেবতার পূজা করিয়া মণ্ডপমধ্যে প্রবেশ করিবেন। অনন্তর মণ্ডপের ঈশান কোণে এক হস্তপ্রমাণ উন্নত ও বিস্তৃত বেদিকা করিয়া সেই বেদিকার উপরি ঘটস্থাপনপূর্ব্বক মূলদেবতার যথাশক্তি পূজা করিয়া বীক্ষণাদি দ্বারা কুণ্ডসংস্কার করিবে। ব্রহ্মসংহিতার লিখিত আছে যে, একহস্তপরিমাণে উন্নতি ও

য়েৎ কুণ্ডং যথোক্তক্রমযোগতঃ। তত্র সংপূজয়েদ্দেবং যথাবিধ্যুপচারকৈঃ। ততো হোমং প্রকুর্ব্বীত দেবতাসন্নিধানতঃ। বীক্ষণং মূলমন্ত্রেণ শরেণ তাড়নং মতং। তেনৈব প্রোক্ষণং দর্ভৈর্ব্বর্ম্মণাভ্যুক্ষণং মতং। অস্ত্রেণ রক্ষণং কৃত্বা ততঃ সংস্কারমাবহেৎ। ততো মূলমুচ্চার্য্য ওঁকুণ্ডায় নমঃ ইতি কুণ্ডং সংপূজয়েৎ। তারাদৌ তু তত্তদ্দেবতাকুণ্ডায় নমঃ ইতি বদেৎ। ততঃ কুণ্ডমধ্যে প্রাগগ্রা উদগগ্রা স্তিস্রস্তিস্রো রেখা বিলিখেৎ। ততঃ সংক্ষেপহোমপদ্ধত্যুক্তক্রমেণ সর্ব্বং করণীয়ং। তন্ত্রে—দ্বিজাতিভবনাদ্বাপি বহ্নিমানীয় সাধকঃ। বৌষড়ন্তেন মূলেন মন্ত্রিতং তং বিলোকয়েৎ। অগ্নিমাবাহয়েদস্ত্রমন্ত্রেণ তদনন্তরং হুঁফড়ন্তেন মূলেন ক্রব্যাদাংশং পরিত্যজেৎ। ততোঽগ্নিং বীক্ষণাভিঃ সংস্কৃত্য ঔদর্য্যবৈন্দবাগ্নিভ্যাং ভৌমস্য বহ্নেরৈক্যং বিভাব্য বংবহ্নিচৈতন্যং কল্পয়ামীতি পাবকে চৈতন্যং বিধায় ওঙ্কারেণাষ্টোত্তর-শতমভিমন্ত্র্য ধেনুমুদ্রয়া অমৃতীকৃত্য ফড়িতি সংপ্রোক্ষ্য হুমিত্যবগুণ্ঠ্য বংবহ্নিমূর্ত্তয়ে নমঃ ইতি গন্ধপুষ্পাদিভিঃ সংপূজ্য কুণ্ডস্যোপরি ত্রিঃ পরিভ্রাম্য প্রণবোচ্চারণপূর্ব্বকংজানুস্পৃষ্টমহী-তলঃ শিববীজবুদ্ধ্যা আত্মনোঽভিমুখং দেব্যাযোনাবেনং ক্ষিপেৎ। ততো বাগীশ্বরবাগী-শ্বরীভ্যাং আচমনীয়াদিকং দত্ত্বা—তয়া গর্ভে ধৃতাং ধ্যায়েৎ বহ্নিরূপাস্তু দেবতাং। পশ্চাদ্ গর্ভস্য রক্ষার্থং প্রদদ্যাদ্দর্ভকঙ্কণং। চিৎপিঙ্গল হন হন পচ পচ দহ দহ সর্ব্বজ্ঞাজ্ঞাপয় স্বাহা ইতি মন্ত্রেণ বহ্নিং জ্বালয়েৎ। ততো বদ্ধাঞ্জলিঃ সন্ ওঁঅগ্নিং প্রজ্বলিতং বন্দে জাতবেদং

বিস্তৃতিশালী বেদি করিয়া তদুপরি কুণ্ডস্থাপন করিবে এবং পূজাপদ্ধতির নিয়মানুসারে যথাসম্ভবোপচারে মূলদেবতার পূজা করিয়া সেই দেবতার সন্নিধানে হোম করিতে হইবে। মূলমন্ত্রে বীক্ষণ, ফট্ এই মন্ত্রে তাড়ন ও প্রোক্ষণ এবং হুঁ এই মন্ত্রে দর্ভদ্বারা অভ্যুক্ষণ করিবে। এবং অস্ত্র (ফট্) মন্ত্রে সংরক্ষণ করিবে, ইহাই কুণ্ডসংস্কার। তৎপরে ওঁ কুণ্ডায় নমঃ এই মন্ত্রে পূজা করিবে। তারাদি দেবতার হোমকালে অমুকদেবতাকুণ্ডায় নমঃ এই মন্ত্রে কুণ্ডের পূজা করিতে হইবে। অনন্তর কুণ্ডমধ্যে প্রাগগ্র ও উত্তরাগ্র তিন তিন রেখা করিবে। পরে সংক্ষেপ হোমপদ্ধতির লিখিত প্রণালী অনুসারে সকল কার্য্য করিতে হইবে। তন্ত্রে লিখিত আছে যে, ব্রাহ্মণের গৃহ হইতে অগ্নি আনিয়া সেই অগ্নিকে বৌষড়ন্ত মূল মন্ত্রে অভিমন্ত্রিত করিয়া অবলোকন করিবে। পরে ফট্ এই মন্ত্রে অগ্নির আবাহন করিয়া হুঁফড়ন্ত মূলমন্ত্রে ক্রব্যাদাংশ পরিত্যাগ করিতে হইবে। তৎপরে বীক্ষণাদি দ্বারা অগ্নিসংস্কার করিয়া ঔদর্য্য ও বৈন্দবাগ্নির সহিত ভৌমাগ্নির ঐক্য ভাবনাপূর্ব্বক বং বহ্নিচৈতন্যং কল্পয়ামি এই মন্ত্রে অগ্নির চৈতন্যাধান, করিবে এবং অষ্টোত্তরশত ওঙ্কারমন্ত্রে অগ্নি অভিমন্ত্রিত করিয়া ধেনুমুদ্রায় অমৃতীকরণ ফট্ এই মন্ত্রে প্রোক্ষণ, হুঁ এই মন্ত্রে অবগুণ্ঠন বং বহ্নিমূর্ত্তয়ে নমঃ এই মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা অগ্নির পূজা ও কুণ্ডোপরি ত্রিবার পরিভ্রামণ করিয়া প্রণবমন্ত্র উচ্চারণপূর্ব্বক জানুদ্বারা মহীতল স্পর্শকরতঃ শিববীজ বুদ্ধিতে আত্মাভিমুখে দেবীর যোনিতে অগ্নিস্থাপন করিবে। পরে বাগীশ্বর ও বাগীশ্বরীকে আচমনীয়াদি প্রদান করিয়া দেবতাকে বাগীশ্বরীর গর্ভস্থ বহ্নিরূপা চিন্তা করিবে। অনন্তর গর্ভরক্ষার্থ দর্ভকঙ্কণ প্রদান করিতে হইবে। পরে চিৎপিঙ্গল হন হন ইত্যাদি মন্ত্রে অগ্নি প্রজ্বালিত করিয়া বদ্ধাঞ্জলি হইয়া ওঁ অগ্নিং প্রজ্বলিতং ইত্যাদি মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নির উপস্থান করিতে হইবে। তৎপরে

হুতাশনং। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখং। ইত্যনেন বহ্নিমুপতিষ্ঠেৎ। ততঃ স্বদেহে বহ্নের্জ্জিহ্বান্যাসং কুর্য্যাৎ। তদ্‌যথা—লিঙ্গে সরযূং হিরণ্যায়ৈ নমঃ পায়ৌ ষরযূং কনকায়ৈ নমঃ মূর্দ্ধ্নি শরযূং রক্তায়ৈ নমঃ বক্ত্রে বরযূং কৃষ্ণায়ৈ নমঃ ঘ্রাণে লরযূং সুপ্রভায়ৈ নমঃ নেত্রে ররযূং বহুরূপায়ৈ নমঃ সর্ব্বগাত্রে যরযূং অতিরক্তায়ৈ নমঃ এতাঃ সাত্ত্বিকে যাগকর্ম্মণি। কাম্যকর্ম্মণি তু উক্তবীজেন সহ পদ্মরাগা সুবর্ণা ভদ্রলোহিতা রোহিতা শ্বেতা ধূমিনী করালিকা এতা রাজস্যঃ। ক্রূরকর্ম্মণি তু পূর্ব্ববীজেন সহ বিশ্বমূর্ত্তিঃ স্ফুলিঙ্গিনী ধূম্রবর্ণা মনোজবা লোহিতা করালা কালী এতাস্তামস্যঃ। ন্যাসস্তু বীজযোগেন পূর্ব্ববৎ কর্ম্মভেদেন সর্ব্বত্র বোদ্ধব্যঃ। তথাচ সারদায়াং—লিঙ্গপায়ুশিরোবক্ত্রঘ্রাণনেত্রেষু সর্ব্বতঃ। বহ্নিরার্ণীশসংযুক্তাঃ সাদি যান্তাঃ সবিন্দবঃ। বহ্নিমন্ত্রাঃ সমুদ্দিষ্টা জিহ্বানাং সপ্তদেশিকৈঃ। ততঃ করাঙ্গন্যাসৌ তদ্‌যথা—সহস্রার্চ্চিষে অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ স্বস্তিপূর্ণায় তর্জ্জনীভ্যাং স্বাহা উত্তিষ্ঠপুরুষায় মধ্যমাভ্যাং বষট্ ধূমব্যাপিনে অনামিকাভ্যাং হুঁ সপ্তজিহ্বায় কনিষ্ঠাভ্যাং বৌষট্ ধনুর্ধরায় করতলপৃষ্ঠাভ্যাং ফট্। এবং হৃদয়াদিষু সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ইত্যাদি। ততো মূর্ত্তিন্যাসঃ মূর্দ্ধ্নি ওঁ অগ্নয়ে জাতবেদসে নমঃ দক্ষাংশে ওঁ অগ্নয়ে সপ্তজিহ্বায় নমঃ দক্ষপার্শ্বে ওঁ অগ্নয়ে হব্যবাহনায় নমঃ দক্ষকট্যাং অগ্নয়ে অশ্বোদরজায় নমঃ লিঙ্গে অগ্নয়ে বৈশ্বানরায় নমঃ বামকট্যাং অগ্নয়ে কৌমারতেজসে নমঃ বামপার্শ্বে অগ্নয়ে বিশ্বমুখায় নমঃ। বামাংশে অগ্নয়ে দেব-

---

হোতা আপন শরীরে অগ্নির জিহ্বান্যাস করিবে। লিঙ্গাদি সপ্তস্থানে যে যে মন্ত্রে অগ্নির সপ্তজিহ্বার ন্যাস করিতে হইবে, তাহা মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। সাত্ত্বিক যাগকর্ম্মেতেই উক্ত হিরণ্যাদি সপ্তজিহ্বান্যাস করিবে। এই সকল সাত্ত্বিক জিহ্বা। কাম্যকর্ম্মেতে লিঙ্গে সরযূং পদ্মরাগায়ৈ নমঃ পায়ুতে ষরযূং সুবর্ণায়ৈ নমঃ, মস্তকে শরযূং ভদ্রলোহিতায়ৈ নমঃ, বক্ত্রে বরযূং রোহিতায়ৈ নমঃ, নাসিকাতে লরযূং শ্বেতায়ৈ নমঃ, নেত্রে ররযূং ধূমিন্যৈ নমঃ, সর্ব্বগাত্রে যরযূং করালিকায়ৈ নমঃ। এইরূপে ন্যাস করিবে। এই সকল অগ্নির রাজসিক জিহ্বা। মারণাদি ক্রূরকর্ম্মেতে পূর্ব্বোক্ত বীজে বিশ্বমূর্ত্তি, স্ফুলিঙ্গিনী, ধূম্রবর্ণা, মনোজবা, লোহিতা, করালিনী ও কালী এই সকল জিহ্বার ন্যাস করিবে। এই সকল তামসিকজিহ্বা। এইরূপে কর্ম্মবিশেষে উক্ত বীজদ্বারা বিশেষ বিশেষ জিহ্বার নাম উল্লেখ করিয়া ন্যাস করিতে হইবে। এই বিষয়ে যে সকল প্রমাণ সারদাতিলকে লিখিত আছে, সেই সকল বচন এইস্থলে গ্রন্থকার উদ্ধৃত করিয়াছেন। তৎপরে করাঙ্গন্যাস করিবে। এই করাঙ্গন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে সুস্পষ্টলিখিত আছে, দৃষ্টি করিলে বোধগম্য হইবে। তৎপরে মূর্ত্তিন্যাস, এই ন্যাসের মন্ত্র ও প্রণালী মূলে দেখিতে পাইবেন। এই মূর্ত্তিন্যাসবিষয়ে তন্ত্রে লিখিত আছে যে, সাধক হোমকালে অগ্নির অষ্টমূর্ত্তিন্যাস করিবে। মূর্দ্ধা, দক্ষিণ স্কন্ধ, দক্ষিণ পার্শ্ব, দক্ষিণ কটি, লিঙ্গ, বাম কটি, বাম পার্শ্ব ও বাম স্কন্ধ, এই সকল স্থানে জাতবেদাঃ, সপ্তজিহ্ব, হব্যবাহন, অশ্বোদরজ, বৈশ্বানর, কৌমারতেজাঃ, বিশ্বমুখ ও দেবমুখ এই অষ্ট নামে অষ্ট মূর্ত্তির পূজা করিতে হইবে। এই সকল নামের আদিতে ওঁ অগ্নয়ে এই পদ এবং অন্তে নমঃ শব্দ যোজনা করিয়া ন্যাস করিবে। অনন্তর বং

মুখায় নমঃ। সর্ব্বত্র আদৌ প্রণবঃ। তথাচ—মূর্দ্ধ-রক্টৌ ততোন্যস্তেদ্দেশিকো জাতবেদসঃ। মূর্দ্ধাংশপার্শ্বকট্যঙ্গকটিপার্শ্বাংশকেষু চ। জাতবেদাঃ সপ্তজিহ্বো হব্যবাহনসংজ্ঞকঃ। অশ্বোদরজসংজ্ঞোহন্যঃ পুনর্বৈশ্বানরাহ্বয়ঃ। কৌমারতেজাঃ স্যাদ্বিশ্বমুখো দেবমুখঃ স্মৃতঃ। তারাদ্যাদিপদাদ্যাঃ স্যুর্নত্যন্তা বহ্নিমূর্ত্তয়ঃ। ততো বং বহ্ন্যাসনায় নমঃ ইতি মন্ত্রেণাসনং কল্পয়িত্বা মূর্ত্তিং তত্র বিচিন্তয়েৎ। ইষ্টং শক্তিং স্বস্তিকাভীতিমুচ্চৈর্দীর্ঘৈর্দোর্ভির্ধারয়ন্তং জবাভং। হেমাকল্পং পদ্মসংস্থং ত্রিনেত্রং ধ্যায়েদ্বহ্নিং বদ্ধমৌলিং জটাভিঃ। ততো মেখলানামুপরি বাময়া বিশুদ্ধৈস্তোয়ৈঃ পরিষিচ্য মেখলায়াং গর্ভপূর্ণৈর্দর্ভৈরগ্রেণ মূলমাচ্ছাদয়ন্ ত্রিস্ত্রিঃ পরিবেষ্টয়েৎ। ততঃ প্রাচীবর্জ্জং দিক্ষু পরিধীন্ বিনিঃক্ষিপ্য তত্র প্রাদক্ষিণ্যেন ব্রহ্মাদিদেবতাঃ পূজ্যাঃ। পুনর্বহ্নিং ধ্যাত্বা তত্র পীঠে আবাহনেন মন্ত্রেণ গন্ধাদিভিঃ পূজয়েৎ। ওঁ বৈশ্বানর জাতবেদ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা ইদং পাদ্যং অগ্নয়ে নমঃ ইত্যাদিক্রমেণ। মেখলায়াং বামাং জ্যেষ্ঠাং রৌদ্রীং অম্বিকাঞ্চ পূজয়েৎ। মধ্যে ষট্‌কোণেষু সরযূং হিরণ্যায়ৈ নমঃ ষরযূং কনকায়ৈ নমঃ, শরযূং রক্তায়ৈ নমঃ ষরযূং কৃষ্ণায়ৈ নমঃ লরযূং সুপ্রভায়ৈ নমঃ ররযূং বহুরূপায়ৈ নমঃ যরযূং অতিরক্তায়ৈ নমঃ এতাসামধিষ্ঠাতৃদেবতাস্তন্ত্রান্তরে—অমর্ত্ত্যপিতৃগন্ধর্ব্বযক্ষনাগপিশাচকাঃ। রাক্ষসঃ সপ্তজিহ্বানামীরিতা অধিদেবতাঃ। এবং কাম্যে সরযূং পদ্মরাগায়ৈ নমঃ ইত্যাদি। ক্রূরে সরযূং বিশ্বমূর্ত্তয়ে নমঃ ইত্যাদি। যথা সংক্ষেপনির্ণয়াং—হিরণ্যা তপ্তহেমাভা শূলপাণের্দ্দিশি স্থিতা। বৈদূর্য্যবর্ণা কনকা প্রাচ্যাং দিশি সমাশ্রিতা।

বহ্ন্যাসনায় নমঃ এই মন্ত্রে বহ্নির আসন কল্পনা করিয়া তাহাতে বহ্নির মূর্ত্তি চিন্তা করিবে। অগ্নিদেব চতুর্ভুজ, ইহার হস্তচতুষ্টয়ে বর, শক্তি, স্বস্তিক ও অভীতিমুদ্রা বর্ত্তমান আছে, ইনি জবাপুষ্পের ন্যায় বর্ণবিশিষ্ট, স্বর্ণবৎ ইহার দেহকান্তি। অগ্নিদেব পদ্মোপরি উপবিষ্ট, ত্রিনয়ন এবং মস্তক জটাভারে সমাচ্ছন্ন আছে। এইরূপে বহ্নিমূর্ত্তির ধ্যান করিবে। পরে মেখলা সকলের উপরি বামাবীজে শুদ্ধজলদ্বারা অভিষেক করিবে। পরে অগ্রদ্বারা মূল সমাচ্ছন্ন একত্র গর্ভপূর্ণ কুশদ্বারা মেখলার চতুর্দ্দিকে তিন তিন বার পরিবেষ্টন করিতে হইবে। পূর্ব্বদিক্ পরিত্যাগ করিয়া পরিধির প্রান্তে প্রদক্ষিণক্রমে ব্রহ্মাদি দেবতার পূজা করিবে। পরে পুনর্ব্বার অগ্নির ধ্যান করিয়া সেই পীঠে বহ্নির আবাহনপূর্ব্বক ওঁ বৈশ্বানর জাতবেদঃ ইত্যাদি মন্ত্রে গন্ধাদি দ্বারা বহ্নির অর্চ্চনা করিবে। মেখলাতে ওঁ বামায়ৈ নমঃ এইরূপে জ্যেষ্ঠা, রৌদ্রী ও অম্বিকার পূজা করিতে হইবে। মধ্যে ও ষট্ কোণে সরযূং হিরণ্যায়ৈ নমঃ ইত্যাদি মূলের লিখিত দেবতাদিগের পূজা করিবে। উক্ত সপ্তজিহ্বার অধিষ্ঠাতৃদেবতা তন্ত্রান্তরে লিখিত আছে, অমর্ত্ত্য, পিতৃ, গন্ধর্ব্ব, যক্ষ, নাগ, পিশাচ ও রাক্ষস ইহারা সপ্তজিহ্বার অধিষ্ঠাতৃদেবতা। সংক্ষেপ নির্ণয়গ্রন্থে লিখিত আছে যে, অগ্নির হিরণ্যানাম্নী জিহ্বা তপ্তকাঞ্চনবর্ণাভা এবং অগ্নির ঈশানকোণে অবস্থিত আছে, কনকা নাম্নী জিহ্বা বৈদূর্য্যবর্ণা ও পশ্চিমদিগ্বর্ত্তিনী, রক্তানাম্নী জিহ্বা তরুণ আদিত্যের ন্যায় প্রভাবিশিষ্টা ও দক্ষিণ-

তরুণাদিত্যসঙ্কাশা রক্তা জিহ্বাগ্নিসংস্থিতা। কৃষ্ণা নীলাভসঙ্কাশা নৈর্ঋত্যাং দিশি সংস্থিতা। সুপ্রভা পদ্মরাগাভা বারুণ্যাং দিশি সংস্থিতা। অতিরক্তা জবাভা সা বায়ব্যাং দিশি সংস্থিতা। বহুরূপা যথাখ্যাতা দক্ষিণোত্তরসংস্থিতা। ততঃ কেশরেষু অগ্ন্যাদিকোণে মধ্যে দিক্ষু চ ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ওঁস্বস্তিপূর্ণায় শিরসে স্বাহা, ওঁউত্তিষ্ঠপুরুষায় শিখায়ৈ বষট্ ও ধূম-ব্যাপিনে কবচায় হুঁ ওঁসপ্তজিহ্বায় নেত্রত্রয়ায় বৌষট্ ওঁধনুর্দ্ধরায় অস্ত্রায় ফট্। ততঃ পূর্ব্বাদি-দলেষু ওঁঅগ্নয়ে জাতবেদসে নমঃ, ওঁঅগ্নয়ে সপ্তজিহ্বায় নমঃ ওঁঅগ্নয়ে হব্যবাহনায় নমঃ ওঁ অগ্নয়ে অশ্বোদরজায় নমঃ ওঁঅগ্নয়ে বৈশ্বানরায় নমঃ ওঁ অগ্নয়ে কৌমারতেজসে নমঃ ওঁঅগ্নয়ে বিশ্বমুখায় নমঃ ওঁঅগ্নয়ে দেবমুখায় নমঃ। ইতি বহ্নিমূর্ত্তীঃ শক্তিস্বস্তিকধারিণীঃ সংপূজ্য লোকপালান্ স্বস্বদিক্ষু পূজয়েৎ। ততো হস্তাভ্যাং স্রুকৃস্রুবৌ গৃহীত্বা অধোমুখৌ কৃত্বা বহ্নৌ ত্রিবারং প্রতপ্য দর্ভানাদায় যথাক্রমং তদগ্রমূলমধ্যানি শোধয়িত্বা দক্ষিণহস্তেন সংপ্রোক্ষ্য পুনঃ প্রতপ্য আত্মনো দক্ষিণভাগে কুশান্তরে স্থাপয়েৎ। তত আজ্যস্থালীমাত্ম-সংমুখমানীয় অস্ত্রজপ্তেন বারিণা তাং সংশোধ্য তস্যামাজ্যং নিঃক্ষিপ্য বীক্ষণাদিভিস্তত্তৎ সংস্কু-র্য্যাৎ। ততো বায়ব্যেহঙ্গারমুদ্ধৃত্য তেষু নমঃ ইতি মন্ত্রেণাজ্যস্থালীং নিবেশয়েৎ। ততো দর্ভযুগ্মং সংদীপ্যাজ্যে ক্ষিপ্ত্বা অনেন নিঃক্ষিপেৎ। নমঃ ইতি মন্ত্রেণ দীপ্তদর্ভযুগ্মেনাজ্যং নীত্বা তদ্দর্ভযুগ্মং অগ্নৌ বিসর্জ্জয়েৎ। ততঃ ফড়িতি মন্ত্রেণ ঘৃতে প্রজ্বলিতান্ দর্ভান্ প্রদর্শ্য তানগ্নৌ

দিকে অবস্থিতা, কৃষ্ণা জিহ্বা নীলবর্ণা ও নৈর্ঋতকোণে সংস্থিতা, সুপ্রভা জিহ্বা পদ্মরাগ মণির ন্যায় আভাবিশিষ্টা ও পশ্চিমদিকে অবস্থিতা, অতিরক্তানাম্নী জিহ্বা জবাপুষ্পাভা ও বায়ুকোণাশ্রিতা, বহুরূপানাম্নী জিহ্বা বহুরূপিণী ও উত্তরদিকে অবস্থিতা। তৎপরে কেশরে অগ্ন্যাদিকোণে, মধ্যে ও দিক্ চতুষ্টয়ে ওঁসহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে ষড়ঙ্গপূজা করিবে। পূর্ব্বাদি দলে অগ্নয়ে জাতবেদসে নমঃ ইত্যাদি মূলের লিখিত মন্ত্রে অগ্নির অষ্টমূর্ত্তির পূজা করিবে। অনন্তর পূর্ব্বাদি দশদিকে ইন্দ্রাদি দশ দিক্‌পালের পূজা করিতে হইবে। পরে উভয় হস্তে স্রুক্ ও স্রুব গ্রহণ করিয়া অধোমুখে অগ্নির উপরি তিনবার প্রতপ্ত করিবে। পরে দর্ভদ্বারা ক্রমতঃ স্রুক ও স্রুবের অগ্র, মূল ও মধ্যভাগ মার্জ্জনরূপ শোধন করিয়া দক্ষিণ হস্তদ্বারা সংপ্রোক্ষণপূর্ব্বক পুনর্ব্বার অগ্নিতে প্রতপ্ত করিয়া আপনার দক্ষিণভাগে কুশান্তরণোপরি স্থাপন করিবে। তৎপরে আজ্যস্থালী শোধন—প্রথমতঃ আজ্যস্থালী আত্ম সম্মুখে আনয়ন করিয়া "ফট" এই মন্ত্রে প্রজপ্ত জলদ্বারা ধৌত করিয়া তাহাতে আজ্য নিক্ষেপপূর্ব্বক বীক্ষণাদিদ্বারা সেই আজ্য সংস্কার করিবে। পরে অগ্নির বায়ুকোণে অঙ্গার উদ্ধৃত করিয়া সেই অঙ্গারের উপরি "নমঃ" এই মন্ত্রে আজ্যস্থালী স্থাপন করিবে। অনন্তর দর্ভযুগ্ম প্রজ্বালিত করিয়া সেই জাজ্বল্যমান দর্ভযুগ্ম আজ্যমধ্যে নিক্ষেপ করিবে, এবং সেই দর্ভযুগ্মদ্বারা ঘৃত লইয়া নমঃ এই মন্ত্রে প্রদীপ্ত দর্ভদ্বয় অগ্নিমধ্যে নিক্ষেপ করিবে। পরে ঘৃতেতে প্রজ্বলিত দর্ভ প্রদর্শন করিয়া সেই দর্ভসকল অগ্নিতে বিসর্জ্জন করিতে হইবে। পরে সেই ঘৃত গ্রহণ করিয়া সেই সকল অঙ্গার

ক্ষিপেৎ। ততো ঘৃতং গৃহীত্বা পুনরঙ্গারং বহ্নৌ সংযোজ্য জলং স্পৃষ্ট্বা দক্ষিণহস্তোপরি-ভাবেনাধোমুখেনাঙ্গুষ্ঠোপকনিষ্ঠাভ্যাং প্রাদেশসম্মিতৌ দর্ভৌ ধৃত্বা অস্ত্রেণ ঘৃতং পবিত্রীকৃত্য নমঃ ইতি মন্ত্রেণ কুশাভ্যাং আত্মসম্মুখে ঘৃতসংপ্লবং কুর্য্যাৎ। ততঃ প্রাদেশমাত্রং সগ্রন্থিগর্ভযুগ্মং ঘৃতান্তরে ক্ষিপ্ত্বা দ্বৌ ভাগৌ কৃত্বা শুক্লকৃষ্ণপক্ষৌ স্মরেৎ। ততো বামে ইড়ানাড়ীং দক্ষিণে পিঙ্গলাং মধ্যে সুষুম্নাং ধ্যাত্বা হোমং কুর্য্যাৎ। তদ্‌যথা—নমঃ ইতি মন্ত্রেণ স্রুবেণ দক্ষিণভাগাদাজ্যমাদায় অগ্নের্দ্দক্ষিণলোচনে ওঁ অগ্নয়ে স্বাহা ইতি জুহুয়াৎ। তদ্বামত আজ্যমাদায় ওঁ সোমায় স্বাহা ইতি অগ্নের্ব্বামলোচনে জুহুয়াৎ। তন্মধ্যাদাজ্যমাদায় অগ্নের্ভাললোচনে ওঁ অগ্নীসোমাভ্যাং স্বাহা ইতি জুহুয়াৎ। ততো নমঃ ইতি মন্ত্রেণ স্রুবেণাজ্যং দক্ষিণভাগদাদায় বহ্নিমুখে ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা ইতি জুহুয়াৎ। সর্ব্বত্রাহুতিসম্পাতঃ পাত্রান্তরে। ততো মহাব্যাহৃতি হোমঃ। ওঁ ভূঃ স্বাহা ওঁ ভুবঃ স্বাহা ওঁ স্বঃ স্বাহা। ততো বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা। ইত্যনেন ত্রিবারং হুত্বা অগ্নের্গর্ভাধানাদিক্রিয়াঃ সম্পাদয়েৎ। তদ্‌যথা গর্ভাধানং পুংসবনং সীমন্তোন্নয়নং জাতকর্ম্ম নামকরণং নিষ্ক্রামণং অন্নপ্রাশনং চূড়াকরণং উপনয়নং মহাব্রতং উপনিষৎ স্নানং গোদানং উদ্বাহাখ্যং। ক্রূরকর্ম্মণি মরণান্তং। তথাচ—শুভেষু স্যুর্ব্বিবাহান্তা মৃত্যন্তাঃ ক্রূরকর্ম্মসু। ওঁ অগ্নের্গর্ভাধানং সম্পাদয়ামি স্বাহা। ইতি প্রতিকর্ম্মণি ক্রমেণাজ্যাহুতী জুহুয়াৎ।

অগ্নিতে সংযোজনা করিবে এবং জলস্পর্শপূর্ব্বক দক্ষিণহস্তোপরিভাবে অধোমুখ হস্তে অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাঙ্গুলিদ্বারা প্রাদেশ মাত্র কুশপত্রদ্বয় ধারণ করিয়া "ফট" এই মন্ত্রে ঘৃতের পবিত্রীকরণ করিয়া "নমঃ" এই মন্ত্রে সেই কুশপত্রদ্বয় দ্বারা আত্মসম্মুখে ঘৃতসংপ্লব করিবে। তৎপরে প্রাদেশ পরিমিত গ্রন্থিযুক্ত দর্ভদ্বয় ঘৃতান্তরে নিঃক্ষেপ করিয়া সেই ঘৃতকে দ্বিভাগে বিভক্ত করতঃ সেই ভাগদ্বয়ের এক ভাগকে শুক্লপক্ষ ও অপর ভাগকে কৃষ্ণপক্ষ ভাবনা করিবে। পরে বামে ইড়া, দক্ষিণে পিঙ্গলা এবং মধ্যে সুষুম্না নাড়ীর ধ্যান করিয়া হোম করিবে। প্রথমতঃ "নমঃ" এই মন্ত্রে স্রুবদ্বারা দক্ষিণভাগ হইতে আজ্য গ্রহণ করিয়া ওঁ অগ্নয়ে স্বাহা এই মন্ত্রে অগ্নির দক্ষিণলোচনে আহুতি দিবে। পরে বামভাগ হইতে আজ্য লইয়া ওঁ সোমায় স্বাহা এই মন্ত্রে আজ্যগ্রহণ করিয়া ওঁ অগ্নীসোমাভ্যাং স্বাহা এই মন্ত্রে অগ্নির ললাটস্থ নেত্রে আহুতি প্রদান করিবে। পরে নমঃ এই মন্ত্রে স্রুবদ্বারা দক্ষিণ ভাগ হইতে আজ্য লইয়া ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা এই মন্ত্রে অগ্নির মুখে হোম করিবে। হোমকালে আহুতি শেষ পাত্রান্তরে নিক্ষেপ করিতে হইবে। অনন্তর মূলের লিখিত মন্ত্রে মহাব্যাহৃতি হোম করিয়া ওঁ বৈশ্বানর জাতবেদ ইত্যাদি মন্ত্রে তিনবার হোম করিয়া অগ্নির গর্ভাধানাদি সংস্কার করিবে। গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাসন, চূড়াকরণ, মহাব্রত, উপনিষৎ, স্নান, গোদান ও বিবাহ এই সকল সংস্কার করিতে হইবে। ক্রূরকর্ম্মেতে মারণান্ত সংস্কার করিবে। তন্ত্রান্তরে লিখিত আছে যে, শুভকর্ম্মেতে বিবাহান্ত এবং ক্রূরকর্ম্মেতে মারণান্ত সংস্কার করিবে। ওঁ অগ্নে গর্ভাধানং সম্পাদয়ামি স্বাহা এইরূপে

সুন্দরীপক্ষেতু ওঁ অর্গেভাধানং কল্পয়ামি ঐঁ নমঃ ইত্যেকাহুতিং দদ্যাৎ। ইতি কল্পসূত্রপ্রতিপাদিতং। নামকরণে তু মূলদেবীং সমভ্যর্চ্য তন্নামকরণায় চ। হুনেৎ পঞ্চমবাণেন আহুতীনাং ত্রয়ং তথা। কামাগ্নিত্বং হুতাদন্তে ত্রিনাম কুর্য্যাদনন্তরং ততো বহ্নেঃ পিতরৌ সংপূজ্যাত্মনি যোজয়িত্বা মূলাগ্রমধ্যেষু ঘৃতপ্লুতাঃ সমিধঃ পঞ্চ মনসা ধ্যাত্বা জুহুয়াৎ। ততো বহ্নেঃ পূর্ব্বোক্তজিহ্বাঙ্গমূর্ত্তীনাং একৈকাহুতিং দত্ত্বা স্রুবেণ চতুর্ব্বারমাজ্যমাদায় স্রুচি নিধায় স্রুবেণ তাং পিধায় উত্তিষ্ঠন্ ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় স্বাহা। বৌষড়ন্তেন জুহুয়াৎ। ততো মহাবিঘ্নেশ্বরমন্ত্রেণ দশাহুতীর্জুহুয়াৎ। তদ্‌যথা—ওঁ স্বাহা ওঁ শ্রীঁ স্বাহা ওঁ শ্রীঁ হ্রীঁ স্বাহা ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ স্বাহা ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ স্বাহা ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ গং গণপতয়ে স্বাহা ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ গং গণপতয়ে বরবরদ সর্ব্বজনং স্বাহা। ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ গং গণপতয়ে বরবরদ সর্ব্বজনং মে বশমানয় স্বাহা। তথাচ প্রপঞ্চসারে—তারাদ্যৈর্দ্দশভির্দ্দেবি পূর্ব্বপূর্ব্বসমন্বিতৈঃ। মনুনা গাণপত্যেন হুনেৎ পূর্ব্বং দশাহুতীঃ। ততো দেবতায়াঃ পীঠং বহ্নৌ সমভ্যর্চ্য বহ্নিরূপাস্তাং বিচিন্ত্য পঞ্চোপচারাদিভিঃ পূজয়েৎ। সুন্দরীপক্ষেতু ষড়াননমন্ত্রেণ অঙ্গমন্ত্রেণ চ সংপূজ্য ঐঁ হ্রীঁ শ্রী সমস্তপ্রকট গুপ্তগুপ্ততরসংপ্রদায় কুলকৌলিনি রহস্যাতিরহস্যযোগিনীচক্র শ্রীপাদুকাং পূজয়ামীতি বিশেষঃ। তারাদৌ তু ব্রাহ্ম্যাদি-লক্ষ্ম্যাদি-ইন্দ্রাদীন্ বজ্রাদীংশ্চ পূজয়েৎ ইতি বিশেষঃ। ততো বহ্নিমুখে মূলমন্ত্রেণ ঘৃতেন পঞ্চবিংশাহুতীর্জুহুয়াৎ। ততো বহ্নিদেবতয়ো রাত্মনা সহ ঐক্যং বিভাব্য মূলেনাজ্যেন

সকলকর্ম্মেই তত্তৎ কর্ম্মের নাম উল্লেখ করিয়া এক এক আহুতি দিতে হইতে। সুন্দরীর পক্ষে ওঁ অর্গেভাধানং সম্পাদয়ামি ঐঁ নমঃ এইরূপে অগ্নির সংস্কার করিবে। এইরূপ প্রণালী কল্পসূত্রে প্রতিপাদিত হইয়াছে। নামকরণ কালে মূল দেবতার অর্চ্চনা করিয়া নাম করণার্থ কাম বীজে তিনবার আহুতি দিতে হইবে। তৎপরে বহ্নির পিতা মাতা অর্থাৎ বাগীশ্বর ও বাগীশ্বরীর পূজা করি৷ আত্মাতে সংযোজন পূর্ব্বক মূল, অগ্র ও মধ্য দেশে ঘৃত প্লুত করিয়া মনে মনে দেবতার ধ্যানকরতঃ পঞ্চ সমিধদ্বারা হোম করিবে। অনন্তর পূর্ব্বোক্ত বহ্নির জিহ্বাঙ্গমূর্ত্তির প্রত্যেককে এক এক আহুতিপ্রদান করিয়া স্রুবদ্বারা চতুর্ব্বার আজ্য লইয়া স্রুচেতে স্থাপনপূর্ব্বক স্রুবদ্বারা আচ্ছাদন করিয়া দণ্ডায়মান হইয়া ওঁ বৈশ্বানর জাতবেদ ইত্যাদি মন্ত্রের অন্তে "বৌষট্" এই বীজ সংযোগে হোম করিতে হইবে। পরে মহাবিঘ্নেশ্বর মন্ত্রে দশাহুতি প্রদান করিবে। এই মহাবিঘ্নেশ্বরমন্ত্র মূলে স্পষ্টরূপে লিখিত আছে, দৃষ্টি করিলেই বোধগম্য হইবে। প্রপঞ্চসারে লিখিত আছে যে, মহাবিঘ্নেশ্বর মন্ত্রের আদিতে প্রণব যোগ করিয়া মূলের লিখিত প্রণালীতে দশবার হোম করিবে। তৎপরে অগ্নিতে মূলদেবতার পীঠদেবতাগণের পূজা করিয়া দেবতাকে বহ্নিস্বরূপ চিন্তাকরতঃ পঞ্চোপচারে পূজা করিতে হইবে। সুন্দরীর হোমে ষড়াননমন্ত্রে ও অঙ্গমন্ত্রে অর্চ্চনা করিয়া ঐঁ হ্রীঁ শ্রীঁ ইত্যাদি মন্ত্রে পূজা করিবে। তারাদি দেবতার হোম কালে ব্রাহ্মী প্রভৃতি অষ্টশক্তি, লক্ষ্ম্যাদি দেবী, ইন্দ্রাদি লোকপাল ও বজ্রাদি অস্ত্রের পূজা করিবে। অনন্তর বহ্নির মুখে মূলমন্ত্রে আজ্যদ্বারা পঞ্চবিংশতি আহুতি দিতে হইবে। পরে বহ্নি ও দেবতার

একাদশাহুতীর্জুহুয়াৎ। আবরণদেবতানাং প্রত্যেকৈকাহুতিং জুহুয়াৎ। ততঃ সঙ্কল্পিত-তত্তৎকল্পোক্তবিহিতদ্রব্যৈর্হোমং কুর্য্যাৎ। তদ্‌যথা—বহুরূপাখ্যজিহ্বায়াং জুহুয়াৎ সর্ব্ব-কর্ম্মণি। যতঃ সমস্তসিদ্ধীনাং সাবিত্রী বহুরূপিকেতি। জামলে—কুণ্ডমধ্যে হিরণ্যাখ্যা বশ্যাকর্ষণকর্ম্মণি। কনকাখ্যা স্তম্ভনাদৌ রক্তাখ্যা দ্বেষণে তথা। কৃষ্ণাখ্যা মারণে শস্তা সুপ্রভা শান্তিকর্ম্মণি। উচ্চাটনেঽতিরক্তাখ্যা বহুরূপা সুসিদ্ধিদা। ওঁ ভূরগ্নয়ে মহতে চ স্বাহা। ওঁ ভুবো বায়বে অন্তরীক্ষায় চ দিবে মহতে চ স্বাহা। ওঁ স্বশ্চন্দ্রমসে নক্ষত্রেভ্যো-দিগ্‌ভ্যো মহতে চ স্বাহা। ওঁ ভূর্ভুবঃ স্বশ্চন্দ্রমসে নক্ষত্রেভ্যো দিগ্‌ভ্যো মহতে চ স্বাহা। কাম্যহোমে তু অঙ্গুলিনিয়মস্তু—তর্জ্জন্যঙ্গুষ্ঠযোগাত্তু শান্ত্যর্থং জুহুয়ান্নরঃ। দাহজ্বরাভি-চারাণামনামাঙ্গুষ্ঠমুদ্রয়া। বিদ্বেষোচ্চাটনে চৈব মারণে চ প্রশস্যতে। প্রদেশিনী মধ্যমাভ্যাং বধোপশমনং ভবেৎ। বপুর্মেধা তথা কান্তিনীতিপুষ্ট্যাদিকে তথা। আকর্ষণানি সর্ব্বাণি দূরাদনুগতানি চ। তর্জ্জন্যনামিকাযোগাৎ সদ্যএব ভবন্তি হি। মোহনং বশ্যকামঞ্চ প্রীতি সম্বর্দ্ধনস্তথা। প্রদেশিনীকনিষ্ঠাভ্যাং সর্ব্বমেতৎ প্রসিধ্যতি। মোহনাকর্ষণঞ্চৈব ক্ষোভ-নোচ্চাটনং তথা। কনিষ্ঠামধ্যমাঙ্গুষ্ঠসংযোগেন তু লীলয়া। বিধিযুক্তেন হোমেন তথা দ্রব্যানুযোগতঃ। সর্ব্বে মন্ত্রাঃ প্রসিধ্যন্তি মুদ্রামন্ত্রপ্রয়োগতঃ। ততো হোমদ্রব্যাণি স্রুবেণ

ঐক্য ভাবনা করিয়া মূলমন্ত্রে আজ্যদ্বারা একাদশবার অগ্নিতে আহুতি দিবে। পরে আবরণদেবতার প্রত্যেককে এক এক আহুতি দিতে হইবে। অনন্তর তত্তৎকল্পোক্ত বিহিত দ্রব্যদ্বারা সঙ্কল্পিত হোম করিবে। তন্ত্রে লিখিত আছে যে, সর্ব্বকর্ম্মেই বহুরূপাখ্য জিহ্বাতে হোম করিতে হইবে। যেহেতু সাবিত্রীরূপা বহুরূপাখ্য জিহ্বা সমস্তকার্য্যে সিদ্ধিপ্রদান করেন, অতএব বহুরূপা জিহ্বাতে হোম করা বিধেয়। জামলে লিখিত আছে যে, বশীকরণ ও আকর্ষণ কার্য্যে বহুরূপাখ্য জিহ্বাতে হোম করিবে। এইরূপ স্তম্ভন কার্য্যে কনকানাম্নী জিহ্বা, বিদ্বেষকার্য্যে রক্তাখ্য জিহ্বা, মারণকর্ম্মে কৃষ্ণাসংজ্ঞক জিহ্বা, শান্তিকর্ম্মে সুপ্রভানাম্নী জিহ্বা, উচ্চাটন কার্য্যে অতিরক্তা জিহ্বাতে আহুতি দিবে। বহুরূপা জিহ্বা সর্ব্বসিদ্ধি প্রদায়িনী। তৎপরে ভূরগ্নয়ে মহতে চ স্বাহা ইত্যাদি মন্ত্রে চারিবার আহুতি দিতে হইতে। কাম্য কর্ম্মেতে অঙ্গুলি নিয়ম এই—শান্তিকার্য্যে তর্জ্জনী ও অঙ্গুষ্ঠযোগে হোম করিবে। এইরূপ দাহজ্বরাদি অভিচারকর্ম্মে অনামা ও অঙ্গুষ্ঠযোগে হোম করা বিধেয় এবং বিদ্বেষণ, উচ্চাটন ও মারণকার্য্যেও উক্ত অনামা ও অঙ্গুষ্ঠযোগে হোম প্রশস্ত। মৃত্যু নিবারণার্থ কার্য্যে তর্জ্জনী ও মধ্যমাযোগে হোম করা বিধেয়। শারীরিক শান্তিবিধান, মেধাসাধন, কান্তিসম্বর্দ্ধন, নীতিসংশোধন, পুষ্টিকার্য্য, ও সর্ব্বপ্রকার আকর্ষণাদি কার্য্যের হোমে তর্জ্জনী ও অনামিকাঙ্গুলিযোগে আহুতি প্রদান করিলে সদ্যঃ কার্য্যসিদ্ধি হয়। তর্জ্জনী ও কনিষ্ঠাঙ্গুলিদ্বারা হোম করিলে মোহন, বশীকরণ ও প্রীতিসম্বর্দ্ধন কার্য্য সিদ্ধি হয়। মোহন, আকর্ষণ, ক্ষোভণ ও উচ্চাটনকার্য্যে কনিষ্ঠা, মধ্যমা ও অঙ্গুষ্ঠাঙ্গুলিযোগে হোম করিবে। যথোক্ত দ্রব্যদ্বারা মুদ্রা ও মন্ত্রপ্রয়োগপূর্ব্বক বিধানক্রমে হোম

স্রুচি নিধায় তেনাচ্ছাদ্য তৌ নাভৌ সংস্থাপ্য ইতঃপূর্ব্বাদিক্রমেণ মূলমন্ত্রেণ চ পূর্ণাহুতিং দত্ত্বা সংহারমুদ্রয়া আত্মন্যুদ্বাস্য পুনর্ব্ব্যাহৃতিভির্হুত্বা অগ্নের্জ্জিহ্বাঙ্গমূর্ত্তীনামেকৈকাহুতিং দদ্যাৎ। ততঃ পূর্ব্ববন্মেখলোপরি অদ্ভিঃ পরিষিচ্যাত্মানং সংহারমুদ্রয়া পাবকং যোজয়িত্বা পরিধীন্ সপরিস্তরান্ অগ্নৌ ক্ষিপেৎ। বিশেষস্তু নৈমিত্তিকে কর্ম্মণি এতান্ দহেৎ। নিত্যে কর্ম্মণি ন দহেৎ। তথাচ সারদায়াং—নৈমিত্তিকে দহেন্মন্ত্রী নিত্যে ন তু দহেদিমান্। ততো দক্ষিণাং দদ্যাৎ। তথাচ জ্ঞানমালায়াং—সুবর্ণময়ুতে দদ্যাৎ লক্ষে দশসুবর্ণকং। দক্ষিণা তু প্রদাতব্যা যথা হোমে তথা জপে। অলাভে দক্ষিণা জ্ঞেয়া গুরুসন্তোষকারিণীতি। যদি দীক্ষাঙ্গহোমস্তদা আবরণদেবতায়া হোমানন্তরং আজ্যান্বিতৈস্তিলৈঃ কল্পবিহিতৈর্দ্রব্যৈর্ব্বা দেবতায়া অষ্টোত্তরসহস্রং শতং বা জুহুয়াৎ। ততঃ সুধৌতদন্তাঢ্যং শিষ্যং স্নাতং কুণ্ডান্তিকমানীয় দিব্যদৃষ্ট্যা তং বিলোক্য তচ্চৈতন্যং গুরুরাত্মনি সংযোজ্য অধ্ববিশোধনং কুর্য্যাৎ। তদ্‌যথা—কুশগুচ্ছেন শিষ্যস্য পাদং স্পৃশন্ ওঁ শোধয়ামি কলাধ্বানং স্বাহেতি আজ্যান্বিতৈ রষ্টাহুতীর্জুহুয়াৎ। এবমঙ্কং স্পৃষ্ট্বা ওঁ শোধয়ামি ভুবনাধ্বানং স্বাহা। হৃদয়ং স্পৃষ্ট্বা শোধয়ামি বর্ণাধ্বানং স্বাহা। ভালং স্পৃষ্ট্বা শোধয়ামি পদাধ্বানং স্বাহা। মূর্দ্ধানং স্পৃষ্ট্বা শোধয়ামি মন্ত্রাধ্বানং স্বাহা। সর্ব্বত্রাষ্টাহুতীর্জ্জুহুয়াৎ। এবং ক্রমেণ পরশিবে সংহৃত্য পুনঃসৃষ্টিবর্ত্মনা তত্তদাহুতিভিঃ ক্রমেণ জুহুয়াৎ। তদ্‌যথা—মন্ত্রাধ্বানঃ পদাধ্বা পদাধ্বানো বর্ণাধ্বা বর্ণাধ্বানো ভুবনাধ্বা ভুবনাধ্বান-

---

করিলে সর্ব্বপ্রকার মন্ত্র সিদ্ধ হয়। তৎপর স্রুবদ্বারা হোমীয় দ্রব্যসকল স্রুচমধ্যে স্থাপন করিয়া স্রুবদ্বারা আচ্ছাদনপূর্ব্বক নাভিদেশে স্থাপন করিয়া পূর্ব্বোক্ত ক্রমে মূলমন্ত্রে পূর্ণাহুতি দিতে হইবে। অনন্তর সংহারমুদ্রাদ্বারা দেবতাকে আত্মাতে সংস্থাপন করিয়া পুনর্ব্বার মহাব্যাহৃতি হোম এবং অগ্নির জিহ্বাঙ্গমূর্ত্তির প্রত্যেককে এক এক আহুতিপ্রদান করিবে। পরে কুণ্ডের মেখলার উপরি জলসেচন করিয়া সংহারমুদ্রাদ্বারা আত্মার সহিত অগ্নির সংমিলনপূর্ব্বক পরিস্তরণাদি অগ্নিতে নিক্ষেপ করিবে। সারদাতন্ত্রে লিখিত আছে যে, নৈমিত্তিক কর্ম্মেই পরিস্তরণাদি দগ্ধ করিবে, নিত্যকর্ম্মে করিবে না। অনন্তর আচার্য্যকে দক্ষিণা প্রদান করিতে হইবে। জ্ঞানমালায় লিখিত আছে যে, অযুতহোমে সুবর্ণ অর্থাৎ অশীতিরত্তিপ্রমাণ সোণা এবং লক্ষহোমে দশ সুবর্ণ, দক্ষিণা দিবে। হোম ও জপের দক্ষিণার নিয়ম একরূপ জানিবে। উক্তরূপ দক্ষিণা প্রদানে অসমর্থ হইলে যাহাতে গুরুর সন্তোষ জন্মে, সেইরূপ দক্ষিণা দিবে। যখন দীক্ষাকার্য্যের অঙ্গীয় হোম করিতে হয়, তখন আবরণদেবতার হোমের পর আজ্যান্বিত তিল অথবা কল্পোক্তদ্রব্যদ্বারা মূলদেবতার অষ্টোত্তর শত কিম্বা অষ্টোত্তর সহস্র হোম করিবে। তৎপরে সুস্নাত শিষ্যকে কুণ্ডসমীপে আনয়ন করিয়া দিব্যদৃষ্টিদ্বারা অবলোকনপূর্ব্বক গুরু তাহার চৈতন্য আত্মাতে সংযোজিত করতঃ অধ্ববিশোধন করিবেন। তাহার প্রণালী এই—কুশগুচ্ছদ্বারা শিষ্যের পাদস্পর্শপূর্ব্বক ওঁ শোধয়ামি কলাধ্বানং স্বাহা এই মন্ত্রে আজ্যান্বিততিলদ্বারা অষ্টাহুতি দিবে। এইরূপে অঙ্ক, নাভি, হৃদয়, কপাল ও মূর্দ্ধা স্পর্শ করিয়া মূলের লিখিত মন্ত্রে প্রত্যেকে অষ্টাহুতি দিতে হইবে। এইরূপে হোম করিয়া পুনর্ব্বার বিপরীতক্রমে অর্থাৎ ওঁ শোধয়ামি মন্ত্রাধ্বানং স্বাহা ওঁ শোধয়ামি পদাধ্বানং স্বাহা

স্তত্ত্বাধ্বা তত্ত্বাধ্বানঃ কলাধ্বা। এবং ক্রমেণ জুহুয়াৎ। ততো দিব্যদৃষ্ট্যা তং শিষ্যং বিলোকয়ন্ আত্মস্থিতং তচ্চৈতন্যং শিষ্যে নিবেদয়েৎ। ততঃ স্রুচা পূর্ণাহুতিদানাদি কর্ম্ম সমাপ্য পূর্ব্বোক্তক্রমেণ দীক্ষাং কারয়েৎ। ইতি বৃহদ্ধোমপদ্ধতিঃ ॥

অথ হোমদ্রব্যাণাং প্রমাণমভিধীয়তে। কর্ষমাত্রং ঘৃতং হোমে শুক্তিমাত্রং পয়ঃ স্মৃতং। উক্তানি পঞ্চগব্যানি তৎসমানি মনীষিভিঃ। তৎসমং মধু দুগ্ধান্নমক্ষমাত্রমুদাহৃতং। দধি-প্রসৃতিমাত্রং স্যাল্লাজ্জাঃ স্যুর্ম্মুষ্টিসম্মিতাঃ। পৃথুকাস্ততৎপ্রমাণাঃ স্যুঃ শক্তয়োপি তথো-দিতাঃ। গুড়ং পলার্দ্ধমানং স্যাৎ শর্করাপি তথা স্মৃতা। গ্রাসার্দ্ধং চরুমানং স্যাদিক্ষুঃ পর্ব্বা-বধিঃ স্মৃতঃ। একৈকং পত্রপুষ্পাণি তথা পূপানি কল্পয়েৎ। কদলীফলনারঙ্গং ফলান্যেকৈ-কশো বিদুঃ। মাতুলুঙ্গং চতুঃখণ্ডং পনসং দশধা কৃতং। অষ্টধা নারিকেলানি খণ্ডিতানি বিদু-র্ব্বুধাঃ। ত্রিধাকৃতং ফলং বিল্বং কপিত্থং খণ্ডিতং দ্বিধা। উর্ব্বারুক ফলং হোমে কথিতং খণ্ডিতং ত্রিধা। ফলান্যন্যান্যখণ্ডানি সমিধঃ স্যুর্দ্দশাঙ্গুলাঃ। দূর্ব্বাত্রয়ং সমুদ্দিষ্টং গুড়ূচী চতুরঙ্গুলা। ব্রীহয়ো মুষ্টিমাত্রাঃ স্যুর্ম্মুদ্গা মাষা যবা অপি। তণ্ডুলাঃ স্যুস্তদর্দ্ধাংশাঃ কোদ্রবা মুষ্টিসম্মিতাঃ। গোধূমা রক্তকলমা বিহিতা মুষ্টিমানতঃ। তিলাশ্চুল্লুকমাত্রাঃ স্যুঃ সর্ষপাস্তৎপ্রমাণতঃ। শুক্তিপ্রমাণং লবণং মরিচান্যপি বিংশতিঃ। পূরং বদরমানং

ইত্যাদি রূপে আহুতি দিবে। পরে দিব্যদৃষ্টিদ্বারা শিষ্যকে অবলোকন করতঃ আত্মস্থিত চৈতন্য শিষ্যে সমর্পণ করিবে। অনন্তর স্রুবদ্বারা পূর্ণাহুতিদানাদি কর্ম্ম সমাপন করিয়া পূর্ব্বোক্তক্রমে দক্ষিণা প্রদান করিবে।

এইক্ষণ হোমীয়দ্রব্যের পরিমাণ কথিত হইতেছে। ঘৃতহোমে দুই তোলা পরিমাণ ঘৃত লইয়া এক একবার আহুতি দিবে। দুগ্ধহোমে দুইতোলা পরিমিত দুগ্ধদ্বারা এক এক আহুতিপ্রদান করিবে এবং পঞ্চগব্যহোমেও উক্তরূপ পরিমাণ জানিবে। মধুহোমে দুইতোলা পরিমাণ মধু গ্রহণ করিবে। এইরূপে দুগ্ধান্নহোমে দুই তোলা এবং দধি হোমে হস্তকোষপরিমাণে হোম করিবে। লাজ, পৃথুকা ও শক্তুহোমে এক মুষ্টি, গুড় ও শর্করাহোমে চারি তোলা, ইক্ষুহোমে এক পর্ব্ব এবং পত্র, পুষ্প ও পিষ্টকহোমে এক একটিদ্বারা এক একবার আহুতি দিবে। কদলীফল ও নারঙ্গহোমে এক একটি করিয়া হোম করিতে হইবে। মাতুলুঙ্গ (নেবু) হোমে একটির চারি ভাগের এক ভাগ, পনসহোমে দশ ভাগের এক ভাগ, নারিকেলহোমে আট ভাগের এক ভাগ বিল্বহোমে তিন ভাগের এক ভাগ, কদবেল দুই ভাগের এক ভাগ, উর্ব্বারুক (কাঁকুড়) হোমে তিন ভাগের এক ভাগ লইয়া এক একবার আহুতি দিতে হইবে। অন্যান্য ফলদ্বারা হোম করিতে এক এক আহুতিতে এক একটি ফল দিবে। সমিধহোমে দশাঙ্গুলপরিমিত সমিধদ্বারা হোম করা বিধেয়। দূর্ব্বাহোমে দূর্ব্বাত্রয় একত্র করিয়া এক এক বার আহুতি দিতে হইবে। গুড়ূচীহোমে চতুরঙ্গুলপরিমাণ গুড়চীখণ্ড গ্রহণ করিবে। ধান্য, মুগ, মাষ ও যবদ্বারা হোম করিতে হইলে এক এক মুষ্টিপরিমাণ লইয়া এক এক আহুতি দিতে হইবে। তণ্ডুলহোমে এক মুষ্টির দশাংশ, কোদ্রব, গোধূম ও রক্তশালিদ্বারা যখন হোম করিবে, তখন একমুষ্টিপরিমাণে আহুতিপ্রদান করিবে। তিল ও সর্ষপহোমে গণ্ডূষপরিমাণ এবং লবণহোমে দুইতোলা প্রমাণে হোম করিবে। মরিচহোমে এক একবারে কুড়িটী মরিচদ্বারা আহুতি

স্যাদ্রাম্ঠং তৎসমং স্মৃতং। চন্দনাগুরুকর্পূরকস্তূরীকুঙ্কুমানি চ। তিন্তিড়ীবীজমানানি সমুদ্দিষ্টানি দেশিকৈঃ। বৈশ্বানরং স্থিতং ধ্যায়েৎ সমিদ্ধোমেষু দেশিকঃ। শয়ানমাজ্য-হোমেষু নিষণ্ণং শেষবস্তুষু। আস্যান্তর্জুহুয়াদ্বহ্নের্বিপশ্চিৎ সর্ব্বকর্ম্মসু। কর্ণহোমে ভবে-দ্ব্যাধি-র্নেত্রেঽন্ধত্বং সমীরিতং। নাসিকায়াং মনঃপীড়া মস্তকে ধনসংক্ষয়ঃ। যতঃ কাষ্ঠং ততঃ শ্রোত্রং যতো ধূমোঽত্র নাসিকা। যত্রাল্পজ্বলনং নেত্রং যতোঽঙ্গারস্ততঃ শিরঃ। যত্র প্রজ্ব-লিতা জ্বালা সা জিহ্বা জাতবেদসঃ। স্বর্ণসিন্দূরবালার্ককুঙ্কুমক্ষৌদ্রসন্নিভঃ। সুবর্ণরেতসো বর্ণঃ শোভনঃ পরিকীর্ত্তিতঃ। ভেরীবারিদহস্তীন্দ্রনিনাদোঽগ্নিঃ শুভাবহঃ। নাগচম্পকপুন্নাগ-পাটলাযূথিকানিভঃ। পদ্মেন্দীবরকহ্লারসর্পির্গুগ্গুলুসন্নিভঃ। পাবকস্য শুভো গন্ধ ইত্যুক্ত-স্তন্ত্রবেদিভিঃ। প্রদক্ষিণাস্ত্যক্তকম্পাশ্ছত্রাভাঃ শিখিনঃ শিখাঃ। সুখদা যজমানস্য রাজ্য-স্যাপি বিশেষতঃ। কুন্দেন্দুধবলো ধূমো বহ্নিঃ প্রোক্তঃ শুভাবহঃ। কৃষ্ণঃ কৃষ্ণগতের্ব্বর্ণো-যজমানং বিনাশয়েৎ। শ্বেতোরাষ্ট্রং নিহন্ত্যাশু বায়সস্বরসন্নিভঃ। খরস্বরসমো বহ্নের্ধ্বনিঃ সর্ব্ববিনাশকৃৎ। পূতিগন্ধো হুতভুজো হোতুর্দ্দুঃখপ্রদো ভবেৎ। ছিন্না বৃত্তা শিখা কুর্য্যাৎ মৃত্যুং ধনপরিক্ষয়ং। শুকপক্ষনিভো ধূমঃ পারাবতসমপ্রভঃ। হানিং তুরগজাতীনাং গবাঞ্চ

দিতে হইবে। গুগ্‌গুলুহোমে বদরীপ্রমাণ এবং হিঙ্গুহোমেও ঐরূপ পরিমাণ জানিবে। চন্দন, অগুরু, কর্পূর, কস্তূরী ও কুঙ্কুমদ্বারা হোম করিতে হইলে তিন্তীড়ীবীজপরিমাণে আহুতি প্রদান করিবে। সমিধদ্বারা হোমসময়ে অগ্নিদেবকে অবস্থিত ধ্যান করিবে। এইরূপ আজ্যহোমে শয়ান এবং অন্যান্য দ্রব্যদ্বারা হোম করিতে হইলে বৈশ্বানরকে উপবিষ্ট ধ্যান করিয়া হোম করা বিধেয়। পণ্ডিতগণ সর্ব্বকার্য্যেই অগ্নির মুখমধ্যে আহুতি প্রদান করিবেন। কর্ণপ্রদেশে আহুতি দিলে হোমকর্ত্তার পীড়া হয়। এইরূপ নেত্রহোমে অন্ধতা, নাসিকাহোমে মনঃ পীড়া এবং মস্তকে আহুতি দিলে ধন সংক্ষয় হইয়া থাকে। যে ভাগে কাষ্ঠ সেই ভাগের নাম অগ্নির কর্ণ, যে ভাগে ধূম সেই ভাগ নাসিকা, যে ভাগে অল্প জ্বলন সেই ভাগ নেত্র, যে ভাগে অঙ্গার সেই ভাগ মস্তক এবং যে ভাগে সমুজ্জ্বলশিখা সেই ভাগই অগ্নির জিহ্বা অতএব প্রজ্বলিত শিখাভাগে আহুতি দিতে হইবে। হোমকালে যদি অগ্নির বর্ণ সুবর্ণ, সিন্দূর, বালার্ক, কিম্বা মধুর ন্যায় হয়, তাহাহইলে সেই হোমে অগ্নিদেব শুভ ফলপ্রদান করেন, হোমসময়ে নাগকেশর, চম্পক, পুন্নাগ, পাটল, যূথিকা, পদ্ম, ইন্দীবর, কহ্লার, ঘৃত অথবা গুগ্‌গুলুর ন্যায় অগ্নির গন্ধ হইলে সেই হোম শুভাবহ হয়। দক্ষিণাবর্ত্ত, কম্পবিহীন ও ছত্রাকৃতি অগ্নির শিখা যজমানের শুভপ্রদ, বিশেষতঃ রাজ্যেরও শুভবৃদ্ধি হইয়া থাকে। হোমকালে অগ্নির ধূম কুন্দপুষ্প ও ইন্দুবৎ ধবলবর্ণ হইলে, সেই হোম শুভসাধন করে। হোম সময়ে অগ্নি কৃষ্ণবর্ণ হইলে সেই হোম যজমানকে বিনাশ করে। হোম সময়ে অগ্নির বর্ণ শুভ্র হইলে রাজ্য নষ্ট হয়। যদি হোমকালে অগ্নি হইতে কাক অথবা গর্দ্দভের শব্দের ন্যায় শব্দ হয়, তাহাহইলে সেই হোমে সকল বিনাশ পায়। হোমকালে অগ্নি হইতে দুর্গন্ধ বহির্গত হইলে যজমানের দুঃখ হইয়া থাকে। হোম সময়ে অগ্নির শিখা ছিন্ন অথবা বৃত্তাকার হইলে যজমানের ধনক্ষয় ও মৃত্যু হয়। হোমকালে অগ্নি শুকপক্ষীর পক্ষ অথবা পারাবতের ন্যায় বর্ণবিশিষ্ট

কুরুতেঽচিরাৎ। এবংবিধেষু দোষেষু প্রায়শ্চিত্তায় দেশিকঃ। মূলেনাজ্যেন জুহুয়াৎ পঞ্চবিংশতিমাহুতীঃ। ইতি হোমপ্রকরণং সমাপ্তং॥

অথ ষট্কর্ম্মলক্ষণং। সারদায়াং—অথাভিধাস্যে তন্ত্রেঽস্মিন্ সম্যক্ ষট্কর্ম্মলক্ষণং। সর্ব্বতন্ত্রানুসারেণ প্রয়োগফলসিদ্ধিদং। শান্তিবশ্যস্তম্ভনানি বিদ্বেষোচ্চাটনে ততঃ। মারণান্তানি সংশন্তি ষট্কর্ম্মাণি মনীষিণঃ। রোগকৃত্যাগ্রহাদীনাং নিরাসঃ শান্তিরীরিতা। বশ্যং জনানাং সর্ব্বেষাং বিধেয়ত্ব-মুদীরিতং। প্রবৃত্তিরোধঃ সর্ব্বেষাং স্তম্ভনং তদুদীরিতং। স্নিগ্ধানাং দ্বেষজননং মিথো বিদ্বেষণং মতং। উচ্চাটনং স্বদেশাদের্ভ্রংশনং পরিকীর্ত্তিতং। প্রাণিনাং প্রাণহরণং মারণং তদুদাহৃতং। স্বদেবতাদিক্কালাদীন্ জ্ঞাত্বা সর্ব্বাণি সাধয়েৎ। রতির্ব্বাণী রমা জ্যেষ্ঠা দুর্গা কালী যথাক্রমং। ষট্কর্ম্মদেবতাঃ প্রোক্তাঃ কর্ম্মাদৌ তাঃ প্রপূজয়েৎ। ঈশচন্দ্রেন্দ্রনির্ঋতিবায়্বগ্নীনাং দিশো মতাঃ। সূর্য্যোদয়ং সমারভ্য ঘটিকাদশকং ক্রমাৎ। ঋতবঃ স্যুর্ব্বসন্তাদ্যা অহোরাত্রং দিনে দিনে। বসন্তগ্রীষ্মবর্ষাখ্য-শরদ্ধেমন্তশিশিরাঃ। যদ্বা—অর্দ্ধরাত্রং শরৎকালো হেমন্তশ্চ প্রভাতকং। পূর্ব্বাহ্নে চ বসন্তঃ স্যান্মধ্যাহ্নে গ্রীষ্মএব চ। প্রাবৃড়্রূপোঽপরাহ্নঃ স্যাৎ প্রদোষঃ শিশিরঃ স্মৃতঃ। অথবা—উষাযোগে চ হেমন্তঃ প্রভাতে

হইলে যজমানের অশ্ব এবং গো অচিরে বিনাশ পায়। হোমসময়ে এই সকল দোষের কোন একটি দোষ লক্ষিত হইলে সেই দোষের শান্তির নিমিত্ত প্রায়শ্চিত্ত স্বরূপ পঞ্চবিংশতি বার আজ্যাহুতি প্রদান করিতে হইবে॥

অনন্তর ষট্কর্ম্মলক্ষণ বিবৃত হইতেছে,—সারদাতন্ত্রে লিখিত আছে যে, এই তন্ত্রে সম্যকরূপে ষট্কর্ম্ম লক্ষণ বলিব। এই ষট্কর্ম্ম সর্ব্বতন্ত্রের অভিমত এবং ইহার প্রয়োগ করিলেই ফলসিদ্ধি হইয়া থাকে। শান্তিকর্ম্ম, বশীকরণ, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন ও মারণ এই ষড়বিধ কর্ম্মের নাম ষট্কর্ম্ম। যে কর্ম্মদ্বারা রোগ, কুকৃত্যা ও গ্রহদোষ নিবারণ হয়, তাহাকে পণ্ডিতগণ শান্তিকর্ম্ম বলিয়া থাকেন। সর্ব্বজনের বশ্যতা সাধনকর্ম্মের নাম বশীকরণ। যে কর্ম্মদ্বারা সকলের প্রবৃত্তি রোধ হয়, তাহাকে স্তম্ভনকার্য্য বলে। পরস্পর প্রণয়িগণের দ্বেষজনক যে কার্য্য তাহাই বিদ্বেষণ নামে বিখ্যাত। যে কার্য্য দ্বারা স্বদেশ হইতে নিরাস করা যায়, তাহাকে উচ্চাটন বলে। যে কার্য্যদ্বারা প্রাণিগণের প্রাণহরণ হয়, তাহার নাম মারণ। তত্তৎ কর্ম্মের দেবতা, দিক্ ও কালাদি পরিজ্ঞাত হইয়া ষট্কর্ম্মসাধন করিবে। শান্তিকার্য্যের দেবতা রতি, বশীকরণের দেবতা বাণী, স্তম্ভনকার্য্যের দেবতা রমা, বিদ্বেষণের জ্যেষ্ঠা, উচ্চাটনের দুর্গা এবং মারণকার্য্যের দেবতা কালী। এই সকল ষট্কর্ম্মের দেবতা কথিত হইল, সেই সেই কর্ম্মের আদিতে কর্ম্মোক্ত দেবতার পূজা করিয়া কার্য্যসাধন করিবে। ষট্কর্ম্মের প্রশস্ত দিক্ কথিত হইতেছে। শান্তিকার্য্যে ঈশানকোণ, বশীকরণে উত্তরদিক্, স্তম্ভনে পূর্ব্বদিক্ বিদ্বেষণে, নৈর্ঋতকোণ, উচ্চাটনে বায়ুকোণ এবং মারণকার্য্যে অগ্নিকোণ প্রশস্ত। দিবারাত্রের মধ্যে ছয় ছয় ঋতুর উদয় হয়,—সূর্য্যোদয় হইতে দশ দশ দণ্ডে এক এক ঋতুর গণনা করিবে। প্রথম দশদণ্ড বসন্ত ঋতু, দ্বিতীয় দশদণ্ড গ্রীষ্ম, তৃতীয় দশদণ্ড, বর্ষা, চতুর্থ দশদণ্ড, শরৎ, পঞ্চম দশদণ্ড হেমন্ত এবং ষষ্ঠ দশদণ্ড শিশির ঋতু জানিবে। প্রকারান্তরে—অর্দ্ধরাত্রি শরৎ, প্রভাতকাল হেমন্ত, পূর্ব্বাহ্ন বসন্ত, মধ্যাহ্ন গ্রীষ্ম, অপরাহ্ন

শিশিরাগমঃ। প্রহরার্দ্ধে বসন্তঃ স্যাৎ গ্রীষ্মোমধ্যন্দিনাগমে। তুর্য্যযামে চ বর্ষাখ্যঃ শরদস্তং গতে রবৌ ॥

অথ কালনিয়মঃ। হেমন্তঃ শান্তিকে প্রোক্তো বসন্তো বশ্যকর্ম্মণি। শিশিরঃ স্তম্ভনে জ্ঞেয়ো বিদ্বেষে গ্রীষ্ম ঈরিতঃ। প্রাবৃডুচ্চারণে জ্ঞেয়ঃ শরন্মারণকর্ম্মণি ॥

অথ তিথিনিয়মঃ। পঞ্চমী চ দ্বিতীয়া চ তৃতীয়া সপ্তমী তথা। বুধেজ্যবারসংযুক্তো বিজ্ঞেয়ো দ্বেষকর্ম্মণি। কৃষ্ণা চতুর্দ্দশী তদ্বদষ্টমী মন্দবারকাঃ। উচ্চাটনে তিথিঃ শস্তা প্রদোষে চ বিশেষতঃ। চতুর্দ্দশ্যষ্টমী কৃষ্ণা অমাবস্যা তথৈব চ। মন্দভৌমদিনোপেতা শস্তা মারণকর্ম্মণি। বুধচন্দ্রদিনোপেতা পঞ্চমী দশমী সিতা। পৌর্ণমাসী তু বিজ্ঞেয়া তিথিঃ স্তম্ভনকর্ম্মণি। শুভগ্রহোদয়ে কুর্য্যাৎ শুভানি চ শুভোদয়ে। রৌদ্রকর্ম্মাণি রিক্তার্কে মৃত্যু-যোগে চ মারণং। চামুণ্ডাতন্ত্রে—জপেৎ পূর্ব্বমুখো বশ্যে দক্ষিণস্যাভিচারকে। পশ্চিমে স্তম্ভনং বিদ্যাদুত্তরং শান্তিকং ভবেৎ। আকর্ষণমথাগ্নেয়ে নৈঋতে মারণং তথা। উচ্চাটনন্তু বায়ব্যে ঐশান্যাং মোক্ষদায়কং। তথাভিচারে কার্য্যা চ দক্ষিণাপ্লবনা মহী। বসনং লোহিতং প্রোক্তং উষ্ণীশং লোহিতং স্মৃতং। ভূষণং লৌহদ্রব্যেণ বামেন পূজনাদিকং। নরস্নায়ুবিশেষেণ মারণে রজ্জুরীরিতঃ। মৃতস্য যুদ্ধশূন্যস্য দন্তেন গর্দ্দভস্য বা। কৃত্বাক্ষমালাং

বর্ষা এবং প্রদোষকাল শিশির ঋতু। অথবা উষাকাল হেমন্ত, প্রভাতকাল শিশির, প্রহরার্দ্ধে বসন্ত, মধ্যাহ্নকাল গ্রীষ্ম, চতুর্থ যাম বর্ষা এবং রবির অস্তগমন সময় শরৎ ঋতু ॥

অনন্তর ষট্‌কর্ম্মের কালনিয়ম কথিত হইতেছে—শান্তিকর্ম্মে হেমন্ত, বশীকরণে বসন্ত, স্তম্ভনে শিশির, বিদ্বেষণে গ্রীষ্ম, উচ্চাটনে বর্ষা এবং মারণকার্য্যে শরৎ ঋতু প্রশস্ত। অনন্তর ষট্‌কর্ম্মের তিথিনিয়ম কথিত হইতেছে,—বুধ ও বৃহস্পতিবারে পঞ্চমী, দ্বিতীয়া, তৃতীয়া ও সপ্তমী তিথি বিদ্বেষণকার্য্যে প্রশস্ত। শনিবারযোগে কৃষ্ণা চতুর্দ্দশী ও কৃষ্ণা-ষ্টমী তিথিতে উচ্চাটন করিবে। বিশেষতঃ প্রদোষকালই উচ্চাটনের প্রশস্তকাল। মারণকার্য্যে শনি ও মঙ্গলবারে কৃষ্ণাষ্টমী, কৃষ্ণাচতুর্দ্দশী ও অমাবস্যা তিথি প্রশস্ত। চন্দ্র ও বুধবারে শুক্লা পঞ্চমী, শুক্লা দশমী ও পূর্ণিমাতে স্তম্ভনকার্য্য করিবে। শুভগ্রহের উদয়ে শান্তিপ্রভৃতি শুভকার্য্য এবং অশুভগ্রহের উদয়ে বিদ্বেষণাদি অশুভকার্য্য করিবে। এবং রিক্তাতিথিতে রবিবারে ও মৃত্যুযোগে মারণকার্য্য করা বিধেয়। চামুণ্ডাতন্ত্রে লিখিত আছে যে, বশীকরণকার্য্যে পূর্ব্বমুখে জপ করিবে। অভিচারকার্য্যে দক্ষিণমুখে, স্তম্ভনে পশ্চিমমুখে, শান্তিকার্য্যে উত্তরমুখে, আকর্ষণে অগ্নি-কোণাভিমুখে, মারণে নৈঋতাভিমুখে এবং উচ্চাটনে বায়ুকোণাভিমুখে জপ করিবে। ঈশানকোণাভিমুখে জপ করিলে মোক্ষলাভ হইয়া থাকে। মারণকার্য্যে বসন ও উষ্ণীশ প্রভৃতি সকলই লোহিত বর্ণের করিতে হইবে এবং লৌহনির্ম্মিত ভূষণে বিভূষিত হইয়া বাম হস্তে পূজনাদি করিবে। মারণকার্য্যে মনুষ্যের স্নায়ুবিশেষদ্বারা রজ্জু প্রস্তুত করিয়া সেই রজ্জুদ্বারা যুদ্ধ ভিন্ন মৃত ব্যক্তির অথবা গর্দ্দভের দন্তে জপমালা প্রস্তুত করিয়া শত্রুবধাভিলাষী ব্যক্তি

জপ্তব্যং শত্রূণাং বধমিচ্ছতা। ভগ্নেভ-দন্তমণিভির্জ্জপেদাকর্ষকর্ম্মণি। সাধ্যকেশসূত্রপ্রোথৈ-স্তুরঙ্গদশনোদ্ভবৈঃ। অক্ষমালাং সমালোক্য বিদ্বেষোচ্চাটনে তথা॥

অথ আসনং। পদ্মাখ্যং স্বস্তিকং ভূয়ো বিকটং কুক্কুটং পুনঃ। বজ্রং ভদ্রকমিত্যাহু-রাসনানি মনীষিণঃ। পদ্মাসনন্তু সংযোজ্য জানূর্ব্বে-রন্তরে করৌ। নিবেশ্য ভূমৌ সংস্থাপ্য ব্যোমস্থং কুক্কুটাসনং। অন্যানি বক্তব্যানি। ষণ্মুদ্রাঃ ক্রমতো জ্ঞেয়াঃ পদ্মপাশগদাহ্বয়াঃ। মুষলাশনিখড়্গাখ্যাঃ শান্তিকাদিষু কর্ম্মসু। জলং শান্তিবিধৌ শস্তং বশ্যে বহ্নি রুদীরিতঃ। স্তম্ভনে পৃথিবী শস্তা বিদ্বেষে ব্যোম কীর্ত্তিতং। উচ্চাটনে স্মৃতো বায়ুর্ভূয়োঽগ্নির্মারণে স্মৃতঃ। তত্তদ্ভূতোদয়ে সম্যক্ তত্তন্মণ্ডলসংযুতং। তত্তৎ কর্ম্ম বিধাতব্যং মন্ত্রিণা নিশ্চিতাত্মনা। শীতাংশু-সলিল-ক্ষৌণী-ব্যোমবায়ু-হবির্ভুজাং। মন্ত্রাঃ স্যুর্ব্বর্ণবীজানি ষট্কর্ম্মসু যথাক্রমং। গ্রথনঞ্চ বিদর্ভঞ্চ সংপুটো রোধনস্তথা। যোগঃ পল্লব ইত্যেতে বিন্যাসাঃ ষট্সু কর্ম্মসু। মন্ত্রেণান্তরিতান্ কুর্য্যান্নামবর্ণান্ যথাবিধি। গ্রথনং তদ্বিজানীয়াৎ প্রশস্তং শান্তিকর্ম্মণি। মন্ত্রার্ণদ্বয়মধ্যস্থং সাধ্যনামাক্ষরং লিখেৎ। বিদর্ভএষ বিজ্ঞেয়ো মন্ত্রিভির্ব্বশ্যকর্ম্মণি। আদ্যা-বন্তে চ মন্ত্রঃ স্যান্নাম্নোঽসৌ সংপুটঃ স্মৃতঃ। এষ স্যাৎ স্তম্ভনে শস্ত ইত্যুক্তো মন্ত্রবেদিভিঃ।

জপ করিবে। আকর্ষণ ও উচ্চাটনকার্য্যে সাধ্যব্যক্তির কেশদ্বারা অশ্বদন্তনির্ম্মিত মালা গ্রন্থন করিয়া সেই মালায় জপ করিতে হইবে।

এইরূপ ষট্কর্ম্মের আসন কথিত হইতেছে। পদ্মাসন, স্বস্তিকাসন, বিকটাসন, কুক্কুটাসন, বজ্রাসন ও ভদ্রাসন এই ষড়্বিধ আসন ষট্কর্ম্মে প্রশস্ত। পদ্মাসন যোজনা করিয়া জানু ও উরুর মধ্যে হস্তদ্বয় প্রবেশনপূর্ব্বক ভূমিতে সংস্থাপন করিয়া শূন্যে অবস্থান করিবে। ইহাকে কুক্কুটাসন বলে। অন্যান্য আসন পরে বিবৃত হইবে। এইরূপ ষট্কর্ম্মের ষড়্বিধ মুদ্রা কথিত হইতেছে। পদ্ম, পাশ, গদা, মুষল, বজ্র ও খড়্গ এই ষড়্বিধ মুদ্রা ষট্কর্ম্মে প্রশস্ত। শান্তিকার্য্যে পদ্মমুদ্রা, বশীকরণে পাশমুদ্রা, স্তম্ভনকার্য্যে গদামুদ্রা, বিদ্বেষণে মুষলমুদ্রা, উচ্চাটনে বজ্রমুদ্রা এবং মারণে খড়্গমুদ্রা বিহিত। এই সকল মুদ্রার প্রমাণ পরে কথিত হইবে। জলতত্ত্ব, বহ্নিতত্ত্ব, পৃথ্বীতত্ত্ব, আকাশতত্ত্ব, ও বায়ুতত্ত্ব এই পঞ্চতত্ত্বের উদয় বিবেচনা করিয়া শান্তিকাদি ষট্কর্ম্ম করিবে। শান্তিকার্য্যে জলতত্ত্ব, বশীকরণে বহ্নি-তত্ত্ব, স্তম্ভনে পৃথ্বীতত্ত্ব, বিদ্বেষে আকাশতত্ত্ব, উচ্চাটনে বায়ুতত্ত্ব এবং মারণে বহ্নিতত্ত্ব প্রশস্ত। এইরূপে পঞ্চতত্ত্বের উদয় ও পঞ্চভূতের মণ্ডল জানিয়া ষট্কর্ম্ম সাধন করিবে। ঠং, বং, লং, হং, যং, রং এই ষড়্বিধ বীজ ষট্কর্ম্মে প্রশস্ত। গ্রথন, বিদর্ভ, সংপুট, রোধন, যোগ ও পল্লব এই ষড়্বিধ মন্ত্রবিন্যাস উক্ত আছে। ষট্কর্ম্মে উক্ত ষট্প্রকার মন্ত্র-বিন্যাস করিয়া কার্য্যসাধন কবিতে হয়। ষট্কর্ম্মের সাধ্য ব্যক্তির নামের বর্ণ সকলকে মন্ত্রদ্বারা পুটিত করিয়া লিখিবে, ইহারই নাম গ্রথন। শান্তিকার্য্যে এই গ্রথনবিন্যাস প্রশস্ত। মন্ত্রবর্ণদ্বয়ের মধ্যে সাধ্য ব্যক্তির নামাক্ষর লিখিবে, ইহাকে বিদর্ভ বলে। বশীকরণকার্য্যে এইরূপে মন্ত্রের বিদর্ভবিন্যাস অবশ্য করিবে। সাধ্য ব্যক্তির নামের আদিতে ও অন্তে মন্ত্র লিখিলেই মন্ত্রের সংপুটবিন্যাস হয়। মন্ত্রবিৎ পণ্ডিতগণ স্তম্ভনকার্য্যে এইরূপে মন্ত্রের সংপুটবিন্যাস

অনন্তর বৈষ্ণবদিগের দ্বাদশপ্রকার শুদ্ধি কথিত হইতেছে। বিষ্ণুর গৃহোপসর্পণ, অনুগমন ও ভক্তিপূর্ব্বক প্রদক্ষিণ এই সকল কার্য্যদ্বারা পাদদ্বয়শুদ্ধি হয়। হরির পূজার জন্যে পত্র পুষ্পাদি সংগ্রহ এবং প্রতিমূর্ত্তির উত্তোলন করিলে করদ্বয় শুদ্ধি হইয়া থাকে। এই শুদ্ধি সর্ব্বপ্রকার শুদ্ধি হইতে প্রধান। ভক্তিপূর্ব্বক হরির নাম-সঙ্কীর্ত্তন ও গুণানুকীর্ত্তন করিলে বাক্যশুদ্ধি হয়। হরির কথাশ্রবণ এবং উৎসবদর্শনদ্বারা কর্ণ ও নেত্রশুদ্ধি হয়। হরির পাদোদক, নির্ম্মাল্য ও মালাধারণ করিয়া তাহাকে নমস্কার করিলে শিরঃশুদ্ধি হইয়া থাকে। অনন্তদেবের নির্ম্মাল্য গন্ধপুষ্পাদি আঘ্রাণ করিলে নাসিকাশুদ্ধি হয়। যে সকল পত্রপুষ্পাদি শ্রীকৃষ্ণের পাদযুগলে অর্পিত হয়,

তদেকং পাবনং লোকে তদ্ধি সর্ব্বং বিশোধয়েৎ। ললাটে চ গদা কার্য্যা মূর্দ্ধ্নি চাপং শরাং-স্তথা। নন্দকঞ্চৈব হৃন্মধ্যে শঙ্খং চক্রং ভুজদ্বয়ে। শঙ্খচক্রাঙ্কিতো বিপ্রঃ শ্মশানে ম্রিয়তে যদি। প্রয়াগে যা গতিঃ প্রোক্তা সা গতিস্তস্য গোতম। তন্ত্রান্তরে—যানৈর্ব্বা পাদুকা-ভির্ব্বা যানং ভগবতো গৃহে। দেবোৎসবেষ্বসেবা চ অপ্রণামস্তদগ্রতঃ। উচ্ছিষ্টে চৈব চাশৌচে ভগবদ্বন্দনাদিকং। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং। পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্ক-বন্ধনং। শয়নং ভক্ষণঞ্চৈব মিথ্যাভাষণমেব চ। উচ্চৈর্ভাষো মিথো-জল্পরোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রেহে চৈব স্ত্রীষু চ ক্রূরভাষণং। কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ুবিমোক্ষণং। শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণং। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং। বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনস্য চ। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। গুরৌ মৌনং নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা অপরাধাস্তথা বিষ্ণোর্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ। ইদমুপলক্ষণং। বাশিষ্ঠে—কেশবাগ্রে নৃত্যগীতং ন করোতি হরের্দ্দিনে। বহ্নিনা কিং ন দগ্ধোঽসৌ গতঃ কিং ন রসাতলং। নারদীয়ে—স্মরণং কীর্ত্তনং বিষ্ণোঃ কলৌ মন্ত্রজপাদিকং। দানস্য প্রীতয়ে তস্য নান্যথা গতিরিষ্যতে। গৌতীয়ে—শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষে-

---

সেই সকল পত্রপুষ্পাদি পরমপবিত্র, তদ্দ্বারাই লোকের সকল দ্রব্যের বিশুদ্ধি হইয়া থাকে। ললাটে গদা, মস্তকে চাপ ও শর, হৃদয়ে কৌস্তুভ, ভুজদ্বয়ে শঙ্খ ও চক্র অঙ্কিত করিবে। ব্রাহ্মণ এইরূপে অঙ্গেতে তিলকাদি অঙ্কিত করিয়া যদি শ্মশানেও প্রাণত্যাগ করে, তাহা হইলে প্রয়াগতীর্থে মরণে যেরূপ সদ্গতি হয়, তাহারও সেইরূপ সদ্গতি হইয়া থাকে। দেবতার গৃহে যানারোহণে অথবা সপাদুকপদে গমন, দেবোৎসবে অসেবা ও দেবতার নিকট উপস্থিত হইয়া নমস্কার না করা, উচ্ছিষ্টমুখে অথবা অশৌচকালে দেবতার বন্দনা, এক হস্তে দেবনমস্কার, দেবসমক্ষে প্রদক্ষিণ, দেবাগ্রে পাদপ্রসারণ, পর্য্যাঙ্কারোহণ, দেবতার সমক্ষে শয়ন, ভোজন, মিথ্যাকথন, উচ্চৈঃস্বরে বাক্যপ্রয়োগ, পরস্পর কথোপকথন, রোদন, কলহ, নিগ্রহে ও অনুগ্রহে স্ত্রীরপ্রতি কর্কশভাষণ, আপন অঙ্গে কম্বলাবরণ, পরনিন্দা, পরস্তুতি, অশ্লীলভাষণ, অধোবায়ুনিঃসারণ, শক্তিসত্ত্বে গৌণোপচারকল্পনা, দেবতার অনিবেদিত দ্রব্যভক্ষণ, যথাকালোৎপন্ন দ্রব্যের সেই সেই সময়ে অপ্রদান, অন্যের অবশিষ্ট বস্তু দেবতাকে নিবেদন, সুস্পষ্টআসনে উপবেশন, একদেবতার নিকটে অন্যদেবতার নিন্দা, অন্যদেবতার স্তব, গুরুসমীপে মৌনভাব, নিজপ্রশংসা, ও দেবতার নিন্দা তন্ত্রান্তরে এই দ্বাত্রিংশৎ অপরাধ কীর্ত্তিত আছে। বশিষ্ঠসংহিতায় জানা যায় যে, হরির পর্ব্বউপলক্ষে যে ব্যক্তি কেশবের নিকট নৃত্যগীতাদি দ্বারা ভক্তি-প্রদর্শন না করে, তাহাকে কি অগ্নিদগ্ধ করে না এবং সেকি রসাতলগামী হয় না? অর্থাৎ উক্তব্যক্তি অগ্নিতে দগ্ধ হইয়া নরকে গমন করে। নারদীয়তন্ত্রে লিখিত আছে যে, যেব্যক্তি কলিকালে হরিরপ্রীত্যর্থে বিষ্ণুর স্মরণ, হরিনামকীর্ত্তন, হরিমন্ত্রজপ ও দান করে, তাহার সদ্গতি হয়। গৌতমীয়তন্ত্রের প্রমাণে জানাযায় যে, যেব্যক্তি শালগ্রামশিলার স্নানাবশিষ্ট জল পান না করিয়া কেবল মস্তকে নিক্ষেপ করে, সেই ব্যক্তি নিশ্চয়

পণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে। বিষ্ণোঃ পাদোদকং পীতং কোটিজন্মাঘনাশনং। তদে-বাষ্টগুণং পাপং ভূমৌ বিন্দুনিপাতনাৎ। ধারণমন্ত্রস্তু—অকালমৃত্যুহরণং সর্ব্বব্যাধিবিনা-শনং। বিষ্ণুপাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং। অগস্ত্যে—হত্যাং হন্তি যদঙ্ঘ্রিজাপি তুলসী স্তেয়ঞ্চ তোয়ং পদে নৈবেদ্যং বহুমদ্যপানজনিতং গুর্ব্বঙ্গনাসঙ্গজং। শ্রীশাধীননতিঃ স্থিতি-র্হরিজনৈস্তৎসঙ্গজং কিল্বিষং শালগ্রামশিলানৃসিংহমহিমা কোঽপ্যেষ লোকোত্তরঃ। সনৎ-কুমারে—কেশবাগ্রে নৃত্যগীতং যঃ করোতি কলৌ নরঃ। পদে পদেঽশ্বমেধস্য ফলমাপ্নোতি নিত্যশঃ। বাশিষ্ঠে—সুপ্তঃ প্রবোধকালশ্চ মন্ত্রাণামভিধীয়তে। মন্ত্রবিদ্যাবিভাগেনদ্বিবিধা মন্ত্রজাতয়ঃ। মন্ত্রাঃ পুংদেবতাঃ প্রোক্তাঃ বিদ্যাঃ স্ত্রীদেবতাঃ স্মৃতাঃ। স্ত্রীপুংনপুংসকা ত্মানো মন্ত্রাঃ সর্ব্বে সমীরিতাঃ। পুংমন্ত্রা হুঁফড়ন্তাঃ স্যুর্দ্বিঠান্তাঃ স্যুঃ স্ত্রিয়োমতাঃ। নপুং-সকা নমোঽন্তাঃ স্যুরিত্যুক্তা মনবস্ত্রিধা। এতচ্ছূন্যা ভবেদ্বিদ্যা মহাশব্দেতি গীয়তে। এবং মন্ত্রেঽপি—অগ্নীসোমাত্মকা মন্ত্রা বিজ্ঞেয়াঃ ক্রূরসৌম্যয়োঃ। কর্ম্মণোর্ব্বহ্নিতারান্ত্যবিয়ৎ-প্রায়াঃ সমীরিতাঃ। আগ্নেয়া মনবঃ সৌম্যা ভূয়িষ্ঠেন্দ্বমৃতাক্ষরাঃ। আগ্নেয়াঃ সংপ্রবু-ধ্যন্তে প্রাণে চরতি দক্ষিণে। ভাগেঽন্যস্মিন্ স্থিতে প্রাণে সৌম্যা বোধং প্রয়ান্তি হি। নাড়ীদ্বয়

ব্রহ্মবধের পাপভাগী হয়। বিষ্ণুর পাদোদক পান করিলে কোটিজন্মের পাপ বিনষ্ট হয়, কিন্তু যদি ঐ পাদোদক-বিন্দু ভূমিতে পতিত হয়, তাহাহইলে পাপ নষ্টহওয়া দূরে থাকুক, তদপেক্ষা অষ্টগুণ পাপ হইয়া থাকে। অকালমৃত্যুবিনাশন ও সর্ব্বরোগশান্তিকারক এই বিষ্ণুপাদোদক পান করিয়া মস্তকে ধারণ করিতেছি, এই মন্ত্রে বিষ্ণুর পাদোদক গ্রহণ করিবে। অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে, বিষ্ণুর পাদার্পিত তুলসী হত্যাজনিত পাপ বিনাশ করে, পাদোদক গ্রহণ করিলে গুরুপত্নীগমনজন্য পাপ নষ্ট হয়, হরিভক্তজনের সহিত সহবাস করিলে অসৎসঙ্গজনিত দুষ্কৃত নিবারণ হইয়া থাকে, অতএব শালগ্রামশিলারূপী নৃসিংহদেবের মহিমা কেহ জানিতে পারে না, ইহাঁর মাহাত্ম্য লোকাতীত। সনৎকুমারতন্ত্রে লিখিত আছে যে, কলিকালে যে মনুষ্য কেশবের সমীপে নৃত্যগীত করে, সেই ব্যক্তি প্রতিদিন পদেপদে অশ্বমেধযজ্ঞের ফল পায়। বশিষ্ঠসংহিতায় লিখিত আছে যে, মন্ত্রসকলের সুপ্ত ও প্রবোধ এই দ্বিবিধ অবস্থানুসারে কার্য্য করিবে এবং মন্ত্রসকল মন্ত্র ও বিদ্যাভেদে দ্বিবিধরূপে উক্ত হইয়া থাকে। যে সকল মন্ত্র পুংদৈবত, তাহাদিগকে মন্ত্র আর যে সকল মন্ত্র স্ত্রীদৈবত, তাহাদিগকে বিদ্যা বলা যায়। সকলমন্ত্রই স্ত্রী, পুরুষ ও নপুংসক বলিয়া কথিত আছে। যে সকল মন্ত্র হুঁফড়ন্ত, তাহারা পুরুষ, যে সকল মন্ত্রের অন্তে স্বাহা শব্দ আছে, তাহারা স্ত্রী এবং নমোঽন্তমন্ত্র নপুংসক বলিয়া উক্ত হয়। এইরূপে মন্ত্রসকলই ত্রিবিধ বলিয়া জানিবে। এতদ্ভিন্নিক মন্ত্রকে মহাবিদ্যা বলা যায়। মন্ত্রসকল আবার অগ্নীসোমাত্মকভেদে দ্বিবিধ। কতকমন্ত্র অগ্ন্যাত্মক এবং কতকমন্ত্র সোমাত্মক, মারণাদি ক্রূরকর্ম্মে অগ্ন্যাত্মকমন্ত্র এবং শান্ত্যাদি সৌম্যকার্য্যে সোমাত্মক মন্ত্র প্রশস্ত। যে সকল মন্ত্রে র, ওঁ ও ব এইসকল বর্ণের আধিক্য থাকে, সেই সকল মন্ত্রই আগ্নেয়াত্মক আর যে সকলমন্ত্রে সকার ও বকারের বাহুল্য থাকে, সেই সকল মন্ত্রই সোমাত্মক। যখন দক্ষিণনাসাতে প্রাণবায়ুর সঞ্চার থাকে, তখনই আগ্নেয়মন্ত্রের এবং বামনাসিকাতে বায়ুসঞ্চারের সময়ই সৌম্যমন্ত্রের প্রবোধকাল জানিবে। যে সময় উভয়নাসাতে

গতে প্রাণে সর্ব্বে বোধং প্রয়ান্তি তে। প্রয়চ্ছন্তি ফলং সর্ব্বে প্রবুদ্ধা মন্ত্রিণাং সদা। যথা— প্রাণাপানসমাযোগাৎ শিবশক্ত্যোশ্চ মেলনং। প্রবোধকালোবিজ্ঞেয়ঃ স্বাপকালস্ততঃপরং। তথা—বামবাহোযদা বায়ুর্হ্রস্বানাং যোজনং তদা। দক্ষিণস্থাং যদা বায়ু স্তদা দীর্ঘাণি-যোজিতা। উভয়স্থো যদাবায়ু স্তদাস্যাদুভয়াত্মকঃ। সংপুটীকৃত্য মন্ত্রেণ আদিলন্তান্ সবিন্দুকান্। পুনশ্চ সবিসর্গান্তান্ ক্ষকারং কেবলং জপেৎ। এবং জপ্তোপদিষ্টশ্চেৎ প্রবুদ্ধঃ শীঘ্রসিদ্ধিদঃ। ইতি স্বপ্তপ্রবোধকালঃ॥

অথ যোগাঙ্গাসনানি। পদ্মাসনং স্বস্তিকাখ্যং ভদ্রং বজ্রাসনন্তথা। বীরাসনমিতি প্রোক্তং ক্রমাদাসনপঞ্চকং। উর্ব্বোরুপরি বিন্যস্য সম্যক্ পাদতলে উভে। অঙ্গুষ্ঠৌ চ নিগ্নীয়াদ্ধ-স্তাভ্যাং ব্যুৎক্রমাত্ততঃ। পদ্মাসনমিদং প্রোক্তং যোগিনাং হৃদয়ঙ্গমং। ১। জানূর্ব্বোরন্তরে সম্যক্ কৃত্বা পাদতলে উভে। ঋজুকায়ো বিশেদ্‌যোগী স্বস্তিকং তৎ প্রচক্ষ্যতে। ২। সীবন্যাঃ পার্শ্বয়োর্ম্মধ্যেন্যসেদ্‌গুল্‌ফযুগ্মং সুনিশ্চলং। বৃষণাধঃ পার্শ্বপাদৌ পাণিভ্যাং পরি-বন্ধয়েৎ। ভদ্রাসনং সমুদ্দিষ্টং যোগিভিঃ পরিকল্পিতং। ৩। উর্ব্বোঃ পাদৌ ক্রমান্ন্যস্য

সমভাবে প্রাণবায়ুরসঞ্চার হয়, সেই সময়ে উভয় মন্ত্রই প্রবুদ্ধ থাকে। যে সময়ে মন্ত্র প্রবুদ্ধ থাকে, সেই সময়ে মন্ত্র জপ করিলেই সেই মন্ত্র ফলপ্রদান করে। অথবা প্রাণ ও অপানবায়ুর যোগ হইলেই শিবশক্তির মিলন হয়, অতএব এই সময়ই মন্ত্রের প্রবোধকাল জানিবে। উক্তপ্রবোধকালের অন্য সময়েই মন্ত্র সুপ্ত থাকে। প্রসুপ্তমন্ত্র কখনও ফলপ্রদান করিতে পারে না। অথবা বামবাহী বায়ু হ্রস্বের যোজনা করে এবং দক্ষিণবাহী বায়ু দীর্ঘের যোজনা করিয়া থাকে, উভয়বহবায়ু সর্ব্বদা উভয়াত্মক থাকে। মন্ত্রের পারিভাষিক প্রবোধকাল এই—মন্ত্রদ্বারা অকারাদি লকারপর্য্যন্তমাতৃকাবর্ণসকলকে পুটিত ও বিন্দুযোগ করিয়া জপকরিবে, অর্থাৎ প্রথমে মন্ত্র তৎপরে সবিন্দু অকারাদি লকারান্ত বর্ণ ও ক্ষকার অবশেষে মন্ত্র এইরূপ জপ করিবে। পুনর্ব্বার প্রথমে মন্ত্র, পরে সবিসর্গ অকারাদি লকারান্ত বর্ণ ও ক্ষকার অবশেষে মন্ত্র এইপ্রকারে জপ করিতে হইবে। অকারাদিলকারান্ত বর্ণে বিন্দু ও বিসর্গ যোগ করিতে হইবে, ক্ষকারে বিন্দু বা বিসর্গ কিছুই যোগ করিবে না। এইরূপে উপদিষ্ট ও প্রবুদ্ধমন্ত্র প্রবুদ্ধ হইয়া শীঘ্র সিদ্ধিপ্রদান করে।

অনন্তর যোগের আসন সকল কথিত হইতেছে। পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, বজ্রাসন ও বীরাসন। যোগ-সিদ্ধিবিষয়ে এই পঞ্চপ্রকার আসন কথিত আছে। দক্ষিণউরুর উপরি বামপাদতল এবং বামউরুর উপরি দক্ষিণ-পাদতল বিন্যস্ত করিয়া দক্ষিণহস্ত দ্বারা বামপাদাঙ্গুষ্ঠ এবং বাম হস্তদ্বারা দক্ষিণ পাদাঙ্গুষ্ঠ ধারণকরতঃ উপবেশন করিলে পদ্মাসন হয়। এই আসন যোগিগণের অতিপ্রিয়। ১। দক্ষিণজানু ও উরুর অভ্যন্তরে বামপাদতল এবং বাম-উরু ও জানুর অভ্যন্তরে দক্ষিণপাদতল প্রবিষ্ট করিয়া সরলভাবে উপবেশন করিলে স্বস্তিকাসন হইয়া থাকে। ২। সীবনীর উভয়পার্শ্বে গুল্‌ফদ্বয় বিন্যস্ত করিয়া কোষের অধোভাগে উভয়পার্শ্বে হস্তদ্বারা পাদদ্বয় বদ্ধ করিবে। এই-রূপ আসনকে যোগিগণ ভদ্রাসন বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ৩। উরুদ্বয়ের উপরি পাদদ্বয় বিন্যস্ত করিয়া জানুদ্বয়ের

জানুনোঃ প্রাঙ্‌মুখাঙ্গুলী। করৌ নিদধ্যাদাখ্যাতং বজ্রাসনমনুত্তমং। ৪। একং পাদমধঃ কৃত্বা বিন্যস্যোরৌ তথেতরং। ঋজুকায়োবিশেন্মন্ত্রী বীরাসনমিতিরীতং। ৫॥

অথ মুদ্রাপ্রকরণং। মুদ্রাপদব্যুৎপত্তিমাহ তন্ত্রে—মোদনাৎ সর্ব্বদেবানাং দ্রাবণাৎ পাপসন্ততেঃ। তস্মান্মুদ্রেতি বিখ্যাতা মুনিভিস্তন্ত্রবেদিভিঃ। অথ মুদ্রাঃ প্রবক্ষ্যামি সর্ব্বতন্ত্রেষু কল্পিতাঃ। যাভির্ব্বিরচিতাভিশ্চ মোদন্তে মন্ত্রদেবতাঃ। অর্চ্চনে জপকালে চ ধ্যানে কাম্যে চ কর্ম্মণি। স্নানে চাবাহনে শঙ্খে প্রতিষ্ঠায়াঞ্চ রক্ষণে। নৈবেদ্যে চ তথান্যত্র তত্তৎকল্পপ্রকাশিতে। স্থানে মুদ্রাঃ প্রদ্রষ্টব্যাঃ স্বস্বলক্ষণলক্ষিতাঃ। আবাহন্যাদিকামুদ্রা নব সাধারণীমতা। তথা ষড়ঙ্গমুদ্রাশ্চ সর্ব্বমন্ত্রেষু যোজয়েৎ। একোনবিংশতির্মুদ্রা বিষ্ণোরুক্তা মণীষিভিঃ। শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বেণু-শ্রীবৎসকৌস্তুভাঃ। বনমালা তথাজ্ঞানমুদ্রা বিল্বাহ্বয়া তথা। গরুড়াখ্যা পরামুদ্রা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী। নারসিংহী চ বারাহী হায়গ্রীবী ধনুস্তথা। বাণমুদ্রা ততঃ পরশুর্জ্জগন্মোহনিকা পরা। কামমুদ্রা পরাখ্যাতা শিবস্য দশ মুদ্রিকাঃ। লিঙ্গযোনিত্রিশূলাখ্যা মালেষ্টাভীমৃগাহ্বয়াঃ। খট্টাঙ্গা চ কপালাখ্যা ডমরুঃ শিবতোষদাঃ। সূর্য্যস্যৈকৈব পদ্মাখ্যা সপ্তমুদ্রা গণেশতুঃ। দন্তপাশাঙ্কুশা বিঘ্নপরশু-লড্ডুকসংজ্ঞিতাঃ। বীজপূরাহ্বয়া মুদ্রা বিজ্ঞেয়া বিঘ্নপূজনে। পাশাঙ্কুশ-বরাভীতি-খড়্গচর্ম্ম-ধনুঃ-শরাঃ। মৌষলী মুদ্রিকা দৌর্গা মুদ্রাঃ শক্তেঃ প্রিয়ঙ্করাঃ। লক্ষ্মীমুদ্রার্চ্চনে লক্ষ্মী বাগ্বাদিন্যাশ্চ পূজনে। অক্ষমালা তথা বীণা ব্যাখ্যা পুস্তকমুদ্রিকা। সপ্তজিহ্বাহ্বয়া

উপরি হস্তদ্বয় রাখিবে, এই এইরূপ আসনকে বজ্রাসন বলে। ৪। একপাদ ভূমিতে রাখিয়া অপরপাদ অন্য উরুর উপরি রাখিবে। এইরূপ আসনকে বীরাসন বলা যায়॥ ৫॥

অনন্তর মুদ্রাপ্রকরণ কথিত হইতেছে।—মুদ্রাসকল দেবগণের আমোদবর্দ্ধন করিয়া সর্ব্বপ্রকার পাপ নিবারণ করে, এই নিমিত্ত তন্ত্রবেত্তা মুনিগণ "মুদ্রা" এই সংজ্ঞা করিয়াছেন। মহেশ্বর বলিয়াছেন, অনন্তর সর্ব্বতন্ত্রে সুগোপিত বিবিধ মুদ্রা বলিব। অর্চ্চনাকালে এই সকল মুদ্রাবন্ধন করিলে দেবগণ সন্তুষ্ট থাকেন। পূজাতে, জপকালে, ধ্যানে কাম্যকর্ম্মে, স্নানে, আবাহনে, শঙ্খস্থাপনাতে, প্রাণপ্রতিষ্ঠায়, রক্ষণে, নৈবেদ্যে এবং অন্যান্য কল্পোক্ত কার্য্যে স্বস্বলক্ষণে লক্ষিত মুদ্রাপ্রদর্শন অবশ্য কর্ত্তব্য। আবাহনীপ্রভৃতি নবপ্রকার মুদ্রা সর্ব্বসাধারণ জানিবে এবং ষড়ঙ্গমুদ্রাও সর্ব্বকার্য্যে বিধেয়। পণ্ডিতগণ বিষ্ণুপূজাতে একোনবিংশতিমুদ্রার বিধান করিয়াছেন। শঙ্খ, চক্র, গদা, পদ্ম, বেণু, শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, জ্ঞান, বিল্ব, গরুড়, নারসিংহ, বারাহ, হয়গ্রীব, ধনুঃ, বাণ, পরশু, জগন্মোহনিক এবং কাম, এই একোনবিংশতিমুদ্রা বিষ্ণুর সন্তোষ বর্দ্ধনকরে। লিঙ্গ, যোনি, ত্রিশূল, মালা, বর, অভয়, মৃগ, খট্টাঙ্গ, কপাল, ও ডমরু এই দশমুদ্রা শিবসন্তোষপ্রদদায়িনী। সূর্য্যপূজাতে একমাত্র পদ্মমুদ্রা কথিত আছে। গণেশপূজাতে দন্ত, পাশ, অঙ্কুশ, বিঘ্ন, পরশু, লড্ডুক, ও বীজপূর এই সপ্তমুদ্রা প্রশস্ত। পাশ, অঙ্কুশ, বর, অভয়, খড়্গ, চর্ম্ম, ধনুঃ, শর, ও মুষল এই নব মুদ্রা দুর্গার পূজাতে বিধেয়, বিশেষতঃ এই সকল মুদ্রা শক্তিদেবতার অতিপ্রিয়। লক্ষ্মীর পূজাতে লক্ষ্মীমুদ্রা এবং সরস্বতীর পূজাতে অক্ষমালা, বীণা, ব্যাখ্যা ও পুস্তক মুদ্রা নির্দ্দিষ্ট আছে। অগ্নিদেবের

মুদ্রা বিজ্ঞেয়া বহ্নিপূজনে। মৎস্যমুদ্রা চ কূর্ম্মাখ্যা লেলিহা মুণ্ডসংজ্ঞিকা। মহাযোনিরিতি খ্যাতা সর্ব্বসিদ্ধিসমৃদ্ধিদা। শক্ত্যর্চ্চনে মহাযোনিঃ শ্যামাদৌ মুণ্ডমুদ্রিকা। মৎস্য-কূর্ম্মে লেলিহাখ্যা মুদ্রাঃ সাধারণা মতাঃ। তারার্চ্চনে বিশেষস্তু কথ্যন্তে পঞ্চমুদ্রিকাঃ। যোনিশ্চ ভূতিনী চৈব বীজাখ্যা দৈত্যধূমিনী। লেলিহানেতি সংপ্রোক্তাঃ পঞ্চমুদ্রা বিলোকিতাঃ। দশমা মুদ্রিকা জ্ঞেয়া স্ত্রিপুরায়াশ্চ পূজনে। সংক্ষোভ-দ্রাবণাকর্ষ-বশ্যোন্মাদ-মহাঙ্কুশাঃ। খেচরী-বীজ-যোন্যাখ্যা ত্রিখণ্ডা পরিকীর্ত্তিতা। কুম্ভমুদ্রাভিষেকে স্যাৎ পদ্মমুদ্রাসনে তথা। কালকর্ণী প্রয়োক্তব্যা বিঘ্নপ্রশমকর্ম্মণি। গালিনী চ প্রয়োক্তব্যা জলশোধনকর্ম্মণি। শ্রীগোপালার্চ্চনে বেণু-নৃহরের্নারসিংহিকা। বরাহস্য চ পূজায়াং বারাহাখ্যাং প্রয়োজয়েৎ। হয়গ্রীবার্চ্চনে চৈব হায়গ্রীবীং প্রদর্শয়েৎ। রামর্চ্চনে ধনুর্ব্বাণমুদ্রে পরশু স্তথার্চ্চনে। পরশুরামস্য বিজ্ঞেয়া জগন্মোহনসংজ্ঞিকা। বাসুদেবাহ্বয়াহ্বানে কুম্ভমুদ্রা তু রক্ষণে। সর্ব্বত্র প্রার্থনে চৈব প্রার্থনাখ্যাং প্রয়োজয়েৎ। উদ্দেশানুক্রমাদাসামুচ্যন্তে লক্ষণানি চ। হস্তাভ্যামঞ্জলিং বদ্ধানামিকামূলপর্ব্বণি। অঙ্গুষ্ঠৌ নিঃক্ষিপেৎ সেয়ং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা। অধোমুখী ত্বিয়ঞ্চ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা। উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্ট্যোশ্চ সংযোগাৎ সন্নিধাপনী। অন্তঃপ্রবিশিতাঙ্গুষ্ঠা সৈব সংবোধনী মতা। উত্তানমুষ্টিযুগলা সম্মুখীকরণে মতা। দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ। সব্যহস্তকৃতামুষ্টির্দীর্ঘাধোমুখতর্জ্জনী। অবগুণ্ঠনমুদ্রেয়-

---

পূজাতে সপ্তজিহ্বাখ্যমুদ্রা প্রসিদ্ধ। মৎস্য, কূর্ম্ম, লেলিহান, মুণ্ড ও মহাযোনি এই কয়েকটি মুদ্রা সর্ব্বসমৃদ্ধিপ্রদায়িনী বলিয়া প্রসিদ্ধ আছে। শক্তিদেবতার অর্চ্চনে মহাযোনি, শ্যামাদিদেবতার পূজনে মুণ্ডমুদ্রা এবং মৎস্য, কূর্ম্ম ও লেলিহা এইকয়েকটি মুদ্রাকে সর্ব্বসাধারণ জানিবে। তারাবিদ্যার অর্চ্চনাতে যোনি, ভূতিনী, বীজ, দৈত্যধূমিনী ও লেলিহান এই পঞ্চমুদ্রা কথিত আছে। ত্রিপুরাসুন্দরীর পূজাতে ক্ষোভিণী, দ্রাবিণী, আকর্ষিণী, বশ্যা, উন্মাদিনী, মহাঙ্কুশা, খেচরী, বীজ, যোনি ও ত্রিখণ্ড এই দশমুদ্রা প্রশস্ত। অভিষেককার্য্যে কুম্ভমুদ্রা, আসনে পদ্মমুদ্রা, বিঘ্নপ্রশমনকার্য্যে কালকর্ণী, জলশোধনে গালিনীমুদ্রা বিধেয়। গোপালপূজাতে বেণুমুদ্রা, নৃসিংহদেবের পূজাতে নারসিংহীমুদ্রা কথিত আছে। বরাহদেবের পূজাতে বারাহীমুদ্রা এবং হয়গ্রীবদেবের অর্চ্চনাতে হায়গ্রীবমুদ্রা প্রদর্শন করিবে। রামের অর্চ্চনাতে ধনুঃ ও বাণমুদ্রাপ্রশস্ত। পরশুরামের পূজাকালে সম্মোহনমুদ্রা, আবাহনে বাসুদেবমুদ্রা, রক্ষাবিষয়ে কুম্ভমুদ্রা এবং প্রার্থনাকালে সর্ব্বত্র প্রার্থনামুদ্রা প্রয়োগ করিবে। এক্ষণ ঐ সকল মুদ্রার লক্ষণ কথিত হইতেছে।—উভয় হস্তে অঞ্জলি যোজনা করিয়া উভয় হস্তের অনামিকার মূলপর্ব্বে অঙ্গুষ্ঠদ্বয় আবদ্ধ করিলে আবাহনীমুদ্রা হয়। উক্ত আবাহনীমুদ্রাকৃত উভয়হস্তাঞ্জলি অধোমুখ করিলেই স্থাপনীমুদ্রা হইয়া থাকে। উভয় হস্তে মুষ্টিবদ্ধ করিয়া অঙ্গুষ্ঠদ্বয় উন্নত করিলে সন্নিধাপনীমুদ্রা বলা যায়। উভয় হস্তের অঙ্গুষ্ঠদ্বয় অন্তঃ প্রবিষ্ট করিয়া অধোমুখে মুষ্টিবন্ধন করিলে সম্বোধনীমুদ্রা হইয়া থাকে। সম্বোধনীমুদ্রাকৃত মুষ্টিদ্বয় উত্তান করিলে সম্মুখীকরণীমুদ্রা বলা যায়। দেবতার অঙ্গে ষড়ঙ্গন্যাসকে সকলীকরণমুদ্রা কহে। বামহস্তে মুষ্টিবন্ধনপূর্ব্বক তর্জ্জনীকে দীর্ঘভাবে প্রসারিত করিয়া অধোমুখে ভ্রামিত করিলে অবগুণ্ঠনমুদ্রা হইয়া থাকে। উভয় হস্তের অঙ্গুলি

মধ্যিতো ভ্রামিতা মতা। অন্যোন্যাভিমুখাশ্লিষ্টা কনিষ্ঠানামিকা পুনঃ। তথৈব তর্জ্জনী-মধ্যা ধেনুমুদ্রা প্রকীর্ত্তিতা। অমৃতীকরণং কুর্য্যাৎ তয়া সাধকসত্তমঃ। অন্যোঽন্যগ্রথিতাঙ্গুষ্ঠা প্রসারিতপরাঙ্গুলী। মহামুদ্রেয়মুদিতা পরমীকরণে বুধৈঃ। প্রযোজয়েদিমা মুদ্রা-দেবতাহ্বানকর্ম্মণি। অঙ্গন্যাসস্য মুদ্রাণাং লক্ষণং প্রাক্ সমীরিতং। বৈষ্ণবানাস্তু মুদ্রাণাং কথ্যন্তে লক্ষণান্যথ। বামাঙ্গুষ্ঠন্তু সংগৃহ্য দক্ষিণেন তু মুষ্টিনা। কৃত্বোত্তানং ততো মুষ্টিমঙ্গুষ্ঠন্তু প্রসারয়েৎ। বামাঙ্গুল্যস্তথা শ্লিষ্টাঃ সংযুক্তাঃ স্যুঃ প্রসারিতাঃ। দক্ষিণাঙ্গুষ্ঠসংস্পৃষ্টা জ্ঞেয়ৈষা শঙ্খমুদ্রিকা। হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সুলগ্নৌ সুপ্রসারিতৌ। কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ লগ্নৌ মুদ্রৈষা চক্রসংজ্ঞিকা। অন্যোঽন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলী। অঙ্গুল্যৌ মধ্যমে ভূয়ঃ সুলগ্নে সুপ্রসারিতে। গদামুদ্রেয়মুদিতা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী। হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সনতপ্রোন্নতাঙ্গুলী। তলান্তর্ম্মিলিতাঙ্গুষ্ঠৌ কৃত্বৈষা পদ্মমুদ্রিকা। ওষ্ঠে বামকরাঙ্গুষ্ঠো লগ্নস্তস্য কনিষ্ঠিকা। দক্ষিণাঙ্গুষ্ঠসংযুক্তা তৎকনিষ্ঠা প্রসারিতা। তর্জ্জনীমধ্যমানাম্নাঃ কিঞ্চিৎ সঙ্কোচ্য চালিতাঃ। বেণুমুদ্রা ভবত্যেষা সুগুপ্তা প্রেয়সী হরেঃ। অন্যান্যপৃষ্ঠকরয়োর্ম্মধ্যমানা-মিকাঙ্গুলী। অঙ্গুষ্ঠেন তু বধ্নীয়াৎ কনিষ্ঠামূলসংস্থিতে। তর্জ্জন্যৌ কারয়েদেষা মুদ্রা শ্রীবৎস-

---

সকলকে পরস্পরের সন্ধিমধ্যগত করিয়া এক হস্তের কনিষ্ঠার অগ্রভাগের সহিত অপর হস্তের অনামিকার অগ্রভাগ, যোগ করিবে, ঐরূপে তর্জ্জনীর অগ্রভাগের সহিত মধ্যমার অগ্রভাগ সংযুক্ত করিবে। এইরূপ মুদ্রার নাম ধেনুমুদ্রা। এই মুদ্রাদ্বারা সাধক পূজাকালে পূজার নৈবেদ্যাদি উপকরণের অমৃতীকরণ করিবে। উভয় হস্তের অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বয়কে পরস্পর গ্রথিত করিয়া অপরাপর অঙ্গুলিসকল প্রসারিত করিলে মহামুদ্রা হয়। এই মুদ্রা দ্রব্যশুদ্ধিকরণে ও দেবতার আবাহনে প্রয়োগ করিবে। অঙ্গন্যাসের মুদ্রাসকলের লক্ষণ পূর্ব্বেই কথিত হইয়াছে, এইক্ষণ বিষ্ণুপূজার বিহিত মুদ্রা সকলের লক্ষণ কথিত হইতেছে। দক্ষিণ হস্তের মুষ্টিদ্বারা বামহস্তের অঙ্গুষ্ঠ গ্রহণ করিয়া ঐ মুষ্টি উত্তান করিয়া রাখিবে, পরে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ উন্নত করিয়া বামহস্তের অন্যান্য অঙ্গুলিসকল প্রসারণপূর্ব্বক দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠাতে মিলিত করিয়া রাখিবে। এই মুদ্রাকে শঙ্খমুদ্রা বলা যায়। হস্তদ্বয় পরস্পর সম্মুখীন করিয়া অঙ্গুষ্ঠা ও কনিষ্ঠাঙ্গুলিদ্বয় প্রসারিত ও বক্রভাবে উভয় অঙ্গুষ্ঠ সংলগ্ন করিলে চক্রমুদ্রা হয়। উভয় হস্ত পরস্পর সম্মুখে রাখিয়া অন্যান্য অঙ্গুলি সকল গ্রথিত করিবে এবং মধ্যমাদ্বয় ও অঙ্গুষ্ঠদ্বয় প্রসারিত করিলে গদামুদ্রা হয়। এই মুদ্রা বিষ্ণুর অতিপ্রিয়। উভয় হস্ত সম্মুখীন করিয়া অঙ্গুলি সকল সরলভাবে প্রোথিত করতঃ অঙ্গুষ্ঠদ্বয় হস্ততলে মিলিত করিয়া রাখিলে পদ্মমুদ্রা হয়। বামহস্তের অঙ্গুষ্ঠা ওষ্ঠে সংযুক্ত করিয়া বামকনিষ্ঠা দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাতে সংলগ্ন করিবে, পরে দক্ষিণহস্তের কনিষ্ঠাকে প্রসারিত রাখিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই অঙ্গুলিত্রয়কে কিঞ্চিৎ সঙ্কোচিত করতঃ পরিচালিত করিবে। এই মুদ্রার নাম বেণুমুদ্রা, এই মুদ্রা অতিগোপনীয়া ও বিষ্ণুর প্রেয়সী। উভয় হস্তের পৃষ্ঠদেশ বিপর্য্যস্তভাবে সংলগ্ন করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা এবং বামহস্তের অঙ্গুষ্ঠদ্বারা দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকাকে আবদ্ধ করিবে, পরে দক্ষিণহস্তের তর্জ্জনী বামহস্তের কনিষ্ঠামূলে এবং বামহস্তের তর্জ্জনী দক্ষিণহস্তের কনিষ্ঠামূলে সংস্থাপিত করিলে শ্রীবৎসমুদ্রা হয়। দক্ষিণহস্তের কনিষ্ঠাঙ্গুলিকে দক্ষিণ

সংজ্ঞিতা। অনামাপৃষ্ঠসংলগ্না দক্ষিণস্য কনিষ্ঠিকা। কনিষ্ঠয়ান্যয়া বদ্ধা তর্জ্জন্যা দক্ষয়া তথা। বামানামাঞ্চ বধ্নীয়াৎ দক্ষিণাঙ্গুষ্ঠমূলকে। অঙ্গুষ্ঠমধ্যমে বামে সংযোজ্য সরলাঃ পরাঃ। চতস্রোঽপ্যগ্রসংলগ্না মুদ্রা কৌস্তুভসংজ্ঞিকা। স্পৃশেৎ কণ্ঠাদিপাদান্তং তর্জ্জন্যঙ্গুষ্ঠয়া তথা। করদ্বয়েন মালাবন্মুদ্রেয়ং বনমালিকা। তর্জ্জন্যঙ্গুষ্ঠকৌ সক্তাবগ্রতো বিন্যসেৎ সুধীঃ। বামহস্তাম্বুজং বামজান্বমূর্দ্ধনি বিন্যসেৎ। জ্ঞানমুদ্রা ভবেদেষা রামচন্দ্রস্য প্রেয়সী। অঙ্গুষ্ঠং বামমদ্দণ্ডিতমিতরকরাঙ্গুষ্ঠকেনাপি বদ্ধা তস্যাগ্রং পীড়য়িত্বাঙ্গুলিভিরপি চ তা বামহস্তাঙ্গুলীভিঃ। বদ্ধা গাঢ়ং হৃদি স্থাপয়তু বিমলধীর্ব্যাহরন্মারবীজং বিল্বাখ্যা মুদ্রিকৈষা স্ফুটমিহ গদিতা গোপনীয়া বিধিজ্ঞৈঃ। হস্তৌ তু বিমুখৌ কৃত্বা গ্রথয়িত্বা কনিষ্ঠিকে। মিথস্তর্জ্জনিকে শ্লিষ্টে শ্লিষ্টাবঙ্গুষ্ঠকৌ তথা। মধ্যমানামিকে দ্বে তু দ্বৌ পক্ষাবিব চালয়েৎ। এষা গরুড়মুদ্রা স্যাৎ বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী। জানুমধ্যে করৌ কৃত্বা চিবুকোষ্ঠৌ সমাবুভৌ। হস্তৌ তু ভূমিসংলগ্নৌ কম্পমানঃ পুনঃ পুনঃ। মুখং বিবৃতকং কুর্য্যাৎ লেলিহানাঞ্চ জিহ্বিকাং। নারসিংহী ভবেদেষা মুদ্রা তৎপ্রীতিবর্দ্ধিনী। প্রকারান্তরং—অঙ্গুষ্ঠাভ্যান্তু করয়োস্তথাক্রম্য কনিষ্ঠকে। অধোমুখীভিঃ সর্ব্বাভির্ম্মুদ্রেয়ং নৃহরের্ম্মতা। দেবোপরি করং বামং মুদ্রা বারাহসংজ্ঞিকা। প্রকারান্তরং—দক্ষহস্তঞ্চোর্দ্ধমুখং বামহস্তমধোমুখং। অঙ্গুল্যগ্রস্তু সংযুক্তং মুদ্রা

অনামিকার পৃষ্ঠদেশে সংলগ্ন করিয়া রাখিবে। পরে বামহস্তের কনিষ্ঠাদ্বারা দক্ষিণহস্তের তর্জ্জনী আবদ্ধ করিয়া বামহস্তের অনামিকা দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠমূলে সংলগ্ন করিবে এবং বামহস্তের অঙ্গুষ্ঠ ও মধ্যমা সরলভাবে সংযোজিত করিয়া অপর চারি অঙ্গুলি পরস্পর অগ্রভাগে সংযুক্ত করিলে কৌস্তুভমুদ্রা হয়। উভয় হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী পৃথক্ পৃথক্ সংযুক্ত করিয়া তদ্দ্বারা কণ্ঠহইতে পাদপর্য্যন্ত স্পর্শ করিয়া করদ্বয়ে মালাবৎ করিলেই বনমালা মুদ্রা হইয়া থাকে। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ সংযুক্ত করিয়া হৃদয়প্রদেশে বিন্যস্ত করিবে এবং বামহস্ত পদ্মবৎ বিস্তৃত করিয়া বামজানুর উপরি স্থাপন করিলে জ্ঞানমুদ্রা হয়, এই মুদ্রা রামচন্দ্রের অতিপ্রিয়। বামহস্তের অঙ্গুষ্ঠকে দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা আবদ্ধ করিয়া ঐ বামাঙ্গুষ্ঠাকে দক্ষিণহস্তের অন্যান্য সমুদায় অঙ্গুলিদ্বারা পীড়িত করিবে এবং দক্ষিণহস্তের সমুদায় অঙ্গুলিদ্বারা বামহস্তের অঙ্গুলি সকলকে আবদ্ধ করিয়া কামবীজ উচ্চারণপূর্ব্বক হস্তদ্বয় হৃদয়ে স্থাপন করিবে। এই মুদ্রাকে বিল্বমুদ্রা বলে, একহস্তের পৃষ্ঠদেশে অন্যহস্ত বিপরীতমুখে স্থাপন করিয়া কনিষ্ঠার সহিত কনিষ্ঠা, তর্জ্জনীর সহিত তর্জ্জনী ও অঙ্গুষ্ঠার সহিত অঙ্গুষ্ঠা গ্রথিত করিবে এবং মধ্যমা ও অনামিকাদ্বয় পক্ষদ্বয়ের ন্যায় পরিচালিত করিলে গরুড়মুদ্রা হয়। এই মুদ্রা বিষ্ণুর সন্তোষ বর্দ্ধনকরে। জানুমধ্যে করদ্বয় সংস্থাপন করিয়া চিবুক ও ওষ্ঠ সমভাবে রাখিবে এবং হস্তদ্বয় ভূমিসংলগ্নকরতঃ কম্পিত করিবে, পরে মুখ বিবৃত ও জিহ্বা বহির্গত করিয়া বারম্বার পরিচালিত করিলে নারসিংহী মুদ্রা হয়। এই মুদ্রা নরসিংহের অতিশয় প্রীতিবর্দ্ধন করে, প্রকারান্তর নারসিংহীমুদ্রা কথিত হইতেছে।—উভয় হস্তের অঙ্গুষ্ঠাদ্বারা উভয় কনিষ্ঠাকে আক্রমণ করিয়া সমুদায় অঙ্গুলিকে অধোমুখ করিলেও নারসিংহীমুদ্রা হইয়া থাকে। দেবতার উপরিভাগে বামহস্ত উত্তানভাবে সংস্থাপন করিয়া অধোভাগ নামিত করিলে বারাহীমুদ্রা হয়। প্রকারান্তরে বারাহীমুদ্রা কথিত হইতেছে—দক্ষিণহস্ত উর্দ্ধমুখে এবং

বারাহসংজ্ঞিকা। বামহস্ততলে দক্ষা অঙ্গুল্যস্তাস্ত্বধোমুখীঃ। সংরোপ্য মধ্যমাং তাসামন্যস্যাধোবিকুঞ্চয়েৎ। হয়গ্রীবপ্রিয়া মুদ্রা তন্মূর্ত্তেরনুকারিণী। বামস্য মধ্যমাগ্রস্য তর্জ্জন্যগ্রেণ যোজয়েৎ। অনামিকাং কনিষ্ঠাঞ্চ তস্যাঙ্গুষ্ঠেন পীড়য়েৎ। দর্শয়েদ্বামকে স্কন্ধে ধনুর্ম্মুদ্রেয়মীরিতা। দক্ষমুষ্টেস্তু তর্জ্জন্যা দীর্ঘয়া বাণমুদ্রিকা। যদ্বা জ্ঞানার্ণবে—যথা হস্তগতং চাপং তথা হস্তং কুরু প্রিয়ে। চাপমুদ্রেয়মাখ্যাতা বামহস্তে ব্যবস্থিতা। যথা হস্তগতা বাণাস্তথা হস্তং কুরু প্রিয়ে। বাণমুদ্রেয়মাখ্যাতা রিপুবর্গনিকৃন্তনী। তলে তলস্য করয়োস্তির্য্যক্ সংযোজ্য চাঙ্গুলীঃ। সংহতাঃ প্রসৃতাঃ কুর্য্যান্মুদ্রা পরশুসংজ্ঞিকা। উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্টী দ্বে মুদ্রা ত্রৈলোক্যমোহিনী। হস্তৌ তু সংপুটৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ তথা। তর্জ্জন্যৌ মধ্যমা পৃষ্ঠে অঙ্গুষ্ঠৌ মধ্যমাশ্রিতৌ। কামমুদ্রেয়মুদিতা সর্ব্বদেবপ্রিয়ঙ্করী। মহাদেবপ্রিয়াণাস্তু কথ্যন্তে লক্ষণান্যথ। উচ্ছ্রিতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামাঙ্গুষ্ঠেন বন্ধয়েৎ। বামাঙ্গুলীর্দক্ষিণাভিরঙ্গুলীভিশ্চ বন্ধয়েৎ। লিঙ্গমুদ্রেয়মাখ্যাতা শিবসান্নিধ্যকারিণী। মিথঃ কনিষ্ঠিকে বদ্ধা তর্জ্জনীভ্যামনামিকে। অনামিকোর্দ্ধসংশ্লিষ্টদীর্ঘমধ্যময়োরধঃ। অঙ্গুষ্ঠাগ্রদ্বয়ং ন্যস্যেদ্‌যোনিমুদ্রেয়মীরিতা। অঙ্গুষ্ঠেন কনিষ্ঠাস্তু

বামহস্ত অধোমুখে স্থাপন করিয়া উভয় হস্তের অঙ্গুলির অগ্রভাগ পরস্পর সংযুক্ত করিলেও বারাহীমুদ্রা হইয়া থাকে। বামহস্ততলে দক্ষিণহস্তের অঙ্গুলি সমুদায় অধোমুখে স্থাপিত করিয়া দক্ষিণহস্তের মধ্যমা উন্নতকরতঃ অধোমুখে আকুঞ্চিত করিলে হয়গ্রীবী মুদ্রা হয়, এই মুদ্রা হয়গ্রীবদেবের অতিপ্রিয়। বামহস্তের অগ্রভাগ তর্জ্জনীর অগ্রভাগদ্বারা সংযোজিত করিয়া সেই হস্তের অঙ্গুষ্ঠদ্বারা অনামিকা ও কনিষ্ঠাকে পীড়িতকরতঃ বামস্কন্ধে স্পর্শ করিলে ধনুর্মুদ্রা হইয়া থাকে। দক্ষিণহস্তে মুষ্টিবন্ধন করিয়া তর্জ্জনীকে দীর্ঘভাবে প্রসারিত করিলে বাণমুদ্রা হয়। জ্ঞানার্ণবে ধনুর্মুদ্রার প্রকারান্তর লিখিত আছে। হস্তে ধনু থাকিলে যেরূপ হয়, বামহস্তকে সেইরূপ করিলেও ধনুর্মুদ্রা হইয়া থাকে। হস্তে বাণ থাকিলে হস্ত যেরূপ হয় সেইরূপ হস্ত করিলেও বাণমুদ্রা হইয়া থাকে। এই মুদ্রা রিপুবর্গের বিনাশসাধন করে। করতলে করতল সন্নিবেশিত করিয়া স্ব স্ব অঙ্গুলিসকল যতদূর ব্যবধান করিতে পারা যায় ততদূর ব্যবহিত করিয়া মিলিত ও প্রসারিত করিলে পরশুমুদ্রা হইয়া থাকে। উভয়হস্তে মুষ্টিবন্ধন করিয়া অঙ্গুষ্ঠদ্বয় ঊর্দ্ধে প্রসারিত করিলে ত্রৈলোক্যমোহিনী মুদ্রা হয়। হস্তদ্বয় পরস্পর সম্মুখীন করিয়া অঙ্গুষ্ঠদ্বয় প্রসারিত করিবে, পরে তর্জ্জনীদ্বয় মধ্যমার পৃষ্ঠদেশে সংলগ্ন করিয়া অঙ্গুষ্ঠদ্বয় মধ্যমাতে সংযোজিত করিলে কামমুদ্রা হয়। এই মুদ্রা প্রদর্শনে সর্ব্বদেব সন্তুষ্ট থাকেন। অনন্তর মহাদেবের প্রিয়কর মুদ্রাসকলের লক্ষণ কথিত হইতেছে।—দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাকে উন্নত করিয়া বামঅঙ্গুষ্ঠাদ্বারা বন্ধন করিবে, পরে বামহস্তের অঙ্গুলিসকলকে দক্ষিণহস্তের সমুদায় অঙ্গুলিদ্বারা আবদ্ধ করিলে লিঙ্গমুদ্রা হয়, এই মুদ্রা প্রদর্শনে সেই স্থানে শিবের সান্নিধ্য হইয়া থাকে। উভয়হস্তের কনিষ্ঠাদ্বয় পরস্পর সবদ্ধ করিয়া দক্ষিণহস্তের তর্জ্জনীদ্বারা বামঅনামিকা এবং বামতর্জ্জনীদ্বারা দক্ষিণ অনামিকা বদ্ধ করিবে। পরে অনামিকাদ্বয়ের অগ্রভাগে সংশ্লিষ্ট করিয়া মধ্যমাদ্বয় প্রসারিলে সেই মধ্যমাদ্বয়ের মূলে অঙ্গুষ্ঠাদ্বয় সংলগ্ন করিয়া রাখিবে, এই মুদ্রার নাম যোনিমুদ্রা। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাদ্বারা কনিষ্ঠাকে বন্ধন করিয়া

বদ্ধা শ্লিষ্টাঙ্গুলিত্রয়ং। প্রসারয়েত্ত্রিশূলাখ্যা মুদ্রৈষা পরিকীর্ত্তিতা। অঙ্গুষ্ঠতর্জ্জন্যগ্রেষু গ্রথয়িত্বাঙ্গুলিত্রয়ং। প্রসারয়েদক্ষমালা মুদ্রেয়ং পরিকীর্ত্তিতা। অধঃস্থিতো দক্ষহস্তঃ প্রসৃতোবরমুদ্রিকা। ঊর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা। মিলিতানামিকাঙ্গুষ্ঠং মধ্যমাগ্রে নিযোজয়েৎ। শ্লিষ্টাঙ্গুল্যুচ্ছ্রিতে কুর্য্যাম্মৃগমুদ্রেয়মীরিতা। পঞ্চাঙ্গুল্যো দক্ষিণাস্তু মিলিতা হ্যূর্দ্ধমুন্নতাঃ। খট্টাঙ্গমুদ্রা বিখ্যাতা দেবস্যাতিপ্রিয়া মতা। পাত্রবদ্বামহস্তস্তু কৃত্বাঙ্গং বামকে তথা। নিধায়োচ্ছ্রিতবৎ কুর্য্যান্মুদ্রা কাপালিকা মতা। মুষ্টিঞ্চ শিথিলীং বদ্ধা ঈষদুচ্ছ্রিতমধ্যমাং। দক্ষিণাং তূর্দ্ধমুন্নাম্য কর্ণদেশে প্রচালয়েৎ। এষা মুদ্রা ডমরুকা সর্ব্ববিঘ্নবিনাশিনী। তথা গণেশমুদ্রাণাং কথ্যন্তে লক্ষণান্যথ। উত্তানোর্দ্ধমুখী মধ্যা সরলাবদ্ধমুষ্টিকা। দন্তমুদ্রা সমাখ্যাতা সর্ব্বাগমবিশারদৈঃ। বামমুষ্টেস্তু তর্জ্জন্যা দক্ষমুষ্টেস্তু তর্জ্জনীং। সংযোজ্যাঙ্গুষ্ঠকাগ্রাভ্যাং তর্জন্যগ্রে স্বকে ক্ষিপেৎ। এষা পাশাহ্বয়া মুদ্রা বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতা। ঋজ্বীঞ্চ মধ্যমাং কৃত্বা তর্জনীমধ্যপর্ব্বণি। সংযোজ্যাকুঞ্চয়েৎ কিঞ্চিৎ মুদ্রৈষাঙ্কুশসংজ্ঞিকা। তর্জনীমধ্যমানামা কনিষ্ঠাঙ্গুষ্ঠমুষ্টিকা। অধোমুখী দীর্ঘরূপা মধ্যমা বিঘ্নমুদ্রিকা। পরশুমুদ্রা নিগদিতা প্রসিদ্ধা লড্ডুমুদ্রিকা। বীজপূরাহ্বয়া মুদ্রা প্রসিদ্ধত্বাদুপেক্ষিতা। শাক্তেয়ীনাঞ্চ মুদ্রেয়ং কথ্যন্তে লক্ষণান্যথ। পাশাঙ্কুশবরাভীতিধনুর্ব্বাণাঃ সমীরিতাঃ। কনিষ্ঠেঽনামিকে বদ্ধা

অবশিষ্ট অঙ্গুলিত্রয় প্রসারিত করিলে ত্রিশূলমুদ্রা হইয়া থাকে। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা তর্জ্জনীকে গ্রথিত করিয়া অবশিষ্ট অঙ্গুলিত্রয় প্রসারিত করিলে অক্ষমালা মুদ্রা হয়। দক্ষিণহস্তের অঙ্গুলিসকল প্রসারিত করিয়া হস্ত অধোমুখ করিলে বরমুদ্রা হইয়া থাকে। বামহস্তের অঙ্গুলিসকল প্রসারিত করিয়া অধোমুখ করিলে অভয়মুদ্রা হয়। অনামিকা এবং অঙ্গুষ্ঠ মিলিত করিয়া মধ্যমার অগ্রে সংযুক্ত করিবে এবং অবশিষ্ট অঙ্গুলিসকল উন্নত করিলে মৃগমুদ্রা হইবে। দক্ষিণহস্তের পঞ্চ অঙ্গুলি ঊর্দ্ধমুখে প্রসারিত করিয়া মিলিত করিলে খট্টাঙ্গমুদ্রা হয়, এই মুদ্রা দেবগণের অতিপ্রিয়। বামহস্ত পাত্রবৎ করিয়া বামাঙ্গে বিন্যস্ত করত উত্তানভাবে রাখিলে, কাপালিকীমুদ্রা হইবে। দক্ষিণহস্তে শিথিলভাবে মুষ্টিবন্ধন করত মধ্যমাঙ্গুলি কিঞ্চিৎ উন্নতকরিয়া কর্ণপ্রদেশে পরিচালিত করিলে ডমরুমুদ্রা হয়। এই মুদ্রা সর্ব্বপ্রকার বিঘ্ননিবারণ করে। অনন্তর গণেশমুদ্রার লক্ষণ কথিত হইতেছে। দক্ষিণহস্ত মুষ্টিবদ্ধ করিয়া সেই মুষ্টি উত্তানকরত মধ্যমা সরলভাবে ঊর্দ্ধমুখে প্রসারিত করিবে, আগমবিশারদ পণ্ডিতগণ ইহাকে দন্তমুদ্রা কহিয়া থাকেন। বামমুষ্টির তর্জনী দক্ষিণমুষ্টির তর্জ্জনীতে সংযুক্ত করিয়া অঙ্গুষ্ঠদ্বয় স্ব স্ব তর্জ্জনীর অগ্রভাগে সংযুক্ত করিবে। এই মুদ্রাকে পণ্ডিতগণ পাশমুদ্রা বলিয়া কীর্ত্তন করেন। মধ্যমাঙ্গুলি সরলভাবে প্রসারিত করিয়া কিঞ্চিৎ সঙ্কোচিতকরত তর্জ্জনীর মধ্যপর্ব্বে সংযোজিত করিলে অঙ্কুশমুদ্রা হয়। তর্জনী, মধ্যমা, অনামিকা, কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ এই সমুদায় অঙ্গুলি মুষ্টিবন্ধন করিয়া মধ্যমাঙ্গুলি অধোমুখে দীর্ঘাকারে প্রসারিত করিলে বিঘ্নমুদ্রা হইয়া থাকে। পরশুমুদ্রা পূর্ব্বে কথিত হইয়াছে, লড্ডুকমুদ্রা প্রসিদ্ধ আছে এবং বীজপূরমুদ্রা অপ্রচলিত, অতএব এই মুদ্রাত্রয়ের লক্ষণ কথিত হইল না। অনন্তর শক্তিদেবতার মুদ্রামধ্যে পাশ, অঙ্কুশ, বর, অভয়, ধনুঃ ও বাণমুদ্রা পূর্ব্বে কথিত হইয়াছে।

স্বাঙ্গুষ্ঠেনৈব দক্ষতঃ। শ্লিষ্টাঙ্গুলী তু প্রসৃতে সংস্পৃষ্টে খড়্গমুদ্রিকা। বামহস্তং তথা তির্য্যক্ কৃত্বা চৈব প্রসার্য্য চ। আকুঞ্চিতাঙ্গুলীঃ কুর্য্যাচ্চর্ম্মমুদ্রেয়মীরিতা। মুষ্টিং কৃত্বা তু হস্তাভ্যাং বামস্যোপরি দক্ষিণং। কুর্য্যান্মুষলমুদ্রেয়ং সর্ব্ববিঘ্নবিনাশিনী। মুষ্টিং কৃত্বা করাভ্যাঞ্চ বামস্যোপরি দক্ষিণং। কৃত্বা শিরসি সংযোজ্য দুর্গামুদ্রেয়মীরিতা। চক্রমুদ্রাং তথা বদ্ধা মধ্যমে দ্বে প্রসার্য্য চ। কনিষ্ঠিকে তথানীয় তদগ্রেঽঙ্গুষ্ঠকৌ ক্ষিপেৎ। লক্ষ্মীমুদ্রা পরা হ্যেষা সর্ব্বসম্পৎপ্রদায়িনী। বীণাবাদনবদ্ধস্তৌ কৃত্বা সঞ্চালয়েচ্ছিরঃ। বীণামুদ্রেয়মাখ্যাতা সরস্বত্যাঃ প্রিয়ঙ্করী। বামমুষ্টিং স্বাভিমুখীং কৃত্বা পুস্তকমুদ্রিকা। দক্ষিণাঙ্গুষ্ঠতর্জ্জন্যাবগ্রলগ্নে পরাঙ্গুলী। প্রসার্য্য সংহতোত্তানা এষা ব্যাখ্যানমুদ্রিকা। শ্রীরামস্য সরস্বত্যা অত্যন্তপ্রেয়সী মতা। মণিবন্ধস্থিতৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ করৌ। কনিষ্ঠাঙ্গুষ্ঠযুগলে মিলিত্বান্তঃপ্রসারয়েৎ। সপ্তজিহ্বাখ্যমুদ্রেয়ং বৈশ্বানরপ্রিয়ঙ্করী। কনিষ্ঠাঙ্গুষ্ঠকে শক্তৌ করয়োরিতরেতরং। তর্জ্জনী মধ্যমানামা সংহতা ভুগ্নবর্জ্জিতা। মুদ্রৈষা গালিনী প্রোক্তা শঙ্খস্যোপরি চালয়েৎ। দক্ষাঙ্গুষ্ঠং পরাঙ্গুষ্ঠে ক্ষিপ্ত্বা হস্তদ্বয়েন তু। সাবকাশামেকমুষ্টিং কুর্য্যাৎ সা কুম্ভমুদ্রিকা। মুষ্ট্যো-রূর্দ্ধীকৃতাঙ্গুষ্ঠে তর্জ্জন্যগ্রেষু বিন্যসেৎ। সর্ব্বরক্ষাকরী হ্যেষা কুম্ভমুদ্রা প্রকীর্ত্তিতা। প্রসৃতাঙ্গুলিকৌ হস্তৌ মিথঃ শ্লিষ্টৌ চ সংমুখে। কুর্য্যাৎ স্বহৃদয়ে সেয়ং মুদ্রা প্রার্থনসংজ্ঞিকা।

দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠদ্বারা ঐ হস্তের কনিষ্ঠা ও অনামিকা আবদ্ধ করিয়া অবশিষ্ট তর্জ্জনী ও মধ্যমা সংশ্লিষ্টকরত প্রসারিত করিলে খড়্গমুদ্রা হয়। বামহস্ত বক্রীভূত করিয়া প্রসারিত করত অঙ্গুলিসকল কিঞ্চিৎ আকুঞ্চিত করিলে চর্ম্মমুদ্রা হইবে। উভয়হস্তে মুষ্টিবন্ধন করিয়া বামমুষ্টির উপরি দক্ষিণমুষ্টি সংস্থাপন করিলে মুষলমুদ্রা হয়, এই মুদ্রাদ্বারা সর্ব্বপ্রকার বিঘ্নের শান্তি হইয়া থাকে। উভয়হস্তে মুষ্টিবন্ধনপূর্ব্বক বামমুষ্টির উপরি দক্ষিণমুষ্টি সংস্থাপন করিয়া মস্তকোপরি রাখিলে দুর্গামুদ্রা হইয়া থাকে। পূর্ব্বোক্তপ্রকারে চক্রমুদ্রা বন্ধন করিয়া মধ্যমাদ্বয় প্রসারিত করিবে, পরে ঐ মধ্যমাদ্বয় কনিষ্ঠাদ্বয়ে আনয়ন করিয়া তাহাদিগের অগ্রভাগে নিক্ষেপ করিলে লক্ষ্মীমুদ্রা হয়। এই মুদ্রা সর্ব্বপ্রকার সম্পৎপ্রদান করে। বীণাবাদনকালে হস্তদ্বয় যেরূপ করিতে হয়, সেইরূপে হস্তভঙ্গী করিয়া মস্তক সঞ্চালিত করিলে বীণামুদ্রা হয়। এই মুদ্রা সরস্বতীর অতিপ্রিয়। বামহস্তে মুষ্টিবন্ধন করিয়া আপন অভিমুখে রাখিলে পুস্তকমুদ্রা হইবে। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ পরস্পর মিলিত করিয়া অবশিষ্ট অঙ্গুলিসকল উত্তানভাবে মিলিত করিয়া প্রসারিত করিবে, এই মুদ্রার নাম ব্যাখ্যানমুদ্রা। ইহা শ্রীরাম ও সরস্বতীর অতিপ্রিয়। করদ্বয়ের মণিবন্ধ মিলিত করিয়া অঙ্গুলিসকল প্রসারিত করিবে এবং অঙ্গুষ্ঠদ্বয় কনিষ্ঠাদ্বয়ে সংযুক্ত করিলে সপ্তজিহ্বাখ্যমুদ্রা হয়, এই মুদ্রা বৈশ্বানরদেবের অতিপ্রিয়। দক্ষিণহস্তের কনিষ্ঠা বামহস্তের অঙ্গুষ্ঠাতে এবং বামহস্তের কনিষ্ঠা দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠাতে সংযোজিত করিয়া তর্জ্জনী, মধ্যমা ও অনামিকা এই সকল অঙ্গুলি সরলভাবে মিলিত করিলে গালিনীমুদ্রা হইবে। এই মুদ্রা শঙ্খস্থাপনকালে শঙ্খের উপরি চালিত করিবে। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ বামহস্তের অঙ্গুষ্ঠে আবদ্ধকরতঃ উভয় হস্ত একমুষ্টিতে বদ্ধ করিলে কুম্ভমুদ্রা হইয়া থাকে। এই মুষ্টির মধ্যে অবকাশ রাখিতে হইবে, প্রকারান্তর কুম্ভমুদ্রা এবং—উভয় হস্তে মুষ্টিবন্ধনপূর্ব্বক অঙ্গুষ্ঠদ্বয় ঊর্দ্ধমুখে তর্জ্জনীর অগ্রভাগে সংযুক্ত করিলেও কুম্ভমুদ্রা হইয়া থাকে। এই মুদ্রা সর্ব্বপ্রকার রক্ষাবিধান করে। উভয় হস্ত সম্মুখে রাখিয়া অঙ্গুলিসকল পরস্পর মিলিত

অঞ্জল্যঞ্জলিমুদ্রা স্যাদ্বাসুদেবাহ্বয়া চ সা। অঙ্গুষ্ঠাবুন্নতৌ কৃত্বা মুষ্টিসংলগ্নয়োর্দ্ধয়োঃ। তা-বেবাভিমুখৌ কুর্য্যান্মুদ্রৈষা কালকর্ণিকা। দক্ষিণা নিবিড়া মুষ্টির্নাসিকার্পিততর্জ্জনী। মুদ্রা-বিস্ময়সংজ্ঞা স্যাদ্বিস্ময়াবেশকারিণী। মুষ্টিরূর্দ্ধীকৃতাঙ্গুষ্ঠা দক্ষিণা নাদমুদ্রিকা। তর্জ্জন্যঙ্গুষ্ঠ-সংযোগাদগ্রতো বিন্দুমুদ্রিকা। অধোমুখে বামহস্তে ঊর্দ্ধাস্যং দক্ষহস্তকং। ক্ষিপ্ত্বাঙ্গুলীরঙ্গুলীভিঃ সংগ্রথ্য পরিবর্ত্তয়েৎ। এষা সংহারমুদ্রা স্যাদ্বিসর্জ্জনবিধৌ স্মৃতা। দক্ষপাণিপৃষ্ঠদেশে বাম-পাণিতলং ন্যসেৎ। অঙ্গুষ্ঠৌ চালয়েৎ সম্যক্ মুদ্রেয়ং মৎস্যরূপিণী। বামহস্তস্য তর্জ্জন্যাং দক্ষিণস্য কনিষ্ঠয়া। তথা দক্ষিণতর্জ্জন্যাং বামাঙ্গুষ্ঠেন যোজয়েৎ। উন্নতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামস্য মধ্যমানামিকাঃ। অঙ্গুলীর্যোজয়েৎ পৃষ্ঠে দক্ষিণস্য করস্য চ। বামস্য পিতৃতীর্থেন মধ্যমা-নামিকে তথা। অধোমুখে চ তে কুর্য্যাদ্দক্ষিণস্য করস্য চ। কূর্ম্মপৃষ্ঠসমং কুর্য্যাদ্দক্ষপাণিঞ্চ সর্ব্বতঃ। কূর্ম্মমুদ্রেয়মাখ্যাতা দেবতাধ্যানকর্ম্মণি। পৃষ্ঠে ক্রোড়ে। অন্তরাঙ্গুষ্ঠমুষ্টিন্তু কৃত্বা বামকরস্য চ। মধ্যমাগ্রং দক্ষিণস্য তথালম্ব্য প্রযত্নতঃ। মধ্যমেনাথ তর্জ্জন্যামঙ্গুষ্ঠাগ্রেণ যোজয়েৎ। দক্ষিণং যোজয়েৎ পাণিং বামমুষ্টৌ তু সাধকঃ। দর্শয়েদ্দক্ষিণে ভাগে মুণ্ড-মুদ্রেয়মুচ্যতে। তারাযোনিমুদ্রা যথা—যোনিমুদ্রা চ বক্তব্যা ভূতিনী বক্তব্যা বীজাখ্যাপি। পরিবৃত্তকরৌ স্পষ্টৌ কনিষ্ঠাকৃষ্টমধ্যমে। অনামাযুগলঞ্চাধস্তর্জনীযুগলং পৃথক্। অন্যোহন্যং

করতঃ আপন হৃদয়ে সংলগ্ন করিলে প্রার্থনমুদ্রা হইবে। হস্তে অঞ্জলি রচনা করিলে অঞ্জলিমুদ্রা হয়, এই মুদ্রাকে বাসুদেবাখ্যমুদ্রাও বলিয়া থাকে। উভয়হস্তে মুষ্টিবন্ধন করিয়া সম্মুখে স্থাপনপূর্ব্বক অঙ্গুষ্ঠদ্বয় ঊর্দ্ধীকৃত করিয়া সেই মুষ্টিদ্বয় সংলগ্ন করিলে কালকর্ণী মুদ্রা হইবে। দক্ষিণহস্তে দৃঢ়রূপে মুষ্টিবন্ধন করিয়া ঐ হস্তের তর্জ্জনী নাসিকাগ্রে স্থাপন করিলে বিস্ময়মুদ্রা হয়। দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠা ঊর্দ্ধীকৃত করিয়া মুষ্টিবন্ধন করিলে নাদমুদ্রা হয়। দক্ষিণহস্তে মুষ্টিবন্ধন করিয়া অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী পরস্পর সংযুক্ত করিলে বিন্দুমুদ্রা হইয়া থাকে। বামহস্ত অধোমুখে এবং দক্ষিণ-হস্ত ঊর্দ্ধমুখে রাখিয়া উভয়হস্তের অঙ্গুলিসকল পরস্পর গ্রথিত করতঃ হস্ত পরিবর্ত্তিত করিলে সংহারমুদ্রা হয়, এই মুদ্রা বিসর্জ্জনকার্য্যে প্রয়োগ করিবে। দক্ষিণহস্ত অধোমুখে রাখিয়া তাহার পৃষ্ঠদেশে বামপাণিতল সংস্থাপনপূর্ব্বক উভয় অঙ্গুষ্ঠ পরিচালিত করিলে মৎস্যমুদ্রা হইবে। বামহস্তের তর্জ্জনীতে দক্ষিণহস্তের কনিষ্ঠা এবং দক্ষিণহস্তের তর্জ্জনীতে বামহস্তের অঙ্গুষ্ঠ যোজিত করিয়া দক্ষিণহস্তের অঙ্গুষ্ঠ উন্নতভাবে রাখিবে এবং বামহস্তের অনামিকা ও মধ্যমা দক্ষিণহস্তের পৃষ্ঠদেশে সংযুক্ত করিবে, পরে বামহস্তের পিতৃতীর্থে অর্থাৎ তর্জ্জনী ও অঙ্গুষ্ঠার মধ্যভাগে দক্ষিণহস্তের মধ্যমা ও অনামিকা অধোমুখে সংলগ্ন করিবে এবং দক্ষিণহস্তের পৃষ্ঠদেশ কূর্ম্মপৃষ্ঠের ন্যায় উন্নত করিবে। এই মুদ্রাকে কূর্ম্মমুদ্রা বলে, এই মুদ্রা দেবতার ধ্যানকার্য্যে প্রয়োগ করিবে। বামহস্তে মুষ্টিবন্ধন করিয়া ঐ মুষ্টির অভ্যন্তরে বামাঙ্গুষ্ঠ প্রবিষ্ট করিবে। পরে দক্ষিণহস্তের মধ্যমাকে অবলম্বন করিয়া তর্জ্জনীপ্রভৃতি অঙ্গুলিসকল পরস্পর মিলিত করতঃ বামমুষ্টিতে সংযুক্ত করিয়া দক্ষিণভাগে প্রদর্শন করিবে। ইহার নাম মুণ্ডমুদ্রা। অনন্তর তারাদেবতার যোনি-প্রভৃতি মুদ্রা কথিত হইতেছে। যোনি, ভূতিনী ও বীজমুদ্রা কথিত হইয়াছে, এইক্ষণ দৈত্যধূমিনীমুদ্রা কথিত হই-তেছে।—করদ্বয় স্পষ্টভাবে পরিবর্ত্তিত করিয়া উভয় কনিষ্ঠাদ্বারা উভয় মধ্যমাকে আকর্ষণ করিবে। পরে অনামা-

নিবিড়ং বদ্ধাঙ্গুষ্ঠাগ্রে নাসিকে ততঃ। দানবধূম্রিকেত্যাখ্যা মুদ্রৈষা কথিতা প্রিয়ে। অস্যাস্তু বন্ধনামন্ত্রী বন্ধনান্মুচ্যতে ধ্রুবং। বক্ত্রং বিস্তারিতং কৃত্বাপ্যধোজিহ্বাঞ্চ চালয়েৎ। পার্শ্বস্থং মুষ্টিযুগলং লেলিহানেতি কীর্ত্তিতা। এষা তারারাধনে অন্যা লেলিহা বক্তব্যা। যোনির্মায়াধরঃ সেন্দুর্ব্বধূঃ কূর্চ্চং ক্রমাদিতুঃ। বীজানি চোচ্চরন্মন্ত্রী মুদ্রাবন্ধনমাচরেৎ। তর্জনীমধ্যমানামাঃ সমং কুর্য্যাদধোমুখং। অনামায়াং ক্ষিপেদ্বৃদ্ধাং ঋজ্বীং কৃত্বা কনিষ্ঠিকাং। লেলিহানাম মুদ্রেয়ং জীবন্যাসে প্রকীর্ত্তিতা। তর্জন্যনামিকা মধ্যা কনিষ্ঠা ক্রমযোগতঃ। করয়োর্যোজয়েত্যেব কনিষ্ঠামূলদেশতঃ। অঙ্গুষ্ঠাগ্রেষু নিঃক্ষিপ্য মহাযোনিঃ প্রকীর্ত্তিতা॥ বামকেশ্বরতন্ত্রোক্তাঃ প্রকাশ্যন্তেঽত্র মুদ্রিকাঃ। শৃণু দেবি প্রবক্ষ্যামি মুদ্রাঃ সর্ব্বার্থসিদ্ধিদাঃ। যাভির্ব্বিরচিতাভিশ্চ সান্নিধ্যং ত্রৈপুরং ভবেৎ। পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টাবঙ্গুষ্ঠৌ কারয়েৎ সমৌ। অনামান্তর্গতে কৃত্বা তর্জন্যৌ কুটিলাকৃতী। কনিষ্ঠিকে নিযুঞ্জীত নিজস্থানে মহেশ্বরি। ত্রিখণ্ডেয়ং সমাখ্যাতা ত্রিপুরাধ্যানকর্ম্মণি। মধ্যমা মধ্যগে কৃত্বা কনিষ্ঠেঽঙ্গুষ্ঠরোধিতে। তর্জন্যৌ দণ্ডবৎ কৃত্বা মধ্যমোপর্য্যনামিকে। এষা চ পরমা মুদ্রা সর্ব্বসংক্ষোভকারিণী। এতস্যা এব মুদ্রায়া মধ্যমে সরলে যদা। ক্রিয়তে পরমেশানি সর্ব্ববিদ্রাবিণী তদা। মধ্যমাতর্জনীভ্যাঞ্চ কনিষ্ঠানামিকে সমে। অঙ্কুশাকাররূপাভ্যাং মধ্যমে পরমেশ্বরি। অঙ্গুষ্ঠস্তু নিযুঞ্জীত কনিষ্ঠা-

---

দ্বয় পৃথক্ পৃথক্ অধোমুখে স্থাপন করিয়া পরস্পর নিবিড়ভাবে বন্ধন করত অঙ্গুষ্ঠাগ্রে অনামিকা সংযুক্ত করিবে। ইহার নাম দৈত্যধূম্রিনীমুদ্রা। এই মুদ্রা বন্ধন করিলে সাধক বন্ধন হইতে মুক্ত হইতে পারে। মুখ বিবৃতকরিয়া অধোমুখে জিহ্বা পরিচালিত করিবে এবং উভয়হস্তের মুষ্টি উভয়পার্শ্বে স্থাপন করিলে লেলিহানমুদ্রা হয়। এই মুদ্রা তারাদেবীর আরাধনাতে প্রশস্ত। ঐঁ হ্রীঁ ঐঁ স্ত্রীঁ হুঁ এই পঞ্চবীজ উচ্চারণ করিয়া তারাদেবীর পঞ্চমুদ্রা বন্ধন করিবে। তর্জনী, মধ্যমা ও অনামিকা সমভাবে অধোমুখ করিয়া অনামিকাতে বৃদ্ধাঙ্গুলি নিক্ষেপ করতঃ কনিষ্ঠাকে সরলভাবে রাখিবে, এই মুদ্রাকে লেলিহানমুদ্রা বলে, এই মুদ্রা জীবন্যাসে প্রয়োগ করিবে। দক্ষিণহস্তের তর্জ্জনীর সহিত বামহস্তের তর্জ্জনী, এইরূপে মধ্যমার সহিত মধ্যমা, অনামিকার সহিত অনামিকা ও কনিষ্ঠার সহিত কনিষ্ঠা যোগ করিয়া কনিষ্ঠাদ্বয়ের মূলদেশে অঙ্গুষ্ঠদ্বয় সংযুক্ত করিলে মহাযোনিমুদ্রা হইয়া থাকে। এইক্ষণ বামকেশ্বর তন্ত্রোক্ত মুদ্রাসকল কথিত হইতেছে। মহাদেব বলিয়াছেন, হে দেবি! সর্ব্বার্থসিদ্ধিপ্রদ মুদ্রাসকল বলিব, শ্রবণ কর। এই সকল মুদ্রা রচনা করিলে ত্রিপুরাদেবীর সান্নিধ্য হইয়া থাকে। হস্তদ্বয় পরিবর্ত্তিত করিয়া অঙ্গুষ্ঠদ্বয়কে সরল ও সমভাবে স্থাপিত করিবে এবং তর্জ্জনীদ্বয়কে অনামিকাদ্বয়ের মধ্যগত করিয়া কুটিলভাবে রাখিয়া কনিষ্ঠাদ্বয়কে স্ব স্ব স্থানে রাখিবে। এই মুদ্রার নাম ত্রিখণ্ডমুদ্রা এই মুদ্রা ত্রিপুরাদেবীর ধ্যানকার্য্যে প্রয়োগ করিবে। উভয়হস্তের মধ্যমাকে মধ্যস্থলে রাখিয়া উভয়হস্তের কনিষ্ঠাদ্বয়কে উভয়হস্তের মধ্যমাদ্বয় দ্বারা আবদ্ধ করিবে এবং তর্জ্জনীদ্বয়কে দণ্ডাকার করিয়া মধ্যমাদ্বয়ের উপরিভাগে অনামিকাদ্বয় স্থাপন করিবে। ইহার নাম সর্ব্বসংক্ষোভকারিণী মুদ্রা। পূর্ব্বোক্ত মুদ্রাতে মধ্যমাকে সরল ভাবে স্থাপিত করিলে সর্ব্ববিদ্রাবিণী মুদ্রা হয়। মধ্যমা ও তর্জ্জনীকে অঙ্কুশাকার করিয়া কনিষ্ঠা ও অনামিকাকে সমভাবে রাখিবে পরে মধ্যমাতে অঙ্গুষ্ঠ এবং অনামিকার উপরিভাগে

নামিকোপরি। ইয়মাকর্ষণী মুদ্রা ত্রৈলোক্যাকর্ষণী পরা। পুটাকারৌ করৌ কৃত্বা তর্জ্জন্যাবঙ্কুশাকৃতী। পরিবর্ত্তক্রমেণৈব মধ্যমে তদধোগতে। ক্রমেণ দেবি তেনৈব কনিষ্ঠানামিকে তথা। সংযোজ্য নিবিড়াঃ সর্ব্বা অঙ্গুষ্ঠাবগ্রদেশতঃ। মুদ্রেয়ং পরমেশানি সর্ব্ববশ্যকরী মতা। সম্মুখৌ তু করৌ কৃত্বা মধ্যমা মধ্যগেঽনন্ত্যজে। অনামিকে তু সরলে তদ্বহিস্তর্জনীদ্বয়ং। দণ্ডাকারৌ তথাঙ্গুষ্ঠৌ মধ্যমানখদেশগৌ। মুদ্রেষোন্মাদিনী নাম্নাকর্ষণী সর্ব্বযোষিতাং। অস্যাস্ত্বনামিকাযুগ্মমধঃকৃত্বাঙ্কুশাকৃতী। তর্জন্যাবপি তেনৈব ক্রমেণ বিনিযোজয়েৎ। ইয়ং মহাঙ্কুশা মুদ্রা সর্ব্বকামার্থসাধিনী। সব্যং দক্ষিণদেশে তু সব্যদেশে তু দক্ষিণং। বাহুং কৃত্বা মহাদেবি হস্তৌ সংপরিবর্ত্ত্য চ। কনিষ্ঠেঽনামিকে দেবি যুক্ত্বা তেন ক্রমেণ তু। তর্জ্জনীভ্যাং সমাক্রান্তে সর্ব্বোর্দ্ধমপি মধ্যমে। অঙ্গুষ্ঠৌ তু মহেশানি সরলাবপি কারয়েৎ। ইয়ং সা খেচরী নাম্না পার্থিবস্থানযোজিতা। পরিবৃত্য করৌ স্পৃষ্টাবর্দ্ধচন্দ্রাকৃতী প্রিয়ে। তর্জ্জন্যঙ্গুষ্ঠযুগলং যুগপৎ কারয়েত্ততঃ। অধঃকনিষ্ঠাবষ্টব্ধে মধ্যমে বিনিযোজয়েৎ। তথৈব কুটিলে-যোজ্যে সর্ব্বাধস্তাদনামিকে। বীজমুদ্রেয়মচিরাৎ সর্ব্বসিদ্ধিবিবর্দ্ধিনী। মধ্যমে কুটিলে কৃত্বা তর্জ্জন্যুপরি সংস্থিতে। অনামিকে মধ্যগতে তথৈব হি কনিষ্ঠকে। সর্ব্বা একত্র সংযোজ্য অঙ্গুষ্ঠপরিপীড়িতাঃ। এষা তু প্রথমা মুদ্রা যোনিমুদ্রেয়মীরিতা। এতা বিদ্যা মহেশানি

কনিষ্ঠা যোজিত করিলে আকর্ষণীমুদ্রা হইবে। এই মুদ্রাদ্বারা ত্রৈলোক্য আকর্ষিত হয়। হস্তদ্বয় পুটিত করিয়া তর্জ্জনীদ্বয় অঙ্কুশাকৃতি করিবে এবং মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা এই অঙ্গুলিত্রয় বিপরীতভাবে অর্থাৎ বামহস্তের মধ্যমাদি অঙ্গুলিত্রয় দক্ষিণহস্তের তর্জ্জনীর অধোভাগে এবং দক্ষিণহস্তের মধ্যমাদি অঙ্গুলিত্রয় বামহস্তের তর্জ্জনীর অধোভাগে সংযুক্তকরতঃ অঙ্গুষ্ঠদ্বয়ের অগ্রভাগ পরস্পর সংলগ্ন করিয়া অঙ্গুলিসকল নিবিড় করিলে সর্ব্ববশ্যকরীমুদ্রা হয়। করদ্বয় সম্মুখে স্থাপিত করিয়া কনিষ্ঠাদ্বয়কে মধ্যমার মধ্যভাগে সংযুক্ত করিবে এবং অনামিকাদ্বয়কে সরলভাবে রাখিয়া তাহার উপরি ভাগে তর্জ্জনীদ্বয় স্থাপন করিবে। পরে অঙ্গুষ্ঠদ্বয় দণ্ডাকার করিয়া মধ্যমার নখপ্রদেশে স্থাপিত করিলেই উন্মাদিনীমুদ্রা হইবে, এই মুদ্রা সর্ব্বনারীকে আকর্ষণ করে। এই উন্মাদিনী মুদ্রাতে অনামিকাদ্বয় অঙ্কুশাকৃতি করিয়া অধোভাগে স্থাপনপূর্ব্বক তাহাতে তর্জ্জনীদ্বয় অঙ্কুশাকৃতি করিয়া নিয়োজিত করিলে মহাঙ্কুশমুদ্রা হয়, এই মুদ্রা সর্ব্বকামার্থ সাধনকরিতে পারে। বামহস্ত দক্ষিণে এবং দক্ষিণহস্ত বামদিকে স্থাপন করিয়া হস্তদ্বয় পরিবর্ত্তন করিবে, পরে বামহস্তের কনিষ্ঠা ও অনামিকা দক্ষিণহস্তের কনিষ্ঠা ও অনামিকাতে সংযুক্ত করিয়া উভয় তর্জ্জনীদ্বারা উভয় মধ্যমার ঊর্দ্ধভাগ আক্রমণ করিবে এবং অঙ্গুষ্ঠদ্বয় সরলভাবে স্থাপিত করিবে। ইহার নাম খেচরীমুদ্রা। হস্তদ্বয় পরিবর্ত্তন করিয়া স্পষ্টভাবে রাখিবে এবং তর্জ্জনী ও অঙ্গুষ্ঠদ্বয় একদা অর্দ্ধচন্দ্রাকৃতি করিয়া অধোভাগস্থিত কনিষ্ঠাদ্বয় মধ্যমাতে যোজিত করিবে এবং অনামিকাদ্বয়কে কুটিলভাবে সেই মধ্যমাতে সংযুক্ত করিলে বীজমুদ্রা হইবে। এই মুদ্রা প্রদর্শন করিলে অচিরে সর্ব্বসিদ্ধি প্রদান করে। মধ্যমাদ্বয় কুটিলাকৃতি করিয়া তর্জ্জনীর উপরিভাগে স্থাপন করিবে এবং কনিষ্ঠাদ্বয়কে অনামিকার মধ্যগত করিয়া সমুদায় অঙ্গুলি একত্র সংযুক্ত করত অঙ্গুষ্ঠদ্বারা অঙ্গুলি সমুদায়কে পীড়িত করিবে। এই মুদ্রার নাম যোনিমুদ্রা। এই সকল ত্রিপুরাদেবীর মুদ্রা কথিত হইল।

ত্রিপুরায়াময়োদিতাঃ। পূজাকালে প্রয়োক্তব্যা যথানুক্রমযোগতঃ। বামহস্তেন মুষ্টিন্তু কৃত্বা কর্ণপ্রদেশকে। তর্জ্জনীং সরলাং কৃত্বা ভ্রাময়েদনুবিভ্রমঃ। সৌভাগ্যদণ্ডনী মুদ্রা ন্যাসকালেঽপি সূচিতা। অন্তরঙ্গুষ্ঠমুষ্ট্যা তু নিরুধ্য তর্জ্জনীমিমাং। রিপুজিহ্বাগ্রহা মুদ্রা ন্যাসকালেঽপি সূচিতা। বদ্ধা তু যোনিমুদ্রাং বৈ মধ্যমে কুটিলে কুরু। অঙ্গুষ্ঠে তু তদগ্রে তু মুদ্রেয়ং ভূতিনী মতা। বামমুষ্টিং বিধায়াথ তর্জ্জনীমধ্যমে ততঃ। প্রসার্য্য তর্জ্জনীমুদ্রা নির্দ্দিষ্টা বজ্রপাণিনা। ইতি মুদ্রাপ্রকরণং॥

অথ ধারণযন্ত্রাণি। তত্রাদৌ ভুবনেশ্বরীযন্ত্রং শারদায়াং—আলিখ্যাষ্টদিগর্গলান্যুদরগং পাশাদিকং ত্র্যক্ষরং। কোষ্ঠেষঙ্গমনূন্ পরেষু বিলিখেদষ্টার্ণমন্ত্রদ্বয়ং। অচ্পূর্ব্বাপরষট্ক যুগলযবরান্ ব্যোমাসনানর্গলেম্বালিখ্যেন্দ্রজলাধিপাধিগুণশঃ পঙ্‌ক্তিদ্বয়ং তৎপরং। কোষ্ঠে ষষ্টযুগার্ণমাত্মসহিতাং যুগ্মস্বরান্তর্গতাং মায়াং কেশরগাং দলেষু বিলিখেৎ মূলং ত্রিপঙ্‌ক্তি-ক্রমাৎ। ত্রিঃ পাশাঙ্কুশবেষ্টিতঞ্চ লিপিভির্ব্বীতং ক্রমাদুৎক্রমাৎ পদ্মস্থেন ঘটেন পঙ্কজমুখে-

---

উক্ত মুদ্রাসকল ক্রমতঃ পূজাকালে প্রয়োগ করিবে। বামহস্তে মুষ্টিবন্ধন করিয়া তর্জ্জনী অঙ্গুলী সরলকরত কর্ণপ্রদেশে ভ্রামিত করিলে সৌভাগ্যদায়িনীমুদ্রা হইবে। এই মুদ্রা পূজাকালে প্রদর্শন করিলে, সর্ব্বসৌভাগ্যবৃদ্ধি হইয়া থাকে। মুষ্টিবন্ধন করিয়া তাহার অভ্যন্তরে অঙ্গুষ্ঠ প্রবেশিত করত সেই মুষ্টিতে তর্জ্জনী আবদ্ধ করিলে রিপুজিহ্বাগ্রহামুদ্রা হয়। যোনিমুদ্রা বন্ধন করিয়া মধ্যমাঙ্গুলিদ্বয় কুটিল করিয়া ঐ মধ্যমাদ্বয়ের উপরিভাগে অঙ্গুষ্ঠদ্বয় সন্নিবেশিত করিলে ভূতিনীমুদ্রা হইয়া থাকে। বাম হস্তে মুষ্টি বন্ধন করিয়া মধ্যমা এবং তর্জ্জনী প্রসারিত করিলে তর্জ্জনীমুদ্রা হয়। এই মুদ্রা বজ্রপাণি-কর্ত্তৃক নিরূপিত হইয়াছে। ইতি মুদ্রাপ্রকরণ সমাপ্ত॥

অনন্তর ধারণযন্ত্র কথিত হইবে। তন্মধ্যে প্রথমে ভুবনেশ্বরীযন্ত্র লিখিত হইতেছে। অষ্টদিকে অর্গল লিখিয়া তন্মধ্যে আং হ্রীং ক্রোং এই তিনটি মন্ত্র লিখিতে হইবে। তৎপরবর্ত্তী অষ্টকোণের মধ্যচতুষ্কোণে নমঃ, স্বাহা, হুঁ, ফট্ এই চারিটি মন্ত্রলিখিবে; অবশিষ্ট চতুষ্কোণেই বৌষট্ এই মন্ত্র লিখিতে হইবে। পরবর্ত্তী অষ্টকোণে আং, শ্রীঁ, হ্রীঁ, ক্লীঁ ক্লীঁ, হ্রীঁ, শ্রীঁ, ক্রোঁ, এই অষ্টবর্ণ মন্ত্র লিখিতে হইবে। তৎপরবর্ত্তী অষ্টকোষ্ঠে কামিনি রঞ্জিনি স্বাহা, এই অষ্টার্ণমন্ত্রের এক একটি বর্ণ লিখিবে। তৎপপরবর্ত্তী অর্গলান্তর্গত অষ্টকোষ্ঠে হ্লং হ্লাং হ্লিং হ্লীং হ্লূং হ্লৄং। ১। হ্যং হ্যাং হ্যিং হ্যীং হ্যুং হ্যূং। ২। হ্বং হ্বাং হ্বিং হ্বীং হ্বুং হ্বূং। ৩। হ্রুং হ্রাং হ্রিং হ্রীং হ্রুং হ্রূং। ৪। হ্লেং হ্লৈং হ্লোং হ্লৌং হ্লং হ্লঃ। ৫। হেং হৈং হোং হৌং হং হঃ। ৬। হ্বেং হ্বৈং হ্বোং হ্বৌং হ্বং হ্বঃ। ৭। হ্রেং হ্রৈং হ্রোং হ্রৌং হ্রং হ্রঃ। ৮। এই সমুদায় বর্ণ যথাক্রমে দুই পংক্তি করিয়া বিন্যাস করিতে হইবে। ইহার মধ্যে প্রথম বর্ণষট্ক পূর্ব্বদিকে, দ্বিতীয় বর্ণষট্ক অগ্নিকোণে, তৃতীয় বর্ণষট্ক দক্ষিণদিকে, চতুর্থ বর্ণষট্ক নৈঋতকোণে, পঞ্চম বর্ণষট্ক পশ্চিমদিকে, ষষ্ঠ বর্ণষট্ক বায়ুকোণে, সপ্তম বর্ণষট্ক উত্তরদিকে, অষ্টম বর্ণষট্ক ঈশানকোণে বিন্যাস করিবে। তৎপরবর্ত্তী কোষ্ঠে হ্রীঁ গৌরি রুদ্রদয়িতে যোগেশ্বরি হুঁ ফট্ স্বাহা এই ষোড়শাক্ষর মন্ত্রের এক একটি বর্ণ বিন্যাস করিবে। তৎপরবর্ত্তী অষ্টদলের মধ্যে অষ্ট কেশরে ক্রমশঃ অং হংসঃ ঈং হংসঃ আং। ১। ইং হংসঃ ঈং হংসঃ ঈং। ২। উং হংস ঈং হংসঃ ঊং। ৩। ঋং হংসঃ ঈং হংসঃ ৠং। ৪। ৯ং হংসঃ ঈং হংসঃ ৡং। ৫। এং হংসঃ ঈং হংসঃ ঐং। ৬। ওঁ হংসঃ ঈং হংসঃ ঔং। ৭। অং হংসঃ ঈং হংসঃ অঃ। ৮। এই সকল মন্ত্রবর্ণ বিন্যাস করিতে হইবে। তদুপরি অষ্টদলে আং হ্রীঁ ক্রোঁ এই মন্ত্র তিন

নাবেষ্টিতং তদ্বহিঃ। ঘটার্গলমিদং যন্ত্রং মন্ত্রিণাং শ্রীপ্রদং মহৎ। পাশশ্রীশক্তিকন্দর্প-কামশক্তিরমাঙ্কুশাঃ। প্রথমোঽষ্টাক্ষরোমন্ত্রস্ততঃ কামিনি রঞ্জনি। স্বাহান্তোঽষ্টাক্ষরঃ সন্তিরপরঃ পরিকীর্ত্তিতঃ। হ্রীং গৌরি রুদ্রদয়িতে যোগেশ্বরি বর্ম্ম ফট্ চ। দ্বিঠান্তঃ ষোড়শার্ণোঽয়ং মন্ত্রঃ সদ্ভিরুদীরিতঃ। ইতি ঘটার্গলযন্ত্রং ॥

অথ ত্বরিতাযন্ত্রং। তারে হুঁ বিলিখেৎ সরোজকুহরে সাধ্যাভিধানান্বিতং। মন্ত্রার্ণান্ বসুসংখ্যকান্ বসুদলেম্বালিখ্য তদ্বাহ্যতঃ। শক্ত্যা ত্রিঃ পরিবেষ্টিতং ঘটগতং পদ্মস্থমজ্ঞাননং যন্ত্রং বশ্যকরং গ্রহাদিভয়হৃল্লক্ষ্মীপ্রদং কান্তিদং। ইতি ত্বরিতাযন্ত্রং ॥

অথ নবদুর্গাযন্ত্রং। পদ্মং ভানুদলান্বিতং প্রবিলিখেত্তৎকর্ণিকায়াং পুনস্তারং শক্তিগ-বীজসাধ্যসহিতং তৎকেশরেষু ক্রমাৎ। মর্দ্দিন্যামনুসম্ভবান্ যুগলশোবর্ণান্ পুনঃ পত্রগান্ মন্ত্রার্ণান্ গুণশো বিধায় বিলিখেদন্ত্যং তদন্তে দলে। মন্ত্রস্তু ওঁ উত্তিষ্ঠ পুরুষি কিং স্বপিষি ভয়ং মে সমুপস্থিতং যদি শক্যমশক্যং বা তন্মে ভগবতি স্বাহা। মাতৃকার্ণেন সংবীতং ভূপুর-দ্বয়মধ্যগং। যন্ত্রঞ্চ বিন্ধ্যবাসিন্যাঃ প্রোক্তং সর্ব্বসমৃদ্ধিদং। রক্ষাকরং বিশেষেণ ক্ষুদ্রভূতাদি-

---

পংক্তি করিয়া লিখিবে। তৎপরে সমুদায় পদ্ম বেষ্টন করিয়া আং ক্রোং এই মন্ত্র তিন পংক্তিতে লিখিবে। তৎপরে অনু-লোমে পঞ্চাশৎ বর্ণদ্বারা বেষ্টন করিয়া তৎসমুদায় বিলোমবিন্যস্ত পঞ্চাশৎ বর্ণদ্বারা বেষ্টন করিতে হইবে। অনন্তর অপর পদ্ম মুখের সহিত বহির্দ্দেশে অপর পদ্মস্থ ঘট বেষ্টন করিয়া দিতে হইবে। ইহার নাম ঘটার্গলযন্ত্র। এই ঘটার্গল যন্ত্র সাধকদিগকে অতীব সৌভাগ্যশালী করে। যে অষ্টাক্ষর মন্ত্রদ্বয়ের কথা উল্লেখ হইয়াছে, তন্মধ্যে প্রথম অষ্টাক্ষর মন্ত্র এই—আং শ্রীঁ হ্রীঁ ক্লীঁ ক্লীঁ হ্রীঁ শ্রীঁ ক্রোঁ। দ্বিতীয় অষ্টাক্ষর মন্ত্র এই—কামিনি রঞ্জনি স্বাহা। ষোশাক্ষর মন্ত্র এই—হ্রীঁ গৌরি রুদ্রদয়িতে যোগেশ্বরি হুঁ ফট্ স্বাহা। ইতি ঘটার্গল যন্ত্র ॥

ত্বরিতাধারণযন্ত্র—অষ্টদলপদ্ম লিখিয়া তাহার কর্ণিকা মধ্যে একটি প্রণব বিন্যাস করিতে হইবে, ঐ প্রণবের মধ্যে হুঁ এই মন্ত্র লিখিয়া মধ্যে নাম লিখিতে হইবে, অর্থাৎ হুঁ অমুকং বশমানয় এইরূপ লিখিবে। পরে অষ্টদলে অষ্টাক্ষর মন্ত্রের অষ্টবর্ণ লিখিয়া তাহা শক্তি অর্থাৎ ক্রীঁ এই মন্ত্রদ্বারা তিন পংক্তিতে বেষ্টন করিতে হইবে। এই যন্ত্র পদ্মের উপরি থাকিবে এবং ইহার মুখেও একটি পদ্ম অঙ্কিত করিতে হইবে। এই যন্ত্র ধারণকরিলে সম্পত্তি লাভ হয়, গ্রহাদি ভয় থাকে না ও সমুদয় লোক বশীভূত হইয়া থাকে ॥

নবদুর্গার ধারণযন্ত্র—প্রথমতঃ ষোড়শদল পদ্ম লিখি তন্মধ্যে প্রণব বিন্যাসপূর্ব্বক তন্মধ্যে শক্তিবীজ অর্থাৎ হ্রীঁ ও সাধ্যনাম লিখিতে হইবে এবং ষোড়শকেশরে মহিষ মর্দ্দিনী স্বাহা এই মন্ত্রের দুই দুইটি বর্ণ বিন্যাস করিবে। পত্র সমুদায়ে, উত্তিষ্ঠ পুরুষি কিং স্বপিষি ভয়ং মে সমুপস্থিতং যদি শক্যমশক্যং বা তন্মে ভগবতি শময় স্বাহা। এই মন্ত্রের তিন তিনটি অক্ষর বিন্যাস করিতে হইবে। পরিশেষে যে বর্ণ অবশিষ্ট থাকিবে, তাহা অন্ত্যদলে বিন্যাস করিবে। মাতৃকা বর্ণদ্বারা ইহার চতুর্দ্দিক বেষ্টন করিয়া দিতে হইবে, তাহার বহির্ভাগে দুইটি ভূপুর লিখিতে হইবে। বিন্ধ্যবাসিনীর এই যন্ত্র ধারণকরিলে সর্ব্ববিধ ধনসম্পত্তি লাভ হয়। বিশেষতঃ ইহাদ্বারা সর্ব্ববিধ বিপদ্ হইতে রক্ষা হইতে পারে। ইহা ধারণ করিলে ক্ষুদ্র ভূত প্রভৃতি বিনষ্ট হয়। যে সকল রাজা রাজ্যভ্রষ্ট হয়েন, ইহাদ্বারা তাঁহারা

নাশনং। রাজ্যদং ভ্রষ্টরাজ্যানাং বশ্যদং বশ্যমিচ্ছতাং। সুতার্থিনীনাং সুতদং রোগিণাং রোগশান্তিদং। বহুনা কিমিহোক্তেন যন্ত্রং তৎ কামদো মণিঃ। ইতি নবদুর্গাযন্ত্রং॥

অথ লক্ষ্মীযন্ত্রং। বেদাদিস্থিতসাধ্যনামযুগশঃ শ্রীশক্তিমারান্বিতং। কিঞ্জল্কেষু দিনেশ পত্রবিলসন্মন্ত্রাক্ষরং তদ্বহিঃ। পদ্মং ব্যঞ্জনকেশরং স্মরলসৎপত্রাষ্টযুগ্মং ধরাবিম্বভ্যাং বষড়ন্তয়া ত্বরিতয়া যন্ত্রং লিখেদ্বেষ্টিতং। ভূপুরদ্বয়কোণেষু হক্ষৌ লেখ্যৌ পুনঃ পুনঃ। মহালক্ষ্মীযন্ত্রমিদং সর্ব্বৈশ্বর্য্যফলপ্রদং। সর্ব্বদুঃখপ্রশমনং সর্ব্বাপদ্বিনিবারকং বহুনা কিমিহোক্তেন পরমস্মান্ন বিদ্যতে॥

অথ ত্রিপুরভৈরবীযন্ত্রং। মধ্যাদ্যং নবযোনিষু প্রবিলিখেদ্বীজানি বর্ণাংস্ত্রিংশো গায়ত্র্যাঃ পুনরষ্টপত্রবিবরেষ্বালিখ্য লিপ্যাবৃতং। ভূবিম্বদ্বিতয়েন মন্মথযুজা কোণেষু সংবেষ্টিতং। যন্ত্রং ত্রৈপুরমীরিতং ত্রিভুবনপ্রক্ষোভণং শ্রীপ্রদং। গায়ত্রী তু। মন্তে ত্বং ত্রিপুরাদেবি বিদ্মহে পদমুদ্ধরেৎ। উক্ত্বা কামেশ্বরিপদং প্রবদেদথ ধীমহি। অন্তে চ প্রবদেত্তুয়ন্তন্নঃ ক্লিন্নে প্রচোদয়াৎ। গায়ত্র্যেষা সমাখ্যাতা ত্রৈপুরী সর্ব্বসিদ্ধিদা॥

অথ ত্রিপুরযন্ত্রং। বহ্নের্গেহযুগান্তরস্থসদনে মায়াং লিখেদ্বাগ্‌ভবং ষট্‌কোণেষ্বথ সন্ধিষু

পুনরায় রাজ্যলাভ করিতে পারেন। যাঁহারা বশীকরণ ইচ্ছা করেন, তাঁহারা ইহাদ্বারা সকলকেই বশীভূত করিতে পারেন। যিনি পুত্র কামনা করেন, ইহাদ্বারা তিনি পুত্র লাভ করেন। রোগী ব্যক্তি ইহাদ্বারা রোগ হইতে মুক্ত হয়, এক্ষণে অধিক বলিবার প্রয়োজন নাই এই যন্ত্রদ্বারা সমুদায় কামনাই পূর্ণ হয়॥

লক্ষ্মীযন্ত্র কথিত হইতেছে। প্রথমতঃ দ্বাদশদল পদ্ম অঙ্কিত করিয়া তৎকর্ণিকান্তর্গত প্রণব মধ্যে বিষয় লিখিতে হইবে। দ্বাদশদলের দ্বাদশ কিঞ্জল্কে শ্রীঁ হ্রীঁ ক্লীঁ এই তিনটি মন্ত্রের দুই দুইটি করিয়া বর্ণ বিন্যাস করিতে হইবে। ইহার উপরি দ্বাদশদলে ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্লীঁ স্রৌঁ জগৎ প্রসূত্যৈ নমঃ, এই দ্বাদশাক্ষর মন্ত্রে দ্বাদশবর্ণ যথা ক্রমে বিন্যাস করিবে। ইহার বহির্দেশে ষোড়শদল পদ্মের ষোড়শকেশরে দুই দুইটি করিয়া প্রথম দ্বাত্রিংশৎ ব্যঞ্জনবর্ণ লিখিয়া ষোড়শ পত্রে ষোড়শ স্বরবর্ণ লিখিতে হইবে। লক্ষ্মীমন্ত্রদ্বয় দ্বারা এবং বষড়ন্তত্বরিতা মন্ত্রদ্বারা ঐ যন্ত্র বেষ্টন করিতে হইবে। পরন্তু ভূপুরদ্বয়ের প্রত্যেক কোণে ব্যঞ্জনবর্ণের অবশিষ্ট শেষ বর্ণদ্বয় অর্থাৎ হ ক্ষ এই দুইবর্ণ বিন্যাস করিবে। এই লক্ষ্মীযন্ত্র ধারণ করিলে সর্ব্ববিধ ঐশ্বর্য্যলাভ, সর্ব্ব দুঃখ প্রশান্তি ও সমুদায় বিপদ দূরীভূত হয়। আর অধিক কি বলিব, ইহা অপেক্ষা শ্রেষ্ঠ যন্ত্র আর নাই॥

অনন্তর ত্রিপুরভৈরবীযন্ত্র কথিত হইতেছে।—নবযোনির মধ্য হইতে আরম্ভ করিয়া হসরৈং, হসকলরীং ও হসরৌঃ এই ত্রিকূটমন্ত্রের এক কূট লিখিবে। এইরূপ তিনবার মন্ত্র লিখিয়া অষ্টদলের মধ্যে প্রত্যেক দলে গায়ত্রীর তিন তিনটি বর্ণ পরে উহা পঞ্চাশৎবর্ণদ্বারা বেষ্টিত করিতে হইবে। অনন্তর ভূপুরদ্বয়দ্বারা উহা বেষ্টন করিয়া ঐ ভূপুরের প্রত্যেকে বিন্যাস করিতে হইবে। কোণে কামবীজ বিন্যাস করিতে হইবে। ইহার নাম ত্রিপুরাযন্ত্র, ইহাদ্বারা ত্রিভুবনস্থ লোক বিক্ষুব্ধ হয় ও লক্ষ্মীলাভ হইয়া থাকে। গায়ত্রী যথা ক্লীঁ ত্রিপুরাদেবি বিদ্মহে কামেশ্বরি ধীমহি তন্নঃ ক্লিন্নে প্রচোদয়াৎ। এই ত্রিপুরাগায়ত্রী সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী বলিয়া বিখ্যাত আছে॥

ভৈরবীর যন্ত্রান্তর এই—ঊর্দ্ধমুখ ত্রিকোণোপরি অধোমুখ ত্রিকোণ অঙ্কিত করিয়া তন্মধ্যে ক্লীঁ এই বীজ লিখিয়া ঐ

প্রবিলিখেৎ ব্লুঁকারমাবেষ্টয়েৎ। স্ত্রীং বীজেন সমীরিতং ত্রিভুবনপ্রক্ষোভণং ত্রৈপুরং। যন্ত্রং পঞ্চমনোভবাত্মকমিদং সৌন্দর্য্যসম্পৎকরং। ইতি ত্রিপুরাযন্ত্রং॥

অথ শ্রীবিদ্যাযন্ত্রং। বিশেষং ধারণং যন্ত্রং প্রসঙ্গাৎ কথয়ামি তে। রেফহকারয়োর্ম্মধ্যে দেবীনামাভিমুখ্যকং। সাধ্যনামদ্বিতীয়ান্তং তস্যোর্দ্ধে বিলিখেন্মনুং। তত্রৈব মাতৃকাং সর্ব্বাং বিলিখেচ্চক্রবাহ্যতঃ। পঞ্চগব্যামৃতৈনৈব মূলেন পরিবেষ্টয়েৎ। তত্র প্রাণং প্রতিষ্ঠাপ্য বিদ্যামষ্টোত্তরং শতং। তৎ স্পৃষ্ট্বা প্রজপেন্মন্ত্রং ন্যাসধ্যানপরায়ণঃ। হেম্নো মধ্যগতং কৃত্বা রজতস্যাথবা পুনঃ। করে ধৃত্বা জগদ্বশ্যং হৃদয়ে স্ত্রীষু বল্লভঃ। কণ্ঠে ধনং লভেস্তালে স্তম্ভনং জম্ভনং ভবেৎ। শিখায়াং মোক্ষমাপ্নোতি তস্মাদ্‌যত্নেন ধারয়েৎ॥

অথ গণেশযন্ত্রং। বীজং ষট্‌কোণমধ্যে স্ফুরদনলপুরে তারগং দিক্ষু লক্ষ্মীর্ম্মায়াকন্দর্প-ভূমীস্তদনু রসপুটেষ্বালিখেদ্বীজষট্‌কং। তৎসন্ধিষ্বঙ্গমন্ত্রান্ বসুদলকমলে মূলমন্ত্রস্য বর্ণান্ শিষ্টান্ পত্রেষু বিদ্বান্ বিলিখতু গুণশশ্চান্ত্যমন্তো পলাশে। আবীতং লিপিভিঃ ক্রমোৎ-ক্রমবশাৎ পাশাঙ্কুশাভ্যামপি ভূবিম্বদ্বিতয়েন বেষ্টিতমিদং যন্ত্রং গণাধীশিতুঃ। লাক্ষাকুঙ্কুম-

---

বীজমধ্যে স্ত্রীঁ এই বীজ লিখিবে। পরে ষট্‌কোণে ঐঁ এই বীজ লিখিয়া ত্রিকোণদ্বয়ের সন্ধিস্থলে ব্লুঁ এই বীজ লিখিতে হইবে। পরে উহা স্ত্রীঁ এই বীজদ্বারা বেষ্টন করিবে। পঞ্চমনোভবাত্মক অর্থাৎ ক্লীঁ হ্রীঁ ঐঁ ব্লুঁ স্ত্রীঁ। এই বীজাত্মক ত্রিপুরাযন্ত্র হইতে ত্রিভুবন বিক্ষোভিত হয় এবং ইহাদ্বারা সৌন্দর্য্য ও ধনসম্পত্তি লাভ হইয়া থাকে॥

এক্ষণে প্রসঙ্গক্রমে শ্রীবিদ্যার ধারণযন্ত্র বলিতেছি। রেফ্ ও হকারের মধ্যে দেবী নাম লিখিয়া তাহার সম্মুখে দ্বিতীয়ান্ত সাধ্য নাম লিখিতে হইবে। তাহার উপরি মন্ত্র লিখিয়া ঐ শ্রীচক্রের বহির্দ্দেশ সমুদায় মাতৃকাবর্ণদ্বারা বেষ্টন করিতে হইবে। পরে পূজার সময় পঞ্চগব্য, পঞ্চামৃত ও লিখিত মূলমন্ত্রদ্বারা উহা পরিবৃত করিয়া তাহাতে দেবীর প্রাণপ্রতিষ্ঠাপূর্ব্বক ন্যাস ধ্যান প্রভৃতি দ্বারা পূজা সম্পন্ন করিতে হইবে। পরে ঐ যন্ত্র স্পর্শপূর্ব্বক অষ্টোত্তর-শত মন্ত্র জপ করিবে। এই যন্ত্র সুবর্ণের মধ্যে অথবা রজতের মধ্যে স্থাপনপূর্ব্বক হস্তে ধারণ করিলে এই জগৎ বশীভূত হয়, হৃদয়ে ধারণ করিলে সাধক কামিনীর হৃদয়বল্লভ হইয়া থাকে, কণ্ঠে ধারণ করিলে ধনলাভ, কপালে ধারণ করিলে স্তম্ভন ও জম্ভন হইয়া থাকে। যিনি উহা শিখাতে ধারণ করেন, তিনি মোক্ষলাভ করিতে পারেন। অতএব এই যন্ত্র যত্নপূর্ব্বক ধারণ করা সাধকের অবশ্য কর্ত্তব্য॥

অতঃপর গণেশযন্ত্র কথিত হইতেছে। প্রথমতঃ ঊর্দ্ধমুখ ত্রিকোণ তদুপরি অধোমুখ ত্রিকোণ লিখিয়া এই ষট্‌কোণ মধ্যস্থিত প্রণবমধ্যে গাং এই গণেশবীজ লিখিয়া ঐ প্রণবের চতুর্দ্দিকে শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ এই মন্ত্র বিন্যাস করিতে হইবে। পরে তদ্বহিস্থ ছয় কোষ্ঠে ওঁ শ্রীঁ হ্রীঁ ক্লীঁ গ্লৌঁ গঁ এই ছয়টি বীজ লিখিতে হইবে। পরে ছয়টি সন্ধিস্থলে নমঃ, স্বাহা, বষট্, হুঁ, বৌষট্ ও ফট্, এই ছয়টি অঙ্গমন্ত্র লিখিবে। পরে পদ্মের অষ্টদলে তিন তিনটি মন্ত্রবর্ণ লিখিয়া অবশিষ্ট বর্ণ শেষদলে বিন্যাস করিবে। গণপ ১ তয়েব ২ রদব ৩ রদস ৪ র্ব্বজনং ৫ মে বশ ৬ মানয় ৭ স্বাহা ৮। এই-রূপ বিভাগ করিয়া অষ্টদলে বিন্যাস করিতে হইবে। পরে উহা এক পংক্তি অনুলোম বর্ণদ্বারা ও এক পংক্তি বিলোম বর্ণদ্বারা বেষ্টন করিয়া তাহার বহির্ভাগে আং ক্রোঁ এই বর্ণদ্বারা বেষ্টন করিবে। এই যন্ত্র পুনর্ব্বার ভূপুরদ্বয়দ্বারা

রোচনামৃগমদৈর্ভূর্জ্জোদরে হেম্নি বা সংলিখ্যাভিবহন্ লভেত সকলৈঃ সংপ্রার্থনীয়াং শ্রিয়ং। উক্তং মহাগণপতের্ব্বিধানং সুরপূজিতং। সর্ব্বসিদ্ধিকরং পুংসাং সমস্তপুরুষার্থদং। ইতি গণেশযন্ত্রং॥

অথ শ্রীরামযন্ত্রং। তারং মধ্যে বিলিখতু মনুং ষটসু কোণেষু সন্ধিষঙ্গং মায়াং স্মরমপি বিলিখেৎ কোণগণ্ডেষু পশ্চাৎ। কিঞ্জল্কেষু স্মরগণমথো পত্রমধ্যেষু মালামন্ত্রস্থার্ণান্ গ্রহমুখমিতানষ্টমে পঞ্চবর্ণান্॥ দশাক্ষরেণ সংবেষ্ট্য কাদিবর্ণৈশ্চ ভূপুরে। দিগ্বিদিক্ষু লিখেদ্বীজং নরসিংহবরাহয়োঃ। নমো ভগবতে ব্রূয়াচ্চতুর্থ্যা রঘুনন্দনং। রক্ষোঘ্নবিষদায়াস্তে মধুরাদি সমীরয়েৎ। প্রসন্নবদনায়েতি পশ্চাদমিততেজসে। বলায় পশ্চাদ্রামায় বিষ্ণবে তদনন্তরং। প্রণবাদিনমোঽন্তোঽয়ং মালামন্ত্রঃ প্রকীর্ত্তিতঃ। ইতি শ্রীরামযন্ত্রং॥

অথ নৃসিংহযন্ত্রং। বীজং সাধ্যসমন্বিতং প্রবিলিখেন্মধ্যেঽষ্টপত্রেষ্বথো মন্ত্রার্ণান্ শ্রুতিশো বিভজ্য বিলিখেল্লিপ্যা বহির্ব্বেষ্টয়েৎ। বাহ্যে কোণগবীজরুদ্ধবসুধাগেহদ্বয়েনাবৃতং যন্ত্রং ক্ষুদ্রবিষগ্রহাময়রিপুপ্রধ্বংসনং শ্রীপ্রদং। ইতি নৃসিংহযন্ত্রং॥

অথ গোপালযন্ত্রং। পিণ্ডং মূলেন বীতং দহনপুরযুগে কোণরাজৎ ষড়র্ণং কুর্য্যাৎ পদ্মং দশার্ণস্ফুরিতদশদলং কামবীজেন বীতং। পদ্মং কিঞ্জল্কসংস্থং স্মরবিকৃতিদলপ্রোল্লসৎ

বেষ্টন করিতে হইবে। লাক্ষা, কুঙ্কুম, গোরোচনা ও মৃগমদদ্বারা ভূর্জ্জপত্রে এই যন্ত্র লিখিয়া স্বর্ণমধ্যে স্থাপনপূর্ব্বক ধারণ করিলে সাধক সকলের প্রার্থনীয় লক্ষ্মী লাভ করিতে পারেন। মহাগণপতির এই যন্ত্রবিধান কথিত হইল। ইহা দেবগণেরও পূজ্য, সর্ব্বসিদ্ধিকর ও নিখিল পুরুষার্থপ্রদায়ক॥

অনন্তর শ্রীরামযন্ত্র কথিত হইতেছে—মধ্যে প্রণব লিখিয়া ষট্‌কোণে রাং রামায় নমঃ এই মন্ত্র লিখিতে হইবে। অনন্তর ষট্‌সন্ধিস্থলে নমঃ, স্বাহা, বষট্, হুঁ, বৌষট্ ও ফট্, এই ষড়ঙ্গমন্ত্র লিখিয়া এবং কোণ গণ্ডে হ্রীঁ ক্লীঁ এই মন্ত্র লিখিতে হইবে। পরে কিঞ্জল্কে দুই দুইটি স্বরবর্ণ লিখিয়া অষ্টদলপদ্মের পত্রে মালামন্ত্র লিখিবে। পরন্তু শেষ পত্রে ঐ মালামন্ত্রের শেষপঞ্চবর্ণ লিখিতে হইবে। অন্যান্য পত্রে ছয় ছয়টি করিয়া বর্ণবিন্যাস থাকিবে। মালামন্ত্র যথা ওঁ নমো ভগবতে রঘুনন্দনায় রক্ষোঘ্নবিষদায় মধুরপ্রসন্নবদনায় অমিততেজসে বলায় রামায় বিষ্ণবে নমঃ। পরে দশাক্ষর মন্ত্রদ্বারা বেষ্টনপূর্ব্বক উহা মাতৃকাবর্ণদ্বারা পরিবৃত করিবে। উহার বহির্ভাগে ভূপুর লিখিয়া উহার চতুর্দ্দিকে ক্ষ্রৌঁ এই নৃসিংহমন্ত্র এবং চতুষ্কোণে হুঁ এই বরাহমন্ত্র লিখিবে॥

অনন্তর নৃসিংহযন্ত্র কথিত হইতেছে। মধ্যস্থলে বীজ ও সাধ্যনামাদি লিখিয়া অষ্টদলে উগ্রং বীরং মহাবিষ্ণুং জ্বলন্তং সর্ব্বতোমুখং নৃসিংহং ভীষণং ভদ্রং মৃত্যুমৃত্যুং নমাম্যহং এই মন্ত্রের চারি চারিটি বর্ণবিন্যাস করিতে হইবে। তাহার চতুর্দ্দিকে মাতৃকাবর্ণদ্বারা পরিবৃত করিবে। তাহার বহির্ভাগে দুইটি ভূপুর লিখিয়া উহার প্রত্যেক কোণে ক্ষ্রৌঁ এই মন্ত্র লিখিতে হইবে। এই যন্ত্রদ্বারা ক্ষুদ্র, বিষ, গ্রহ, আময়, শত্রুধ্বংস ও লক্ষ্মীলাভ হয়॥

এক্ষণে গোপালযন্ত্র কথিত হইতেছে। গ্লৌঁ এই পিণ্ডমন্ত্র ক্লীঁ গোপীজন বল্লভায় স্বাহা এই মন্ত্রদ্বারা পরিবৃত করিতে হইবে। পরে ঊর্দ্ধমুখ ত্রিকোণোপরি অধোমুখ ত্রিকোণ বিন্যাস করিয়া ষট্‌কোণে ক্লীঁ কৃষ্ণায় স্বাহা, এই মন্ত্রের

ষোড়শার্ণং কিঞ্জল্কং ব্যঞ্জনাঢ্যং বিকৃতিযুগদলেষর্পিতানুষ্টুবর্ণং ॥ পাশাঙ্কুশাভ্যামাবীতং ক্ষৌণী-পুরযুগাস্ত্রিষু। অষ্টাক্ষরেণ লসিতং যন্ত্রং গোপালদৈবতং। ধর্ম্মার্থকামফলদং সর্ব্বরক্ষাকরং পরং। পঞ্চান্তকো ধরাসংস্থো মনুবিন্দুবিভূষিতঃ। পিণ্ডবীজমিদং প্রোক্তং সর্ব্বসিদ্ধিকরং পরং। স্মরঃ কৃষ্ণায় ঠদ্বন্দ্বং ষড়র্ণোমনুরীরিতঃ। গোপীজনান্তে প্রবদেদ্বল্লভায়াগ্নিবল্লভা। অয়ং দশাক্ষরোমন্ত্রো দৃষ্টাদৃষ্টফলপ্রদঃ। প্রণবং হৃদয়ং কৃষ্ণং ঙেন্তমুক্ত্বা ততঃপরং। তাদৃশং দেবকীপুত্রং হুঁ ফট্ স্বাহা সমন্বিতং। ষোড়শাক্ষরমন্ত্রোঽয়ং গোবিন্দস্য জগৎপতেঃ। পিণ্ডং রতিপতের্ব্বীজং নমো ভগবতে ততঃ। নন্দপুত্রায় বালাদিবপুষে শ্যামলায় চ। গোপী-জনপদস্যান্তে বল্লভায় দ্বিঠাবধিঃ। অনুষ্টুপ্ মন্ত্র আখ্যাতো গোপালস্য জগৎপতেঃ। অনঙ্গঃ কৃষ্ণগোবিন্দৌ ঙেন্তাবষ্টাক্ষরো মনুঃ। ইতি গোপালযন্ত্রং ॥

অথ শ্রীকৃষ্ণযন্ত্রং। প্রাক্প্রত্যগদক্ষিণোদগ্বিধিবদভিলিখেৎ স্পষ্টরেখাচতুষ্কং কোণো-দ্যচ্ছূনযুক্তং বলয়যুগযুতং মধ্যপূর্ব্বং তদন্তং। শ্লোকস্যার্ণান্ পুরস্তাদ্বসুপদবিবরেষ্বষ্টবর্ণং লিখিত্বা তদ্বাহে দ্বাদশার্ণৈস্তদনু পরিবৃতং দেবকীপুত্রযন্ত্রং। তং সুকী দেবদেবেতং তং বেদে ববতোবতং। তং বতো রূঢ়তো খ্যাতং তং খ্যাতো দেবকীসুতং। লিখিতং ভূর্জ্জপত্রাদৌ যন্ত্রমেতদ্যথাবিধি। বিধৃতং বাহুনা নিত্যং সর্ব্বকামফলপ্রদং। পলাশবৃক্ষফলকে লিখিতং সাধুসাধিতং। গোস্থানে নিখনেদেতৎ গবাং বৃদ্ধির্ভবেত্তদা। ইতি কৃষ্ণযন্ত্রং ॥

এক একটি বর্ণবিন্যাস করিবে, উহার বহির্দ্দেশে দশদল পদ্ম অঙ্কিত করিয়া গোপীজনবল্লভায় স্বাহা, এই দশার্ণমন্ত্র দশদলে বিন্যাস করিতে হইবে। ঐ দশদলের প্রত্যেক সন্ধিস্থলে ক্লীঁ এই কামবীজ লিখিবে। পরে ষোড়শদল পদ্ম অঙ্কিত করিয়া ষোড়শ কিঞ্জল্কে ষোড়শস্বর বিন্যাসপূর্ব্বক ষোড়শ পত্রে ওঁ নমঃ কৃষ্ণায় দেবকীপুত্রায় হুঁ ফট্ স্বাহা এই ষোড়শাক্ষর মন্ত্র লিখিতে হইবে। ইহার বহির্দ্দেশে দ্বাত্রিংশৎদল অঙ্কিত করিয়া তাহার কিঞ্জল্কে ব্যঞ্জনবর্ণ বিন্যাসপূর্ব্বক অনুষ্টুপ্মন্ত্রের এক একটি বর্ণ এক দলে বিন্যাস করিতে হইবে। অনুষ্টুপ্মন্ত্র যথা গ্লৌঁ ক্লীঁ নমো ভগবতে নন্দপুত্রায় বালবপুষে শ্যামলায় গোপীজনবল্লভায় স্বাহা। অনন্তর এই যন্ত্র আং ক্রোঁ এই মন্ত্রদ্বারা পরিবৃত করিয়া ভূপুরদ্বয় বিন্যাস পূর্ব্বক ক্লীঁ কৃষ্ণায় গবিন্দায় এই অষ্টাক্ষরমন্ত্র তাহাতে বিন্যাস করিতে হইবে। এই গোপালযন্ত্রদ্বারা সর্ব্ববিধ বিপদ হইতে রক্ষা হইতে পারে এবং ধর্ম্মার্থ কামরূপ পুরুষার্থলাভ হয় ॥

অতঃপর কৃষ্ণযন্ত্র কথিত হইতেছে।—পূর্ব্ব, পশ্চিমে ও উত্তর দক্ষিণে দুই দুইটি করিয়া আটটি রেখা অঙ্কিত করিতে হইবে। চারি কোণে চারিটি রেখা অঙ্কিত করিয়া মধ্যে ও অন্তে দুইটি বলয় অঙ্কিত করিতে হইবে, এই যন্ত্র মধ্যে "তংসুকী দেবদেবেতং তংবেদে ববতো বতং। তংবতোরূঢ়তো খ্যাতং তংখ্যাতো দেবকীসুতং।" এই অনুষ্টুপ্মন্ত্র পদ্মবন্ধ রীতি অনুসারে লিখিয়া পশ্চাৎ অষ্টকোণবিবরে 'ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায়' এই অষ্টবর্ণ বিন্যাস করিবে। এই যন্ত্রের বহির্দ্দেশে 'ওঁ নমো ভগবতে বাসুদেবায়' এই দ্বাদশাক্ষর মন্ত্রদ্বারা বেষ্টন করিবে। এই কৃষ্ণযন্ত্র ভূর্জ্জপত্রাদিতে লিখিয়া যথাবিধি নিয়ত বাহুতে ধারণ করিলে সমুদায় কামনা পূর্ণ হয়। পলাশবৃক্ষ ফলকে এই যন্ত্র অঙ্কিত করিয়া গোগৃহে নিখাত করিলে গোসমুদায় বৃদ্ধি প্রাপ্ত হয় ॥

অথ শিবযন্ত্রং। তত্রাদৌ ষট্‌কোণমণ্ডলং কৃত্বা তদন্তঃ সাধ্যনামযুক্তং প্রাসাদবীজং বিলিখ্য ষট্‌কোণেষু প্রণবসহিতপঞ্চাক্ষরবর্ণান্ বিলিখ্য বিবরেষু ষড়ঙ্গমন্ত্রাংস্তদ্বহিঃ পঞ্চদলানি বিরচর্য্য দলেষু ওঁ ঈশানায় নমঃ ওঁ তৎপুরুষায় নমঃ। ওঁ অঘোরায় নমঃ। ওঁ সদ্যোজাতায় নমঃ ওঁ বামদেবায় নমঃ। ইতি পঞ্চমন্ত্রান্ প্রাগাদিক্রমেণ লিখেৎ। তদ্বহিরষ্টদলানি রচয়িত্বা দলেষু মাতৃকাষ্টবর্ণান্ লিখেৎ। তদ্বহির্বৃত্তং ত্র্যম্বকেন বেষ্টয়েৎ। এতদ্‌যন্ত্রং জপহোমাদিনা সংপূজ্য ধারয়েৎ আয়ুরারোগ্যৈশ্বর্য্যাদিসিদ্ধির্ভবতি। ইতি শিবযন্ত্রং॥

অথ মৃত্যুঞ্জয়যন্ত্রং। মধ্যে সাধ্যাক্ষরাঢ্যং ধ্রুবমভিবিলিখেন্মধ্যমং দিগ্‌দলেষু কোণেষন্ত্যং মনোন্তৎ ক্ষিতিভবনমথো দিক্ষু চন্দ্রং বিদিক্ষু। টান্তং যন্ত্রং তদুক্তং সকলভয়হরং ক্ষেড় ভূতাপমৃত্যুর্ব্ব্যাধিব্যামোহদুঃখপ্রশমনমুদিতং শ্রীপদং কীর্ত্তিদায়ি॥

অথ কালীযন্ত্রং। তত্র যামলে—আদ্যং বীজং সসাধ্যং প্রথমবসুগৃহে তদ্বহিশ্চাষ্টকোণে পূর্ব্বাদ্যঞ্চাষ্টবীজং তদনু বসুগৃহদ্বন্দ্বকে বীজষট্‌কং। কিঞ্জল্কে তৎস্বরাঢ্যং বসুদলবিবরে স্বাহয়া বীজষট্‌কং কূর্চ্চাভ্যামেব বীতং ক্ষিতিগৃহযুগয়োরন্তরে যন্ত্ররাজং। দেবীবীজত্রয়ং তৎ প্রতিদিশমপরং শক্তিবীজদ্বয়ং তৎ কোণে কোণে লিখেদ্‌যস্ত্রিজগতি স গুরুঃ শঙ্করস্যাপি বিষ্ণোঃ॥

তৎপর শিবযন্ত্র কথিত হইতেছে।—প্রথমতঃ ষট্‌কোণ মণ্ডল লিখিয়া তন্মধ্যে হৌঁ এই প্রাসাদ বীজ ও সাধ্যনাম লিখিতে হইবে। পরে ষট্‌কোণে 'ওঁ নমঃ শিবায়' এই ষড়ক্ষর মন্ত্রের এক এক বর্ণ লিখিয়া ঐ ষট্‌কোণ বিবরে নমঃ, স্বাহা, বষট্, হুঁ, বৌষট্ ও ফট এই ষড়ঙ্গমন্ত্র লিখিতে হইবে। ইহার বহির্দ্দেশে পঞ্চদল পদ্ম লিখিয়া এক এক দলে ওঁ ঈশানায় নমঃ, ওঁ তৎপুরুষায় নমঃ, ওঁ অঘোরায় নমঃ, ওঁ সদ্যোজাতায় নমঃ, ওঁ বামদেবায় নমঃ। এই পাঁচটি মন্ত্র পূর্ব্বাদি ক্রমে লিখিবে। ইহার বহির্দ্দেশে অষ্টদলপদ্ম অঙ্কিত করিয়া তাহার প্রত্যেক দলে মাতৃকাবর্ণের অষ্টবর্গের এক একবর্গ লিখিবে। পরে ত্র্যম্বকমন্ত্রদ্বারা এই যন্ত্র বেষ্টন করিতে হইবে। ত্র্যম্বকমন্ত্র যথা—'ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং উর্ব্বারুক মিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মামৃতাৎ।' পূজা, জপ ও হোমপূর্ব্বক এই যন্ত্র ধারণ করিলে আয়ু, আরোগ্য ও ঐশ্বর্য্যলাভ হয়॥

ততঃপর মৃত্যুঞ্জয়যন্ত্র কথিত হইতেছে। প্রথমতঃ মধ্যস্থলে প্রণব মধ্যে সাধ্যাক্ষর লিখিয়া অষ্টদল পদ্মের প্রত্যেক দলে জুং জুং এবং কোণ দলে সঃ এই মন্ত্র লিখিবে। অনন্তর ভূপুর অঙ্কিত করিয়া তাহার চতুর্দ্দিকে সং ও চতুষ্কোণে ঠং এইবর্ণবিন্যাস করিতে হইবে। এই যন্ত্র ধারণ করিলে সমুদায় ভয় বিদূরিত হয়। গ্রহপীড়া, ভূতভয়, অপমৃত্যুভয়, ব্যাধিভয়, ব্যামোহভয়, ও কোন দুঃখের শঙ্কা থাকে না। এই যন্ত্র ধারণ করিলে লক্ষ্মী ও কীর্ত্তিবৃদ্ধি হয়॥

এক্ষণে কালীযন্ত্র বর্ণিত হইতেছে। রুদ্রযামলে লিখিত আছে যে, প্রথম ত্রিকোণ মধ্যে আদিবীজ ও সাধ্যাক্ষর লিখিয়া তাহার বহির্দ্দেশে অষ্টকোণে আদ্যবীজ লিখিতে হইবে। তদ্‌বাহ্যে ত্রিকোণদ্বন্দ্বে ছয়টী আদ্যবীজ লিখিবে, ইহার বহির্ভাগে অষ্টদল লিখিয়া তাহার অষ্ট কিঞ্জল্কে দুই দুইটী স্বরবর্ণ বিন্যাসপূর্ব্বক অষ্টদলে স্বাহার সহিত বীজ ষট্‌ক লিখিতে হইবে। পরে ইহা দুই পংক্তি কূর্চ্চবীজদ্বারা বেষ্টন করিয়া তাহার বহির্দ্দেশে দুইটি ভূপুর লিখিবে এই ভূপুরের

অথ শান্তিকাদৌ তারাধারণযন্ত্রং। তদুক্তং ফেৎকারিণীয়ে—যোনিযুগ্মে লিখেন্মন্ত্রং মন্ত্রী হেমশলাকয়া। ক্লীবহীনান্ দীর্ঘবর্ণান্ ষট্‌কোণে বিলিখেত্ততঃ। অষ্টপত্রেম্বষ্টবর্ণান্ তদ্বহির্ভূপুরদ্বয়ং। অষ্টবজ্রং ভূপুরে চ বিলিখ্য সাধকোত্তমঃ। সুবর্ণপট্টে ভূর্জ্জে বা রৌপ্যে বাপ্যথ সুব্রতে। বিলিখেদ্ধেমলেখন্যা গন্ধাষ্টকসমন্বিতং। দূর্ব্বাকাণ্ডেন চালিখ্য কুশমূলেন বা পুনঃ॥ একবীরাকল্পে। বেষ্টিতং পীতবস্ত্রেণ জতুনা পরিবেষ্টয়েৎ। বধ্নীয়াৎ পট্টসূত্রেণ শিশূনাং কণ্ঠভূষণং। স্ত্রীণাং বামভুজে চৈবমন্যেষাং দক্ষিণে ভুজে। বন্ধ্যাপি লভতে পুত্ত্রং নির্দ্ধনো ধনবান্ ভবেৎ। ইমাং রক্ষাং পুরা বদ্ধা জ্ঞানার্থং গোতমাদিভিঃ। প্রীত্যর্থং পার্থিবৈশ্চান্যৈঃ সংগ্রামে জয়কাঙ্ক্ষিভিঃ। অস্যার্থঃ। যোনিযুগ্মে ষট্‌কোণে। তন্মধ্যে হেমশলাকাদিনা ভূর্জ্জপত্রাদৌ কুঙ্কুমগোরোচনারক্তচন্দন-জটামাংসীং সমাংশং বিধায় পংক্তিক্রমেণ মূলমন্ত্রং লিখিত্বা তস্য হৃল্লেখারেফমধ্যে অমুকস্য রক্ষাং কুরু কুরু অমুকীনাং শুভং পুত্রমুৎপাদয় ইতি বা। অস্য জ্ঞানং কুরু কুরু ইত্যাদি বা সাধ্যসহিতং বিলিখ্য ষট্‌কোণে ক্লীবহীনান্ আ ঈ ঊ ঐ ঔ অঃ ইত্যেকৈকং লিখেৎ। তদুক্তং স্বরাণাং মধ্যগং যচ্চ তচ্চতুষ্কং নপুংসকমিতি। অষ্টপত্রেম্বষ্টবর্ণান্ ঐঁ হ্রীঁ ওঁ ঐঁ হ্রীঁ ফট্ স্বাহেতি লিখেৎ। তদুক্তং বাগ্‌ভবং কুলদেবীঞ্চ তারকং বাগ্‌ভবং তথা। হৃল্লেখা চাস্ত্রমন্ত্রান্তে বহ্নিজায়াবধির্ম্মনুঃ। অষ্টাক্ষরোমনুঃ প্রোক্তো মন্ত্রাণাং সার ঈরিতঃ॥

অথ যন্ত্রলিখনদ্রব্যং। কাশ্মীর-রোচনা-লাক্ষা-মৃগেভমদ-চন্দনৈঃ। বিলিখেদ্ধেমলেখন্যা

চতুর্দ্দিকে আদ্যবীজ এবং চতুষ্কোণে মায়াবীজদ্বয় বিন্যাস করিবে। যিনি এই যন্ত্র ধারণ করেন, তিনি বিষ্ণু বা শঙ্করেরও গুরুতুল্য॥

অতঃপর শান্তিকাদিকার্য্যের নিমিত্ত তারার ধারণযন্ত্র কথিত হইতেছে।—ত্রিকোণদ্বয়মধ্যে সুবর্ণ শলাকাদ্বারা সুবর্ণপট্ট, রৌপ্যফলক অথবা ভূর্জ্জপত্র প্রভৃতিতে কুঙ্কুম, গোরোচনা, রক্তচন্দন, জটামাংসী এই সমুদায় দ্রব্য সমানাংশে লইয়া পংক্তি ক্রমে মূলমন্ত্র লিখিতে হইবে। ঐ মূলমন্ত্রের হৃল্লেখা ও, রেফের মধ্যে "অমুকের অমুক রক্ষা কর, অমুকীর উত্তম পুত্র উৎপাদ করিয়া দেও, অমুককে জ্ঞানবান্ কর" ইত্যাদি সাধ্যনাম লিখিয়া ষট্‌কোণে আ, ঈ, ঊ, ঐ, ঔ, অঃ এই ছয়টী দীর্ঘ স্বর বিন্যাস করিতে হইবে। পরে অষ্টদলে 'ঐঁ, হ্রীঁ, ওঁ, ঐঁ, হ্রীঁ, ফট্, স্বা ও হা' এই অষ্টবর্ণ লিখিবে। ইহার বহির্দ্দেশে ভূপুরদ্বয় লিখিয়া তাহার অষ্টকোণে বজ্রবিন্যাস করিতে হইবে। হেমলেখনীর অভাবে দূর্ব্বাকাণ্ডদ্বারা অথবা কুশমূলদ্বারা এবং গন্ধাষ্টক দিয়া যন্ত্র অঙ্কিত করা যাইতে পারে। একবীরাকল্পে কথিত আছে যে, পীতবস্ত্র ও যতুদ্বারা বেষ্টনপূর্ব্বক রক্তসূত্রদ্বারা বন্ধন করিয়া শিশুদিগের কণ্ঠে, রমণীদিগের বামহস্তে, পুরুষদিগের দক্ষিণ হস্তে ধারণ করিতে হইবে। এই যন্ত্রধারণ করিলে বন্ধ্যা পুত্র লাভ করে, নির্ধন ব্যক্তি ধনবান্ হয়। পূর্ব্বে গৌতম প্রভৃতি ঋষিগণ জ্ঞানলাভের নিমিত্ত এবং বিজয়াভিলাষী রাজগণ জয়লাভের নিমিত্ত এই রক্ষা কবচ ধারণ করিয়াছিলেন॥

অতঃপর যন্ত্রলিখন দ্রব্য কথিত হইতেছে। কাশ্মীর, গোরোচনা, লাক্ষা, মৃগমদ, চন্দন এই সমুদায় দিয়া হেম-

যন্ত্রাণি তানি দেশিকঃ। ভূমিস্পৃষ্টং সবস্পৃষ্টং দগ্ধং নির্ম্মাল্যসঙ্গতং। বিদীর্ণং লঙ্ঘিতং মন্ত্রী যন্ত্রং নৈব চ ধারয়েৎ। সৌবর্ণে রজতে পত্রে ভূর্জ্জে বা সম্যগালিখেৎ। অথবা তাম্রপত্রে বা গুটিকাং কৃত্য ধারয়েৎ। যাবজ্জীবং সুবর্ণে স্যাদ্রৌপ্যে বিংশতিবার্ষিকং। ভূর্জ্জে দ্বাদশবর্ষাণি তদর্দ্ধং তাম্রপট্টকে। ইতি যন্ত্রলেখনদ্রব্যং ॥

অথ প্রয়োগানন্তরং শান্ত্যুদকস্নানং। তদ্‌যথা সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ। বাসুদেবো জগন্নাথস্তথা সঙ্কর্ষণো বিভুঃ। প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। আখণ্ডলোঽগ্নির্ভগবান্ যমো বৈ নিঋ‌র্তিস্তথা। বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতা হ্যেতে দিক্‌পালাঃ পান্তু বঃ সদা। কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতির্ম্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ। বুদ্ধির্লজ্জা বপুঃ শান্তির্ম্মায়া নিদ্রা চ ভাবনা। এতাস্ত্বামভিষিঞ্চন্তু দেবপত্ন্যঃ সমাগতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু রাহুঃ কেতুশ্চ তর্পিতাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ। ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতরএব চ। দেবপত্ন্যো ধ্রুবা নাগা দৈত্যাশ্চাপ্সরসোঽঙ্গনাঃ। অস্ত্রাণি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে। সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। এতে ত্বামভিষিঞ্চন্তু ধর্ম্মকামার্থসিদ্ধয়ে। ইতি বশিষ্ঠসংহিতোক্তাভিষেকমন্ত্রাঃ ॥

অথাত্র সংক্ষেপতঃ সর্ব্বাসাং দেবতানাং নিত্যপূজাবিধির্লিখ্যতে। তদুক্তং যামলে।

লেখনীদ্বারা যন্ত্র লিখিতে হইবে। ভূমীস্পৃষ্ট, শবস্পৃষ্ট, নির্ম্মাল্যসংস্পৃষ্ট, বিদীর্ণ ও লঙ্ঘিত এই সমুদায় যন্ত্র ধারণ করা সাধকের কর্ত্তব্য নহে। সুবর্ণপাত্র, রজতপাত্র, ভূর্জ্জপত্র অথবা তাম্রপট্টে যন্ত্র লিখিয়া গুটিকা করিয়া ধারণ করিতে হইবে। সুবর্ণলিখিত যন্ত্র যাবজ্জীবন, রৌপ্যলিখিত যন্ত্র বিংশতি বৎসর, ভূর্জ্জপত্রলিখিত যন্ত্র দ্বাদশবৎসর এবং তাম্রপট্টে লিখিত যন্ত্র ছয়বৎসর ধারণ করিতে পারাযায় ॥

এক্ষণে প্রয়োগানন্তর শান্ত্যুদক স্নান মন্ত্র কথিত হইতেছে। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এবং অন্যান্য দেবগণ তোমাকে অভিষিক্ত করুন। বাসুদেব, জগন্নাথ, বিভু সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ ইহাঁরা তোমাকে বিজয়ী করুন। আখণ্ডল ভগবান্ অগ্নি, যম, নিঋ‌র্তি, বরুণ, পবন, ধনাধ্যক্ষ, শিব, ব্রহ্মা ও দিক্‌পালগণ ইহাঁরা সকলে তোমাকে রক্ষা করুন। কীর্ত্তি, লক্ষ্মী, ধৃতি, মেধা, পুষ্টি, শ্রদ্ধা, ক্রিয়া, মতি, বুদ্ধি, লজ্জা, বপু, শান্তি, মায়া, নিদ্রা, ভাবনা এই সমুদায় দেবপত্নী সমাগতা হইয়া তোমাকে অভিষিক্ত করুন। আদিত্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু ইহাঁরা তর্পিত হইয়া তোমাকে অভিষিক্ত করুন। দেবগণ, দানবগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, রাক্ষসগণ, পন্নগগণ, ঋষিগণ, মুনিগণ, ধেনুগণ, দেবমাতৃকাগণ, দেবপত্নীগণ, বৃক্ষগণ, নাগগণ, দৈত্যগণ, অপ্সরগণ, অস্ত্রগণ, সমুদায় শস্ত্রগণ, রাজগণ, বাহনগণ, ঔষধগণ, রত্নগণ, কলাকাষ্ঠাপ্রভৃতি কালাবয়বগণ, সরিদ্‌গণ, সাগরগণ, নদগণ, জলদগণ, তীর্থগণ ও শৈলগণ ইহারা সকলে তোমার সর্ব্বকামনা ও অর্থসিদ্ধির নিমিত্ত অভিষিক্ত করুন। বশিষ্ঠসংহিতোক্ত অভিষেক মন্ত্রে অভিষেক করিবে ॥

অতঃপর সর্ব্বদেবতার সংক্ষেপ নিত্য পূজাবিধান লিখিত হইতেছে। জামলে কথিত আছে যে,—সর্ব্বাগ্রে

আদাবৃষ্যাদিকন্যাসঃ করশুদ্ধিস্ততঃ পরং। অঙ্গুলিব্যাপকন্যাসৌ হৃদাদিন্যাস এব চ। তালত্রয়ঞ্চ দিগ্বন্ধঃ প্রাণায়ামস্ততঃ পরং। ধ্যানপূজাজপশ্চেতি সর্ব্বতন্ত্রেষ্বয়ং ক্রমঃ। পূজা চ মূলদেবতায়া এব মাতৃকান্যাসোপ্যাবশ্যকস্তথাচ। জপার্থং সর্ব্বমন্ত্রাণাং বিন্যাসঞ্চ লিপের্ব্বিনা। কৃতং তন্নিষ্ফলং বিদ্যাত্তস্মাদাদৌ লিপিং ন্যসেৎ। শ্রীবিদ্যায়াস্তু সংক্ষেপঃ। তদুক্তং স্বতন্ত্রতন্ত্রে। পূজাবিশেষান্ দেবেশি শৃণু নিত্যক্রমোদিতান্। অশক্তানাস্তু বিস্তারে তথা চাপৎসু শস্যতে। অন্যথানর্থকারি স্যাৎ সংক্ষেপার্চ্চনমীশ্বরি। হেতিভির্ম্মধ্যমাদ্যং স্যাৎ দ্বিতীয়ং নবযোনিষু। চতুর্দ্দশারা মধ্যান্তা চতুর্থং প্রোক্তরূপতঃ। পঞ্চমং সর্ব্বদুঃখার্ত্তিনাশনং বাঞ্ছিতপ্রদং। অস্যার্থঃ। অশক্তানাং হেতিভির্ম্মধ্যমাদ্যং স্যাৎ। হেতিচতুষ্টয়সহিতদেবতাচতুষ্টয়ার্চ্চনং। পাশাঙ্কুশধনুর্ব্বাণা হেতয়ঃ। দেবতাস্তু। কামেশ্বরী বজ্রেশ্বরী ভগমালিনী শ্রীমহাত্রিপুরসুন্দরী দেবতাচতুষ্টয়ার্চ্চনরূপমেতদাদ্যার্চ্চনমিত্যর্থঃ। দ্বিতীয়মাহ নবযোনিষ্বিতি। বশিন্যাদিমধ্যমান্তমিতি। তৃতীয়ার্চ্চনমাহ চতুর্দ্দশারচক্রস্থিতসর্ব্বসংক্ষোভিণ্যাদিমধ্যমান্তা সপর্য্যা তৃতীয়া চতুর্থং প্রোক্তরূপত ইতি। তত্র প্রোক্তরূপেণেত্যর্থঃ। ষোড়শদলানি মধ্যমান্তমিতি যাবৎ। পঞ্চমং ভূগৃহাদিমধ্যমান্তমিতি যাবৎ। ইতি পঞ্চপ্রকারার্চ্চা প্রোক্তা সর্ব্বার্থসিদ্ধিদা। তত্রাদৌ ভূতশুদ্ধিপ্রাণায়ামপুরঃসরং করশুদ্ধ্যাসনচতুষ্টয়াঙ্গবশিন্যাদিন্যাসচতুষ্টয়ং বিধায় বালয়া অর্ঘ্যদ্বয়ং সংশোধ্য ষড়াসনবিদ্যয়া পীঠপূজাং বিধায় বিন্দৌ হৃল্লেখয়া পরচিতিমাবাহ্য যথাশক্ত্যুপচারৈরভ্যর্চ্চ্য পূর্ব্ববৎ সর্ব্বভূতবলিং দত্ত্বা জপৈঃ স্তোত্রৈঃ সন্তোষয়েদিতি। তদুক্তং নবরত্নেশ্বরে—

ঋষ্যাদিন্যাস, পরে করশুদ্ধি, অঙ্গুলিন্যাস, ব্যাপকন্যাস, হৃদাদিন্যাস, তালত্রয়, দিক্‌বন্ধন, প্রাণায়াম, ধ্যান, পূজা, জপ এই সমুদয় ক্রমশঃ করিতে হইবে। সমুদয় তন্ত্রের মতানুসারেই এই বিধি বিহিত হইয়াছে, পরন্তু এই সংক্ষেপপূজা মূল দেবতা ব্যতীত অন্যের নহে, এস্থলে মাতৃকান্যাস অবশ্য কর্ত্তব্য, তথাচ সর্ব্বমন্ত্র জপের নিমিত্ত মাতৃকান্যাস ব্যতিরেকে যাহা যাহা করা হইবে, তৎসমুদাই নিষ্ফল হইবে। সুতরাং সর্ব্বস্থলেই সর্ব্বাগ্রে মাতৃকান্যাস করা কর্ত্তব্য॥

অনন্তর শ্রীবিদ্যার সংক্ষেপ পূজা কথিত হইতেছে। স্বতন্ত্রতন্ত্রে কথিত আছে যে, দেবেশি! নিত্য অর্চ্চনার নিমিত্ত পূজা বিশেষ বলিতেছি, শ্রবণ কর। যাহারা বিস্তারিত পূজায় অসমর্থ এবং যাহারা বিপদগ্রস্থ, তাহাদের পক্ষেই এই সংক্ষেপপূজা প্রশংসনীয় এতদ্ভিন্ন অন্যে সংক্ষেপপূজা করিলে অনর্থ ঘটিবার সম্ভাবনা। অস্ত্র-চতুষ্টয় সহিত কামেশ্বর, বজ্রেশ্বরী, ভগমালিনী, শ্রী মহাত্রিপুর-সুন্দরী এই দেবতা চতুষ্টয়ের অর্চ্চনা মধ্যে করিতে হইবে, ইহাই আদ্যার্চ্চন। নবযোনিতে বশিনী প্রভৃতি মধ্যমা পর্য্যন্ত অর্চ্চনা করিবে, ইহাই দ্বিতীয়ার্চ্চন। চতুর্দ্দশার চক্রস্থিত সর্ব্ব-সংক্ষোভিণী প্রভৃতি মধ্যমা পর্য্যন্ত অর্চ্চনাই তৃতীয়ার্চ্চনা, চতুর্থার্চ্চনাও উক্ত প্রকার, অর্থাৎ ষোড়শদল হইতে আরম্ভ করিয়া মধ্যমা পর্য্যন্ত পূজা করিতে হইবে। ভূগৃহ হইতে আরম্ভ করিয়া মধ্যমা পর্য্যন্ত অর্চ্চনাই পঞ্চমার্চ্চনা, ইহা দ্বারা সমুদায় দুঃখ বিদূরিত হয় ও সমুদায় অভীষ্ট ফল প্রাপ্ত হওয়া যায়। এই পঞ্চপ্রকার অর্চ্চনাদ্বারা সমুদায় সিদ্ধিলাভ হইতে পারে। পরন্তু সর্ব্বাগ্রে ভূতশুদ্ধি, প্রাণায়াম ও করশোধনপূর্ব্বক আসন চতুষ্টয়ের অঙ্গ-স্বরূপ বশিন্যাদি ন্যাস

ন্যাসত্রয়ং সমাপাদ্য চক্রপূজাসনেন বৈ। বালয়ার্ঘ্যং সমাপাদ্য হৃল্লেখামমুনা শিবে। চক্রমধ্যে সমাবাহ্য সংক্ষেপার্চ্চনমর্চ্চয়েদিতি ॥ অথবা তদুক্তং বিশুদ্ধেশ্বরতন্ত্রে—পূজাং সংক্ষেপতশ্চৈব কথয়ামি সুরেশ্বরি। যৎ পূজাবোধমাত্রেণ জীবন্মুক্তস্তু জায়তে। প্রথমা ত্রিপুরা দেবী দ্বিতীয়া ত্রিপুরেশ্বরী। তৃতীয়া চক্ররাজে তু ত্রিপুরাদিসমন্বিতা। দেবীপূজাক্রমেণৈব সুন্দরী বাসিনীতি চ। পঞ্চমে ত্রিপুরা শ্রীশ্চ ষষ্ঠে ত্রিপুরমালিনী। সপ্তমে ত্রিপুরা সিদ্ধা চাষ্টমে ত্রিপুরাম্বিকা। মধ্যে শক্তৌ মহেশানি মহাত্রিপুরসুন্দরী। যদ্বা বারাহীতন্ত্রে—ষড়ঙ্গং বিন্যস্য দেবীমাবাহ্য বিন্দুচক্রে অণিমাং দ্বিতীয়ে কামকলাং তৃতীয়ে ব্রাহ্মীং চতুর্থে সুন্দরীং পঞ্চমে আকর্ষিণীং ষষ্ঠে কামেশ্বরীং বসুদলে ভেরুণ্ডাং ষোড়শদলে কুলেশ্বরীং সংপূজ্য দেব্যৈ পুষ্পাঞ্জলিং দত্ত্বা মন্ত্রং জপেদিতি। ইতি শ্রীবিদ্যায়াঃ সংক্ষেপার্চ্চা ॥

অথ নৈমিত্তকবিধিঃ। তত্র গৌতমীয়ে—নারদ উবাচ। কর্ম্মান্তরমথো বক্ষ্যে শৃণুষ্বাবহিতো মুনে। যৎকৃত্বা মন্দভাগ্যোঽপি লভেন্মন্ত্রফলানি বৈ। প্রণবদ্বয়মধ্যস্থং জপেদযুতসংখ্যয়া। ত্রিরাত্রজপমাত্রেণ বৃহস্পতিসমো ভবেৎ। ব্যাখ্যাতা সর্ব্বশাস্ত্রাণাং বেদানামপি জায়তে। রবিবারেঽশ্বত্থমূলে জপেদষ্টোত্তরং শতং। ভূয়ো ভূয়ো ভবেচ্ছান্তির্জীবেদষ্টোত্তরং শতং। তস্য শান্তির্ভবেন্নূনং যমুদ্দিশ্যকৃতা ক্রিয়া। অংশুকৈরর্চ্চয়েৎ কৃষ্ণং মাস-

---

চতুষ্টয় করিয়া বালাবীজদ্বারা অর্ঘ্যদ্বয় সংশোধনপূর্ব্বক বড়াসনমন্ত্রে পীঠপূজা করিয়া বিন্দুমধ্যে হৃল্লেখদ্বারা চিন্ময়ীর আবাহন করিবে। পরে যথাশক্তি উপচারদ্বারা পূজা করিয়া পূর্ব্বের ন্যায় সমুদায় ভূতবলি দিয়া জপ ও স্তবদ্বারা দেবীকে সন্তুষ্ট করিবে। এই বিষয়ে নবরত্নেশ্বরে কথিত আছে যে, চক্রপূজার আসন অনুসারে ন্যাসত্রয় সমাধান পূর্ব্বক বালামন্ত্রে অর্ঘ্য-সংস্কার করিয়া হৃল্লেখা মন্ত্রদ্বারা চক্রমধ্যে দেবীকে আবাহনপূর্ব্বক সংক্ষেপপূজা করিবে। বিশ্বসারতন্ত্রে কথিত আছে যে, সুরেশ্বরি! শ্রী-বিদ্যার সংক্ষেপ পূজা বলিতেছি। এই পূজা জ্ঞাত হইবামাত্র মনুষ্য জীবন্মুক্ত হয়, চক্রমধ্যে ত্রিপুরা দেবী প্রথমা, ত্রিপুরেশ্বরী দ্বিতীয়া, ত্রিপুরসুন্দরী তৃতীয়া, ত্রিপুরবাসিনী চতুর্থী, পঞ্চমে ত্রিপুরাশ্রী, ষষ্ঠে ত্রিপুর-মালিনী, সপ্তমে ত্রিপুরা-সিদ্ধা, অষ্টমে ত্রিপুরাম্বিকা, মধ্যে মহাত্রিপুর-সুন্দরী, দেবীপূজা ক্রম অনুসারে ইহাঁদের সকলের যথাস্থানে পূজা করিতে হইবে। অথবা বারাহীতন্ত্রে কথিত আছে যে, ষড়ঙ্গ বিন্যাসপূর্ব্বক দেবীর আবাহন করিয়া বিন্দুচক্রে অণিমা, দ্বিতীয়ে কামকলা, তৃতীয়ে ব্রাহ্মী, চতুর্থে সুন্দরী, পঞ্চমে আকর্ষিণী, ষষ্ঠে কামেশ্বরী, অষ্টদলে ভেরুণ্ডা, এবং ষোড়শদলে কুলেশ্বরীর পূজা করিয়া মূল দেবতাকে পুষ্পাঞ্জলি দিয়া মন্ত্র জপকরিবে। ইতি সংক্ষেপপূজা ॥

অতঃপর নৈমিত্তিক বিবরণ কথিত হইতেছে। গৌতমীয়তন্ত্রে বর্ণিত আছে যে, নারদ কহিলেন, মুনে! এক্ষণে কর্ম্মান্তর বলিতেছি; অবহিত-চিত্তে শ্রবণ কর, এই কার্য্য করিলে হতভাগ্য ব্যক্তিও মন্ত্রফল লাভকরিতে পারে। কৃষ্ণমন্ত্র প্রণব পুটিত করিয়া প্রতিদিন দশ-সহস্র জপ করিলে তিনরাত্রি জপে বৃহস্পতিসদৃশ সর্ব্বশাস্ত্রব্যাখ্যাকর্ত্তা ও বেদার্থবিজ্ঞানবিশারদ হইতে পারা যায়। যিনি রবিবারে অশ্বত্থমূলে অবস্থানপূর্ব্বক অষ্টোত্তরশতমন্ত্র জপকরেন, তাঁহার সমুদায় দোষ শান্তি হয় এবং তিনি একশত বৎসর জীবিত থাকেন। যাহার উদ্দেশে এই কার্য্য করা হয়, তাহারও

মাত্রস্তু নির্ম্মলৈঃ। মুচ্যতে মলিনৈঃ কৃচ্ছ্রৈঃ পাপৈর্ঘোরতরৈরপি। পট্টবস্ত্রৈর্যজেদ্ভক্ত্যা সম্পত্তিমতুলাং লভেৎ। বিদ্রুমৈঃ পূজয়েৎ কৃষ্ণং ত্রৈলোক্যং বশমানয়েৎ। মাণিক্যৈঃ পূজয়েদ্ভক্ত্যা সার্ব্বভৌমসমো ভবেৎ। পদ্মরাগৈর্যজেৎ কৃষ্ণং রাজা ভবতি নিশ্চিতং। ক্ষত্রিয়ঃ সার্ব্বভৌমঃ স্যাৎ সাধয়েৎ সকলাং মহীং। গারুত্মতময়ৈ রত্নৈঃ পূজয়ন্ জ্ঞানবান্ ভবেৎ। অপি হীরকরত্নেন পূজয়ন্ কিং ন লভ্যতে। সুবর্ণপুষ্পৈরভ্যর্চ্চ্য মাসং ভক্তিপরায়ণঃ। কুবেরসমসম্পত্তিং সংপ্রাপ্য মোদতেঽচিরাৎ। দেহান্তে হরিতাং প্রাপ্য নির্ব্বাণপদমৃচ্ছতি। রবিবারে সরসিজৈঃ কহ্লারৈঃ সোমবারকে। মঙ্গলে রক্তপদ্মৈশ্চ বুধে তগরসম্ভবৈঃ। চম্পকৈর্গুরুবারে চ শুক্রে কুমুদসম্ভবৈঃ। শনিবারে শমীপুষ্পৈঃ পূজয়েদ্ভক্তিতো যদি। রবিবারে ঘৃতাক্তন্তু পয়োভক্তং নিবেদয়েৎ। সোমবারে পিষ্টকাদি সিতয়া সহ ভোজয়েৎ। মঙ্গলে গুড়সংমিশ্রমন্নং বহুগুণান্বিতং। বুধবারে যাবকন্তু গুরৌ সূপসমুদ্ভবৈঃ। শুদ্ধান্নং শুক্রবারে তু শনৌ সঘৃতপায়সৈঃ। বৈশাখে মাসি বিধিবত্তর্পয়েচ্ছিমবজ্জলৈঃ। জ্যৈষ্ঠে মাসি প্রযত্নেন ফলৈঃ সংপূজয়েদ্ধরিং। আষাঢ়ে মাসি বিধিবৎ পবিত্রৈঃ পূজয়েদ্ধরিং। একৈকং স্বর্ণসূত্রাণি গ্রন্থিযুক্তানি কারয়েৎ। অথবা পট্টসূত্রাণি পদ্মসূত্রাণি বা পুনঃ। পূজান্তে দেবরাজায় মহিষীভ্যো নিবেদয়েৎ। মিথুনেভ্যস্তদা দত্ত্বা মহান্তমুৎসবং চরেৎ। ভোজয়েৎ

সমুদায় দোষ শান্তি হইয়া থাকে। যিনি একমাস প্রতিদিন নির্ম্মল বসনদ্বারা কৃষ্ণের অর্চ্চনা করেন, তাঁহার সমুদায় পাপ, মালিন্য ও কষ্ট বিদূরিত হয়। যিনি পট্টবস্ত্রদ্বারা কৃষ্ণের পূজা করেন, তিনি অতুল সম্পত্তি লাভ করিতে পারেন। প্রবালদ্বারা কৃষ্ণের পূজা করিলে ত্রৈলোক্য বশীভূত হয়, মাণিক্যদ্বারা ভক্তি-সহকারে কৃষ্ণের পূজা করিলে সার্ব্বভৌমসদৃশ হইতে পারে, পদ্মরাগদ্বারা কৃষ্ণের অর্চ্চনা করিলে সাধক রাজা হয়, সন্দেহ নাই। কোন ক্ষত্রিয় যদি এইরূপ অর্চ্চনা করেন, তাহা হইলে তিনি সম্রাট্ হইয়া সমুদায় পৃথিবী শাসন করিতে পারেন। গারুত্মতমণিদ্বারা পূজা করিলে জ্ঞানসম্পন্ন হইতে পারা যায়। যিনি হীরকদ্বারা পূজা করেন, তিনি সমুদায় বস্তুই লাভ করিতে পারেন। যদি সাধক ভক্তিপরায়ণ হইয়া একমাস পর্য্যন্ত সুবর্ণ-পুষ্পদ্বারা পূজা করেন, তাহাহইলে তিনি কুবেরের ন্যায় অতুল ধন-সম্পত্তি লাভ করিয়া চিরকাল আনন্দভোগ করেন এবং দেহান্ত হইলে বিষ্ণুপদ লাভ করিয়া নির্ব্বাণ মুক্তির অধিকারী হয়েন। সাধক রবিবারে পদ্মদ্বারা, সোমবারে কহ্লারদ্বারা, মঙ্গলবারে রক্তপদ্মদ্বারা, বুধবারে তগরপুষ্পদ্বারা, বৃহস্পতিবারে চম্পকপুষ্পদ্বারা, শুক্রবারে কুমুদদ্বারা, শনিবারে শমীপুষ্পদ্বারা ভক্তিপূর্ব্বক কৃষ্ণের পূজা করেন এবং রবিবারে ঘৃতযুক্ত পায়সান্ন, সোমবারে পিষ্টকাদি ও শর্করা, মঙ্গলবারে বহুগুণান্বিত গুড়মিশ্রিত অন্ন, বুধবারে যাবক, বৃহস্পতিবারে সূপ, শুক্রবারে শুদ্ধান্ন, শনিবারে সঘৃতপায়স নিবেদন করিবেন এবং বৈশাখ-মাসে শীতল সলিলদ্বারা যথা-বিধি হরির তর্পণ করিবেন, জ্যৈষ্ঠমাসে প্রযত্নসহকারে ফলদ্বারা হরির পূজায় প্রবৃত্ত হইবেন, আষাঢ়মাসে পবিত্রদ্বারা যথাবিধানে হরির পূজা করিবেন এবং একটি স্বর্ণসূত্র গ্রন্থিযুক্ত করিয়া পবিত্র প্রস্তুত করিতে হইবে, পট্টসূত্রদ্বারা অথবা পদ্মসূত্রদ্বারাও পবিত্র নির্ম্মাণ হইতে পারে। হরির পূজার পর এই আষাঢ়-মাসে প্রতিদিবস দেবরাজের ও শচীপ্রভৃতির পূজা করিয়া বহুবিধ ভক্ষ্যদ্রব্য নিবেদন করিতে হইবে। মিথুন অর্থাৎ

ভক্ষ্যভোজ্যৈশ্চ ব্রাহ্মণান্ সংশিতব্রতান্। এবং সংবৎসরং মন্ত্রী কৃত্বাভীষ্টমবাপ্নুয়াৎ। নচেদ্বর্ষকৃতাঃ পূজা বাস্তোর্ভক্ষায় কল্পয়েৎ। শ্রাবণে মাসি কৃষ্ণং তং পূজয়েৎ কেতকোস্তবৈঃ। চন্দ্রচন্দনকস্তূরীকুঙ্কুমাদিসুবাসিতৈঃ। এলালবঙ্গককোলফলানি বহুধার্পয়েৎ। ভাদ্রে মাসি যজেদ্বিষ্ণুং ভক্ষ্যৈর্ব্বহুগুণান্বিতৈঃ। ইষে মাসি যজেদ্ভক্ত্যা ভক্ষ্যৈর্ভোজ্যৈঃ সুবিস্তরৈঃ কর্পাসনির্ম্মিতৈর্ব্বস্ত্রৈর্নানাভরণভূষিতৈঃ। তুলাস্থে ভাস্করে কৃষ্ণং পূজয়েন্মাসমাত্রকং। রাত্রৌ প্রদীপৈর্হোমৈশ্চ দুগ্ধপিষ্টাদিসংযুতৈঃ। ঘৃতদীপস্ত্ববিচ্ছিন্নং দদ্যান্মাসং মহোজ্জ্বলং। একাদশ্যামুপবসেদ্দ্বাদশ্যাং পারণাদিনে। শুক্লায়াং বিষ্ণুমভ্যর্চ্চ্য বস্ত্রালঙ্করণাদিভিঃ। অস্যাং তিথৌ তু মতিমান্ বার্ষিকোৎসবমাচরেৎ। ভোজ্যানি বহুভক্ষ্যাণি ব্রহ্মণেভ্যো নিবেদয়েৎ। এবং কৃতে দেবতাস্তু তুষ্ট্যা চেষ্টং প্রয়চ্ছতি। সন্তুঃ লোকমবাপ্নোতি পুনরাবৃত্তিবর্জ্জিতং। মার্গশীর্ষে যজেদ্দেবং নবান্নৈর্ব্যঞ্জনৈঃ শুভৈঃ। নারিকেলফলক্ষোদং মিশ্রিতং গুড়জীরকৈঃ। সুপক্বং দেবরাজায় ভক্ত্যা তস্মৈ নিবেদয়েৎ। পৌষে মাসি চ মাংসং বৈ ঘৃতৈঃ পূপৈঃ প্রপূজয়েৎ। গ্রহদোষং বিজিত্বাশু ভূয়ান্নৃপতিসন্নিভঃ। মাঘে মাসি যজেৎ কৃষ্ণমক্ষতৈঃ সগুড়ৈঃ সিতৈঃ। দুগ্ধান্নং শর্করাযুক্তং মিষ্টান্নঞ্চ নিবেদয়েৎ। অস্মিন্ মাসি শুভদিনে বস্ত্রেণাচ্ছাদয়েদ্বিভুং। ফাল্গুনে দেবকীপুত্রং পূজয়েৎ স্বর্ণপঙ্কজৈঃ। সুগন্ধিকুসুমৈর্ধূপৈর্দীপৈস্তত্র সুবিস্তরৈঃ।

দম্পতিদিগকে বহুবিধ ভক্ষ্যবস্তু প্রদানপূর্ব্বক মহোৎসব করিবে। এই সময়ে ব্রতপরায়ণ ব্রাহ্মণগণকে বহুবিধ ভক্ষ্যভোজ্যদ্বারা ভোজন করাইতে হইবে। সংবৎসর পর্য্যন্ত এইরূপ করিলে সাধক অভীষ্ট ফল লাভ করিবেন, তাহা না করিলে সংবৎসরের সমুদায় পূজাবস্তু বাস্তুর ভক্ষ্য হয়। এইরূপ শ্রাবণমাসে কেতকী পুষ্পদ্বারা কৃষ্ণের পূজা করিতে হইবে। এই পূজার সময় কর্পূর, চন্দন, কস্তুরী, কুঙ্কুম প্রভৃতি গন্ধদ্রব্য প্রদান করিবে এবং এলা, লবঙ্গ, কক্কোল, ও বহুবিধ ফল প্রদান করিতে হইবে। ভাদ্রমাসে উত্তম উত্তম ভক্ষ্যদ্রব্যদ্বারা বিষ্ণুর পূজা করিবে। আশ্বিনমাসে সুবিস্তর ভক্ষ্যভোজ্যদ্বারা, কার্পাসনির্ম্মিত বস্ত্রদ্বারা ও বহুবিধ অলঙ্কারদ্বারা ভক্তি-সহকারে কৃষ্ণের পূজা করিতে হইবে। কার্ত্তিকমাসে প্রতিদিন দুগ্ধ ও পিষ্টকপ্রদানপূর্ব্বক হোম করিয়া প্রতিদিন রাত্রিকালে দীপদান করিতে হইবে। এইরূপে একমাস অবিচ্ছিন্ন মহোজ্জল ঘৃত-প্রদীপ দিবে। একাদশীর দিবস উপবাস করিয়া দ্বাদশীতিথিতে পারণ করিতে হইবে। এই মাসে পূর্ণিমার দিবস বস্ত্র, অলঙ্কার প্রভৃতিদ্বারা বিষ্ণুর পূজা করিবে। জ্ঞানবান্ ব্যক্তি এই পূর্ণিমাতিথিতে সাংবৎসরিক উৎসব করিবেন। ঐ দিবস বহুবিধ ভক্ষ্য ও ভোজ্য ব্রাহ্মণগণকে প্রদান করিতে হইবে। এইরূপ করিলে দেবতা প্রসন্ন হইয়া অভিলাষ পূর্ণ করিয়া দেন। বিশেষতঃ ইহাদ্বারা সাধক এরূপ উত্তম লোক প্রাপ্ত হয়েন যে, সে স্থান হইতে পুনর্ব্বার আর প্রত্যাবৃত্ত হইতে হয় না। অগ্রহায়ণমাসে নবান্ন ও উত্তম ব্যঞ্জনদ্বারা কৃষ্ণের অর্চনা করিবে। এই সময়ে ভক্তি-সহকারে নারিকেলক্ষোদ (নারিকেল কোরা) গুড় ও জীরকের সহিত মিশ্রিত করিয়া অগ্নিতে পাকপূর্ব্বক দেবরাজকে প্রদান করিতে হইবে। পৌষমাসে প্রতিদিবস ঘৃত ও পিষ্টকদ্বারা পূজা করিতে হইবে। এইরূপ করিলে সমুদায় গ্রহদোষ বিদূরিত হয় এবং সাধক রাজার ন্যায় হইতে পারেন। মাঘমাসে বহু-পরিমিত শুক্ল অক্ষতদ্বারা কৃষ্ণের পূজা করিতে হইবে। এই সময়ে শর্করাযুক্ত দুগ্ধপক্ব অন্ন নিবেদন করিবে। এই মাসে শুভদিনে কৃষ্ণকে বস্ত্রদ্বারা আচ্ছাদিত করিতে হইবে।

চৈত্রে মাসি বাসুদেবং সর্ব্বপুষ্পৈঃ সমর্চয়েৎ। পৌর্ণমাস্যাং যজেদ্ভক্ত্যা দমনৈশ্চ সগুচ্ছকৈঃ। তস্মিন্ দিনে রতিং কামং পূজয়েদ্ভক্তিতৎপরঃ। নচেৎ সাম্বৎসরী পূজা বিফলা তস্য জায়তে। ভস্মীভূতং স্মরং দৃষ্ট্বা রুদিতা সা রতিঃ সতী। তাং দৃষ্ট্বা কৃপয়াবিষ্টো বরং দাতুং শিবঃ স্বয়ং। প্রত্যুবাচ রতিং তেঽয়ং সুভগত্বমবাপ্নুয়াৎ। সুন্দরঃ সর্ব্বলোকেষু ক্রীড়ার্থং ব্রজ সুন্দরি। ততোঽভূৎ ক্রন্দনজলাৎ পুষ্পং দমনকং শুভং। তেন পূজনমাত্রেণ সম্বৎসরফলং লভেৎ। হোময়েল্লক্ষমাত্রং যঃ পিষ্টকৈর্ঘৃতভর্জ্জিতৈঃ। তাবৎসংখ্যং মনুং জপ্ত্বা কৃষ্ণং পশ্যতি মন্ত্রবিৎ। ইতি তে কথিতং সম্যক্ পূজনং বার্ষিকোদ্ভবং। কৃত্বানেন বিধানেন কিং ন সিধ্যতি ভূতলে॥

অথ শ্রীবিদ্যাপূজনং। জ্ঞানার্ণবে—অথ বক্ষ্যে মহেশানি শ্রীবিদ্যাযজনং মহৎ। ব্রহ্মহত্যাদিদোষাণাং প্রায়শ্চিত্তমনুত্তমং। ব্রহ্মপত্রৈর্মহেশানি পূজয়েৎ ক্রমমুত্তমং। সমস্তরশ্মিসহিতং নিত্যাম্নায়পুরঃসরং। কুলাচারক্রমাদ্দেবি কর্পূরক্ষোদমণ্ডিতং। মাসমাত্রেণ দেবেশি মহাপাতককোটয়ঃ। জন্মান্তরকৃতান্ সর্ব্বান্ নাশয়েন্নাত্র সংশয়ঃ। লক্ষ্মীস্তস্য গৃহে বশ্যা সুস্থিরা সুরবন্দিতে। জবাপুষ্পৈর্মহেশানি পূজয়েৎ পূর্ব্ববচ্ছিবাং। মাসমাত্রং ক্রমেণৈব তেনৈব পরমেশ্বরীং। ব্রহ্মহত্যাদিপাপানি পূর্ব্বজন্মকৃতানি চ। নাশয়েন্নাত্র সন্দেহো বল-

---

ফাল্গুনমাসে সুবর্ণপদ্ম, বহুসংখ্যক সুগন্ধি কুসুম ও ধূপ দীপাদিদ্বারা কৃষ্ণের পূজা করিতে হইবে। চৈত্রমাসে সর্ব্ববিধ পুষ্পদ্বারা বাসুদেবের অর্চনা করিবে। এই মাসে পূর্ণিমা দিবসে দমনপুষ্পের গুচ্ছদ্বারা ভক্তিসহকারে পূজা করিতে হইবে। এই দিবস ভক্তি-পূর্ব্বক রতি ও কামের পূজা করিবে। তাহা না করিলে সংবৎসরের পূজা নিষ্ফল হইয়া যায়। মদন যখন ভস্মীভূত হইয়া ছিলেন, সেই সময়ে পতিব্রতা রতি ক্রন্দন করিতে আরম্ভ করিলেন। দেবদেব মাহাদেব রতিকে রোদনপরায়ণা দেখিয়া কৃপাপরতন্ত্র হইয়া বরদানে উদ্যত হইলেন এবং রতিকে কহিলেন তোমার এই পতি সর্ব্বলোকের মধ্যে সুন্দর ও সুভগ হইয়া তোমার সহিত ক্রীড়া করিবেন। তুমি এক্ষণে গমন কর। রতির যে নয়ন জল নিপতিত হইয়াছিল, তাহা হইতে দমনক নামক সুরম্য কুসুম উৎপন্ন হইল। এই পুষ্পদ্বারা পূজা করিলে সংবৎসরের পূজার ফল লাভকরিতে পারা যায়। যে সাধক লক্ষ জপ করিয়া ঘৃতভর্জ্জিত পিষ্টক দ্বারা একলক্ষ হোম করেন, তিনি স্থূল চক্ষুদ্বারা কৃষ্ণকে দেখিতে পান। এই আমি তোমার নিকট বার্ষিক পূজা বিবরণ বলিলাম, এই বিধান অনুসারে সাধন করিলে ভূমণ্ডলে সমুদায় বিষয়ই সিদ্ধ করিতে পারা যায়॥

এইক্ষণ শ্রীবিদ্যা-পূজাপ্রয়োগ কথিত হইতেছে। জ্ঞানার্ণবে উক্ত হইয়াছে যে, মহেশ্বরি! এক্ষণে শ্রী-বিদ্যার পূজা বিবরণ বলিতেছি। এই শ্রীবিদ্যা পূজাদ্বারা ব্রহ্মহত্যা প্রভৃতি সমুদায় পাপের বিশেষ প্রায়শ্চিত্ত হয়। মহেশ্বরি! অশ্বত্থ পত্রদ্বারা নিত্যাম্নায়বিদ্যাপুরঃসর সমস্ত রশ্মিবৃন্দদেবতা সহিত প্রধান দেবতাকে কুলাচার ক্রমে কর্পূরচূর্ণ সহিত উপচারদ্বারা পূজা করিতে হইবে। দেবেশি! এইরূপ একমাস প্রয়োগ করিলে কোটি কোটি মহাপাতকও বিদূরিত হয় এবং জন্মান্তরকৃত সমুদায় পাপও ক্ষয় হয়, সন্দেহ নাই। সুরবন্দিতে! যিনি একমাসমাত্র এইরূপ প্রয়োগ করেন, তাঁহার গৃহে লক্ষ্মী অচলা হইয়া থাকেন। পরমেশ্বরি! পূর্ব্ববিধান অনুসারে একমাস জবাপুষ্পদ্বারা এই ভগবতীর পূজা করিলে পূর্ব্বজন্মকৃত ব্রহ্ম-হত্যাদি পাতকও ক্ষয়প্রাপ্ত হয়, সন্দেহ নাই; বিশেষতঃ সেই সাধক

বান্ জায়তে বুধঃ। কেতক্যাস্তরণৈঃ পুষ্পৈঃ পূর্ব্ববৎ পূজয়েচ্ছিবে। উপপাতকসংঘাংশ্চ মাসমাত্রেণ নাশয়েৎ। সৌভাগ্যমতুলং তস্য জায়তে নাত্র সংশয়ঃ। শতপত্রৈর্ম্মনোরম্যৈঃ পূজয়েন্মাসমাত্রকং। পূর্ব্ববৎ পরমেশানি সর্ব্বং পাপং প্রনাশয়েৎ। চম্পকৈঃ সুমনোরম্যৈঃ পূর্ব্ববৎ পূজয়েচ্ছিবাং। মাসমাত্রেণ হন্ত্যেব পাতকং শতজন্মজং। সৌভাগ্যবান্ ভবেন্মন্ত্রী ত্রিপুরায়াঃ প্রসাদতঃ। শ্বেতপদ্মৈর্ম্মহাদেবি মহদ্ভিঃ পূজয়েৎ পরাং। পূর্ব্বজং নাশয়েৎ পাপং বিংশজন্মকৃতং প্রিয়ে। মাসমাত্রেণ সকলং মোক্ষস্তস্য করে স্থিতঃ। বন্ধুককুসুমৈর্দ্দেবি মাসমাত্রং প্রপূজয়েৎ। ত্রৈলোক্যং বশগং তস্য পূর্ব্বপাপং দহেন্নরঃ। বিল্বপত্রৈশ্চ লাজৈশ্চ সদৈব পরিপূজয়েৎ। পূর্ব্ববৎ পরমেশানি মাসমাত্রং প্রসন্নধীঃ। সমৃদ্ধিমান্ ভবেৎ সোঽপি সর্ব্বপাপহরঃ সদা। মল্লিকামালতীপুষ্পৈঃ কুন্দৈশ্চ শতপত্রকৈঃ। শ্বেতোৎপলসমূখৈশ্চ পূজয়েন্মাসমাত্রকং। কুলাচারক্রমেণৈব পাতকং শতজন্মজং। ব্রহ্মহত্যাদিজনিতং নাশয়েন্নাত্র সংশয়ঃ। মুক্তিস্তস্য করে দেবি বাচা জীবসমোভবেৎ। অগস্ত্যবালবন্ধুকজবারক্তোৎপলৈঃ প্রিয়ে। পূর্ব্বক্রমেণ সংপূজ্য মাসমেকং প্রসন্নধীঃ। পাতকং নাশয়েন্মন্ত্রী সাক্ষাৎ কবিসমোভবেৎ। চম্পকৈঃ পাটলৈর্দ্দেবি বকুলৈর্নাগকেশরৈঃ। কহ্লারৈঃ সিন্ধুবারৈশ্চ পূজয়েৎ পূর্ব্ববৎ ক্রমাৎ।

বলবান্ ও জ্ঞানসম্পন্ন হয়। শিবে! যিনি পূর্ব্বেরন্তার ক্রম অনুসারে একমাস মাত্র অভিনব কেতকী-কুসুমদ্বারা শ্রীবিদ্যার পূজা করেন, তাঁহার সমুদায় উপপাতকসমূহ ক্ষয়প্রাপ্ত হয়। বিশেষতঃ সেই সাধক অতুল সুখ-সৌভাগ্য লাভ করেন, সন্দেহ নাই। মহেশানি! যিনি পূর্ব্ববৎ বিধানানুসারে একমাস পর্য্যন্ত সুরম্য বিকসিত কমলদ্বারা ভগবতীর পূজা করেন, তাঁহার সমুদয় পাপধ্বংস হয়। যিনি পূর্ব্ববৎ নিয়মানুসারে কুলাচারক্রমে একমাসমাত্র সুরম্য চম্পকপুষ্পদ্বারা ভগবতীর পূজা করেন, তাঁহার শতজন্মার্জ্জিত সমুদায় পাপক্ষয় হয়। বিশেষতঃ তিনি দেবী ত্রিপুরার প্রসাদে মহাসৌভাগ্যশালী হয়েন। প্রিয়ে! যিনি অক্ষুদ্র শ্বেতপদ্মদ্বারা পূর্ব্ববৎ ক্রম অনুসারে একমাস মাত্র দেবী ত্রিপুরার পূজা করেন, তাঁহার বিংশতি জন্মার্জ্জিত সমুদায় পাপক্ষয় প্রাপ্ত হয়। বিশেষতঃ মুক্তি তাঁহার করতলস্থিত হইয়া থাকে। দেবি! যিনি পূর্ব্ববৎ নিয়ম অনুসারে একমাসমাত্র বন্ধূক কুসুমদ্বারা ভগবতীর পূজা করেন, তাঁহার পূর্ব্ব-জন্মার্জ্জিত সমুদায় পাপ ভস্মীভূত হয় এবং ত্রিলোকস্থ লোক তাঁহার বশীভূত হইয়া থাকে। পরমেশ্বরি! যিনি নির্ম্মলহৃদয় হইয়া একমাস মাত্র পূর্ব্ববিধানানুসারে বিল্বপত্রদ্বারা ও লাজদ্বারা সর্ব্বদা দেবী ত্রিপুরার পূজা করেন, তাঁহার সমুদায় পাপক্ষয় হয় এবং তিনি সমৃদ্ধিশালী হইয়া থাকেন। যিনি পূর্ব্বোক্ত নিয়মে কুলাচারক্রমে একমাস মাত্র পদ্ম, কুন্দ, মালতী ও মল্লিকা কুসুমদ্বারা এবং শ্বেতোৎপল বীজদ্বারা ভগবতী ত্রিপুরার পূজা করেন, তাঁহার শত-জন্মার্জ্জিত ব্রহ্মহত্যাপ্রভৃতিজনিত সমুদায় পাপধ্বংস হয়, এবিষয়ে সন্দেহ মাত্র নাই। দেবি! এই সাধক বৃহস্পতির ন্যায় বাগ্মী হয়েন এবং মুক্তি তাঁহার করতলস্থ হইয়া থাকে। প্রিয়ে! যিনি নির্ম্মলহৃদয় হইয়া পূর্ব্ববৎ ক্রম অনুসারে অগস্ত্যপুষ্প, বালপুষ্প, বন্ধুকপুষ্প, জবাপুষ্প ও রক্তোৎপলদ্বারা ভগবতীর পূজা করেন, তাঁহার সমুদায় পাপ ক্ষয় হয় এবং তিনি সাক্ষাৎ শুক্রাচার্য্যের সদৃশ হয়েন, সন্দেহ নাই। দেবি! যিনি পূর্ব্বোক্ত ক্রম অনুসারে চম্পক, পাটল, বকুল, নাগকেশর, কহ্লার ও সিন্ধুবার কুসুমদ্বারা ত্রিপুর-সুন্দরীর পূজা করেন, একমাস মধ্যেই

সৌভাগ্যমতুলং তস্য মাসমাত্রেণ জায়তে। পাপং বিনাশয়েদ্দেবি যদি জন্মসহস্রজং। রবিবারেঽরুণাম্ভোজৈঃ কুমুদৈঃ সোমবারকে। ভৌমে রক্তোৎপলৈঃ সৌম্যবারে তগরসম্ভবৈঃ। গুরুবারে চ কহ্লারৈঃ শুক্রবারে সিতাম্বুজৈঃ। উৎপলৈঃ শনিবারে চ পূজয়েদমাদরাৎ। নিবেদয়েৎ ক্রমোক্তেষু রবিবারাদিসপ্তসু। পায়সং দুগ্ধকদলী নবনীতং সিতা ঘৃতং। এবমব্দং সমারাধ্য দেবীং গন্ধাদিভিঃ ক্রমাৎ। গ্রহপীড়া বিজিত্য তু স সুখানি সমশ্নুতে॥ তারাকালোৰ্দ্ধংস্যসূক্তে—অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং পূজয়েচ্চ প্রযত্নতঃ। যদ্যৎ প্রার্থয়তে মন্ত্রী তত্তদাপ্নোতি নিত্যশঃ। লভতে মঞ্জুলাং বাণীং কৃষ্ণাষ্টম্যাং সদা জপেৎ॥ অত্র নিত্যার্চনানন্তরং নৈমিত্তিকং কার্য্যং। তত্র কালনিয়মো ন দৃশ্যতে। তত্র মাসার্দ্ধং মাসং তদ্দ্বিগুণং বা মণ্ডলং নৈমিত্তিকানুষ্ঠানং কর্ত্তব্যমিতি। তথোক্তং রুদ্রযামলে—মাসার্দ্ধমথবা মাসং মণ্ডলং দ্বিগুণং তথা। যাবৎফলাপ্তিমান্ যোগী তাবদেব সমাচরেৎ। অন্যত্রাপি। নৈমিত্তিকে তথা কাম্যে ফলাপ্তির্মণ্ডলাবধি। নচেৎ তদ্দ্বিগুণং কুর্য্যাত্তস্য তৎফলভাক্ সুধীঃ। অষ্টম্যাং পূজনং দেব্যাঃ সর্ব্বকামফলপ্রদং। রম্ভাজাতী-বীজপূরং সুগন্ধিপরিমিশ্রিতং। মিশ্রীকৃত্য বলিং দদ্যাদষ্টম্যাঞ্চ বিশেষতঃ। স্বর্ণমালা মহাদেব্যৈ গন্ধাদ্যৈশ্চ বিশেষতঃ। ফলং ক্ষীরং তথা দদ্যাদধিকং

তিনি অতুল সৌভাগ্যশালী হয়েন এবং তাঁহার সহস্র জন্মোপার্জ্জিত সমুদায় পাপপুঞ্জ ক্ষয় প্রাপ্ত হয়। যিনি একবৎসর পর্য্যন্ত সমাহিত হৃদয়ে রবিবারে রক্তপদ্ম, সোমবারে কুমুদ, মঙ্গলবারে রক্তোৎপল, বুধবারে তগরপুষ্প, বৃহস্পতিবারে কহ্লার, শুক্রবারে শ্বেতপদ্ম ও শনিবারে উৎপলদ্বারা দেবী ত্রিপুরসুন্দরীর পূজা করিবেন এবং প্রতিদিন পাদ্য অর্ঘ্য প্রভৃতিদ্বারা পূজা করিয়া রবিবারে পায়স, সোমবারে দুগ্ধ, মঙ্গলবারে কদলী, বুধবারে নবনীত, বৃহস্পতিবারে শর্করা, শুক্রবারে ঘৃত ও শনিবারে পায়স, দুগ্ধ, কদলী, নবনীত, শর্করা ও ঘৃত নিবেদন করিবেন, তিনি সমুদায় গ্রহপীড়া অতিক্রমপূর্ব্বক সুখসৌভাগ্যশালী হইবেন। মৎস্যসূক্তে তারাসাধন ও কালিকাসাধনে বিশেষ কথিত আছে যে, যিনি অষ্টমীতিথিতে বা চতুর্দ্দশীতিথিতে প্রযত্নসহকারে কালী বা তারার পূজা করেন, তিনি যাহা যাহা প্রার্থনা করেন, নিয়ত তৎসমুদায়ই প্রাপ্ত হয়েন। যিনি কৃষ্ণপক্ষীয় অষ্টমীর দিবস কালীমন্ত্র বা তারামন্ত্র জপ করেন, তিনি বাক্পটুতা লাভ করিতে পারেন। এস্থলে নিত্যকর্ম্মের অনুষ্ঠানের পর এই সমুদায় নৈমিত্তিক কার্য্য করিতে হইবে। এই নৈমিত্তিকানুষ্ঠানে কাল নিয়ম দৃষ্ট হয় না। পরন্তু পঞ্চদশদিবস, একমাস অথবা একবৎসর অথবা দুই বৎসর পর্য্যন্ত নৈমিত্তিক কার্য্য অনুষ্ঠান করিতে হইবে। কারণ রুদ্রযামলে কথিত আছে যে একপক্ষ, একমাস, একবৎসর অথবা দুইবৎসর যে পর্য্যন্ত ফল প্রাপ্তি না হয়, সে পর্য্যন্ত যোগী কাম্য কর্ম্মের অনুষ্ঠান করিবেন। তন্ত্রান্তরে কথিত আছে যে, নৈমিত্তিক কর্ম্ম ও কাম্যকর্ম্ম অনুষ্ঠান বিষয়ে এক বৎসর পর্য্যন্ত সাধন করিবে, যদি এক বৎসর মধ্যেও ফল প্রাপ্তি না হয়, তাহা হইলে দুই বৎসর পর্য্যন্ত সাধন করিলে ফলভাগী হইতে পারিবে, সন্দেহ নাই। অষ্টমীতিথিতে তারা বা কালীর পূজা করিলে সমুদায় কাম্যফল প্রাপ্ত হওয়া যায়। রম্ভা, জাতিপুষ্প, বীজপূর এই সমুদায় সুগন্ধি দ্রব্যের সহিত মিশ্রিত করিয়া অষ্টমীর দিবস বিশেষরূপে বলিপ্রদান করিবে। বিশেষতঃ, এই দিবস গন্ধপুষ্পাদির সহিত স্বর্ণ-মালা মহাদেবীকে প্রদান করিতে হইবে। ঐ অষ্টমীর দিবস

শর্করান্বিতং। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সম্পত্ত্যৈ পূজয়েচ্ছিবাং। দানঞ্চাক্ষয্যসিদ্ধ্যর্থং দদ্যাদ্দেব্যৈ প্রযত্নতঃ॥ তথা নীলতন্ত্রে। অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং পূজয়েচ্চ যথাবিধি। আজ্ঞাসিদ্ধিমবাপ্নোতি জবাপুষ্পঞ্চ বর্ব্বরাং। চন্দনঞ্চার্ককুসুমং দদ্যাৎ শ্বেতাপরাজিতাং। যস্তু সংপূজয়েদ্দুর্গাং মহাষ্টম্যাং বিশেষতঃ। জন্মত্রয়ার্জ্জিতং পাপং তৎক্ষণাদেব নাশয়েৎ। দুর্গাং তারিণীং প্রকরণাৎ॥

অথ প্রয়োগবিধিঃ। সর্ব্বপ্রয়োগে অযুতজপঃ। তথাচ সারদায়াং। অযুতং হোমসংখ্যাস্যা-জ্জপস্তাবান্ প্রকীর্ত্তিতঃ। তত্রাদৌ ভুবনেশ্বরীপ্রয়োগঃ। তদ্‌যথা মন্ত্রী ত্রিমধুরোপেতৈ-র্হুত্বাশ্বত্থসমিদ্বরৈঃ। ব্রাহ্মণান্ বশয়েচ্ছীঘ্রং পার্থিবান্ পদ্মহোমতঃ। পলাশপুষ্পৈস্তৎপত্নী মন্ত্রিণঃ কুমুদৈরপি। পঞ্চবিংশতিসংজপ্তৈর্জ্জলৈঃ স্নানং দিনে দিনে। আত্মানমভিষিঞ্চেদ্ যঃ সর্ব্বসৌভাগ্যবান্ ভবেৎ। পঞ্চবিংশতিসংজপ্তং জলং প্রাতঃ পিবেন্নরঃ। অবাপ্য মহতীং লক্ষ্মীং কবীনামগ্রণীর্ভবেৎ। তথা হুত্বা পলাশকুসুমৈর্ব্বাক্‌শ্রিয়ং লভতে ধ্রুবং। ব্রাহ্মীঘৃতং পিবেদ্‌যস্তু মূলমন্ত্রাভিমন্ত্রিতং। কবিত্বং লভতে মন্ত্রী বৎসরান্ নাত্র সংশয়ঃ। সিদ্ধার্থান্ লবণোপেতান্ হুত্বা মন্ত্রী বশং নয়েৎ। নরং নারীং নরপতিং নাত্র কার্য্যা বিচারণা॥

ভূরিপরিমাণে ফল, ক্ষীর ও শর্করা নিবেদন করিবে। সম্পত্তিলাভের নিমিত্ত এইরূপে সর্ব্বপ্রযত্নে দেবীর পূজা করিতে হইবে। এই পূজার অক্ষয়তা সিদ্ধির নিমিত্ত প্রযত্নসহকারে দেবীকে অভীষ্ট বস্তু দান করিবে। নীলতন্ত্রে অভিহিত আছে যে, অষ্টমী ও চতুর্দ্দশীতিথিতে যিনি যথাবিধানে তারার পূজা করিবেন এবং ঐ পূজার সময় জবাপুষ্প, বর্ব্বরাপুষ্প, অর্কপুষ্প, শ্বেত-অপরাজিতা ও চন্দন দিবেন, তিনি আজ্ঞা সিদ্ধিলাভ করিতে পারিবেন। যিনি মহাষ্টমীর দিবস বিশেষরূপে দুর্গার পূজা করিবেন, তাঁহার জন্মত্রয়ের সমুদায় পাপ তৎক্ষণাৎ বিধ্বস্ত হইবে। এই স্থানে প্রকরণ বশতঃ দুর্গা শব্দের অর্থ তারিণী হইবে॥

এক্ষণে প্রয়োগ-বিধি কথিত হইতেছে। সমুদায় প্রয়োগস্থলে দশসহস্র মন্ত্র জপ করিতে হইবে। এই বিষয়ে সারদাতিলকে কথিত আছে যে, সমুদায় প্রয়োগেই দশসহস্র জপ ও দশসহস্র হোম করিতে হইবে। এক্ষণে প্রথমতঃ ভুবনেশ্বরীপ্রয়োগ বলিতেছি যথা;—ঘৃত, চিনি ও মধু এই মধুরত্রয়-সংযুক্ত অশ্বত্থ পল্লবদ্বারা হোম করিলে ব্রাহ্মণকে শীঘ্র বশীভূত করিতে পারাযায়। এইরূপ পদ্মহোমদ্বারা রাজাকে, পলাশপুষ্প হোমদ্বারা রাজপত্নীকে এবং কুমুদপুষ্প হোমদ্বারা রাজমন্ত্রীকে বশীভূত করিতে পারাযায়। এই হোমের সময় প্রতিদিন জলের উপরি পঞ্চবিংশতিবার বীজমন্ত্র জপ করিয়া তাহাতে স্নান করিতে হইবে। যিনি ঐ অভিমন্ত্রিত জলদ্বারা আপনাকে অভিষিক্ত করিবেন, তিনি সর্ব্ববিষয়ে সৌভাগ্যশালী হইবেন। যিনি প্রাতঃকালে জলের উপরি পঞ্চবিংশতিবার বীজমন্ত্র জপ করিয়া তাহা পান করিবেন, তিনি অতুল ঐশ্বর্য্যশালী ও প্রধান কবি হইতে পারিবেন। যিনি পূর্ব্বোক্ত নিয়ম অনুসারে পলাশ পুষ্পদ্বারা হোম করিবেন, তিনি বাক্‌-পটুতা লাভ করিবেন, সন্দেহ নাই। যিনি মূলমন্ত্রে অভিমন্ত্রিত ব্রহ্মী-ঘৃত পানকরিবেন, তিনি এক বৎসরের মধ্যে কবিত্ব-শক্তি লাভ করিতে পারিবেন, সন্দেহ

অথ ত্বরিতা। যোনিকুণ্ডং প্রকল্প্যাথ কুর্য্যাদ্ধোমং যথেচ্ছয়া। মল্লিকাকুসুমৈর্হুত্বা বশয়েদখিলং জনম্। কৃত্যাদ্রোহাদিশমনং পলাশকুসুমৈর্হুতম্। ইক্ষুদণ্ডৈঃ শুভৈর্হুত্বা মহতীং বৃদ্ধিমাপ্নুয়াৎ। দীর্ঘমায়ুরবাপ্নোতি দূর্ব্বাহোমেন সাধকঃ। ধান্যৈঃ প্রক্ষালিতৈর্হুত্বা শ্রিয়মিষ্টামবাপ্নুয়াৎ। অশোকৈঃ পুত্রমাপ্নোতি মধুকৈরিষ্টমাপ্নুয়াৎ। ফলৈর্জম্বূদ্ভবৈর্হুত্বা শীঘ্রং চোৎসাদয়েদরীন্। পুষ্পৈর্ব্বকুলসংভূতৈঃ কীর্ত্তিঃ স্যাদনপায়িনী। দীর্ঘমায়ুর্ভবেদাম্রৈশ্চম্পকৈঃ কাঞ্চনং লভেৎ। কুর্ব্বীত সর্ষপৈর্হোমং শত্রুনাশকরং সুধীঃ। পত্রৈর্ব্বকুলজৈর্হুত্বা শীঘ্রমুৎসাদয়েদরীন্। শাল্মলীপত্রহোমেন সপত্নান্ নাশয়েদ্ধ্রুবম্। মাষহোমেন মূকঃ স্যাদ্ধুস্তূরৈঃ ক্ষোভয়েদরীন্॥

অথ দুর্গা। বশয়েত্তিলহোমেন নরান্নরপতীনপি। সিদ্ধার্থৈর্জুহুয়ান্মন্ত্রী রোগান্মুচ্যেত তৎক্ষণাৎ। পদ্মৈর্হুত্বা জয়েচ্ছত্রূন্ দূর্ব্বাভিঃ শান্তিমাপ্নুয়াৎ। পলাশকুসুমৈঃ পুষ্টিং ধান্যৈর্ধান্যাশ্রয়ং লভেৎ। কাকপক্ষৈঃ কৃতো হোমো দ্বেষং বিতনুয়াদ্যথা। মরীচহোমান্মরণং রিপুরাপ্নোতি সর্ব্বথা॥

নাই। যিনি লবণমিশ্রিত সিদ্ধার্থদ্বারা মন্ত্রপাঠপূর্ব্বক হোম করিবেন, তিনি নর ও নারীকে বশীভূত করিবেন এবং অন্যের পত্নীকেও বশীভূত করিয়া দিতে পারিবেন॥

অনন্তর ত্বরিতাপ্রয়োগ কথিত হইতেছে। এই প্রয়োগে যোনিকুণ্ড প্রস্তুত করিয়া যথাভিলষিত হোম করিতে হইবে। ইহার মধ্যে যিনি মল্লিকাকুসুমদ্বারা হোম করিবেন, তিনি সমুদায় লোককে বশীভূত করিতে পারিবেন। পলাশকুসুমদ্বারা হোম করিলে কৃত্যাদেবীকৃত সমুদায় অনিষ্টশান্তি হয়। উত্তম ইক্ষু দণ্ডদ্বারা হোম করিলে ঐশ্বর্য্য বৃদ্ধি হয়। সাধক যদি দূর্ব্বাদ্বারা হোম করেন, তাহা হইলে সুদীর্ঘ পরমায়ু লাভ করিতে পারেন। প্রক্ষালিত ধান্যদ্বারা হোম করিলে অভিলষিত ঐশ্বর্য্যলাভ করিতে পারাযায়। অশোকপুষ্পদ্বারা হোম করিলে পুত্র এবং মধুকদ্বারা হোম করিলে সমুদায় অভীষ্টলাভ হয়। যিনি জম্বুফলদ্বারা হোম করেন, তিনি অল্পকালমধ্যে শত্রুগণকে উৎসন্ন করিতে পারেন। বকুলপুষ্পদ্বারা হোম করিলে চিরস্থায়িনী কীর্ত্তিলাভ হয়। আম্রদ্বারা হোম করিলে সুদীর্ঘ পরমায়ু এবং চম্পকদ্বারা হোম করিলে সুবর্ণ লাভ করিতে পারাযায়। যে বুদ্ধিমান্ ব্যক্তি সর্ষপদ্বারা হোম করেন, তিনি সমুদায় শত্রুগণকে বিনাশ করিতে পারেন। বকুলপত্রদ্বারা হোম করিলে শীঘ্রই শত্রুগণকে উৎসন্ন করিতে পারাযায়। শাল্মলীপত্রদ্বারা হোম করিলে নিশ্চই শত্রু বিনাশ হয়। মাষকলায়দ্বারা হোম করিলে সাধ্য ব্যক্তি মূক হইয়া পড়ে। ধুস্তূরদ্বারা হোম করিলে শত্রুগণকে বিক্ষুব্ধ করিতে পারাযায়॥

অনন্তর দুর্গামন্ত্র কথিত হইতেছে। তিলদ্বারা হোম করিলে নর ও নরপতিকে বশীভূত করিতে পারাযায়। সিদ্ধার্থদ্বারা হোম করিলে তৎক্ষণাৎ রোগ হইতে মুক্ত হওয়া যায়। পদ্মদ্বারা হোম করিলে শত্রুপরাজয় হয়, দূর্ব্বাদ্বারা হোম করিলে শান্তিলাভ করিতে পারাযায়। যিনি পলাশ পুষ্পদ্বারা হোম করেন, তিনি পুষ্টিলাভ করিতে পারেন। যিনি ধান্যদ্বারা হোম করেন, তিনি ধান্যাশ্রয় লাভ করেন। কাকপক্ষদ্বারা হোম করিলে সাধ্যের মনে বিদ্বেষ জন্মে। মরীচদ্বারা হোম করিলে শত্রু নিশ্চয়ই মৃত্যুমুখে পতিত হয়॥

অথ সরস্বতী। পীত্বা তন্মন্ত্রিতং তোয়ং সহস্রং প্রত্যহং জপেৎ। মহাকবির্ভবেন্মন্ত্রী বৎসরেণ ন সংশয়ঃ। উরোমাত্রোদকে স্থিত্বা ধ্যায়েন্মার্ত্তণ্ডমণ্ডলে। স্থিতা দেবীং প্রতিদিনং ত্রিসহস্রং মনুং জপেৎ। লভতে মণ্ডলাৎ সিদ্ধিং বাচামপ্রতিমামপি। পলাশবিল্বকুসুমৈর্জুহুয়াম্মধুরোক্ষিতৈঃ। সমিদ্ভির্ব্বা তদ্গুণাভির্ধর্ম্মং প্রাপ্নোতি বাক্‌পতেঃ। পলাশকুসুমৈর্হুত্বা পরাং বাক্‌সিদ্ধিমাপ্নুয়াৎ। কদম্বকুসুমৈস্তদ্বৎ ফলৈঃ শ্রীফলসম্ভবৈঃ। অচিরাৎ শ্রিয়মাপ্নোতি বাচং কুন্দসমুদ্ভবৈঃ। নন্দ্যাবর্ত্তপ্রসূনৈর্ব্বা হুত্বা বাগ্মী ততোভবেৎ॥

অথ লক্ষ্মীঃ। যথা বক্ষঃপ্রমাণে সলিলে স্থিত্বা মন্ত্রমিমং জপেৎ। ত্রিলক্ষং সংজপেন্মন্ত্রী দেবীং ধ্যাত্বার্কমণ্ডলে। স ভবেদল্পকালেন রমায়া বসতিঃ স্থিরা। আরাধ্যোত্তরনক্ষত্রে দেবীং স্রক্‌চন্দনাদিভিঃ। নন্দ্যাবর্ত্তভবৈঃ পুষ্পৈঃ সহস্রং জুহুয়াত্ততঃ। পৌর্ণমাস্যাং ফলৈর্ব্বিল্বৈর্জুহুয়াম্মধুরাপ্লুতৈঃ। পঞ্চম্যাং বিকচাম্ভোজৈঃ শুক্রবারে সুগন্ধিভিঃ। অন্যৈর্ব্বাবিবিধৈঃ পুষ্পৈঃ প্রতিমাসং বিশালধীঃ। স লভেদব্দমাত্রেণ সর্ব্বদা সম্পদাং নিধিঃ। শালিভির্জুহুতো নিত্যং অষ্টোত্তরসহস্রকং। অচিরাদেব মহতী লক্ষ্মীঃ সংজায়তে ধ্রুবং। জবাপুষ্পাণি জুহুয়াদষ্টোত্তরসহস্রকং। গৃহীত্বা প্রজপেদ্ভস্ম নাগবল্লীরসান্বিতং। তিলকঞ্চাচরেত্তেন সর্ব্ববশ্যকরং ভবেৎ। নাগবল্লী পর্ণং॥

অনন্তর সরস্বতীদেবীর বিবরণ বলিতেছি। সারস্বত মন্ত্রে অভিমন্ত্রিত জলপান করিয়া যিনি প্রতিদিন ঐ মন্ত্র একসহস্র জপকরিবেন, তিনি একবৎসরে মহাকবি হইবেন, সন্দেহ নাই। যিনি উরুমাত্র জলে দণ্ডায়মান হইয়া মার্ত্তণ্ডমণ্ডলস্থিতা দেবী সরস্বতীর ধ্যান পূর্ব্বক প্রতিদিন তিনসহস্র মন্ত্র জপ করিবেন, তিনি ঐ সূর্য্যমণ্ডলপ্রভাবে অসীম বাক্‌সিদ্ধি করিতে পারিবেন। যিনি ত্রিমধুসিক্ত পলাশকুসুম এবং বিল্বকুসুমদ্বারা হোম করিবেন, অথবা ঐরূপ পলাশপল্লব ও বিল্বপত্রদ্বারা আহুতি দিবেন, তিনি বাক্‌পতির গুণ সমুদায় প্রাপ্ত হইবেন। কেবল পলাশকুসুমদ্বারা হোম করিলে বাক্‌সিদ্ধি লাভ করিতে পারাযায়। কদম্বকুসুমদ্বারা অথবা বিল্বফলদ্বারা হোম করিলে অবিলম্বেই লক্ষ্মীলাভ হয়, কুন্দপুষ্পদ্বারা অথবা নন্দ্যাবর্ত্তপ্রসূনদ্বারা হোম করিলে উত্তম বাগ্মী হইতে পারে॥

এক্ষণে লক্ষ্মীপ্রয়োগ কথিত হইতেছে। বক্ষঃপ্রমাণ জলে দণ্ডায়মান হইয়া লক্ষ্মীমন্ত্র জপ করিতে হইবে। যিনি বক্ষঃপ্রমাণ জলে দণ্ডায়মান হইয়া অর্কমণ্ডলস্থিতা লক্ষ্মীদেবীর ধ্যানপূর্ব্বক লক্ষ্মীমন্ত্র তিনলক্ষ জপ করিবেন, তিনি অল্পকালমধ্যেই লক্ষ্মীর স্থিরবসতি হইয়া উঠিবেন। যিনি উত্তরফল্গুনী বা উত্তরভাদ্রপদ নক্ষত্রে স্রক্‌চন্দনাদি দ্বারা ভগবতী লক্ষ্মীর পূজা করিয়া নন্দ্যাবর্ত্ত কুসুমদ্বারা সহস্র হোম করিবেন, অথবা পূর্ণিমাতিথিতে মধুত্রয়যুক্ত বিল্বফলদ্বারা কিম্বা পঞ্চমীতিথিতে বিকসিত পদ্মদ্বারা অথবা শুক্রবারে সুগন্ধি সুদৃশ্য অন্য কোন পুষ্পদ্বারা প্রতিমাসে হোম করিবেন, তিনি এক বৎসরের মধ্যে অতুল ঐশ্বর্য্যের অধীশ্বর হইবেন। যিনি প্রতিদিন ধান্যদ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন, তিনি অল্পকাল মধ্যেই মহতী লক্ষ্মীলাভ করিতে পারিবেন, অণুমাত্র সন্দেহ নাই। যিনি জবাপুষ্পদ্বারা অষ্টোত্তর সহস্র হোমপূর্ব্বক তাম্বূলের রসের সহিত সেই ভস্মমর্দ্দন করিয়া তিলক গ্রহণের পর ঐ মন্ত্র জপ করিবেন, তিনি সকলকেই বশীভূত করিতে পারিবেন॥

অথ গণেশঃ। তর্পয়েৎ সলিলৈঃ শুদ্ধৈর্দ্দিনশো গণনায়কঃ। চতুশ্চত্বারিংশদাঢ্যং চতুঃশত-মতন্দ্রিতঃ। প্রাপ্নুয়াম্মণ্ডলাদর্ব্বাগভীষ্টমধিকং নরঃ। নারিকেলৈঃ কৃতো হোমশ্চতুর্থ্যাং শ্রীপদো ভবেৎ। শুক্লপক্ষে প্রতিপদমারভ্য দিনশঃ সুধীঃ। চতুর্থ্যন্তং নারিকেলশক্তুলাজ-তিলৈঃ ক্রমাৎ। চতুঃশতং প্রজুহুয়াদ্বশ্যাঃ স্যুঃ সর্ব্বজন্তবঃ। সতিলৈস্তণ্ডুলৈর্হোমশ্চতুর্থ্যাং শ্রীপদো ভবেৎ। পদ্মহোমেন ভূপালাংস্তৎপত্নী-রুৎপলৈঃ শুভৈঃ। মন্ত্রিণঃ কুমুদৈঃ পুষ্পৈ-র্ব্বিপ্রান্ পিপ্পলসম্ভবৈঃ। সমিদ্বরৈর্নরপতীমুডুম্বরসমুদ্ভবৈঃ। প্লক্ষৈর্ব্বৈশ্যান্ বটোদ্ভূতৈঃ শূদ্রান্মন্ত্রী বশং নয়েৎ। মধুনা স্বর্ণলাভঃ স্যাদ্দোগ্ধেন লভেত গাঃ। আজ্যহোমেন মহতীং শ্রিয়মাপ্নোতি মানবঃ। দধ্না সর্ব্বসমৃদ্ধিঃ স্যাদন্নৈরন্নপতির্ভবেৎ॥

অথ সূর্য্যঃ। যথা—এবং সংপূজ্য বিধিবদ্ভাস্করং ভক্তবৎসলং। দদ্যাদর্ঘ্যং প্রতিদিনং বারে বা তস্য চোদিতে। প্রভাতে মণ্ডলং কৃত্বা পূর্ব্ববৎ পীঠমর্চ্চয়েৎ। পাত্রং তাম্রময়ং প্রস্থতোয়-গ্রাহি মনোহরং। নিধায় তত্র মনুনা পূরয়েচ্ছুভোদকৈঃ। কুঙ্কুমং রোচনারাজীরক্তচন্দন বৈলবান্। করবীরজবাশালিকুশশ্যামাকতণ্ডুলান্। নিঃক্ষিপেৎ সলিলে তস্মিন্নৈক্যং সম্ভাব্য ভানুনা। সাঙ্গমভ্যর্চ্চয়েত্তস্মিন্ ভাস্করং প্রোক্তলক্ষণং। গন্ধপুষ্পাদিনৈবেদ্যৈর্যথাবিধি বিধান-

---

অনন্তর গণেশদেবতার প্রয়োগ প্রকটিত হইতেছে। গণপতি প্রয়োগ করিবার সময় প্রতিদিন সমাহিত হৃদয়ে বিশুদ্ধ সলিলদ্বারা তাঁহার ৪৪৪ চতুশ্চত্বারিংশদধিক চতুঃশতবার তর্পণ করিতে হইবে। এরূপ করিলে একবৎসরের মধ্যেই সম্পূর্ণ অভিলষিত ফল প্রাপ্ত হইতে পারিবে। যদি চতুর্থী তিথিতে নারিকেলদ্বারা হোম করা হয়, তাহা হইলে সাধক লক্ষ্মীলাভ করিতে পারেন। যদি সাধক শুক্লপক্ষের প্রতিপদের দিন নারিকেলদ্বারা একশত হোম, শুক্লপক্ষীয় দ্বিতীয়া দিবসে শক্তুদ্বারা একশত হোম, পরদিন তৃতীয়া তিথিতে লাজদ্বারা একশত হোম, পরদিবস চতুর্থী তিথিতে তিলদ্বারা একশত হোম করেন, তাহা হইলে সমুদায় প্রাণীই তাঁহার বশীভূত হয়। চতুর্থীতে তিল মিশ্রিত তণ্ডুলদ্বারা হোম করিলে ধনলাভ হইয়া থাকে। পদ্মদ্বারা হোম করিলে, রাজাকে উৎপলদ্বারা হোম করিলে রাজমহিষীকে, কুমুদদ্বারা হোম করিলে মন্ত্রিগণকে, পিপ্পলপুষ্পদ্বারা হোম করিলে ব্রাহ্মণগণকে উডুম্বর সমিধদ্বারা হোম করিলে নরপতীগণকে, প্লক্ষসমিধদ্বারা হোম করিলে বৈশ্যগণকে এবং বটসমিধদ্বারা হোম করিলে শূদ্রগণকে বশীভূত করিতে পারা যায়। মধুদ্বারা হোম করিলে সুবর্ণলাভ, দুগ্ধদ্বারা হোম করিলে গোধন লাভ, এবং ঘৃতদ্বারা হোম করিলে বিপুল ধন লাভ হইয়া থাকে। দধিদ্বারা হোম করিলে সর্ব্বসমৃদ্ধি সম্পন্ন এবং অন্নদ্বারা হোম করিলে অন্নপতি হইতে পারা যায়॥

এক্ষণে সূর্য্যপ্রয়োগ বলা যাইতেছে। প্রতিদিন অথবা রবিবারে যথাবিধানে ভক্তবৎসল ভাস্করদেবের পূজা করিয়া অর্ঘ্যপ্রদান করিতে হইবে। প্রত্যূষে মণ্ডল করিয়া পূর্ব্বের ন্যায় পীঠদেবতার অর্চনা করিবে। পরে একপ্রস্থ জলধরে এরূপ মনোহর তাম্রময় পাত্র সেই স্থানে স্থাপন করিয়া সূর্য্যমন্ত্র পাঠপূর্ব্বক তাহা বিশুদ্ধ সলিলদ্বারা পূর্ণকরিবে। পরে সেই পাত্রে কুঙ্কুম, গোরোচনা, রাজী, রক্তচন্দন, কৈরব, করবীর, জবাপুষ্প, ধান্য, কুশ, শ্যামাকতণ্ডুল এই সমুদয় দ্রব্য সলিল মধ্যে নিঃক্ষেপ করিবে। এই দ্রব্য নিঃক্ষেপের সময় ভগবান্ সূর্য্যদেবের সহিত তাঁহার ঐক্য ভাবনা

বিৎ। অপিধায় জপেন্মন্ত্রং সম্যগষ্টোত্তরং শতং। পুনঃ সংপূজ্য গন্ধাদ্যৈর্জ্জানুভ্যামবনিং গতঃ। আমস্তকং সমুদ্ধৃত্য ব্যোম্নি সাবরণে রবৌ। দৃষ্টিং নিধায় ঐক্যেন মূলমন্ত্রং ধিয়া জপন্। দদ্যাদর্ঘ্যং দিনেশায় প্রসন্নেনান্তরাত্মনা। দত্ত্বা পুষ্পাঞ্জলিং ভূয়ো জপেদষ্টোত্তরং শতং। যাবদর্ঘ্যামৃতং ভানুঃ সমাদত্তে নিজৈঃ করৈঃ। তেন তৃপ্তো দিনমণির্দ্দদ্যাত্তস্মৈ মনোরথান্। অর্ঘ্যদানমিদং পুংসামায়ুরারোগ্যবর্দ্ধনং। ধনধান্যপশুক্ষেত্রপুত্রমিত্রকলত্রদং। তেজোবীর্য্য-কান্তিবিদ্যানানাবিভবভাগ্যদং॥

অথ শ্রীরামঃ। জাতীপ্রসূনৈর্জ্জুহুয়াদিন্দিরাপ্রাপ্তয়ে নরঃ। জাতীপ্রসূনৈর্জ্জুহুয়াচ্চন্দনাক্তৈঃ সমুক্ষিতৈঃ। রাজবশ্যায় কমলৈর্ধনধান্যাদিসম্পদে। নীলোৎপলানাং হোমেন বশয়েচ্চ ইদং জগৎ। বিল্বপ্রসূনৈর্জ্জুহুয়াদিন্দিরাপ্রাপ্তয়ে নরঃ। দূর্ব্বাহোমেন দীর্ঘায়ুর্ভবেন্মন্ত্রী নিরাময়ঃ। রক্তোৎপলহুতান্মন্ত্রী ধনমাপ্নোতি বাঞ্ছিতং। মেধাকামেন হোতব্যং পলাশকুসুমৈর্নবৈঃ। তজ্জপ্তমম্ভঃ প্রপিবেৎ কবির্ভবতি বৎসরাৎ। তন্মন্ত্রিতান্নং ভুঞ্জীত মহদারোগ্যবর্দ্ধনং॥

অথ শ্রীকৃষ্ণঃ। অথ প্রয়োগান্ প্রবক্ষ্যামি মন্ত্রয়োরুভয়োঃ সমান্। যান্ কৃত্বা সাধক-বরো লোকত্রয়প্রপূজিতঃ। বন্দেঽহং দেবকীপুত্রং সদ্যোজাতাম্বুদপ্রভং। শঙ্খচক্রগদা-

---

করিতে হইবে। পরে সেই পাত্রে গন্ধপুষ্প নৈবেদ্য প্রভৃতিদ্বারা যথাবিধানে উক্তপ্রকার ভাস্করের ও তাঁহার অঙ্গ দেবতাগণের অর্চনা করিয়া সেই পাত্র আচ্ছাদনপূর্ব্বক অষ্টোত্তরশত সূর্য্যমন্ত্র জপ করিতে হইবে। অনন্তর গন্ধাদি-দ্বারা পুনর্ব্বার দিবাকরের পূজা করিয়া ভূমিতে জানুদ্বয়স্থাপন পূর্ব্বক মস্তক পর্য্যন্ত সমুদায় অঙ্গ উর্দ্ধে রাখিয়া সূর্য্য-মণ্ডলে দৃষ্টিস্থাপন পূর্ব্বক আপনার সহিত দিবাকরের ঐক্য ভাবনা করিয়া মনে মনে সূর্য্যমন্ত্র জপ করিতে হইবে। পরে বিশুদ্ধ অন্তঃকরণে পুনর্ব্বার সূর্য্যার্ঘ্য প্রদান করিবে। অনন্তর পুষ্পাঞ্জলি প্রদান করিয়া পুনর্ব্বার অষ্টোত্তরশত জপ করিতে হইবে। ভগবান্ দিনমণি যখন নিজ করদ্বারা অর্ঘ্যামৃত গ্রহণ করিতে থাকিবেন, তখন তিনি তদ্দ্বারা পরিতৃপ্ত হইয়া সাধকের মনোবাঞ্ছা পূর্ণ করিয়া দিবেন। এই সূর্য্যার্ঘ্য দানদ্বারা সমুদায় রোগশান্তি ও পরমায়ুবৃদ্ধি হয়। বিশেষতঃ এরূপ সূর্য্যার্ঘ্যদান করিলে ধন, ধান্য, পশু, ক্ষেত্র, পুত্র, মিত্র, কলত্র, ও বহুবিধ ঐশ্বর্য্য প্রাপ্ত হওয়া যায়। বিশেষতঃ ইহাদ্বারা শরীরের তেজ, বীর্য্য, কান্তিও পুষ্টি হইয়া থাকে॥

অনন্তর শ্রীরামপ্রয়োগ কথিত হইতেছে। লক্ষ্মীপ্রাপ্তির নিমিত্ত জাতীকুসুমদ্বারা হোম করিতে হইবে। যিনি চন্দনসলিল পরিষিক্ত জাতীকুসুমদ্বারা হোম করেন, রাজা তাঁহার বশীভূত হয়েন। পদ্মদ্বারা হোম করিলে ধন-ধান্যপ্রভৃতি ঐশ্বর্য্য লাভ করিতে পারা যায়। নীলোৎপলদ্বারা হোম করিলে ভূমণ্ডলস্থ সকলেই বশীভূত হয়। বিল্ব-পুষ্পদ্বারা হোম করিলে লক্ষ্মীলাভ হইয়া থাকে। দূর্ব্বাদ্বারা হোম করিলে সাধক নিরাময় ও দীর্ঘায়ু হয়েন। রক্তোৎ-পলদ্বারা হোম করিলে সাধক অভিলষিত ধনপ্রাপ্ত হইয়া থাকেন। অভিনব পলাশকুসুমদ্বারা হোম করিলে মেধা-বৃদ্ধি হয়। রামমন্ত্রে অভিমন্ত্রিত জল একবৎসর পর্য্যন্ত প্রতিদিন পান করিলে সাধক কবিত্ব শক্তিলাভ করেন। শ্রীরামমন্ত্রে অভিমন্ত্রিত অন্নভোজন করিলে শরীর নীরোগ হইয়া থাকে॥

একণে শ্রীকৃষ্ণপ্রয়োগ কথিত হইতেছে। শ্রীকৃষ্ণের উভয় মন্ত্রসাধনেই সমান ফল হইয়া থাকে। সাধক ব্যক্তি

পদ্মধারিণং বনমালিনং। এবং ধ্যাত্বা মনুবরং লক্ষং ব্রাহ্মমুহূর্ত্তকে। জপ্ত্বা মেধাং পরাং প্রাপ্য কবীনামগ্রণীর্ভবেৎ। অথবা স্ফটিকাভাসং লেখপুস্তকধারিণং। তাং বিচিন্ত্য জপেল্লক্ষং মূলং ব্রাহ্মমুহূর্ত্তকে। জপ্ত্বা মন্ত্রী ত্রিকালজ্ঞো বৃহস্পতিসমো ভবেৎ। চরদ্গোচারণং বালং ধ্যাত্বা ব্রাহ্মমুহূর্ত্তকে। জপ্ত্বা মনুবরং বিদ্বান্ সর্ব্বশাস্ত্রার্থবিদ্ভবেৎ। সর্ব্ববেদার্থকুশলো জ্ঞানবান্ ভবতি ধ্রুবং। নন্দাঙ্গনে পর্য্যটন্তং ধূলীনীচয়ধূসরং। দীপ্তমণিগণাদীপ্তং যশোদালোচনোৎসুকং। এবং ধ্যাত্বা মনুবরং জপেন্নিয়মমাস্থিতঃ। লক্ষৈকজপনাদস্য কিং ন সিধ্যতি ভূতলে। প্রাতঃ প্রাতঃ পিবেত্তোয়মষ্টোত্তরশতং জপন্। অত্যন্তমূকো দুষ্টাত্মা জড়ঃ পাষাণবত্তথা। অনেন জলপানেন সাক্ষাদ্বাক্‌পতিসন্নিভঃ। জায়তে নাত্র সন্দেহঃ সত্যং সত্যং ন চান্যথা। পদ্ভ্যাং নিঃক্ষিপ্য শকটং রুদন্তং প্রাকৃতং তথা। লক্ষং জপ্যাদিতি ধ্যাত্বা আপদ্ভ্যো মুচ্যতে ধ্রুবং। শক্রতো ন ভয়ং তস্য রাজতো দস্যুতোপি বা। ন তস্য বিদ্যতে ভীতিঃ কদাচদপি সুব্রত। নিত্যকর্ম্মরতঃ কৃষ্ণং বন্যৈঃ পুষ্পৈঃ সমর্চ্চয়েৎ। বশ্যাভবন্তি সর্ব্বে চ ব্রাহ্মণা নাত্র সংশয়ঃ। গোপালং মনসা চৈব জাতীপুষ্পৈঃ সমর্চ্চয়েৎ। বশ্যাভবন্তি রাজানো নাত্র কার্য্যা বিচারণা। তমালোদ্ভবপুষ্পৈশ্চ বৈশ্যা বশ্যা ভবন্তি হি। নীলোৎপলৈশ্চ শূদ্রাশ্চ মাসং কৃষ্ণং সমর্চ্চয়েৎ। জুহুয়াদ্রক্তপুষ্পৈশ্চ মিশ্রিতৈঃ সিততণ্ডুলৈঃ। মন্ত্রেণাষ্টসহস্রন্তু

এই প্রয়োগ করিয়া ত্রিলোকপূজিত হইয়া থাকেন। নবীন-নীরদসদৃশ প্রভাসম্পন্ন শঙ্খ চক্র গদা পদ্মধারী বনমালাবিভূষিত দেবকীতনয় কৃষ্ণকে আমি প্রণাম করিতেছি। ব্রাহ্মমুহূর্ত্তে এইরূপ ধ্যান করিয়া একলক্ষ মন্ত্র জপ করিলে সাধক যারপর নাই মেধাবী ও কবিগণের অগ্রগণ্য হইয়া থাকেন। অথবা ব্রহ্মমুহূর্ত্তে স্ফটিকের ন্যায় প্রভাসম্পন্ন লেখনী পুস্তকধারী কৃষ্ণকে চিন্তা করিয়া একলক্ষ মূলমন্ত্র জপ করিলে সাধক ত্রিকালজ্ঞ ও বৃহস্পতির সদৃশ হয়েন। বালক কৃষ্ণ গোচারণপূর্ব্বক ভ্রমণ করিতেছেন। ব্রাহ্মমুহূর্ত্তে এইরূপ ধ্যানপূর্ব্বক মন্ত্র জপ করিলে সাধক সর্ব্বশাস্ত্রার্থবিশারদ হইতে পারেন। বিশেষতঃ তিনি অল্পকালমধ্যেই সর্ব্ববেদার্থকুশল ও জ্ঞানবান্ হয়েন, সন্দেহ নাই। যিনি ধূলিধূসরিত কলেবরে নন্দের প্রাঙ্গণে পর্য্যটন করিতেছেন, সমুজ্জল মণিসমূহে যাঁহার শরীর উদ্দীপ্ত হইয়াছে; যিনি যশোদাকে দেখিবার নিমিত্ত সমুৎসুক রহিয়াছেন, তাদৃশ কৃষ্ণমূর্ত্তি ধ্যান করিয়া যে সাধক নিয়ম অবলম্বনপূর্ব্বক একলক্ষ মন্ত্র জপ করেন, তাঁহার সমুদায় কামনাই সিদ্ধ হয়। যিনি প্রতিদিন প্রাতঃকালে জলের উপরি অষ্টোত্তরশত কৃষ্ণমন্ত্র জপ করিয়া ঐ জলপান করেন, তিনি অত্যন্ত মূক, দুষ্টাত্মা ও পাষাণসদৃশ জড় হইলেও ঐ অভিমন্ত্রিত জলপানদ্বারা সাক্ষাৎ বৃহস্পতিসদৃশ হয়েন, এবিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই। চরণদ্বয়দ্বারা শকট নিঃক্ষিপ্ত করিয়া প্রাকৃত জনের ন্যায় রোদন করিতেছেন, এরূপ কৃষ্ণমূর্ত্তি ভাবনা করিয়া যে সাধক একলক্ষ মন্ত্র জপ করেন, তিনি সমুদায় আপদ হইতে মুক্ত হয়েন, সন্দেহ নাই। বিশেষতঃ তাঁহার শত্রুভয়, রাজভয়, দস্যুভয় অথবা অন্যকোন ভয় থাকে না। যিনি নিত্যকর্ম্ম সাধনপূর্ব্বক বন্যপুষ্পদ্বারা কৃষ্ণের অর্চ্চনা করেন, সমুদায় ব্রাহ্মণ তাঁহার বশীভূত হয়েন; সন্দেহ নাই। যিনি মনে মনে গোপালমূর্ত্তি স্মরণ করিয়া জাতীপুষ্পদ্বারা অর্চ্চনা করেন, রাজগণ তাঁহার বশীভূত হয়েন এবিষয়ে সন্দেহমাত্র নাই। তমালপুষ্পদ্বারা অর্চ্চনা করিলে বৈশ্যগণ বশীভূত হয়। যিনি নীলোৎপলদ্বারা একমাসমাত্র কৃষ্ণের অর্চ্চনা করেন, শূদ্রগণ তাঁহার বশীভূত হইয়া থাকেন। যিনি সিততণ্ডুলমিশ্রিত রক্তকুসুম-

জপ্ত্বা তদ্ভস্ম ধারয়েৎ। ললাটে বিধৃতে তস্য সর্ব্বে বশ্যা ভবান্ত হি। অনেন চ শরীরেণ রাজানো বশ্যতামিয়ুঃ। স্ত্রিয়ো বশ্যা ভবন্ত্যত্র পুত্রামাত্যাশ্চ সর্ব্বথা। বিবাহার্থী জপেন্মন্ত্রং মাসমষ্ট-সহস্রকং। রাসমণ্ডলমধ্যস্থং কৃষ্ণং ধ্যাত্বা ব্রজে স্থিতং। বিবাহয়েদুত্তমাঙ্গীং কন্যাং সর্ব্ব-গুণোজ্জ্বলাং। পুত্রং মে রক্ষরক্ষেতি বিপ্রেন প্রার্থিতো হরিঃ। কৃতপুত্রং সমাহৃত্য দদৌ বস্তং বিচিন্তয়েৎ। পুত্রকামো লভেৎ পুত্রং মাসেনৈকেন সুন্দরং। দীর্ঘায়ুরপ্রহিতবলবীর্য্য-সমন্বিতং। কুন্দপুষ্পৈঃ সমারাধ্য কৃষ্ণং ধ্যায়েচ্চ কন্যকা। মাসদ্বয়ং তথা মন্ত্রং জপেদষ্ট-সহস্রকং। মনোরথপতিং লব্ধা দীর্ঘকালঞ্চ ক্রীড়তি। অঞ্জনং কুসুমং বস্ত্রং তাম্বূলং চন্দনং তথা। অন্যান্যপ্যুপভোগ্যানি স্পৃষ্টা মন্ত্রং শতং জপেৎ। দীয়তে যস্য যস্যেতি সোঽচিরা-দ্দাসবদ্বশী। স্ত্রিয়ো বশ্যা অনেনৈব ভবন্তি মুনিসত্তম। পুরুষং বশয়েন্নারী অনেনৈব বিধা-নতঃ। অন্নাদ্যকামঃ শ্রীপুষ্পৈঃ সিততণ্ডুলমিশ্রিতৈঃ। অষ্টোত্তরসহস্রন্তু জুহুয়াদন্নবান্ ভবেৎ। বিশ্বরূপধরং ধ্যাত্বা শতমষ্টোত্তরং জপেৎ। সমাহিতমনা মন্ত্রী যশোঽর্থী কীর্ত্তিমাপ্নুয়াৎ। ভূতপ্রেতপিশাচাদ্যৈঃ স্কন্দাদিগ্রহপীড়িতৈঃ। পূতনাস্তনপাতারং ধ্যাত্বা মন্ত্রং শতং জপেৎ। প্রণশ্যন্তি গ্রহা দুষ্টাঃ পলায়ন্তে ইতস্ততঃ। সর্পমণ্ডলদষ্টে চ মূষিকাদ্যৈশ্চ দংশিতে। কৃষ্ণং কালিয়দমনং চিন্তয়িত্বা জপেন্নরঃ। তর্জ্জয়ন্তং বিষং ঘোরং হুঙ্কারেণ বিনাশয়েৎ॥ অত্রাপ্যস্য

যাঁরা হোম করিয়া অষ্টোত্তরসহস্র মন্ত্র জপপূর্ব্বক ললাটে সেই ভস্ম ধারণ করেন, সকলেই তাঁহার বশীভূত হয়। এই ভস্ম ধারণ করিয়া রাজার নিকট গমন করিলে রাজা বশীভূত হয়েন। রমণী, পুত্র বা অমাত্য যে ব্যক্তি তাঁহাকে দর্শন করে, সেই ব্যক্তিই সর্ব্বতোভাবে তাঁহার বশীভূত হইয়া থাকে। বিবাহার্থী ব্যক্তি ব্রজে স্থিত রাসমণ্ডলমধ্যবর্ত্তী কৃষ্ণকে ধ্যান করিয়া একমাসপর্য্যন্ত প্রতিদিন অষ্টোত্তরসহস্র মন্ত্র জপ করিলে সর্ব্বগুণসমুজ্জ্বলা নিরুপমরূপবতী কন্যা বিবাহ করিতে পারে। "আমার পুত্রকে রক্ষা কর, আমার পুত্রকে রক্ষা কর," ব্রাহ্মণ এইরূপ প্রার্থনা করিলে হরি তাঁহার পুত্রকে বাঁচাইয়া আনিয়া দিতেছেন, এইরূপ চিন্তা করিয়া একমাস প্রতিদিন অষ্টোত্তরসহস্র মন্ত্র জপ করিলে পুত্রকামী ব্যক্তি অপ্রতিহত বলবীর্য্যসম্পন্ন দীর্ঘায়ু পরমসুন্দর পুত্র লাভ করিতে পারেন। যদি কন্যকা কুন্দপুষ্পদ্বারা পূজা করিয়া কৃষ্ণমূর্ত্তি ধ্যানপূর্ব্বক দুই মাসপর্য্যন্ত অষ্টোত্তরসহস্র মন্ত্র জপ করে, তাহাহইলে মনোমত পতি লাভ করিয়া দীর্ঘকাল পতির সহিত বিহার করিতে পারে। যদি কোন সাধক অঞ্জন, কুসুম, বস্ত্র, তাম্বূল, চন্দন এবং অন্যান্য উপভোগ্য বস্তু স্পর্শ করিয়া একশত মন্ত্র জপ করেন, তাহাহইলে সেই সেই বস্তু যে যে ব্যক্তিকে প্রদান করা যাইবে, সেই ব্যক্তি অচিরাৎ বশীভূত হইবে। এই বিধানদ্বারা স্ত্রীগণও বশীভূত হয়। এই বিধানদ্বারা নারী পুরুষ-কেও বশীভূত করিতে পারে। যিনি অন্নকামনা করেন, তিনি সিততণ্ডুলমিশ্রিত শ্রীপুষ্পদ্বারা অষ্টোত্তরসহস্র হোমকরিলে বহু অন্নশালী হয়েন। যিনি যশঃকামনা করেন, তিনি বিশ্বরূপধারী হরির ধ্যানপূর্ব্বক সমাহিতহৃদয়ে অষ্টোত্তরশত-জপ করিলে কীর্ত্তিশালী হয়েন। ভূত, প্রেত, পিশাচ, স্কন্দ, গ্রহ প্রভৃতিদ্বারা আক্রান্তব্যক্তি পূতনার স্তনপায়ী কৃষ্ণের ধ্যানপূর্ব্বক শতমন্ত্র জপ করিবে, তাহা হইলে দুষ্টগ্রহ সমুদায় বিদূরিত ও বিধ্বস্ত হয়। সর্প, মূষিক প্রভৃতি দংশন করিলে তর্জ্জন-গর্জ্জন-পরায়ণ কালীয়দমন কৃষ্ণের ধ্যানপূর্ব্বক মন্ত্র জপ করিলে হুঙ্কারদ্বারা ঘোরবিষ বিনষ্ট করিতে

মন্ত্রং বক্ষ্যে বীজাদ্যং শৃণু তত্ত্বতঃ। কালীয়স্য ফণামধ্যে দিব্যং নৃত্যং করোতি তং। নমামি দেবকীপুত্রং নৃত্যরাজানমচ্যুতং। জ্বরার্ত্তোঽভ্যর্চ্চয়েন্মন্ত্রী জপেদষ্টশতং তথা। জ্বরেণ সংস্তুতং কৃষ্ণং বলপ্রদ্যুম্নসম্মতং। দহন্তং বাণনগরীং গরুড়োপরি সংস্থিতং। নিজজ্বরেণ সংশ্লিষ্টং ধ্যাত্বা নাশয়তে ক্ষণাৎ। শীতলাকামলাদীনি তথা চাতুর্থিকোদ্ভবান্। প্লীহগুল্মযকৃদ্বায়ুন-পস্মারভয়ং তথা। নাশয়েন্নাত্র সন্দেহো দৃষ্টিমাত্রেণ মান্ত্রিকঃ। গোপালং যষ্টিপাণিঞ্চ বেণুমাদায় সংস্থিতং। ধ্যাত্বা কৃষ্ণং জপেন্মন্ত্রং পশুমান্ সত্তমানসঃ। রাজ্ঞোপি স ভবেন্মিত্র-মিতি যস্য মতির্ভবেৎ। মধুসিক্তৈঃ সিতৈঃ পুষ্পৈর্হুত্বা তমমুনা স্মরেৎ। মহৈশ্বর্য্যমথ প্রাপ্য বিশ্বখ্যাতো ভবেদ্ধ্রুবং। গোবর্দ্ধনধরং কৃষ্ণং ধ্যাত্বা মন্ত্রং জপেন্নরঃ। বাতবর্ষাদিভির্ঘোরৈ-র্ভয়ে সম্যগুপস্থিতে। ভয়মাশু বিনশ্যেত্তু নাত্র কার্য্যা বিচারণা। বৃন্দাবনগতং কৃষ্ণং বৃষ্টিকামো বিচিন্তয়ন্। জপেদষ্টসহস্রন্তু বৃষ্টিমাপ্নোত্যসংশয়ঃ। এবঞ্চ মনসা ধ্যাত্বা বৃষ্টিং বর্ষাসু চাহ-রেৎ। এবং জলাশয়ে ধ্যাত্বা জপেদষ্টসহস্রকং। বৃষ্টির্ভবত্যকালেপি মহতী নাত্র সংশয়ঃ। গায়ন্তং বেণুনা কৃষ্ণং গানকামো বিচিন্তয়েৎ। আজ্যমষ্টশতং হুত্বা কিন্নরৈঃ সহ গীয়তে। জয়কামো জপেদ্যস্তু হরন্তং কল্পকদ্রুমং। সংস্তুতং দেবতাভিশ্চ গরুড়ারূঢ়মচ্যুতং। ধ্যাত্বা

পারে। এস্থলে অন্য মন্ত্র বলিতেছি, শ্রবণ কর। এই মন্ত্রের পূর্ব্বে কৃষ্ণের বীজ প্রদান করিতে হইবে। মন্ত্রার্থ যথা যিনি কালীয় সর্পের ফণামধ্যে দিব্য নৃত্য করিতেছেন, সেই নৃত্যরাজ দেবকীপুত্র অচ্যুত কৃষ্ণকে প্রণাম করি। জ্বরার্ত্তব্যক্তি কৃষ্ণের অর্চ্চনা করিয়া অষ্টোত্তরশত জপকরিবে এবং তৎকালে এইরূপ ধ্যান করিবে যে, নিজজ্বরের সহিত সমবেত গরুড়োপরি সংস্থিত কৃষ্ণ বাণনগরী দহন করিতেছেন। বলদেব ও প্রদ্যুম্ন নিকটে রহিয়াছেন, মহাদেব তাঁহার স্তব করিতেছেন। এইরূপ প্রয়োগ করিলে তৎক্ষণাৎ শীতলা, কামলা, চাতুর্থিক জ্বর, প্লীহা, গুল্ম, যকৃৎ, বায়ুরোগ, অপস্মাররোগ প্রভৃতি সমুদায় রোগ হইতে আরোগ্য হয়। এইরূপ প্রয়োগ করিয়া সাধক যাহার প্রতি দৃষ্টি করিবেন, তাহার ঐ সমুদায় রোগ তৎক্ষণাৎ বিদূরীত হইবে, সন্দেহমাত্র নাই। যষ্টিপাণি গোপাল বেণু হস্তে লইয়া দণ্ডায়মান আছেন, এইরূপ ধ্যান করিয়া যিনি মন্ত্র জপ করেন, তিনি বহুসংখ্যক পশু লাভ করিতে পারেন। যিনি ঈদৃশ সাধনে প্রবৃত্ত হয়েন, তিনি রাজারও মিত্র হইতে পারেন। যিনি কৃষ্ণমন্ত্র উচ্চারণপূর্ব্বক মধুসিক্ত শুক্ল তণ্ডুল-দ্বারা হোম করেন, তিনি অতুল ঐশ্বর্য্যশালী ও বিশ্ববিখ্যাত হয়েন, সন্দেহ নাই। যে সময়ে ঘোর বায়ু, বর্ষা প্রভৃতির ভয় উপস্থিত হয়, সেই সময়ে গোবর্দ্ধনধারী কৃষ্ণের ধ্যানপূর্ব্বক মন্ত্র জপ করিলে তৎক্ষণাৎ সমুদায় ভয় বিদূরিত হয়। যিনি বৃষ্টি কামনাকরেন, তিনি বৃন্দাবনগত কৃষ্ণের ধ্যানপূর্ব্বক অষ্টোত্তর সহস্র জপ করিলে বৃষ্টি হয়, সন্দেহ নাই। মনে মনে ঐরূপ ধ্যান করিয়া বর্ষাকালে জপপূর্ব্বক বৃষ্টি আনয়ন করিতে হইবে। জলাশয়ে দণ্ডায়মান হইয়া ঐরূপ ধ্যান পূর্ব্বক অষ্টোত্তর সহস্র জপ করিলে অকালে মহতী বৃষ্টি হয়, সন্দেহ নাই। যিনি সঙ্গীত কামনা করেন, তিনি এইরূপ ভাবনা করিবেন যে, কৃষ্ণ বেণু লইয়া গান করিতেছেন এবং ঘৃতদ্বারা অষ্টোত্তর শত হোম করিবেন, এরূপ করিলে সাধক কিন্নরের সহিত সমান গান করিতে পারেন॥

যিনি শত্রুর পরাজয় কামনা করেন, তিনি এইরূপ ভাবনা করিবেন যে, গরুড়ারূঢ় অচ্যুত কৃষ্ণ কল্পবৃক্ষ হরণ

রক্তকরবীরসমিদ্ভির্হুত্বা হুয়াদ্বশী। অষ্টোত্তরসহস্রন্তু সাক্ষাৎ পরাজিতো রিপুঃ। রাজাদিভয়মাপন্নে সংশয়ে দুর্গসংসদি। হুত্বা দশসহস্রন্তু তৎক্ষণান্নাশয়েদ্ধ্রুবং। নীলোৎপলাদিভি র্হুত্বা অষ্টোত্তরসহস্রকং। শঙ্খাদিনিধিসংযুক্তং দ্বারকামধ্যগং হরিং। ধ্যাত্বা তণ্ডুলদূর্ব্বাভি র্হুত্বা শান্তিমবাপ্নুয়াৎ। কদম্বমূলে গায়ন্তং গোপালং বনমালিনং। কদম্বকুসুমৈর্জুষ্টং চিন্তয়িত্বা জনার্দ্দনং। অপামার্গশতৈর্হুত্বা অষ্টোত্তরসহস্রকং। সর্ব্বান্ লোকান্ বশীকৃত্য আশুবিজ্ঞো ভবিষ্যতি। রাজদ্বারে সভায়াঞ্চ ব্যবহারে চ মন্ত্রবিৎ। শতমষ্টোত্তরং জপ্ত্বা প্রথমং বাক্যমুচ্চরেৎ। অনেনৈব বিধানেন সর্ব্বত্র বিজয়ী ভবেৎ। মোক্ষকামো জপেদ্যস্তু পুণ্ডরীকাক্ষমব্যয়ম্। সনকাদিস্তুতং কৃষ্ণং শুক্লাম্বরধরং প্রভুং। শঙ্খচক্রধরং ধ্যাত্বা মন্ত্রং লক্ষং জপেন্নরঃ। তারসংপুটিতং কৃত্বা বিধিবৎ স্থানমাশ্রিতঃ। চক্রাব্জমণ্ডলং কৃষ্ণং পূজয়েদ্ভক্তিমাবহন্। স সংসারসাগরেভ্যো মুচ্যতে নাত্র সংশয়ঃ॥

অথ দধিবামনঃ। পায়সান্নেন জুহুয়াৎ সহস্রং শ্রিয়মাপ্নুয়াৎ। ধান্যহোমেন ধান্যাপ্তিঃ শতপুষ্পসমুদ্ভবৈঃ। বীজৈঃ সহস্রসংখ্যাতৈর্হোমো ভয়বিনাশকৃৎ। দধ্যোদনেন শুদ্ধেন হুত্বা মুচ্যেত দুর্গতঃ। স্মৃত্বা ত্রৈবিক্রমং রূপং জপেন্মন্ত্রমনন্যধীঃ। মুক্তোবন্ধাদ্ভবেৎ সদ্যো নাত্র কার্য্যা বিচারণা॥

করিতেছেন, দেবগণ তাঁহার স্তব করিতে প্রবৃত্ত হইয়াছেন এইরূপ ধ্যানপূর্ব্বক জপ করিয়া জিতেন্দ্রিয় ব্যক্তি রক্ত করবীর সমিধদ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন, তাহা হইলে তাঁহার শত্রু তৎক্ষণাৎ পরাজিত হইবে। যে সময়ে রাজভয়, মহাশঙ্কট অথবা দুর্গাবরোধ উপস্থিত হইবে, তৎকালে উক্তরূপে দশসহস্র হোম করিলে সমুদায় ভয় বিদূরিত হয়, সন্দেহ নাই। নীলোৎপল প্রভৃতিদ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিয়া শঙ্খ পদ্ম প্রভৃতি নিধি সংযুক্ত দ্বারকামধ্যস্থিত হরির ধ্যানপূর্ব্বক পুনর্ব্বার তণ্ডুল দূর্ব্বাদ্বারা হোম করিলে সমুদায় শান্তি হয়। কদম্বকুসুম সুশোভিত কদম্বমূলস্থিত বনমালাধারী জনার্দ্দন গোপাল গান করিতেছেন, এইরূপ চিন্তা করিয়া প্রতিবারে শত সংখ্যক অপামার্গদ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিলে সাধক আশু বিজিত হয়েন এবং সমুদায় লোককে বশীভূত করেন। রাজদ্বারে সভাতে অথবা বিচারালয়ে প্রথমতঃ অষ্টোত্তরশত মন্ত্র জপ করিয়া প্রথম বাক্য উচ্চারণ করিবে, এইরূপ বিধানদ্বারা সাধক সর্ব্ববিজয়ী হইতে পারেন। যিনি মোক্ষকামনা করেন, তিনি সনকাদি মুনিগণকর্তৃক স্তূয়মান শুক্লাম্বরধারী শঙ্খচক্রগদাধর পুণ্ডরীকাক্ষ অব্যয় প্রভু কৃষ্ণের ধ্যান করিয়া প্রণবপুটিত কৃষ্ণমন্ত্র যথাবিধানে একলক্ষ জপ করিবেন। পরন্তু ঐ জপের সময় যথাবিধানে একটি নির্দ্দিষ্ট স্থান পরিগ্রহ করিতে হইবে। যিনি ভক্তি সহকারে চক্রপদ্মধারী কৃষ্ণের ধ্যানপূর্ব্বক পূজা করিবেন, তিনি সংসারসাগর হইতে মুক্ত হইবেন, সন্দেহ নাই॥

অনন্তর দধিবামন প্রয়োগ বর্ণিত হইতেছে। যিনি পায়সান্নদ্বারা সহস্র হোম করেন, তাঁহার লক্ষ্মীলাভ হয়। যিনি ধান্যদ্বারা হোম করেন, তাঁহার ধান্যলাভ হয়। যিনি সহস্র সংখ্যক পদ্মবীজদ্বারা হোম করেন, তাঁহার সমুদায় ভয় বিদূরিত হয়। বিশুদ্ধ দধিমিশ্রিত অন্নদ্বারা হোম করিলে দুর্গ হইতে মুক্তিলাভ করিতে পারা যায়। যিনি ত্রিবিক্রমমূর্ত্তি ভাবনা পূর্ব্বক অনন্তহৃদয়ে মন্ত্র জপ করেন, তিনি তৎক্ষণাৎ বন্ধন হইতে মুক্ত হয়েন, এবিষয়ে অণুমাত্র সন্দেহ নাই॥

অথ হয়গ্রীবঃ। বিল্বৈঃ ফলৈঃ কৃতো হোমঃ শ্রীপদঃ পরিগীয়তে। কুন্দপুষ্পাণি জুহুয়াদিচ্ছন্ বাক্ শ্রিয়মুত্তমাং। মনুনানেন সংজপ্তং ঘৃতং ব্রাহ্মীরসৈঃ শৃতং। কবিতামাহরেৎ পুংসামনর্গলবিজৃম্ভিণীং। বচামনেন সংজপ্তাং ভক্ষয়েৎ প্রাতরন্বহং। সর্ব্ববেদাগমাদীনাং ব্যাখ্যাতা জায়তেঽচিরাৎ॥

অথ নৃসিংহঃ। শ্রীপুষ্পৈর্জ্জুহুয়ামন্ত্রী বিল্বকাষ্ঠৈধিতেঽনলে। সহস্রং শ্রিয়মাপ্নোতি পত্রৈর্ব্বা বিল্বসম্ভবৈঃ। শ্রীপুষ্পং লবঙ্গপুষ্পং। প্রসূনৈর্ব্বা ফলৈস্তদ্বং দূর্ব্বাহোমাদরোগিতাং। দুঃস্বপ্নে নিশি সংজাতে ধ্যাত্বা মন্ত্রং শতং জপেৎ। অনিদ্রো মন্ত্রবিৎ পশ্চাৎ সুখদং তন্ত্র জায়তে। ব্যাঘ্রচোরমৃগাদিভ্যো মহারণ্যে ভয়াকুলং। বক্ষ্যে মনুরয়ং জপ্তো ভয়েষন্যেষু মন্ত্রিণং। অনেন মন্ত্রিতং ভস্ম বিষগ্রহমহাভবান্। নাশয়েদচিরাদেব মন্ত্রস্যাস্য প্রভাবতঃ। ঘোরাভিচারে সোন্মাদে মহোৎপাতে মহাভয়ে। জপেন্মন্ত্রং স্মরেদেনং দুঃখান্মুক্তো ভবেন্নরঃ। সিংহরূপং মহাভীমং নখদন্ত্রাতিভীষণং। স্মৃত্বাত্মানং বিভুং পশ্চাদ্ধ্যায়েন্মৃগশিশুং রিপুং। গৃহীত্বা গলদেশে তং পুনর্দ্দিক্ষু ক্ষিপেদ্দ্রুতং। পুত্রমিত্রকলত্রাদ্যৈরুচ্চাটো জায়তে রিপোঃ। পূর্ব্বমৃত্যুপদে সাধ্যনাম কৃত্বা স্বয়ং হরিঃ। নিশিতৈর্নখদংষ্ট্রাদ্যৈঃ খাদ্যমানং রিপুং স্মরেৎ।

অতঃপর হয়গ্রীব প্রয়োগ বিবৃত হইতেছে। প্রথমে বিল্বফলদ্বারা হোমকরিলে লক্ষ্মীলাভ হয়। যিনি বাক্‌পটুতা লাভ করিতে ইচ্ছা করেন, তিনি কুন্দপুষ্পদ্বারা হোম করিবেন। যিনি ব্রাহ্মীরসযুক্ত ঘৃতের উপরি হয়গ্রীব মন্ত্র জপ করিয়া তাহা পান করিবেন, তাঁহার মুখ হইতে অনর্গল বিশুদ্ধ কবিতারাশি নিঃসৃত হইতে থাকিবে। যিনি বচের উপরি হয়গ্রীবমন্ত্র জপ করিয়া প্রতিদিন প্রাতঃকালে ভক্ষণ করিবেন, তিনি অল্পকালমধ্যেই সমুদায় বেদ আগম প্রভৃতি ব্যাখ্যা করিতে পরিবেন॥

এক্ষণে নৃসিংহপ্রয়োগ বর্ণিত হইবে। যিনি বিল্বকাষ্ঠদ্বারা অগ্নি প্রজ্বালিত করিয়া তাহাতে লবঙ্গদ্বারা অথবা বিল্বপত্রদ্বারা সহস্র হোম করিবেন, তিনি নিশ্চয়ই লক্ষ্মীলাভ করিতে পারিবেন। ঐরূপ বিল্বপুষ্প অথবা বিল্বফলদ্বারা হোম করিলেও লক্ষ্মীলাভ হইবে। দূর্ব্বাদ্বারা হোম করিলে রুগ্নব্যক্তির আরোগ্য লাভ হইয়া থাকে। যদি রাত্রিকালে দুঃস্বপ্ন দর্শন হয়, তাহাহইলে নৃসিংহ ধ্যানপূর্ব্বক নৃসিংহ মন্ত্র একশত হোম করিবে। যদি রাত্রিকালে নিদ্রা না হয়, তাহা হইলে ঐ মন্ত্র জপ করিলে সুখস্বচ্ছন্দে নিদ্রা হইবে। যদি কোনব্যক্তি মহারণ্যমধ্যে ব্যাঘ্র, দস্যু অথবা মৃগাদি হইতে ভয়াকুল হয়, তাহা হইলে ঐ মন্ত্র একশত জপ করিলে কোন ভয় থাকিবেক না। অন্য কোন প্রকার ভয় উপস্থিত হইলেও যদি এই মন্ত্র জপ করা হয়, তাহা হইলে সেই ভয় তৎক্ষণাৎ বিদূরিত হইবে। ঐমন্ত্রদ্বারা ভস্ম অভিমন্ত্রিত করিয়া যদি সর্ব্বাঙ্গে লেপন করা যায় তাহাহইলে এই মন্ত্রের প্রভাবে বিষ-জনিত ও গ্রহজনিত মহা ভয়ও বিদূরিত হয়। ঘোর অভিচার, উন্মাদ, মহোৎপাৎ প্রভৃতি মহাভয় উপস্থিত হইলে নৃসিংহমূর্ত্তি ধ্যানপূর্ব্বক এই মন্ত্র জপ করিবে। এইরূপ করিলে সাধক আপদ্ ও দুঃখ হইতে মুক্ত হইবেন, সন্দেহ নাই। আত্মাতে ভয়ানক মহাভীষণরূপ নখদংষ্ট্রায়ুধ সিংহরূপী বিভুর ধ্যান করিয়া পশ্চাৎ শত্রুকে মৃগশিশুস্বরূপ ভাবনা করিবেন এবং মনে মনে ঐ শত্রুর গলদেশে ধরিয়া তাহাকে তৎক্ষণাৎ একদিকে নিক্ষেপ করিয়া দিবেন। এরূপ করিলে পুত্র, মিত্র কলত্রাদির সহিত শত্রুর উচ্চাটন হয়। পূর্ব্বে মৃত ব্যক্তির নামের স্থায় সাধ্য নাম উল্লেখ করিয়া পরে এইরূপ

ক্রিয়াদষ্টোত্তরশতং জপেন্মন্ত্রমতন্দ্রিতঃ। জায়তে মণ্ডলার্ব্বাক্ শত্রুসেনানিবারণং। বিভীত-
কাষ্ঠৈর্জ্বলিতে পাবকে রিপুমর্দ্দনং। বিচিন্ত্য দেবং নৃহরিং সম্পূজ্য কুসুমাদিভিঃ। সমূলকৈ-
র্জুহুয়াচ্ছরৈর্দশশতং পৃথক্। রিপুং খাদন্নিব জপেদ্বিভিন্নমিব নিঃক্ষিপেৎ। কৃত্বা সপ্তদিনং
মন্ত্রী সেনানিষ্ঠাং মহীপতেঃ। প্রস্থাপয়েচ্ছুভে লগ্নে পররাষ্ট্রজয়েচ্ছয়া। তস্যাঃ পুরস্তা
ন্নৃহরিং নিঘ্নন্তং রিপুমণ্ডলং। স্মৃত্বা প্রয়োগং কুর্ব্বীত যাবদায়াতি সা পুনঃ। বিজিত্য
নিখিলান্ শত্রূন্ সহ বীরাশ্রয়া সুখং। আগত্যবিজয়ী রাজা গ্রামে ক্ষেত্রধনাদিভিঃ। প্রীণয়ে-
ন্মন্ত্রিণং সম্যগ্বিত্তৈঃ প্রীতমানসঃ। মন্ত্রী যদি ন সন্তুষ্টোহনর্থঃ স্যান্মহীপতেঃ॥

অথ বরাহঃ। রবৌ সিংহগতেঽষ্টম্যাং শুক্লপক্ষে সিতাং শিলাং। পঞ্চগব্যেষু নিঃক্ষিপ্য
স্পৃষ্ট্বা তামযুতং জপেৎ। উত্তরাভিমুখো ভূত্বা তাং শিলাং নিখনেদ্ভুবি। শত্রুচৌরমহাভূতৈঃ
কৃতাং বাধাং বিনাশয়েৎ। ভানূদয়ে ভৌমবারে সাধ্যক্ষেত্রাৎ সমাহরেৎ। মৃত্তিকাং
সংজপন্মন্ত্রং তাং পুনর্ব্বিভজেদ্দ্বিধা। চুল্যামেকাং সমালিপ্য পাকপাত্রে তথা পরাং। গোদুগ্ধৈঃ
পরম্যালোড্য শোধিতাংস্তণ্ডুলান্ ক্ষিপেৎ। শোধিতেঽগ্নৌ পচেৎ সম্যক্ চরুং মন্ত্রী জপে-
ন্মনুং। অবতার্য্য চরুং পশ্চাদগ্নৌ দেবং যথাবিধি। ধূপদীপাদিকৈরিষ্ট্বা পুনরাজ্যপ্লুতং
চরুং। জুহুয়াদেধিতে বহ্নৌ যাবদষ্টোত্তরং শতং। এবং সপ্তসু বারেষু জুহুয়াৎ ক্ষেত্রসিদ্ধয়ে।

ভাবনা করিতে হইবে যে, স্বয়ং নৃসিংহমূর্ত্তি হরি নিশিত নখদংষ্ট্রাদিদ্বারা শত্রুকে ছিন্ন ভিন্ন করিয়া ভক্ষণ করিতে-
ছেন। এইরূপ ধ্যানপূর্ব্বক প্রতিদিন যথানিয়মে অষ্টোত্তরশত নৃসিংহমন্ত্র জপ করিতে হইবে। এইরূপ করিলে
একবৎসরের মধ্যেই শত্রুসৈন্য সমুদায় নিবারিত হয়। বিভীতকাষ্ঠদ্বারা অগ্নিপ্রজ্বালিত করিয়া তাহাতে রিপুমর্দ্দন
নৃসিংহদেবকে ধ্যান করিয়া গন্ধপুষ্পাদিদ্বারা পূজাপূর্ব্বক সাধক এইরূপ সপ্তদিন প্রয়োগ করিয়া বিজয়াভিলাষী
মহীপতির সেনাগণকে পররাজ্য জয়ের নিমিত্ত শুভলগ্নে প্রেরণ করিবেন। এই সেনাগণের অগ্রভাগে ভগবান্
নৃসিংহ শত্রুসমূহ সংহার করিতেছেন, এইরূপ ভাবনা করিয়া সেনাগণের প্রত্যাগমনপর্য্যন্ত প্রতিদিন পুনঃ পুনঃ প্রয়োগ
করিবেন। এরূপ করিলে রাজা নিখিল শত্রুগণকে ও শত্রুপক্ষীয় বীরগণকে যথাসুখে পরাজয়পূর্ব্বক আগমন
করেন, এই বিজয়ী রাজা নিজরাজ্যে প্রত্যাগমন করিয়াই প্রীতহৃদয়ে সাধককে গ্রাম, ক্ষেত্র, ধন, প্রভৃতিদ্বারা
পরিতুষ্ট করিবেন। যদি সাধক পরিতুষ্ট না হয়েন, তাহাহইলে মহীপতির অনর্থ ঘটিবার বিলক্ষণ সম্ভাবনা॥

সম্প্রতি বরাহ বিধি নির্ণীত হইতেছে। সর্ব্বদা দিবাকর সিংহরাশিতে গমন করিলে শুক্লপক্ষীয় অষ্টমী তিথিতে
শ্বেতবর্ণ শিলা লইয়া পঞ্চগব্যে নিঃক্ষেপপূর্ব্বক তাহা স্পর্শ করিয়া দশসহস্র জপ করিবে। পরে উত্তরাভিমুখ হইয়া
ঐ শিলা মৃত্তিকামধ্যে নিখাত করিলে শত্রুকৃত, চৌরকৃত অথবা মহাভূতকৃত সমুদায় বাধা দূরীভূত হয়। মঙ্গলবারে
সূর্য্যোদয়সময় মন্ত্রজপ করিতে করিতে সাধ্য ব্যক্তির ক্ষেত্র হইতে মৃত্তিকা আহরণ করিবে। ঐ মৃত্তিকা দ্বিধা ভাগে
বিভক্ত করিয়া একভাগ চুল্লীতে লেপন পূর্ব্বক অপর ভাগ পাকপাত্রে লেপন করিবে। পরে শোধিত তণ্ডুল ও
গোদুগ্ধদ্বারা আলোড়িত করিয়া সেই পাকপাত্রে নিঃক্ষেপ করিতে হইবে। অনন্তর উহাদ্বারা শোধিত অগ্নিতে
চরু, পাক করিবে। ঐ চরুপাকের সময়ও মন্ত্র জপ করিতে হইবে। পরে ঐ চরু নামাইয়া ধূপদীপাদিদ্বারা
অগ্নিতে বরাহদেবের যথাবিধি পূজা করিয়া ঐ ঘৃতযুক্ত চরুদ্বারা প্রজ্বলিত অগ্নিতে অষ্টোত্তরশত হোম করিতে

প্রাতঃকালে ভৃগোর্ব্বারে মৃদং সাধ্যমহীতলাৎ। আদায় হবিরাপাদ্য পূর্ব্ববজ্জুহুয়াৎ সুধীঃ। বিরোধো নশ্যতি ক্ষেত্রে সহ চৌরাদ্যুপদ্রবৈঃ। রাজবৃক্ষসমুত্থাভিঃ সমিদ্ভির্মনুনামুনা। ত্রিসহস্রং প্রজুহুয়াত্তস্য স্যুঃ সর্ব্বসম্পদঃ। শালিভির্জ্জুহুয়ান্মন্ত্রী নিত্যমষ্টোত্তরং শতং। সমৃদ্ধৈর্ধান্যসংঘাতৈঃ শোভতে তস্য মন্দিরং। তাবদাজ্যেন জুহুয়াম্মণ্ডলাৎ স্বর্ণমাপ্নুয়াৎ ॥

অথ মৃত্যুঞ্জয়ঃ। দুগ্ধসিক্তৈঃ সুধাখণ্ডৈর্ম্মন্ত্রী মাসং সহস্রকং। আরাধ্যাগ্নৌ চ জুহুয়াদ্বিধিবদ্বিজিতেন্দ্রিয়ঃ। সুধাখণ্ডঃ গুড়ূচিঃ। সন্তুষ্টঃ শঙ্করস্তেন সুধাপ্লাবিতবিগ্রহঃ। আয়ুরারোগ্যসম্পত্তিযশঃপুত্রান্ বিবর্দ্ধয়েৎ। সুধা বটতিলা দূর্ব্বা পয়ঃ সর্পিঃ পয়ো হবিঃ। ইত্যুক্তৈঃ সপ্তভির্দ্রব্যৈর্জ্জুহুয়াৎ সপ্তবাসরং। ক্রমাদ্দশশতং নিত্যং অষ্টোত্তরমন্ত্রিতঃ। সপ্তাধিকান্ দ্বিজান্নিত্যং ভোজয়েন্মধুরান্বিতং। বিকারানুগুণং মন্ত্রী বর্দ্ধয়েদ্ধোমবাসরান্। গুরবে দক্ষিণাং দদ্যাদরুণাগাঃ পয়স্বিনীঃ। গুরুং সংপূজয়েৎ পশ্চাদ্ধনাদ্যৈর্দ্দেবতাধিয়া। অনেন বিধিনা সাধ্যঃ কৃত্যাদ্রোহাদিভিস্ততঃ। বিমুক্তঃ সুচিরং জীবেচ্ছরদাং শতমঞ্জসা। অভিচারে জ্বরে তীব্রে ঘোরাম্মোদে শিরোগদে। অসাধ্যরোগে ক্ষেড়ার্ত্তৌ মোহে দাহে মহাভয়ে। হোমোঽয়ং শান্তিদঃ প্রোক্তঃ সর্ব্বসম্পৎপ্রদায়কঃ। দ্রব্যৈরেতৈঃ প্রজুহুয়াৎ ত্রিজন্মসু যথাবিধি। ভোজয়েন্মধুরৈর্ভোক্ষৈর্ব্রাহ্মণান্ বেদপারগান্। দীর্ঘমায়ুরবাপ্নোতি বাঞ্ছিতাং

হইবে। এইরূপ সপ্তাহ করিলে ক্ষেত্র সিদ্ধি হয়। ভৃগুবারে প্রাতঃকালে সাধ্যব্যক্তির ভূমি হইতে মৃত্তিকা আহরণ করিবে, পূর্ব্বের ন্যায় ঐ মৃত্তিকাদ্বারা হবিঃ প্রস্তুত করিয়া হুতাশনে আহুতি প্রদান করিতে হইবে। এরূপ করিলে ক্ষেত্রে বিরোধ ও চৌরাদির উপদ্রব বিদূরীত হয়। যিনি বরাহমন্ত্র পাঠপূর্ব্বক রাজবৃক্ষের সমিধদ্বারা তিনসহস্র হোম করেন, তিনি সমুদায় সম্পত্তি লাভ করিতে পারেন। যিনি ধান্যদ্বারা প্রতিদিন অষ্টোত্তরশত হোম করেন, প্রচুর ধান্যসমূহে তাঁহার গৃহ শোভমান হয়। যিনি বরাহমন্ত্র পাঠপূর্ব্বক আজ্যদ্বারা প্রতিদিন অষ্টোত্তরশত হোম করেন, তিনি সুবর্ণ প্রাপ্ত হয়েন ॥

অনন্তর মৃত্যুঞ্জয়প্রয়োগ বলিতেছি। যথাবিধি বিজিতেন্দ্রিয় হইয়া অগ্নিতে মৃত্যুঞ্জয়ের পূজাপূর্ব্বক দুগ্ধসিক্ত সুধাখণ্ডদ্বারা একমাস পর্য্যন্ত প্রতিদিন সহস্র হোম করিলে শঙ্কর সুধাপ্লাবিত শরীর ও সন্তুষ্ট হইয়া আয়ু, আরোগ্য, সম্পত্তি, যশ ও পুত্রবৃদ্ধি করেন। এস্থলে সুধাখণ্ড শব্দে গুড়ূচী। সুধাযুক্ত বট, তিল, দূর্ব্বা, দুগ্ধ, ঘৃত, দুগ্ধ, ঘৃত, এই সপ্ত দ্রব্যদ্বারা ক্রমশঃ সপ্তদিন অষ্টোত্তর সহস্র হোম করিবে। এই প্রয়োগ সময়ে প্রতিদিন সপ্তাধিক ব্রাহ্মণকে মিষ্টদ্রব্যাদিদ্বারা ভোজন করাইতে হইবে। সাধ্যব্যক্তির কতদূর বিকৃতি হইয়াছে, তাহা বিবেচনা করিয়া স্থলবিশেষে হোমের দিন বৃদ্ধি করিতে হইবে। এইকার্য্য সম্পন্ন হইলে গুরুকে দুগ্ধবতী অরুণবর্ণা ধেনু দক্ষিণা দিতে হইবে। পরে গুরুকে দেবতাজ্ঞান করিয়া ধন প্রদান পূর্ব্বক পূজা করিবে। এইরূপ প্রয়োগ করিলে সাধক কৃত্যাদ্রোহ প্রভৃতি হইতে বিমুক্ত হইয়া নিরাপদে শত বৎসর জীবন ধারণ করে। কেহ অভিচার করিলে, তীব্র জ্বর হইলে ঘোর উন্মাদরোগ, শিরোরোগ অথবা অন্যকোন অসাধ্যরোগ হইলে, অথবা গ্রহপীড়া, মোহ, দাহ, মহাভয় প্রভৃতি উপস্থিত হইলে এইরূপ হোমদ্বারা শান্তি লাভ হয় এবং সর্ব্ববিধ সম্পত্তি লাভ হইয়া থাকে। এই সমুদায় দ্রব্যদ্বারা অগ্নিতে যথাবিধি হোম করিয়া সুমধুর ভক্ষ্যভোজ্যদ্বারা বেদবিশারদ ব্রাহ্মণগণকে ভোজন করাইলে

বিন্দতে শ্রিয়ং। একদশাহুতির্নিত্যং দূর্ব্বাভির্জুহুয়াদ্বুধঃ। অপমৃত্যুজিদেব স্যাদায়ুরারোগ্য-বর্দ্ধনঃ। ত্রিজন্মসু সুধাবল্লীকাশ্মরীবকুলোদ্ভবৈঃ। সমিদ্বরৈঃ কৃতো হোমঃ সর্ব্বমৃত্যু-গদাপহঃ। সিদ্ধার্থৈর্ব্বিহিতৈর্হোমৈর্মহাজ্বরবিনাশনঃ। অপামার্গসমিদ্ধোমাৎ সর্ব্বাময়-নিসূদনং॥

অথ দক্ষিণামূর্ত্তিঃ॥ ভিক্ষাহারো জপেন্মাসং মনুমেনং জিতেন্দ্রিয়ঃ। নিত্যং সহস্র-মষ্টার্দ্ধং পরাং বিন্দতি বাঙ্ময়ীং। ত্রিবারং জপ্তমেতেন মনুনা সলিলং পিবেৎ। নিত্যশো দক্ষিণামূর্ত্তিং ধ্যায়েৎ সাধকসত্তমঃ। শাস্ত্রব্যাখ্যানসামর্থ্যং লভতে বৎসরান্তরে। ব্রাহ্মী-সৈন্ধব-সিদ্ধার্থ-বচা-কুষ্ঠকণোৎপলৈঃ। সুগন্ধিসংযুতৈঃ কল্কৈঃ শৃতং ব্রাহ্মীরসৈর্ঘৃতং। মনুনানেন সংজপ্তমযুতং সাধু সাধিতং। নিপীতং কবিতা-কান্তি-বলায়ুঃ-শ্রী-ধৃতিপ্রদং॥

অথ ভৈরবী। জুহুয়াদরুণাম্ভোজৈর্ব্বিদোষৈর্ম্মধুরাপ্লুতৈঃ। লক্ষ্যসংখ্যং তদর্দ্ধং বা প্রত্যহং ভোজয়েদ্দ্বিজান্। বনিতাযুবতীবশ্যাঃ প্রীণয়েদ্দেবতাধিয়া। হোমান্তে ধনধান্যাদ্যৈ স্তোষয়েদ্ গুরুমাত্মনঃ। এবং কৃতে জগদ্বশ্যো রমায়া ভবনং ভবেৎ। রক্তোৎপলৈ-স্ত্রিমধ্বক্তৈ-রক্তৈর্ব্বা হয়ারিজৈঃ। পুষ্পৈঃ পয়োহন্নৈঃ সঘৃতৈর্হোমাদ্বিশ্বং বশং নয়েৎ। বাক্সিদ্ধিং লভতে মন্ত্রী পলাশকুসুমৈর্হুতাৎ। কর্পূরাগুরুসংযুক্তং গুগ্গুলুং জুহুয়াৎ সুধীঃ। জ্ঞানং দিব্য-

---

দীর্ঘায়ু ও অভিপ্রেত লক্ষ্মীলাভ হয়। যিনি প্রতিদিন দূর্ব্বাদ্বারা একাদশ আহুতি প্রদান করেন, তাঁহার মৃত্যু ভয় থাকে না, বিশেষতঃ তাঁহার আয়ু ও আরোগ্য বৃদ্ধি হইয়া থাকে। সুধা, বল্লী, কাশ্মরী, বকুল এই চতুষ্টয়ের সমিধদ্বারা হোম করিলে সমুদায় রোগ বিদূরিত হয় ও মৃত্যুভয় থাকে না। সিদ্ধার্থদ্বারা হোম করিলে মহাজ্বর বিদূরিত হয়। অপামার্গের সমিধদ্বারা হোম করিলে সমুদায় রোগ শান্তি হইয়া থাকে॥

একণে দক্ষিণকালিকা দেবীর প্রয়োগ বলা হইতেছে। ভিক্ষাহারী ও জিতেন্দ্রিয় হইয়া প্রতিদিন অষ্টোত্তরসহস্র জপ করিলে উত্তম বিদ্যালাভ হয়। প্রতিদিন এইমন্ত্র তিনবার জপদ্বারা সলিল অভিমন্ত্রিত করিয়া দক্ষিণামূর্ত্তির ধ্যানপূর্ব্বক পান করিলে সাধক একবৎসরের পর সমুদায় শাস্ত্র ব্যাখ্যা করিবার সামর্থ্য লাভ করে। ব্রাহ্মী, সৈন্ধব, সিদ্ধার্থ, বচ, কুষ্ঠ, কণা, উৎপল, এই সমুদায় দ্রব্যের কাথ সুগন্ধি দ্রব্যে সংযুক্ত করিয়া তাহাতে ব্রাহ্মীরস দিয়া ঘৃতে সংশ্লিষ্ট করিতে হইবে। পরে তাহাতে দক্ষিণামূর্ত্তি মন্ত্র দশ সহস্র জপ করিয়া উত্তম সংস্কারপূর্ব্বক পান করিলে কবিতাশক্তি, কান্তি, বিপদ হইতে রক্ষা, দীর্ঘায়ু, লক্ষ্মী, ধৈর্য্য, এই সমুদায় লাভ করিতে পারা যায়॥

অনন্তর ভৈরবী প্রয়োগ কথিত হইতেছে। ত্রিমধুরযুক্ত দোষ শূন্য রক্তপদ্মদ্বারা লক্ষ বা তদর্দ্ধ হোম করিতে হইবে। হোমকালে প্রতিদিন ব্রাহ্মণভোজন করাইবে। সুন্দরীযুবতী রমণীদিগকে প্রতিদিন দেবতাবোধে অর্চ্চনাদ্বারা পরিতুষ্ট করিতে হইবে। হোম সমাপ্ত হইলে নিজ গুরুকে প্রচুর ধনধান্যাদিদ্বারা পরিতুষ্ট করিবে। এরূপ করিলে জগৎ বশীভূত হয় এবং সাধক লক্ষ্মীর আধার হইয়া থাকেন। অথবা ত্রিমধুরযুক্ত রক্তোৎপল কিম্বা রক্তবর্ণ করবীর পুষ্প অথবা ঘৃতও দুগ্ধযুক্ত অন্নদ্বারা হোমকরিলে সমুদায় জগৎ বশীভূত হয়। পলাশকুসুমদ্বারা হোম করিলে সাধক বাক্সিদ্ধি লাভ করেন। কর্পূর ও অগুরুসংযুক্ত গুগ্গুলদ্বারা হোম করিলে সাধক দিব্য জ্ঞানলাভ করেন এবং তদ্বারা

যবাপ্নোতি তেনৈব স ভবেৎ কবিঃ। ক্ষীরাক্তৈরমৃতাখণ্ডৈর্হোমঃ সর্ব্বাপমৃত্যুজিৎ। দূর্ব্বাভিরায়ুষে হোমঃ ক্ষীরাক্তাভির্দিনত্রয়ং। গিরিকর্ণীভবৈঃ পুষ্পৈ র্ব্রাহ্মণান্ বশমানয়েৎ। কহ্লারৈঃ পার্থিবান্ পুষ্পৈস্তদ্বধূঃ কর্ণিকারজৈঃ। মালতীকুসুমৈর্হুত্বা তৎপুত্রাংশ্চ বশং নয়েৎ। কোরণ্ডকুসুমৈর্ব্বৈশ্যান্ বৃষলান্ পাটলোদ্ভবৈঃ। অনুলোমবিলোমাক্তৈঃ স্থিতং সাধ্যাহ্বয়ান্বিতং। মন্ত্রমুচ্চার্য্য জুহুয়ান্মন্ত্রী মধুরলোড়িতৈঃ। সর্ষপৈঃ পটুসংমিশ্রৈর্ব্বশয়েৎ পার্থিবান্ ক্ষণাৎ। অনেনৈব বিধানেন তৎপত্নীং তৎসুতানপি। জাতীবিল্বফলৈঃ পুষ্পৈর্ম্মধুরত্রয়সংযুতৈঃ। নরনারীনরপতীন্ হোমতো বশয়েদ্ ধ্রুবং। মালতীবকুলোদ্ভুতৈঃ পুষ্পৈশ্চন্দনলোড়িতৈঃ। জুহুয়াৎ কবিতাং মন্ত্রী লভতে বৎসরান্তরে। মধুরত্রয়সংযুক্তৈঃ ফলৈর্ব্বিল্বসমুদ্ভবৈঃ। জুহুয়াদ্বশয়েল্লোকান্ শ্রিয়মাপ্নোতি বাঞ্ছিতাং। পাটলৈঃ কুসুমৈঃ কুন্দৈশ্চোৎপলৈর্নাগচম্পকৈঃ। নন্দ্যাবর্ত্তৈর্ব্বিকসিতৈঃ কৃতমালৈর্জুহোতি যঃ। জায়তে বৎসরাদর্ব্বাক্ শ্রিয়া বিজিতপার্থিবঃ। সাজ্যমন্নং প্রজুহুয়াত্তবেদন্নসমৃদ্ধিমান্। কস্তূরী কুঙ্কুমোপেতং কর্পূরং জুহুয়াদ্বশী। কন্দর্পাদধিকং সদ্যঃ সৌন্দর্য্যমধিগচ্ছতি। লাজান্ প্রজুহুয়ান্মন্ত্রী দধিক্ষীরঘৃতপ্লুতান্। বিজিত্য রোগানখিলান্ স জীবেচ্ছরদাং শতং। পাদদ্বয়ং মলয়জং পাদং কুঙ্কুমকেশরং। পাদং গোরোচনায়াশ্চ ত্রীণি পিষ্ট্বা হিমাম্ভসা।

তিনি মহৎ কবি হয়েন। দুগ্ধের সহিত গুড়ূচীখণ্ডদ্বারা হোম করিলে কোন অপমৃত্যু ভয় থাকে না, দুগ্ধের সহিত দূর্ব্বাদ্বারা তিনদিন হোম করিলে সুদীর্ঘপরমায়ুলাভ হয়। গিরিকর্ণীপুষ্পদ্বারা হোম করিলে ব্রাহ্মণগণকে বশীভূত করা যায়। কহ্লারপুষ্পদ্বারা হোম করিলে রাজগণ বশীভূত হয়েন। কর্ণিকারপুষ্পদ্বারা হোম করিলে রাজমহিষীকে বশীভূত করা যায়। মালতীকুসুমদ্বারা হোম করিলে রাজপুত্রগণ বশীভূত হয়েন। কোরণ্ডকুসুমদ্বারা হোম করিলে বৈশ্যদিগকে বশীভূত করা যায়। পাটল পুষ্পদ্বারা হোম করিলে বৃষল-গণকে বশীভূত করা যায়। অনুলোম বিলোমে উচ্চারিত মন্ত্রমধ্যে সাধ্য ব্যক্তির নাম দিয়া যে মন্ত্র হইবে, তাহা উচ্চারণ করিয়া মধুরদ্বারা বিলোড়িত লবণ মিশ্রিত সর্ষপদ্বারা হোম করিলে সাধক অল্পক্ষণেই রাজাকে বশীভূত করিতে পারেন। এইরূপ প্রয়োগদ্বারা রাজমহিষী ও রাজপুত্রকে বশীভূত করিতে পারা যায়। মধুরত্রয় সংযুক্ত জাতীপুষ্প, বিল্বপুষ্প, জাতীফল ও বিল্বফলদ্বারা হোম করিলে নর, নারী ও নরপতি সকলেই বশীভূত হয়, সন্দেহ নাই। চন্দনযুক্ত মালতীপুষ্প ও বকুলপুষ্পদ্বারা হোম করিলে সাধক এক-বৎসরের মধ্যে কবিত্বশক্তি লাভ করেন। মধুরত্রয় সংযুক্ত বিল্বফলদ্বারা হোম করিলে সমুদায়লোক বশীভূত হয় এবং বাঞ্ছিত ধন সম্পত্তিলাভ হইয়া থাকে। পাটলপুষ্প, কুন্দপুষ্প, উৎপল, নাগপুষ্প, চম্পকপুষ্প, নন্দ্যাবর্ত্তপুষ্প এবং বিকসিত কৃতমালপুষ্পদ্বারা যিনি হোম করেন, তিনি একবৎসরের মধ্যে ভূপতি অপেক্ষাও ধনবান্ হইয়া থাকেন। ঘৃতযুক্ত অন্নদ্বারা হোম করিলে অপর্য্যাপ্ত অন্নশালী হইতে পারা যায়। যিনি বিজিতেন্দ্রিয় হইয়া কস্তূরী ও কুঙ্কুমের সহিত কর্পূরদ্বারা হোম করেন, তিনি তৎক্ষণাৎ কন্দর্প অপেক্ষাও সমধিক সৌন্দর্য্যশালী হয়েন। যিনি দধি, দুগ্ধ ও ঘৃতের সহিত লাজদ্বারা হোম করেন, তিনি নিরোগশরীর হইয়া শতবৎসর জীবিত থাকেন। চন্দন অর্দ্ধাংশ, কুঙ্কুম চতুর্থাংশও গোরোচনা চতুর্থাংশ এই তিন দ্রব্য শীতল জলে বাটিয়া কপালে তিলক করিয়া যে ব্যক্তিকে দর্শন ও

বিদধ্যাত্তিলকং ভালে যান্ পশ্যেদ্‌যৈর্ব্বিলোক্যতে। যান্ স্পৃশেৎ স্পৃশ্যতে যৈর্ব্বা বশ্যাঃ স্যুস্তস্য তেঽচিরাৎ। কর্পূরকপিচোরাণি সমভাগানি কল্পয়েৎ। চতুর্ভাগজটামাংসী তাবতী রোচনা মতা। কুঙ্কুমং সপ্তভাগং স্যাদ্দ্বিভাগং চন্দনং মতং। অগুরুর্নবভাগঃ স্যাদিতিভাগঃ ক্রমেণ তু। হিমাম্ভিঃ কন্যকাপিষ্টমেতৎ সর্ব্বং সুসাধিতং। আদায় তিলকং ভালে কুর্য্যাস্তু নৃপতীন্নরান্। বনিতা মদগর্ব্বাঢ্যা মদোন্মত্তান্মতঙ্গজান্। সিংহব্যাঘ্রান্ মহাসত্ত্বান্ ভূতবেতালরাক্ষসান্। দর্শনাদেব বশয়েদিতি ॥

অথ সুন্দরী। জ্ঞানার্ণবে—মল্লিকা-মালতী-জাতী-কুসুমৈর্মধুমিশ্রিতৈঃ। ঘৃতপূর্ণৈর্হুনেদ্দেবি বাগীশত্বং প্রজায়তে। মূকস্যাপি হি মূঢ়স্য শিলারূপস্য নান্যথা। জবাপুষ্পৈরাজ্যসিক্তৈঃ করবীরৈস্তথাবিধৈঃ। হবনান্মোহয়েন্মন্ত্রী লোকত্রয়নিবাসিনঃ। কর্পূরং কুঙ্কুমং দেবি মিশ্রং মৃগমদেন হি। হবনান্মদনো দেবি মন্ত্রিণা বিজিতো ভবেৎ। সৌভাগ্যেন বিলাসেন সামর্থ্যেনাপি সুব্রতে। চম্পকৈঃ পটলৈর্হুত্বা শ্রিয়ং প্রোল্লসিতাম্বরাং। প্রাপ্নোতি মন্ত্রী মহতীং স্তম্ভয়েজ্জগতীমিমাং। শ্রীখণ্ডং গুগ্‌গুলুং চন্দ্রমগুরুং হোময়েত্ততঃ। নাগেন্দ্রাসুর দেবানাং পুরন্ধ্রীর্ব্বশমানয়েৎ। সর্ব্বলোকা বশাস্তস্য ভবন্ত্যেব ন সংশয়ঃ। লক্ষহোমাল্লভেদ্রাজ্যং দারিদ্র্যভয়পীড়িতঃ। দুর্গোপশমনং দেবি পলত্রিমধুহোমতঃ। রুধিরাক্তেন ছাগস্য মাংসেন নিশি হোমতঃ। মধুরত্রয়যুক্তেন গুরুণোক্তবিধানতঃ। পররাষ্ট্রং মহাদুর্গং সমস্তং স্ববশং

স্পর্শ করিবে, অথবা যে ব্যক্তি তাঁহাকে দর্শন বা স্পর্শ করিবে, ত্বরায় তাহারা সকলেই তাহার বশীভূত হয়। কর্পূর, রক্তচন্দন ও চোরপুষ্প সমভাগে লইয়া চারিভাগ জটামাংসী, চারিভাগ গোরোচনা, সাতভাগ কুঙ্কুম, দুইভাগ চন্দন, এই সমুদায় দ্রব্য শীতল সলিলদ্বারা পেষণ করাইবে, পরে মন্ত্রপাঠপূর্ব্বক তাহা সংস্কার করিয়া তিলক করিলে দর্পোদ্ধতা রমণী, নর, নরপতি, মদমত্ত মাতঙ্গ, সিংহ, ব্যাঘ্র, করী প্রভৃতি মহাবল জন্তুগণ, ভূতগণ, বেতালগণ ও রাক্ষসগণ সকলে দর্শনমাত্রেই বশীভূত হয় ॥

এক্ষণে সুন্দরীসাধন কথিত হইতেছে। জ্ঞানার্ণবে কথিত আছে যে, ঘৃতপূর্ণ মধুমিশ্রিত মল্লিকা, মালতী এবং জাতীপুষ্পদ্বারা হোম করিলে বাগীশত্ব লাভ হয়। যদি কেহ মূক, মূঢ় বা জড় হয়, তাদৃশ ব্যক্তিরও বাক্‌পটুতা জন্মে সন্দেহ নাই। ঘৃতযুক্ত জবাপুষ্প এবং ঐরূপ করবীরপুষ্পদ্বারা হোম করিলে সাধক ত্রিলোকস্থ লোককে মোহিত করিতে পারেন। দেবি! কর্পূর ও কুঙ্কুমমিশ্রিত মৃগমদদ্বারা হোম করিলে সাধক সৌভাগ্যবিষয়ে, বিলাস বিষয়ে ও সামর্থ্যবিষয়ে মদনকে পরাজয় করিতে পারেন। চম্পক ও পাটলদ্বারা হোম করিলে অনন্তসাধারণ লক্ষ্মীলাভ করিতে পারা যায়। এবং উহাদ্বারা এই জগৎও স্তম্ভিত হইতে পারে। শ্রীখণ্ড, গুগ্‌গুলু, কর্পূর ও অগুরুদ্বারা হোম করিলে নাগ, অসুর ও দেবগণের পুরস্ত্রী বশীভূত করিতে পারা যায় এবং উহাদ্বারা সমুদায় লোকই বশীভূত হয়, সন্দেহ নাই। যিনি ঐরূপ লক্ষহোম করেন, তিনি নিতান্ত দরিদ্র হইলেও রাজ্যলাভ করিতে পারেন। যিনি একপল পরিমিত ত্রিমধুদ্বারা হোম করেন, তাঁহার দুর্গজনিত সমুদায় ভয় বিধ্বস্ত হয়। যিনি গুরুপ্রদর্শিত বিধান অনুসারে রাত্রিকালে মধুরত্রয়যুক্ত রুধিরাক্ত ছাগমাংসদ্বারা হোমকরেন, তিনি পররাজ্য ও মহাদুর্গ সমুদায়

নয়েৎ। গোক্ষীরং মধুদধ্যাজ্যং পৃথক্ হুত্বা বরাননে। আয়ুর্ধনমথারোগ্যং সমৃদ্ধির্জায়তে নৃনাং। ক্রমেণ শৈলজে ক্ষীরমধুভ্যাং মৃত্যুনাশনং। দধিমাক্ষিকহোমেন সৌভাগ্যং ধনমাপ্নুয়াৎ। সিতয়া কেবলং হোমো বৈরিস্তম্ভনকারকঃ। হোমো দধিমধুক্ষীরলাজৈশ্চ বীরবন্দিতে। রোগহন্তা কালহন্তা মৃত্যুহন্তা ন সংশয়ঃ। কমলৈররুণৈর্হোমঃ সম্যক্ সম্পত্তিদায়কঃ। রক্তোৎপলৈর্জগদ্বশ্যং রাজানো বশগাঃ ক্ষণাৎ। নীলোৎপলৈর্মহাতুষ্টা বশমায়ান্তি নান্যথা। শ্বেতোৎপলৈঃ শ্রিয়ং রাজ্যং লভতে হবনাৎ প্রিয়ে। তথা—অক্ষমালাং প্রপূজ্যাথ চন্দনেন সুপূজিতাং। সমাশ্রিত্য জপেদ্বিদ্যাং লক্ষমাত্রং সদা শুচিঃ। যোষিতো ভ্রাময়ন্ত্যেব মনস্তস্য সুনিশ্চিতং। তদা দ্বিতীয়লক্ষন্তু প্রজপেৎ সাধকোত্তমঃ। পাতালতলনাগেন্দ্রকন্যকাঃ ক্ষোভয়ন্তি তং। তাসাং কটাক্ষমাত্রেণ সংমোহয়ন্তি সাধকং। তদা লক্ষত্রয়ং কুর্য্যাৎ সাধকঃ স্থিরমানসঃ। তৃতীয়লক্ষে সংজপ্তে ভ্রাময়ন্তি সুরাঙ্গনাঃ। অভিমানেন সৌন্দর্য্যসৌভাগ্যমদ-কারিণী। সাধকং ভ্রাময়ন্ত্যেব তত্রাসৌ স্থিরমানসঃ। তদা লক্ষত্রয়ং সাধু সর্ব্বপাপনিকৃন্তনং। এবং লক্ষত্রয়ে জপ্তে সাধকঃ সুস্থমানসঃ। সংমোহয়ন্তি স্বর্লোকং ভূর্লোকতলবাসিনঃ। পুরুষাযোষিতো বশ্যাশ্চরাচরময়াঃ প্রিয়ে। গোরোচনাদিভির্দ্রব্যৈশ্চক্ররাজং সমালিখেৎ। অতীব সুন্দরী বশ্যা তন্মধ্যে প্রতিমাং বরাং। জ্বলন্তীং নামসহিতাং মহাবীজবিবর্জ্জিতাং। চিন্তয়েত্তু ততো দেবীং যোজনানাং সহস্রতঃ। অদৃষ্টপূর্ব্বা দেবেশি শ্রুতমাত্রাপি দুর্ল্লভা।

বশীভূত করিতে পারেন। যিনি পৃথক্ পৃথক্ দুগ্ধ, মধু, দধি ও ঘৃতদ্বারা হোম করেন, তিনি পরমায়ু, ধন, আরোগ্য, সুখসমৃদ্ধিলাভ করিতে পারেন। শৈলনন্দিনি! ক্রমশ দুগ্ধ ও মধুদ্বারা হোম করিলে মৃত্যুভয় থাকে না। মধু-মিশ্রিত দধিদ্বারা হোম করিলে সৌভাগ্য ও ধনলাভ করিতে পারাযায়, কেবল শর্করাদ্বারা হোম করিলে শত্রুস্তম্ভন হয়। বীরবন্দিতে! দধি, মধু, ক্ষীর, ও লাজদ্বারা হোম করিলে কালভয়, মৃত্যুভয়, ও রোগ থাকেনা। রক্তপদ্মদ্বারা হোম করিলে অতুল সম্পত্তি লাভ হয়। রক্তোৎপলদ্বারা হোম করিলে অল্পকালমধ্যেই সমুদায় জগৎ ও রাজগণ বশীভূত হয়েন, নীলোৎপলদ্বারা হোম করিলে মহাহৃষ্ট ব্যক্তিরাও বশীভূত হয়, সন্দেহ নাই। শ্বেতোৎপলদ্বারা হোম করিলে রাজ্য ও লক্ষ্মীলাভ করিতে পারা যায়। চন্দনার্চিত অক্ষমালা পূজা করিয়া বিশুদ্ধাচার হইয়া সেই অক্ষ-মালায় একলক্ষ জপ করিলে রমণী তাঁহার মন উদ্‌ভ্রান্ত করে, সন্দেহ নাই। ঐ অক্ষমালায় দুইলক্ষ জপকরিলে পাতালতলবাসিনী নাগকন্যারা তাঁহাকে বিক্ষুব্ধ করিতে থাকে এবং তাহারা কটাক্ষ নিঃক্ষেপদ্বারা সাধককে মোহাভিভূত করিয়া ফেলে। এই সময়ে সাধক স্থিরচিত্তহইয়া তৃতীয়লক্ষ জপ করিবেন। তৃতীয়লক্ষ জপ সম্পন্ন হইলে দেবকন্যারা তাঁহাকে উদ্‌ভ্রান্ত করিতে থাকেন। অভিমান, সৌন্দর্য্য, সৌভাগ্য ও মদকারিণী দেবকন্যারা যখন সাধককে উদ্‌ভ্রান্ত করিতে থাকিবেন, সেই সময়ে সাধক স্থিরচিত্ত হইয়া সর্ব্বপাপ অপনোদনের নিমিত্ত আর তিনলক্ষ জপ করিবেন। এই তিনলক্ষ জপ সমাপ্ত হইলে সুস্থ হৃদয়ে সাধক ভূলোকস্থিত ও দেবলোকস্থিত সমুদায় পুরুষ ও সমুদায় রমণীকে এবং স্থাবর জঙ্গম সমুদায় পদার্থকে বশীভূত করিতে পারেন। দেবেশি! গোরোচনা প্রভৃতিদ্বারা চক্ররাজ লিখিয়া সেই চক্রমধ্যে বীজবিবর্জ্জিতা নামসহিতা সমুজ্জ্বলপ্রভাসম্পন্না রমণীর আকৃতি সুন্দরী প্রতিমা চিন্তা করিলে চট্টরে। সাধক এরূপ করিলে সহস্রযোজন দূরস্থিতা অদৃষ্টপূর্ব্বা শ্রুতমাত্রা

রাজকন্যাথবা ভার্য্যা ভয়লজ্জাবিবর্জ্জিতা। আয়াতি সাধকং সম্যক্ মন্ত্রমূঢ়া সতী প্রিয়ে। চক্রমধ্যগতো ভূত্বা সাধকশ্চিন্তয়েৎ সদা। উদ্যদ্ভানুসহস্রাভমাত্মানমরুণং তথা। সাধ্যমপ্যরুণীভূতং চিন্তয়েৎ পরমেশ্বরি। অনেন ক্রমযোগেন স্বয়ং কন্দর্পরূপবান্। সর্ব্বসৌভাগ্যসুভগঃ সর্ব্বলোকবশঙ্করঃ। সর্ব্বরক্তোপচারৈশ্চ মুদ্রাসহিতবিগ্রহঃ। চক্রং সংপূজয়েদ্যস্তু যস্য নামবিদর্ভিতং। সভবেদ্দাসবদ্দেবি ধনাঢ্যো বাপি ভূপতিঃ। চক্রমধ্যগতং কুর্য্যান্নাম যস্যাস্তু যোষিতঃ। অদৃষ্টায়া মহেশানি যোনিমুদ্রাধরো বুধঃ। হটাদানয়তে শীঘ্রং যক্ষিণীং রাজকন্যকাং। নাগকন্যামপ্সরসং খেচরীং বা সুরাঙ্গনাং। বিদ্যাধরীং দিব্যরূপাং ঋষিকন্যাং রিপুস্ত্রিয়ং। মদনোদ্ভূতসন্তাপস্খলজ্জঘনমণ্ডলাং। কামবাণবিভিন্নান্তঃকরুণাং লোলচক্ষুষীং। মহাকামকলাধ্যানযোগাত্তু সুরবন্দিতে। ক্ষোভয়েৎ স্বর্গভূর্লোকপাতালতলযোষিতঃ। রোচনাভাগমেকন্তু ভাগমেকন্তু কুঙ্কুমং। অথ ভাগদ্বয়ং দেবি চন্দনং মর্দ্দয়েৎ সমং। একত্র তিলকং কুর্য্যাৎ ত্রৈলোক্যবশকারিণং। অষ্টোত্তরশতং বিদ্যাং মন্ত্রয়িত্বা বশং নয়েৎ। রাজানং নগরং গ্রামং যেন যদ্যৎ প্রদৃশ্যতে। মন্ত্রিণা পরমেশানি তৎসর্ব্বং তস্য বশ্যগং। তাম্বূলং ধূপমুদকং পত্রং পুষ্পং ফলং দধি। দুগ্ধং ঘৃতং চূর্ণমাত্রং বস্ত্রং কর্পূরমেব চ। কস্তূরীঘুসৃণঞ্চৈব লবঙ্গজাতিপত্রকং। জলম্বা বস্তুসকলং যদ্বস্তু পরমেশ্বরি। অষ্টোত্তরশতং জপ্ত্বা যস্মৈ যস্মৈ প্রয়চ্ছতি। সবশ্যো জায়তে দেবি নাত্র কার্য্যা বিচারণা। স্ত্রিয়স্তু

দুর্লভা রাজকন্যা অথবা অন্যভার্য্যা মন্ত্রমূঢ়া ও লজ্জাভয়বিবর্জ্জিত হইয়া সাধকের নিকট আগমন করে। আপনাকে অর্দ্ধোদিত দিবাকরসহস্রের ন্যায় রক্তবর্ণ এবং সাধ্য ব্যক্তিকেও রক্তবর্ণময় বিবেচনা করিবে। এরূপ করিয়া পূজাদি করিলে সাধক স্বয়ং কন্দর্পের ন্যায় রূপবান্ সর্ব্বসৌভাগ্যসুভগ ও সর্ব্বলোকবশকারী হয়েন। এই সময়ে সর্ব্ববিধ রক্তোপচারদ্বারা ও সর্ব্বমুদ্রার সহিত সাধক যদি সাধ্যনামদ্বারা বিদর্ভিত করিয়া চক্রপূজা করেন, তাহাহইলে সেই সাধ্য ধনাঢ্য ভূপতি হইলেও দাসবৎ হইয়া থাকেন। সাধক যে রমণীকে কদাপি দর্শন করেন নাই, যদি তাহারও নাম চক্রমধ্যগত করিয়া যোনিমুদ্রা ধারণ করেন, তাহাহইলে যক্ষিণী, রাজকন্যা, নাগকন্যা, অপ্সরা, খেচরী, দেবকন্যা, বিদ্যাধরী, দিব্যরূপা ঋষিকন্যা অথবা শত্রুর পত্নীকে তৎক্ষণাৎ আনয়ন করিতে পারেন। মদনসম্ভূত সন্তাপে ঐ সকল রমণীর জঘন বসন স্খলিত হইতে থাকিবে, মদনবাণে তাঁহাদের অন্তঃকরণ বিভিন্ন হইবে। এইরূপ অবস্থায় তাহারা বিলোললোচনে সাধকের নিকট আসিয়া উপস্থিত হইবে। সুরবন্দিতে! উক্তপ্রকারে মহাকামকলার ধ্যান করিলে ভূলোক, স্বর্গলোক ও পাতালতলবাসিনী রমণীরা বিক্ষুব্ধহৃদয় হইয়া সাধকের নিকট আসিয়া উপস্থিত হইবে। একভাগ গোরোচনা, একভাগ কুঙ্কুম, দুইভাগ চন্দন একত্র করিয়া মর্দ্দন করিতে হইবে। ইহাদ্বারা তিলক করিলে ত্রিলোক বশীভূত হয়। এই দ্রব্যের উপরি একশত মন্ত্র জপ করিয়া সাধক রাজা, নগর কিম্বা গ্রাম যাহার প্রতি দৃষ্টি করেন, তৎসমুদায়ই বশীভূত হয়। তাম্বূল, ধূপ, দীপ, জল, পত্র, পুষ্প, ফল, দধি, দুগ্ধ, ঘৃত, চূর্ণ, বস্ত্র, কর্পূর, কস্তূরী, কুঙ্কুম, লবঙ্গ, জাতী, তেজপত্র অথবা অন্যকোন জলীয় বস্তুর উপরি অষ্টোত্তরশত জপ করিয়া যে ব্যক্তিকে প্রদান করা যায়, সেই ব্যক্তি বশীভূত হইয়া থাকে সন্দেহ নাই। এই প্রয়োগদ্বারা সমুদায়

সকলা বশ্যা দাসীভূতা ভবন্তি তাঃ। হটাকর্ষণমেতত্তু কথিতং নান্যথা ভবেৎ॥ অথ বক্ষ্যে মহেশানি মহাপাতকনাশনং। শিবাং সংপূজয়েদ্দেবি সুগন্ধৈঃ কুসুমৈঃ প্রিয়ে। মহাপাতকযুক্তো যো তৎক্ষণাৎ পাবনো ভবেৎ। শমীদূর্ব্বাঙ্কুরাশ্বত্থপল্লবৈরথবার্কজৈঃ। মাসেন হন্তি কলুষং সপ্তজন্মকৃতং নরঃ। মুদ্রাসম্বন্ধযোগঃ সন্ পূর্ব্বোক্তধ্যানযোগতঃ। লক্ষমাত্রং জপেদ্‌যস্তু মহাপাপৈঃ প্রমুচ্যতে। লক্ষদ্বয়েন পাপানি সপ্তজন্মকৃতান্যপি। মহাপাতকমুখ্যানি নাশয়েন্নাত্র সংশয়ঃ। ততো লক্ষদ্বয়ং জপ্ত্বা মন্ত্রমত্র কুলেশ্বরি। মহাপাতককোটীস্তু নাশয়েন্নাত্র সংশয়ঃ। চতুর্লক্ষজপাদ্দেবি মহাবাগীশ্বরো ভবেৎ। কুবের ইব দেবেশি পঞ্চলক্ষ্যান্ন সংশয়ঃ। ষড়্‌লক্ষজপমাত্রেণ মহাবিদ্যাধরো ভবেৎ। সপ্তলক্ষজপান্মন্ত্রী খেচরীমেলকো ভবেৎ। অষ্টলক্ষজপান্মন্ত্রী দেবপূজ্যো ভবেন্নরঃ। অনিমাদ্যষ্টসিদ্ধীনাং নায়কো ভবতি প্রিয়ে। বশগাস্তস্য রাজানো যোষিতশ্চ বিশেষতঃ। নবলক্ষপ্রমাণানি জপেদ্দেবি চ সুন্দরীং। রুদ্রমূর্ত্তিঃ স্বয়ং কর্ত্তা স তু সাক্ষাৎ ন সংশয়ঃ। সর্ব্বৈর্ব্বন্দ্যশ্চ সুস্থশ্চ সর্ব্বসৌভাগ্যবান্ ভবেৎ॥

অথ ছিন্নমস্তা। শ্রীফলানাং পলাশানাং তথৈবোড়ুম্বরস্য চ। সর্ব্বসিদ্ধিপ্রদো হোমঃ কর্ত্তব্যোঽথ প্রযত্নতঃ। শতমষ্টোত্তরং হুত্বা জপং কুর্য্যাত্ততঃ পরং। মালতীকুসুমৈর্হোমঃ কর্ত্তব্যো মধুসংযুতৈঃ। ঘৃতেন সহিতো বাপি বাগীশত্বপ্রদায়কঃ। আজ্যযুক্তেন ভক্তেন বলি-

---

রমণী বশীভূত ও দাসীর ন্যায় হইয়া থাকে। ইহাদ্বারা কি স্ত্রী, কি পুরুষ, সকলেরই আকর্ষণ হয়, সন্দেহ নাই। মহেশ্বরি! এক্ষণে মহাপাতকনাশের উপায় বলিতেছি, যিনি সুগন্ধকুসুমদ্বারা সুন্দরীর পূজা করেন, তিনি মহাপাতকযুক্ত হইলেও তৎক্ষণাৎ পবিত্র হয়েন। যিনি শমীপল্লব, দূর্ব্বাঙ্কুর, অশ্বত্থপল্লব অথবা অর্কপুষ্পদ্বারা দেবীর পূজা করেন, একমাস পরে তাঁহার সপ্তজন্মার্জ্জিত সমুদায় পাপ ক্ষয় হয়। যিনি মুদ্রা অবলম্বন করিয়া পূর্ব্বোক্ত ধ্যানপূর্ব্বক একলক্ষ জপ করেন, তিনি মহাপাতক হইতে বিনির্ম্মুক্ত হয়েন। ঐরূপে দুইলক্ষ জপ করিলে, সপ্তজন্মার্জ্জিত সমুদায় মহাপাতক বিদূরিত হয়। কুলেশ্বরি! ইহার পর আর দুইলক্ষ মন্ত্র জপ করিলে কোটি কোটি মহাপাতক বিদূরিত হয়, সন্দেহ নাই। এই চতুর্লক্ষ জপদ্বারা সম্পূর্ণ বাগীশ্বর হইতে পারে। পঞ্চলক্ষ জপ করিলে সাধক কুবেরের ন্যায় ধনবান্ হয়েন। ছয়লক্ষ জপ করিলে সাধক মহাবিদ্যাধর হইতে পারেন, সপ্তলক্ষ জপ করিলে খেচরীর সহিত সাধকের সমাগম হয়, অষ্টলক্ষ জপ করিলে সাধক দেবগণেরও পূজ্য হয়েন। বিশেষতঃ ইহাদ্বারা অনিমাদি অষ্টসিদ্ধি লাভ হইয়া থাকে, বিশেষতঃ রাজগণ ও রমণীগণ সাধকের বশীভূত হয়েন। দেবি! এই সুন্দরীমন্ত্র নবলক্ষ জপ করিলে সাধক রুদ্রমূর্ত্তি ও সর্ব্বময়কর্ত্তা হয়েন। বিশেষতঃ সাধক সকলের পূজ্য, সর্ব্বসৌভাগ্যশালী ও সুস্থ হয়েন॥

অনন্তর ছিন্নমস্তা প্রয়োগ কথিত হইতেছে। শ্রীফল, পলাশ ও উডুম্বরদ্বারা হোম করিলে সমুদায় কামনা সিদ্ধি হয়। অতএব এইরূপ হোম করা সর্ব্বপ্রযত্নে কর্ত্তব্য। এইরূপ অষ্টোত্তরশত হোমের পর জপ করিতে হইবে। মধুসংযুক্ত মালতীকুসুমদ্বারা হোম করিলে অথবা ঘৃত মধুসংযুক্ত মালতীকুসুমদ্বারা হোম করিলে বাক্‌পটুতা লাভ হয়। ঘৃত-

র্দ্ধৈয়ঃ সদামিষৈঃ। বর্ষান্নং দধিসংযুক্তৈর্লক্ষ্মীস্তস্য স্থিরা ভবেৎ। ছাগমাংসং সরক্তঞ্চ ঘৃতেন প্লাবিতং তথা। যো জুহুয়াৎ সদা দেবীং রাজা তস্য বশো ভবেৎ। শ্বেতৈঃ করবীরৈশ্চ হোমং সম্যক্ করোতি যঃ। লক্ষমাত্রং বিধানেন স জীবেচ্ছরদাং শতং। জুহুয়াত্তিলপুষ্পেণ মধুনা তেন সাধকঃ। লক্ষসংখ্যানি যো দেবীং সিদ্ধিস্তস্য ন সংশয়ঃ। কর্ণিকারসহস্রাণি যো জুহোতি ঘৃতৈঃ সহ। সপ্রাপ্নোতি পরাং সিদ্ধিমীপ্সিতাং সুরসুন্দরি। ত্রিসন্ধ্যং মাসমাত্রস্তু বাগীশত্বমবাপ্নুয়াৎ॥

অথ শ্যামা। কালীতন্ত্রে—অথ কামবিধিং বক্ষ্যে যেন সর্ব্বত্র পারগঃ। সাধকঃ সাধয়েৎ সিদ্ধিং দেবানামপি দুর্লভাং। কুলাগারং পুষ্পিতায়া দৃষ্ট্বা যো জপতে নরঃ। অযুতৈকপ্রমাণেন সাধকঃ স্থিরমানসঃ। কেবলং গুপ্তভাবেন স তু বিদ্যানিধির্ভবেৎ। সংস্কৃতাঃ প্রাকৃতাঃ শব্দা লৌকিকা বৈদিকাস্তথা। বশমায়ান্তি তে সর্ব্বে সাধকস্য চ নান্যথা। অথবা মুক্তকেশস্তু হবির্ভুক্ত্বা সুসংযতঃ। প্রজপেদযুতং প্রাজ্ঞ এতদেব ফলং লভেৎ। নগ্নাং পরলতাং পশ্যন্ অযুতং যস্তু সাধকঃ। প্রজপেৎ স ভবেৎ শীঘ্রং বিদ্যায়া বল্লভঃ স্বয়ং। তস্য দর্শনমাত্রেণ বাদিনঃ কুণ্ঠতাং গতাঃ। গদ্যপদ্যময়ী বাণী সভায়াং তস্য জায়তে। তন্নাম্না সুধিয়ঃ সর্ব্বে প্রণমন্তি মুদান্বিতাঃ। তস্য বাক্যপরিচয়াজ্জড়া ভবন্তি বাগ্মিনঃ। কুলচূড়ামণৌ—রজোযুক্তং সমাসাদ্য তদ্গাত্রে স্বেষ্টদেবতাং। পূজয়িত্বা মহারাত্রৌ ত্রিদিনং প্রজপে-

---

যুক্ত অন্নদ্বারা ও দধিদ্বারা এবং আমিষদ্বারা ছয়মাস বলিপ্রদান করিলে, লক্ষ্মী স্থিরতরা হইয়া থাকেন। যিনি ঘৃতপ্লাবিত ছাগের মাংস ও শোণিতদ্বারা সর্ব্বদা দেবীর হোম করেন, রাজা তাঁহার বশীভূত হইয়া থাকেন। যিনি শ্বেতকরবীর পুষ্পদ্বারা যথাবিধানে লক্ষহোম করেন, তিনি একশত বৎসর জীবিত থাকেন। যিনি মধুযুক্ত তিলপুষ্পদ্বারা দেবীর লক্ষহোম করেন, তিনি সিদ্ধিলাভ করিতে পারেন সন্দেহ নাই। সুরসুন্দরি! যিনি ঘৃতের সহিত সহস্র কর্ণিকার পুষ্পদ্বারা হোম করেন, তিনি যথাভিলষিত পরমসিদ্ধি লাভ করিতে পারেন, সন্দেহ নাই। ত্রিসন্ধ্যা বা একমাস ঐরূপ হোম করিলে বাগীশত্ব লাভ করিতে পারা যায়॥

অনন্তর শ্যামাপ্রয়োগ কথিত হইতেছে। কালীতন্ত্রে—এক্ষণে কাম্যবিধি বলিতেছি, ইহাদ্বারা সর্ব্বত্র পারগ সাধক দেবগণেরও দুর্লভ সিদ্ধিলাভ করিতে পারেন। যে সাধক স্থিরচিত্ত হইয়া পুষ্পিতা রমণীর কুলাগার দর্শনপূর্ব্বক গুপ্তভাবে দশসহস্র জপ করেন, তিনি সমুদায় বিদ্যার আধার হইতে পারেন। এই সাধকের পক্ষে সংস্কৃত, প্রাকৃত,লৌকিক বৈদিক সমুদায় শব্দই আয়ত্ত থাকে, সন্দেহ নাই। অথবা হবির্ভোজনপূর্ব্বক মুক্তকেশ হইয়া সংযত হৃদয়ে যিনি দশসহস্র জপ করেন, তিনিও এই ফললাভ করিতে পারেন। যে সাধক নগ্না পরলতা দর্শনপূর্ব্বক দশসহস্র মন্ত্র জপকরেন, শীঘ্রই বিদ্যা তাঁহার আয়ত্ত হয়েন। বিশেষতঃ এই সাধককে দর্শনকরিবামাত্র বাদিগণ কুণ্ঠিত হয়, সভামধ্যে তাঁহার মুখে গদ্যপদ্যময় বাক্য নিঃসৃত হইতে থাকে। এই সাধকের নাম শ্রবণ করিবামাত্র সকলেই প্রীতহৃদয়ে প্রণাম করেন, তাঁহার বাক্যানুসারে জড় ব্যক্তির মুখেও বাক্যনিঃসৃত হয়। কুলচূড়ামণিতে কথিত আছে—তিনদিন মহা নিশাকালে রজস্বলা রমণীর শরীরে নিজ ইষ্টদেবতার পূজা করিয়া প্রতিদিন অষ্টোত্তরসহস্র

মনুং। লক্ষপীঠফলং দেবি লভ্যতে নাত্র সংশয়ঃ। বেতালপাদুকাসিদ্ধিং খড়্গসিদ্ধিঞ্চ তৈরব। অঞ্জনং তিলকং গুহ্যং সাধয়েৎ সাধকোত্তমঃ। প্রজপেৎ প্রতিদিনমষ্টোত্তরসহস্র-মিত্যর্থঃ। যত্র জাপে চ হোমে চ সংখ্যা নোক্তা মনীষিভিঃ। তত্রৈব গণনা প্রোক্তা গজান্তক-সহস্রকমিতি। বিদ্যাকামেন হোতব্যং পদ্মৈর্মধুসমন্বিতৈঃ। ধনকামেন হোতব্যং তিলাজ্য-মধুসংযুতঃ। বন্ধুকপুষ্পহোমেন দাসঞ্চ কুরুতে নৃপং। সর্পির্লবণহোমেন সদাকর্ষতি কামিনীং। বকুলৈর্হোমমাত্রেণ সৌভাগ্যং লভতে নরঃ। মল্লিকাজাতিপুন্নাগকদম্বৈঃ পুষ্টিমাপ্নুয়াৎ। ক্ষীরাজ্যতগরৈর্হোমান্মহতীং কবিতাং লভেৎ। চন্দনাগুরুকাশ্মীরকর্পূরহোমতঃ পুনঃ। মন্ত্রী নীলসরস্বত্যাঃ সর্ব্বাভীষ্টমবাপ্নুয়াৎ। নীলসরস্বতীপদমুপলক্ষণং। কর্পূরহোমতো মন্ত্রী সর্ব্বাভীষ্টমবাপ্নুয়াৎ। সংপূজ্য মূলমন্ত্রেণ বিল্বপত্রৈর্ঘৃতান্বিতৈঃ। সহস্রং প্রত্যহং হুত্বা প্রাপ্নোতি পরমাং গতিং। প্রতিদিনমিতি মণ্ডলপর্য্যন্তং। ঘৃতাক্তমালতীপুষ্পহোমাদ্রুক্ত কবির্ভবেৎ। অত্র যত্র যত্র হোমে সংখ্যা নোক্তা তত্র তত্রাযুতসংখ্যয়া হোতব্যং তদুক্তং তত্রৈব। সর্ব্বস্যৈব তু হোমস্য নিয়মোঽযুতসংখ্যকঃ॥

অথ তর্পণং। মৎস্যসূক্তে—মধুনা তর্পণং কুর্য্যাৎ সর্ব্বকামপ্রপূরকং। মন্ত্রসিদ্ধিকরং সাক্ষান্মহাপাতকনাশনং। নীলতন্ত্রে—কর্পূরমিশ্রিতৈস্তোয়ৈর্ম্মাসমাত্রং হি তর্পয়েৎ। বশী-

---

করিয়া মন্ত্র জপ করিলে লক্ষপীঠের ফললাভ করিতে পারা যায় সন্দেহ নাই। বিশেষতঃ এইরূপ সাধনদ্বারা বেতাল-সিদ্ধি, পাদুকাসিদ্ধি, খড়্গসিদ্ধি, অঞ্জনসিদ্ধি, তিলকসিদ্ধি ও অন্যান্য গুহ্যসিদ্ধিও হইতে পারে। এখানে যে প্রতিদিন অষ্টোত্তরসহস্র জপ করিতে হইবে, তাহার প্রমাণ এই যে, যেখানে জপবিষয়ে বা হোমবিষয়ে সংখ্যা কথিত হয় নাই, সেখানে জ্ঞানী ব্যক্তিরা অষ্টোত্তরসহস্র জপেরই বিধান করিয়াছেন। যিনি বিদ্যাকামনা করেন, তিনি মধুসমন্বিত পদ্মদ্বারা হোম করিবেন, যিনি ধনকামনা করেন, তিনি মধুসংযুক্ত সতিল ঘৃতদ্বারা হোম করিবেন। বন্ধুককুসুমদ্বারা হোম করিলে ভূপতি দাসবৎ হইয়া থাকেন। লবণযুক্ত ঘৃতদ্বারা হোম করিলে কামিনীকে আকর্ষণ করিতে পারা যায়। বকুলকুসুমদ্বারা হোম করিবামাত্র মনুষ্য সৌভাগ্যশালী হয়। মল্লিকা, জাতী, পুন্নাগ ও কদম্বপুষ্পদ্বারা হোম করিলে পুষ্টিলাভ হয়। দুগ্ধ, ঘৃত ও তগরপুষ্পদ্বারা হোম করিলে অসাধারণ কবিত্বশক্তি লাভ করিতে পারা যায়। যদি কোন সাধক চন্দন, অগুরু, কর্পূর ও কুঙ্কুমদ্বারা নীলসরস্বতীর হোম করেন, তাহা হইলে তিনি সর্ব্ববিধ অভীষ্ট লাভ করিতে পারেন। এখানে নীলসরস্বতী পদ উপলক্ষণমাত্র; ফলতঃ কালিকারই হোম করিতে হইবে। কর্পূরদ্বারা হোম করিলে সাধক সর্ব্বপ্রকার অভীষ্টলাভ করিতে পারেন। মূলমন্ত্রদ্বারা পূজা করিয়া ঘৃতান্বিত বিল্বপত্রদ্বারা একবৎসর প্রতিদিন সহস্রহোম করিলে পরম গতিলাভ হয়। ঘৃতাক্ত মালতীপুষ্পদ্বারা হোম করিলে রুতকবি হইতে পারা যায়। এস্থলে যেখানে যেখানে হোমসংখ্যা কথিত হয় নাই, সেই সেই স্থানে অযুত হোম করিতে হইবে। ঐ কালীতন্ত্রে কথিত আছে, সমুদায় হোমই দশসহস্র করিবার নিয়ম আছে॥

অনন্তর তর্পণবৃত্তান্ত প্রকটিত হইতেছে। মৎস্যসূক্তে। মধুদ্বারা তর্পণ করিলে সমুদায় কামনা পরিপূর্ণ হয়, মন্ত্রসিদ্ধি হয় এবং মহাপাতক বিদূরিত হইয়া যায়। নীলতন্ত্রে কথিত আছে, যিনি কর্পূরমিশ্রিত সলিলদ্বারা

কৃত্য নৃপান্ সর্ব্বান্ ভোগী স্যাদ্‌যাবদায়ুষং। ঘৃতৈঃ পূর্ণায়ুষঃ সিদ্ধৈর্দুগ্ধৈরারোগ্যসিদ্ধয়ে। অগুরুমিশ্রিতৈস্তোয়ৈঃ সর্ব্বকালং সুখী ভবেৎ। নারিকেলোদকৈর্মিশ্রৈস্তোয়ৈঃ সর্ব্বার্থসিদ্ধয়ে। মরীচমিশ্রিতৈস্তোয়ৈস্তথা শত্রূন্ বিনাশয়েৎ। কেবলৈরুষ্ণতোয়ৈশ্চ শত্রুমুচ্চাটয়েৎ ক্ষণাৎ। স্বরারিষ্টো ভবেত্তেন দুগ্ধসেকাৎ সমং নয়েৎ। সিদ্ধসারস্বতে—শতাভিজপ্তমাত্রেণ রোচনাতিলকং নরঃ। কৃত্বা পশ্যতি যং মন্ত্রী তং কুর্য্যাদ্দাসবৎ সুধীঃ। ফেৎকারীয়ে—উপচারবিশেষেণ রাজপত্নীং বশং নয়েৎ। রাজানং জপমাত্রেণ বলিনা সকলং জগৎ। উপচারবিশেষেণেতি অধিকারভেদে বোদ্ধব্যং জপমাত্রেণেতি পূজাবহির্ভাবেনেত্যর্থঃ। বলিদ্রব্যন্তু মৎস্যসূক্তে—রম্ভাজাতীবীজপূরং সুগন্ধিপরিশ্রিতং। মিশ্রীকৃত্য বলিন্দদ্যাদষ্টম্যাঞ্চ বিশেষতঃ। বলিমন্ত্রস্তু—প্রণবং পূর্ব্বমুচ্চার্য্য উগ্রতারে ততঃপরং। বিকটদংষ্ট্রে পরপক্ষং মোহয়দ্বয়মুচ্চরেৎ। মারয় খাদয় শত্রূন্ পচদ্বয়ং বদেত্ততঃ। যে মাং হিংসিতুমুদ্যতাঃ যোগিনীচক্রে তান্ হারয় হুঁ ফট্ স্বাহা পরবিদ্যামাকর্ষয় কূটদ্বয়ং কপালে গৃহ্ণ গৃহ্ণ বলিং স্বাহেতি। অয়ন্তারাবিষয়ে কালিকাদৌ তৎপটলোক্তবলিসম্ভারো বোদ্ধব্যঃ।

অথ নিগ্রহাদ্যুপায়ঃ। বীরতন্ত্রে—শ্মশানাঙ্গারমাদায় মঙ্গলে বাসরে নিশি। কৃষ্ণবস্ত্রেণ সংবেষ্ট্য বধ্নীয়াদ্রক্তন্তুনা। শতাভিমন্ত্রিতং কৃত্বা নিক্ষিপেদ্বৈরিবেশ্মনি। সপ্তাহাভ্যন্তরে

একমাস তর্পণ করেন, তিনি সমুদায় রাজগণকে বশীভূত করিয়া যাবজ্জীবন সমুদায় ভোগ্যবস্তু ভোগ করিতে পারেন। যিনি সম্পূর্ণ পরমায়ু কামনা করেন, তিনি ঘৃতদ্বারা তর্পণ করিবেন। যিনি আরোগ্য কামনা করেন, তিনি দুগ্ধদ্বারা তর্পণ করিবেন। অগুরুমিশ্রিত সলিলদ্বারা তর্পণ করিলে চিরকাল সুখী হইতে পারা যায়। নারিকেলোদকমিশ্রিত সলিলদ্বারা তর্পণ করিলে সমুদায় কামনা সিদ্ধি হয়, মরীচমিশ্রিত সলিলদ্বারা তর্পণ করিলে শত্রুগণ বিনষ্ট হয়। কেবল উষ্ণসলিলদ্বারা তর্পণ করিলে তৎক্ষণাৎ শত্রুর উচ্চাটন হয়। বিশেষতঃ ইহাদ্বারা শত্রু জ্বরাক্রান্ত হইয়া থাকে, দুগ্ধদ্বারা অভিষেক করিলে তাহার শান্তি হয়। গোরোচনার উপরি একশত মন্ত্রজপপূর্ব্বক সাধক যাহার প্রতি দৃষ্টিপাত করিবেন, সেই ব্যক্তি দাসবৎ হইয়া থাকিবে। উপচারবিশেষদ্বারা পূজা করিলে রাজপত্নীকে বশীভূত করিতে পারা যায়। কেবল জপমাত্রদ্বারা রাজা বশীভূত হয়েন, বলিপ্রদান করিলে সমুদায় জগৎ বশীভূত হয়। অধিকারীভেদে এই উপচারবিশেষ প্রদান করিতে হইবে। জপমাত্রের তাৎপর্য্য এই যে, পূজাঙ্গ জপ ব্যতীত পুনর্ব্বার জপ করিতে হইবে। বলিদ্রব্য মৎস্যসূক্তে কথিত আছে, যথা—রম্ভা, জাতী, বীজপুর ও সুগন্ধিদ্রব্য এই সমুদায় একত্র মিশ্রিত করিয়া বলিপ্রদান করিতে হইবে। অষ্টমীর দিন বলিপ্রদান বিশেষ ফলপ্রদ। বলিমন্ত্র যথা—ওঁ উগ্রতারে বিকটদংষ্ট্রে পরপক্ষং মোহয় মোহয় মারয় খাদয় শত্রূন্ পচ পচ যে মাং হিংসিতুমুদ্যতা যোগিনীচক্রে তান্ হারয় হুঁ ফট্ স্বাহা পরবিদ্যামাকর্ষয় ক্রূট ক্রূট কপালে গৃহ্ণ গৃহ্ণ বলিং স্বাহা। এই বলি তারাবিষয়ক। কালিকাদিবিষয়ে তত্তৎপটলোক্ত বলিমন্ত্র প্রয়োগ করিতে হইবে।

অথ নিগ্রহাদির উপায়। বীরতন্ত্রে—মঙ্গলবারে নিশাকালে শ্মশানের অঙ্গার গ্রহণপূর্ব্বক কৃষ্ণবস্ত্রদ্বারা বেষ্টন করিয়া রক্তসূত্রে বন্ধন করিতে হইবে। পরে তাহার উপরি একশত মন্ত্রজপ করিয়া উহা শত্রুভবনে নিক্ষেপ করিবে।

তস্য চোচ্চাটনমিদং মহৎ। তদুক্তং ফেৎকারীয়ে—নরাস্থিনি লিখেন্মন্ত্রং ক্ষারযুক্তহরিদ্রয়া। সহস্রং পরিসংজপ্য নিশায়াং শনিবাসরে। নিঃক্ষিপ্যতে যস্য গৃহে মৃত্যুস্তস্য দ্বিমাসতঃ। ক্ষেত্রে তু শস্যহানিঃ স্যাদ্‌যবহানিস্তুরঙ্গমে। ধনহানির্ধনাগারে গ্রামমধ্যে তু তৎ ক্ষয়ঃ। ক্ষারস্তু শ্যেনবিট্‌যুক্তং বিট্‌লবণং। হৃল্লেখাধিগতরেফমধ্যে অমুকামুকয়োর্ম্মহাদ্বেষং কুরু ইতি। তদুক্তং—দ্বেষে তু বিলিখেন্মন্ত্রং প্রেতকর্পটকে সুধীঃ। দ্বেষ্যদ্বেষকয়োর্নাম্না তস্য দ্বেষো মহান্ ভবেৎ। বিলিখেন্মন্ত্রমিতি লিখিত্বা হৃল্লেখা রেফমধ্যে। অমুকং মারয় মারয়েত্যাদি সাধ্যসহিতমিত্যর্থঃ। অথবা সাধ্যং লিখিত্বা তদন্তে মন্ত্রং লিখেৎ। সহস্রং পরিজপ্যেতি অমুকং মারয়মারয়েতি অন্তে মন্ত্রজাপঃ। বিদ্বেষে তু অমুকামুকয়োর্ব্বিদ্বেষং কুরু কুরু ইত্যস্যান্তে মন্ত্রমুচ্চার্য্য সহস্রং জপেৎ॥

অথ বেতালাদিসিদ্ধিঃ। তদুক্তং কুলচূড়ামণৌ—ভৈরব-উবাচ। বেতালাদিমহাসিদ্ধিঃ কথং ভবতি চণ্ডিকে। তন্মে কথয় দেবেশি যদি স্নেহোঽস্তি মাং প্রতি। দেব্যুবাচ। নিম্ববৃক্ষোদ্ভবং কাষ্ঠং শ্মশানে সাধকোত্তমঃ। ভৌমবারে মধ্যরাত্রৌ গত্বা কুলযুগান্বিতঃ। খনিত্বা চাষ্টলক্ষং বৈ জপেন্মহিষমর্দ্দিনীং। তৎসহস্রং হুনেত্তত্রৈব পিতৃকাননে। কাষ্ঠমুদ্ধৃত্য তস্মিন্ বৈ দণ্ডপাদুকচিহ্নিতং। কৃত্বা দুর্গাষ্টমীরাত্রৌ শ্মশানে নিক্ষিপেত্ততঃ। তস্যোপরি

এরূপ করিলে সপ্তাহের মধ্যে শত্রুর উচ্চাটন হইবে। ফেৎকারিণীতন্ত্রে কথিত আছে—শনিবারে নিশাকালে মনুষ্যের অস্থির উপরি ক্ষারযুক্ত হরিদ্রাদ্বারা মন্ত্র লিখিয়া তদুপরি সহস্র মন্ত্রজপপূর্ব্বক যাহার গৃহে তাহা নিক্ষেপ করিবে, সেই ব্যক্তি দুইমাসমধ্যেই মৃত্যুমুখে পতিত হইবে। এই অস্থি যদি ক্ষেত্রে নিক্ষেপ করা হয়, তাহা হইলে শস্যহানি হয়, যদি অশ্বের উপরি নিক্ষেপ করা যায়, তাহা হইলে তাহার ধাবমান হইবার সামর্থ্য থাকে না। যদি উহা ধনাগারে নিক্ষেপ করা যায়, তাহা হইলে ধনহানি হয়। যদি গ্রামমধ্যে নিক্ষেপ করা যায়, তাহা হইলে গ্রামক্ষয় হইয়া থাকে। এখানে ক্ষার শব্দের অর্থ শ্যেনবিষ্ঠাযুক্ত বিট্‌লবণ। ঊর্দ্ধে হৃল্লেখা, নিম্নে রেফ ইহার মধ্যে 'অমুকামুকয়োর্ম্মহাদ্বেষং কুরু' এই মন্ত্র লিখিতে হইবে। কথিত আছে বিদ্বেষণস্থলে যদি প্রেতবস্ত্রে দ্বেষ্য ও দ্বেষকের নামসমেত মন্ত্র লেখে, তাহা হইলে তাহাদের উভয়ের পরস্পর মহাদ্বেষ জন্মে। এস্থলে হৃল্লেখা ও রেফের মধ্যে মন্ত্র লিখিতে হইবে। অভিচারস্থলে 'অমুকং মারয় মারয়' ইত্যাদি সাধ্যসহিত মন্ত্রলেখা কর্ত্তব্য, অথবা অগ্রে সাধ্যবিষয় লিখিয়া তদন্তে মন্ত্র লিখিবে। যেখানে সহস্রজপের বিধান আছে, সে স্থলে অমুকং মারয় মারয় ইহার অন্তে মন্ত্র জপ করা বিধেয়। বিদ্বেষণস্থলে 'অমুকামুকয়োর্দ্বেষং কুরু' এই বাক্যের অন্তে মন্ত্র উচ্চারণপূর্ব্বক সহস্র জপ করিবে॥

পরে বেতাল সিদ্ধ হইবার নিয়ম বলিতেছি। কুলচূড়ামণিতে কথিত আছে; ভৈরব কহিলেন, চণ্ডিকে! যদি আমার প্রতি তোমার স্নেহ থাকে, তাহা হইলে কিরূপে বেতাল আদি মহাসিদ্ধি হয়, তাহা আমাকে বল। দেবী কহিলেন, কুলতিথি ও কুলনক্ষত্রে মঙ্গলবারে অর্দ্ধরাত্রিসময়ে সাধক নিম্বকাষ্ঠ শ্মশানে প্রোথিত করিয়া সেই স্থানে উপবেশনপূর্ব্বক অষ্টাধিকলক্ষ মহিষমর্দ্দিনীমন্ত্র জপ করিবে। সেইরূপ সেই শ্মশানে থাকিয়া সহস্রহোম করিবে। অনন্তর সেই নিম্বকাষ্ঠ উদ্ধৃত করিয়া তাহাতে দণ্ড ও পাদুকা অঙ্কিত করিতে হইবে। পরে দুর্গাষ্টমী রজনীতে

শবং কৃত্বা পূজয়িত্বা যথাবিধি। শবাসনগতো বীরো জপেদষ্টসহস্রকং। ততো মাতৃবলিং দত্ত্বা কাষ্ঠমামন্ত্রয়েত্ততঃ। স্ফেং স্ফেং দণ্ড মহাভাগ যোগিনীহৃদয়প্রিয়ঃ। মম হস্তস্থিতো নাথ মমাজ্ঞাং পরিপালয়। এবমামন্ত্র্য বেতালং যত্র যত্র প্রযুজ্যতে। তং তং চূর্ণীবিধায়াথ পুনরায়াতি কৌলিকং। গচ্ছ গচ্ছ দ্রুতং গচ্ছ পাদুকে বরবর্ণিনি। মৎপাদস্পর্শমাত্রেণ গচ্ছ ত্বং শতযোজনং। অষ্টলৌহং সমাসাদ্য দশপঞ্চাঙ্গুলাকৃতিং। খড়্গং কৃত্বা তত্র মন্ত্রং লিখিত্বা প্রজপেন্মনুং। তৎসহস্রং ততো হুত্বা মহাশবকলেবরে। খনিত্বা জীববৃক্ষাগ্রে বদ্ধা শুষ্কন্তু ভাবয়েৎ। কুলাষ্টম্যা মর্দ্ধরাত্রৌ চিতামধ্যে সমাহিতঃ। প্রতিপর্ব্বসমামন্ত্র্য হুনেৎ পিতৃবনে ততঃ। মধুরত্রয়সংযুক্তং বিল্বপত্রেণ সংযুতং। পাদাদিমূর্দ্ধপর্য্যন্তং হোমান্তে বলিমাহরেৎ। বল্যন্তে পরমা মায়া দেবী মহিষমর্দ্দিনী। আয়াস্তী বলিপূর্ণাস্যা বরহস্তা হসম্মুখী। গৃহং বৎসেতি শব্দে বৈ খড়্গমুত্তোল্য ধারয়েৎ। ঘোরদংষ্ট্রে মহাকালি করবালস্বরূপিণি। আং ত্রাং ত্রীং হ্রুং ঈং ঊং কুরু কল্যাণং বিপক্ষছেদবিস্তরং। এবমামন্ত্র্য খড়্গন্তু যমুদ্দিশ্য ক্ষিপেন্নরঃ। ছিত্ত্বা ছিত্ত্বা পুনশ্ছিত্ত্বা গচ্ছত্যাকৃষ্যতে পুনঃ। অথবা কৃষ্ণমার্জ্জারমেকঘাতেন ঘাতয়েৎ। কুজে চতুষ্পথে রাত্রৌ নিখনেন্মন্ত্রিণং ততঃ। তত্র মোচাং সমারোপ্য যাবৎ পত্রং প্রজায়তে। তাবৎ ভুক্ত্বা হবিষ্যান্নং প্রতিরাত্রং জপে। অষ্টোত্তরসহস্রন্তু একাকী দীপ-

---

ঐ নিম্বকাষ্ঠ শ্মশানে নিক্ষেপপূর্ব্বক তাহার উপরি শব নির্ম্মাণ করিয়া যথাবিধি পূজা করিবে। অনন্তর সেই শবাসনে উপবেশনপূর্ব্বক অষ্টাধিকসহস্র জপ করিয়া মাতৃগণের বলি দিয়া কাষ্ঠকে আমন্ত্রণ করিবে। আমন্ত্রণের মন্ত্র স্ফেং স্ফেং ইত্যাদি সাধক এইরূপ আমন্ত্রণপূর্ব্বক যেখানে যেখানে বেতালকে নিযুক্ত করিয়া প্রয়োগ করিবেন, ঐ দণ্ড সেই সেই ব্যক্তিকে চূর্ণ করিয়া পুনর্ব্বার সাধকের হস্তে প্রত্যাগমন করিবে। অথবা এইরূপ আমন্ত্রণ করিবে যে, পাদুকে! তুমি আমার পাদস্পর্শমাত্র শীঘ্র শতযোজনপথ গমন কর। অষ্টলৌহদ্বারা পঞ্চাশৎ-অঙ্গুলপরিমিত খড়্গ নির্ম্মাণপূর্ব্বক তাহাতে মন্ত্র লিখিয়া মন্ত্রজপ করিতে হইবে। পরে মহাশবশরীরে সহস্রহোম করিয়া সেই দিবস ঐ মহাশব ভূমধ্যে প্রোথিত করিয়া রাখিবে। পরদিবস ঐ শব উত্তোলনপূর্ব্বক সজীব বৃক্ষের অগ্রভাগে বন্ধন করিয়া উহা শুষ্ক করিবে। পরে প্রতিপর্ব্বে শ্মশানে গমন করিয়া ঐ শবের আমন্ত্রণপূর্ব্বক কুলাষ্টমীদিবসে অর্দ্ধরাত্রিসময়ে সমাহিতহৃদয়ে চিতামধ্যে উহার হোম করিতে হইবে। ঐ শবের পাদ অবধি মস্তক পর্য্যন্ত বিল্বপত্র ও মধুরত্রয় সংযুক্ত করিয়া হোম করিতে হইবে। হোমসমাপন হইলে বলিপ্রদান করিবে। যখন বলি সমাপ্ত হইবে, তখন বলিপূর্ণবদনা বরহস্তা হসন্মুখী পরমা মায়াদেবী মহিষমর্দ্দিনী সেই স্থানে আসিয়া উপস্থিত হইবেন এবং তিনি সেই খড়্গ উত্তোলনপূর্ব্বক সাধকের হস্তে দিবেন ও বলিবেন, বৎস! গ্রহণ কর। অনন্তর সাধক ঐ খড়্গ লইয়া ঘোরদংষ্ট্রে মহাকালি ইত্যাদি মন্ত্রদ্বারা আমন্ত্রণপূর্ব্বক যে ব্যক্তির উদ্দেশে ঐ খড়্গ নিক্ষেপ করিবেন, সেই ব্যক্তিকেই খণ্ড খণ্ড করিয়া ছেদনপূর্ব্বক খড়্গ পুনর্ব্বার সাধকের হস্তে আসিয়া উপস্থিত হইবে। অথবা এক আঘাতে কৃষ্ণমার্জ্জার ছেদন করিয়া মঙ্গলবারে নিশাকালে মন্ত্রপাঠপূর্ব্বক উহা চতুষ্পথে প্রোথিত করিবে। তাহার উপরি কদলীবৃক্ষ রোপণ করিয়া তাহার পত্র উৎপন্ন হইলে তাহাতে হবিষ্যান্ন ভোজনপূর্ব্বক

বর্জ্জিতঃ। উৎপন্নং পত্রমালোক্য ছিত্বা নিশ্ছিদ্রমানয়েৎ। তত্র ভুক্ত্বা হবিষ্যান্নং ছাদিয়ে তটিনীতটে। তদানীয় সুহৃৎসঙ্গঃ ক্ষালয়েন্মন্ত্রমুচ্চরন্। ততঃ স্রোতোমুখং বৎস যদস্থি প্রতি গচ্ছতি। তদানীয় যত্নেনত্র কালিকাং ঘোরনিস্বনাং। অভিমন্ত্র্য সহস্রন্তু কালীমন্ত্রং প্রযত্নতঃ। সিদ্ধাঙ্গনো ভবেন্মন্ত্রী নাত্র কার্য্যা বিচারণা। চন্দনাগুরুকস্তূরীমিশ্রিতকান্বিতর্দ্দিতং। কৃত্বা তিলকমাদায় সর্ব্বং জয়তি সাধকঃ। কুলবীনং কুলান্নঞ্চ কুলমদ্যং কুলেশ্বর। কুলস্থানে সমানীয় দত্ত্বা দেব্যৈ প্রযত্নতঃ। অষ্টোত্তরসহস্রন্তু জপ্ত্বা ভূমিতলে স্থিতঃ। ভূম্যৌ ফুৎকারমাত্রেণ বিবরং তত্র জায়তে। শতযোজনদূরে বা যত্র সাধ্যস্থিতির্ভবেৎ। তত্রৈব গমনং তস্য ভূতলান্তঃপ্রসর্পিণঃ। এবং বিবরমধ্যে তু গবাক্ষকুহরেঽপি বা। কায়সঙ্কোচমাদায় গচ্ছত্যবিকলো নরঃ। দুর্গামন্ত্রং বিনা বৎস কালীমন্ত্রং তথৈব চ। সিদ্ধয়ঃ কুলনাথেশ জায়ন্তে ন কথঞ্চন॥

অথ বালকসংস্কারঃ। মধুলাজাভ্যাং নাড়ীচ্ছেদাৎ প্রাক্ স্বর্ণশলাকয়া মজ্জারশিখয়া শ্বেতদূর্ব্বয়া বা বালকস্য জিহ্বামোষ্ঠং বা দক্ষিণপাণিনা ত্রিবারং সম্মার্জ্জ্য তত্র পিতা পংক্ত্যাকারেণ মূলমন্ত্রং বিলিখ্য দেবীং পূজয়েৎ। তদুক্তং মৎস্যসূক্তে—অথবা মধুলাজাভ্যাং জিহ্বায়াং বালকস্য চ। নাড়ীচ্ছেদাদ্যথাপূর্ব্বং লিখেৎ স্বর্ণশলাকয়া। মূলমন্ত্রং লিখেন্মন্ত্রী যদ্বোষ্ঠে শ্বেতদূর্ব্বয়া। বাক্যোচ্চারেণতো বালো বাগ্মী ক্রতুকবির্ভবেৎ। মহোগ্রতারা-

---

একাকী প্রদীপরহিত স্থলে নির্ভয়হৃদয়ে প্রতিদিন অষ্টোত্তরসহস্র জপ করিবে; পরে পুনর্ব্বার পত্র উৎপন্ন হইলে সেই ছিদ্ররহিতপত্র ছেদনপূর্ব্বক আনিয়া তাহাতে হবিষ্যান্ন ভোজনপূর্ব্বক সেই দিবস ঐ কৃষ্ণমার্জ্জারের অস্থি উত্তোলন করিবে, পরে উহা সুহৃজ্জনের সহিত নদীতটে লইয়া গিয়া মন্ত্রপাঠপূর্ব্বক প্রক্ষালন করিবে, পরে দেখিবে ঐ অস্থিসমূহের মধ্যে যে অস্থি স্রোতের প্রতিকূলে গমন করে, তাহাই আনিয়া তাহাতে ঘোরনিঃস্বনা কালিকার পূজা করিবে। অনন্তর প্রযত্নসহকারে সহস্র কালীমন্ত্রদ্বারা উহা অভিমন্ত্রিত করিবে, এইরূপ করিলে সাধক সিদ্ধাঞ্জন হইবেন সন্দেহ নাই। চন্দন, অগুরু ও কস্তূরীর সহিত ঐ অস্থি মিশ্রিত করিয়া তিলক করিলে সাধক সকলকেই জয় করিতে পারেন। কুলেশ্বর! কুলবীজ, কুলান্ন ও কুলমদ্য কুলস্থানে আনয়নপূর্ব্বক প্রযত্নসহকারে দেবীকে প্রদান করিয়া ভূমিতে বসিয়া অষ্টোত্তরসহস্র জপ করিবে। এইরূপ করিয়া ভূমিতে ফুৎকার করিবামাত্র গর্ত্ত হইয়া যাইবে। যদি সাধ্য শতযোজন দূরেও অবস্থান করে, তাহা হইলে সাধক ঐ ভূবিবর দিয়া সেই স্থানে গমন করিতে পারিবে। এইরূপ বিবরমধ্যে বা গবাক্ষমধ্যে সাধক দেহ সঙ্কুচিত করিয়া গমন করিতে পারিবে, তাহাতে কোন কষ্ট হইবে না। কুলনাথেশ! দুর্গামন্ত্রী ও কালীমন্ত্রী ব্যতিরেকে অন্য কোন মন্ত্রোপাসকের এবিষয়ে সিদ্ধি হইবে না॥

এক্ষণে বালকসংস্কার বলিব। নাড়ীচ্ছেদের পূর্ব্বে বালকের জিহ্বা বা ওষ্ঠ তিনবার দক্ষিণ হস্তদ্বারা মার্জ্জিত করিয়া পিতা স্বর্ণশলাকাদ্বারা মজ্জারশিখাদ্বারা অথবা শ্বেতদূর্ব্বাদ্বারা মধু ও লাজ দিয়া পংক্ত্যাকারে মূলমন্ত্র লিখিয়া তাহাতে দেবীর পূজা করিবে। মৎস্যসূক্তে কথিত আছে—অথবা বালকের নাড়ীচ্ছেদের পূর্ব্বে বালকের জিহ্বা বা ওষ্ঠে স্বর্ণশলাকাদ্বারা বা শ্বেতদূর্ব্বাদ্বারা মধু ও লাজ দিয়া সাধক মূলমন্ত্র লিখিবেন, এরূপ করিলে ঐ বালক বাক্যো-

কল্পে তু—নৈমিত্তিকসংস্কারানন্তরমেব মন্ত্রলিখনং কার্য্যং। তদুক্তং মহোগ্রে—জন্মসংস্কারকং নাম পুত্রে জাতে প্রশস্যতে। জিহ্বায়াস্তু লিখেন্মন্ত্রং যজ্ঞদারুকুশেন বা। বারত্রয়ন্তু সম্মার্জ্য দক্ষিণেনৈব পাণিনা। মূলমুচ্চার্য্য প্রত্যেকং পংক্তিং কুর্য্যাৎ সুশোভনং। আদৌ সংস্কারঃ কর্ত্তব্যস্তদন্তে বিলিখেন্মনুং। গন্ধচন্দনপুষ্পৈশ্চ পূজয়েত্তারিণীং শিবাং। উত্তরাভিমুখো ভূত্বা স্থাপয়েৎ পীঠমুত্তমং। পূজয়েত্তারিণীং দেবীং নানাভক্ষ্যৈঃ সুশোভনৈঃ। কবির্ব্বাগ্মী ভবেৎ পুত্রঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। অত্র তারিণীপদমুপলক্ষণং দেবীমাত্রমেব বোদ্ধব্যং। বৃহৎশ্রীক্রমাদিতন্ত্রে বালকসংস্কারদর্শনাৎ। তদুক্তং তত্রৈব—বালকস্য তু জিহ্বায়াং ত্রিদিনাভ্যন্তরে লিখেৎ। মধুনা শ্বেতদূর্ব্বাভির্লিখেৎ স্বর্ণশলাকয়া। আম্বং বাগ্‌ভবকূটঞ্চ লিখেদ্বৈ জননান্তরং। এতেন তদ্দিনাশক্তৌ ত্রিরাত্রাভ্যন্তর-ইতি সূচিতং। আম্বমিতি ভৈরব্যা বাগ্‌ভবকূটমিত্যর্থঃ। অথৈকাদশাহে দেবতাং সংপূজ্য মন্ত্রং লিখেদিতি কশ্চিৎ। অথ যদি পিতা দূরস্থো ভবতি পিতৃব্যো মাতুলো বা মন্ত্রং লিখেদিতি। তদুক্তং মহোগ্রে—পিতুর্ভ্রাতা লিখেন্মন্ত্রং মাতুর্ভ্রাতাথবা পুনঃ। পিতুরেব লিখেন্মন্ত্রং নান্যএব কদাচন। মাতুঃ ক্রোড়ে তু সংস্থাপ্য গর্ভানাস্তীর্য্য যত্নতঃ। শান্তিং কুর্য্যাদ্বালকস্য ব্রাহ্মণৈঃ সহ সাধকঃ॥

অথ শান্তিমন্ত্রঃ। ইমং পুত্রং কাময়তঃ কামজানামিহৈব হি। দেবেভ্যঃ পুষ্ণাতি সর্ব্বমিদং মজ্জননং শিবশান্তিস্তারায়ৈ কেশবেভ্যস্তারায়ৈ রুদ্রেভ্য উমায়ৈ শিবায় শিবযশসে। ইত্যনেন কুশোদকেন শান্তিং কুর্য্যাৎ॥

অথ ছাগাদিবলিঃ। মুণ্ডমালায়াং—ছাগে দত্তে ভবেদ্বাগ্মী মেষে দত্তে কবির্ভবেৎ। মহিষে

চারণে সমর্থ হইবামাত্র বাগ্মী ও শ্রুতকবি হইবে। মহোগ্রতারাকল্পে বালকের নৈমিত্তিক সংস্কারের পর মন্ত্র লিখিবার ব্যবস্থা আছে। মহোগ্রে কথিত আছে পুত্রজন্মিবার পরেই জাতকর্ম্মরূপ সংস্কার করা বিধেয়, পরে বালকের জিহ্বা দক্ষিণহস্তদ্বারা মার্জ্জিত করিয়া তাহাতে যজ্ঞদারু বা কুশদ্বারা মন্ত্র লিখিতে হইবে। মূলমন্ত্র উচ্চারণপূর্ব্বক প্রত্যেক পংক্তি সুশোভিত করিতে হইবে। অগ্রে বালকের সংস্কার পশ্চাৎ মন্ত্রলেখা বিধেয়। গন্ধ, চন্দন ও পুষ্পদ্বারা ঐস্থলে তারিণীর পূজা করিতে হইবে। সাধক উত্তরাভিমুখ হইয়া পীঠস্থাপনপূর্ব্বক বহুবিধ ও সুশোভন ভক্ষ্যবস্তুদ্বারা তারার পূজা করিলে বালক সত্যবাদী জিতেন্দ্রিয় কবি ও বাগ্মী হইবে। এস্থলে তারিণীপদ উপলক্ষণমাত্র। সমুদায় দেবীবিষয়েই এইরূপ হইবে। বৃহৎশ্রীক্রমাদিতন্ত্রে বালক সংস্কারবিষয় কথিত আছে—বালক জন্মিবার পর তিন দিনের মধ্যে শ্বেতদূর্ব্বাদ্বারা বা স্বর্ণশলাকাদ্বারা মধুদিয়া ভৈরবীর বাগ্‌ভব কূট লিখিতে হইবে। ইহাদ্বারা জ্ঞাত হওয়া যাইতেছে যে, জন্মদিনে অসমর্থ হইলে ত্রিরাত্রির মধ্যে মন্ত্র লেখা যাইতে পারে। কেহ কেহ বলেন যে, একাদশ দিবসে দেবতার পূজা করিয়া মন্ত্র লিখিবে। পিতা যদি দূরদেশে থাকেন, তাহা হইলে পিতৃব্য বা মাতুল মন্ত্র লিখিতে পারিবেন। মহোগ্রে কথিত আছে, পিতা পিতার ভ্রাতা অথবা মাতার ভ্রাতা মন্ত্র লিখিতে পারেন, আর কেহ লিখিতে পারিবেন না। সাধক ব্রাহ্মণগণের সহিত সমবেত হইয়া মাতার ক্রোড়ে দর্ভাস্তরণোপরি সংস্থাপিত বালকের শান্তি করিবেন। "ইমং" পুত্রম্ ইত্যাদি মন্ত্রে কুশোদকদ্বারা শান্তি করিতে হইবে॥

ধনসমৃদ্ধিঃ স্যান্মৃগে মোক্ষফলং লভেৎ। পক্ষিদানে সমৃদ্ধিঃ স্যাদ্গোধিকায়াং মহাফলং। নরে দত্তে মহর্দ্ধিঃ স্যাদষ্টসিদ্ধিরনুত্তমা। এবং জানন্ বলিং দদ্যান্নান্যো হি পরমেশ্বরি। সিংহ-ব্যাঘ্রনরান্ দত্ত্বা ব্রাহ্মণো নরকং ব্রজেৎ। ইতি বচনং। ব্রাহ্মণানাং নরবলিদানে নাধিকারঃ। তথা—চণ্ডালবলিদানেন মহাসিদ্ধিঃ প্রজায়তে। তত্র সলক্ষণং পশুং দেব্যগ্রে সংস্থাপ্য বক্ষ্যমাণেন বিধিনা উৎসৃজেৎ। তদুক্তং জামলে—দেব্যা অগ্রে স্থাপয়িত্বা পশুং লক্ষণসংযুতং। শ্বেতসর্ষপবিক্ষেপাদ্ভূতানুৎসারয়েত্ততঃ। অর্ঘ্যোদকেন সংপ্রোক্ষ্য অস্ত্রমন্ত্রেণ রক্ষণং। কবচেন সমাগুণ্ঠ্য ধেনুমুদ্রামৃতীকৃতং। গন্ধচন্দনপুষ্পাদ্যৈঃ পূজয়িত্বা পশুং ততঃ। বামহস্তেন তং ধৃত্বা সপ্তধা তত্ত্বমুদ্রয়া। প্রোক্ষয়েন্মূলমন্ত্রেণ ততঃ পূজাং সমাচরেৎ। ততঃ শ্বেতসর্ষপেণ ভূতোৎসারণং কৃত্বা অর্ঘ্যোদকেন সংপ্রোক্ষ্যাস্ত্রেণ সংরক্ষ্য কবচেনাবগুণ্ঠ্য ধেনু-মুদ্রয়ামৃতীকৃত্য গন্ধপুষ্পাক্ষতৈঃ সংপূজ্য কর্ণে ইমং মন্ত্রং পঠেৎ। পশুপাশায় বিদ্মহে বিশ্ব-কর্ম্মণে ধীমহি তন্নো জীব প্রচোদয়াৎ। ততো হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায়ৈ নমঃ। ইতি মন্ত্রেণ খড়্গং পূজয়েৎ। ততঃ খড়্গস্যাগ্রমধ্যমূলং ক্রমেণৈব পূজয়েৎ। তথা হুঁ বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ, হুঁ লক্ষ্মীনারায়ণাভ্যাং নমঃ। হুঁ উমামহেশ্বরাভ্যাং নমঃ। ততঃ ব্রহ্মবিষ্ণুশিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ। ইতি সর্ব্বত্র পূজয়েৎ। ততঃ খড়্গং প্রণমেৎ। খড়্গায় খরশাণায় শক্তিকার্য্যার্থতৎপর। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোস্তু তে। ততো

এক্ষণে ছাগাদিবলি কথিত হইতেছে। মুণ্ডমালাতন্ত্রে কথিত আছে, ছাগ বলিপ্রদান করিলে বাগ্মী, মেষ বলিদিলে কবি, মহিষ বলি দিলে ধনসমৃদ্ধি সম্পন্ন, মৃগ বলিদিলে মোক্ষফলভাগী, পক্ষী বলিদান করিলে সমৃদ্ধিশালী, গোধিকা বলিদান করিলে মহাফলভাগী এবং নরবলি দিলে মহাসমৃদ্ধি সম্পন্ন ও অষ্টসিদ্ধির অধিকারী হইতে পারে। এইরূপ বিবেচনা করিয়া বলি প্রদান করিলে সকলের সকল বলিদানে অধিকার নাই। ব্রাহ্মণ যদি সিংহবলি, ব্যাঘ্রবলি বা নরবলি দেন, তাহা হইলে তাঁহাকে নরকে গমন করিতে হয়। এই বচনানুসারে ব্রাহ্মণদিগের নরবলিদানে অধিকার নাই, আরও কথিত আছে, চণ্ডাল বলিদান করিলে মহাসিদ্ধিলাভ হয়। তন্মধ্যে লক্ষণযুক্ত পশু দেবীর সম্মুখে সংস্থাপনপূর্ব্বক বক্ষ্যমাণ বিধানানুসারে উৎসর্গ করিবেন। জামলে কথিত আছে, লক্ষণযুক্ত পশুদেবীর সম্মুখে স্থাপন করিয়া শ্বেতসর্ষপ নিক্ষেপপূর্ব্বক ভূতাপসরণ করিবে। পরে অর্ঘ্যোদকদ্বারা প্রোক্ষণ, ফট্ এই মন্ত্রদ্বারা রক্ষণ, হুঁ এই মন্ত্রদ্বারা অবগুণ্ঠন এবং ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ এই সমুদায় প্রক্রিয়া করিয়া গন্ধ, চন্দন ও পুষ্পাদিদ্বারা পশুর পূজা করিবে। পরে বামহস্তদ্বারা পশু ধরিয়া সাতবার তত্ত্বমুদ্রাদ্বারা প্রোক্ষণপূর্ব্বক পশ্চাৎ মূলমন্ত্রে পূজা করিবে। এইরূপ শ্বেতসর্ষপদ্বারা ভূতাপসরণ, অর্ঘ্যোদকদ্বারা প্রোক্ষণ ফট্ এই মন্ত্রদ্বারা রক্ষণ হুঁ এই মন্ত্রদ্বারা অবগুণ্ঠণ ধেনুমুদ্রাদ্বারা অমৃতীকরণ এবং গন্ধপুষ্পাক্ষতদ্বারা পূজা করিয়া পশ্চাৎ পশুপাশায় বিদ্মহে এই মন্ত্র পশুকর্ণে পাঠ করিবে। পরে হ্রীং কালি কালি বজ্রেশ্বরি লৌহদণ্ডায় নমঃ, এই মন্ত্রে খড়্গের পূজা করিয়া হুঁ বাগীশ্বরীব্রহ্মভ্যাং নমঃ ইত্যাদি মন্ত্র চতুষ্টয়দ্বারা খড়্গের অগ্রভাগ, মধ্যদেশ, মূলপ্রদেশ এবং সর্ব্বাংশে পূজা করিবে। পরে খড়্গায় খরশাণায় এই মন্ত্র পাঠপূর্ব্বক খড়্গকে প্রণাম করিতে হইবে। পরে অমুক দেবতার প্রীতি কামনায় আমি এই

মহাবাক্যং অমুকদেবতা প্রীতিকাম ইমং পশুং তুভ্যমহং সম্প্রদদে ইতি। ততো নিবেদয়েৎ। যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতং। ততো বলিং ছিন্দ্যাৎ ততো রুধিরং সমাংসং বলিং দেব্যৈ দদ্যাৎ। রুধিরদানে স্থাননির্ণয়ঃ। কালিকাপুরাণে—ছাগস্তু বামতো দদ্যা-ন্মহিষস্তু ভবেৎ পুরঃ। দক্ষিণে বামতো দদ্যাদগ্রতো দেহশোণিতং। তথা—সৌবর্ণে রাজতে তাম্রে কাংস্যাধারে তথৈব চ। নিধায় দেব্যৈ দদ্যাত্তু তন্ত্রোক্তং মন্ত্রপূর্ব্বকং। ততো-ঽবশিষ্টং বটুকাদিভ্যো বলিন্দদ্যাৎ। যথা হুঁ বটুকায় নমঃ। ইতি গন্ধাদিভিঃ সংপূজ্য পূর্ব্ববন্মন্ত্রেণ বায়ব্যে বলিন্দদ্যাৎ। হুঁ যাং যোগিনীভ্যো নমঃ ইতি সংপূজ্য ঈশানে পূর্ব্বমন্ত্রেণ বলিং দদ্যাৎ। হুঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। ইতি সংপূজ্য পূর্ব্বমন্ত্রেণ নৈঋত্যাং বলিং দদ্যাৎ। হুঁ গাং গণপতয়ে নমঃ। ইতি সংপূজ্যাগ্নেয্যাং গণেশায় বলিং দদ্যাৎ। স্বগাত্র-রুধিরদানে তু। নাভেরধস্থাদ্রুধিরং পৃষ্ঠভাগস্য চ প্রিয়ে। স্বগাত্ররুধিরং দদ্যান্ন কদাচিত্তু সাধকঃ। নোষ্ঠস্য চিবুকস্যাপি নেন্দ্রিয়াণাং তথৈব চ। কণ্ঠাধোনাভিতশ্চোর্দ্ধহৃদ্ভাগস্য চ যত্নতঃ। পার্শ্বয়োশ্চাপি রুধিরং দুর্গায়ৈ চ নিবেদয়েৎ। ন চ রোগাদিসম্ভূতং নাস্ত্রঘাতাদিজং ভৈরব। ফলস্তু কুমারীতন্ত্রে—গৃহীত্বা শোণিতং পাত্রে স্বকায়হৃদয়োদ্ভবং। পূজয়েত্ত্রিপুরা-দেবীং সর্ব্বসৌভাগ্যহেতবে। তথা—স্বগাত্ররুধিরং দত্ত্বা নত্বা রাজত্বমাপ্নুয়াৎ। অন্যচ্চ—যঃ স্বহৃদয়সংঘাতং মাংসং মাষপ্রমাণতঃ। তিলমুদ্গপ্রমাণস্থা দদ্যাদ্ভক্তিযুতো নরঃ। ষণ্মাসাভ্য-

---

পশু তোমাকে প্রদান করিতেছি, এই মহাবাক্য পাঠপূর্ব্বক নিবেদন করিবে এবং বলিবে, যথোক্ত বিধানানুসারে তোমাকে সমর্পণ করিলাম। অনন্তর পশুচ্ছেদনপূর্ব্বক সমাংসরুধির দেবীকে নিবেদন করিতে হইবে। কালীকাপুরাণে রুধিরদানের স্থান নির্ণীত আছে, যথা—বামদিকে ছাগ ও সম্মুখে মহিষপ্রদান করিতে হইবে। দক্ষিণদিকে, বামদিকে অথবা সম্মুখে দেহশোণিত দিতে হইবে। সুবর্ণপাত্রে, রজতপাত্রে, তাম্রপাত্রে অথবা কাংস্যপাত্রে রুধির স্থাপন করিয়া মন্ত্র পাঠপূর্ব্বক তাহা দেবীকে নিবেদন করিবে। অনন্তর অবশিষ্ট রুধিরদ্বারা বটুকাদির বলি দিতে হইবে। যথা হুঁ বটুকায় নমঃ এই মন্ত্র পাঠপূর্ব্বক গন্ধাদিদ্বারা পূজা করিয়া পূর্ব্ববৎ মন্ত্রে বায়ুকোণে বলিপ্রদান করিবে। হুঁ যাং যোগিনীভ্যো নমঃ এই মন্ত্রে পূজা করিয়া ঈশানকোণে পূর্ব্বমন্ত্রে বলিপ্রদান করিবে। হুঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ এই মন্ত্রে পূজা করিয়া পূর্ব্বমন্ত্রে নৈঋতকোণে বলিদিতে হইবে। হুঁ গাং গণপতয়ে নমঃ এই মন্ত্রে পূজাপূর্ব্বক অগ্নি-কোণে গণেশের বলিপ্রদান করিবে। স্বগাত্ররুধিরদানে বিশেষ এই যে, সাধক কখনই নিজ নাভির অধোভাগের রুধির এবং পৃষ্ঠভাগের রুধির প্রদান করিবে না। ওষ্ঠ, চিবুক ও ইন্দ্রিয়ের রুধির প্রদান করিতে পারিবে না, কণ্ঠের নিম্নে নাভিস্থলের ঊর্দ্ধে হৃদয়স্থলের শোণিত এবং পার্শ্বদ্বয়ের যে শোণিত তাহা দুর্গাকে নিবেদন করিবে। অস্ত্র আঘাত করিলে যে রুধির নির্গত হয় এবং রোগাদি হইতে যে রুধির নিঃসৃত হয়, তাহা নিবেদন করিতে পারিবে না। ইহার ফলিতার্থ কুমারীতন্ত্রে আছে যে, নিজহৃদয়সম্ভূত শোণিত কোন পাত্রে স্থাপনপূর্ব্বক সর্ব্ব-সৌভাগ্য প্রাপ্তির নিমিত্ত ত্রিপুরাদেবীর পূজা করিবে। এইরূপে স্বগাত্ররুধির দানপূর্ব্বক প্রণাম করিলে রাজত্ব লাভ হয়, অপর কথিত আছে, যদি কোন ব্যক্তি ভক্তিযুক্ত হইয়া একমাষপরিমাণ, এক তিলপরিমাণ অথবা এক

ভয়ে তস্য কামমিষ্টং ভবেদিতি। অন্যচ্চ। মদ্যং দত্ত্বা মহাদেব্যৈ ব্রাহ্মণো নরকং ব্রজেৎ। স্বগাত্ররুধিরং দত্ত্বা আত্মহত্যামবাপ্নুয়াৎ। ইতি বলিবিধিঃ॥

অথ কুলাচারোনিরূপ্যতে। কালীতন্ত্রে—অথাচারং প্রবক্ষ্যামি যৎ কৃতেঽমৃতমশ্নুতে। সর্ব্বভূতহিতে যুক্তঃ সময়াচারপালকঃ। অনিত্যকর্ম্মসংযোগী নিত্যানুষ্ঠানতৎপরঃ। মন্ত্রারাধনমাত্রেণ ভক্তিভাবেন তৎপরঃ। পরস্যাং দেবতায়াস্তু সর্ব্বকর্ম্মনিবেদকঃ। অন্যমন্ত্রার্চ্চনে শ্রদ্ধামন্যমন্ত্রপ্রপূজনং। কুলস্ত্রীবীরনিন্দাঞ্চ তদ্দ্রব্যস্যাপহারণং। স্ত্রীষু রোষং প্রহারঞ্চ বর্জ্জয়েন্মতিমান্ সদা। স্ত্রীময়ঞ্চ জগৎ সর্ব্বং স্বয়ং তাবত্তথা ভবেৎ। পেয়ং চর্ব্ব্যং তথা চোষ্যং ভোজ্যং লেহ্যং গৃহং সুখং। সর্ব্বঞ্চ যুবতীরূপং ভাবয়েন্মতিমান্ সদা। কুলজাং যুবতীং বীক্ষ্য নমস্কুর্য্যাৎ সমাহিতঃ। যদি ভাগ্যবশাদ্দেবি কুলদৃষ্টিঃ প্রজায়তে। তদৈব মানসীং পূজাং তত্র তাসাং প্রকল্পয়েৎ। তাসাং ভগাদিদেবীনাং। তথাচ—ভগিনীং ভগচিহ্নাঞ্চ ভগাস্যাং ভগমালিনীং। ভগদস্তাং ভগাক্ষীঞ্চ ভগকর্ণীং ভগত্বচাং। ভগনাসাং ভগস্তনীং ভগস্থাং ভগসর্পিণীং। সংপূজ্য তাভ্যোগন্ধাদ্যৈর্ম্মানসৈগুরুমেব চ। নমস্কৃত্য পুমানেবং ক্ষমস্বেতি ততঃ সুধীঃ। বালাং বা যৌবনোন্মত্তাং বৃদ্ধাং বা সুন্দরীং তথা। কুৎসিতাং বা মহাদুষ্টাং নমস্কৃত্য বিভাবয়েৎ। তাসাং প্রহারং নিন্দাঞ্চ কৌটিল্যমপ্রিয়ং তথা। সর্ব্বথা চ ন কুর্য্যাত্তু চান্যথা সিদ্ধিরোধকৃৎ। স্ত্রিয়ো

মুদ্গপরিমাণ নিজহৃদয়সংজাত মাংস দেবীকে দান করে, ছয়মাসের মধ্যে তাহার সমুদায় কামনা পূর্ণ হয়। অন্যত্র কথিত হইয়াছে, যদি কোন ব্রাহ্মণ দেবীকে মদ্যপ্রদান করেন, তাহাহইলে তিনি নরকগামী হয়েন। যদি তিনি স্বগাত্ররুধির দান করেন, তাহাহইলে আত্মহত্যাপাতকে পাতকী হয়েন, ইতি বলিবিধিঃ॥

অনন্তর কুলাচারনিরূপণ কথিত হইতেছে। কালীতন্ত্রে কথিত আছে—যাহাদ্বারা অমৃত অর্থাৎ মোক্ষপদ লাভ করিতে পারা যায়, তাদৃশ আচার বলিতেছি। সর্ব্বভূতের হিতানুষ্ঠানে নিরত নিযুক্ত থাকিবে, সাময়িক আচার পরিপালন করিবে। অনিত্যফলজনক কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক নিত্যানুষ্ঠানে তৎপর হইবে। ভক্তিযুক্ত ও তৎপর হইয়া সর্ব্বদা মন্ত্রচিন্তা করিবে, নিজ ইষ্টদেবতাতে সমুদায় কর্ম্মসমর্পণ করিতে হইবে। অন্যমন্ত্রার্চ্চনে শ্রদ্ধা, অন্যমন্ত্রপূজা, কুলস্ত্রীনিন্দা, বীরনিন্দা, কুলস্ত্রী ও বীরের দ্রব্য অপহরণ, স্ত্রীলোকের প্রতি ক্রোধ ও স্ত্রীলোককে প্রহার, এই সমুদায় বিষয় মতিমান্ ব্যক্তি সর্ব্বদা পরিত্যাগ করিবে। সমুদায় জগৎ স্ত্রীময় ভাবনাকরিতে হইবে আপনাকেও স্ত্রীময় জ্ঞান করিবে। জ্ঞানবান্ ব্যক্তি চর্ব্ব্য, চোষ্য, লেহ্য, পেয়, ভোজ্য, গৃহ, সুখ সমুদায়ই সর্ব্বদা যুবতীময় ভাবনা করিবে। যুবতী কৌলতনয়া দেখিলে সমাহিতহৃদয়ে নমস্কার করিবে। দেবি! যদি সৌভাগ্যবশতঃ কুলদর্শন হয়, তাহাহইলে তাহাতে তৎক্ষণাৎ ভগিনী, ভগচিহ্না, ভগাস্যা, ভগমালিনী, ভগদস্তা, ভগাক্ষী, ভগকর্ণী, ভগত্বচা, ভগনাসা, ভগস্তনী, ভগস্থা, ভগসর্পিণী এই সমুদায় দেবতার মানসপূজা করিবে। এইরূপে গন্ধাদিদ্বারা মানসপূজা করিয়া গুরুকে প্রণামপূর্ব্বক ক্ষমস্ব বলিয়া বিসর্জ্জন করিবে। বালিকা, যৌবনোন্মত্তা, বৃদ্ধা, সুন্দরী, কুৎসিতা অথবা মহাদুষ্টা রমণীকেও নমস্কার করিয়া ইষ্টদেবতাস্বরূপ ভাবনা করিবে। স্ত্রীলোকের নিন্দা করা, স্ত্রীলোকের

দেবাঃ স্ত্রিয়ঃ প্রাণাঃ স্ত্রিয়শ্চৈব বিভূষণং। স্ত্রীসঙ্গিনা সদা ভাব্যমন্যথা স্বস্ত্রিয়া অপি। বিপরীতরতা সা তু ভবিতা হৃদয়োপরি। তদ্ধস্তাবচিতং পুষ্পং তদ্ধস্তাবচিতং জলং। তদ্ধস্তাবচিতং দ্রব্যং দেবতাভ্যো নিবেদয়েৎ। স্ত্রীদ্বেষো নৈব কর্ত্তব্যো বিশেষাৎ পূজনং মহৎ। জপস্থানে মহাশঙ্খং বিন্যস্যোর্দ্ধে জপঞ্চরেৎ। স্ত্রিয়ং গচ্ছন্ স্পৃশন্ পশ্যন্ বিশেষাৎ কুলজাং শুভাং। ভক্ষ্যান্ তাম্বূলমৎস্যাংশ্চ ভক্ষ্যদ্রব্যান্ যথা রুচি। ভক্তাদ্যশেষভক্ষ্যাণি ভুক্ত্বা শেষং জপঞ্চরেৎ। বীরতন্ত্রে—দিক্‌কালনিয়মো নাত্র স্থিত্যাদিনিয়মো নচ। জপে ন কালনিয়মো নার্চ্চাদিবলিষ্বপি। স্বেচ্ছানিয়ম উক্তশ্চ মহামন্ত্রস্য সাধনে। বস্ত্রাসনস্থানদেহাগারস্পর্শাদিবারিণঃ। শুদ্ধিং ন চাচরেত্তত্র নির্ব্বিকল্পং মনশ্চরেৎ। কুলার্ণবে—কুলাচারগৃহং গত্বা ভক্ত্যা পাপবিশুদ্ধয়ে। যাচয়েদমৃতং কৌলং তদভাবে জলং পিবেৎ। কুলাচার্য্যেণ যদ্দত্তং কৃত্বা পাত্রন্তু ভক্তিতঃ। নমস্কৃত্য চ গৃহ্লীয়াদন্যথা নরকং ব্রজেৎ। অন্যত্রাপি—ন বৃথা গময়েৎ কালং দ্যূতক্রীড়াদিনা সুধীঃ। গময়েদ্দেবতাপূজাজপযাগস্তবাদিনা। বীরাণাং জপযাগস্তু সর্ব্বকালে প্রশস্যতে। সর্ব্বদেশে সর্ব্বপীঠে কর্ত্তব্যা নাত্র সংশয়ঃ। শিবাগমে—শক্তিঃ শিবঃ শিবঃ শক্তিঃ শক্তির্ব্রহ্মা জনার্দ্দনঃ। শক্তিরিন্দ্রো রবিঃ শক্তিঃ শক্তিশ্চন্দ্রো গ্রহা ধ্রুবং। শক্তিরূপং জগৎ সর্ব্বং যো ন জানাতি নারকী। বীরতন্ত্রে—স্নানাদিমানসং

প্রভৃতি কুটিলতাপ্রকাশ করা, স্ত্রীলোকের অপ্রিয়কার্য্য করা, এসমুদায় সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবে। যদি না করে, তাহাহইলে সিদ্ধির ব্যাঘাত হইবে। স্ত্রীলোককে দেবতাস্বরূপ, স্ত্রীলোককে জীবনস্বরূপ, স্ত্রীলোককে বিভূষণস্বরূপ জ্ঞান করিবে, সর্ব্বদা স্ত্রীলোকসমভিব্যাহারে থাকিবে, যদি এরূপ না ঘটিয়া উঠে, তাহাহইলে অন্ততঃ বিবাহিত স্ত্রীসমভিব্যাহারে থাকিবে। এই রমণী বিপরীতরতিতে আসক্তা হইয়া হৃদয়োপরি থাকিবে। রমণী পুষ্পচয়ন করিয়া দিবে, রমণী জল আনিয়া দিবে, রমণী পূজার দ্রব্য আয়োজন করিয়া দিবে; তাহাহইলে সাধক তৎসমুদায় দেবতাকে নিবেদন করিবেন। স্ত্রীলোকের দ্বেষ করা কোনক্রমেই কর্ত্তব্য নহে, বিশেষতঃ সর্ব্বদাই তাহাদিগের পূজা করিতে হইবে। জপস্থানে মহাশঙ্খ স্থাপনপূর্ব্বক জপ করিতে হইবে। স্ত্রীগমন করিয়া, স্ত্রীস্পর্শ করিয়া, স্ত্রীদর্শন করিয়া, বিশেষতঃ কুলজাকন্যাকে ঐ সমুদায় করিয়া মৎস্য, ভক্ষ্যদ্রব্য, তাম্বূল বা অন্নপ্রভৃতি ভক্ষণপূর্ব্বক জপ করিবে। বীরতন্ত্রে কথিত আছে যে, মহামন্ত্রসাধনবিষয়ে দিক্‌কালনিয়ম, স্থানাদিনিয়ম, জপপূজা বা বলির কালনিয়ম কিছুই নাই, স্বেচ্ছাচারই ইহার নিয়ম। এস্থলে বস্ত্র, আসন, স্থান, দেহ, গৃহ, জলস্পর্শ প্রভৃতি কোন শোধনেরই আবশ্যক নাই। পরন্তু মন যাহাতে নির্ব্বিকল্প হয়, তদ্রূপ আচরণ করিবে। কুলার্ণবে কথিত আছে—কুলাচার্য্যগৃহে গমনপূর্ব্বক পাপবিশুদ্ধির নিমিত্ত ভক্তিপূর্ব্বক কৌলের নিকট অমৃতপ্রার্থনা করিবে, যদি অমৃত পাওয়া না যায়, তাহাহইলে অমৃতবোধে জলপান করিবে। কুলাচার্য্য যেরূপ করিয়া পাত্র দিবেন, তাহা ভক্তিপূর্ব্বক নমস্কার করিয়া গ্রহণ করিতে হইবে। এরূপ না করিলে নরকে গমন করিতে হইবে। অন্যত্র কথিত আছে, জ্ঞানবান্ ব্যক্তি দ্যূতক্রীড়াদিদ্বারা বৃথা সময় নষ্ট করিবেন না। পরন্তু দেবতাপূজা, জপ, যজ্ঞ ও স্তবপাঠাদিদ্বারা সময়ক্ষেপ করিবেন। বীরদিগের পক্ষে জপ ও যজ্ঞ সর্ব্বকালেই প্রশস্ত, এই জপযজ্ঞ সর্ব্বদেশে ও সর্ব্বপীঠে কর্ত্তব্য সন্দেহ নাই। শিবাগমে কথিত আছে, শক্তিই শিব, শিবই শক্তি, ব্রহ্মা শক্তি, জনার্দ্দন শক্তি, ইন্দ্র শক্তি, রবি শক্তি, চন্দ্র শক্তি, মহা-

শৌচং মানসপ্রভবো জপঃ। মানসং পূজনং দিব্যং মানসং তর্পণাদিকং। সর্ব্বএব শুভঃ কালোনাশুভো বিদ্যতে ক্বচিৎ। ন বিশেষো দিবারাত্রৌ ন সন্ধ্যায়াং মহানিশি। সর্ব্বদা পূজয়েদ্দেবীমস্নাতঃ কৃতভোজনঃ। মহানিশ্যশুচৌ দেশে বলিং মন্ত্রেণ দাপয়েৎ। যত্তু রাত্রাবেব মহাপূজা কর্ত্তব্যা বীরবন্দিতে। ন দিনে সর্ব্বথা কার্য্যা শাসনান্মম সুব্রতে। তৎ পুনঃ কুলপূজাবিষয়ং। মহানিশা তু তত্রৈব—অর্দ্ধরাত্রাৎপরং যচ্চ মুহূর্ত্তদ্বয়মেব চ। সা মহারাত্রিরুদ্দিষ্টা তদ্দত্তমক্ষয়ন্তু বৈ। গান্ধর্ব্বে—পৃথ্বীমৃতুমতীং বীক্ষ্য সহস্রং যদি নিত্যশঃ। তদা বাদী সুসিদ্ধাস্তহতঃ ক্ষিতিতলং ব্রজেৎ। নিত্যশ ইতি ষোড়শদিনং যাবৎ। পর্ব্বতে হস্তমারোপ্য নির্ভয়ো যতমানসঃ। কবিতাং লভতে সোঽপি অমৃতত্বঞ্চ গচ্ছতি। তত্রাপি সহস্রমিতি সম্বন্ধঃ পৃথ্বীং কুলং পর্ব্বতং স্তনং। অন্যচ্চ। নীলতন্ত্রে—পদ্মং দৃষ্ট্বা তথা বিম্বং খঞ্জনং শিখরং তথা। চামরং রবিবিম্বঞ্চ তিলপুষ্পং সরোরুহং। ত্রিশূলং বীক্ষ্য জপ্ত্বা চ শতশঃ শুদ্ধভাবতঃ। সুখপ্রসাদং সুমুখং সুলোচনং সুহাস্যকং। সুবেশং সুগতিং গন্ধং সুজলং স্বয়মেব চ। লভতে চ যথাসংখ্যং শৃণু পার্ব্বতি সাদরং। পদ্মং মুখং বিম্বমধরং খঞ্জনং চক্ষুঃ শিখরং মস্তকং চামরং কেশং। রবিবিম্বং সিন্দুরং তিলপুষ্পং নাসিকা। সরোরুহং নাভিং ত্রিশূলং ত্রিবলীং। ভাবচূড়ামণৌ—একাকী নির্জ্জনে দেশে শ্মশানে বিজনে বনে। শূন্যাগারে

ধ্রুব শক্তি, এই জগৎ সমুদায়ই শক্তিরূপ, যিনি ইহা না জানেন, তিনি নারকী। বীরতন্ত্রে কথিত আছে—মানসিক স্নানাদি, শৌচ, মানসিক জপ, মানসিক পূজা, মানসিক তর্পণপ্রভৃতি দিব্যভাবের লক্ষণ। বীরদিগের পক্ষে সমুদায় কালই শুভ, অশুভকাল এককালে নাই। দিবা, রাত্রি, সন্ধ্যা বা মহানিশাতে কিছুমাত্র বিশেষ নাই। অস্নাতই হউক, অথবা ভোজন করিয়াই হউক, সর্ব্বদা দেবীর পূজা করিবে। মহানিশাকালে অপবিত্রপ্রদেশে মন্ত্রপাঠপূর্ব্বক বলিপ্রদান করিবে। পরন্ত এই যে বচন আছে, বীরবন্দিতে! রাত্রিকালে মহাপূজা করিবে। সুব্রতে! আমার আজ্ঞাক্রমে দিবসে কোনক্রমেই মহাপূজা করিবে না, ইহা কুলপূজাবিষয়ক। মহানিশা নিরূপিত আছে যথা—রাত্রি দুইপ্রহরের পর দুই মুহূর্ত্তপর্য্যন্ত মহানিশা থাকে। এই সময়ে দান করিলে, তাহা অক্ষয় হয়। যদি ঋতুমতী পৃথিবী দর্শনপূর্ব্বক ষোলদিনপর্য্যন্ত প্রত্যহ সহস্রজপ করে, তাহাহইলে তাহার শত্রু নিহত হইয়া পৃথিবীতে নিহত হয়। যিনি পর্ব্বতে হস্তস্থাপনপূর্ব্বক যত্নসহকারে নির্ভয়হৃদয়ে জপ করিতে পারেন, তিনি কবিতাশক্তি লাভপূর্ব্বক অন্তে মোক্ষভাগী হয়েন। এস্থলেও প্রতিদিন সহস্রজপ করিতে হইবে। এস্থলে পৃথিবী শব্দের অর্থ কুলাগার ও পর্ব্বত শব্দের অর্থ স্তন। নীলতন্ত্রে কথিত আছে, পদ্ম, বিম্ব, খঞ্জন, শিখর, চামর, রবিবিম্ব, তিলপুষ্প, সরোরুহ, ত্রিশূল এই সমুদায় দর্শনপূর্ব্বক বিশুদ্ধহৃদয়ে ক্রমে এক একশত জপ করিলে সুখপ্রসাদ, সুমুখ, সুলোচন, সুহাস্য, সুবেশ, সুগতি, সুগন্ধ, সুজল ও সুখ এই সমুদায় যথাক্রমে লাভ হয়। এস্থলে পদ্ম শব্দে মুখ, বিম্ব শব্দে অধর, খঞ্জন শব্দে চক্ষুঃ, শিখর শব্দে মস্তক, চামর শব্দে কেশ, রবিবিম্ব শব্দে সিন্দূর, তিলপুষ্প শব্দে নাসিকা, সরোরুহ শব্দে নাভি, ত্রিশূল শব্দে ত্রিবলী। ভাবচূড়ামণিতে কথিত আছে, নির্জ্জনপ্রদেশে, শ্মশানে, বিজনবনে, শূন্যাগারে, নদী-

নদীতীরে নিঃশঙ্কো বিহরেৎ সদা। মহাচীনক্রমে দেবীং ধ্যাত্বা তত্র প্রপূজয়েৎ। তৎক্রমোদ্ভবপুষ্পেণ পূজয়েদ্ভক্তিভাবতঃ। স ভবেৎ কুলদেবশ্চ কুলক্রমগতঃ শুচিঃ। ব্রহ্মতরোর্ম্মহাপদ্মে দেবীং ধ্যাত্বা যথাবিধি। তৎস্বধারসধারেণ তর্পয়েন্মাতৃকাননে। মহাচীনক্রমলতাবেষ্টিতঃ সাধকোত্তমঃ। রাত্রৌ যদি জপেন্মন্ত্রং সৈব কল্পলতা ভবেৎ। তিথিক্রমেণ সংখ্যাভির্লতাভির্বেষ্টিতো যদি। তদা মাসেন সিদ্ধিঃ স্যাৎ সহস্রজপমানতঃ। অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং দ্বিগুণং যদি দৃশ্যতে। তত্রৈব মহতী সিদ্ধির্দ্দেবতানাং সুদুর্লভা। কুলচূড়ামণৌ— শৃণু পুত্র রহস্যং মে সময়াচারসম্ভবং। যেন হীনা ন সিদ্ধ্যন্তি জন্মকোটিসহস্রশঃ। মানবঃ কুলশাস্ত্রাণাং কুলচর্য্যানুচারিণাং। উদারচিত্তঃ সর্ব্বত্র বৈষ্ণবাচারতৎপরঃ। পরনিন্দাসহিষ্ণুঃ স্যাদুপকাররতঃ সদা। পর্ব্বতে বিপিনে বাপি নির্জ্জনে শূন্যমণ্ডপে। চতুষ্পথে কলামধ্যে যদি দৈবাদগতির্ভবেৎ। ক্ষণং স্থিত্বা মনুং জপ্ত্বা নত্বা গচ্ছেদ্‌যথাসুখং। গৃধ্রং বীক্ষ্য মহাকালীং নমস্কুর্য্যাদলক্ষিতং। ক্ষেমঙ্করীং তথা বীক্ষ্য জম্বুকীং যমদূতিকাং। কুররীং শ্যেনকাকৌ চ কৃষ্ণমার্জ্জারমেব চ। কৃশোদরি মহাচণ্ডে মুক্তকেশি বলিপ্রিয়ে। কুলাচারপ্রসন্নাস্যে নমস্তে শঙ্করপ্রিয়ে। শ্মশানাঞ্চ শবং কৃত্বা প্রদক্ষিণমনুব্রজন্‌। প্রণম্যানেন মনুনা মন্ত্রী সুখমবাপ্নুয়াৎ। ঘোরদংষ্ট্রে করালাস্যে কোটিশব্দনিনাদিনি। ঘোরঘোররবাস্ফালে নমস্তে চিতিবাসিনি। রক্তবস্ত্রং তথা পুষ্পং বিলোক্য ত্রিপুরাম্বিকাং। প্রণমেদ্দণ্ডবৎ ভূমৌ ইমং মন্ত্রং

তীরে, একাকী নিঃশঙ্কহৃদয়ে সর্ব্বদা বিহার করিবে। মহাচীনবৃক্ষে দেবীর ধ্যানপূর্ব্বক তাহাতে দেবীর পূজা করিবে। মহাচীনক্রমোদ্ভব পুষ্পদ্বারা ভক্তিসহকারে পূজা করিয়া বিশুদ্ধহৃদয়ে কুলক্রমে গমন করিলে কুলদেব হইতে পারা যায়। ব্রহ্মতরুর মহাপদ্মে যথাবিধানে দেবীর ধ্যানপূর্ব্বক তৎস্বধারসধারাদ্বারা মাতৃকাননে তর্পণ করিবে। যদি কোন সাধক মহাচীনক্রমলতাপরিবেষ্টিত হইয়া রাত্রিকালে মন্ত্রজপ করেন, তাহাহইলে ঐ লতা কল্পলতাসদৃশ হয়, যদি কোন সাধক তিথিসংখ্যানুসারে লতাগণে পরিবেষ্টিত হইয়া প্রতিদিন সহস্রজপ করেন, তাহাহইলে একমাসে তাঁহার সম্পূর্ণ সিদ্ধি হয়। অষ্টমী ও চতুর্দ্দশী তিথিতে যদি তাহার দ্বিগুণলতার পূজা করা হয়, তাহাহইলে দেবতাদুর্লভ মহতী সিদ্ধিলাভ হইয়া থাকে। কুলচূড়ামণিতে কথিত আছে—বৎস! সময়াচারবিষয়ক রহস্য বলিতেছি, শ্রবণ কর। এই সময়াচারবিহীন হইলে সহস্রকোটিজন্মেও সিদ্ধিলাভ করিতে পারা যায় না। যে মনুষ্য কুলশাস্ত্র ও কুলাচারের অনুবর্ত্তী হইবেন, তাঁহার কর্ত্তব্য এই যে, সর্ব্ববিষয়ে উদারচিত্ত, বৈষ্ণবাচারপরায়ণ, পরনিন্দাসহিষ্ণু ও সর্ব্বদা পরোপকারে নিরত হয়েন, যদি কোন সময়ে পর্ব্বতে, বিপিনে, নির্জ্জনস্থানে, চতুষ্পথে অথবা কলামধ্যে দৈবযোগে গমন করা হয়, তাহাহইলে সেই স্থলে ক্ষণকাল থাকিয়া মন্ত্রজপপূর্ব্বক নমস্কার করিয়া যথাস্থানে গমন করিবে। গৃধ্রদর্শন করিলে, মহাকালীকে নমস্কার করিতে হইবে। যদি ক্ষেমঙ্করী, জম্বুকী, যমদূতিকা, কুররী, শ্যেন, কাক ও কৃষ্ণমার্জ্জার দর্শন হয়, তাহাহইলে কৃশোদরী, মহাচণ্ডে এই মন্ত্র পাঠপূর্ব্বক প্রণাম করিবে। যদি শ্মশান বা শবদর্শন হয়, তাহাহইলে তাহার অনুগমনপূর্ব্বক প্রদক্ষিণ করিয়া ঘোরদংষ্ট্রে করালাস্যে এই মন্ত্র পাঠপূর্ব্বক প্রণাম করিলে সাধক সুখলাভ করেন। রক্তবস্ত্র বা রক্তপুষ্প দর্শন করিলে ভূমিষ্ঠ হইয়া ত্রিপুরাম্বিকাকে

পঠেন্নরঃ। বন্ধূকপুষ্পসঙ্কাশে ত্রিপুরে ভয়নাশিনি। ভাগ্যোদয়সমুৎপন্নে নমস্তে বরবর্ণিনি। কৃষ্ণবস্ত্রং তথা পুষ্পং রাজানং রাজপুরুষং। হস্ত্যশ্বরথশস্ত্রাণি কলকান্ বীরপুরুষান্। মহিষং কুলদেবঞ্চ দৃষ্ট্বা মহিষমর্দ্দিনীং। প্রণম্য জয়দুর্গাং বা স চ বিঘ্নৈর্ন লিপ্যতে। জয়দেবি জগদ্ধাত্রি ত্রিপুরাদ্যে ত্রিদৈবতে। ভক্তেভ্যো বরদে দেবি মহিষঘ্নি নমোঽস্তু তে। মদ্যভাণ্ডং সমালোক্য মৎস্যং মাংসং বরস্ত্রিয়ং। দৃষ্ট্বা চ ভৈরবীং দেবীং প্রণম্য বিঘ্নবন্মন্তুং। ঘোরবিঘ্নবিনাশায় কুলাচারসমৃদ্ধয়ে। নমামি বরদে দেবি মুণ্ডমালাবিভূষিতে। রক্তধারাসমাকীর্ণবদনে ত্বাং নমাম্যহং। সর্ব্ববিঘ্নহরে দেবি নমস্তে হরবল্লভে। এতেষাং দর্শনেনৈব যদি নৈবং প্রকুর্ব্বতে। শক্তিমন্ত্রং পুরস্কৃত্য তস্য সিদ্ধির্ন জায়তে। তথা কুলচূড়ামণৌ— কুলবারে কুলাষ্টম্যাং চতুর্দ্দশ্যাং বিশেষতঃ। যোগিনীপূজনং তত্র প্রধানং কুলপূজনং। যথা বিষ্ণুতিথৌ বিষ্ণুঃ পূজিতো বাঞ্ছিতপ্রদঃ। তথা কুলতিথৌ দুর্গা পূজিতা বরদায়িনী। কুলবারাদিনিয়মস্তু যামলে—রবিশ্চন্দ্রো গুরুঃ সৌরিশ্চত্বারশ্চাকুলা ইমে। ভৌমশুক্রৌ কুলাখ্যৌ হি বুধবারঃ কুলাকুলঃ। দ্বিতীয়া দশমী ষষ্ঠী কুলাকুলমুদাহৃতং। বিষমাশ্চাকুলাঃ সর্ব্বাঃ শেষাশ্চ তিথয়ঃ কুলাঃ। বারুণার্দ্রাভিজিন্মূলং কুলাকুলমুদাহৃতং। কুলানি সমযোগ্যানি শেষাণি চাকুলানি চ। তিথিবারে চ নক্ষত্রে অকুলে স্থায়িনোঽজয়ঃ। কুলাখ্যে জয়িনো নিত্যং সাম্যঞ্চৈব কুলাকুলে। এবং কুলবারাদিকং জ্ঞাত্বা সাধকঃ কর্ম্ম কুর্য্যাৎ॥

প্রণামপূর্ব্বক 'বন্ধূকপুষ্পসঙ্কাশে' এই মন্ত্রপাঠ করিবে। যদি কৃষ্ণবস্ত্র, কৃষ্ণপুষ্প, রাজা, রাজপুরুষ, তুরঙ্গ, মাতঙ্গ, রথ, শস্ত্র, বীরপুরুষ অথবা কুলদেবের দর্শন হয়, তাহাহইলে 'জয়দেবি জগদ্ধাত্রি' এই মন্ত্রপাঠপূর্ব্বক মহিষমর্দ্দিনী বা জয়দুর্গাকে প্রণাম করিলে সাধক কোন বিঘ্নেই অভিভূত হয়েন না। মদ্যভাণ্ড, মৎস্য, মাংস বা সুন্দরী রমণীদর্শন করিলে 'ঘোরবিঘ্নবিনাশায়' এই মন্ত্র পাঠপূর্ব্বক ভৈরবীদেবীকে প্রণাম করিয়া মন্ত্রজপ করিতে হইবে। যদি কোন সাধক পূর্ব্বোক্ত সমুদায় দর্শন করিয়া বিধানানুরূপ কার্য্য না করেন, তাহাহইলে শক্তিমন্ত্রদ্বারা তাঁহার সিদ্ধিলাভ হয় না। কুলচূড়ামণিতে কথিত আছে, কুলবারে, কুলাষ্টমীতে, বিশেষতঃ চতুর্দ্দশীতিথিতে যোগিনীপূজা এবং কুলপূজা অতীবপ্রশস্ত। যেরূপ বিষ্ণুতিথিতে বিষ্ণুর পূজা করিলে তিনি অভিলষিত বরপ্রদান করেন, সেইরূপ কুলতিথিতে দুর্গার পূজা করিলে তিনিও অভীষ্টবরপ্রদান করিয়া থাকেন। কুলবারাদিনিয়ম জামলে কথিত আছে যথা—রবিবার, সোমবার, বৃহস্পতিবার ও শনিবার এই চারিটি অকুল; মঙ্গলবার ও শুক্রবারকে কুলবার বলা হইয়া থাকে। বুধবার কুলাকুলশব্দে অভিহিত হইয়াছে। দ্বিতীয়া, দশমী ও ষষ্ঠী এই তিন তিথি কুলাকুলশব্দে কথিত আছে। বিষমতিথি সমুদায়ই অকুল, অবশিষ্ট সমুদায় তিথিকে কুলতিথি বলা যায়। বারুণনক্ষত্র, আর্দ্রানক্ষত্র, অভিজিৎ নক্ষত্র এবং মূলানক্ষত্র এই কয়েকটি কুলাকুলশব্দে কথিত আছে। এতদ্ব্যতীত যে সমুদায় সমনক্ষত্র আছে, তাহাদিগকে কুলনক্ষত্র বলা যায়, অবশিষ্ট নক্ষত্রসমুদায় অকুলশব্দে কথিত হইয়া থাকে। তিথি, বার ও নক্ষত্র অকুল হইলে পরাজয়লাভ হয়। কুলবার, কুলতিথি ও কুলনক্ষত্র হইলে নিয়ত জয়লাভ হইয়া থাকে।

অথ শিবাবলিঃ। তদুক্তং কুলচূড়ামণৌ—বিল্বমূলে প্রান্তরে বা শ্মশানে বাপি সাধকঃ। মাংসপ্রধাননৈবেদ্যং সন্ধ্যাকালে নিবেদয়েৎ। কালিকালীতি বক্তব্যে তদ্রোমা শিবরূপিণী। পশুরূপধরায়াতি পরিবারগণৈঃ সহ। ভুক্ত্বা রৌতি যদৈশান্যাং মুখমুত্তোল্য সুস্বরং। তদৈব মঙ্গলং তস্য নান্যথা কুলভূষণ। অবশ্যমন্নদানেন নিয়তং তোষয়েচ্ছিবাং। নিত্যশ্রাদ্ধং তথা সন্ধ্যাবন্দনং পিতৃতর্পণং। তত্রৈব কুলসেব্যানাং নিত্যতা কুলপূজনে। পশুরূপাং শিবাং দেবীং যো নার্চ্চয়তি নির্জ্জনে। শিবারাবেণ তস্যাশু সর্ব্বং নশ্যতি নিশ্চিতং। জপপূজাবিধানানি যৎকিঞ্চিৎ সুকৃতানি চ। গৃহীত্বা শাপমাদায় শিবা রোদিতি নির্জ্জনে। একয়া ভুজ্যতে যত্র শিবয়া দেবভৈরব। তত্রৈব সর্ব্বশক্তীনাং প্রীতিঃ পরমদুর্ল্লভা। পশুশক্তিঃ পক্ষিশক্তির্নরশক্তির্যথাক্রমাৎ। পূজনাৎ বিগুণং কর্ম্ম মঙ্গলং সাধয়েত্ততঃ। তেন সর্ব্বপ্রযত্নেন কর্ত্তব্যং পূজনং মহৎ। রাজাদিভয়মাপন্নে দেশান্তরভয়াদিকে। শুভাশুভানি কর্ম্মাণি বিচিন্ত্য বলিমাহরেৎ। মন্ত্রস্তু—গৃহ্ণ দেবি মহাভাগে শিবে কালাগ্নিরূপিণি। শুভাশুভফলং ব্যক্তং ব্রূহি গৃহ্ণ বলিস্তব। এষমামিষান্নবলিঃ পশুরূপধরায়ৈ নমঃ। এবমুচ্চার্য্য

ঐ সমুদায় কুলাকুল হইলে জয়পরাজয় কিছুই হয় না। সাধক এইরূপ কুলবারাদি পরিজ্ঞাত হইয়া কর্ম্মানুষ্ঠান করিবে॥

অনন্তর শিবাবলি কথিত হইতেছে। কুলচূড়ামণিতে কথিত আছে যে, সাধক সায়ংকালে বিল্বমূলে প্রান্তরে অথবা শ্মশানে গমনপূর্ব্বক শিবারূপিণী দেবীকে মাংসপ্রধান নৈবেদ্য নিবেদন করিবেন। প্রথমতঃ কালি! কালি! এই কথা বলিয়া আহ্বান করিলে শিবারূপিণী দেবী উমা পরিবারগণের সহিত পশুরূপধারণপূর্ব্বক সেই স্থানে আগমন করেন। কুলভূষণ! যদি ঐ বলিদ্রব্য ভোজনপূর্ব্বক শিবা ঈশানকোণে অবস্থান করিয়া মুখ তুলিয়া সুস্বরে ধ্বনি করে, তাহাহইলেই সাধকের মঙ্গল, তদ্ব্যতীত সম্পূর্ণ মঙ্গল নহে। নিয়ত অন্নদানপূর্ব্বক শিবাকে পরিতুষ্ট করা সাধকের অবশ্যকর্ত্তব্য। নিত্যশ্রাদ্ধ, সন্ধ্যাবন্দন ও পিতৃতর্পণ যেরূপ অবশ্যকর্ত্তব্য, কৌলদিগের কুলপূজা সেইরূপ অলঙ্ঘনীয়। যে সাধক পশুরূপিণী দেবী শিবাকে নির্জ্জনে অর্চ্চনা না করেন, শিবারাবদ্বারা তাঁহার সমুদায় পুণ্যকর্ম্ম বিনষ্ট হয় সন্দেহ নাই। শিবাবলি না দিলে শিবা সাধকের জপপূজা ও অন্যান্য সমুদায় সুকৃত লইয়া শাপপ্রদানপূর্ব্বক নির্জ্জনে রোদন করেন। দেবভৈরব! যদি একমাত্র শিবা বলিভোজন করে, তাহাহইলে সমুদায় শক্তিরই যারপর নাই প্রীতি হয় সন্দেহ নাই। যে সাধক যথাক্রমে পশুশক্তি, পক্ষিশক্তি ও নরশক্তির পূজা করেন, তাঁহার সমুদায়কর্ম্ম বিগুণ হইলেও মঙ্গলকর হয়, সন্দেহ নাই। অতএব সর্ব্বপ্রযত্নে সর্ব্বশক্তির পূজা করা অবশ্যকর্ত্তব্য। যে সময়ে রাজভয়, দেশান্তরভয় বা অন্যকোন ভয় উপস্থিত হয়, সেই সময়ে শুভ হইবে কি না মানস করিয়া শিবাবলিপ্রদান করিবে। শিবাবলিমন্ত্রের অর্থ যথা—"কালাগ্নিরূপিণি মহাভাগে দেবি শিবে! তোমার বলি গ্রহণ কর এবং আমার শুভাশুভফল ব্যক্ত করিয়া বল। এই সামিষান্ন বলি পশুরূপধরা শিবাকে নিবেদন করিতেছি"। এই মন্ত্রপাঠপূর্ব্বক কৌলপ্রিয় দ্রব্যদ্বারা শিবাবলিপ্রদান করিতে হইবে। বৎস! শিবা যদি সেই বলিভোজন না করেন, তাহাহইলে শুভ হইবে না। যদি সমুদায় বলিদ্রব্য নিঃশেষরূপে ভোজন করেন,

দাতব্যো বলিঃ কুলজনপ্রিয়ঃ। যদি ন ভুজ্যতে বৎস তদা নৈব শুভং ভবেৎ। শুভং যদি ভক্তেত্র ভুজ্যতে তদশেষতঃ। এবং জ্ঞাত্বা মহাদেব শান্তিস্বস্ত্যয়নং চরেৎ। ইতি শিবাবলিঃ॥

কুলধর্ম্ম সর্ব্বত্র গোপনীয়ং। তথাচ নীলতন্ত্রে। নির্জ্জনে চৈব কর্ত্তব্যং ন চৈবং জনসন্নিধৌ। কিম্বা পক্ষিপতঙ্গাদিদর্শনে নৈব কারয়েৎ। পাতালমণ্ডপে বাপি গহ্বরে সুনিয়ন্ত্রিতে। নিশ্ছিদ্রমণ্ডপে বাপি কর্ত্তব্যং ন চ সন্নিধৌ। কুলপুষ্পং কুলদ্রব্যং কুলপূজাং কুলং জপং। কুলং কুলপতিঞ্চৈব কুলমালাং কুলাকুলং। কুলচক্রং কুলধ্যানং সর্ব্বথা ন প্রকাশয়েৎ। প্রকাশাৎ সিদ্ধিহানিঃ স্যাৎ প্রকাশান্নিধনাদিকং। প্রকাশান্মন্ত্রনাশঃ স্যাৎ প্রকাশাৎ কুলহিংসনং। প্রকাশান্মৃত্যুলাভঃ স্যান্ন প্রকাশ্যং কদাচন। পূজাকালে চ দেবেশি যদি কোপ্যত্র গচ্ছতি। দর্শয়েদ্বৈষ্ণবীং মুদ্রাং বিষ্ণুন্যাসং তথা স্তবং। প্রকাশাদ্‌যদি গুপ্তিঃ স্যাত্তৎপ্রকাশান্ন দূষণং। গোপনাদ্‌যদি ব্যক্তিঃ স্যান্ন গুপ্তিঃ সা বিধীয়তে। কদাচিদ্দেহহানিস্তু ন চাগুপ্তিঃ কদাচন। বরং পূজা ন কর্ত্তব্যা ন চ ব্যক্তিঃ কদাচন॥

অথ প্রাতঃকৃত্যং। সাধকঃ প্রাতরুত্থায় কুলবৃক্ষং প্রণম্য চ। কুলবৃক্ষো যথা—পাদাঘাতাদশকো বদনমদিরয়া কেশরঃ কর্ণিকারঃ শ্রীচূতৌ বীক্ষ্য দোর্ভ্যাং তিলকতরুনমেরুঃ স্যাৎ পিয়ালশ্চ গীত্যা। সংলাপাৎ কর্ণিকারঃ কুরুবকতরুরালিঙ্গনাৎ সিন্ধুবারঃ কাদম্বঃ কামিনীনামু-

---

তাহাহইলে অভীষ্টবিষয়ে শুভ হইবে, সন্দেহ নাই। মহাদেব! এইরূপ দেখিয়া অশুভলক্ষণ দৃষ্ট হইলে শান্তিস্বস্ত্যয়ন করিতে হইবে। ইতি শিবাবলি॥

কুলমার্গ সর্ব্বতোভাবে গোপন করিতে হইবে। নীলতন্ত্রে কথিত আছে যথা—কুলকর্ম্মসমুদায় নির্জ্জনস্থানেই অনুষ্ঠান করিতে হইবে, লোকসমক্ষে করা কোনক্রমেই বিধেয় নহে। এমন কি, পক্ষি-পতঙ্গপ্রভৃতির সম্মুখেও কুলকার্য্যের অনুষ্ঠান করিবে না। ভূমধ্যস্থিত গৃহে, গহ্বরমধ্যস্থ নিয়মিতস্থানে অথবা ছিদ্ররহিতগৃহে অনুষ্ঠান করিবে; জনসমক্ষে করিবে না। কুলপুষ্প, কুলদ্রব্য, কুলপূজা, কুলজপ, কুলপতি, কুলমালা, কুলচক্র, কুলধ্যান, কুলাকুল ওকুল এসমুদায় কোনক্রমেই প্রকাশ করিবে না; প্রকাশ করিলে সিদ্ধিহানি হইবে। এমন কি, এতদ্‌সমুদায় প্রকাশদ্বারা মৃত্যুপ্রভৃতিও হইতে পারে। কুলাচারপ্রকাশ করিলে মন্ত্রনাশ, কুলহিংসা ও মৃত্যু হইতে পারে। অতএব কোনক্রমেই কুলাচারপ্রকাশ করা কর্ত্তব্য নহে। পূজাকালে যদি কোন ব্যক্তি আগমন করে, তাহাহইলে সেই সময়ে বিষ্ণুমুদ্রাপ্রদর্শন, বিষ্ণুন্যাস ও বিষ্ণুস্তব করিবে। যে স্থলে প্রকাশ করিলেই আচারগোপন হয়, সে স্থলে প্রকাশ করা দূষিত নহে, যে স্থলে গোপন করিতে গেলে আচারপ্রকাশ হইয়া পড়ে, সে স্থলে গোপন করা অনুচিত। বরঞ্চ দেহহানি হয়, তাহাও শ্রেয়ঃ, তথাপি কুলাচারপ্রকাশ করা কর্ত্তব্য নহে। বরং পূজা করিবে না, তথাপি যাহাতে আচার ব্যক্ত হয়, এরূপ পূজা করা অবিধেয়॥

অনন্তর প্রাতঃকৃত্য কথিত হইতেছে। সাধক প্রাতঃকালে উঠিয়া কুলবৃক্ষকে প্রণাম করিবেন। কুলবৃক্ষ যথা—রমণীর পদাঘাতে অশোকবৃক্ষ, বদনমদিরা-সেকে কেশরবৃক্ষ ও কর্ণিকারবৃক্ষ, দর্শনদ্বারা বিল্ববৃক্ষ, হস্তস্পর্শদ্বারা আম্রবৃক্ষ; সঙ্গীতদ্বারা তিলক, নমেরু ও পিয়ালবৃক্ষ, বাক্যদ্বারা কর্ণিকারবৃক্ষ, আলিঙ্গনদ্বারা কুরুবকবৃক্ষ, স্পর্শদ্বারা

জয়তি নিয়তং স্পর্শনাচ্ছপাপাধী। তথাচ শ্রুতিঃ। দশকুলবৃক্ষাণামনুপদ্রবঃ। দশকুলবৃক্ষো যথা—শ্লেষ্মাতককরঞ্জৌ চ বিল্বাশ্বত্থকদম্বকাঃ। নিম্বো বটোডুম্বরৌ চ ধাত্রী চিঞ্চা দশ স্মৃতাঃ। মূলাদিব্রহ্মরন্ধ্রান্তং কুলং ধ্যাত্বা গুরুং স্মরেৎ। প্রহ্লাদানন্দনাথাখ্যং সনকানন্দমেব চ। কুমারানন্দনাথাখ্যং বশিষ্ঠানন্দনাথকং। ক্রোধানন্দঃ সুখানন্দো জ্ঞানানন্দস্ততঃপরং। বোধানন্দমথাভ্যর্চ্চ্য ধ্যায়েৎ কুলমুখোপরি। মহাসবরসোল্লাসহৃদয়া ঘূর্ণলোচনাঃ। কুলালিঙ্গনসংভিন্নচূর্ণিতাশেষতামসাঃ। কুলশিষ্যৈঃ পরিবৃতাঃ পূর্ণান্তঃকরণোদ্যতাঃ। বরাভয়োদ্যতকরাঃ কুলতন্ত্রার্থবাদিনঃ। এবং কুলগুরুং নত্বা বিসৃজ্য কুলনায়িকাং। কুলস্থানং সমাশ্রিত্য স্নানার্থং তীর্থমাশ্রয়েৎ। আত্মবিদ্যাশিবৈস্তত্ত্বৈরাচম্যান্তং সমাপয়েৎ। কুলার্ণবে। কুলসূর্য্যায় দেবায় ত্রিরর্ঘ্যন্তু প্রদাপয়েৎ। দেবানৃষীন্ পিতৄংশ্চৈব তর্পয়েৎ কুলবারিণা। কুলচূড়ামণৌ। আচান্তঃ কুলদর্ভেণ সদর্ভঃ কুলপুত্রকঃ। কুলপাত্রং সদূর্ব্বঞ্চ সতিলং সজলং তথা। গৃহীত্বা কুলদেব্যাশ্চ প্রীতয়ে স্নানমাচরেৎ। কৃতসঙ্কল্প এবাসৌ কুলচক্রং জলে ন্যসেৎ। কুলস্থানাৎ সমানীয় কুলমুদ্রাঙ্কুশেন চ। কুলতীর্থানি তত্রৈব সমাবাহ্য শিবাত্মকং। তত্তোয়ঞ্চ ত্রিধা পীত্বা ত্রিধা চ প্রোক্ষণং তনোঃ। স্বতন্ত্রেপি। মূলং পঠন্ মূর্দ্ধ্নি তোয়ং মুদ্রয়া কুম্ভসংজ্ঞয়া। ক্ষিপ্ত্বা বারত্রয়ং দেবি আচামেৎ সাধকাগ্রণীঃ। ইতি কুলাচারঃ॥

অথ দ্বিতীযাগো নিরূপ্যতে। তত্রাদৌ বিজয়াস্বীকারঃ। তথাচ বিজয়াকল্পে। সম্বিদা-

---

সিদ্ধুবার ও কদম্বরক্ষ বিকসিত ও পল্লবিত হয়। শ্রুতিতে আছে যে, দশবিধ কুলবৃক্ষের প্রতি উপদ্রব করিবে না। দশবিধ কুলবৃক্ষ যথা—শ্লেষ্মাতক, করঞ্জ, বিল্ব, কদম্ব, নিম্ব, বট, অশ্বত্থ, উড়ুম্বর, ধাত্রী ও চিঞ্চা। প্রথমতঃ মূলাধার অবধি ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত কুলকুণ্ডলিনীর ধ্যান করিয়া গুরুধ্যান করিবে। গুরুসম্প্রদায় যথা—প্রহ্লাদানন্দনাথ, সনকানন্দনাথ, কুমারানন্দনাথ, বশিষ্ঠানন্দনাথ, ক্রোধানন্দনাথ, সুখানন্দনাথ, জ্ঞানানন্দনাথ, বোধানন্দনাথ, ইহাঁদিগকে সহস্রারে ধ্যান করিতে হইবে। ইহাঁরা সকলেই মহাসবরসে উল্লাসিতহৃদয় ও ঘূর্ণিতলোচন। কুলালিঙ্গনদ্বারা ইহাঁদের সকলেরই তামসিকভাব বিদূরিত হইয়াছে। ইহাঁরা সকলেই কুলশিষ্যে পরিবৃত, পূর্ণান্তঃকরণ, শিষ্যউদ্ধারে সমুদ্যত, বরাভয়হস্ত ও কুলতন্ত্রার্থবাদী। এইরূপে কুলগুরুধ্যানপূর্ব্বক কুলনায়িকা কুণ্ডলিনীকে যথাস্থানে স্থাপন করিয়া কুলস্থান আশ্রয়পূর্ব্বক স্নানের নিমিত্ত তীর্থ আশ্রয় করিবে। পরে আত্মতত্ত্ব, শিবতত্ত্ব ও বিদ্যাতত্ত্বদ্বারা আচমনপূর্ব্বক অন্তান্ত স্নানবিধি সমাপন করিবে। কুলার্ণবে কথিত আছে—কুলসূর্য্যকে তিনবার অর্ঘ্যপ্রদান করিয়া কুলবারিদ্বারা দেবগণ, ঋষিগণ ও পিতৃগণের তর্পণ করিবে। কুলচূড়ামণিতে কথিত আছে—কৌলব্যক্তি আচমনপূর্ব্বক কুলদর্ভদ্বারা সদর্ভ হইয়া দূর্ব্বা, তিল ও জলসহিত কুলপাত্রগ্রহণপূর্ব্বক কুলদেবীর প্রীতির নিমিত্ত স্নান করিবে। প্রথমতঃ মানসিক সংকল্প করিয়া কুলস্থান হইতে অঙ্কুশমুদ্রা আনয়নপূর্ব্বক জলে চক্র অঙ্কিত করিতে হইবে। ঐ জলে কুলতীর্থসমুদায়ের আবাহন করিয়া শিবাত্মক ঐ জলদ্বারা তিনবার আচমনপূর্ব্বক তিনবার শরীর প্রোক্ষিত করিবে। স্বতন্ত্রতন্ত্রে কথিত আছে—দেবি! মূলমন্ত্রপাঠপূর্ব্বক কুম্ভমুদ্রাদ্বারা আপনার মস্তকে তিনবার জলক্ষেপপূর্ব্বক সাধক আচমন করিবে। ইতি কুলাচার॥

এক্ষণে দ্বিতীযাগ নিরূপিত হইতেছে। তন্মধ্যে প্রথমতঃ বিজয়াস্বীকার করিতে হইবে। বিজয়াকল্পে কথিত

নবয়োর্মধ্যে সম্বিদেব গরীয়সী। সম্বিৎপ্রয়োগস্তেনেহ পূজাদৌ সাধকোত্তমৈঃ। কর্ত্তব্যশ্চ মহাপূজা করণীয়া সুনিশ্চিতৈঃ। অয়ং প্রয়োগঃ পূজাদৌ কুলীনৈঃ কর্ত্তব্যঃ। অন্যত্রাপি—আনন্দেন বিনা ভ্রংশো ন চ তৃপ্যন্তি দেবতাঃ। সা চ চতুর্ব্বিধা—ব্রাহ্মণীক্ষত্রিয়াবৈশ্যাশূদ্রাঃ শুক্লরক্তপীতকৃষ্ণপুষ্পভেদৈঃ। তাসাং শুদ্ধিস্তু বিজয়াকল্পে—সম্বিদে ব্রহ্মসম্ভূতে ব্রহ্মপুত্রি সদানঘে। ভৈরবাণাঞ্চ তৃপ্ত্যর্থং পবিত্রা ভব সর্ব্বদা। ওঁ ব্রহ্মাণ্যৈ নমঃ স্বাহেতি শোধয়েৎ। সিদ্ধমূলকরে দেবি হীনবোধপ্রবোধিনি। রাজপুত্রি বশঙ্করি শত্রুকণ্ঠত্রিশূলিনি। ঐং ক্ষত্রিয়ায়ৈ নমঃ স্বাহা শোধয়েদপরাং ততঃ। অজ্ঞানেন্ধনদীপ্তাগ্নি-জ্ঞানাগ্নিজ্বলরূপিণি। আনন্দস্যাহুতিং মহ্যং সম্যগ্‌জ্ঞানং প্রযচ্ছ মে। ক্লীং বৈশ্যায়ৈ নমঃ স্বাহা বৈশ্যাঞ্চ শোধয়েৎ পরাং। নমস্যামি নমস্যামি যোগমার্গপ্রদর্শিনি। ত্রৈলোক্যবিজয়ে মাতঃ সমাধিফলদা ভব। শ্রীং শূদ্রায়ৈ নমঃ স্বাহেতি শূদ্রাঞ্চ পরিশোধয়েৎ। ততঃ সর্ব্বাসাং শোধনং। অমৃতে অমৃতোদ্ভবে অমৃতবর্ষিণি পদং ততঃ। অমৃতমাকর্ষয় দ্বন্দ্বং সিদ্ধিং দেহি ততঃপরং। অমুকং মে ততো ব্রূয়াদ্বশমানয় তৎপরং। দ্বিঠান্তোঽয়ং মনুঃ প্রোক্তঃ সর্ব্বাসামিহ শোধনে। জ্ঞানে প্রত্যেকেন তত্তন্মন্ত্রেণ প্রত্যেকং শোধয়েৎ। অজ্ঞানে মনেন শোধয়েৎ। উত্তরতন্ত্রে—মূলমন্ত্রং সপ্তবারং তস্যোপরি নিয়োজয়েৎ। আবাহনাদিমুদ্রাঞ্চ ধেনুং যোনিং ততঃ পরং। দিগ্বন্ধনং ছোটিকাভিস্তালত্রয়পুরঃসরং। দিব্যদৃষ্ট্যা পার্ষ্ণিঘাতৈঃ সর্ব্বান্ বিঘ্নান্ নিরস্য চ। সপ্তধা তর্পয়েদ্ ব্রহ্মরন্ধ্রে মূলং জপেন্মনুং। গুরুং পদ্মে সহস্রারে তথা সঙ্কেতমুদ্রয়া। ত্রিবারং তর্পয়েদ্ভক্ত্যা সাধকঃ সিদ্ধিমানসঃ। মূলমিষ্টদেবতামন্ত্রমুচ্চার্য্য অমুকদেবতাং তর্পয়ামি। এবং গুরুঞ্চ তর্পয়েৎ। ততঃ সঙ্কেতমুদ্রয়া তত্ত্বমুদ্রয়া তৎ স্বীকুর্য্যাৎ। যথা ঐং বদ বদ বাগ্বাদিনি

ধ্বর্য্যমণ্ডলে লইয়া যাইবে। পরে সহস্রদলকমলের অন্তর্গত চন্দ্রহইতে গলিত অমৃতধারাদ্বারা মূলমন্ত্র স্মরণপূর্ব্বক অভিষেক করিবে। অনন্তর বিবিধবিষয়রূপ কুসুমসমূহদ্বারা অর্চ্চনাপূর্ব্বক তৎক্ষণাৎ তন্ময় হইয়া যাইবে। এস্থলে তন্ময়তাবুদ্ধিই ন্যাস। পরন্ত সোঽহংভাবে পূজা করিতে হইবে। তন্ময়তার অর্থ একত্বজ্ঞান। সোঽহংভাব যথা,—কুলকুণ্ডলিনীশক্তিতে মন্ত্রাক্ষরসমুদায় গ্রথিত আছে ভাবনা করিতে হইবে। ঐ কুণ্ডলিনীশক্তি পরমানন্দময়, পরমাকাশে অবস্থান করিতেছেন, তিনি সাধকের আত্মাহইতে অভিন্ন, এইরূপ ভাবনা করিতে হইবে; পূজা হোম কিছুই করিতে হইবে না। বিষয়পুষ্প যথা।—অমায়া অর্থাৎ মায়ার অভাব, অনহঙ্কার অর্থাৎ অহঙ্কারাভাব, অরাগ অর্থাৎ অনুরাগাভাব, অমদ অর্থাৎ মত্ততাভাব, অমোহ, অদম্ভ, অনিন্দা, অক্ষোভ, অমাৎসর্য্য, অলোভ, এই দশবিধ পুষ্প। এতদ্ব্যতীত অহিংসা, ইন্দ্রিয়নিগ্রহ, দয়া, ক্ষমা, জ্ঞান, এই পাঁচটি পরমপুষ্প। এই পঞ্চদশপুষ্পদ্বারা পূজা করিতে হইবে॥

অনন্তর হোমবিধি কথিত হইতেছে। নাভিস্থলে আত্মাকে অপরিচ্ছিন্ন ভাবনা করিয়া আত্মা, অন্তরাত্মা, পরমাত্মা ও জ্ঞানাত্মা এই চতুরস্র চিৎকুণ্ড, আনন্দমেখলাযুক্ত, অর্দ্ধমাত্রাকৃতি-যোনিবিভূষিত নাভিস্থলে ভাবনা করিয়া তন্মধ্যবর্ত্তী জ্ঞানরূপ অগ্নিতে হোম করিবে। তন্মধ্যে প্রথম আহুতির মন্ত্র "নাভিচৈতন্যরূপাগ্নৌ" ইত্যাদি। দ্বিতীয় আহুতির মন্ত্র "ধর্ম্মাধর্ম্ম" ইত্যাদি; তৃতীয় আহুতির মন্ত্র "প্রকাশাকাশহস্তাভ্যাং" ইত্যাদি; চতুর্থ আহুতির মন্ত্র "অন্তর্নিরন্তরনিরিন্ধন" ইত্যাদি। এইরূপে অন্তর্যাগ করিয়া সাধক সাক্ষাৎ ব্রহ্মময় হইবেন। তিনি কোন

তস্য পাপপুণ্যানি জীবন্মুক্তো ভবেদ্ধ্রুবং। অয়ং অন্তর্যাগো জ্ঞানিনামেব। অথান্তঃ-পঞ্চমকারযজনপ্রকারঃ। তদুক্তং কুলার্ণবে। অন্তর্যজনে সুরা শক্তিঃ শিবো মাংসং তদ্ভোক্তা ভৈরবঃ স্বয়ং।। তয়োরৈক্যে সমুৎপন্ন আনন্দো মোক্ষ উচ্যতে। আনন্দং ব্রহ্মণো রূপং তচ্চ দেহে ব্যবস্থিতং। তস্যাভিব্যঞ্জকং দ্রব্যং যোগিভিস্তেন পীয়তে। লিঙ্গত্রয়বিশেষজ্ঞঃ ষট্চক্রপদ্মভেদকঃ। পীঠস্থানানি চাগত্য মহাপদ্মবনং ব্রজেৎ। আমূলাধারমাব্রহ্মরন্ধ্রং গত্বা পুনঃপুনঃ। চিচ্চন্দ্রকুণ্ডলীশক্তিসামরস্যসুখোদয়ঃ। ব্যোমপঙ্কজনিস্যন্দসুধাপানরতো নরঃ। মধুপানমিদং দেবি চেতরং মদ্যপানকং। পুণ্যাপুণ্যং পশুং হত্বা জ্ঞানখড়্গেন যোগবিৎ। পরে লয়ং নয়েচ্চিত্তং পলাশীতি নিগদ্যতে। মানসাদীন্দ্রিয়গণং সংযম্যাত্মনি যোজয়েৎ। মাংসাশী স ভবেদ্দেবি ইতরে প্রাণঘাতকাঃ। পরশক্ত্যাত্মমিথুনসংযোগানন্দ-নির্ভরাঃ। মুক্তাস্তে মৈথুনং তৎ স্যাদিতরে স্ত্রীনিষেবকাঃ॥

অথ কুমারীপূজা। জ্ঞানার্ণবে—হোমাদিকং হি সকলং কুমারীপূজনং বিনা। পরিপূর্ণ-ফলং ন স্যাৎ পূজয়া তৎ ভবেদ্ধ্রুবং। কুমারীপূজয়া দেবি ফলং কোটিগুণং ভবেৎ। পুষ্পং কুমার্য্যৈ যদ্দত্তং তন্মেরুসদৃশং ফলং। কুমারী ভোজিতা যেন ত্রৈলোক্যং তেন ভোজিতং॥

পাপপুণ্যে লিপ্ত হইবেন না। তিনি জীবন্মুক্ত হইয়া উঠিবেন। এই অন্তর্যাগ জ্ঞানীদিগেরই কর্ত্তব্য। অন্তঃপঞ্চম-কারসাধনপ্রকার যথা।—কুলার্ণবে কথিত আছে, অন্তর্যাগস্থলে কুণ্ডলিনীশক্তিই সুরা, পরমশিবই মাংস, স্বয়ং ভৈরব তাহার ভোক্তা, যে সময় শিবশক্তির যোগ হয়, সেই সময় মোক্ষমূল আনন্দপ্রকাশ হইয়া থাকে। আনন্দই ব্রহ্মের স্বরূপ। এই আনন্দ সাধকের দেহেই অবস্থান করিতেছে। সুরা ইহার ব্যঞ্জক, এই নিমিত্ত যোগীরা সুরাপান করিয়া থাকেন। যিনি স্বয়ম্ভূলিঙ্গ, বাণলিঙ্গ, ইতরলিঙ্গ এই লিঙ্গত্রয়ের বিষয় অবগত আছেন, যিনি ষট্চক্রভেদ করিতে সমর্থ, যিনি পীঠস্থান সমুদায় অতিক্রমপূর্ব্বক মহাপদ্মবনে বিহার করিতে পারেন, যিনি মূলাধার হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত পুনঃপুনঃ গমন করিয়া চিন্ময় পরশিবের সহিত কুণ্ডলিনীশক্তির সামরস্য সম্পাদন-পূর্ব্বক সহস্রদলকমলমধ্যগত চন্দ্রমণ্ডল হইতে পীযূষধারা পান করেন, তাঁহারই মধুপান করা হয়। অপরে যে দ্রব্য আনিয়া পান করে, তাহা মদ্যপান। যে যোগী জ্ঞানরূপ খড়্গদ্বারা পুণ্য ও পাপরূপ পশু বলিদানপূর্ব্বক পরব্রহ্মে চিত্তলয় করেন, তাঁহারই মাংসভক্ষণ করা হয়। অথবা যে ব্যক্তি মনঃপ্রভৃতি সমুদায় ইন্দ্রিয়গণকে সংযমপূর্ব্বক আত্মাতে যোজনা করেন, তিনিই মাংসাশী। অপর ব্যক্তিকে প্রাণিঘাতক বলা যায়। যিনি পরশক্তির সহিত পর-শিবের সংযোগ করিয়া আনন্দপূর্ণ হয়েন, তিনিই মুক্ত। তাঁহারই মৈথুন করা হয়, যাহারা মৈথুনের নিমিত্ত শক্তি আনয়ন করে, তাহাদিগকে স্ত্রীসেবক বলা যায়।

অনন্তর কুমারীপূজা কথিত হইতেছে। জ্ঞানার্ণবে কথিত আছে, কুমারীপূজাব্যতিরেকে পূজাহোমপ্রভৃতির সম্পূর্ণ ফল হয় না। কুমারীপূজা করিলে পূজাহোমপ্রভৃতির সম্পূর্ণ ফল হইয়া থাকে। এমন কি, কুমারীপূজাদ্বারা কোটিগুণ ফললাভ হয়। কুমারীকে একটী পুষ্পদান করিলে সুমেরুসদৃশ পুণ্যলাভের ফল হয়। যিনি কুমারীকে ভোজন [illegible]

তত্র কুমারীনির্ণয়ো যামলে।—একবর্ষা ভবেৎ সন্ধ্যা দ্বিবর্ষা সা সরস্বতী। ত্রিবর্ষা চ ত্রিধামূর্ত্তিশ্চতুর্ব্বর্ষা চ কালিকা। সুভগা পঞ্চবর্ষা তু ষড়্‌বর্ষা তু উমা ভবেৎ। সপ্তভির্ম্মালিনী সাক্ষাদষ্টবর্ষা তু কুব্জিকা। নবভিঃ কালসন্দর্ভা দশভিশ্চাপরাজিতা। একাদশে চ রুদ্রাণী দ্বাদশাব্দে তু ভৈরবী। ত্রয়োদশে মহালক্ষ্মীর্দ্বিসপ্তা পীঠনায়িকা। ক্ষেত্রজ্ঞা পঞ্চদশভিঃ ষোড়শে চাম্বিকা স্মৃতা। এবং ক্রমেণ সংপূজ্য যাবৎ পুষ্পং ন বিদ্যতে। প্রতিপদাদিপূর্ণান্তং বৃদ্ধিভেদেন পূজয়েৎ। মহাপর্ব্বসু সর্ব্বেষু বিশেষাচ্চ পবিত্রকে। মহানবম্যাং দেবেশি কুমারীং চ প্রপূজয়েৎ। তত্র পূজাক্রমঃ। কুমারীমানীয় ঐঁকারেণ জলং তত্তন্নাম্না দেবীবুদ্ধ্যা দদ্যাৎ। হ্রীঁকারেণ তথা পাদ্যং শ্রীঁকারেণ চার্ঘ্যং হ্‌বীজেন চন্দনং ঐঁকারেণ পুষ্পাণি হেসৌঃ মন্ত্রেণ ধূপদীপৌ দদ্যাৎ। ততঃ ষড়ঙ্গেন পূজয়েৎ। তদ্‌যথা ঐঁ হ্রীঁ শ্রীঁ ক্রীঁ হেসৌঃ কুলকুমারিকে হৃদয়ায় নমঃ। হৈঁ বৈঁ দ্রৈঁ শ্রীঁ হ্রীঁ ঐঁ স্বাহা শিরসে স্বাহা। ওঁ হ্রীঁ শিখায়ৈ বষট্। ঐঁ বাগীশ্বরি কবচায় হুঁ। ঐঁ কুলেশ্বরি নেত্রত্রয়ায় বৌষট্। হ্রীঁ অস্ত্রায় ফট্। তত ঐঁ সিদ্ধজয়ায় পূর্ব্ববক্ত্রায় নমঃ। ঐঁ জয়ায় উত্তরবক্ত্রায় নমঃ। ঐঁ হ্রীঁ শ্রীঁ কুব্জিকে পশ্চিমবক্ত্রায় নমঃ। ঐঁ কালিকে দক্ষবক্ত্রায় নমঃ। বাগ্‌ভবেন পুরক্ষোভং মায়াবীজে গুণাষ্টকং। শ্রিয়ো বীজে শ্রিয়া লাভঃ হুঁবীজেনারিসংক্ষয়ঃ। ভৈরবেণ চ বীজেন খগত্বমমরাদিভিঃ। কুমারিকা ত্বহং নাথ সদা ত্বং হি কুমারিকা। অষ্টোত্তরশতং বাপি একাং বাপি প্রপূজয়েৎ। পূজিতাঃ প্রতিপূজ্যন্তে নির্দ্দহন্ত্যবমা-

---

তাঁহার ত্রিলোকস্থ লোককে ভোজন করান হয়। কুমারীনির্ণয় যথা যামলে।—একবর্ষীয়া কন্যার নাম সন্ধ্যা, দ্বিবর্ষীয়া কন্যার নাম সরস্বতী, ত্রিবর্ষীয়া কন্যার নাম ত্রিধামূর্ত্তি, চতুর্ব্বর্ষীয়া কন্যার নাম কালিকা, পঞ্চবর্ষীয়া কন্যার নাম সুভগা, ষড়্‌বর্ষীয়া কন্যার নাম উমা, সপ্তবর্ষীয়া কন্যার নাম মালিনী, অষ্টবর্ষীয়া কন্যার নাম কুব্জিকা, নববর্ষীয়া কন্যার নাম কালসন্দর্ভা, দশবর্ষীয়া কন্যার নাম অপরাজিতা, একাদশবর্ষীয়া কন্যার নাম রুদ্রাণী, দ্বাদশবর্ষীয়া কন্যার নাম ভৈরবী, ত্রয়োদশবর্ষীয়া কন্যার নাম মহালক্ষ্মী, চতুর্দ্দশবর্ষীয়া কন্যার নাম পীঠনায়িকা, পঞ্চদশবর্ষীয়া কন্যার নাম ক্ষেত্রজ্ঞা, ষোড়শবর্ষীয়া কন্যার নাম অম্বিকা। কন্যা যে পর্য্যন্ত পুষ্পবতী না হয়, সেই পর্য্যন্ত তাহাকে এই ক্রম অনুসারে কুমারীপূজা করিতে হইবে। প্রতিপৎ তিথি অবধি পূর্ণিমাপর্য্যন্ত তিথিবৃদ্ধির অনুরূপ বয়োবৃদ্ধি অনুসারে সন্ধ্যাপ্রভৃতি পঞ্চদশ কুমারীর পূজা করিবে। দেবেশি! মহাপর্ব্বদিবসে, পবিত্রদিবসে, মহানবমীতে কুমারীপূজা করিবে। পূজাক্রম যথা।—কুমারীকে আনয়নপূর্ব্বক ঐঁ এই বীজপাঠ করিয়া সন্ধ্যাপ্রভৃতি নাম উচ্চারণপূর্ব্বক দেবীবোধে জলপ্রদান করিবে; পরে হ্রীঁ বীজদ্বারা পাদ্য, শ্রীঁ বীজদ্বারা অর্ঘ্য, হ্‌ঁ বীজদ্বারা চন্দন, ঐঁ বীজদ্বারা পুষ্প এবং হেসৌঃ বীজদ্বারা ধূপদীপাদি প্রদান করিবে। অনন্তর ঐঁ হ্রীঁ শ্রীঁ ইত্যাদিমন্ত্রে ষড়ঙ্গপূজা করিতে হইবে। পরে ঐঁ সিদ্ধজয়ায় ইত্যাদিমন্ত্রে পূর্ব্বমুখাদির পূজা করিবে। ঐঁ বীজদ্বারা পূজা করিলে পুরক্ষোভ হয়। মায়াবীজদ্বারা পূজা করিলে আটগুণ ফললাভ করিতে পারা যায়। শ্রীঁ এই বীজদ্বারা পূজা করিলে লক্ষ্মীলাভ হয়। হুঁ বীজদ্বারা পূজা করিলে শত্রুক্ষয় হইয়া থাকে। হেসৌঃ বীজদ্বারা পূজা করিলে দেবগণের সহিত আকাশপথে গমন করিবার সামর্থ্য-

লিতাঃ। কুমারী যোগিনী সাক্ষাৎ কুমারী পরদেবতা। অসুরা দুষ্টনাগাশ্চ যে যে দুষ্টগ্রহা অপি। ভূতবেতালগন্ধর্ব্বা ডাকিনীযক্ষরাক্ষসাঃ। যাশ্চান্যা দেবতাঃ সর্ব্বাঃ ভূর্ভুবঃ স্বশ্চ ভৈরবাঃ। পৃথিব্যাদীনি সর্ব্বাণি ব্রহ্মাণ্ডং সচরাচরং। ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। তে তুষ্টাঃ সর্ব্বতুষ্টাশ্চ যস্তু কন্যাং প্রপূজয়েৎ। বিধিযুক্তং কুমারীস্তু ভোজয়েচ্চৈব ভৈরবি। পাদ্যমর্ঘ্যং তথা ধূপং কুঙ্কুমং চন্দনং শুভং। ভক্তিভাবেন সংপূজ্য কুমারীভ্যো নিবেদয়েৎ। প্রদক্ষিণত্রয়ং কুর্য্যাদাদৌ মধ্যে তথান্ততঃ। পশ্চাচ্চ দক্ষিণা দেয়া রজতং স্বর্ণমৌক্তিকৈঃ। দক্ষিণাঞ্চ কুমারীভ্যো দদ্যাৎ প্রক্রমতস্তথা। বিবাহয়েৎ স্বয়ং কন্যাং ব্রহ্মহত্যাং ব্যাপোহতি। গোহত্যা স্ত্রীহত্যা চ সর্ব্বং পাপং বিনশ্যতি। যো যচ্চ পুণ্যকালে তু কন্যাদানং প্রকল্পয়েৎ। ভুক্তিমুক্তিফলং তস্য সৌভাগ্যং সর্ব্বসম্পদঃ। রুদ্রলোকে বসেন্নিত্যং ত্রিনেত্রো ভগবান্ হরঃ। তীর্থকোটিসহস্রাণি অশ্বমেধশতানি চ। তৎফলং লভতে মর্ত্ত্যো যস্তু কন্যাং বিবাহয়েৎ। বালুকাসাগরং জ্ঞেয়ং তাবদব্দসহস্রকং। একৈকং কুলমুদ্ধৃত্য রুদ্রলোকে মহীয়তে। কন্যাদানস্তু তত্তদ্দেবতাপ্রীতয়ে ইতি সম্প্রদায়বিদঃ। বস্তুতস্তু তত্তদ্বর্ণীয়ারাঃ কন্যারাস্তত্তদ্রূপ্যা শিবরূপত্বং সম্প্রদানীয়েতি বিভাব্য দদ্যাদিতি রহস্যার্থঃ॥

অথ যোগপ্রক্রিয়া। গৌতমীয়ে। গৌতম উবাচ। দেবর্ষে যোগযুক্তাত্মন্ যোগাম্বু-

---

লাভ হয়। নাথ! আমিই কুমারী, তুমিও কুমারী, অর্থাৎ সমুদায় কুমারীই তোমার ও আমার অংশ। অষ্টোত্তরশত কুমারী, অথবা একটি কুমারীর পূজা করা কর্ত্তব্য। যাঁহারা কুমারীর পূজা করেন, তাঁহারা সর্ব্বত্র পূজিত হয়েন। কুমারীকে অবজ্ঞা করিলে তিনি সবংশে ধ্বংস করিয়া ফেলেন। কুমারীই সাক্ষাৎ যোগিনী, কুমারীই সাক্ষাৎ পরমদেবতা। কুমারীপূজা করিলে তদ্দ্বারা অসুরগণ, দুষ্টনাগগণ, দুষ্টগ্রহগণ, ভূতগণ, বেতালগণ, গন্ধর্ব্বগণ, ডাকিনীগণ, যক্ষগণ, রাক্ষসগণ, সমুদায় দেবগণ, ভূলোক, ভুবর্লোক, স্বর্লোক, ভৈরবগণ, পৃথিবীপ্রভৃতি সমুদায় চরাচর ব্রহ্মাণ্ড, ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর, সদাশিব, সকলেই সর্ব্বতোভাবে পরিতুষ্ট হয়েন। অতএব ভৈরবি! কুমারীকে যথাবিধানে ভোজন করাইবে। ভক্তিভাবে কুমারীর পূজা করিয়া পাদ্য, অর্ঘ্য, ধূপ, কুঙ্কুম, চন্দনপ্রভৃতি নিবেদন করিবে। প্রথমে, মধ্যে এবং শেষে তিনবার ঐ কুমারীকে প্রদক্ষিণ করিবে। অনন্তর স্বর্ণ, রৌপ্য অথবা মুক্তা কুমারীকে দক্ষিণা প্রদান করিবে। যিনি কন্যার বিবাহ দিয়াছেন, তাঁহার ব্রহ্মহত্যা, গোহত্যা, স্ত্রীহত্যাপ্রভৃতির সমুদায় পাপধ্বংস হয়। যে ব্যক্তি পুণ্যকালে কন্যাদান করেন, তাঁহার সমুদায় ভোগমোক্ষ ও সর্ব্ববিধ সৌভাগ্যসম্পত্তিলাভ হইয়া থাকে। যে ব্যক্তি কন্যার বিবাহ দেন, তিনি ত্রিনেত্র ও ভগবান্ মহাদেবের সমকক্ষ হইয়া নিরত রুদ্রলোকে বাস করেন। যিনি কন্যার বিবাহ দেন, তিনি সহস্রকোটি তীর্থের ও শত অশ্বমেধের ফললাভ করেন। যিনি কন্যার বিবাহ [illegible] তিনি এক এককুল উদ্ধার করিয়া সমুদ্রে যতগুলি বালুকা আছে, তত সহস্রবৎসর রুদ্রলোকে পূজিত হইয়া থাকেন। সাম্প্রদায়িকেরা বলিয়া থাকেন, এই কন্যাদান তত্তদ্দেবতার প্রীতির উদ্দেশে করিতে হইবে। বস্তুতঃ তত্তদ্বর্ণীয়া কন্যাকে সন্ধ্যাপ্রভৃতি দেবমূর্ত্তিভাবনাপূর্ব্বক জামাতাকে তত্তৎশিবরূপ ভাবনা করিয়া সম্প্রদান করিতে হইবে। ইহাই রহস্য অর্থ।

অনন্তর যোগপ্রক্রিয়া কথিত হইতেছে। গৌতমীয়তন্ত্রে গৌতম কহিলেন, দেবর্ষে! আপনি সর্ব্বদা যোগযুক্ত,

ভবদর্শক। সাংখ্যযোগবিশেষজ্ঞ কর্ম্মযোগনিষেবক। বিনা যোগং ন সিদ্ধ্যেত্তু কুণ্ডলীচং-ক্রমঃ প্রভো। মূলপদ্মে কুণ্ডলিনী যাবন্নিদ্রায়িতা প্রভো। তাবৎ কিঞ্চিন্ন সিদ্ধ্যেত যন্ত্র-মন্ত্রার্চ্চনাদিকং। জাগর্ত্তি যদি সা দেবী বহুভিঃ পুণ্যসঞ্চয়ৈঃ। তদা প্রসাদমায়াতি যন্ত্রমন্ত্রার্চ্চনাদয়ঃ। শিববদ্বিহরেল্লোকেষষ্টৈশ্বর্য্যসমন্বিতঃ। যোগযোগাত্তবেন্মুক্তির্মন্ত্র-সিদ্ধিরখণ্ডিতা। সিদ্ধে মনৌ পরাবাপ্তিরিতি শাস্ত্রার্থনির্ণয়ঃ। তস্মাৎ কার্য্যং পরং যোগং কথয়স্ব মুনীশ্বর। মুক্তাত্মা যেন বিহরেৎ স্বর্গে মর্ত্ত্যে রসাতলে। জীবন্মুক্তশ্চ দেহান্তে নির্ব্বাণপদমাপ্নুয়াৎ। নারদ-উবাচ। কথয়ামি তব স্নেহাৎ যোগযোগ্যোঽসি গৌতম। সংসারোত্তারণে যুক্তির্যোগশব্দেন কথ্যতে। ঐক্যং জীবাত্মনোরাহুর্যোগং যোগবিশারদাঃ। তব স্নেহাৎ সমাখ্যাতা যোগবিঘ্নকরাস্ত্বিমে। কামক্রোধলোভমোহমদমাৎসর্য্যসংজ্ঞকাঃ। যোগাঙ্গৈরেভির্নির্জ্জিত্য যোগিনো যোগমাপ্নুয়ুঃ। যমনিয়মাবাসনপ্রাণায়ামৌ ততঃপরং। প্রত্যাহারং ধারণাখ্যং ধ্যানং সার্দ্ধং সমাধিনা। অষ্টাঙ্গান্যাহুরেতানি যোগিনো যোগ-সাধনে। অহিংসা সত্যমস্তেয়ং ব্রহ্মচর্য্যং দয়ার্জ্জবং। ক্ষমা ধৃতির্ম্মিতাহারঃ শৌচং চেতি যমা দশ। তপঃ সন্তোষ আস্তিক্যং দানং দেবস্য পূজনং। সিদ্ধান্তশ্রবণঞ্চৈব হ্রীর্ম্মতিশ্চ জপো হুতং। দশৈতে নিয়মাঃ প্রোক্তা যোগশাস্ত্রবিশারদৈঃ। আসনানি পূর্ব্বোক্তানি।

আপনি সর্ব্বদাই যোগানুভবপ্রদর্শন করিয়া থাকেন, আপনি সাখ্যযোগের বিশেষ বিবরণ অবগত আছেন, আপনি সর্ব্বদা কর্ম্মযোগেরও অনুষ্ঠান করেন। প্রভো! যোগব্যতিরেকে কুণ্ডলিনীর গমনাগমন সিদ্ধ হয় না। যে পর্য্যন্ত কুণ্ডলিনী মূলাধারে নিদ্রিতা থাকেন, সে পর্য্যন্ত যন্ত্রমন্ত্র পূজাপ্রভৃতি কিছুই সিদ্ধ হয় না। বহুপুণ্যফলে যদি সেই কুণ্ডলিনীশক্তি জাগরিতা হয়েন, তাহাহইলে যন্ত্রমন্ত্র পূজাপ্রভৃতি সমুদায়ই সফল হয়। যে সাধকের কুণ্ডলিনী জাগ-রিতা হইয়াছেন, তিনি অষ্টৈশ্বর্য্যসমন্বিত হইয়া শিবের ন্যায় সমুদায়লোকে বিহার করেন। যোগাভ্যাসদ্বারা সম্পূর্ণরূপে মন্ত্রসিদ্ধি ও মুক্তিলাভ হইয়া থাকে। সমুদায়শাস্ত্রে আছে, মন্ত্রসিদ্ধি হইলে পরমপুরুষার্থ লাভ হয়। দেবর্ষে! এ স্থলে কোন্ যোগ অনুষ্ঠান করিতে হইবে, আপনি বলুন। কিরূপ যোগ অনুষ্ঠান করিলে মুক্ত হইয়া স্বর্গ, মর্ত্ত্য ও পাতালে বিহার করিতে পারা যায়? কোন্ যোগদ্বারা সাধক জীবন্মুক্ত হইয়া দেহাবসানে নির্ব্বাণপদ-লাভ করিতে পারেন? নারদ কহিলেন, গৌতম! তুমি যোগাভ্যাস করিবার যোগ্যপাত্র; আমি তোমার প্রতি স্নেহনিবন্ধন যোগ বলিতেছি, শ্রবণ কর। সংসার-সাগর হইতে উদ্ধারবিষয়ে যে যুক্তি, তাহাই যোগশব্দে অভিহিত হইয়া থাকে। যোগবিশারদ ব্যক্তিরা বলিয়া থাকেন, জীবাত্মা ও পরমাত্মার যে ঐক্য, তাহাকেই যোগ বলা যায়। যাহাদ্বারা যোগের বিঘ্ন হয়, তাহা স্নেহনিবন্ধন তোমাকে বলিতেছি। কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই গুলিই যোগের বিঘ্নকারী। যোগীরা যোগাঙ্গদ্বারা এই সমুদায় বিঘ্ননিরাসপূর্ব্বক যোগসিদ্ধি লাভ করেন। যোগীরা বলিয়া থাকেন, যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি এই আটটী অঙ্গ। অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য, দয়া, ঋজুতা, ক্ষমা, ধৃতি, মিতাহার ও শৌচ এই দশটিকে যম বলা যায়। তপস্যা, সন্তোষ, আস্তিকতা, দান, দেবপূজা, সিদ্ধান্তবাক্যশ্রবণ, হ্রী, মতি, জপ ও হোম যোগশাস্ত্রবিশারদ ব্যক্তিরা এই দশটিকে

ইড়য়াকর্ষয়েদ্বায়ুং বাহ্যং ষোড়শমাত্রয়া। ধারয়েৎ পূরিতং যোগী চতুঃষষ্ট্যা চ মাত্রয়া। সুষুম্নামধ্যগং সম্যক্ দ্বাত্রিংশন্মাত্রয়া শনৈঃ। নাড্যা পিঙ্গলয়া চৈনং রেচয়েদ্‌যোগবিত্তমঃ। প্রাণায়ামমিদং প্রাহুর্যোগশাস্ত্রবিশারদাঃ। ভূয়োভূয়ঃ ক্রমাত্তস্য ব্যত্যাসেন সমাচরেৎ। মাত্রাবৃদ্ধিঃ ক্রমেণৈব সম্যগ্ দ্বাদশ ষোড়শ। জপধ্যানাদিভির্যুক্তং সগর্ভং তং বিদুর্বুধাঃ। তদপেতং নিগর্ভঞ্চ প্রাণায়ামং পরং বিদুঃ। ক্রমাদস্য ততঃ পুংসো দেহে স্বেদোদ্গমোঽধমঃ। মধ্যমঃ কম্পসংযুক্তো ভূমিত্যাগঃ পরো মতঃ। উত্তমস্য গুণাবাপ্তির্যাবচ্ছীলনমিষ্যতে। ইন্দ্রিয়াণাং বিচরতাং বিষয়েষু নিরর্গলং। বলাদাহরণং তেভ্যঃ প্রত্যাহারো বিধীয়তে। অঙ্গুষ্ঠগুল্‌ফজানূরুসীবনীলিঙ্গনাভিষু। হৃদ্‌গ্রীবাকণ্ঠদেশেষু লম্বিকায়াং তথা নসি। ভ্রূমধ্যে মস্তকে মূর্দ্ধ্নি দ্বাদশান্তে যথাবিধি। ধারণং প্রাণমরুতো ধারণেতি নিগদ্যতে। সমাহিতেন মনসা চৈতন্যান্তরবর্ত্তিনা। আত্মন্যভীষ্টদেবানাং ধ্যানং ধ্যানমিহোচ্যতে। সমত্বভাবনা নিত্যং জীবাত্মপরমাত্মনোঃ। সমাধিমাহুর্ম্মুনয়ঃ প্রোক্তমষ্টাঙ্গলক্ষণং। ইত্যাদি কথিতং বিপ্র কামাদিষট্‌কনাশনং। ইদানীং কথয়ে তেঽহং মন্ত্রযোগমনুত্তমং। বিশ্বং শরীরমিত্যুক্তং পঞ্চভূতাত্ম [illegible]ং মুনে। চন্দ্রসূর্য্যাগ্নিতেজোভির্জীবব্রহ্মৈক্যরূপকং। তিস্রঃ কোট্যস্তদর্দ্ধেন

নিয়ম বলিয়া থাকেন। আসনের বিষয় পূর্ব্বেই বলা হইয়াছে। এক্ষণে প্রাণায়াম কথিত হইতেছে। ষোলবার জপ করিতে করিতে ইড়ানাড়ীদ্বারা বহিঃস্থিত বায়ু আকর্ষণ করিবে। পরে ঐ বায়ু সুষুম্নামধ্যে ধারণপূর্ব্বক চতুঃষষ্টিবার জপ করিবে। পরে যোগী পিঙ্গলানাড়ীদ্বারা ঐ বায়ুপরিত্যাগ করিতে করিতে দ্বাত্রিংশদ্বার জপ করিবেন। যোগবিশারদ ব্যক্তিরা ইহাকেই প্রাণায়াম বলেন। পুনঃপুনঃ এই পূরকরেচকের পরিবর্ত্তিত করিতে হইবে। অর্থাৎ প্রথমতঃ ইড়াদ্বারা পূরক করিয়া পিঙ্গলাদ্বারা রেচক করিবে। তৎপরে পিঙ্গলাদ্বারা পূরণ করিয়া ইড়াদ্বারা রেচক করিতে হইবে। অনন্তর ক্রমশঃ অভ্যাসদ্বারা দ্বাদশ বা ষোড়শমাত্রা বৃদ্ধি করিবে। এই প্রাণায়ামে জপধ্যানপ্রভৃতি আছে বলিয়া ইহাকে সগর্ভ প্রাণায়াম বলা যায়। যাহাতে জপধ্যানপ্রভৃতি নাই, তাহাকে নিগর্ভ প্রাণায়াম বলিয়া থাকে। এই প্রাণায়াম অভ্যাস করিতে করিতে ঘর্ম্মোদ্গম হয়। ইহা অধমসিদ্ধির লক্ষণ। মধ্যমসিদ্ধিকালে শরীর কম্পিত হইতে থাকে। অনন্তর যখন ভূমিত্যাগ করিয়া শূন্যে উত্থিত হয়, তখন তাহাকে উত্তমসিদ্ধি বলা যায়। যে পর্য্যন্ত এই উত্তমসিদ্ধি লাভ না হয়, সেই পর্য্যন্ত প্রাণায়াম অভ্যাস করিতে হইবে। ইন্দ্রিয়গণ নিরর্গলরূপে বিষয়সমূহে বিচরণ করিতেছে। বিষয় হইতে ইন্দ্রিয়গণের যে বলপূর্ব্বক আকর্ষণ, তাহার নাম প্রত্যাহার। অঙ্গুষ্ঠ, গুল্‌ফ, জানু, ঊরু, সীবনী, লিঙ্গ, নাভি, হৃদয়, গ্রীবা, কণ্ঠ, লম্বিকা ও নাসিকা এই দ্বাদশ বায়ুধারণ করিয়া পশ্চাৎ ভ্রূমধ্যে, মস্তকে এবং সহস্রারে যথাবিধানে বায়ুধারণ করিবে। এইরূপ প্রাণবায়ুধারণের নাম ধারণা। চৈতন্যান্তর্ব্বর্ত্তী মনকে আত্মাতে সমাহিত রাখিয়া ইষ্টদেবতার যে ধ্যান, তাহাকেই ধ্যান বলা যায়। মুনিগণ বলিয়া থাকেন, জীবাত্মা ও পরমাত্মার যে একত্বচিন্তা, তাহার নাম সমাধি। এই আমি তোমার নিকট অষ্টাঙ্গলক্ষণ কহিলাম। এই অষ্টাঙ্গদ্বারা কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য সমুদায় বিনষ্ট হয়। মুনে! এক্ষণে তোমার নিকট মন্ত্রযোগ বলিতেছি, এই পঞ্চভূতময় শরীর ভূমি ব্রহ্মাণ্ডবৎ অভি-

শরীরে নাড়্যো মতাঃ। তাসু মুখ্যা দশ প্রোক্তাস্তাসু তিস্রো ব্যবস্থিতাঃ। প্রধানমেরুদণ্ডেহত্র চন্দ্রসূর্য্যাগ্নিরূপিণী। ইড়া বামে স্থিতা নাড়ী শুভ্রা তু চন্দ্ররূপিণী। শক্তিরূপা চ সা নাড়ী সাক্ষাদমৃতবিগ্রহা। দক্ষিণে পিঙ্গলাখ্যা তু পুংরূপা সূর্য্যবিগ্রহা। দাড়িমীকুসুমপ্রখ্যা বিষাখ্যা মুনিভিঃ স্মৃতা। মেরুমধ্যে স্থিতা যা তু মূলাদাব্রহ্ম বিগ্রহা। সর্ব্বতেজোময়ী সা তু সুষুম্না বহুরূপিণী। তস্যা মধ্যে বিচিত্রাখ্যা অমৃতস্রাবিণী শুভা। সর্ব্বদেবময়ী সা তু যোগিনাং হৃদয়ঙ্গমা। বিসর্গাদ্বিন্দুপর্য্যন্তমেতত্তিষ্ঠতি তত্ত্বতঃ। মূলাধারে ত্রিকোণাখ্যে ইচ্ছাজ্ঞানক্রিয়াত্মিকাঃ। মধ্যে স্বয়ম্ভূলিঙ্গন্তু কোটিসূর্য্যসমপ্রভং। তদূর্দ্ধে কামবীজন্তু কলসান্তীন্দুনাদকং। তদূর্দ্ধে তু শিখাকারা কুণ্ডলী ব্রহ্মবিগ্রহা। তদ্বাহ্যে হেমবর্ণাভং বস-বর্ণং চতুর্দ্দলং। দ্রুতহেমসমপ্রখ্যং পদ্মং তত্র বিভাবয়েৎ। তদূর্দ্ধেহগ্নিসমপ্রখ্যং ষড়্দলং হীরকপ্রভং। বাদিলান্তষড়্বর্ণেন যুক্তাধিষ্ঠানসংজ্ঞকং। মূলমাধারষট্কানাং মূলাধারং ততো বিদুঃ। স্বশব্দেন পরং লিঙ্গং স্বাধিষ্ঠানং ততো বিদুঃ। তদূর্দ্ধে নাভিদেশে তু মণিপূরং মহৎপ্রভং। মেঘাভং বিদ্যুতাভঞ্চ বহুতেজোময়ন্ততঃ। তৎপদ্মং মণিবদ্ভিন্নং মণিপূরং তথোচ্যতে। দশভিশ্চ দলৈর্যুক্তং ডাদিফান্তাক্ষরান্বিতং। শিবেনাধিষ্ঠিতং পদ্মং বিশ্ব-

---

স্থিত হইয়া থাকে। চন্দ্র, সূর্য্য ও অগ্নির তেজোদ্বারা জীবব্রহ্মের ঐক্য সম্পাদিত হয়। এই শরীরে সার্দ্ধত্রিকোটি নাড়ী আছে। তাহার মধ্যে দশটি নাড়ী প্রধান। তন্মধ্যেও তিনটি নাড়ী প্রধানতম বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে। চন্দ্র, সূর্য্য ও অগ্নিরূপিণী এই তিন নাড়ী প্রধান মেরুদণ্ড আশ্রয়পূর্ব্বক অবস্থান করিতেছে। যে নাড়ী বামভাগে অবস্থান করিতেছে, তাহা চন্দ্ররূপিণী, শুক্লবর্ণা, শক্তিরূপা ও অমৃতময়ী; ইহার নাম ইড়া। যে নাড়ী দক্ষিণদিকে অবস্থান করিতেছে, তাহা সূর্য্যরূপিণী, দাড়িমকুসুমবর্ণা, পুরুষরূপা ও বিষময়ী, ইহাকে পিঙ্গলানাড়ী বলা যায়। যে নাড়ী মূলাধার হইতে আরম্ভ করিয়া মেরুদণ্ডমধ্য দিয়া ব্রহ্মরন্ধ্রে গমন করিয়াছে, তাহার নাম সুষুম্না। এই নাড়ী সর্ব্বতেজোরূপিণী ও বহুরূপিণী। এই সুষুম্নানাড়ীর মধ্যে বিচিত্রানামে এক নাড়ী আছে। এই নাড়ী অমৃতস্রাবিণী ও সর্ব্বদেবময়ী; যোগী-গণই ইহা [illegible] করিয়া থাকেন। এই বিচিত্রানাড়ী বিসর্গস্থান হইতে আরম্ভ করিয়া বিন্দুস্থানপর্য্যন্ত ব্যাপিয়া রহিয়াছে। মূলাধারপদ্মে একটি ত্রিকোণ আছে, ইহার তিনদিকে ইচ্ছাশক্তি, ক্রিয়াশক্তি ও জ্ঞানশক্তি। এই ত্রিকোণের মধ্যস্থলে কোটিসূর্য্যসমবর্ণন স্বয়ম্ভূলিঙ্গ অবস্থান করিতেছেন। এই ত্রিকোণের [illegible] এই কাম-বীজ রহিয়াছে। স্বয়ম্ভূলিঙ্গের ঊর্দ্ধদেশে অগ্নিশিখাকারা ব্রহ্মরূপিণী কুণ্ডলিনীশক্তি অবস্থান করিতেছেন। ইহার বহির্দ্দেশে চতুর্দ্দলে ব, শ, ষ, স, এই বর্ণচতুষ্টয় রহিয়াছে, এই পদ্ম গলিতসুবর্ণের ন্যায় সমবর্ণ ভাবনা করিবে। এই মূলাধারের ঊর্দ্ধদেশে অগ্নির ন্যায় তেজঃসম্পন্ন, হীরকের ন্যায় নির্ম্মল ষড়্দলপদ্ম রহিয়াছে। ইহার নাম অধিষ্ঠানচক্র। ব, ভ, ম, য, র, ল, [illegible] ষড়্দলে রহিয়াছে। চতুর্দ্দলপদ্ম আধারষট্কের মূল বলিয়া ইহা মূলাধারপদ্ম অভিহিত হইয়া থাকে। স্বশব্দে পরমলিঙ্গ; তাহার উপরি অধিষ্ঠান বলিয়া দ্বিতীয়চক্রের নাম স্বাধিষ্ঠানচক্র। ইহার [illegible] নাভিদেশে মণিপূরনামে অতীব প্রভাসম্পন্ন দশদলপদ্ম রহিয়াছে। ইহার বর্ণ মেঘের ন্যায় ও বিদ্যুতের ন্যায় [illegible] বহুবিধ তেজোময়। এই পদ্ম মণির ন্যায় ভিন্নবর্ণ হইয়াছে বলিয়া ইহার নাম মণিপূর। এই পদ্মের [illegible]

লোকৈককারণং। তদূর্দ্ধেহনাহতং পদ্মমুদ্যদাদিত্যসন্নিভং। কাদিঠান্তাক্ষরৈরর্কপত্রৈশ্চ সমধিষ্ঠিতং। তন্মধ্যে বাণলিঙ্গন্তু সূর্য্যাযুতসমপ্রভং। শব্দব্রহ্মময়ং শব্দোহনাহতস্তত্র দৃশ্যতে। অনাহতাখ্যং পদ্মং তৎ মুনিভিঃ পরিকীর্ত্ত্যতে। আনন্দসদনং তত্তু পুরুষাধিষ্ঠিতং পরং। তদূর্দ্ধন্তু বিশুদ্ধাখ্যং দলং ষোড়শপঙ্কজং। স্বরৈঃ ষোড়শকৈর্যুক্তং ধূম্রবর্ণৈর্ম্মহৎপ্রভং। বিশুদ্ধিং তনুতে যস্মাজ্জীবস্য হংসলোচনং। বিশুদ্ধং পদ্মমাখ্যাতং আকাশাখ্যং মহৎ পরং। আজ্ঞাচক্রং তদূর্দ্ধে তু আত্মনাধিষ্ঠিতং পরং। আজ্ঞাসংক্রমণং তত্র গুরোরাজ্ঞেতি কীর্ত্তিতং। কৈলাসাখ্যং তদূর্দ্ধে তু বোধনীস্তু তদূর্দ্ধতঃ। এবঞ্চ শিবচক্রাণি প্রোক্তানি তব সুব্রত। সহস্রারাম্বুজং বিন্দুস্থানং তদূর্দ্ধমীরিতং। ইত্যেতৎ কথিতং সর্ব্বং যোগমার্গমনুত্তমং। আদৌ পূরকযোগেন স্বাধারে যোজয়েন্মনঃ। গুদমেঢ্রান্তরে শক্তিং তামাকুঞ্চ্য প্রবুদ্ধয়েৎ। লিঙ্গভেদক্রমেণৈব বিন্দুচক্রন্তু প্রাপয়েৎ। শম্ভুনা তাং পরাং শক্তিমেকীভাবং বিচিন্তয়েৎ। তত্রোত্থিতামৃতরসং দ্রুতলাক্ষারসোপমং। পায়য়িত্বা চ তাং শক্তিং কৃষ্ণাখ্যাং যোগসিদ্ধিদাং। ষট্চক্রদেবতাস্তত্র সন্তর্প্যামৃতধারয়া। আনয়েত্তেন মার্গেণ মূলাধারং ততঃ সুধীঃ। এবমভ্যস্য-

---

চ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ এই দশটি বর্ণ রহিয়াছে। এই পদ্ম শিবের অধিষ্ঠান; সুতরাং ইহা বিশ্বের কারণ। এই মণিপুরের ঊর্দ্ধে হৃদয়মধ্যে উদ্যৎপ্রভাকরসদৃশ অনাহতপদ্ম রহিয়াছে। এই পদ্মের দ্বাদশদলে ক অবধি ঠপর্য্যন্ত দ্বাদশবর্ণ বিরাজিত আছে। এই পদ্মের মধ্যে দশসহস্র দিবাকরসদৃশ তেজঃসম্পন্ন বাণলিঙ্গ অবস্থান করিতেছেন। এই বাণলিঙ্গশব্দ ব্রহ্মময়। এই স্থানে অনাহতশব্দ প্রত্যক্ষ হয়। এই নিমিত্ত মুনিগণ ইহাকে অনাহতপদ্ম বলেন। এই পদ্ম পরমপুরুষকর্ত্তৃক অধিষ্ঠিত ও আনন্দধাম। ইহার ঊর্দ্ধদেশে বিশুদ্ধচক্রনামে ষোড়শদলপদ্ম রহিয়াছে। এই ষোড়শদলে ধূম্রবর্ণ ষোড়শ স্বরবর্ণ শোভা পাইতেছে। এই পদ্ম মহতী প্রভায় সমুজ্জ্বল। এই পদ্ম জীবের হংসমাত্র জপকে বিশুদ্ধ করিয়া দেয়। অর্থাৎ হংসঃ হইতে সোহং, সোহং হইতে ওঁ এইরূপে পরিণত করে। এই নিমিত্তই ইহার নাম বিশুদ্ধপদ্ম; ইহাকে আকাশচক্রও বলা যায়। ইহার ঊর্দ্ধদেশে ভ্রূদ্বয়ের মধ্যে আত্মাকর্ত্তৃক অধিষ্ঠিত আজ্ঞাচক্র রহিয়াছে। এই স্থানে গুরুর আজ্ঞা সংক্রান্ত হয় বলিয়া ইহাকে আজ্ঞাচক্র বলা যায়। ইহার ঊর্দ্ধদেশে কৈলাসপুরী ও বোধনীচক্র রহিয়াছে। সুব্রত! এই আমি তোমার নিকট শিবচক্র নামে বিখ্যাত নবচক্রের মধ্যে ষট্চক্রবিবরণ কীর্ত্তন করিলাম। ইহার ঊর্দ্ধদেশে সহস্রারপদ্ম ও বিন্দুস্থান আছে। এই তোমার নিকট আমি সর্ব্বোৎকৃষ্ট যোগমার্গ কহিলাম। প্রথমতঃ পূরকদ্বারা মূলাধারে মনঃসংস্থাপিত করিবে। গুহ্যদেশে ও মেঢ্রদেশের মধ্যস্থলে মূলাধারে যে কুণ্ডলিনীশক্তি রহিয়াছেন, ঐ স্থান আকুঞ্চিত করিয়া তাঁহাকে জাগরিত করিবে। পরে ব্রহ্মগ্রন্থি, বিষ্ণুগ্রন্থি ও রুদ্রগ্রন্থিভেদসহকারে স্বয়ম্ভূলিঙ্গ, বাণলিঙ্গ ও ইতরলিঙ্গ ভেদপূর্ব্বক ঐ কুণ্ডলিনীদেবীকে বিন্দুচক্রে লইয়া যাইবে। অনন্তর ঐ কুণ্ডলিনীকে পরমশিবের সহিত একীভূত ভাবনা করিতে হইবে। তাঁহাদের সামরস্যে দ্রুতলাক্ষারসসদৃশ যে অমৃতরস উৎপন্ন হইবে, তদ্দ্বারা কৃষ্ণানাম্নী যোগসিদ্ধিদায়িনী সেই দেবীর তর্পণ করিয়া বিগলিত সেই অমৃতধারাদ্বারা ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর, সদাশিব, পরশিব, সাবিত্রী, মহালক্ষ্মী, [illegible], ভুবনেশ্বরী, ডাকিনী, রাকিনী, লাকিনী, কাকিনী, শাকিনী, হাকিনীপ্রভৃতি ষট্চক্রদেবতার তর্পণ

মানস্ত অহন্যহনি মারুতং। জরামরণদুঃখাদ্যৈর্মুচ্যতে ভববন্ধনাৎ। পূর্ব্বোক্তদূষিতা মন্ত্রাঃ সর্ব্বে সিধ্যন্তি নান্যথা। যে গুণাঃ সন্তি দেবস্য পঞ্চকৃত্যবিধায়িনঃ। তে গুণাঃ সাধকবরে ভবন্ত্যেব ন চান্যথা। ইত্যেতৎ কথিতং সর্ব্বং যোগমার্গমনুত্তমং। ইদানীং ধারণাখ্যাস্ত শৃণুষ্বা-বহিতো ময়া। দিকালাদ্যনবচ্ছিন্নে কৃষ্ণে চেতো নিধায় চ। তন্ময়ো ভবতি ক্ষিপ্রং জীবব্রহ্মৈক্যযোজনাৎ। অথবা সমলং চিত্তং যদা ক্ষিপ্রং ন সিধ্যতি। তদাবয়বযোগেন যোগী যোগান্ সমভ্যসেৎ। পাদাম্ভোজে মনো দদ্যান্নখকিঞ্জল্কচিত্রিতে। জঙ্ঘাযুগ্মে তথা রামকদলীকাণ্ডশোভিতে। ঊরুদ্বয়ে মত্তহস্তিকরদণ্ডসমপ্রভে। গঙ্গাবর্ত্তগভীরে তু নাভৌ সিদ্ধবিলে ততঃ। উদরে বক্ষসি তথা হারে শ্রীবৎসকৌস্তুভে। পূর্ণচন্দ্রাযুতপ্রখ্যে ললাটে চারুকুণ্ডলে। শঙ্খচক্রগদাম্ভোজদোর্দ্দণ্ডপরিমণ্ডিতে। সহস্রাদিত্যসঙ্কাশে কিরীটে কুণ্ডলদ্বয়ে। স্থানে স্থানে যজেন্মন্ত্রী বিশুদ্ধঃ শুদ্ধচেতসা। মনোনিবেশ্য কৃষ্ণে বৈ তন্ময়ো ভবতি ধ্রুবং। যাবন্মনো লয়ং যাতি কৃষ্ণে স্বাত্মনি চিন্ময়ে। কৃষ্ণ ইত্যুপলক্ষণং। তাবদিষ্টমনুর্মন্ত্রী জপহোমং সমভ্যসেৎ। অতঃপরং ন কিঞ্চিচ্চ কৃত্যমস্তি মনোহরে। বিদিতে পরতত্ত্বে তু সমস্তৈর্নিয়মৈরলং। তালবৃন্তেন কিং কার্য্যং লব্ধে মলয়মারুতে। মন্ত্রাভ্যাসেন

করিতে হইবে। অনন্তর যোগী সেই সুষুম্নাপথদ্বারা দেবী কুলকুণ্ডলিনীকে পুনর্ব্বার মূলাধারে আনয়ন করিবেন। এইরূপে প্রতিদিবস পবনাভ্যাস করিলে জরামরণপ্রভৃতি কোন দুঃখই থাকে না এবং যোগী সংসারবন্ধন হইতে মুক্ত হয়েন। ইহাদ্বারা পূর্ব্বোক্ত দূষিত মন্ত্রসমুদায়ও সিদ্ধ হয়, সন্দেহ নাই। যিনি পঞ্চান্নদ্বারা পঞ্চবিধ পথ-প্রদান করিয়াছেন, সেই দেবদেব মহাদেবে যে সমুদায় গুণ আছে, সেই সমুদায় গুণ সাধকের প্রকাশমান হয়, সন্দেহ নাই। এই আমি তোমার নিকট উত্তম যোগমার্গ কহিলাম। এক্ষণে কিরূপে ধারণা করিতে হইবে, তাহা বলিতেছি, অবহিতহৃদয়ে শ্রবণ কর। দিকালাদির অনবচ্ছিন্ন অনন্তকৃষ্ণে চিত্তসমর্পণপূর্ব্বক জীবব্রহ্মের ঐক্য করিয়া তৎক্ষণাৎ তন্ময় হইয়া যাইবে। অথবা যদি চিত্ত নির্ম্মল না হয়, তাহাহইলে শীঘ্র সিদ্ধ হইতে পারে না। ঈদৃশস্থলে যোগী অবয়বযোগদ্বারা অর্থাৎ যে কোন অবয়বে চিত্তসমাধানদ্বারা যোগ অভ্যাস করিবে। নখকিঞ্জল্কশোভিত চরণ-কমলে মনোনিবেশ করিবে অথবা রামরম্ভাকাণ্ডের ন্যায় শোভমান জঙ্ঘাযুগলে মন দিবে। অথবা করিকরসদৃশ ঊরুদ্বয়ে মনোনিবিষ্ট করিবে অথবা গঙ্গাবর্ত্তসদৃশ গভীর নাভিবিবরে মন দিবে কিম্বা উদরে, বক্ষঃস্থলে, হারে, শ্রীবৎসে, কৌস্তুভমণিতে চিত্তসমর্পণ করিয়া রাখিবে। কিম্বা অযুত পূর্ণচন্দ্রসদৃশ ললাটদেশে কিম্বা সুচারুকুণ্ডলে অথবা শঙ্খ, চক্র, গদা, পদ্মপরিশোভিত ভুজচতুষ্টয়ে অথবা সহস্র দিবাকরসদৃশ দেদীপ্যমান কিরীটদেশে অথবা কুণ্ডলযুগলে মনোনিবেশ করিবে। বিশুদ্ধাত্মা সাধক বিশুদ্ধহৃদয়ে এইরূপে কৃষ্ণশরীরের স্থানে স্থানে মনোনিবেশ করিলে তন্ময় হইয়া যাইবে, সন্দেহ নাই। পরমাত্মাস্বরূপ চিন্ময় কৃষ্ণে যে পর্য্যন্ত মনোলয় না হয়, সেই পর্য্যন্ত এইরূপ করিতে হইবে। এস্থলে কৃষ্ণপদ উপ-লক্ষণমাত্র। সাধক নিজ নিজ ইষ্টদেবতার শরীরে এইরূপে মনোনিবেশ করিয়া ধারণা অভ্যাস করিবে। সাধক যে কোন ইষ্টমন্ত্র অবলম্বন করিয়া জপ হোমপ্রভৃতি অভ্যাস করিবে। এতদ্ব্যতীত সাধকের অন্য আর কিছুই অবশ্য-কর্ত্তব্য কর্ম্ম নাই। যে সময় পরমতত্ত্ব পরিজ্ঞাত হইবে, তখন আর কোন নিয়মেরই আবশ্যকতা থাকে না; কারণ যে

যোগেন জ্ঞানং জ্ঞানায় কল্পতে। ন যোগেন বিনা মন্ত্রো ন মন্ত্রেণ বিনা হি সঃ। দ্বয়োরভ্যাসযোগো হি ব্রহ্মসংসিদ্ধিকারণং। তমঃপরিবৃতে গেহে ঘটো দীপেন দৃশ্যতে। এবং মায়াবৃতো হ্যাত্মা মনুনা গোচরীকৃতঃ। এবং তে কথিতং ব্রহ্মন্ মন্ত্রযোগমনুত্তমং। দুর্লভং বিষয়াসক্তৈঃ সুলভং ত্বাদৃশামপি॥

অথ প্রকারান্তরং। তত্র শারদায়াং—ষণ্নবত্যঙ্গুলায়ামং শরীরং উভয়াত্মকং। গুদধ্বজান্তরে কন্দমুৎসেধাদ্‌দ্ব্যঙ্গুলং বিদুঃ। তস্য দ্বিগুণবিস্তারং বৃত্তরূপেণ শোভিতং। নাড্যস্তত্র সমুদ্ভূতা মুখ্যাস্তিস্রঃ প্রকীর্ত্তিতাঃ। ইড়া বামে স্থিতা নাড়ী পিঙ্গলা দক্ষিণে মতা। তয়োর্ম্মধ্যগতা নাড়ী সুষুম্না বংশমাশ্রিতা। পাদাঙ্গুষ্ঠদ্বয়ং যাতা শিখাভ্যাং শিরসা পুনঃ। ব্রহ্মস্থানং সমাপন্না সোমসূর্য্যাগ্নিরূপিণী। তস্যা মধ্যগতা নাড়ী চিত্রাখ্যা যোগিবল্লভা। ব্রহ্মরন্ধ্রং বিদুস্তস্যাং পদ্মসূত্রনিভং পরং। আধারাংশ্চ বিদুস্তত্র মতভেদাদনেকধা। দিব্যমার্গমিদং প্রাহুরমৃতানন্দকারকং। ইড়ায়াং সঞ্চরেচ্চন্দ্রঃ পিঙ্গলায়াং দিবাকরঃ। জ্ঞাতৌ যোগনিদানজ্ঞৈঃ সুষুম্নায়াঞ্চ তাবুভৌ। আধারকন্দমধ্যস্থং ত্রিকোণমতিসুন্দরং। জ্যোতিষাং নিলয়ং দিব্যং প্রাহুরাগমবেদিনঃ। তত্র বিদ্যুল্লতাকারা কুণ্ডলী পরদেবতা। পরিস্ফুরতি

সময় মলয়পবন লাভ করা যায়, তখন আর তালবৃন্তে কি প্রয়োজন? মন্ত্রাভ্যাস ও সহকৃত যোগদ্বারা যে জ্ঞানলাভ হয়, তাহাই তত্ত্বজ্ঞানের কারণ। যোগব্যতিরেকে মন্ত্রদ্বারা অথবা মন্ত্রব্যতিরেকে কেবল যোগদ্বারা কিছুই ফল হয় না। মন্ত্র ও যোগ উভয়সাধন করিলে ব্রহ্মজ্ঞানলাভ হয়। অন্ধকারপরিবৃত গৃহে যেরূপ প্রদীপদ্বারা ঘট লক্ষিত হয়, সেইরূপ মায়াপরিবৃত আত্মা যোগসহকৃত মন্ত্রদ্বারাই প্রত্যক্ষ হইয়া থাকে। ব্রহ্মন্! এই আমি তোমার নিকট উত্তম মন্ত্রযোগ কহিলাম। যাহারা বিষয়াসক্ত, তাহাদিগের পক্ষে ইহা নিতান্ত দুর্লভ, যাহারা তোমার ন্যায় নির্লিপ্তভাবে কার্য্য করেন, তাঁহাদের পক্ষেই এই মন্ত্রযোগ সুলভ॥

একণে অন্যপ্রকার কথিত হইতেছে। শারদাতিলকে কথিত আছে, শিব শক্তি উভয়াত্মক এই শরীর ষণ্ণবতিঅঙ্গুল দীর্ঘ। ইহার মধ্যে গুহ্যদেশ ও ধ্বজের মধ্যস্থলে দুই অঙ্গুলি উন্নত একটী পথ আছে। তাহার বিস্তার তাহার দ্বিগুণ; এই পথ গোলাকার। এই মূলাধার হইতে যে সমুদায় নাড়ী উদ্গত হইয়াছে, তন্মধ্যে তিনটি নাড়ী প্রধানা। ইহার মধ্যে বামদিকে যে নাড়ী আছে, তাহার নাম ইড়া; দক্ষিণদিকে যে নাড়ী আছে, তাহার নাম পিঙ্গলা; মধ্যস্থলে যে নাড়ী আছে, তাহার নাম সুষুম্না। এই সুষুম্না মেরুদণ্ড আশ্রয় করিয়া রহিয়াছে। এই সুষুম্নানাড়ী শিখাদ্বারা পাদাঙ্গুষ্ঠযুগলে এবং শিরোদ্বারা ঊর্দ্ধ ব্রহ্মস্থানপর্য্যন্ত গমন করিয়াছে। এই নাড়ী চন্দ্র, সূর্য্য ও অগ্নিস্বরূপা। এই সুষুম্নানাড়ীর মধ্যে যোগিজনপ্রিয় যে অন্য এক নাড়ী আছে, তাহার নাম চিত্রা। এই চিত্রার মধ্যে পদ্মসূত্রসদৃশ ব্রহ্মরন্ধ্র রহিয়াছে। এই নাড়ীতে সমুদায় আধার বিদ্যমান রহিয়াছে। এই আধারবিষয়ে অনেক মতভেদ আছে। এই আধার বৈজ্ঞানিক দিব্য মার্গ; ইহাদ্বারাই অমৃতানন্দভোগ করা যায়। ইড়ানাড়ীতে চন্দ্র ও পিঙ্গলানাড়ীতে সূর্য্য সঞ্চরিত হইতেছে। যোগনিদানজ্ঞ জনগণ এই চন্দ্রসূর্য্যকে জ্ঞাত হইতে পারেন। সুষুম্নানাড়ীতেও এই চন্দ্রসূর্য্যের সঞ্চার হয়। আগমবেদী জনগণ বলিয়া থাকেন যে, আধারপদ্মের মধ্যস্থলে একটি অতিসুন্দর ত্রিকোণমণ্ডল আছে। এই ত্রিকোণমণ্ডল দিব্য ও জ্যোতির্ম্ময়। উহাতে সকলের আদ্যাস্বরূপা বিদ্যুল্লতাসদৃশী পরমদেবতা কুণ্ডলিনী অবস্থান করিতেছেন। তাঁহার

সর্ব্বাত্মা সুপ্তাহিসদৃশাকৃতিঃ। বিভর্ত্তি কুণ্ডলীশক্তিরাত্মানং হংসমাশ্রিতা। হংসঃ প্রাণাশ্রয়ো নিত্যং প্রাণা নাড়ীপথাশ্রয়াঃ। আধারাদুদ্গতো বায়ুর্যথাবৎ সর্ব্বদেহিনাং। দেহং প্রাপ্য স্বনাড়ীভিঃ প্রয়াণং কুরুতে বহিঃ। দ্বাদশাঙ্গুলমানেন তস্মাৎ প্রাণ ইতীরিতঃ। রম্যে মৃদ্বাসনে শুদ্ধে পট্টাজিনকুশোত্তরে। বদ্ধৈকমাসনং যোগী যোগমার্গপরো ভবেৎ। জ্ঞাত্বা ভূতোদয়ং দেহে যথাবৎ প্রাণবায়ুনা। তত্তদ্ভূতং যজেদ্দেহে দৃঢ়তাবাপ্তয়ে সুধীঃ। আসন-ভূতোদয়ে প্রাগুক্তে। অঙ্গুলীভির্দৃঢ়ং বদ্ধা করণানি সমাহিতঃ। অঙ্গুষ্ঠাভ্যামুভে শ্রোত্রে তর্জ্জনীভ্যাং বিলোচনে। নাসারন্ধ্রে চ মধ্যাভ্যামন্যাভির্ব্বদনং দৃঢ়ং। বদ্ধাত্মপ্রাণমনসা-মেকত্বং সমনুস্মরন্। ধারয়েন্মারুতং সম্যগ্‌যোগোঽয়ং যোগিবল্লভঃ। নাদঃ সংজায়তে তস্য ক্রমাদভ্যসতঃ শনৈঃ। মত্তভৃঙ্গাঙ্গনাগীতসদৃশঃ প্রথমো ধ্বনিঃ। বীণাকাংস্যানিলা-পূর্ণবংশধ্বনিনিভোঽপরঃ। ঘণ্টারবসমঃ পশ্চাদ্ঘনমেঘস্বনোঽপরঃ। এবমভ্যসতঃ পুংসঃ সংসারধ্বান্তনাশনং। জ্ঞানমুৎপদ্যতে সর্ব্বং হংসলক্ষণমব্যয়ং। পুংপ্রকৃত্যাত্মকৌ প্রোক্তৌ বিন্দুসর্গৌ মনীষিভিঃ। তাভ্যাং ক্রমাৎ সমুদ্ভূতৌ বিন্দুসর্গাবসানকৌ। হংসৌ তৌ পুং-প্রকৃত্যাখ্যৌ হং পুমান্ প্রকৃতিস্তু সঃ। অজপা কথিতা তাভ্যাং জীবো যামুপতিষ্ঠতে। পুরুষং স্বাশ্রয়ং মত্বা প্রকৃতির্নিত্যমাত্মনঃ। যদা তদ্ভাবমাপ্নোতি তদা সোহমিদং ভবেৎ। সকারার্ণং হকারার্ণং লোপয়িত্বা ততঃপরং। সন্ধিং কুর্য্যাৎ পূর্ব্বরূপং তদাসৌ প্রণবো

আকার নিদ্রিত সর্পের ন্যায়। এই কুণ্ডলিনীশক্তি হংস আশ্রয়পূর্ব্বক জীবাত্মাকে ধারণ করিয়া রহিয়াছেন। হংসও প্রাণকে আশ্রয় করিয়া রহিয়াছেন। পূর্ব্বোক্ত নাড়ীপথও প্রাণবায়ুর আশ্রয়। সমুদায় ব্যক্তির মূলাধার হইতে যথাবিধানে বায়ু উদ্গত হইয়া নাড়ীপথে গমনপূর্ব্বক শরীর হইতে বহির্দ্দেশে গমন করে। এই প্রাণবায়ুর পরিমাণ সচরাচর দ্বাদশাঙ্গুলমাত্র। সুরম্য মৃদু আসনে বিশুদ্ধবস্ত্র, অজিন ও কুশবিস্তারপূর্ব্বক আসন প্রস্তুত করিয়া যোগী যোগ অভ্যাস করিবেন। আরম্ভের সময় তিনি প্রাণবায়ুদ্বারা যথাবিধানে দেহে ভূতোদয় পরিজ্ঞাত হইবেন। পরে দৃঢ়তার নিমিত্ত দেহে সেই সেই ভূতের অর্চ্চনা করিতে হইবে। আসন ও ভূতোদয় পূর্ব্বে বলা হইয়াছে। যোগা-ভ্যাসের সময় সমাহিতহৃদয়ে অঙ্গুলিদ্বারা ইন্দ্রিয়সমুদায় দৃঢ়রূপে রুদ্ধ করিবে। অঙ্গুষ্ঠদ্বয়দ্বারা উভয় কর্ণ, তর্জ্জনী-দ্বয়দ্বারা উভয় লোচন, মধ্যমাদ্বয়দ্বারা উভয় নাসারন্ধ্র, অবশিষ্ট অঙ্গুলিদ্বারা বদন দৃঢ়রূপে রুদ্ধ করিয়া প্রাণ ও মনের একতা অনুধ্যানপূর্ব্বক বায়ুধারণ করিবে। এই যোগ যোগীদিগের নিতান্তপ্রিয়। এই যোগ অভ্যাস করিতে করিতে ক্রমশঃ বহুবিধ নাদশ্রবণ হয়। প্রথমতঃ মত্ত ভৃঙ্গীনাদ, পরে ক্রমশঃ বীণাধ্বনি, কাংস্য (কাঁসর) ধ্বনি, বংশী-ধ্বনি, ঘণ্টারব, ঘনমেঘধ্বনি ইত্যাদি বহুবিধধ্বনি শ্রুত হইতে থাকে। এইরূপ অভ্যাস করিলে সংসারের অজ্ঞানা-ন্ধকার বিদূরিত হয় এবং হংসলক্ষণ অব্যয়জ্ঞান প্রকাশমান হইয়া থাকে। বিন্দু ও বিসর্গ পুরুষ ও প্রকৃতিস্বরূপ। এই পুরুষপ্রকৃতি হইতে বিন্দু ও বিসর্গের পরিণাম পুরুষপ্রকৃতি নামক হংস উৎপন্ন হইয়াছে। হং এই বর্ণটি পুরুষ, সঃ এই বর্ণটি প্রকৃতি। এই হংসের নামই অজপা। জীব সর্ব্বদা ইহার উপাসনা করেন। যে সময় প্রকৃতি পুরুষকে আপনার নিত্য আশ্রয় মনে করিয়া একীভাবাপন্ন হয়েন, তখন ঐ হংসঃ সোহংরূপে পরিণত হয়।

ভবেৎ। পরানন্দময়ং নিত্যং চৈতন্যৈকগুণাত্মকং। আত্মাভেদস্থিতং যোগী প্রণবং ভাবয়েৎ সদা। আম্নায়বাচামতিদূরমাদ্যং বেদ্যং সুসম্বেদ্যগুণেন সন্তঃ। আত্মানমানন্দরসৈকসিন্ধুং পশ্যন্তি তে তারকমাত্মনিষ্ঠাঃ। সত্যং হেতুবিবর্জ্জিতং শ্রুতিশিরামাদ্যং জগৎকারণং ব্যাপ্তং স্থাবরজঙ্গমং নিরূপমং চৈতন্যমন্তর্গতং। আত্মানং রবিচন্দ্রবহ্নিবপুষং তারাত্মকং সন্ততং নিত্যানন্দগুণালয়ং সুকৃতিনঃ পশ্যন্তি রুদ্ধেন্দ্রিয়াঃ। তারস্য পঞ্চবিভবৈঃ পরিচীয়মানং মানৈকগম্যমনিশং শ্রুতিমৌলিমৃগ্যং। সম্বিৎসমস্তমমলস্বরমচ্যুতং ভজেত্তেজঃ পরং ভজত মন্ত্রসুধাম্বুরাশিং। হিরন্ময়ং দীপ্তমনেকবর্ণং ত্রিমূর্ত্তিমূলং নিগমাদিবীজং। অঙ্গুষ্ঠমাত্রং পুরুষং ভজন্তে চৈতন্যমাত্রং রবিমণ্ডলস্থং। ধ্যায়ন্তি দুগ্ধাব্ধিভুজঙ্গভোগে শয়ানমাদ্যং কমলাসহায়ং। প্রফুল্লনেত্রোৎপলমঞ্জনাভং চতুর্মুখেনাশ্রিতনাভিপদ্মং। আম্নায়গং ত্রিচরণং ঘননীলমুদ্যৎশ্রীবৎসকৌস্তুভগদাম্বুজশঙ্খচক্রং। হৃৎপুণ্ডরীকনিলয়ং জগদেকমূলমালোকয়ন্তি কৃতিনঃ পুরুষং পুরাণং। বিন্দোর্নাদসমুদ্ভবঃ সমুদিতো নাদো জগৎকারণং তারং তন্ত্রমুখাম্বুজং পরিবৃতং বর্ণাত্মবাহুব্রজৈঃ। আম্নায়াঙ্ঘ্রিচতুষ্টয়ং পুররিপোরানন্দমূলং বপুঃ। পায়ান্নো মুকুটেন্দুখণ্ডবিলসদ্দিব্যামৃতৌঘপ্লুতং। পিণ্ডং ভবেৎ কুণ্ডলিনী শিবাত্মপদং তু হংসঃ সকলান্তরাত্মা। রূপং স্মৃতং বিন্দুরমন্দকান্তিরতীবরূপং শিবসামরস্যং। পিণ্ডাদিযোগং

পরে মূর্ত্তিস্বরূপ মকার ও হকার যোগ করিয়া পূর্ব্বরূপ সন্ধি করিলে ওঁ এই পদ হয়। এই সময় সাধক পরমানন্দময়, নিত্য, চৈতন্যস্বরূপ এই প্রণবকে আত্মা হইতে অভিন্নস্বরূপ ভাবনা করিবেন। এই সময় যোগীরা আত্মনিষ্ঠ হইয়া আম্নায়বাক্যের অগোচর, আদ্য, সুসংবেদ্য গুণদ্বারা বেদ্য, আত্মস্বরূপ সেই আনন্দরস-সাগর প্রণব প্রত্যক্ষ করিয়া থাকেন। এই সময় সুকৃতিশালী যোগীরা ইন্দ্রিয়সমুদায় রোধপূর্ব্বক কারণবর্জ্জিত, নিত্য, বেদবেদান্তের মূল, জগৎকারণ, স্থাবরজঙ্গমব্যাপী, অন্তর্গত নিরুপম চৈতন্যস্বরূপ, নিত্যানন্দময়, চন্দ্রসূর্য্যবহ্নিরূপ আত্মাকে প্রণবস্বরূপ প্রত্যক্ষ করেন। যোগিগণ! অকার, উকার, মকার, নাদ, বিন্দু এই পঞ্চবিভবসমন্বিত, শ্রুতিশিরোভাগে অন্বেষণীয়, সম্বিন্ময়, অমলস্বরভূষিত, অচ্যুত, মন্ত্রসুধাসাগরস্বরূপ সেই প্রণবরূপ পরমতেজঃ আশ্রয় কর। জ্ঞানী ব্যক্তিরা হিরণ্যকান্তি, প্রদীপ্ত, অনেকবর্ণ, ত্রিমূর্ত্তিমূল, নিগমাদিবীজ রবিমণ্ডলস্থিত চৈতন্যস্বরূপ, অঙ্গুষ্ঠমাত্র পরমপুরুষকে ভজনা করেন। যিনি দুগ্ধসমুদ্রে ভুজঙ্গভোগে লক্ষ্মীসহায় হইয়া শয়ন করিয়া থাকেন, যাঁহার নেত্রোৎপল বিকসিত, যাঁহার বর্ণ অঞ্জনের ন্যায়, চতুর্মুখ ব্রহ্মা যাঁহার নাভিপদ্ম আশ্রয় করিয়া থাকেন, সেই আদ্যপুরুষকেই যোগীরা ধ্যান করেন। যিনি আম্নায়ের গোচর, যিনি এক সময় ত্রিবিক্রমস্বরূপ ধারণ করিয়াছিলেন, যিনি ঘনমেঘের ন্যায় নীলবর্ণ, যাঁহাতে শ্রীবৎস, কৌস্তুভমণি, গদা, পদ্ম, শঙ্খ ও চক্র শোভা পাইয়া থাকে, যিনি জগতের সৃষ্টিকর্ত্তা, যিনি সকলের হৃদয়কমলে অবস্থান করেন, সেই পুরাণপুরুষকে সুকৃতিশালী ব্যক্তিরাই অবলোকন করিয়া থাকেন। বিন্দু হইতে নাদের উৎপত্তি হইয়াছে। নাদ হইতে জগৎকারণ প্রণব আবির্ভূত হইয়াছে। তন্ত্রই এই প্রণবের মুখকমল, বর্ণসমূহ তাঁহার হস্তস্বরূপ, আম্নায় তাঁহার চরণস্বরূপ। চূড়ামণিরূপ চন্দ্রকলাবিগলিত দিব্য অমৃতধারায় পরিপ্লুত, আনন্দমূল দেবদেব মহাদেবের শরীরই এই প্রণবের শরীর। এই প্রণববাচক শিব আমাদিগকে রক্ষা করুন। কুণ্ডলিনী-

শিবসামরস্যাৎ সবীজযোগং প্রবদন্তি সন্তঃ। শিবে লয়ং নিত্যগুণাভিযুক্তে নির্ব্বীজযোগং কুরু গুর্ব্বপেক্ষং। মূলোন্নিদ্রভুজঙ্গরাজসদৃশীং যান্তীং সুষুম্নান্তরং ভিত্ত্বাধারসমূহমাশু বিলসৎ-সৌদামিনীসন্নিভাং। ব্যোমাম্ভোজগতেন্দুমণ্ডলগলদ্দিব্যামৃতৌঘৈঃ প্লুতাং সংভাব্য স্বগৃহং গতাং পুনরিমাং সঞ্চিন্তয়েৎ কুণ্ডলীং। হংসং নিত্যমনন্তমব্যয়গুণং স্বাধারতো নির্গতা শক্তিঃ কুণ্ডলিনী সমস্তজননী হস্তে গৃহীত্বা চ তং। যাতা শম্ভুনিকেতনং পরসুখং তেনানুভূয় স্বয়ং যান্তী স্বাশ্রয়মর্ককোটিরুচিরা ধ্যেয়া জগন্মোহিনী। অব্যক্তং পরবিন্দুসঞ্চিতরুচিং নীত্বা শিবস্যালয়ং শক্তিঃ কুণ্ডলিনী গুণত্রয়বপুর্ব্বিদ্যুল্লতাসন্নিভা। আনন্দামৃতমধ্যগং পুরভিদং চন্দ্রার্ককোটিপ্রভং সংবীক্ষ্য স্বপুরং গতা ভগবতী ধ্যেয়ানবদ্যা গুণৈঃ। মধ্যে বর্ত্ম সমীরণ-দ্বয়মিথঃসঙ্ঘট্টসংক্ষোভজং শব্দস্তোমমতীত্য তেজসি তড়িৎকোটিপ্রভাং ভাস্বরে। উদ্‌গান্তীং সমুপাস্মহে নবজবাসিন্দূরসন্ধ্যারুণাং। সান্দ্রানন্দসুধাময়ীং পরশিবং প্রাপ্তাং পরাং দেবতাং। গমনাগমনেষু জাঙ্ঘিকী সা তনুয়াদ্‌যোগফলানি কুণ্ডলী। উদিতা কুলকামধেনুরেষা ভজতাং কাঙ্ক্ষিতকল্পবল্লরীং॥

অথ প্রসংশামাহ যামলে। আগমে সর্ব্ববিদ্যাশ্চ সর্ব্বশাস্ত্রার্থমাগমে। আগমে দেব-দেবা হি আগমাচ্চ পরা গতিঃ। যেঽভ্যসন্তি ইদং শাস্ত্রং পঠন্তি পাঠয়ন্তি বা। সিদ্ধ-

শক্তি পিণ্ড। সকলের অন্তরাত্মা হংসই শিবাত্মকপদ, বিন্দুই রূপ। অতএব শিবসামরস্য অতীব অদ্ভুত। যোগিন্! শিবসামরস্য হইতে পিণ্ডাদি যোগ হইতেছে। সাধুরা ইহাকেই সবীজ যোগ বলিয়া থাকেন। নিত্যগুণা-ভিযুক্ত পরম শিবে লয় করিয়া নির্ব্বীজযোগ অনুষ্ঠান কর। এই নির্ব্বীজযোগে গুরূপদেশের আবশ্যক। যোগীরা এইরূপ ভাবনা করিবেন যে, মূলাধারপদ্মে উন্নিদ্রভুজঙ্গরাজসদৃশী বিদ্যুৎসমকান্তি কুণ্ডলিনী শক্তি চক্রসমুদায় ভেদ করিয়া সুষুম্নাপথে গমনপূর্ব্বক সহস্রদলকমলান্তর্গত চন্দ্রমণ্ডল হইতে বিগলিত দিব্য অমৃতধারায় পরিপ্লুতা হইতেছেন এবং পরিশেষে পুনর্ব্বার নিজস্থানে প্রত্যাগমন করিতেছেন। কোটিসূর্য্যসন্নিভা সমস্তজননী জগন্মোহিনী কুণ্ডলিনীশক্তি অনন্ত, অব্যয়গুণসম্পন্ন নিত্য হংসকে হস্তে লইয়া আধারকমল হইতে বহির্গমনপূর্ব্বক শিবনিকেতনে গমন করিতেছেন। পরে তাঁহার সহিত পরমসুখ অনুভব করিয়া পুনর্ব্বার নিজস্থানে প্রত্যাগমনে প্রবৃত্ত হইয়াছেন। নিত্য এইরূপ ভাবনাকরা সাধকের কর্ত্তব্য। বিদ্যুল্লতাসদৃশী গুণত্রয়ময়ী কুণ্ডলিনী শক্তি পরবিন্দুসঙ্গত অব্যক্ত শিবস্থানে নীত হইতেছেন এবং সেই স্থানে গুণত্রয়ময়ী সেই ভগবতী আনন্দামৃতমধ্যবর্ত্তী চন্দ্রার্ককোটিসমপ্রভ পরম শিবের সহিত সঙ্গত হইয়া পুনর্ব্বার নিজস্থানে প্রত্যাগমন করিতেছেন। এইরূপ ধ্যান করাই সাধকের কর্ত্তব্য। যিনি সুসুম্নাপথমধ্যে সমীরণদ্বয়ের পরস্পর সংঘট্টজনিত শব্দস্তোম অতিক্রমপূর্ব্বক উদ্গতা হইয়া ভাস্বর বিদ্যুত্তেজে সঙ্গতা হইতেছেন, সেই তড়িৎকোটিসমপ্রভা, জবা, সিন্দূর ও সন্ধ্যাসদৃশ রক্তবর্ণা, সান্দ্রানন্দসুধাময়ী, পরশিবসঙ্গতা, পরদেবতা, দেবী কুণ্ডলিনীকে উপাসনা করি। গমনাগমনে পটীয়সী কুলকাম-ধেনুরূপে সমুদিতা এই দেবী কুলকুণ্ডলিনী অভিলষিতকল্পলতাস্বরূপা হইয়া সকলের যোগফলপ্রদান করুন্॥

যামলে ইহার প্রশংসা কীর্ত্তিত হইয়াছে, যথা—সর্ব্ববিদ্যা, সর্ব্বশাস্ত্রার্থ এবং সর্ব্বদেবদেবীই আগমে অবস্থান করিতেছেন। অতএব আগম হইতেই পরমগতি লাভ হয়। যাঁহারা এই শাস্ত্র অভ্যাস করেন, পাঠ করেন অথবা

য়োষ্টৌ করে তেষাং ধনধান্যাদিসম্বরাঃ। আদৃতাঃ সর্ব্বলোকেষু ভোগিনঃ ক্ষোভকারকাঃ। আপ্নুবন্তি পরং ব্রহ্ম সর্ব্বশাস্ত্রবিশারদাঃ। বেদার্থশাস্ত্রার্থবিপরীতবিলোকনেন প্রায়ো ভবদর্চ্চনলোপমবেক্ষ্য মাতঃ। তদ্গূঢ়কূটবিষদীকরণেষু জাতান্ মাতঃ ক্ষমস্ব তব পাদযুগেষু যাচে। যদ্যন্ময়া নাথ বিমূঢ়বুদ্ধ্যা স্পষ্টীকৃতং গুহ্যতরন্তু তন্ত্রে। ক্ষন্তব্যমেতৎ করুণানিধান ক্রোধো ন চার্হঃ খলু পামরেষু॥

॥ * ॥ ইতি মহামহোপাধ্যায়শ্রীকৃষ্ণানন্দভট্টাচার্য্যবিরচিতস্তন্ত্রসারঃ সমাপ্তঃ ॥ * ॥

ইহার উপদেশ দেন, অষ্টসিদ্ধি তাঁহাদের হস্তগত হইয়া থাকে। বিশেষতঃ তাঁহারা ধনধান্যাদিসম্পন্ন, সর্ব্বলোকে সমাদৃত, উত্তম ভোগশালী, শত্রুক্ষোভকারী ও সর্ব্বশাস্ত্রবিশারদ হইয়া পরিশেষে পরব্রহ্মলাভ করেন। মাতঃ! আপনকার শ্রীচরণকমলে প্রার্থনা করিতেছি যে, বেদার্থশাস্ত্র বিপরীত মনে করিয়া পাছে আপনার অর্চ্চনালোপ হয়, এই ভয়ে আমি যে নিতান্ত গূঢ় কূটস্থলের স্পষ্ট অর্থ করিয়াছি; তাহাতে গুপ্তবিষয় ব্যক্তকরণজন্য আমার যে দোষ হইয়াছে, তাহা ক্ষমা করুন্। নাথ! দেবদেব! আমি বিমূঢ়মনা হইয়া আপনার তন্ত্রের যে সমুদায় গুহ্যতর বিষয় ব্যক্ত করিয়াছি, তাহা আমাকে ক্ষমা করুন্। করুণানিধান! পামরের প্রতি ক্রোধ করা উচিত হইতেছে না॥

ইতি ঢাকাবিভাগের অন্তঃপাতী মাণিকগঞ্জ উপবিভাগের অধীন বুতুনী-
গ্রামনিবাসী ৺ আনন্দমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের পুত্র শ্রীরসিক-
মোহন চট্টোপাধ্যায়-কর্ত্তৃক সঙ্কলিত, সম্পাদিত ও
প্রকাশিত তন্ত্রসারগ্রন্থ
সমাপ্ত।

তন্ত্রসারের মধ্যে যে সমস্ত চক্র, যন্ত্র ও প্রতিমূর্ত্তি সন্নিবেশিত আছে, পাঠকবর্গের একদৃষ্টিতে দর্শনের জন্য তৎসমুদায় পুনরায় পুস্তকের শেষভাগে একস্থানে সন্নিবিষ্ট করা গেল এবং উল্লিখিত যন্ত্র ও যন্ত্রাধিষ্ঠাতৃদেবতার মন্ত্র ও ধ্যানাদি পুস্তকের যে যে পৃষ্ঠায় লিখিত আছে, তত্তৎ পত্রসংখ্যাও যন্ত্রাদির নিম্নে লিখিত রহিল।

কুলাকুলচক্রম্।

বায়ু	অগ্নি	ভূ	জল	আকাশ
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ
এ	ঐ	ও	ঔ	অং
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	ব	শ
ষ	ক্ষ	ল	স	হ

তন্ত্রসার ২৫ পৃষ্ঠা।

রাশিচক্রং।

তন্ত্রসার ২৭ পৃষ্ঠা।

নক্ষত্রচক্রং।

অশ্বিনী অ আ দেবঃ	ভরণী ই মানুষঃ	কৃত্তিকা ঈ উ ঊ রাক্ষসঃ	রোহিণী ঋ ৠ ঌ ৡ মানুষঃ	মৃগশিরা এ দেবঃ	আর্দ্রা ঐ মানুষঃ	পুনর্ব্বসু ও ঔ দেবঃ	পুষ্যা ক দেবঃ	অশ্লেষা খ গ রাক্ষসঃ
মঘা ঘ ঙ রাক্ষসঃ	পূর্ব্বফল্গুণী চ মানুষঃ	উত্তরফল্গুণী ছ জ মানুষঃ	হস্তা ঝ ঞ দেবঃ	চিত্রা ট ঠ রাক্ষসঃ	স্বাতী ড দেবঃ	বিশাখা ঢ ণ রাক্ষসঃ	অনুরাধা ত থ দ দেবঃ	জ্যেষ্ঠা ধ রাক্ষসঃ
মূলা ন প ফ রাক্ষসঃ	পূর্ব্বাষাঢ়া ব মানুষঃ	উত্তরাষাঢ়া ভ মানুষঃ	শ্রবণা ম দেবঃ	ধনিষ্ঠা য র রাক্ষসঃ	শতভিষা ল রাক্ষসঃ	পূর্ব্বভাদ্র ব শ মানুষঃ	উত্তরভাদ্র ষ স হ মানুষঃ	রেবতী লক্ষঅংঅঃ দেবঃ

তন্ত্রসার ৩১ পৃষ্ঠা।

অকথহচক্রং।

অকথহ	উঙপ	আখদ	ঊচফ
ওডব	ঌঝম	ঔঢশ	ৡঞয
ঈঘন	ৠজভ	ইগধ	ঋছব
অঃতস	ঐঠল	অংণষ	এটর

তন্ত্রসার ৩৪ পৃষ্ঠা।

অকডমচক্রং। তন্ত্রসার ৩৭ পৃষ্ঠা।

ঋণীধনীচক্রং। তন্ত্রসার ৩৯ পৃষ্ঠা।

৬	৬	৬	০	৩	৪	৪	০	০	০	৩
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ	এ	ঐ	ও	ঔ	অং	অঃ
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ	ঞ	ট
ঠ	ড	ঢ	ণ	ত	থ	দ	ধ	ন	প	ফ
ব	ভ	ম	য	র	ল	ব	শ	ষ	স	হ
২	২	৫	০	০	২	১	০	৪	৪	১

মাতৃকাযন্ত্রং।

তন্ত্রসার ৯০ পৃষ্ঠা।

ষম্নসর্ব্বতোভদ্রমণ্ডলং।

তন্ত্রসার ১২৭ পৃষ্ঠা।

কূর্ম্মচক্রং।

তন্ত্রসার ৮৯ পৃষ্ঠা।

সর্ব্বতোভদ্রমণ্ডলং।

তন্ত্রসার ১২৩ পৃষ্ঠা।

নবনাভমণ্ডলং

তন্ত্রসার ১২৮ পৃষ্ঠা ।

পঞ্চাব্জমণ্ডলং ।

তন্ত্রসার ১২৯ পৃষ্ঠা ।

সামান্য পূজাযন্ত্রং

তন্ত্রসার ১৬৮ পৃষ্ঠা ।

ভুবনেশ্বরীযন্ত্রং

তন্ত্রসার ১৭৩ পৃষ্ঠা।

ত্রিপুটা যন্ত্রং।

তন্ত্রসার ১৮০ পৃষ্ঠা।

ত্বরিতা যন্ত্রং

তন্ত্রসার ১৮২ পৃষ্ঠা।

নিত্যাযন্ত্রং

তন্ত্রসার ১৮৫ পৃষ্ঠা।

বজ্রপ্রস্তারিনী যন্ত্রং

তন্ত্রসার ১৮৬ পৃষ্ঠা।

বাগীশ্বরী যন্ত্রং

তন্ত্রসার ১৯৭ পৃষ্ঠা।

গণেশ যন্ত্রং।

তন্ত্রসার ২০৩ পৃষ্ঠা।

শ্রীকৃষ্ণস্য যন্ত্রং।

তন্ত্রসার ২৩৭ পৃষ্ঠা।

শ্রীকৃষ্ণস্য।

তন্ত্রসার ২৫১ পৃষ্ঠা।

শ্রীকৃষ্ণস্য।

তন্ত্রসার ২৫২ পৃষ্ঠা।

গোপালস্য।

তন্ত্রসার ২৫৯ পৃষ্ঠা।

বরাহ যন্ত্রং।

তন্ত্রসার ২৭৩ পৃষ্ঠা।

বটুক যন্ত্রং।

তন্ত্রসার ২৯১ পৃষ্ঠা

ত্রিপুরা ভৈরবী।

তন্ত্রসার ২৯৫ পৃষ্ঠা।

চৈতন্য ভৈরবী যন্ত্রং।

তন্ত্রসার ৩০৪ পৃষ্ঠা।

ষট্‌কূটাভৈরবীযন্ত্রং।

তন্ত্রসার ৩০৬ পৃষ্ঠা।

রুদ্রভৈরবী যন্ত্রং।

তন্ত্রসার ৩০৭ পৃষ্ঠা।

অন্নপূর্ণাভৈরবী যন্ত্রং।

তন্ত্রসার ৩১৩ পৃষ্ঠা।

শ্রীবিদ্যা যন্ত্রং।

তন্ত্রসার ৩৩১ পৃষ্ঠা।

তারাযন্ত্রং।

তন্ত্রসার ৪১৩ পৃষ্ঠা।

তারাযন্ত্রং।

তন্ত্রসার ৪১৩ পৃষ্ঠা।

প্রচণ্ডচণ্ডিকা যন্ত্রং

তন্ত্রসার ৩৭৬ পৃষ্ঠা

শ্যামা যন্ত্রং।

তন্ত্রসার ৩৯০ পৃষ্ঠা।

শ্যামা যন্ত্রং।

তন্ত্রসার ৩৯০ পৃষ্ঠা।

গুহ্যকালী শ্মশানকালী ভদ্রকালী মহাকালীনাং যন্ত্রমিদং

তন্ত্রসার ৪০৬ পৃষ্ঠা।

তন্ত্রসার ৪৬৯ পৃষ্ঠা।

নীলসরস্বতী যন্ত্রং।

তন্ত্রসার ৪১৩ পৃষ্ঠা।

চণ্ডোগ্রশূলপাণি যন্ত্রং।

তন্ত্রসার ৪৪৬ পৃষ্ঠা।

ধনদা যন্ত্রং।

তন্ত্রসার ৪৫৮ পৃষ্ঠা।

শ্মশানকালী যন্ত্রং।

তন্ত্রসার ৪৬০ পৃষ্ঠা।

বগলামুখী যন্ত্রং।

তন্ত্রসার ৪৬৪ পৃষ্ঠা।

তন্ত্রসার ৪৭৩ পৃষ্ঠা।

পৃষ্ঠা।

তারিণী যন্ত্রং।

তন্ত্রসার ৪৭৬ পৃষ্ঠা।

বিশালাক্ষী যন্ত্রং।

তন্ত্রসার ৪৮৯ পৃষ্ঠা।

দুর্গা যন্ত্রং।

তন্ত্রসার ৪৮৭ পৃষ্ঠা।

গরুড় যন্ত্রং।

তন্ত্রসার ৪৯৩ পৃষ্ঠা।

তন্ত্রসার ৪৯৬ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৬ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৬ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৬পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৬ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৮ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৮ পৃষ্ঠা।

তন্ত্রসার ৫৩৯ পৃষ্ঠা।

অষ্টাস্রকুণ্ডং

তন্ত্রসার ৫৩৭ পৃষ্ঠা।

নবদুর্গা যন্ত্রং

তন্ত্রসার ৬৪৩ পৃষ্ঠা।

ত্রিপুর ভৈরবী ধারণ যন্ত্রং

তন্ত্রসার ৬৪৪ পৃষ্ঠা।

শিবস্য ধারণ যন্ত্রং

তন্ত্রসার ৬৪৮ পৃষ্ঠা।

তন্ত্রসার ৬৪৫ পৃষ্ঠা।

তন্ত্রসার ৬৪৮ পৃষ্ঠা।

তন্ত্রসার ৬৪৮ পৃষ্ঠা।

তন্ত্রসার ৩০৯ পৃষ্ঠা।

শ্রীরামস্য ধারণ যন্ত্রং
নৃসিংহস্য ধারণযন্ত্রং

শ্রীবালগোপালঃ। তন্ত্রসার ২৫৩ পৃষ্ঠা।

শ্রীবাগীশ্বরী। তন্ত্রসার ১৩৭ পৃষ্ঠা।

শ্রীশিবঃ। তন্ত্রসার ২৭৫ পৃষ্ঠা।

শ্রীকৃষ্ণঃ। তন্ত্রসার ২৭৭ পৃষ্ঠা।

শ্রীমাতঙ্গী।

তন্ত্রসার ৪৪৬ পৃষ্ঠা।

শ্রীকমলা।

তন্ত্রসার ২১২ পৃষ্ঠা

শ্রীভুবনেশ্বরী। তন্ত্রসার ১৭৩ পৃষ্ঠা।

শ্রীভৈরবী।

তন্ত্রসার ২৯৫ পৃষ্ঠা।

শ্রীকালী।

তন্ত্রসার ৩৮২ পৃষ্ঠা।

শ্রীধূমাবতী। তন্ত্রসার ৪৫০ পৃষ্ঠা।

শ্রীষোড়শী। তন্ত্রসার ৩১৭ পৃষ্ঠা।

শ্রীতারা। তন্ত্রসার ৪০৭ পৃষ্ঠা।

শ্রীছিন্নমস্তা। তন্ত্রসার ৩৭১ পৃষ্ঠা।

শ্রীবগলামুখী। তন্ত্রসার ৪৬৩ পৃষ্ঠা।

ভুবনেশ্বর্য্যা।
ধারণযন্ত্রং।

ঘটার্গলযন্ত্রং।

তন্ত্রসার ১৭৯ পৃষ্ঠা।

ত্বরিতাধারণযন্ত্রং

তন্ত্রসার ১৮২ পৃষ্ঠা।

ভূতছাড়ান।

পরীসাধন।

এই তন্ত্রসারমধ্যে বিবিধতন্ত্র প্রকাশিত হইয়াছে, কিন্তু ভূতডামর, জ্ঞানসঙ্কলিনীতন্ত্র, ইন্দ্রজাল, উড্ডীশ, শাবর, পবনবিজয়স্বরোদয়, কামরত্ন, ক্রিয়োড্ডীশ, যক্ষডামর, রসায়ন, বৃহদ্ভূতডামর, ষট্‌কর্ম্মদীপিকা, কৃকলাসদীপিকা, গৌরিকাঞ্চলিকা, যোগশাস্ত্রঃ, সিদ্ধনাগার্জ্জুন, কক্ষপুটপ্রভৃতি গ্রন্থ ঐ তন্ত্রসারের সহিত প্রকাশিত হয় নাই। এই সকল গ্রন্থ মৎপ্রকাশিত ইন্দ্রজালাদিসংগ্রহ নামক পুস্তকের অভ্যন্তরে প্রকাশিত হইয়াছে। এই সকল তন্ত্রের মধ্যে, যক্ষিণীসাধন, নায়িকাসাধন, ভূতসাধন, পরীসাধনপ্রভৃতি বহুবিধ সাধনের উপায়, ভূতছাড়ান, মিশ্‌মেরিজম অর্থাৎ যোগশাস্ত্রবলে অজ্ঞানকরণাদি এবং মারণ, উচ্চাটন, বশীকরণ, স্তম্ভন, মোহন, নানাবিধ মন্ত্র ও ঔষধ এবং বহুবিধ অদ্ভুত বিষয় সকল লিখিত হইয়াছে।

ভুবনেশ্বরী ধারণযন্ত্রং।

ত্বরিতাধারণযন্ত্রং

এই যন্ত্রদ্বয়ের প্রমাণ তন্ত্রসারের ৬৭২ ও ৬৭৩ পৃষ্ঠায় লিখিত হইয়াছে।